চিকিৎসা-বিধান।

HAND-BOOK

OF

THERAPEUTICS

IN BENGALI

BY

Chooney Lall Dass, L. M. S.

ASSISTANT SURGEON, TEACHER OF THERAPEUTICS AND
MEDICAL JURISPRUDENCE, DACCA MEDICAL SCHOOL,
AND IN CHARGE OF THE POLICE WARD OF THE
MITFORD HOSPITAL, DACCA AND LATE
TEACHER OF SURGERY AND MIDWIFERY
CUTTACK MEDICAL SCHOOL, AND
RESIDENT SURGEON OF
GENERAL HOSPITAL
CUTTACK

Dacca

1895

Price Six Rupees and a half. মূল্য সাড়ে ছয় টাকা মাত্র।

PRINTED BY SHEIK ABDOOL GUNY
At the Adarsha-Press. Armanitola,
DACCA.

ভূমিকা।

মেডিক্যাল্ স্কুলের পাঠোপযোগী উৎকৃষ্ট ও সর্ব্বাঙ্গসুন্দর থিরাপিউটিক্স্ এপর্য্যন্ত বঙ্গভাষায় প্রচারিত হয় নাই, তন্নিবন্ধন ছাত্র ও শিক্ষকগণকে সাতিশয় অসুবিধা ভোগ করিতে হয়। আমি প্রায় ৫ বৎসরকাল ঢাকা মেডিক্যাল্ স্কুলে থিরাপিউটিক্সের অধ্যাপনায় নিযুক্ত থাকিয়া উপযুক্তগ্রন্থাভাববশতঃ ছাত্রবৃন্দের সবিশেষ অসুবিধা অনুভব করিয়া তৎপ্রতিকারবাসনায় "চিকিৎসা-বিধান" নামে এই গ্রন্থ প্রণয়ন করিলাম। এই পুস্তকখানি নানাবিধ ইংরেজী থিরাপিউটিক্স্, মেটিরিয়া মেডিকা, মেডিক্যাল জার্ণাল্ প্রভৃতি হইতে সংকলিত হইল। ইংরেজীচিকিৎসাশাস্ত্রমতে যে যে ঔষধ ও উপায় চিকিৎসার জন্য ব্যবহৃত হইয়া থাকে, এই পুস্তকে সেই সকল অতি সরলভাষায় ও বিশদরূপে বিবৃত হইয়াছে। ব্রিটিশ ফার্ম্মাকোপিয়ামতে প্রায় সমস্ত ঔষধের ফিজিওলজিক্যাল্ ক্রিয়া, থিরাপিউটিক্যাল্ ব্যবহার, মাত্রা, বিষময় ক্রিয়া ও বিবিধ প্রয়োগরূপ দেওয়া হইয়াছে।

এতদ্ব্যতীত "এক্স্ট্রা ব্রিটিশ ফার্ম্মাকোপিয়া" নামক গ্রন্থে গৃহীত প্রধান ২ ঔষধসকলের ক্রিয়া, আময়িকপ্রয়োগ, মাত্রা এবং ব্যবহারপ্রণালীও যথারীতি লিখিত হইয়াছে। আর উভয় ফার্ম্মাকোপিয়ার বহির্ভূত অথচ বিচক্ষণ চিকিৎসকগণকর্ত্তৃক ব্যবহৃত ও সমাদৃত ঔষধ এবং ছাত্র ও চিকিৎসকদিগের অবশ্যজ্ঞাতব্য অন্যান্য বিষয়ও লিপিবদ্ধ করা হইয়াছে। কতকগুলি দেশীয় ঔষধও ইহাতে প্রদত্ত হইয়াছে। স্কুলের ছাত্রগণের পাঠোপযোগী করিবার জন্য চেষ্টা করিতে বিন্দুমাত্রও ত্রুটি করি নাই; তবে কতদূর কৃতকার্য্য হইয়াছি তাহা সুবিজ্ঞ পাঠকবর্গের বিবেচনাধীন রহিল।

উপসংহারে আমি অতি বিনীতভাবে প্রকাশ করিতেছি যে অত্রত্য মেডিকাল্ স্কুলের সুযোগ্য সুপারিন্টেণ্ডেণ্ট্ মহামান্ত সার্জন্ লেপ্টেনেণ্ট কর্ণেল্ শ্রীযুক্ত ডাক্তার ই, জি রাসেল্ (Surgeon Lieutenant-Colonel E. G. Russel, M. B., B. Sc.) এই পুস্তকখানির মুদ্রাঙ্কন সময়ে নানাবিধ উপদেশ এবং সাহায্য প্রদানে আমার অনেক উপকার করিয়াছেন। তজ্জন্ত আমি তাঁহার নিকট চিরকৃতজ্ঞতাপাশে বদ্ধ রহিলাম।

১৮ই সেপ্টেম্বর, ১৮৯৫।
৮৮নং নবাবপুর,
ঢাকা।

শ্রীচুনিলাল দাস।

শুদ্ধিপত্র।

ERRATA.

পৃষ্ঠা	পংক্তি	অশুদ্ধ	শুদ্ধ
৬	৫	সম্প্রদানকারক	কর্ম্মকারক
৭	২৪	অরেন্‌সিয়াই	অরেন্‌শিয়াই
৮	৫	Acid Hydro chianic	Acid Hydrocyanic.
৮	৬	Acid Hydrocholoric Dil	Acid Hydrochloric Dil.
২৭	২১	বিষমিষা	বিবমিষা
২৭	২৩	যথা	কথা
৩২	১৫	ঐষধ	ঔষধ
৫৯	৩	Liquor Ferri Percloridi	Liquor Ferri Perchloridi.
৬৭	৫	Olium Morrhudæ	Oleum Morrhuæ.
৬৭	৬	Olium Gecoris Aselli	Oleum Jecoris Aselli.
৯৬	৭	Liq Ammoniæ *āā* ℥	Liq. Ammoniæ *āā* ℥i
১০৩	১৩,১৪,১৫,১৬,	zink.	zinc.
১৬৫	৬	Svrup of Orange	Syrup of Orarge.
২০০	১	লোহের	শ্বের
২০০	১	হিত	লোহিত
২৬৭	১,১৩,১৫,	অস্ত্রপোচার	অস্ত্রোপচার,
২৯৮	২	সন্তোষজনক	অসন্তোষজনক
৩২৪	৭	পডিটে	পাউটে
৩৩১	২০	ইহাকে	নিম্নলিখিত বটিকাকে

পৃষ্ঠা	পংক্তি	অশুদ্ধ	শুদ্ধ
৩৫০	৫	a	or
৩৫০	২৭	টিংচার্ রব্ সাম্বল্	টিংচার্ অব্ সাম্বল্
৩৯২	৪	অতিউক্লৃষ্ট	অতি উৎকৃষ্ট
৪০৫	২৭	২১৮—২১৮	২১৮—২৮
৫২৫	৪	এবক্রমে	এবং ক্রমে
৫৬২	৫	Tinchure of Eagot	Tincture of Ergot.
৫৭২	৬	মিনিম্	গ্রেণ
৬৫৯	২৭	সেিংস্বরূপড়	ড্রেসিংস্বরূপ
৬৯২	৩	বিউবয়সিয়া	ডিউবয়সিধা
৭৭২	২৮	„ Lupulin	Lupulin.
৭৭২	„	„ লিউপিউলিন্	লিউপিউলিন্

সূচীপত্র।

TABLE OF CONTENTS.

দ্বিতীয় অধ্যায়।

তৃতীয় অধ্যায়।

চতুর্থ অধ্যায়।

পঞ্চম অধ্যায়।

ষষ্ঠ অধ্যায়।

সপ্তম অধ্যায়।

অষ্টম অধ্যায়।

নবম অধ্যায়।

দশম অধ্যায়।

একাদশ অধ্যায়।

চতুর্দ্দশ অধ্যায়।

পঞ্চদশ অধ্যায়।

ষোড়শ অধ্যায়।

বিংশ অধ্যায়।

চতুর্ব্বিংশ অধ্যায়।

পঞ্চবিংশ অধ্যায়।

সপ্তবিংশ অধ্যায়।

অষ্টাবিংশ অধ্যায়।

একত্রিংশ অধ্যায়।

নূতন ঔষধসকল।

দ্বাত্রিংশ অধ্যায়।

যান্ত্রিক রসসমূহ।

ত্রয়স্ত্রিংশ অধ্যায়।

Indigenous Drugs.

দেশীয় ঔষধসমূহ।

চতুস্ত্রিংশতম অধ্যায়।

পথ্য প্রস্তুত করিবার প্রণালী।

THERAPEUTICS.

চিকিৎসা-বিধান।

INTRODUCTION.

সূচনা।

চিকিৎসা-বিধানকে ইংরেজীভাষায় থিরাপিউটিক্‌স্ (THERAPEUTICS) বলে। গ্রীকভাষার "থিরাপয়ো" (Therapeuō) ক্রিয়া হইতে যে, থিরাপিউটিক্‌স্ শব্দ সাধিত হইয়াছে, ইংরেজীভাষায় উহাই থিরাপিউটিক্‌স্ নামে ব্যবহৃত হইতেছে। উক্ত ভাষায় ইহার ব্যুৎপত্তিগত অর্থ—"I cure" অর্থাৎ "আমি আরোগ্য করি।" থিরাপিউটিক্‌স্ শব্দে সাধারণতঃ রোগের ঔষধপ্রয়োগসম্বন্ধীয় জ্ঞান বুঝাইলেও প্রকৃতপক্ষে উহাতে রোগোপশম বা রোগের লাঘবপ্রভৃতি প্রতিক্রিয়া ও উপায় বুঝাইয়া থাকে। বিশেষরূপে অর্থালোচনা করিলে, প্রতীতি হয় যে, কেবল ঔষধের প্রয়োগব্যতীত সার্জ্জিক্যল্ ট্রিট্‌মেণ্ট Surgical treatment (অস্ত্রচিকিৎসার প্রক্রিয়া) ও থিরাপিউটিক্সের শ্রেণীভুক্ত। মেটিরিয়ামেডিকা Materia medica (ভৈষজ্যতত্ত্ব) শব্দে কেবল ঔষধপ্রয়োগ ও তন্নিয়মাদিভিন্ন আর কিছুই বুঝায় না; কিন্তু থিরাপিউটিক্‌সে সম্যক্ জ্ঞানলাভ করিতে হইলে, অগ্রে ভৈষজ্যতত্ত্বে সবিশেষ ব্যুৎপত্তিলাভ করিতে হয়। এমন কি, ডায়েট্ Diet (পথ্য), ক্লাইমেট্ climate (আবহাওয়া), বাথ্ Bath (স্নান), ক্লোদিং Clothing

(পরিধেয়), এবং নার্সিং Nursing (শুশ্রূষা) প্রভৃতি যেসকল উপায়দ্বারা স্বাস্থ্যোন্নতি হয়, তাহাও থিরাপিউটিক্সের অন্তর্গত। ইলেক্‌ট্রিসিটি Electricity (তাড়িত), গ্যাল্‌ভনিজম্ Galvanism (রাসায়নিক তাড়িত) প্রভৃতিকে ইহার অন্তর্ভুক্ত বলিলেও অত্যুক্তি হয় না। কারণ কোন কোন ব্যাধিতে (পক্ষাঘাত ও স্নায়ুশূলপ্রভৃতিতে) ঐসকল প্রযুক্ত হইলে, বিশেষ ফলোৎপাদন করিয়া থাকে।

প্যাথলজি Pathology (নিদান) দ্বারা রোগের লক্ষণ ও শরীরস্থ যন্ত্রসকলের অস্বাভাবিক পরিবর্ত্তনাদির জ্ঞানলাভ করিতে পারা যায়। অতএব থিরাপিউটিক্সের সহিত প্যাথলজির (নিদানের) এত নৈকট্য সম্বন্ধ যে, প্যাথলজি না জানিলে, থিরাপিউটিক্সের কার্য্যসকল সুচারুরূপে সম্পাদন করা যায় না। যিনি প্যাথলজি না জানেন, তিনি থিরাপিউটিক্সে সম্যক্ অভিজ্ঞতা লাভ করিলেও প্যাথলজির অভাব-বোধ করিয়া থাকেন এবং রোগ-নির্ব্বিশেষে অনেকসময় ইহার দুর্লক্ষ্যকারণনিরূপণ ও তৎসম্বন্ধে অপরিহার্য্য নানাপ্রকার উপায়োদ্ভাবনে অসমর্থতাহেতু চিকিৎসায় সম্যক্ কৃতকার্য্য হইতে পারেন না। সুতরাং থিরাপিউটিক্স্‌-জনিত-জ্ঞান কার্য্যে পরিণত করিতে হইলে, প্যাথলজিতে (নিদানে) বিশেষ অভিজ্ঞতা থাকা আবশ্যক। থিরাপিউটিক্সে জ্ঞানলাভ করিতে হইলে, মেডিসিনের (ঔষধের) নাম, উৎপত্তি, প্রাকৃতিক অবস্থা, ধর্ম্মাধর্ম্ম, রাসায়নিকপরিবর্ত্তন, প্রয়োগরূপ, মাত্রা, ঐতিহাসিকবিবরণ, সুস্থশরীরে উহার কার্য্যকারিতা এবং অধিকমাত্রায় উহার ক্রিয়াবিপ্লব ইত্যাদি অবগত হওয়া আবশ্যক।

থিরাপিউটিক্স্ (চিকিৎসাবিধান), দুই ভাগে বিভক্ত, যথা :—(১) এম্‌পেরিক্যাল emperical অর্থাৎ কেবল পরীক্ষাসিদ্ধ অযৌক্তিক। (২) র‍্যাসন্যাল rational অর্থাৎ যৌক্তিক আময়িক-প্রয়োগ।

(১) কোন ঔষধের ক্রিয়াসম্বন্ধীয় গুহ্যতত্ত্ব অবগত না হইয়া তাহার প্রয়োগে রোগবিশেষের উপকার ও উপশম হইয়াছে, কি হইতে পারে, এইরূপ বিশ্বাসের বশবর্ত্তী হইয়া সেই প্রকার রোগে সেই ঔষধ ব্যবহার করা এবং তদ্দ্বারা যে রোগোপশম হয় তাহাকে এম্‌পেরিক্যাল emperical কেবল পরীক্ষাসিদ্ধ অযৌক্তিক প্রয়োগ কহে। যেমন স্যালিসিলিক্ এসিড Salicylic

acid রিউম্যাটিজম্ Rheumatism (বাত) রোগে, কল্‌চিকাম্ Colchicum গাউট Gout রোগে, এণ্টিপাইরিন্ Antipyrin শিরঃপীড়ায় প্রদত্ত হইলে, উপকার হয়।

(২) আর কোন রোগের নৈদানিক প্রকৃত গুহ্যবিষয় জ্ঞাত হইয়া, এবং সেই নৈদানিক অবস্থা দূরীভূত করিবার বা উহার প্রতিক্রিয়া সাধন করিবার উপযোগিতা বুঝিয়া কোন ঔষধ প্রয়োগের নাম র্যাসন্যাল rational যৌক্তিকপ্রয়োগ। যেমন এঞ্জাইনা পেক্টোরিস্ Angina pectoris (বক্ষঃশূল) রোগে হৃদ্‌পিণ্ড এবং ধমনী-মণ্ডলীর টেন্‌শন Tension (টান) হওয়াতে হৃদ্‌পিণ্ডস্থিত রক্ত বহির্গত হইতে না পারায় হৃদ্-প্রদেশে মৃত্যুযাতনার ন্যায় একপ্রকার বিষমযন্ত্রণা অনুভূত হয়; এইরোগে নাইট্রোগ্লিসরিণ্ Nitroglycerin প্রয়োগ করিলে, ধমনীমণ্ডলী শিথিলাবস্থা প্রাপ্ত হয়; এতন্নিবন্ধন উক্ত ঔষধদ্বারা হৃদ্‌পিণ্ডস্থিত রক্ত বহির্গত হইয়া রোগোপশম হইয়া থাকে।

আর ক্ষতপ্রভৃতি স্থানের পূযনিবারণার্থ কুইনাইনের আভ্যন্তরিকপ্রয়োগ হওয়ার কারণ এই যে, উহা রক্তস্থ শ্বেতকণিকাসকলের গতিরোধপূর্ব্বক পূযোৎপত্তির ব্যাঘাত জন্মাইয়া দেয়। এই দুইটী র্যাসন্যালের (যৌক্তিক প্রয়োগের) দৃষ্টান্তস্থল।

প্রথম অধ্যায়।

ACTION AND USES OF DRUGS.

ঔষধসকলের ক্রিয়া ও ব্যবহার।

ঔষধসকলের ক্রিয়া চারিপ্রকার; যথাঃ—

(১) ইমিজিয়েট্ লোক্যাল্ য়্যাক্‌শন্ Immediate local action সাক্ষাৎস্থানীয়ক্রিয়া।

(২) য়্যাক্‌শন ইন্ অর্ অন্ দি ব্লাড্ Action in or on the Blood রক্তগতক্রিয়া।

(৩) স্পিসিফিক্ য়্যাক্‌শন্ Specific action বিশেষক্রিয়া।

(৪) রিমোট্ লোক্যাল য়্যাক্‌শন্ Remote local action দূরবর্ত্তি-স্থানীয়ক্রিয়া।

IMMEDIATE LOCAL ACTION.

সাক্ষাৎস্থানীয়ক্রিয়া।

কোন একটী ঔষধ কোন অনাবৃতস্থানে (চক্ষুঃপ্রভৃতিতে) লাগাইলে, যদি তাহার উপর কার্য্য করে, তবে তাহাকে সাক্ষাৎস্থানীয়ক্রিয়া বলে। এইরূপ ক্রিয়া চর্ম্ম কিংবা অনাবৃত শ্লৈষ্মিকপ্রদেশে যেমন কঞ্জেংটাইভা, ভ্যাজাইনা অর্থাৎ যোনিপ্রদেশ এবং নাসারন্ধ্র অথবা আভ্যন্তরিক প্রদেশে, ষ্টমাক্, অর্থাৎ পাকস্থলী এবং ইন্‌টেস্‌টাইন অর্থাৎ অন্ত্রপ্রভৃতির অভ্যন্তরে হইয়া থাকে। এমেটীক্‌স্ (বমনকারক) এবং পারগেটিভ্‌স্ (বিরেচক) ঔষধসকল আভ্যন্তরিকপ্রদেশস্থ ক্রিয়ার প্রধানদৃষ্টান্তস্থল। কতকগুলি ঔষধের উপরিউক্ত স্থানীয়ক্রিয়াব্যতীত আর কোন ক্রিয়া নাই।

ACTION IN OR ON THE BLOOD.

রক্তগতক্রিয়া।

অধিকাংশ উগ্র ঔষধ রক্তে শোষিত হয় এবং উহার প্লাজ্‌মা plasma (জলীয়াংশ), এবং অল্পপরিমাণে রেড্ বা হোয়াইট্ কার্পাস্‌কল্‌স্ Red or white carpuscules অর্থাৎ রক্তস্থ লোহিত বা শ্বেতকণিকার উপাদানস্বরূপ হয়। লৌহঘটিত ঔষধ ইহার দৃষ্টান্তস্থল।

SPECIFIC ACTION.

বিশেষক্রিয়া।

যখন কোন ঔষধ রক্ত ত্যাগ করিয়া শরীরের টিস্যুজ্ tissues অর্থাৎ বিধানোপাদান ও ইন্দ্রিয়সকলের মধ্যে প্রবেশপূর্ব্বক তাহাদের অভ্যন্তরে কোন একটীর অথবা অনেকের ফিজিয়লজিক্যাল্ Physiological এবং এনাটমিক্যাল্ Anatomical অবস্থার পরিবর্ত্তন করে, তখন তাহাকে স্পিসিফিক্

য়্যাকশন্ অর্থাৎ বিশেষক্রিয়া কহে। যেমন ডিজিটেলিস্ ও এল্‌কোহলের বিশেষক্রিয়া হৃদ্‌পিণ্ড এবং মস্তিষ্কের উপর যথাক্রমে হইয়া থাকে।

REMOTE LOCAL ACTION.

দূরবর্ত্তি-স্থানীয়ক্রিয়া।

কতকগুলি ঔষধ টিস্যুজ (tissues) অর্থাৎ বিধানোপাদানসমূহের অভ্যন্তর দিয়া গমনপূর্ব্বক অবশেষে কোন একটি এক্স্‌ক্রিটিং অর্গেন্ excreting organ অর্থাৎ নিঃস্রাবণযন্ত্রদ্বারা শরীরহইতে বহির্গত হয়। ইহারা যে অবস্থায় প্রথমে শরীরে প্রবেশ করে, ঠিক সেই অবস্থা অথবা দাহনক্রিয়াদ্বারা শরীরাভ্যন্তরে পরিবর্ত্তিত হইয়া নিঃস্রাবণযন্ত্রদ্বারা বহির্গত হইয়া পড়ে। কিড্‌নি kidney অর্থাৎ বৃক্ক ইহার প্রধাননির্গমনপথ। তদ্ভিন্ন লাংস্ lungs (ফুস্ ফুস্), চর্ম্ম, অন্ত্র, ও স্তনপ্রভৃতিদ্বারাও অল্পপরিমাণে বহির্গত হইতে পারে। এইরূপে বহির্গমনকালে ঔষধসকল নিঃস্রাবণযন্ত্রসকলের নিঃস্রাবণসমূহকে পরিবর্ত্তিত করিতে পারে এবং উহাদিগের উপর স্থানীয়ক্রিয়ার ন্যায় দূরবর্ত্তি-স্থানীয়-ক্রিয়াসম্পাদন করে। ইহাকে রিমোট্ লোক্যাল য়্যাক্‌শন্ অর্থাৎ দূরবর্ত্তি-স্থানীয়ক্রিয়া বলে।

PRESCRIPTION-WRITING.

ব্যবস্থাপত্রলিখনপ্রণালী।

চিকিৎসকদিগের নিয়মিতরূপে ঔষধপ্রয়োগ এবং প্রিস্‌ক্রিপ্‌শন্ Prescription ব্যবস্থাপত্রসম্বন্ধে বিশেষরূপ মনোনিবেশ করা একান্ত কর্ত্তব্য। বিবেচনা করিয়া দেখিলে, চিকিৎসাসংক্রান্ত উৎকর্ষলাভের উহাই বিশেষ অবলম্বন। অতএব প্রিস্‌ক্রিপ্‌শন্ অর্থাৎ ব্যবস্থাপত্রসম্বন্ধে মনোনিবেশই চিকিৎসা-বিধানের প্রধানজ্ঞাতব্যবিষয়।

রোগপ্রতীকারার্থ চিকিৎসক যে ঔষধের তালিকা, কোন ঔষধালয়ে প্রেরণ করেন, তাহাকে প্রিস্‌ক্রিপ্‌শন্ Prescription অর্থাৎ ব্যবস্থাপত্র কহে। ব্যবস্থাপত্র পাঁচ ভাগে বিভক্ত, যথাঃ—

(১) সুপারস্ক্রিপ্‌শন্ Superscription অর্থাৎ শীর্ষস্থান বা ঊর্দ্ধলেখ্য। ব্যবস্থাপত্রের শীর্ষস্থানে " ℞ " এই ইংরাজী অক্ষরটি লিখিত হয়; এটি রিসিপি

Recipe শব্দের সংক্ষিপ্ত চিহ্ন; ইহার অর্থ "টেক্ take অর্থাৎ গ্রহণ কর" যথাঃ— ℞ স্পিরিটাস্ মিরিষ্টিসি ৬ মিনিম, অর্থাৎ স্পিরিট অব্ নটমেগ্ ৬ মিনিম গ্রহণ কর। এস্থলে ঐ স্পিরিটাস্ মিরিষ্টিসি জেনিটিভ্ কেস্ Genitive case অর্থাৎ সম্বন্ধপদ এবং উক্ত ৬ মিনিম য়্যাকিউজেটিভ্ কেস্ Accusative case অর্থাৎ সম্প্রদানকারকরূপে "রিসিপি" এই ক্রিয়ার সহিত অন্বিত। আর কেহ কেহ বলেন যে, উক্ত রিসিপি শব্দের অর্থ জুপিটার দেবের নামস্মরণ।

(২) ইন্স্ক্রিপ্শন্ Inscription অর্থাৎ গর্ভিতবিবরণ বা মাধ্যলেখ্য।

এই অংশের অপর একটী নাম বডি অব্ দি প্রিস্ক্রিপ্শন্ Body of the prescription অর্থাৎ ব্যবস্থাপত্রের অবয়ব। প্রিস্ক্রিপ্শনের এই অংশে এক এক পঙ্ক্তিতে ল্যাটিনভাষায় এক একটা ঔষধের নাম ও পরিমাণ সংক্ষেপে লিখিত হয়।

ইন্স্ক্রিপশন্ চারি অংশে বিভক্ত, যথা :—

(ক) বেসিস্ Basis প্রধান আরোগ্যকারক মূলঔষধ।

(খ) কোরিজেন্স্ Corrigens অর্ করেক্টিভ্ Corrective সংশোধক ঔষধ।

(গ) এড্জুভ্যান্ট Adjuvant সাহায্যকারী ঔষধ অর্থাৎ যে ঔষধ বেসিসের ক্রিয়া বর্দ্ধিত অথবা ত্বরিত করে।

(ঘ) ভিহিকল্ Vehicle অনুপান অর্থাৎ যেদ্রব্যের মিশ্রণে কোন ঔষধকে সেবনোপযোগী করিতে পারাযায়।

(৩) সব্স্ক্রিপশন্ Subscription অধোলেখ্য।

ব্যবস্থাপত্রের এই অংশে ডিস্পেন্সার Dispenser অর্থাৎ ঔষধপ্রস্তুতকারককে ঔষধপ্রস্তুতসম্বন্ধীয় উপদেশ দেওয়া হয়। সংক্ষিপ্তচিহ্নদ্বারা এই অংশ লিখিত হয়। যথা,—"*m.*" মিশ্রিত কর। M. ft. pil মিশ্রিত করিয়া বটিকা প্রস্তুত কর।

(৪) সিগ্নেচার Signature রোগীর প্রতি উপদেশ।

ব্যবস্থাপত্রের এই অংশে সিগ্না Signa লিখিতে হয়। ইহার সংক্ষিপ্ত চিহ্ন "S", "Sig" চিহ্নিত কর। যথাঃ—মিশ্র, বটিকা, বিব ইত্যাদি। এই অংশে রোগীর প্রতি উপদেশ অর্থাৎ কিপ্রণালীতে ঔষধ ব্যবহার করিতে হইবে,

তাহার সংক্ষিপ্তবিবরণও লিখিত হয়। যেমন—" এক এক বটিকা করিয়া দিবসে তিনবার সেবন করিতে হইবে।"

(৫) ব্যবস্থাপত্রের এই অংশে রোগীর নাম এবং ডাক্তারের স্বাক্ষর ও তারিখ লিখিত হয়। কিন্তু আমাদের দেশে এই নিয়মটি সম্পূর্ণরূপে পালিত না হইয়া রোগীর নাম সর্ব্বোপরি লিখিত হইয়া থাকে।

নিম্নে প্রিস্‌ক্রিপ্‌শনের ভিন্ন ভিন্ন অংশ প্রদত্ত হইল—

For

BABU RAM RATON LAHA,

Superscription.	℞	
Inscription.	Ferri et Ammonii Citratis, gr. v (*basis*).	
	Liquoris Ammoniæ Fortioris m. jss. (*adjuvant*)	
	Spiritûs Myristicæ. m. vj. (*corrective*).	
	Infusi Calumbæ, ad ℥j (*vehicle or excipient*)	
Subscription.	Misce Mitte six such doses.	
Signature.	Signa—Two tablespoonfuls twice a day.	
Date.		Doctor's name. or initials.

বাঙ্গালাভাষায় ব্যবস্থাপত্র লিখিবার প্রণালী এই :—

নাম

শ্রীযুক্ত বাবু পূর্ণচন্দ্র দাসের জন্য

উর্দ্ধলেখ্য—℞

মাধ্যলেখ্য	কুইনি সাল্‌ফ—gr. xxiv. (প্রধান ঔষধ)
	এসিড সাল্‌ফ ডিল্‌ ʒi (সাহায্যকারী)
	সিরাপ অরেন্‌সিরাই ʒiii (সংশোধক)
	একোয়া বা জল ad. ℥vi (অনুপান)

অধোলেখ্য, M. ft. মিক্‌শ্চার।

S. একআউন্সমাত্রায় চারিঘণ্টাঅন্তর সেবনীয় (সেবনোপদেশ)।

তারিখ। ডাক্তারের স্বাক্ষর।

পাঠকবর্গের ইহা বিশেষরূপে স্মরণ রাখা উচিত যে, প্রাগুক্ত অঙ্গ পাঁচটি অব্যাহত রাখিয়া ব্যবস্থাপত্র প্রস্তুত করিলেই যে হইল, এমন নহে। চিকিৎসকমাত্রেরই স্পষ্টরূপে প্রিস্‌ক্রিপ্‌শন্ লিপিবদ্ধ করা উচিত অর্থাৎ ঔষধের সম্পূর্ণ-

নাম, পরিমাণ, মিশ্রণ-প্রণালী এবং ঔষধসেবনের নিয়মাদি প্রত্যেক বিষয়, অতিস্পষ্টরূপে বিশুদ্ধ সরলভাষায় লিখিয়া দেওয়া বিধেয়। যেহেতু ঔষধের নাম সম্পূর্ণ না লিখিয়া সংক্ষেপে লিখিলে, সময়ে সময়ে বিপদ্ ঘটিবার সম্ভাবনা থাকে। যেমন, এসিড্ হাইড্রক্ ডিল্ (Acid Hydroc-Dil) এরূপ সংক্ষিপ্তভাবে লিখিলে, এসিড্ হাইড্রোসায়ানিক্ (Acid Hydro chianic) অথবা এসিড হাইড্রোক্লোরিক্ ডিল্ (Acid Hydrocholoric Dil) উভয়ই বুঝাইতে পারে। সুতরাং একটির পরিবর্ত্তে অপরটি প্রদত্ত হইলে, রোগীর প্রাণ-হানি হওয়ার সম্ভাবনা। ডাক্তার টম্‌সন্ বলেন যে, চিকিৎসক প্রিস্ক্রিপ্‌শন্ অর্থাৎ ব্যবস্থাপত্র ডিস্পেন্‌সরিতে (ঔষধালয়ে) প্রেরণ করিবার পূর্ব্বেই স্বকীয় সন্দেহভঞ্জনজন্য উহা বিশেষ মনোযোগের সহিত পাঠ করিয়া প্রেরণ করিবেন, নতুবা সাধারণ একটি ভ্রমবশতঃ একটি লোকের প্রাণহানি হওয়া বিচিত্র নহে।

রোগীর অবস্থানুরোধে অনেকসময়ে চিকিৎসককে ত্বরান্বিত হইতে হয়। এজন্য ব্যবস্থাপত্রের অনেকস্থলেই সংক্ষিপ্তলিখন ও সাঙ্কেতিকচিহ্ন ব্যবহার নিতান্ত অপরিহার্য্য হইয়া পড়ে; তন্নিমিত্ত নিম্নলিখিত কয়েকটি সংক্ষিপ্তলিখন-প্রণালী ও সাঙ্কেতিকচিহ্ন চিকিৎসাশাস্ত্রশিক্ষার্থীদিগের স্মরণ রাখিতে হইবে, যথা:—

(ক) "℞" (recipe) অর্থাৎ গ্রহণ কর।

(খ) "M" মিস্‌সি (misce) অর্থাৎ মিশ্রিত কর।

(গ) "S" সিগ্‌না (signa) অর্থাৎ চিহ্নিত কর।

(ঘ) '*āā*' এনা (ana) অব্ ইচ্ (of each) অর্থাৎ প্রত্যেকের।

(ঙ) 'ft' ফায়েট্ ইংরেজী মেক্ (make) অর্থাৎ প্রস্তুত কর।

(চ) 'qs' কোয়ান্‌টম্ সাফিসিট্ (quantum sufficit), ইংরেজীতে " এ সফিসিয়েন্সি (a sufficiency) অর্থাৎ প্রয়োজনানুরূপ।

(ছ) 'ad' আপটু (upto) বা টু এমাউণ্ট টু (to amount to) অর্থাৎ সর্ব্বসমেত।

(জ) 'no' নিউমিরো (numero) ইংরেজীতে ইন্ নম্বর (in number) অর্থাৎ সংখ্যা।

একটির ক্রিয়া অন্যটিদ্বারা সংশোধিত হইবার জন্য উহাদিগকে মিশ্রিত করিয়া প্রয়োগ করা হয়।

(গ) লোকের অবস্থাভেদে বিভিন্নপ্রকার ব্যবস্থাপত্র লিখিত হওয়া উচিত। যেমন দরিদ্রের পক্ষে মহার্ঘ ঔষধ ব্যবস্থা নিতান্ত নিষ্ঠুরের কার্য্য বলিয়া প্রতীয়মান হয়।

(৪) পরিষ্কারকাগজে উত্তমকালীদ্বারা স্পষ্টাক্ষরে ব্যবস্থাপত্র লিখা উচিত।

(৫) ব্যবস্থাপত্রলিখিত প্রত্যেক ঔষধ কি উদ্দেশ্যে প্রদত্ত হইল তাহা এবং প্রত্যেকের প্রয়োজনীয়তা বা উপকারিতা কি তদ্বিষয়ে চিকিৎসকের বিশেষ জ্ঞান থাকা আবশ্যক। অনর্থক কোন ঔষধ দেওয়া যুক্তিসঙ্গত নহে।

(৬) ঔষধের মাত্রা এবং উহার ক্রিয়াসম্বন্ধে ইন্‌কম্প্যাটিবল্ (incompatible) অসংলগ্নতা জানা আবশ্যক।

খ্রীষ্টীয় ১৮৮৮ সালে ব্রিটীশ ফার্ম্মাকোপিয়া প্রকাশিত হয়, তৎপূর্ব্বে শুষ্ক ঔষধাদির পরিমাণার্থ যে এপোথিকারিজ্ ওয়েট্ Apothecaries' weight ব্যবহৃত হইত, তাহার তালিকা নিম্নে প্রদত্ত হইল—

সাঙ্কেতিকচিহ্ন	ল্যাটিন	ইংরেজী
gr.	গ্রেণাম্ granum	a grain ১ গ্রেণ।
℈	স্ক্রুপিউলাম্ scrupulum	a scruple ২০ গ্রেণ।
ʒ	ড্রামা drachma	drachm ৩ স্ক্রুপল বা ৬০ গ্রেণ।
℥	ইউনিকা unica	ounce ৪৮০ গ্রেণ।
lb	লিব্রা libra	pound ১২ আউন্স ৫৭৬০ গ্রেণ।

কিন্তু ব্রিটীশ ফার্ম্মাকোপিয়া প্রকাশিত হওয়ার পরহইতে নিম্নলিখিত ওজন ব্যবহৃত হইতেছে, যথা—

গ্রেণ, চিহ্ন gr.

৪৩৭½ গ্রেণে ১ আউন্স ℥j

১৬ আউন্স বা ৭০০০ গ্রেণে ১ পাউণ্ড lbj

কোন কোন চিকিৎসক, গৃহস্থগণের বোধসৌকর্য্যার্থ চামচ, ইত্যাদির মাপে ঔষধসেবনের ব্যবস্থা দেন, যথা—

টিস্পুন্‌ফুল্ teaspoonful = 1 fluid drachm ১ তরলড্রাম।

ডেজার্টস্পুনফুল্ dessertspoonful = 2 fluid drachms ২ তরলড্রাম।

টেবল্স্পুনফুল্ tablespoonful = 4 fluid drachms ৪ তরলড্রাম।

ওয়াইনগ্ল্যাস্ফুল্ wineglassful = 1½ to 2 fluid ounces ১½ হইতে ২ তরল আউন্স।

টিকাপ্ফুল্ teacupful = 5 fluid ounces ৫ তরল আউন্স।

ব্রেক্ফাষ্টকাপ্ফুল্ breakfastcupful = 8fluid ounces ৮ তরল আউন্স।

টাম্বলার্ tumbler = 10 to 12 fluid ounces ১০ হইতে ১২ তরল আউন্স।

তরলপদার্থের পরিমাণার্থ নিম্নলিখিত মাপ প্রচলিত আছে, যথা—

সাঙ্কেতিকচিহ্ন	ল্যাটিন	ইংরেজী
m	minimum মিনিমাম্	a minim ১ মিনিম =তরল ড্রামের $\frac{1}{60}$ ভাগ।
fl ʒ	drachma ড্রামা	a fluid drachm ১ তরলড্রাম =৬০ মিনিম।
fl ℥	unica ইউনিকা	a fluid ounce ১তরল আউন্স =৮ তরলড্রাম।
O	octarius অক্টেরিয়াস্	a pint ১ পাইণ্ট =২০ তরল আউন্স।
C	congius কঞ্জিয়াস্	a gallon ১গ্যালন=৮পাইণ্ট।
gtt.	gutta গিউটা	a drop = ১ ফোঁটা।

ইউরোপীয়চিকিৎসকেরা ঔষধের মাত্রার সংখ্যানির্ণয়ার্থ রোমীয়সংখ্যাচিহ্ন ব্যবহার করিয়া থাকেন, যথা—

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২
I	II	III	IV	V	VI	VII	VIII	IX	X	XI	XII

১৩	১৪	১৫	১৬	১৭	১৮	১৯	২০
XIII	XIV	XV	XVI	XVII	XVIII	XIX	XX
৩০	৪০	৫০	৬০	৭০	৮০	৯০	১০০
XXX	XL	L	LX	LXX	LXXX	XC	C

COMBINATION OF DRUGS কম্বিনেশন্ অব্ ড্রাগস্।

ঔষধসমূহের সংযোগ।

প্রিসক্রিপ্শন্ লিখিতে হইলে, প্রথমতঃ রোগীর যে লক্ষণ বা উপসর্গ হইয়াছে, তাহা কোন্ প্রধান ঔষধ কি মাত্রায় প্রয়োগ করিলে, পরিবর্ত্তিত বা নিবারিত হইতে পারে, প্রথমে সেই বিবেচনা করিতে হইবে। প্রধান ঔষধ স্থির করা হইলে, তৎপরে বিবেচনা করিতে হইবে যে, কেবল ঐ ঔষধ দেওয়া হইবে, না, অন্য কোন ঔষধ উহার সহিত সংযোজিত করিয়া দিলে, অধিকতর উপকার দর্শিবে অথবা উহার কটূতিক্তস্বাদাদি বিস্বাদের নাশর ঘটিতে পারিবে।

আর ইহাও স্মরণ রাখা সকলেরই কর্ত্তব্য যে, প্রিস্ক্রিপশন্ অর্থাৎ ব্যবস্থা-পত্রে যত অল্পসংখ্যক ঔষধ লিখিত হয়, ততই ভাল। তাহা বলিয়া আমরা অতিরিক্তরূপে এই মতের অনুবর্ত্তী হইয়া চলিব না; কারণ ইহা পূর্ব্বেই বলা হইয়াছে যে, একটী ঔষধের ক্রিয়া অন্য ঔষধের সংযোগে সাহায্য প্রাপ্ত হয়, যেমন মূত্রকারক ঔষধ তিন চারিটি একযোগে প্রয়োগ করিলে, যে ফলোৎ-পাদন করে, উহাদের একটিমাত্র প্রয়োগ করিলে, সেরূপ ফলোৎপাদন করে না। পারদঘটিত ঔষধ (ব্লুপিল্), স্কুইল ও ডিজিটেলিসের মূত্রকারকক্রিয়ার সাহায্য করিয়া থাকে। এতন্নিবন্ধন সচরাচর ঔষধ সংযোজিত করিয়া দেওয়া আবশ্যক হইয়া থাকে।

উক্তরূপ ঔষধ লিখিবার প্রণালী এই—

পিল্হাইড্রার্জ (পারদের প্রয়োগরূপ)	১ গ্রেণ;
পাল্ভ্সিলি	১২ গ্রেণ।
পাল্ভ্ডিজিটেলিস্ ...	১ গ্রেণ।

M.f. বটিকা, দিবসে তিনবার সেবনীয়। ইহা নানাপ্রকার ড্রপ্সি dropsy অর্থাৎ শোথরোগে প্রয়োজিত হইয়া থাকে।

হায়োসায়েমাস্ ও বেলেডোনা উভয়ই কলসিন্থের বিরেচনক্রিয়ার সহায়তা করিয়া থাকে। অত্যল্পপরিমাণ লৌহঘটিত ঔষধ (সাল্ফেট্ অব্ আয়রণ) এবং সাল্ফিউরিক্ এসিড্, সাল্ফেট অব্ ম্যাগ্নেসিয়ার বিরেচনক্রিয়ার সাহায্য করে। ক্রিম অব্ টার্টার অন্ত্রহইতে যে জলীয়াংশ বহির্গত করে; [illegible] সেই অন্ত্রের [illegible] Peristaltic action অর্থাৎ

কৃমিবৎগতি বৰ্দ্ধিত করিয়া উহার বিরেচনক্রিয়ার সহায়তা করিয়া থাকে। অত্যল্প লৌহঘটিত ঔষধ, হৃৎপিণ্ডের বলকারক ডিজিটেলিসের কার্ডিয়েক্-টনিক্ এবং জরায়ুর উত্তেজক আর্গটের ক্রিয়াবৰ্দ্ধক।

নার্কটিক্স্ Narcotics অর্থাৎ মাদক ঔষধের ক্রিয়া অপর মাদক ঔষধের সংযোগে বৃদ্ধি প্রাপ্ত হয়। যেমন ব্রোমাইড্ অব্ পটাশিয়ম্ বা হাইড্রেট অব্ ক্লোরাল্ পৃথক্ প্রয়োগে নিদ্রাগম না হইলে, ঐ দুইটি সংযুক্ত করিয়া দিলে, কখনও কখনও নিদ্রাকর্ষণ হইয়া থাকে। ক্ষারীয় ঔষধসকলও এক-যোগে বেশ ব্যবহার করা যায়। কোন কোন উগ্রবিরেচক ঔষধে পেট কামড়ায়। কিন্তু উহার সহিত এরোম্যাটিক্স্ Aromatics অর্থাৎ সুগন্ধ ঔষধ মিশ্রিত করিলে ঐ কামড়ান দূর হইয়া থাকে। ব্রোমাইড্ অব্ পটাশিয়মপ্রয়োগে যে একপ্রকার একনি অর্থাৎ মুখব্রণ উৎপন্ন হয়, তাহা আর্সেনিক্-সংযোগে এবং কুইনাইনের সিঙ্কোনিজম্ অর্থাৎ কাণ ভোঁ ভোঁ ইত্যাদি অশান্তিপ্রদ লক্ষণ অত্যল্প হাইড্রোব্রোমিক্এসিড্ দ্বারা দূরীভূত হয়।

এলকেলাইন্ মেডিসিনস্ অর্থাৎ ক্ষারজাতীয় ঔষধসকলের কয়েকটি রিউম্যাটিক্ফিবারে অর্থাৎ বাতরোগে একযোগে প্রয়োজিত হইলে, যে উপকার হয়, তন্মধ্যস্থ একটি প্রয়োগ করিলে, সেরূপ উপকার দর্শেনা। কুইনাইন এবং আয়রণ্প্রভৃতি টনিক্ অর্থাৎ বলকারক ঔষধ একযোগে প্রয়োগ করিলে, সবিশেষ ফলপ্রদ হইয়া থাকে। অসুখজনক ফিজিয়লজি-ক্যাল একশনের বাধা দিবার জন্য কোন একটি ঔষধ অপর একটি ঔষধের সহিত সংযুক্ত করিয়া দিতে হয়, যথা—আওডিন্ দ্বারা যে আওডিজম্ অর্থাৎ সর্দ্দির ন্যায় অস্বাস্থ্যকর লক্ষণ হয়, উহা এরোমেটিক্ স্পিরিট অব্ এমোনিয়া-সংযোগে প্রয়োগ করিলে, উক্ত অস্বাস্থ্যকর লক্ষণ উপশমিত হইয়া থাকে এবং পিচ্কারীদ্বারা মর্ফিয়া ত্বকান্তর্গত করিলে যত অসুখ হয় এট্রোপিয়ার সহিত মর্ফিয়া প্রয়োগ করিলে, তত অসুখ হয় না।

ডোস্ DOSE (মাত্রা)।

ঔষধের মাত্রার অল্পতা ও আধিক্য অনুসারে উহার ক্রিয়ার তারতম্য ঘটিয়া থাকে। কোন কোন অবস্থায় একবারে অধিকমাত্রায় কোন ঔষধ

প্রয়োগ করিলে, বিশেষ ফল দর্শে। যেমন নার্কটিক্‌সের (মাদক ঔষধসকলের) অল্পমাত্রা উত্তেজক ; কিন্তু পূর্ণমাত্রা নিদ্রাকারক। পার্গেটিভ্‌স্ (বিরেচক ঔষধসকল এবং এমেটিক্‌স্ বমনকারক ঔষধসকল) একবার পূর্ণমাত্রায় প্রয়োগ করিলে, সুফল দর্শিয়া থাকে। কিন্তু টনিক্‌স্ (বলকারক), এষ্ট্রিন্‌জেণ্টস্ (ধারক) ও ডায়রেটিক্‌স্ (মূত্রকারক) ঔষধসকল ক্রমিক ক্রিয়ালাভের জন্য অল্পমাত্রায় ৩।৪ ঘণ্টা অন্তর নিয়মিতরূপে প্রয়োগ করিলে, ফললাভ হইয়া থাকে। আর কতকগুলি ঔষধ অত্যল্পমাত্রায়, অত্যল্পসময়পরে প্রদত্ত হইলে, বিশেষ উপকার হইয়া থাকে। যেমন একিউট্ টন্সিলাইটিস্ acute tonsillitis কিংবা ক্যাটারাল্ ফিবার্ catarrhal fever সর্দ্দিজ্বরে একোনাইটদ্বারা চিকিৎসা করিতে হইলে, উহার টিংচার (অরিষ্ট) ১ কি ½ ফোঁটামাত্রায় ১ কি ½ ঘণ্টা অথবা ১০ মিনিট অন্তর দিলে, বিশেষ ফল দর্শে। এইরূপ অল্পমাত্রায় অল্পক্ষণ অন্তর ডাইলিউট্ হাইড্রোসায়ানিক এসিড অজস্রবমনে, টার্টার্ এমেটিক্ Tartar emetic শিশুদের ব্রঙ্কাইটিস্ Bronchitis রোগে এবং ১ মিনিমমাত্রায় ভাইনম্ ইপিক্যাক্ অদমণীয় বমনোপসর্গে সচরাচর ফলপ্রদ হয়। ষ্টমাকের উত্তেজনাতে কোন ঔষধদ্বারা উপকার না হইলে, অত্যল্পমাত্রায় ক্যালামেল বা হাইড্রার্জ্জিরাম্ কম্ ক্রিটা প্রতি অর্দ্ধঘণ্টা অন্তর প্রদত্ত হইলে, বিশেষ উপকার দর্শে।

পাঠকগণের ইহাও স্মরণ রাখিতে হইবে যে, যে ঔষধ অল্পমাত্রায় বারংবার প্রয়োগ করিলে, আশুকার্য্যকর হয়, আবার তাহাই অধিকমাত্রায় দুই কি তিনবার প্রয়োগ করিলে, বিশেষ কোন ফল দর্শেনা ; বিশেষতঃ যেসমস্ত ঔষধ শীঘ্র শীঘ্র শরীর হইতে বহির্গত হইয়া যায় এবং আমরা যেসকল ঔষধের ক্রিয়া শারীরিক কোন যন্ত্রের ষ্ট্রাক্‌চার Structure (নির্ম্মাণ) এবং ফাংসনের (ক্রিয়ার) উপর অধিকক্ষণ স্থায়ী করিতে চেষ্টা করি, সেই সকল ঔষধই এই নিয়মের অধীন।

পক্ষান্তরে অবস্থাবিশেষে কোন কোন ঔষধ অধিকমাত্রায় না দিলে, সেসকলের ফিজিয়লজিক্যাল ক্রিয়া প্রকাশিত হয় না। Dr. Farquharson ডাক্তর ফার্কোয়ার্‌শন্ বলেন, সাক্কাস কোনিয়াই একআউন্সমাত্রায় না দিলে, মাংসপেশীর আক্ষেপ উপশমিত হয় না। তিনি আরও বলেন যে, নক্টারনেল

ইন্‌কণ্টিনেন্‌টস্ অব্ ইউরিন্ Nocturnal incontinence of urine রাত্রিকালে নিদ্রাবস্থায় যে ফোঁটা ফোঁটা প্রস্রাব হয় তাহাতে টিংচার অব্ বেলেডোনা এক কি দেড় ড্রাম প্রয়োগ না করিলে, কোন উপকার দর্শেনা। কোরিয়ারোগে আর্সেনিক্ সাহসের সহিত ব্যবস্থা না করিলে, উহা উপশমিত হয় না।

আর কোন কোন ঔষধের ভিন্ন ভিন্ন মাত্রা বিভিন্নরূপ, ক্রিয়া, এমন কি, বিপরীতক্রিয়াও প্রদর্শন করে। যেমন ভাইনাম্‌ইপিক্যাক্ অল্পমাত্রায় সেবন করিলে, বমন নিবারিত হয়; কিন্তু উহাই আবার এক চা-চামচ বা তদপেক্ষা অল্পপরিমাণে সেবন করিলে, বমনকারক হইয়া থাকে। সল্‌ফেট্ অব্ জিঙ্ক ১ হইতে ১০ গ্রেণমাত্রায় সেবন করিলে, উত্তম নার্ভাইন্ টনিক্ (স্নায়বীয় বলকারক); কিন্তু উহাই আবার ২০ হইতে ৩০ গ্রেণমাত্রায় সেবন করিলে, বমনকারক হইয়া থাকে। অপিয়ম অল্পমাত্রায় উত্তেজক; কিন্তু অধিকমাত্রায় নিদ্রাকারক। একড্রাম ইন্‌ফিউজন্ অব, ডিজিটেলিস্ বারংবার প্রয়োগ অপেক্ষা একবার অর্দ্ধ আউন্সমাত্রায় দিলে কোন অনিষ্টের সম্ভাবনা থাকেনা। পটাশ ও সোডার সমক্ষারাম্ল লবণসকল অল্পমাত্রায় মূত্রকারক ও অধিকমাত্রায় বিরেচক।

পিরিয়ড্ অব্ এড্‌মিনিষ্ট্রেশন্ অব্ মেডিসিন্।
PERIOD OF ADMINISTRATION OF MEDICINE.
ঔষধপ্রয়োগের সময়।

এসিডসকল শরীরের এসিডসিক্রিশনের (অম্লস্রাবণের) দমন ও ক্ষারাক্ত সিক্রিশনের (স্রাবণের) বৃদ্ধি, পক্ষান্তরে ক্ষার ঔষধসকল অম্লাক্ত সিক্রিশনের বৃদ্ধি ও ক্ষারাক্ত সিক্রিশনের ন্যূনতা ঘটাইয়া থাকে। এই নিমিত্ত ডাইলিউট্ সল্‌ফিউরিক্ এসিডপ্রভৃতি আহারের অব্যবহিত পূর্ব্বে প্রযুক্ত হইলে, গ্যাষ্ট্রিক্-জুস্ (আমাশয়িক পাচকরস) রুদ্ধ করিয়া ভুক্তদ্রব্যের নাইট্রোজিনাস্ (যবক্ষারজানবিশিষ্ট) আহারীয় পদার্থকে জীর্ণ করিতে দেয় না; পক্ষান্তরে আহারের পূর্ব্বে ক্ষার ঔষধ উদরস্থ করিলে, গ্যাষ্ট্রিক্ জুসের স্রাবণ-বৃদ্ধি করিয়া

ভুক্তদ্রব্যের পরিপাকক্রিয়ার সাহায্য করে। আবার আহারের পর ক্ষার ঔষধ উদরস্থ করিলে, গ্যাষ্ট্রিক্ জুস্‌কে সমক্ষারাম্ল করিয়া পরিপাকক্রিয়ার বাধা জন্মায়। যেহেতু গ্যাষ্ট্রিক্ জুসের পাচকতাশক্তি কিয়ংপরিমাণে তৎস্থিত এসিডের উপর নির্ভর করে।

যেসমস্ত ঔষধ শরীরকে হীনবল না উত্তেজিত করে, সেগুলি আহারের সঙ্গে সঙ্গে অথবা আহারের পরে প্রয়োগ করা কর্ত্তব্য। অতএব আর্সেনিক্, ষ্ট্রিক্‌নিন্ এবং করোসিভ্ সাব্‌লিমেট আহারের পরে দেওয়া ব্যবস্থাসঙ্গত। কডলিভার অয়েল আহারের পরে ব্যবস্থা করা উচিত; কারণ তাহাতে যে কেবল বমনের অল্পতা হয় এমন নহে, অধিকন্তু শোষণী নাড়ীদ্বারা উহা শোষিত হয়, এবং প্যাংক্রিয়েটিক্ জুস্ (ক্লোমরস) ও পিত্ত উহার সহিত মিলিত হইয়া কার্য্যকর হইতে পারে।

যখন আমরা শরীরস্থ কোন স্বাভাবিক ফিজিয়লজিক্যাল ক্রিয়ার অনুকরণ করিতে ইচ্ছা করি, তখন সেই সময়ানুসারী সেই শ্রেণীস্থ ঔষধ প্রয়োগ করাই আমাদের কর্ত্তব্য। যেমন এমেনেগগস্ (রজোনিঃসারক ঔষধসকল) রজঃস্রাব হওয়ার সময় উপস্থিত হইলেই প্রয়োগ করা উচিত। উল্লিখিত কারণে বিরেচকঔষধ প্রাতঃকালে এবং অহিফেণাদি মাদক ঔষধ রাত্রিতে সেবন করাইলে, ফলপ্রদ হইয়া থাকে এবং স্যালাইনপারগেটিভস্ saline purgatives লাবণিক বিরেচক ঔষধসমূহ শূন্যোদরে প্রয়োগ করিলে, অধিক উপকার করিয়া থাকে। তাহার কারণ এই যে, তখন অন্ত্রস্থ শিরাগুলি অপেক্ষাকৃত অল্পরক্তপূর্ণ থাকে; সুতরাং শীঘ্র ঐ ঔষধসকল শোষণ করিতে পারে; এইনিমিত্ত সেড্‌লিজ্ পাউডার খালিপেটে প্রয়োগ করিলে, বিশেষ ফলপ্রদ হয়। এন্থেলমিন্টিক্‌স্ (কৃমিনাশক ঔষধসমূহ) খালিপেটে প্রদত্ত হইলে, বিশেষ ফল দর্শিয়া থাকে; কারণ অভুক্তাবস্থায় উদরস্থ কীটসকল ভুক্তদ্রব্য ও অন্ত্রস্থ শ্লেষ্মাদিতে আবৃত থাকে না; সুতরাং ঐ সমস্ত ঔষধ রাত্রিতে বা অতিপ্রত্যূষে প্রযোজ্য।

ইণ্টারভ্যাল্ বিটুইন্ ডোজেস্।

INTERVAL BETWEEN DOSES.

ঔষধপ্রয়োগের ব্যবধান-কাল।

ঔষধপ্রয়োগের ব্যবধানকালসম্বন্ধীয় নিয়মাবলী প্রকারান্তরে পূর্ব্বেই বিবৃত হইয়াছে। এখানে তদ্বিষয়ে আরও কিছু বলা যাইতেছে—

ঔষধপ্রয়োগের সাধারণ নিয়ম এই যে, আমরা মিক্শ্চার বা মিশ্রিত ঔষধ দিবসে ৩বার অর্থাৎ প্রতি ৪ ঘণ্টা অন্তর প্রদান করিয়া থাকি। যেমন পুরাতন ব্যাধিতে বলকারক এবং ধারক ঔষধসকল এবং বহুদিনপর্য্যন্ত যে-সকল ঔষধের ক্রিয়া আবশ্যক, সেইসকল ঔষধ প্রতি ৪ ঘণ্টা অন্তর প্রয়োগ করা হইয়া থাকে। একিউট্ ডিজিজ্ acute disease (টন্সিলাইটিস্, কলেরা-প্রভৃতি তরুণব্যাধিতে) ঔষধসকল অত্যল্পক্ষণ ব্যবধানে দেওয়াই আবশ্যক। কারণ সেস্থলে ঔষধের ক্রিয়া অল্পসময়ের জন্য আবশ্যক হইয়া থাকে। ঔষধের প্রয়োগসম্বন্ধীয় আরও একটি সাধারণ নিয়ম এই যে, উহার একটি মাত্রার ক্রিয়া বিলুপ্ত না হইলে, দ্বিতীয়মাত্রা প্রয়োগ করা বিধেয় নহে।

ফরম্ অব্ এডমিনিষ্ট্রেশন্ FORM OF ADMINISTRATION.

ঔষধপ্রয়োগপ্রণালী।

সাধারণতঃ ধাতব ঔষধসকল বটিকাকারে অথবা অত্যল্প জলের সহিত মিশ্রিত করিয়া দিতে হয়। বিশেষতঃ যেসকল ধাতবঔষধের ফিজিয়লজিক্যাল-ক্রিয়া প্রবল, সেসকল ঔষধ উক্তরূপে দেওয়াই সঙ্গত। এজন্য আমরা আর্সেনিক, ষ্ট্রিকনিয়া এবং পারক্লোরাইড্ অব্ মার্কিউরি প্রভৃতি পিলের আকারে (বটিকাকারে) প্রস্তুত করিয়া অথবা অল্পজলের সহিত দ্রব করিয়া দিয়া থাকি।

পক্ষান্তরে সল্ট্স্ (লবণসকল) বিশেষতঃ পারগেটিভ্ সল্ট্স্ (লাবণিক বিরেচক ঔষধসকল) অধিকপরিমাণে তরলপদার্থের সহিত প্রদত্ত হইলে, অপেক্ষাকৃত অধিক ফলোৎপাদন করিয়া থাকে। পরীক্ষাদ্বারা দেখা গিয়াছে যে, আইয়োডাইড্ অব্ পটাশিয়ম্ এবং সল্ফেট্ অব্ ম্যাগ্নেসিয়া অধিক তরলা-

কাবে প্রদত্ত হইলে, উত্তমফল দর্শিয়া থাকে। মূত্রকাবক ঔষধসমূহও এইরূপে প্রয়োগ করিতে হয়।

রেগুলেশন্ অব্ ডোজেস্ REGULATION OF DOSES.

মাত্রা স্থির করিবার নিয়ম।

রোগীর বয়ঃক্রমানুসারে ঔষধের মাত্রা অধিক বা অল্প করা আবশ্যক। শিশুগণের সেব্য ঔষধের মাত্রা বয়স্কলোকদের মাত্রার ভগ্নাংশরূপে নিরূপণ করিতে হয়। বারবৎসরের ন্যূনবয়স্ক শিশুদিগের সেব্য ঔষধের মাত্রা নিরূপণের নিয়ম এই,—তাহাদের বয়ঃক্রম যত হইবে, তাহাতে ১২ যোগ দিয়া তৎসমষ্টি-দ্বারা ঐ বয়ঃক্রমকালকে ভাগ করিলে, যে রাশি হয়, তাহাই উহাদের সেবনীয় ঔষধের মাত্রারূপে নিরূপিত হইয়া থাকে। অতএব ৪ বৎসরবয়স্ক শিশুর সেবনীয় মাত্রা পূর্ণবয়স্কের সেব্য মাত্রার $\frac{১}{৪}$, এবং ১২ বৎসরবয়স্কের মাত্রা পূর্ণবয়স্কের মাত্রার অর্দ্ধ।

উল্লিখিত নিয়মদ্বারা ইহা প্রদর্শন করা যাইতেছে—

বয়ঃক্রম ৪ বৎসর, সুতরাং $\frac{৪}{৪+১২}=\frac{৪}{১৬}=\frac{১}{৪}$।

বয়ঃক্রম ১২ বৎসর, সুতরাং $\frac{১২}{১২+১২}=\frac{১২}{২৪}=\frac{১}{২}$।

১২ বৎসরের অধিক ও ২১ বৎসরের ন্যূনবয়স্ক ব্যক্তির অর্দ্ধ ও পূর্ণমাত্রার মধ্যবর্ত্তী কোন মাত্রা বিবেচনাপূর্ব্বক প্রয়োগ করিতে হয়। আর ক্ষীণধাতু ও রোগ-দুর্ব্বল ব্যক্তিগণ শিশুদের ন্যায় ঔষধের অল্পমাত্রাই সহ্য করিতে পারে; এজন্য তাহাদিগকে বয়সের অনুরূপ মাত্রা না দিয়া অল্পমাত্রাই প্রদান করা উচিত। ডাক্তার ইয়ঙ্গ সাহেব এই মাত্রা নিরূপণ করিয়া গিয়াছেন। কিন্তু ইহা সকলরোগীর পক্ষে সকল ঔষধে প্রয়োজিত হইতে পারেনা। পূর্ব্বোক্ত নিয়মানুসারে ৪ বৎসরের শিশুকে ২ ড্রামমাত্রায় কেষ্টার্‌অয়েল্ castor oil প্রয়োগ করিতে হয়; কিন্তু তাহাতে কোন ফল দর্শেনা; তৎপরিবর্ত্তে ৪ ড্রাম মাত্রা ব্যবস্থা না করিলে, উহার কার্য্যকারিতাই লক্ষিত হয়না। উক্ত সাহেবের উল্লিখিত মতানুসরণ করিলে, ৪ বৎসরের শিশুকে টিংচার ওপিয়াই tincture opii একমাত্রায় প্রায় ১০ ফোঁটা প্রয়োগ করা যাইতে পারে; কিন্তু এইমাত্রা ৪ বৎসরের শিশুকে প্রদত্ত হইলে; বিষম বিপদ্ ঘটিয়া থাকে।

গবিয়াস্ সাহেবকৃত ঔষধমাত্রানির্ণায়ক আরও একটি তালিকা নিম্নে উদ্ধৃত হইল—

বয়ঃক্রম			পূর্ণমাত্রা ১	পূর্ণমাত্রা ৬০ গ্রেণ।
একবৎসরের ন্যূন			১/১২	৫
২	,,	,,	১/৮	৭১/২
৩	,,	,,	১/৬	১০
৪	,,	,,	১/৪	১৫
৭	,,	,,	১/৩	২০
১৪	,,	,,	১/২	৩০
২০	,,	,,	২/৩	৪০
২১	বৎসরের ঊর্দ্ধ		পূর্ণমাত্রা	৬০

৬৫ বৎসরের পরহইতে ঔষধের মাত্রা পূর্ব্বোক্ত বয়ঃক্রমের অনুপাতানুসারে ক্রমশঃ ন্যূন করিতে হইবে।

প্রিস্ক্রাইবিং ফর্ চিলড্রেন্।

PRESCRIBING FOR CHILDREN.

শিশুদের জন্য যেরূপ ব্যবস্থাপত্র লিখিতে হয়।

শিশুগণ কোন কোন ঔষধ যুবক অপেক্ষা অধিকমাত্রায় সহ্য করিতে পারে। ডাক্তার ফার্কোয়ার্সন্ ৬ মাসের শিশুর ইন্কণ্টিনেন্স্ অব্ ইউরিণ Incontinence of urine অর্থাৎ নিদ্রাবস্থায় যে ফোঁটা ফোঁটা প্রস্রাব হয় সেই রোগে টিংচার বেলেডোনা ১০ মিনিম্ এবং দুই তিন বৎসরের শিশুকে ২০ মিনিম্ মাত্রায় প্রয়োগ করিয়া সুফল ফলিতে দেখিয়াছেন। ইহার মতে শিশুগণ পূর্ণবয়স্ক ব্যক্তিদিগহইতে বেলেডোনা অধিক সহ্য করিতে পারে। উক্ত সাহেব আরও বলেন যে, শিশুগণকে আর্সেনিক্ও বেশ দেওয়া যাইতে পারে। ৫। ৬ বৎসরের শিশুকে ফাউলার্স সলিউশন্ (আর্সেনিকের প্রয়োগরূপ) ৫ মিনিম, এমন কি, আবশ্যক হইলে আরও অধিকমাত্রায় অর্থাৎ ১০ মিনিমপর্য্যন্ত দেওয়া যাইতে পারে। ষ্ট্রিকনিয়াও শিশুদের বেশ সহ্য হইয়া থাকে। ডাক্তার

ফার্কোয়ার্সন্ ৬ বৎসরের বালিকাকে এক ড্রাম মাত্রায় টিংচার ফেরি (Tinct. Ferri) দিবসে ৩ বার প্রয়োগ করিয়া উত্তম ফল লাভ করিয়াছেন।

বালকদিগের বিরেচনজন্য পালভ্ জেলাপ্ কম্পাউণ্ড আর বমনজন্য ইপিকাকোয়েনা অধিকমাত্রায় আবশ্যক হইয়া থাকে। একবৎসরের অল্পবয়স্ক শিশুরা অপিয়ম সহ্য করিতে পারে না; সুতরাং ইহাদিগের জন্য কখনও অহিফেণ বা লডেনম্ laudanum (অহিফেণের অরিষ্ট) ব্যবস্থা করিবেনা। কিন্তু যেসকল নার্কটিক্‌স (মাদক ঔষধ) মস্তিকের এনিমিয়া (রক্তের অল্পতা) উৎপাদন করিয়া নিদ্রাকর্ষণ করে, তাহাই উহারা সহ্য করিতে পারে: এজন্য একবৎসরের শিশুকে হাইড্রেট্ অব্ ক্লোরাল্ (hydrate of chloral) ৫ গ্রেণমাত্রায় দিনে ৩বার আবশ্যকমত প্রয়োগ করা যায়। আবশ্যক হইলে, টিংচার কেম্ফার কম্পাউণ্ড অহিফেণের পরিবর্ত্তে দেওয়া যাইতে পারে। আর ইহাও স্মরণ রাখিতে হইবে যে, একবৎসরের ন্যূনবয়স্ক শিশুগণ ব্রোমাইড্ অব্ পটাশিয়ম্ এবং আইয়োডাইড্ অব্ পটাশিয়ম্ উত্তমরূপে সহ্য করিতে পারে না।

ইহাও স্মরণ রাখা উচিত যে, শিশুদের ঔষধের মাত্রার পরিমাণ যত কম করিতে পারা যায়, ততই ভাল অর্থাৎ এক কি দুই চা-চামচ মাত্রাই সচরাচর উহাদের পক্ষে যথেষ্ট। ঔষধ সুস্বাদু করিয়া দিলে, শিশুগণ সহজে গলাধঃকরণ করিয়া থাকে, সুতরাং ইহাদের ঔষধে এরোম্যাটিক্ ওয়াটার্ aromatic water সুগন্ধি জল বা কোনপ্রকার সিরাপ ব্যবহার করা নিতান্ত আবশ্যক। আর অতি শিশুদের ঔষধের মাত্রা কম হইলে, দুগ্ধ বা কবুতরের সুরুয়ার সহিত অলক্ষিতভাবে মিশ্রিত করিয়া দেওয়া যাইতে পারে।

শিশুদের ঔষধব্যবস্থাসম্বন্ধে নিম্নলিখিত দুইটি বিষয় বিবেচ্য। প্রথমতঃ শিশু যেমাতার স্তন্য পান করে, সেই মাতাকে ঔষধ সেবন করাইলে, উহা শিশুতে বর্ত্তিয়া থাকে। এবিষয়ের অনেক প্রমাণ আছে; কারণ আমরা জানি যে, আইয়োডাইড্ এবং ব্রোমাইড্ অব্ পটাশিয়ম্, রুবার্ব, সীসকঘটিত ঔষধ এবং অহিফেণপ্রভৃতি দুগ্ধের সহিত মাতার শরীরহইতে নির্গত হইয়া থাকে। আমরা সচরাচর ইহাও দেখিতে পাই যে, স্তন্যদায়িনী মাতাকে ঔষধ প্রদান করিলে, তাহার শিশুর পেট কামড়ায় এবং অসুখবোধ হইয়া থাকে। স্তন্যদায়িনী মাতাকে তাহার নিজের পীড়ার জন্য ঔষধ দিবার সময় আমাদের

ঐকথা স্মরণ রাখা উচিত। কিন্তু স্তন্যদায়িনী মাতাকে ঔষধ সেবন করাইলে যে, শিশুচিকিৎসার সহায়তা হয়, আমরা সচরাচর সেই সহায়তা গ্রহণ করি না এবং তাহা গ্রহণ করা যুক্তিযুক্তও নয়; কারণ এমন অনেক ঔষধ আছে যে, শিশুর উপকারার্থ তাহার মাতাকে ঐ সকল ঔষধ সেবন করাইলে, মাতার স্বাস্থ্যভঙ্গ হইয়া দুগ্ধনিঃসরণক্রিয়া স্থগিত হইতে পারে। আর অত্যল্পবয়স্ক শিশুকে উপযুক্তরূপ অত্যল্পমাত্রায় ঔষধ সেবন করাইবার বাধকতাও নাই।

দ্বিতীয়তঃ বিবেচনা করিতে হইবে যে, গর্ভবতী স্ত্রীলোককে ঔষধ সেবন করাইলে, গর্ভস্থ ভ্রূণের উপর কিরূপ ক্রিয়া প্রকাশ করে; উপদংশগ্রস্তা গর্ভবতীকে উপযুক্তপরিমাণে পারদঘটিত ঔষধ সেবন করাইলে, তাহার ভাবি-সন্তানে নিঃসন্দেহ উক্ত ব্যাধি ঘটিবার সম্ভাবনা থাকে না। আইয়োডিন্, কুইনাইন, সেণ্টনাইনপ্রভৃতি ঔষধ গর্ভবতী স্ত্রীলোককে সেবন করাইলে, গর্ভস্থ ভ্রূণের মূত্রে উক্ত ঔষধসকল পাওয়া যায়। ডবলিন নগরের ডাক্তার মেকলিন্টক্ Dr. McClintock এরূপ ছয়টী রোগিণীর বিষয় উল্লেখ করিয়াছেন যে, তাহাদের পুনঃপুনঃ abortion (গর্ভস্রাব) হইত; কিন্তু লৌহঘটিত ঔষধ এবং ক্লোরেট্ অব্ পটাস্ সেবন করাইয়া উহাদের গর্ভস্রাব নিবারণ করা হইয়াছিল।

মোড্স অব্ এড্মিনিষ্ট্রেশন্ অব্ ড্রাগ্স্।

MODES OF ADMINISTRATION OF DRUGS.

ঔষধপ্রয়োগ প্রণালী।

যে যে উপায়ে ঔষধ রক্তের সহিত মিশ্রিত হয়, তাহা দুই ভাগে বিভক্ত, যথা—(১) এক্ষ্টারন্যাল্ মেথড্ অব্ এপ্লিকেশন্ External Method of Application বাহ্যপ্রয়োগ।

(২) ইণ্টারন্যাল এড্মিনিষ্ট্রেশন্ Internal Administration আভ্যন্তরিকপ্রয়োগ।

এক্ষ্টারন্যাল্ এপ্লিকেশন্ আবার ৫ শ্রেণীতে বিভক্ত, যথা—

(ক) এপিডার্ম্মিক্ মেথড্ Epidermic method.

(খ) এন্‌ডার্ম্মিক্ মেথড্ Endermic method.

(গ) হাইপোডার্ম্মিক্ মেথড্ Hypodermic method.

(ঘ) প্যারান্‌কাইমেটাস্ মেথড্ Parenchymatous method.

(ঙ) ইণ্ট্রাভিনাস্ ইঞ্জেক্‌শন্ Intravenous injection.

এইরূপ ইণ্টারন্যাল্ মেথড্ও নিম্নলিখিত কয়েকপ্রকার, যথা—

(ক) ইন্‌হেলেশন্ Inhalation.

(খ) ইন্‌সফ্লেশন্ Insufflation.

(গ) এটমাইজেশন্ Atomization.

(ঘ) এনিমেটা Enemata. ক্লিস্‌টারস্ Clysters. বা ইঞ্জেক্‌শনস্ Injections.

(ঙ) সাপজিটরি Suppository. এবং পেসারি Pessary.

(চ) উদরস্থ করা By stomach

EXTERNAL METHOD.

বাহ্যপ্রয়োগ।

(ক) এপিডার্ম্মিক্ মেথড্ Epidermic method অথবা মেথড্ বাই ইনাংশন্ অর্থাৎ চর্ম্মে ঔষধমর্দ্দন। যেমন মার্‌কিউরি, বেলেডোনা এবং ডিজিটেলিস্ ইত্যাদি চর্ম্মে মর্দ্দন করিয়া প্রয়োগ করিতে হয়। চর্ব্বি, তৈল, ও গ্লিশ্‌রিণ প্রভৃতি মার্‌কিউরি ও বেলেডোনা ইত্যাদিতে মিশ্রিত করিয়া প্রয়োগ করা হয় বলিয়া এবং কোন কোন মর্দ্দনৌষধে এল্‌কোহল্ (সুরাসার) মিশ্রিত থাকে বলিয়া ঐসকল শোষণোপযোগী হইতে পারে; কিন্তু চর্ম্মোপরি শৃঙ্গবৎ কিউটিকোল্ (উপত্বক্) আছে বলিয়া ঐসমস্ত ঔষধ কিউটিস্‌ভিরা (প্রকৃত চর্ম্ম) দ্বারা সহজে শোষিত হইতে পারে না। কিন্তু কোন কোন ঔষধ চর্ম্মদ্বারা শোষিত হয় বলিয়া উহারা সার্ব্বাঙ্গিকক্রিয়াও সাধন করিতে পারে। লিনিমেণ্ট (মর্দ্দনের ঔষধ), অয়েণ্টমেণ্ট (মলম), পেণ্ট (লেপন) প্লাষ্টার (পলস্ত্রা), গার্গল (কুলি) প্রভৃতিদ্বারা বাহ্যপ্রয়োগ সাধিত হয়। ফিউমিগেশনকেও (ভাবরাকেও) এই শ্রেণীর অন্তর্গত করা যায়।

এন্ডার্ম্মিক্ মেথড্ ENDERMIC METHOD.

(খ) কিউটিকোল্, ঔষধের শোষণক্রিয়ার বাধা দেয় বলিয়া কখন কখন ব্লিষ্টারদ্বারা উহাকে নষ্ট করিয়া কিউটিস্‌ভিরাতে মর্ফিয়া, ষ্ট্রিক্‌নিয়াপ্রভৃতি ঔষধ লাগাইয়া দেওয়া হয়। এই উপায়কে এন্ডার্ম্মিক্ মেথড্ কহে।

রিউমাটিজম্ Rheumatism (বাতরোগ), স্নায়ুশূল এবং অন্যান্য বেদনাজনকপীড়ায় এই উপায় (এন্ডার্ম্মিক্ মেথড্) অবলম্বন করা হয়; কিন্তু এই-রীতি বিলম্বে ফলদায়ক ও ক্লেশজনক এবং পীড়াশান্তির পর ব্লিষ্টারের দাগ থাকে বলিয়া প্রয়োজনানুসারে উক্ত রীতির পুনরনুসরণ করিতে পারা যায় না। এজন্য হাইপোডার্ম্মিক্ মেথড্, এন্ডার্ম্মিক্ মেথড্ অর্থাৎ রীতি অপেক্ষা শ্রেষ্ঠ বলিা গণ্য হইয়াছে।

(গ) হাইপোডার্ম্মিক্ মেথড্ Hypodermic method—এই রীতিতে ঔষধের ক্রিয়া দ্রুত, অল্পমাত্রায় সাধিত ও ফলদায়ক হয়; এজন্য সচরাচর এই রীতিই অবলম্বিত হইয়া থাকে। এই রীতিতে ঔষধপ্রয়োগ করিতে হইলে, নিম্নলিখিত দুইটী বিষয়ের প্রতি বিশেষ লক্ষ্য রাখিয়া কার্য্য করিতে হয়, যথা—প্রথমতঃ ঔষধ তরল ও পরিমাণে অল্প হওয়া আবশ্যক। দ্বিতীয়তঃ ঔষধটি এরূপ হয় যেন উহাদ্বারা শরীরের কোন বিধানোপাদান উত্তেজিত হইতে না পারে। হাইপোডার্ম্মিক্ রীতিতে ক্লোরাল্‌দ্বারা কোন উপকার হয় না; কুইনাইনে ফল দর্শে। কিন্তু দুঃখের বিষয় যে, উহা উত্তেজক। আর্গটিন্ প্রয়োগ করিলে, প্রয়োগস্থানে কঠিন ও বেদনাজনক চাপ উৎপন্ন হয়; মার্কিউরি প্রয়োগ করিলে, প্রয়োগস্থানে এব্‌সেস্ (স্ফোটক) জন্মে। এজন্য হাইপোডার্ম্মিক্ মেথডে মর্ফিয়া, এট্রোপিয়া, ষ্ট্রিক্‌নিয়া ও সাল্‌ফিউরিক্ ইথার ইত্যাদি বিশেষতঃ মর্ফিয়া সচরাচর ব্যবহৃত হইয়া থাকে। এস্থলে স্মরণ রাখা উচিত যে, যে পরিমাণ ঔষধ খাইতে দিলে, উহার যে ক্রিয়া হইতে পারে, ত্বকের নিম্নে, পিচ্‌কারীদ্বারা উহার তিন চারি ভাগের এক ভাগ প্রয়োগ করিলেই সেই ক্রিয়া হইয়া থাকে। হাইপোডার্ম্মিক্ সিরিঞ্জনামক পিচ্‌কারীদ্বারা ত্বকের নিম্নে ঔষধ প্রয়োগ করিতে হয়।

(ঘ) প্যারান্‌কাইমেটাস্ মেথড্ Parenchymatous method—এই উপায়ে পিচ্‌কারীদ্বারা মাংসপেশীর মধ্যে গভীরভাবে ঔষধ প্রয়োগ করিতে

হয়। সায়েটিকারোগে ৫ হইতে ২০ মিনিম ক্লোরোফরম্ প্রয়োগ করিলে, বিশেষ ফল দর্শিতে পারে; কিন্তু এটী অত্যন্ত কষ্টপ্রদ বলিয়া সচরাচর ব্যবহৃত হয় না। কোন কোন প্রকার পক্ষাঘাতরোগে এই রীতিতে ষ্ট্রিকনিয়া ব্যবহার করিলে, বিশেষ উপকার দর্শিয়া থাকে। যেমন রাইটার্স্ পল্সি writer's palsy অর্থাৎ লিখিবার সময়ে যে হস্তকম্পন হয়, সেই রোগে উক্ত ঔষধ প্রদত্ত হইলে, রোগোপশম লক্ষিত হইয়া থাকে।

(ঙ) ইণ্ট্রাভিনাস্ ইঞ্জেক্শন্ Intravenous injection—কতকগুলি ঔষধ পিচ্কারীদ্বারা শিরামধ্যে প্রবেশ করাইয়া দিতে পারা যায়, এই রীতিকে ইণ্ট্রাভিনাস্ ইঞ্জেক্শন্ বলে। পূর্ব্বে কলেরা বা বিসূচিকারোগে নানাপ্রকার সল্টের (লবণের) পিচ্কারী দেওয়া হইত; কিন্তু এতদ্দ্বারা ফ্লিবাইটিস্ phlebitis (শিরাপ্রদাহ), থ্রম্বোসিস্ thrombosis (শিরামধ্যে রক্তের চাপ) এবং শিরামধ্যে বায়ুপ্রবেশ ইত্যাদি কতকগুলি রোগ উৎপন্ন হয় বলিয়া অধুনা আর এই রীতি অবলম্বিত হয় না। অতিশয় রক্তস্রাবের পর রোগীর শরীর অবসন্ন হইয়া পড়িলে, যে ট্রান্স্ফিউজন্ অব্ ব্লাড্ (সুস্থ ব্যক্তির শরীরহইতে রক্ত লইয়া উক্তরোগীর শরীরে প্রবেশ করান) হয়, উহা এই রীতির অন্তর্গত।

ইণ্টারন্যাল্ এডমিনিষ্ট্রেশন্ INTERNAL ADMINISTRATION.

(ক) ইন্হেলেশন্ Inhalation শ্বাসদ্বারা ঔষধ ফুস্ফুসের অন্তর্গত করণ। এই উপায়ে ক্লোরোফরম্, ইথার, নাফিংগ্যাস্ প্রভৃতি প্রযুক্ত হইয়া থাকে। ব্রিটিশ ফার্ম্মাকোপিয়া অনুসারে এসিড্ হাইড্রোসিয়ানিক্ ডিল্ Acid hydrocyanic dil, ক্রিয়োসোট্ Creasote, আইয়োডিন্ Iodine, ক্লোরিণ্ Chlorine, ওলিয়াই পাইনি সিল্ভেস্ট্রিস্ Olei pini sylvestris এবং কোনাইন Conine প্রভৃতি ঔষধসকলও এইরূপে ব্যবহৃত হইয়া থাকে। ঔষধসকলের ভেপার Vapour (বাষ্প) পালমোনারী কেপিলারিস্ Pulmonary capillaries ফুস্ফুসের কৈশিকনাড়ীসমূহদ্বারা শোষিত হইলে, উহাদের ক্রিয়া শীঘ্র প্রকাশিত হয়।

(খ) ইন্সাফ্লেশন্ Insufflation—এই প্রণালীতে ঔষধ দ্রব্য প্রয়োগ করিতে হইলে, প্রথমতঃ উহাকে অতিসূক্ষ্মরূপে চূর্ণীকৃত করিয়া একটি নলমধ্যে

রাখিতে হয়, পরে উক্ত নলকে রোগীর মুখের ভিতর দিয়া Pharynx অর্থাৎ গলগুহাপর্য্যন্ত প্রবিষ্ট করাইয়া ফুৎকারদ্বারা লেরিংস্ (স্বরযন্ত্র) ও ট্রেকিয়ার (কণ্ঠনালীর) মধ্যে প্রবিষ্ট করাইতে হয়। উক্তরূপ ক্রিয়াকে ইন্সাফ্লেশন্ Insufflation কহে। ক্যালামেল্, ফট্‌কিরি, বিস্‌মথপ্রভৃতির চূর্ণ উক্তরূপে প্রয়োজিত হইয়া থাকে। স্বরযন্ত্র বা কণ্ঠনালীর রোগে ঐসকল ব্যবহার্য্য।

(গ) এটোমাইজেশন্ Atomization—নানাপ্রকার ঔষধের সূক্ষ্মকণিকা জলে মিলাইয়া সলিউশন (দ্রাবণ) প্রস্তুত করতঃ spray producer স্প্রে প্রডিউসার্ যন্ত্রদ্বারা প্রয়োগ করা যায়। এইরূপে যে ঔষধ প্রয়োজিত হয়, উহাকে এটোমাইজেশন্ কহে। অধুনা লাং ডিজিজেস্ lung diseases অর্থাৎ ফুস্‌ফুস্ সম্বন্ধীয় ব্যাধিসমূহের চিকিৎসায় এইরীতিতে ইপিকাকিউয়েনা, আর্সেনিক্, ট্যানিন, ষ্ট্রামোনিয়াম্ ও কার্ব্বলিক এসিড, ডিপ্‌থিরিয়া diphtheria রোগে ক্লোরেট্ অব্ পটাশ্, এবং হিমপ্টিসিস্ hæmoptysis রক্তোৎকাশরোগে লাইকার্ ফেরি পারক্লোরাইড্ (৫ হইতে ২০মিনিম ১আউন্স জলে মিশাইয়া) ব্যবহৃত হইয়া থাকে। উক্ত ঔষধসকলের কতক উত্তেজক বলিয়া এবং আর কতক সূক্ষ্মানুসূক্ষ্মরূপে বিভাজিত হয় না বলিয়া সচরাচর ব্যবহৃত হয় না। কিন্তু জর্ম্মণ-চিকিৎসকগণ উক্তরূপ ব্যাধির চিকিৎসার্থ উক্তপ্রণালীতে প্রায়শঃ ঔষধ প্রয়োগ করিয়া থাকেন।

(ঘ) ঔষধাদি পিচ্‌কারীদ্বারা শরীরের অনাবৃত গহ্বরে প্রয়োগ করা যাইতে পারে। রেক্‌টম্ rectum অর্থাৎ সরল অন্ত্রেই উক্তরূপে সচরাচর প্রযুক্ত হইয়া থাকে। এইরূপে যে ঔষধ প্রয়োগ করা হয়, উহাকে এনিমেটা, *ক্লিষ্টার্স বা ইঞ্জেক্‌শন্‌স্ enemata, clysters বা injections* কহে।

এনিমেটা enemata—গুহ্যমধ্যে পিচ্‌কারীদ্বারা তরল ঔষধ প্রয়োগকে এনিমেটা বা ক্লিষ্টার্স বলে। নিম্নলিখিত অবস্থায় ইহার প্রয়োগ আবশ্যক হয়, যথা—প্রথমতঃ অধঃঅন্ত্রে মলাদি বদ্ধ থাকিলে, তাহা নির্গত করিবার জন্য; দ্বিতীয়তঃ জরায়ু ও মূত্রাশয়প্রভৃতির যন্ত্রণা ঘটিলে, সেই যন্ত্রণা উপশম করিবার জন্য এবং তৃতীয়তঃ ঔষধ উদরস্থকরণে রোগীর অসমর্থতা বা তাহাতে কোন প্রতিবন্ধকতা ঘটিলে শরীরে ঔষধের ক্রিয়াপ্রকাশার্থ উহা গুহ্যমধ্যে প্রবেশ করাইতে হয়।

Purgative enomata বিরেচক ঔষধের পিচ্‌কারী—এই ঔষধের পরিমাণ ১২ আউন্স হইতে ১ পাইন্ট হওয়া উচিত। ইহাদ্বারা যে কেবল অন্ত্রই পরিষ্কৃত হয়, এমন নহে; পরন্তু অন্ত্রস্থ কৃমিবৎক্রিয়া বর্দ্ধিত হইয়া বিরেচনক্রিয়া সম্পাদিত হইয়া থাকে। এতন্নিবন্ধন উষ্ণজল, ক্যাষ্টর অয়েল, টার্পিণ তৈল কিংবা ফার্ম্মাকোপিয়া অনুসারে প্রস্তুতীকৃত purgative enomata (পিচ্‌কারীদ্বারা যে বিরেচক ঔষধ প্রয়োগ করিতে হয়, সেইসকল ঔষধ) পিচ্‌কারীদ্বারা প্রয়োগ করা হইয়া থাকে।

ওপিয়েট্ এনিমাদি যেসমস্ত ঔষধ শোষিত হওয়া আবশ্যক, তাহাতে অল্পপরিমাণ জল দেওয়া উচিত। জলের ভাগ অধিক হইলে, অন্ত্রের প্যারিষ্টল্‌টিক্ একৃশন্ peristaltic action (কৃমিবদ্গতি) বৃদ্ধি পাইয়া ঔষধ বহির্গত হইয়া পড়ে। অতএব এরূপ পিচ্‌কারীতে এক কি দুই আউন্স জল ব্যবহার করা কর্ত্তব্য। ওপিয়েট্ এনিমা, টাইফয়েড্ ফিবার্ typhoid fever ও থাইসিস্ phthisis যুক্ত উদরাময়রোগে অধিক ফলপ্রদ হইয়া থাকে। ওপিয়েট্‌এনিমাদ্বারা যে কেবল অন্ত্রের বেদনা নিবারিত হয়, এমন নহে, পরন্তু উহা নার্ভাস্‌সিম্প্যাথি nervous-sympathy অর্থাৎ স্নায়বীয়-সহানুভূতিদ্বারা অন্ত্রের নিকটস্থ যন্ত্র (মূত্রাশয় ও জরায়ু) প্রভৃতির উত্তেজনাও উপশমিত করিয়া থাকে। বিশেষ বিশেষ অবস্থায় টার্পেণ্টাইন, এসাফিটিডা, ইপিকাকিউয়েনা এবং এষ্ট্রিঞ্জেণ্টস্ (ধারক ঔষধসকল) উক্ত উপায়ে প্রয়োগ করা হয়। ইহার সাধারণ নিয়ম এই যে, ঔষধগুলির ক্রিয়া ষ্টমাক্‌দ্বারা যেপরিমাণে হইয়া থাকে, রেক্‌টম্‌দ্বারা প্রয়োগ করিলে, তাহার অর্দ্ধবলে কার্য্য করে; সুতরাং রেক্‌টম্‌দ্বারা দ্বিগুণপরিমাণে প্রয়োগ করিতে হয়। কিন্তু ষ্ট্রিক্‌নিয়া প্রয়োগ করিতে হইলে, অল্পমাত্রায় প্রয়োগ করাই যুক্তিযুক্ত। আর ঔষধ উগ্র হইলে, যবের বা গঁদের মণ্ডসহ ব্যবহার করা উচিত এবং পিচ্‌কারী ব্যবহারের পর রোগীকে ক্ষণকালের জন্য কোন প্রকার বেগ দিতে নিষেধ করিয়া দেওয়া বিধেয়; কেননা রোগী বেগ দিলে, প্রয়োজিত ঔষধ বহির্গত হইয়া যায়।

নিউট্রিয়েণ্ট এনিমেটা Nutrient enemata পুষ্টিকর খাদ্যদ্রব্যের পিচ্‌কারী—ইসোফেগাসের ষ্ট্রিক্‌চার (অন্ননালীর সঙ্কোচন) অথবা ক্যান্সার (কর্কটরোগ) বশতঃ গলাধঃকরণশক্তি না থাকিলে, কিংবা পুরাতন ক্ষতবশতঃ ষ্টমাক্

উত্তেজিত হইলে, ঐ যন্ত্রকে বিশ্রাম দিবার জন্য এই উপায় অবলম্বনই উৎকৃষ্ট রেক্টমের (সরল অন্ত্রের) শোষণশক্তি আছে বটে; কিন্তু পরিপাকশক্তি নাই বলিয়া, খাদ্যদ্রব্যের সহিত পেপ্‌সিন্ এবং হাইড্রোক্লোরিক্ এসিড অথবা পেংক্রিয়েটিক্ ফ্লুইড্ মিশ্রিত করা আবশ্যক। এই উপায়দ্বারা সুরুয়া, দুগ্ধ ও ডিম্বপ্রভৃতি ব্যবহার করা হইয়া থাকে।

(ঙ) সাপোজিটারি Suppository—অপিয়ম্ আদি ঔষধ সরলঅন্ত্রে বটিকাকারে প্রয়োগ করিলে, তাহাকে সাপোজিটারি বলে। ঐ সকল ঔষধ অয়েল অব্ থিয়োব্রোমা, মোম এবং চর্ব্বির সহিত মিশ্রিত করিয়া বটিকাকারে ব্যবহার করা হইয়া থাকে। যোনিমধ্যে উক্তপ্রকারে ঔষধ প্রয়োগ করিলে, তাহাকে পেসারি pessary বলে।

(চ) ইঞ্জেক্‌শন্ Injection—গুহ্যদেশব্যতীত শরীরের অন্যান্য পথদিয়া শারীরিক গহ্বরাদিমধ্যে পিচ্‌কারীসহযোগে ঔষধপ্রয়োগরূপ ক্রিয়াকে ইঞ্জেক্‌শন্ কহে। যেমন প্রমেহরোগে ইউরিথ্রা (মূত্রনালী) মধ্যে ঔষধপ্রয়োগ এবং শ্বেতপ্রদর ও জরায়ুগ্রীবাস্থ ক্ষত ও জরায়ুহইতে রক্তস্রাব এবং যোনির শ্লৈষ্মিকঝিল্লীসম্বন্ধীয় বিবিধরোগে প্রয়োজনানুসারে সঙ্কোচক বা বেদনা-নিবারক ঔষধাদির পিচ্‌কারী দেওয়া হয়। নাসিকা ও কর্ণমধ্যস্থ প্রদাহ, ক্ষত ও রক্তস্রাব ইত্যাদি রোগে উক্ত প্রকার পিচ্‌কারী ব্যবহৃত হইয়া থাকে।

(ছ) ষ্টমাক্‌দ্বারা—ঔষধ গলাধঃকরণ করিয়া ষ্টমাক্‌দ্বারা শরীরস্থ করাই উত্তম ও সুবিধাজনক এবং সচরাচর এইউপায়ই অবলম্বিত হইয়া থাকে। কিন্তু ইহাতেও কয়েকটী প্রতিবন্ধকতা আছে, যথা—প্রথমতঃ ঔষধের দুর্গন্ধ। দ্বিতীয়তঃ ঔষধের ক্রিয়ানিবন্ধন ক্ষুধামান্দ্য, পরিপাকনাশ এবং বিবমিষা (বমনেচ্ছা) ইত্যাদি। তৃতীয়তঃ ঔষধ রক্তে প্রবেশ করিবার পূর্ব্বেই নানাবিধ স্রাবণ-দ্বারা উহার পরিবর্ত্তন। এবিষয়ে একটী বিশেষ যথা এই যে, কোন কোন ঔষধ শরীরে কার্য্যকারী হইবার পূর্ব্বেই কিড্‌নি (মূত্রযন্ত্র) দ্বারা বহির্গত হইয়া পড়ে। এস্থলে স্মরণ রাখিতে হইবে যে, সিক্রিশন্ দ্বারা চিকিৎসা-কার্য্যের অনেক সহায়তাও হইয়া থাকে। কারণ তৈলবৎঔষধসকল বাইল (পিত্ত) এবং প্যাংক্রিয়েটিক্‌জুস্ (ক্লোমরস) দ্বারা এবং কুইনাইন্, এণ্টিমণি প্রভৃতি ঔষধ গ্যাস্‌ট্রিক্‌জুস্ দ্বারা শোষণোপযোগী হইয়া থাকে। উপরিউক্ত

যে কোনপ্রকারে হউক, ঔষধ রক্তে মিশ্রিত হইয়া শারীরিক স্বাস্থ্যজনক-ক্রিয়ার উপর ফিজিয়লজিক্যাল্ ক্রিয়া প্রকাশ করে, কিংবা প্রকারান্তরে ব্যাধিকে রূপান্তরিত করিয়া স্বাস্থ্যবিধান করিয়া থাকে।

একিউমিউলেশন্ ACCUMULATION.

ঔষধের ক্রম-সঞ্চয়।

কতকগুলি ঔষধের প্রকৃতি এইরূপ যে, ঐ সকল ক্রমান্বয়ে বহুদিন প্রয়োগ করিলে, শরীরে ক্রমে সঞ্চিত হইয়া অবশেষে বিষাক্ত লক্ষণ প্রকাশ করে, তাহাতে মূর্চ্ছা প্রভৃতি কতকগুলি উপসর্গ সংঘটিত হইয়া থাকে। ডিজি-টেলিস্ বহুদিন ব্যাপিয়া প্রয়োজিত হইলে, মূর্চ্ছা সমুৎপাদন করে; ষ্ট্রিক্নিয়া-দ্বারা অসুখজনক আক্ষেপ, ব্রোমাইড্ অব্ পটাশিয়ম্ দ্বারা নার্ভাস্ উইকনেস্ (স্নায়বীয়দৌর্ব্বল্য) এবং এলকোহল্ দ্বারা প্যারালিসিস্ (পক্ষাঘাত) উৎপন্ন হইয়া থাকে; কিন্তু রোগোপশমের অনুরোধে এই সমস্ত ঔষধের অধিক-দিন ব্যবহারভিন্ন উপাযান্তর নাই। উক্তরূপ উপসর্গ জন্মিবার কারণ এই— (১) রোগের প্রাবল্য অপেক্ষা ঔষধের মাত্রার পরিমাণাধিক্য। (২) নিঃস্রা-বণযন্ত্রের দোষ ঘটাতে প্রযুক্তঔষধ শরীরহইতে বহির্গত হইতে না পারা। (৩) যেসকল ইন্দ্রিয় বা টিস্যুর (বিধানোপাদানের) ফিজিয়লজিক্যাল্ ক্রিয়া লক্ষ্য করিয়া ঔষধ প্রযুক্ত হয়, অধিকদিনপর্য্যন্ত অল্প অল্পমাত্রায় ঔষধ প্রযুক্ত হওয়াতে সেইসকল ইন্দ্রিয় বা বিধানোপাদানের অধিক উত্তেজনা অথবা অবসাদ। মার্কিউরি ও আর্সেনিক্ প্রভৃতি ধাতব ঔষধসকল টিস্যুতে (বিধা-নোপাদানে) সঞ্চিত থাকিলে এবং নিঃস্রাবণযন্ত্রসকলের ক্রিয়া সুচারুরূপে সম্পন্ন হইতে না পারিলে, ঐসকল ঔষধ বিষক্রিয়া উৎপাদন করে। সুতরাং যেসকল ঔষধের ক্রিয়াধিক্যে বিষক্রিয়া হইবার সম্ভাবনা, সেসকল দীর্ঘকাল-পর্য্যন্ত প্রয়োগ করিতে হইলে, মধ্যে মধ্যে বিরাম দেওয়া উচিত।

ইন্‌কম্‌প্যাটিবিলিটিস্ INCOMPATIBILITIES.

ঔষধসকলের পরস্পর অসংলগ্নতা।

এমন কতকগুলি ঔষধ আছে যে, উহাদের পরস্পর মিলনদ্বারা একটি অন্ত-

টির ক্রিয়া পরিবর্ত্তিত অথবা নষ্ট করিয়া দেয়; ইহাকেই ইন্‌কম্‌প্যাটিবিলিটিস্ (অসংলগ্নতা) বলে।

ইন্‌কম্‌প্যাটিবিলিটিস্ দুইপ্রকারে হইয়া থাকে, যথা—(১) কেমিক্যাল্ (chemical) রাসায়নিক, (২) ফিজিয়লজিক্যাল্ (physiological)।

(১) পরস্পর কেমিক্যাল ইন্‌কম্‌প্যাটিবিলিটিস্ অর্থাৎ রাসায়নিক অসংলগ্নতা হইলে, একটি ঔষধ অপরটির সহিত সম্মিলিত হইয়া একটি যৌগিক নূতনপদার্থ উৎপাদন করে, যথা— লৌহঘটিত ঔষধ ডিককৃশন্ অব্ সিঙ্কোনার অর্থাৎ সিঙ্কোনার অরিষ্টের সহিত মিশ্রিত করিলে, ট্যানেট্ অব্ আয়রণ tannate of iron প্রস্তুত হইয়া মসীর ন্যায় কালপদার্থ উৎপন্ন হয়। ষ্ট্রিক্‌নিয়া এবং পারক্লোরাইড্ অব্ মার্কিউরি জিলেটিনের সহিত দেওয়া অসঙ্গত। সল্‌ফিউরিক্ এসিড্ এবং এসিটেট্ অব্ লেড্ একযোগে প্রয়োগ করিলে, অদ্রবণীয় সল্‌ফেট্ অব্ লেড্ প্রস্তুত হয়। এইজাতীয় ঔষধ ব্যবহার করিতে দেওয়া বড় অসুবিধাজনক। কারণ এই মিশ্রণজনিত রূপান্তরপ্রাপ্ত ঔষধসকল ঘন, ঘোলাটে এবং দেখিতে কদাকার হয় বলিয়া রোগীর ঘৃণা জন্মিয়া থাকে। পক্ষান্তরে অনেক ইন্‌কম্‌প্যাটিবল্ মিক্‌শ্চার চিকিৎসাসম্বন্ধে ফলপ্রদ হয় এবং আমরা ইচ্ছাপূর্ব্বক উহা ব্যবস্থা করিয়া থাকি। আমরা যে আইয়োডাইড্ অব্ পটাশিয়ম্ এবং বাইক্লোরাইড্ অব্ মার্কিউরি একযোগে ব্যবস্থা করিয়া থাকি, তাহার মিশ্রণে আইয়োডাইড্ অব্ মার্কিউরি প্রস্তুত হয়। ইহা প্রস্তুতীকৃত আইয়োডাইড্ অব্ মার্কিউরি অপেক্ষা অধিক ফলপ্রদ। মিশ্চুরা ফেরি কম্পোজিটা (গ্রিফিথ্‌স্-মিক্‌শ্চার) প্রস্তুত করিবার সময়ে কার্ব্বনেট্ অব্ পটাশিয়ম্ এবং ফেরিক্ সল্‌ফেটের সম্মিলনে যে সদ্যোজাত কার্ব্বনেট্ অব্ আয়রণ প্রস্তুত হয়, তাহা প্রস্তুতীকৃত কার্ব্বনেট্ অব্ আয়রণ অপেক্ষা অধিক ফলদায়ক। লাইম্ ওয়াটার্ (চূণের জল) এবং ক্যালামেলের সংযোগে কালরঙ্গের অক্‌সাইড্ অব্ মার্কিউরি প্রস্তুত হইয়া থাকে। সচরাচর ঐ মিক্‌শ্চারকে ব্লেক্‌ওয়াস্ বলে। যদিও করোসিভ্ সাব্লিমেট এবং ডিককৃশন্ অব্ বার্ক পরস্পর অসংলগ্ন, তথাপি আমরা ঐ দুইটি ঔষধ একযোগে ব্যবস্থা করিয়া থাকি; কারণ উহা অন্যান্য ঔষধ অপেক্ষা পারদঘটিত ঔষধের দৌর্ব্বল্যজনকক্রিয়ার অধিকতর বাধা দিতে পারে।

(২) ফিজিয়লজিক্যাল্ ইন্‌কম্‌প্যাটিবল্‌স্—কোন কোন ঔষধ অপর ঔষধের এত বিপরীত ক্রিয়াজনক যে, ঐ দুইপ্রকার ঔষধের মিশ্রণে এক অকর্ম্মণ্য (inert) বস্তু উৎপন্ন হইয়া থাকে। এইরূপ বিভিন্নপ্রকৃতির ঔষধদ্বয়কে ফিজিয়লজিক্যাল্ ইন্‌কম্‌প্যাটিবল্‌স্ কহে। যেমন বেলেডোনার ক্রিয়া অপিয়ম্‌সংযোগে, এট্রপিয়ার ক্রিয়া হাইড্রোসায়ানিক্ এসিড্-মিশ্রণে, একোনাইটের ক্রিয়া ডিজিটেলিসের মিলনে, ষ্ট্রিকনিয়ার ক্রিয়া ক্যালেবারবিনের সহযোগে এবং বেলেডোনা, হাইওসায়েমাস্ ও ষ্ট্রামোনিয়াম্ ইত্যাদির ক্রিয়া কষ্টিক্ এল্‌কোলাইজের (দাহকক্ষারসকলের) মিশ্রণে (যেমন লাইকর্‌পটাসি) একেবারে নষ্ট হইয়া থাকে ; সুতরাং ইহারা পরস্পর ফিজিয়লজিক্যাল্ ইন্‌কম্‌প্যাটিবল্‌স্।

General Principles of the Incompatibility of Drugs.

ঔষধসকলের অসংলগ্নতার সাধারণনিয়মাবলী।

(১) সংক্ষেপতঃ বলিতে গেলে, যে কোন ঔষধ অপর কোন ঔষধের এণ্টিডোট্ বা বিষঘ্ন, তাহাই তাহার ইন্‌কম্‌প্যাটিবল্‌স্।

(২) এল্‌কেলয়েড্‌স্ (মর্ফিয়াপ্রভৃতিউপক্ষারসকল) ট্যানিক্‌এসিড এবং কষ্টিক এলকেলাইজ্ অর্থাৎ উগ্রক্ষারসমূহদ্বারা প্রিসিপিটেটেড্ অর্থাৎ অধঃস্থ হইয়া থাকে।

(৩) মিনারেল্‌এসিড্‌স্ (ধাতবাম্লসকল) ভেজিটেবল্‌এসিড্‌স্ অর্থাৎ উদ্ভিজ্জাম্লসকলের লবণসকলকে ডিকম্পোজ্ (বিকৃত) করিয়া ফেলে এবং ঐসকলে এলকোহলযুক্ত প্রয়োগরূপসকল প্রক্ষেপ করিলে, ইথার্ প্রস্তুত হয়।

(৪) সেণ্টোনিন্, কলোসিন্ এবং স্কালিসিন্ প্রভৃতি গ্লুকসাইড্‌সের সহিত এসিড্‌স্ বা ইমলসিন্ মিশ্রিত করিলে, উহারা বিকৃতাবস্থায় পরিণত হয়।

(৫) সাধারণতঃ টিংচারস্ অর্থাৎ অরিষ্টসকলে জল সংযোগ করিলে রেজিন্ (একপ্রকার গঁদ) অধঃস্থ হইয়া থাকে।

(৬) যে সকল ইন্‌ফিউজনে ট্যানিকএসিড্ থাকে, তাহারা সাধারণতঃ ধাতবলবণসকলের সহিত ইনকম্‌প্যাটিবল্‌স্।

(৭) এল্‌কেলাইজ (ক্ষার ঔষধসকল) সাধারণতঃ মেটালিক্ সল্‌টস্ (ধাতব লবণসকল) দ্বারা অধঃস্থ হয়, সুতরাং উহারা পরস্পর অসংলগ্ন।

(৮) নাইট্রেট্ অব্ সিল্ভারের সহিত ক্লোরাইড্স্ ব্যবস্থা করা অনুচিত; কেননা উহারাও পরস্পর অসংলগ্ন।

Special Incompatibles.

বিশেষপ্রকার অসংলগ্নতা।

নিম্নলিখিত ঔষধগুলি স্বস্বপ্রধানরূপে বা ডিষ্টিল্ ওয়াটার্ (পরিশুদ্ধজল) সংযোগে দেওয়াই যুক্তিসিদ্ধ, যথা—করোসিভ্ সাব্লিমেট্, ষ্ট্রিক্নিয়া, ট্যানিক্-এসিড্, নাইট্রেট্ অব্ সিল্ভার এবং আইয়োডিন্ ও লেডের (সীসকের) প্রয়োগরূপসমূহ।

ক্রিয়োসোট্ ও নাইট্রেট্ অব্ সিল্ভার এবং ক্রমিক্এসিড্ ও এলকোহল্, আর ক্লোরেট্ অব্ পটাশ, সল্ফার্ কিংবা ট্যানিক এসিডের সহিত পাউডার বা চূর্ণ করিলে, প্রজ্বলিত হইয়া উঠে। আর নাইট্রেট্ অব্ সিলভার্ ভেজিটে-বল্ একৃষ্ট্রাক্টের অর্থাৎ উদ্ভিজ্জসারের সহিত দেওয়া অবিধেয়।

সিরাপ্ অব্ স্কুইল্ কার্ব্বনেট্ সকলের সহিত অসংলগ্ন।

টিংচার ষ্টিল্, কুইনাইন্‌কে সল্‌ফেট্ অব্ কুইনাইনের মিক্শ্চারহইতে অধঃস্থ করে; কিন্তু টিংচার ষ্টিল্ অধিকপরিমাণে সংযোগ করিলে, দ্রব হইয়া যায়।

টিংচার ষ্টিল্ ও বোরাক্স (সোহাগা) মিউসেলেজ্ অব্ একেসিয়ার (গঁদের মণ্ডের) সহিত দিলে, জিলেটিনের ন্যায় ঘন হইয়া থাকে।

দিসারকম্‌স্ট্যান্‌সেস্ হুইচ্ মডিফাই দি একৃশন্ অব্ মেডিসিন্‌স্।

THE CIRCUMSTANCES WHICH MODIFY THE ACTION OF MEDICINES.

যে যে অবস্থাদ্বারা ঔষধের ক্রিয়া রূপান্তরিত হইয়া থাকে।

(১) ইডিয়োসিন্‌ক্রেসি Idiosyncrasy—কোন কোন ব্যক্তির শারীরিক ভাব এরূপ থাকে যে, কোন কোন ঔষধ অতি অল্পমাত্রায় প্রযুক্ত হইলে, তাহাদের শরীরে অধিক ক্রিয়া প্রকাশ করে। কোন কোন স্থলে এরূপ দেখা গিয়াছে যে, পারদঘটিত ঔষধ অতি অল্পমাত্রায় কোন রোগীকে দেওয়াতে তাহার মুখাভ্যন্তরে ক্ষতপ্রভৃতি নানারূপ অসুখজনক রোগ ঘটিয়াছে।

উক্তরূপে টার্পেন্টাইন্ কিংবা স্কুইল্ ব্যবহার করিলে, মূত্রগ্রন্থিতে প্রদাহ উৎপন্ন হইয়া মূত্রকৃচ্ছ্র বা রক্তস্রাবপ্রভৃতি উপসর্গ ঘটিয়া থাকে। এইরূপ কোন কোন লোকের ইপিকাকোয়েনা আঘ্রাণ করিলেই শ্বাসকৃচ্ছ্র এবং অল্পমাত্রায় ব্রোমাইড্ অব্ পটাশিয়ম্ সেবন করিলে, ইরাপ্শন্ অর্থাৎ উদ্ভেদ এবং কুইনাইনদ্বারা সিঙ্কোনিজম্ হইয়া থাকে। শারীরিক এই অবস্থাকে ইংরেজীভাষায় ইডিওসিন্‌ক্রেসি Idiocyncrasy কহে। ডাক্তার ক্রিষ্টিশন্ এই সম্বন্ধে বলেন যে, একটি রোগী দুইগ্রেণ মাত্রায় ক্যালামেল্ সেবন করাতে উহার মাড়ীতে ঘা ও চোয়ালের অস্থি নষ্ট হইয়া গিয়াছিল এবং সে মৃত্যুমুখে পতিত হইয়াছিল।

(২) সেক্স্ Sex (স্ত্রীপুরুষভেদ)—স্ত্রীপুরুষভেদে ঔষধের ক্রিয়ার কদাচিৎ তারতম্য হইয়া থাকে। কিন্তু ইহা নিশ্চিত যে, ঋতুকালে, গর্ভাবস্থায় এবং প্রসূতি যখন সন্তানকে স্তন্য দান করেন, তখন ঔষধের ক্রিয়াতারতম্য লক্ষিত হয়। সুতরাং সেই সেই সময়ে কোন কোন ঔষধ সতর্কতার সহিত দেওয়া নিতান্ত কর্ত্তব্য। রজঃস্বলাবস্থায় উগ্র ঔষধ ব্যবহার করা কোন ক্রমেই যুক্তিসঙ্গত নহে। গর্ভাবস্থায় বমনকারক ঔষধ অথবা যেসকল ঔষধ জননেন্দ্রিয়, মূত্রগ্রন্থি বা অন্ত্রপ্রভৃতির নিকটস্থ যন্ত্রের উগ্রতা জন্মায় কিংবা যেসকল ঔষধদ্বারা জীবনীশক্তির অবসাদ জন্মে, সেইসমস্ত ঔষধ ব্যবস্থা করা অবিধেয়।

(৩) এইজ (Age) বয়স্—বয়ঃক্রমানুসারে ঔষধের ক্রিয়ার তারতম্য হইয়া থাকে। শৈশবাবস্থায় অহিফেণঘটিত ঔষধের অতি অল্পমাত্রাও সহ্য হয় না; অতএব শিশুদের প্রতি উক্ত ঔষধ অতি সতর্কতার সহিত ব্যবস্থা করিতে হয়। ডাক্তার ক্রিষ্টিশন্ বলেন যে, ২½ ফোঁটা লডেনম্ প্রয়োগে একটী ৩দিনের শিশুর এবং ৩ ফোঁটামাত্রায় উক্ত ঔষধ প্রয়োগে ১৪ মাসের একটী বলিষ্ঠশিশুর মৃত্যু হইয়াছে। অতএব উক্তরূপ শিশুদের নিমিত্ত অপিয়ম্ (অহিফেণ) ব্যবস্থা করিতে হইলে, টিংচার ক্যাম্ফার কম্পাউণ্ড দেওয়া উচিত। পক্ষান্তরে বেলেডোনা ছেলেদের বিলক্ষণ সহ্য হয়। অল্পবয়স্ক বালক এবং বৃদ্ধগণ পারদঘটিত ঔষধ অতি সুন্দররূপে সহ্য করিতে পারে; এমন কি, উহা প্রয়োগ করিলে, তাহাদের কদাচিৎ মুখবিকৃতি ঘটিয়া থাকে।

শৈশবাবস্থায় ব্লিষ্টার (পলস্তা) প্রয়োগ করিলে, সাধারণতঃ অনিষ্টজনক ফল উৎপন্ন হয় এবং উহা চর্ম্মের সহিত অধিকক্ষণ সংলগ্ন থাকিলে, সেইস্থানে

গলন বা পচনক্রিয়া উৎপন্ন হয়। আর যুবক ব্যক্তি অস্থিচর্ম্মাবশিষ্ট হইলেও ব্লিষ্টার-প্রয়োগে উক্তরূপ কুফল ফলিয়া থাকে। অল্পবয়স্ক শিশুদের গাত্রে জোঁক লাগান যুক্তিসঙ্গত নহে; কারণ উহারা রক্তপাত সহ্য করিতে সম্পূর্ণ অপারগ।

(৪) টেম্পারেমেণ্ট Temperament ধাতুপ্রকৃতি—স্যাংগুইন্ টেম্পারেমেণ্ট (রক্তপ্রধানধাতু) বিশিষ্ট লোকেরা ডিপ্লিটরি ট্রিট্মেণ্ট depletory treatment অর্থাৎ বিরেচন ও রক্তমোক্ষণাদি দোহনক্রিয়া অন্যান্য ধাতুপ্রকৃতির লোক অপেক্ষা অধিক সহ্য করিতে সমর্থ হয়; কিন্তু তাহাদের প্রতি ষ্টিমিউলেণ্ট্স্ (উত্তেজক ঔষধসকল) সাবধানে প্রয়োগ করা উচিত। লিম্ফ্যাটিক্ Lymphatic অর্থাৎ শ্লেষ্মাপ্রধান ধাতুবিশিষ্ট ব্যক্তিরা উগ্র ও উত্তেজক ঔষধসকল বিলক্ষণ সহ্য করিতে পারে। নার্ভাস্ বা বায়ুপ্রধান ধাতুবিশিষ্ট লোকের ষ্টিমিউলেণ্ট্স্ (ব্রাণ্ডি ও কস্তুরীপ্রভৃতি উত্তেজক ঔষধসকল। বিলক্ষণ উপকার করে। ফ্লেগ্মেটিক্ Phlegmatic অর্থাৎ পিত্তপ্রধান ধাতুবিশিষ্ট লোকের বিরেচক ঔষধসকল উত্তমরূপ সহ্য হয়। কিন্তু রক্তপ্রধান ধাতুবিশিষ্ট ব্যক্তিকে উক্ত ঔষধ অল্পমাত্রায় সেবন করাইলেও অতিশয় বিরেচন হইয়া থাকে।

(৫) হেবিট্ Habit অভ্যাস—অনেকে অভ্যাসবশতঃ অধিকমাত্রায় উগ্র ও বিষাক্ত ঔষধ সেবন করিতে পারে। যখন কোন ব্যক্তিকে একপ্রকার ঔষধ অনেকদিবস ব্যাপিয়া দেওয়া যায়, তখন সেই ঔষধে সেইব্যক্তির টলারেশন্ Toleration অর্থাৎ সহনশক্তি জন্মে। সুতরাং প্রদত্ত ঔষধ বিশেষ কার্য্যকর হয় না। যেমন কোন ব্যক্তিকে প্রত্যহ বিরেচক ঔষধ দিলে, তাহার অন্ত্রস্পন্দন রহিত হইয়া পড়ে; সুতরাং সেই অবস্থায় অতিবিরেচক ঔষধ প্রয়োগেও বিরেচনক্রিয়া হয় না। এইরূপ অপিয়ম্ (অহিফেণ) ও ক্লোরাল্ ইত্যাদি সেবনে অভ্যাস জন্মিলে, নিদ্রাকর্ষণ জন্য উক্ত ঔষধসকল অধিকমাত্রায় প্রয়োগ করিতে হয়।

(৬) মোড্ অব্ লাইফ্ Mode of life জীবনযাপনের রীত্যনুসারে ঔষধের ক্রিয়ার তারতম্য—যে সকল ব্যক্তি জনাকীর্ণনগরে কিংবা রুদ্ধ বায়ুমধ্যে বাস করে, তাহারা সচরাচর এনিমিক anæmic রক্তবিহীন হইয়া

থাকে। তাহারা কোন পীড়ার আক্রমণে বাধা দিতে সক্ষম হয় না। এই-শ্রেণীস্থ ব্যক্তিদিগের কোন পীড়া হইলে, তাহা এস্থেনিক Asthenic অর্থাৎ দৌর্ব্বল্যজনক আকার ধারণ করে; এবং উহাদের প্রতি রক্তমোক্ষণপ্রক্রিয়া এবং টার্টার এমেটিক্‌প্রভৃতি কোন ডিপ্লিটরি ট্রিট্‌মেণ্ট Depletory treatment দোহন-চিকিৎসা করিলে, পতনাবস্থা, এমন কি, বিপজ্জনক দশাই ঘটিয়া থাকে। পক্ষান্তরে যেসকল ব্যক্তি মফস্বলে অথবা বিশুদ্ধবায়ুপূর্ণ স্থানে বাস করে, ভালরূপ খাইতে পরিতে পায়, খোলা জায়গায় কার্য্য করিয়া থাকে, তাহাদের কোন ব্যাধি হইলে, ইস্থেনিক Sthenic তরুণাকার ধারণ করে, সুতরাং এই শ্রেণীস্থ ব্যক্তির রোগোপশমের জন্য অধিকমাত্রায় উগ্র ঔষধ প্রয়োগ করিতে হয়।

(৭) রেস্ Race অর্থাৎ জাতিভেদে ভিন্নরূপ ঔষধ প্রয়োগ করিতে হয়। যেমন ভারতবর্ষপ্রভৃতি উষ্ণদেশবাসীরা অবসাদক ঔষধসকল সহ্য করিতে সমর্থ নয়; কিন্তু ঐসকল ঔষধ শীতপ্রধান দেশবাসীদিগের প্রতি প্রয়োগ করিলে অনিষ্ট হয় না। অধিকন্তু বলিষ্ঠকায় ইউরোপীয়দিগের একিউট ডিজিজ্ Acute disease অর্থাৎ তরুণব্যাধিতে, রক্তমোক্ষণ ও অন্যান্য প্রকার এণ্টি-ফ্লোজিষ্টিক্ Antiphlogistic অর্থাৎ প্রদাহনিবারক চিকিৎসা অবলম্বিত হইয়া থাকে। উক্তরূপ চিকিৎসা অপেক্ষাকৃত দুর্ব্বলকায় ভারতবাসীদিগের পক্ষে অনিষ্টকর হইবার সম্ভাবনা।

(৮) ডিজিজ্ Disease রোগ—রুগ্ন ও অরুগ্নাবস্থায় ঔষধের ক্রিয়াতারতম্য হইয়া থাকে। যেমন প্রবল স্প্যাজ্‌মডিক্ ডিজিজে (আক্ষেপজনক পীড়াতে) অহিফেন অধিকমাত্রায় পুনঃ পুনঃ প্রয়োগ করিলে, উহা সহ্য হইয়া থাকে এবং কোনরূপ অনিষ্ট হয় না; কিন্তু সুস্থাবস্থায় কিংবা রোগের প্রবলতা না থাকিলে, যদি উহা পুনঃ পুনঃ অধিকপরিমাণে দেওয়া যায়, তাহা-হইলে মারাত্মক হইয়া উঠে। টেটেনাস্ Tetanus অর্থাৎ ধনুষ্টঙ্কার রোগে অধিকমাত্রায় ঔষধ প্রয়োগ করিতে হয়। ডাক্তার বেনেট্ Dr. Bennett বলেন যে, উক্ত ব্যাধিগ্রস্ত একটী রোগী ১০ দিবসের মধ্যে ৪ পাউণ্ড ৭ আউন্স ৬ ড্রাম্ লডেনম্ Laudanum (অহিফেনের অরিষ্ট) এবং ৬ আউন্স ৪ ড্রাম্ ৪৫ গ্রেণ সলিড্ অপিয়ম্ (ঘন অহিফেন) সেবন করিয়াছিল। সুস্থব্যক্তি

সাধারণতঃ ১৫। ২০ গ্রেণ কুইনাইন সেবন করিলে, সিঙ্কোনিজমের উৎকট অসুখজনক লক্ষণসকল (কাণ ভোঁ ভোঁ ইত্যাদি) প্রকাশ পায়; কিন্তু ম্যালেরিয়াগ্রস্ত রোগী ৩০। ৪০ বা ৫০ গ্রেণ কুইনাইন সেবন করিলেও উক্তরূপ লক্ষণ প্রকাশ পায়না। আর কোন কোন রোগ বর্ত্তমান থাকিলে, কোন কোন ঔষধ সহ্য হয না, যেমন নিফ্রাইটিস্ (মূত্রগ্রন্থির প্রদাহ) থাকিলে ক্যান্থারাইডিস্, টার্পেন্টাইন ও কোপেবাপ্রভৃতি ঔষধ অনিষ্ট সাধন করিয়া থাকে; সুতরাং ঐ রোগ থাকিলে, ঐ সকল ঔষধ প্রয়োগ করা অবিধেয়। প্লীহা, স্ক্রফিউলা ও স্কার্ভিপ্রভৃতি ব্যাধিতে পারদঘটিত ঔষধসকল অত্যন্ত অনিষ্টকর; সুতরাং ঐঐ রোগে উক্ত ঔষধসকল ব্যবস্থা করা সঙ্গত নহে।

(৯) অকুপেশন্ Occupation জীবিকা—শ্রমজীবীদিগের শরীর সচরাচর বলিষ্ঠ হয়; পক্ষান্তরে বুদ্ধিজীবীদিগের শরীর দুর্ব্বল ও রোগগ্রস্ত হইয়া থাকে। কোন ব্যাধিতে প্রথমোক্ত ব্যক্তি দিগের পূর্ণমাত্রায় ঔষধ সেবন প্রয়োজনীয়। শেষোক্ত ব্যক্তিদিগের প্রতি দুর্ব্বলতাজনক ও অবসাদক ঔষধাদি সতর্কতার সহিত প্রয়োগ করা কর্ত্তব্য।

(১০) মনের ভাব—শোক, দুঃখ ও নৈরাশ্যপ্রভৃতি মানসিকবিকৃতি ঘটিলে, জীবনীশক্তির হ্রাস ও শরীর দুর্ব্বল হইয়া পড়ে। পক্ষান্তরে মিলন, সুখ ও আশাপূর্ণতাপ্রভৃতিতে মনের স্ফূর্ত্তি ও জীবনীশক্তির তেজোবৃদ্ধি হয়। কোন রোগীব মনে ব্যাধিসম্বন্ধীয় কোন প্রকার নৈরাশ্য ঘটিলে, আরোগ্য-পক্ষে প্রায়ই বিঘ্ন হইয়া থাকে এবং ঔষধের ক্রিয়াও সুচারুরূপে প্রকাশিত হয় না। অতএব রোগীর মনে আশ্বাস, বিশ্বাসপ্রভৃতি জন্মাইয়া দেওয়া নিতান্ত প্রয়োজনীয়। মন্ত্র, তন্ত্র, কবচ ইত্যাদি অনেক স্থলে এইরূপে কার্য্য করিয়া থাকে এবং অনেক কোয়াক্ quack অর্থাৎ হাতুড়ে চিকিৎসক রোগীর মনে বিশ্বাস জন্মাইয়া রোগের হ্রাস ও শান্তি করিয়া থাকেন।

(১১) ডায়েট্ diet—ডায়েটের (পথ্যের) উপরেও ঔষধের ক্রিয়া বিলক্ষণ নির্ভর করে। যে চিকিৎসক কেবল ঔষধ ব্যবস্থা করিয়াই কর্ত্তব্য সাধন করেন, রোগীর সুপথ্যের ব্যবস্থা করেননা, সুপথ্য প্রদান করিলে যে, চিকিৎসার সাহায্য হয়, তিনি তদ্বিষয়ে তচ্ছীল্যই করিয়া থাকেন এবং ঔষধের ব্যবস্থাপত্রদ্বারা যে উপকার হওয়ার সম্ভাবনা, তাহার এক প্রধান শত্রুই রাখিয়া

দেন, বলিতে হইবে। যখন অবসাদজনক ঔষধ ব্যবস্থা করা হয়, তখন তৎসঙ্গে এনিমেল্ ডায়েট্ auimal diet (জান্তবপথ্য) এবং মদিরাপ্রভৃতি উত্তেজক দ্রব্য ব্যবস্থা না করিয়া কোন্ চিকিৎসক সুফল-প্রত্যাশা করিতে পারেন? বলকারক ঔষধ প্রয়োগকালে সাগু, এরারুট প্রভৃতি লঘুপথ্যমাত্র ব্যবস্থা করিলে, যদি সুফল লাভ না হয়, তাহা হইলে আশ্চর্য্যের বিষয় কিছুই নাই। সুতরাং ঔষধের ক্রিয়ার সাহায্যার্থ প্রত্যেক রোগীর পথ্যসম্বন্ধেও সুব্যবস্থা করা চিকিৎসকমাত্রের কর্ত্তব্যকার্য্য।

নার্কটিক্স (মাদক ঔষধসকল) যেরূপ মাত্রায় সেবন করিলে, বিষক্রিয়া প্রকাশ পায়, এক্সারসাইজ্ Exercies (ব্যায়াম) সেসকলের ক্রিয়ায় নিঃসন্দেহ বাধা প্রদান করিয়া থাকে। অহিফেণ সেবন করিয়া বিপজ্জনক অবস্থা ঘটিলে যে, আমরা সেই অবস্থায় অহিফেণসেবনকারীকে ইতস্ততঃ ভ্রমণ করাইয়া থাকি, উহার উপকারিতা প্রমাণিতই হইয়াছে। লক্‌হার্ট Lockhart সাহেব যে স্কটের জীবনচরিত লিখিয়াছেন, তাহাতে এবিষয়ের দৃষ্টান্তস্বরূপ একটী ঘটনার উল্লেখ করিয়াছেন, যথা—এক যুবক চাষা, অন্য ঔষধভ্রমে কিয়ৎ-পরিমাণ লডেনম্ Laudanum (অহিফেণের অরিষ্ট) সেবন করিয়াছিল; উহার অবস্থা দেখিয়া নিকটস্থ লোকসকল ভীত হইয়াছিল; কিন্তু ঐ যুবক ঘোটক সজ্জিত করিয়া তদুপরি আরোহণপূর্ব্বক ৬ মাইল দূরস্থ চিকিৎসক-ভবনে গমন করিয়াছিল। সে যতক্ষণ ঘোটকে আরূঢ় ছিল, ততক্ষণপর্য্যন্ত তাহার লডেনমের ক্রিয়া উপলব্ধি হয় নাই; কিন্তু ঘোটকহইতে নামিবামাত্রই উহার ক্রিয়া অনুভূত হইয়াছিল। অতএব ইহা অসংশয়িত যে, যখন রোগী অল্প চঞ্চল থাকে, তখনই তাহার পক্ষে মাদক ঔষধ সেবন প্রশস্ত। আর যখন শরীরের চঞ্চলতা ও মাংসপেশীর গতি অধিক থাকে, তখন অধিকপরিমাণে মাদক ঔষধ প্রয়োগ করা আবশ্যক।

দ্বিতীয় অধ্যায়।

ক্লাসিফিকেশন্ অব্ মেডিসিন্স্।

CLASSIFICATION OF MEDICINES.

ঔষধসমূহের শ্রেণীবিভাগ।

DIVISION I.

প্রথমবিভাগ।

ইণ্টারন্যাল্ রেমিডিস্ Internal remedies—আভ্যন্তরিক ঔষধসমূহ—যেসকল ঔষধ রক্তে শোষিত হইবার পূর্ব্বে কিংবা পরে শরীরে কার্য্যকর হইবার জন্য প্রয়োগ করা হয়, সে সকলকে ইণ্টারন্যাল্ রেমিডিস্ বলে।

প্রথমশ্রেণী—এই শ্রেণীস্থ ঔষধ রক্তের উপর ক্রিয়া করিয়া উহার উপাদানকে রূপান্তরিত করে; সুতরাং সমস্তশরীরে ক্রিয়াপ্রকাশপূর্ব্বক পোষণ ক্রিয়ার সহায়তা করিয়া থাকে। এই শ্রেণীস্থ ঔষধসমূহ ছয় ভাগে বিভক্ত, যথা—

(১) ব্লাড্টনিক্স্ Blood tonics রক্তের সংস্কারক ও তেজোবর্দ্ধক।

(২) এল্কেলাইন্ রেমিডিজ্ Alkaline remedies ক্ষারাক্ত ঔষধসমূহ।

(৩) এসিড্স্ এণ্ড এষ্ট্রিঞ্জেণ্ট্স্ Acids and astringents অম্ল ও সঙ্কোচক।

(৪) রিফ্রিজারেণ্ট্স্—Refrigerants শৈত্যজনক।

(৫) এণ্টিপাইরেটিক্স্ Antipyretics উত্তাপনাশক।

(৬) অল্টারেটিভ Alteratives পরিবর্ত্তক।

দ্বিতীয়শ্রেণী—যেসকল ঔষধের প্রধানক্রিয়া মস্তিষ্কমণ্ডলীতে প্রকাশ পায়, সেইসকল দ্বিতীয়শ্রেণীভুক্ত। এই সকল ঔষধ তিন উপশ্রেণীতে বিভক্ত, যথা—

১ম উপশ্রেণী—এই উপশ্রেণীস্থ ঔষধের ক্রিয়া ব্রেইনের (মস্তিষ্কের) উপরে বিশেষরূপে প্রকাশ করে। সম্ভবতঃ মস্তিষ্কমণ্ডলীর অন্যান্য অংশেও প্রকাশ পাইয়া থাকে। এই সকল ঔষধ তিন ভাগে বিভক্ত, যথা—

(১) এক্জিলারেণ্ট্স্ Exhilarants স্ফূর্ত্তিজনক।

(২) নার্কটিক্স্ Narcotics মাদক, সপোরিফিক্স্ Soporifics নিদ্রাকারক এবং এনোডাইন্স্ Anodynes বেদনানিবারক।

(৩) এনিস্থেটিক্স্ Anæsthetics স্পর্শহারক।

২য় উপশ্রেণী—যেসকল ঔষধ প্রধানতঃ স্পাইন্যাল্ কর্ড Spinal cord কশেরুকামজ্জার উপর ক্রিয়া করে, সে সকল এই উপশ্রেণীভুক্ত এবং দুই ভাগে বিভক্ত, যথা—

(১) স্পাইন্যাল্ ষ্টিমিউল্যাণ্ট্স্ Spinal stimulants কশেরুকামজ্জার উত্তেজক।

(২) স্পাইন্যাল্ সিডেটিভ্স্ Spinal sedatives কশেরুকামজ্জার অবসাদক।

৩য় উপশ্রেণী—এই শ্রেণীর ঔষধগুলি মস্তিষ্কমণ্ডলীর কোন কোন অংশ এবং গ্যাংগ্লিয়নিক্ সিষ্টেম্ Ganglionic system অর্থাৎ স্পন্দচেতনিক স্নায়ুমণ্ডলীর উপর ক্রিয়া প্রকাশ করে, সে সকল এই উপশ্রেণীভুক্ত এবং দুই ভাগে বিভক্ত, যথা—

(১) এণ্টিস্প্যাজ্মডিক্স্ Antispasmodics আক্ষেপনিবারক।

(২) নার্ভাইন্ টনিক্স্ এণ্ড এণ্টিপিরিয়ডিক্স্ Nervine tonics and antiperiodics স্নায়বীয়বলকারক এবং পর্য্যায়নিবারক।

তৃতীয় শ্রেণী—যেসকল ঔষধ প্রধানতঃ হৃদয় এবং রক্তসঞ্চালক যন্ত্রমণ্ডলীর উপর ক্রিয়া প্রদর্শন করে, সে সকল এই শ্রেণীর অন্তর্ভুক্ত এবং তিন ভাগে বিভক্ত, যথা—

(১) ভ্যাস্কিউলার্ ষ্টিমিউল্যাণ্ট্স্ Vascular stimulants ধামনিক উত্তেজক।

(২) ভ্যাস্কিউলার্ সিডেটিভ্স্ Vascular sedatives ধামনিক অবসাদক।

(৩) ভ্যাস্কিউলার টনিক্স্ Vascular tonics ধামনিক বলকারক।

চতুর্থ শ্রেণী—যে সকল ঔষধ বিশেষ বিশেষ ইন্দ্রিয়ের উপর ক্রিয়া প্রদর্শন করে, সে সকল এই শ্রেণীভুক্ত এবং ছয় উপশ্রেণীতে বিভক্ত।

১ম উপশ্রেণী—যে সকল ঔষধ এলিমেণ্টারি ক্যানেল্ Alimentary canal অর্থাৎ পরিপাকনালীর বিভিন্ন অংশের উপর বিশেষরূপে ক্রিয়া করে। ইহারা আবার সাত ভাগে বিভক্ত, যথা—

(১) সায়েলেগগ্‌স্‌ Sialagogues লালানিঃসারক।

(২) এমেটিকস্‌ Emetics বমনকারক।

(৩) পার্গে টিভ্‌স্‌ অর্‌ ক্যাথার্টিক্‌স্‌ Purgatives or cathartics বিরেচক। এই শ্রেণীস্থ ঔষধগুলি ছয় ভাগে বিভক্ত, যথা—

(ক) ল্যাক্‌ সেটিভ্‌স্‌ Laxatives মৃদুবিরেচক।

(খ) সিম্পোল্‌ পার্গে টিভ্‌স্‌ Simple purgatives সামান্য বিরেচক।

(গ) ড্র্যাস্‌টিক্‌ পার্গে টিভস্‌ Drastic purgatives অতিবিরেচক।

(ঘ) হাইড্রেগগ্‌ পার্গে টিভ্‌স্‌ Hydragogue purgatives তরল ভেদকর বিরেচক।

(ঙ) স্যালাইন্‌ পার্গে টিভ্‌স্‌ Saline purgatives লাবণিক বিরেচক।

(চ) কোলেগগ্‌ পার্গে টিভ্‌স্‌ Cholagogue purgatives পিত্তনিঃসারকবিরেচক।

(৪) এন্থেলমিন্টিক্‌স্‌ Anthelmintics কৃমিনাশক।

(৫) ষ্টমাকিক্‌ টনিক্‌স্‌ Stomachic tonics পাকাশয়ের বলকারক।

(৬) ষ্টমাকিক্‌ ষ্টিমিউল্যাণ্ট্‌স্‌ অর্‌ কার্মিনেটিভ্‌স্‌ Stomachic stimulants or carminatives পাকাশয়ের উত্তেজক বা বায়ুনাশক।

(৭) ষ্টমাকিক্‌ সিডেটিভ্‌স্‌ Stomachic sedatives পাকাশয়ের অবসাদক।

২য় উপশ্রেণী— যে সকল ঔষধ রেস্পিরেটারি অর্গেন্‌স্‌ Respiratory organs অর্থাৎ শ্বাসযন্ত্রের উপর ক্রিয়া করে সেসকল এই উপশ্রেণীর অন্তর্ভুক্ত এবং তিনভাগে বিভক্ত, যথা—

(১) এর্হিন্‌স্‌ Errhines হাঁচিজনক।

(২) এক্স্‌পেক্টোরাণ্ট্‌স্‌ Expectorants বা পাল্‌মোনারি ষ্টিমিউলেণ্ট্‌স্‌ Pulmonary stimulants কফনিঃসারক।

(৩) পালমোনারি সিডেটিভ্‌স্‌ Pulmonary sedatives ফুস্‌ফুসের অবসাদক।

৩য় উপশ্রেণী—যেসকল ঔষধ চর্ম্মের ক্রিয়ার উপর ক্রিয়া প্রকাশ করে, সেসকল এই উপশ্রেণীভুক্ত, যথা—সিউডোরিফিক্‌স্‌ Sudorifics, ডায়েফোরেটিক্‌স diaphoratics ঘর্ম্মকারক।

৪র্থ উপশ্রেণী—যেসকল ঔষধ মূত্রগ্রন্থি এবং মূত্রযন্ত্রের উপর ক্রিয়া করে, সেসকল এই উপশ্রেণীভুক্ত এবং তিনভাগে বিভক্ত, যথা—

(১) ডায়ুরেটিক্‌স্‌ Diuretics মূত্রকারক।

(২) লিথন্‌ট্রিপ্‌টিক্‌স্‌ Lithontriptics অশ্মরীদ্রাবক।

(৩) মূত্রপথের শ্লৈষ্মিকঝিল্লীর উপর ক্রিয়াকারক।

৫ম উপশ্রেণী—জননেন্দ্রিয়ের উপর ক্রিয়াকারক ঔষধসকল এই উপশ্রেণীভুক্ত এবং তিনভাগে বিভক্ত, যথা—

(১) এমিনেগগ্‌স্‌ এণ্ড এক্‌বলিক্‌স্‌ Emmenagogues and Ecbolics রজোনিঃসারক এবং ভ্রূণনিষ্কাশক।

(২) এফ্রোডিজিয়েক্‌স্‌ Aphrodisiacs কামোদ্দীপক।

(৩) এনাফ্রোডিজিয়েক্‌স্‌ Anaphrodisiacs কামনাশক।

৬ষ্ঠ উপশ্রেণী—যে সমস্ত ঔষধ চক্ষুর উপর ক্রিয়া করে, সেসকল এই উপশ্রেণীভুক্ত এবং দুইভাগে বিভক্ত, যথা—

(১) পিউপিল্‌ ডাইলেটর্‌স্‌ Pupil dilators কনীনিকাপ্রসারক। এগুলিকে মাইড্রিয়েটিক্‌স্‌ Mydriatics বলে।

(২) পিউপিল্‌ কন্‌ট্রাক্‌টর্‌স্‌ Pupil contractors কনীনিকাসঙ্কোচক। এগুলিকে মায়োটিক্‌স্‌ Myotics বলে।

DIVISION II.

দ্বিতীয়বিভাগ।

এক্‌স্‌টার্‌ন্যাল্‌ রেমেডিস্‌ External remedies বাহ্যঔষধসমূহ। এইসকল ঔষধের কেবল স্থানীয়প্রয়োগই হয়; সার্ব্বাঙ্গিক ক্রিয়াপ্রকাশের জন্য এগুলি প্রযুক্ত হয় না। এসকল ঔষধ পাঁচভাগে বিভক্ত, যথা—

১ম—ইরিট্যাণ্ট্‌স্‌ Irritants উত্তেজক। এইশ্রেণীস্থ ঔষধগুলি আবার তিনপ্রকার, যথা—

(ক) রুবিফেসিয়েণ্ট্‌স্‌ Rubefacients চর্ম্মপ্রদাহক।

(খ) এপিস্‌প্যাস্‌টিক্‌স্‌ অর্‌ ব্লিষ্টারিং এজেণ্ট্‌স্‌ Epispastics or blistering agents ফোস্কাকারক।

(গ) পাস্‌টিউল্যাণ্ট্‌স্‌ Pustulants পূয়বটিকাউৎপাদক।

২য়—এক্‌ষ্টার্‌ন্যাল্‌ সিডেটিভ্‌স্‌ External sedatives বাহ্য অবসাদক।

৩য়—এমোলিয়েণ্ট্‌স্‌ এণ্ড ডিমাল্‌সেণ্ট্‌স্‌ Emollients and demulcents আর্দ্রতা ও স্নিগ্ধতাজনক।

৪র্থ—এষ্ট্রিঞ্জেণ্ট্‌স্‌ এণ্ড ষ্টিপ্‌টিক্‌স্‌ Astringents and styptics সঙ্কোচক এবং রক্তরোধক।

৫ম—কষ্টিক্‌স্‌ এণ্ড এস্ক্যারোটিক্‌স্‌ Caustics and escharotics দাহক।

DIVISION III.

তৃতীয় বিভাগ।

এইশ্রেণীস্থ ঔষধসমূহ দুইভাগে বিভক্ত, যথা—

(১) এণ্টিডোট্‌স্‌ Antidotes বিষঘ্ন।

(২) ডিসিন্‌ফেক্‌ট্যাণ্ট্‌স্‌ এণ্ড এণ্টিসেপ্‌টিক্‌স্‌ Disinfectants and antiseptics সংক্রমণনাশক এবং পচননিবারক।

তৃতীয় অধ্যায়।

প্রথমবিভাগীয় প্রথমশ্রেণীস্থ প্রথমউপশ্রেণী।

ব্লাড্‌টনিক্‌স্‌ (Blood-tonics) বা ব্লাড্‌রেষ্টরেটিভ্‌স্‌ (Blood restoratives) রক্তসংস্কারক ও তেজোবর্দ্ধক। রক্তের যে যে উপাদান ন্যূন হয়, সেই সেই উপাদান সম্বর্দ্ধন করিয়া রক্ত প্রকৃতাবস্থায় আনয়ন করিতেহইলে এই সকল ঔষধ ব্যবহার করিতে হয়।

(ক) রিডিউস্‌ড্‌ আয়রণ্‌ (Reduced iron)

(খ) ডায়েলাইজ্‌ড্‌ আয়রণ্‌ (Dialysed iron)

(গ) কার্ব্বনেট্‌ অব্‌ আয়রণ্‌ (Carbonate of iron)

(ঘ) হাইড্রেটেড্‌ প্যারক্সাইড্‌ অব্‌ আয়রণ্‌ (Hydrated peroxide of iron)

(ঙ) সাল্‌ফেট্‌ অব আয়রণ্‌ (Sulphate of iron)

(চ) ফস্‌ফেট্ অব্ আয়রণ (Phosphate of iron)

(ছ) পার্ এসিটেট্ অব্ আয়রণ্ (Peracetate of iron)

(জ) পার্‌ক্লোরাইড্ অব্ আয়রণ্ (Perchloride of iron)

(ঝ) পার্‌নাইট্রেট্ অব্ আয়রণ্ (Pernitrate of iron)

(ঞ) সাইট্রেট্ অব্ আয়রণ্ এণ্ড এমোনিয়ম্ (Citrate of iron and ammonium)

(ট) টার্টারেটেড্ আয়রণ্ Tartarated iron (টার্ট্রেট্ অব্ আয়রণ্ এণ্ড পটাশিয়ম্ Tartrate of iron and potassium)

(ঠ) সাইট্রেট্ অব্ আয়রণ্ এণ্ড কুইনাইন্ (Citrate of iron and quinine)

(ড) আইওডাইড্ অব্ আয়রণ্ (Iodide of iron)

(ঢ) অক্সাইড্ এণ্ড সল্ট্‌স্ অব্ ম্যাঙ্গেনিজ্ (Oxide and salts of manganese)?

(ণ) কড্‌লিভার অয়েল্ (Codliver oil)

(ত) আদার এনিম্যাল্-অয়েল্‌স্ (Other animal oils) অন্যান্য জান্তব তৈল।

(থ) ভেজিটেবল্ অয়েল্‌স্ (Vegetable oils) উদ্ভিজ্জ তৈল সমূহ।

এড্‌জুভ্যান্ট্‌স্ টু ব্লাড্ টনিক্‌স্ (Adjuvants to blood tonics) রক্ত সংস্কারক ঔষধের সাহায্যকারী উপায়সমূহ, যথা—বিশুদ্ধ বায়ু সেবন, আলোকে অবস্থান এবং ব্যায়াম করা ইত্যাদি।

এফেক্টস্ অব্ ব্লাড্ টনিক্‌স্ (Effects of blood tonics) রক্তসংস্কারক ঔষধসকলের উপকারিতা—রক্তের কোন একটী উপাদানের ন্যূনতা হইলে উল্লিখিত কোন ঔষধ এবং যে সকল আহারীয়দ্রব্য ব্যবহারে উক্ত অভাব পূর্ণ হয়, সেইসকল দ্রব্য আহারকরিলে রক্ত পুনরায় প্রকৃতাবস্থায় পরিণত হয়।

খাদ্যদ্রব্যের ন্যূনতা এবং অন্যান্য কারণে যে যে অস্বাস্থ্যকর অবস্থা ঘটে, তাহা নিম্নে বিবৃত করা গেল; যথা—(১) রক্তের লোহিতকণিকার ন্যূনতা প্রযুক্ত এনিমিয়া (anæmia)। (২) ওয়েষ্টিং (wasting) শীর্ণতা। (৩) স্কার্ভি (scurvy)।

আময়িকপ্রয়োগ—উল্লিখিত রক্তসংস্কারক ঔষধ উপরোক্ত অবস্থায় ব্যবহৃত হয়। যদি এনিমিয়া বর্ত্তমান থাকে, তবে লৌহঘটিতঔষধসকল প্রয়োগকরা উচিত; এমতাবস্থায় ম্যাঙ্গেনিজলবণসকলদ্বারা উপকার প্রাপ্ত হওয়া সংশয়জনক। নানাকারণবশতঃ শরীর শীর্ণ হইলে, কড্‌লিভার অয়েল্ কিংবা চর্ব্বিবৎ বা তৈলবৎ পদার্থ খাদ্য দ্রব্যের সহিত দেওয়া বিধেয়; এবং স্বার্ভি রোগ জন্মিলে, টাট্‌কা শাকসব্জি, ফল কিম্বা ঐ সকলে যে লাবণিকপদার্থ বর্ত্তমান থাকে, তাহা প্রয়োগ করিলেও, উক্তরোগ (স্কার্ভি) দুরীভূত হইয়া থাকে।

ল্যাটিন্।	ইংরেজী।	বাঙ্গলা।
ফেরাম্।	আয়রণ্	লৌহ।
Ferrum	Iron	

ACTIONS AND THERAPEUTICAL USES OF IRON SALTS IN GENERAL.

লৌহঘটিতলবণসকলের সাধারণক্রিয়া ও আময়িকপ্রয়োগ।

লৌহ, রক্তের Red corpuscles অর্থাৎ লোহিতকণিকাসকলের এক প্রধান উপাদান। রক্তের রঞ্জকপদার্থে (Hæmatin) শতকরা ৬.৫ ভাগ লৌহ থাকে। এই লৌহ রক্তকণিকার Organic elements অর্থাৎ জান্তব উপাদানসমূহের সহিত অনবচ্ছিন্নভাবে সংযুক্ত আছে। নানা কারণে রক্তের এই প্রধান উপাদানটী ন্যূন হইয়া রক্তের যে অবস্থা ঘটে, তাহাকে এনিমিয়া (Anæmia) কহে। এই অবস্থাকে পুনরায় স্বাভাবিক অবস্থায় পরিণত করিবার জন্য লৌহঘটিত ঔষধের প্রয়োগরূপসকল ব্যবহার করা নিতান্ত প্রয়োজনীয় ও সবিশেষ ফলপ্রদ। লৌহের এই প্রধানগুণ থাকাতেই ইহা মেটেরিয়ামেডিকাতে সর্ব্বোচ্চ স্থান অধিকার করিয়াছে।

লৌহের সমস্ত প্রয়োগরূপই ব্লাড্‌রেষ্টোরার্স Blood restorers রক্তসংস্কারক এবং হিমাটিনিক্স্ Hæmatinics রক্তজনক। লৌহঘটিত ঔষধসকল উপরোক্ত ক্রিয়া ব্যতীত নার্ভাস্ সিষ্টেমের (মস্তিষ্কমণ্ডলীর) উপর ও সাক্ষাৎভাবে

কার্য্য করে ; এই জন্য মস্তিষ্কমণ্ডলীর দৌর্ব্বল্য ঘটিয়া কোরিয়া (chorea), নিউরালজিয়া (neuralgia), হিষ্টিরিয়া (hysteria) ও এপিলেপ্সী (epilepsy) ইত্যাদি রোগ জন্মিলে, লৌহঘটিতঔষধ ব্যবহারকরা বিধেয়।

অধিকাংশ লৌহঘটিতঔষধ এষ্ট্রিন্‌জেন্ট্ Astringent অর্থাৎ সঙ্কোচক ; এজন্য ঐসকল ঔষধ সেবন করিলে, কোষ্টবদ্ধ হইবার সম্ভাবনা। ইহাদের মধ্যে কতকগুলি আবার অধিক ধারক ; সুতরাং প্যাসিভ্‌হেমোরেজ্ বিশেষতঃ তাহার সহিত এনিমিয়া বর্ত্তমান থাকিলে, ঐসকলঔষধ ব্যবহারকরিলে উপকার দর্শে। প্যাসিভ্ মিউকাস্ ডিশ্চার্জ্জ (শ্লেষ্মাস্রাব) এবং অন্যান্য প্রকার স্রাবে, লৌহ বলকারক বলিয়া ব্যবহৃত হইয়া থাকে। লৌহের সহিত ⅟₂ গ্রেণ এলোজ্ অথবা অল্পপরিমাণ সাল্‌ফেট্ অব্ মেগ্‌নেসিয়া ইত্যাদি বিরেচক ঔষধ প্রয়োগ করিলে, উপকার দর্শিয়া থাকে। লৌহের প্রোটোসল্ট্‌স্ অপেক্ষা পারসল্ট্‌স্ অধিক সঙ্কোচক ; কিন্তু যে সমস্ত লৌহলবণে ভেজিটেবল্‌এসিড্ (উদ্ভিজ্জাম্ল) থাকে, সে সকলের ধারকতাশক্তি অতিশয় অল্প অথবা একেবারেই নাই। এই অল্পধারক প্রয়োগরূপগুলি কেবল রক্তের উৎকর্ষ সাধনার্থই ব্যবহৃত হয়।

আয়রণ্ সল্ট্‌স্ (লৌহ-লবণগুলি) এমিনেগগ্‌স্ (রজোনিঃসাবক) বলিয়া এমিনোরিয়ারোগে সচরাচর ব্যবহৃত হইয়া থাকে। কিন্তু ইউটিরাস্ (জরায়ু) এর উপর ঐগুলির সাক্ষাৎ কোন ক্রিয়া হয় কিনা সন্দেহ ; প্রত্যুত উহারা রক্তকে সুস্থাবস্থায়আনয়ন করিয়া পরম্পরারূপে রজোনিঃসারণ করিয়া থাকে।

যে পরিমাণ লৌহ উদরস্থ হয়, তাহার অতি অল্পাংশ রক্তে শোষিত হইয়া থাকে ; অবশিষ্টাংশ মলের সহিত বহির্গত হইয়া যায় ; তাহাতেই মলের বর্ণ কাল হইয়া থাকে ; কারণ উহা খাদ্য দ্রব্যের সহিত মিলিত হইয়া ট্যানেট্ অব্ আয়রণ্ এবং সাল্‌ফাইড্ অব্ আয়রণ্ হইয়া থাকে। লৌহ উদরস্থ হইয়া দ্রবণীয় এল্‌বিউমিনেট্ অব্ আয়রণ্ রূপে রক্তে শোষিত হয়। ইহা প্রধানতঃ মিউকাস্ মেম্ব্রেণ্ (শ্লৈষ্মিকঝিল্লী) দ্বারা বহির্গত হইয়াযায়, অল্পাংশ মাত্র মূত্রের সহিত বহির্গত হয়। স্ত্রীলোকের দুগ্ধেও ইহার কতকাংশ পাওয়া যায় ; স্যালাইভা (লালা) দ্বারা কিছুই বাহির হইতে দেখা যায় না। কথিত আছে যে, লৌহ ব্যবহারে শরীরের উত্তাপ বৃদ্ধিপায় এবং মূত্রযন্ত্র দ্বারা অধিক পরিমাণে ইউরিয়া বহির্গত হইয়া থাকে।

লৌহের পারক্লোরাইড, এসিটেট, পারনাইট্রেট্ ও সাল্‌ফেট্ প্রভৃতি ধারক প্রয়োগরূপগুলি পাকাশয়ের রক্তস্রাব নিবারণের নিমিত্ত ব্যবহৃত হইয়া থাকে। উক্ত প্রয়োগরূপগুলি পাকাশয় হইতে নির্গত হইলে অদ্রবণীয় সাল্‌ফাইডে পরিণত হয়; এজন্য উহাদের ক্রিয়া ক্ষুদ্রঅন্ত্রের উর্দ্ধাংশে প্রকাশপায়। উপরি-উক্ত লবণগুলি অন্যান্য ধারকগুণবিশিষ্ট ধাতবঔষধের ন্যায় উদরাময়রোগেও ব্যবহৃত হইতে পারে।

ইরিসিপেলাস্ (Erysipelas) রোগে লৌহ ব্যবহার করিলে বিশেষ উপকার দর্শিয়া থাকে; এজন্য উহাকে উক্তরোগের স্পেসিফিক্ মেডিসিন্ (Specific medicine) বলা যায়। এরূপ স্থলে টিংচার ফেরি পারক্লোরাইড Tincture ferri perchloride অর্দ্ধ হইতে একড্রাম মাত্রায় প্রতি তিন বা চারি ঘণ্টা অন্তর ব্যবহার করা উচিত।

ডাক্তার কাট্‌লার এবং ব্রাড্‌ফোর্ডের (Drs. Cutler and Bradford) পরীক্ষাদ্বারা জানা গিয়াছে যে, লৌহঘটিতঔষধসকল যদিও সুস্থাবস্থায় রক্তের লোহিতকণিকার সংখ্যা বৃদ্ধি করেনা, তথাপি এনিমিয়ারোগে উহারই আনুকূল্য করিয়া থাকে। লৌহলবণসকল এনিমিয়া, বিশেষতঃ ক্লোরোসিস্ (Chlorosis) রোগে প্রচুরপরিমাণে ব্যবহৃত হইয়া থাকে। এনিমিয়া দুই প্রকার; যথা—ক্লোরোসিস্ ও পার্নিশিয়াস্ এনিমিয়া (Pernicious anæmia) এই উভয়প্রকার রোগই একসময়ে উৎপন্ন হইতে পারে। ক্লোরোসিস্ রোগে লোহিতকণারসংখ্যা অল্পপরিমাণে হ্রাস হয়; কিন্তু তাহাদের হিমোগ্লোবিন্ (Hæmoglobin) নামক রঞ্জকপদার্থের গুণের বিশেষ লাঘব ঘটিয়াথাকে। পক্ষান্তরে পার্নিশিয়াস্ এনিমিয়া রোগে লোহিতকণারসংখ্যা অত্যন্ত হ্রাস হয় বটে, কিন্তু প্রত্যেক কণিকার রঞ্জকপদার্থের পরিমাণ পূর্ব্ববৎ বর্ত্তমান থাকে। লৌহ প্রধানতঃ ক্লোরোসিস্ রোগেই বিশেষ ফলপ্রদ; যেহেতু এইরোগে হিমোগ্লোবিন্ হ্রাস হয় বটে; কিন্তু লোহিতকণারসংখ্যা প্রায়ই হ্রাস হয়না। পার্নিশিয়াস্ এনিমিয়া রোগে লৌহ দ্বারা বিশেষ কোন ফল দর্শেনা, সুতরাং উক্তরোগে ইহা ব্যবহারের কোন আবশ্যকতা নাই। এরূপ শোচনীয় অবস্থায় আর্সেনিকদ্বারা বিশেষ ফল পাওয়া যায়; ইহাতেই প্রমাণিত হয় যে, লৌহ দ্বারা Red corpuscles

লোহিতরক্তকণিকাসকলের ফর্মেশন্ Formation (নির্ম্মাণ) হয়না। অধিকাংশ এনিমিয়া রোগে আয়রণ ও আর্সেনিক একত্র ব্যবহারে সুফল প্রদান করে। রক্তস্রাবজনিত এনিমিয়ারোগ হইলেও লৌহঘটিতলবণ সেবনে উপকার দর্শে; কিন্তু যান্ত্রিক পীড়াজনিত এনিমিয়ারোগে ইহাদ্বারা বিশেষ কোন ফল দর্শেনা।

LOCAL EFFECTS.

লৌহের স্থানিকক্রিয়া।

লৌহের কতক গুলি প্রয়োগরূপ স্থানিক প্রয়োগে প্রবল সঙ্কোচক; তাহারা টিস্যুজ (বিধানোপাদান) সকলের এলবিউমেন্ (অণ্ডলাল) কে সংযতকরিয়া উহাদিগকে শক্ত ও সঙ্কোচিত করে এবং ক্ষুদ্র ক্ষুদ্র রক্তবহানাড়ীদিগকে ও সঙ্কুচিত করিয়া থাকে।

রক্তস্রাব বন্ধ করিবারজন্য পারক্লোরাইড্ অব্ আয়রণ্ সচরাচর সঙ্কোচকঔষধরূপে ব্যবহৃত হয়; যেমন এপিস্টেক্সিস্ (Epistaxis) অর্থাৎ নাসিকা হইতে রক্তস্রাব, লিচ্বাইট্ (Leech-bite) অর্থাৎ জলৌকাদংশন জনিত রক্তস্রাব, হেমারেজ্ ফ্রম্ দি ইউটিরাস (Hæmorrhage from the uterus; অর্থাৎ জরায়ু হইতে রক্তস্রাব এবং অন্যান্য প্রকার প্যাসিভ্ আকারের রক্তস্রাব ইত্যাদি। ইহা শিথিলশ্লৈষ্মিকঝিল্লীতে প্রয়োগকরিলে বিশেষ ফলদর্শে; এই জন্য নানাবিধ সোর্থ্রোট্ (Sore throat), টন্সিলাইটিস্ (Tonsilitis) রোগে টিংচার ফেরি (Tinct. ferri) সমপরিমাণ গ্লিসিরিণের সহিত মিশ্রিত করতঃ আক্রান্তস্থানে লাগাইলে বিশেষ উপকার হইয়া থাকে; শ্বেতপ্রদর, (Leucorrhœa) রোগেও ইহার পিচকারী দ্বারা বিশেষ ফলদর্শে।

ডাক্তার রিকর্ড (Dr. Record) বলেন যে, সিফিলিটিক্-ফ্যাজিডিনা (Syphilitic phagedæna) অর্থাৎ উপদংশজনিত ক্ষয়কারী ক্ষতে টার্ট্রেট্ অব্ আয়রণ্ (Tartrate of iron) প্রয়োগে প্রায়ই Specific এর ন্যায় কার্য্য করিয়া থাকে।

লৌহের প্রয়োগরূপ।

১। মিশ্চুরা ফেরি এরোমেটিকা Mistura Ferri Aromatica এরোমেটিক্ মিক্শ্চার অব্ আয়রণ্ Aromatic Mixture of Iron. ইহার ১৬ আউন্সে ১ গ্রেণের কম লৌহ আছে। মাত্রা ১—২ আং।

২। ভাইনাম্ ফেরি Vinum Ferri ওয়াইন্ অব্ আয়রণ্ Wine of Iron; ইহার অপর নাম ষ্টিল্ ওয়াইন্ Steel Wine. মাত্রা ১—২ ড্রাম।

ক্রিয়া—বলকারক ও রক্তজনক। যে সকল ব্যক্তি অন্যান্য লৌহঘটিত ঔষধ সহ্যকরিতে অসমর্থ, তাহাদের পক্ষে ইহা বিশেষ উপযোগী। ইহার ক্রিয়া মৃদু বলিয়া শিশুদের পক্ষেও ব্যবস্থেয়।

আময়িকপ্রয়োগ—যুবতী স্ত্রীলোকদের নিরক্তাবস্থায় ক্লোরোসিস্, এনিমোবিয়া প্রভৃতি রোগ জন্মিলে ইহাদ্বারা উত্তম ফলপ্রাপ্ত হওয়াযায়; উক্ত রোগে ইহা ব্যবহারকালে পিল্ এলোজ্ এট্ মার্ ব্যবস্থা করিলে এবং উত্তম খাদ্য ও ব্যায়াম করিবার বন্দোবস্ত করিয়া দিলে, বিশেষ ফলদর্শে। শিশু এবং যুবকদিগের থাইসিস্ অর্থাৎ যক্ষ্মাকাশ রোগে ইহাদ্বারা উত্তম ফল পাওয়া যায়: ডাক্তার কটন্ (Dr. Cotton) বলেন যে, এই রোগে ষ্টিল্ ওয়াইন্ আহারের সহিত কিম্বা আহারের পরে দেওয়া উচিত। ডাং সার্ ডাব্লিউ জেনার Dr. Sir W. Jenner বলেন রিকেট্স্ (rickets) রোগে লৌহঘটিত ঔষধের মধ্যে ইহা সর্ব্বোৎকৃষ্ট। তিনি নিম্নলিখিত ব্যবস্থাপত্রে ব্যবহার করিতে উপদেশ দেন।

℞

Vinum Ferri f	ʒi—ʒii
Quininæ Sulph	gr. i
Acid Sulph dil	♏ i—ii
Aqua ad.	℥ss

m. ft. s. one dose thrice daily.

REMARKS ON THE USE OF THF SALTS OF IRON.

লৌহঘটিত লবণ সকলের ব্যবহার সম্বন্ধে মন্তব্য।

১। লৌহঘটিত ঔষধসমূহ সেবনকালে অম্লাক্তদ্রব্য সেবনকরা বিধেয় নহে; কারণ তাহাহইলে উভয়ের সংযোগে পাকাশয়ে অন্য কোন যৌগিক পদার্থ উৎপন্ন হইয়া বিশেষ ক্ষতি করিতেপারে এবং এরূপ করিলে লৌহ সেবনের কোন ফল পাওয়া যায় না।

২। লৌহঘটিতঔষধসকল বহুদিবসপর্য্যন্ত ব্যবহার না করিলে, তদ্দ্বারা বিশেষ কোন ফল দর্শেনা।

৩। বহুদিবসপর্য্যন্ত লৌহ ব্যবহারকরা আবশ্যক হইলে ১০। ১৫ দিন অন্তর ২। ১ দিন ঔষধব্যবহার স্থগিত রাখিয়া পুনরায় ব্যবহার করিবে। এরূপ করিলে, মলাদির (Alvine secretions) প্রকৃত অবস্থা জানা যাইতে পারে।

৪। লৌহ ঘটিত ঔষধ ব্যবহার কালে, মধ্যে মধ্যে বিরেচক ঔষধ প্রয়োগ করিলে উহাদের ক্রিয়া উত্তমরূপে প্রকাশ পাইয়াথাকে।

৫। হেমারেজ্ (রক্তস্রাব) বা যে কোন কারণেই এনিমিয়া (Anæmia) উৎপন্ন হউক না কেন, তাহাতে লৌহঘটিত উগ্রতর লবণসকল যেমন সাল্‌ফেট্ অথবা পারক্লোরাইড্ অব্ আয়রণ (Sulphate or Perchloride of iron) ইত্যাদি ব্যবহার করা কর্ত্তব্য। কিন্তু সামান্য দৌর্ব্বল্যে ইহার মৃদুতর প্রয়োগরূপ (যেমন এমোনিওসাইট্রেট্ বা পটাশিও টার্ট্রেট্ Ammonio-Citrate or Potassio Tartrate) ব্যবহার করা কর্ত্তব্য।

৬। লৌহঘটিত প্রয়োগরূপ ব্যবহার কালে ষ্টমাকের উত্তেজনা হইলে এক্‌ষ্ট্রাক্ট্ অব্ হাইওসায়েমাস্ কিংবা কোনিয়ম্ সহযোগে ব্যবহারকরিলে উহা নিবারিত হইয়া থাকে।

৭। যদি লৌহঘটিত কোন একটি লবণ ব্যবহার করিলে, তাহা সহ্য না হয় তাহা হইলে তদপেক্ষা মৃদুতর অপর একটি লবণ ব্যবস্থাকরা কর্ত্তব্য।

৮। লৌহ ব্যবহার কালে যদ্যপি ক্লোরাইড্ অব্ সোডিয়ম্ বা সাধারণ লবণ ব্যবহার করা যায়, তাহাহইলে শরীরে অধিক পরিমাণে লৌহ সঞ্চিত হয়, কিন্তু ঐ সময় সমপরিমাণে ক্লোরাইড্ অব্ পটাশিয়ম্ প্রয়োগ করিলে প্রায় সমস্ত লৌহই নিঃস্রবণ দ্বারা বহির্গত হইয়া যায়।

৯। লৌহঘটিত ঔষধসকল আহারের অব্যবহিত পরে সেবন করাই কর্ত্তব্য; কিন্তু চা পানকরিবার পরক্ষণেই সেবনকরা বিহিত নহে।

১০। লৌহের অধিকতর সঙ্কোচকঔষধ দ্বারা দন্তসকল কালবর্ণ ও ক্ষয় প্রাপ্ত হয়; অতএব ঔষধ ব্যবহারকালে যাহাতে উহা দন্তে না লাগে তজ্জন্য কাচের নল দ্বারা কিম্বা অন্য কোন উপায়ে সেবন করা কর্ত্তব্য।

১১। এনিমিয়া অর্থাৎ রক্তাল্পতা রোগে, রক্তের স্বাভাবিক অবস্থা প্রাপ্ত না হওয়া পর্য্যন্ত লৌহ ব্যবহার করা উচিত; কিন্তু তাহার পরে আরও ব্যবহার করিলে প্লেথোরা (Plethora) অর্থাৎ সর্ব্বাঙ্গিকরক্তাধিক্য হয় বলিয়া স্বভাবতঃ অপরিপাক এবং শারীরিক বৈরক্তি জন্মিয়া থাকে।

১২। লৌহঘটিতঔষধসকলের সহিত অল্প পরিমাণ লেমন্‌জুস্ (লেবুর রস) মিশ্রিত করিয়া ব্যবহার করিলে, সেবনজনিত কোন কষ্ট হয়না।

CONTRA-INDICATIONS OF IRON.

লৌহ ব্যবহার নিষিদ্ধ।

নিম্নলিখিত অবস্থায় লৌহঘটিতঔষধসকল প্রয়োগকরা নিষিদ্ধ; যথা—

১। সকল প্রকার প্রাদাহিক পীড়ায়,

২। কঞ্জেশ্চন্ Congestion অর্থাৎ স্থানিক রক্তাধিক্যে,

৩। প্লেথোরা Plethora অর্থাৎ সর্ব্বাঙ্গিক রক্তাধিক্যে,

৪। সেঙ্গুইন্ টেম্পারেমেণ্ট Sanguine temperament রক্তপ্রধানধাতু-বিশিষ্ট ব্যক্তিদিগকে।

লৌহঘটিত প্রয়োগরূপসকল।

ল্যাটিন্।	ইংরেজী।
ফেরাম্ রিডাক্টাম্	রিডিউস্‌ড্ আয়রণ্
Ferrum Redactum	Reduced Iron

মাত্রা—২—৬ গ্রেণ।

প্রয়োগরূপ—ট্রোচিসাই ফেরি রিড্যাক্টাই (Trochici ferri redacti)।

মাত্রা—১—৬ লোজেঞ্জিস্ (চাকি)।

প্রত্যেক লোজেঞ্জিসে (চাকিতে) ১ গ্রেণ রিডিউস্ড্ আয়রণ্ আছে।

ক্রিয়া—প্রবল হিমাটিনিক্ (Hæmatinic) অর্থাৎ রক্তজনক এবং টনিক্ (বলকারক)। ইহা পাকাশয়ে সহজে সহ্য হয়; কিন্তু কখন কখন ইহা সেবনের পর দুর্গন্ধময় সাল্‌ফিউরেটেড্ হাইড্রোজেন্ নামক উদ্‌বায়ুর উদ্‌গার হইয়া থাকে। ইহা সুস্বাদু বলিয়া শিশুদিগকে দেওয়া যাইতেপারে। ইহা সেবনে প্রায়ই কোষ্টবদ্ধ হয়না। ইহা ব্যালসম্ অব্ পেরুর সঙ্গে বটীকাকারে অথবা চূর্ণাকারে খাদ্যদ্রব্যের সঙ্গে প্রয়োগকরা যাইতে পারে।

আময়িকপ্রয়োগ—এনিমিয়া, ক্লোরোসিস্ এবং কোন কোন প্রকার এমিনোরিয়ারোগে ইহাও অন্যান্য লৌহঘটিত প্রয়োগরূপেরন্যায় সুফল প্রদান করে। পালাজ্বর (Ague) বশতঃ প্লীহা বৃদ্ধি হইলে ইহা ½ গ্রেণ হইতে ২ গ্রেণ মাত্রায় ব্যবহারকরিয়া উত্তমফল পাওয়া গিয়াছে। কোরিয়া রোগেও ইহা সুফলদায়ক।

ল্যাটিন্।	ইংরেজী।
ফেরি কার্ব্বনাস্ স্যাকারেটা	স্যাকারেটেড্ কার্ব্বনেট্ অব্ আয়রণ্
Ferri carbonas sacharata	Sacharated carbonate of iron

মাত্রা—৫—৩০ গ্রেণ।

প্রয়োগরূপ—(১)। মিশ্চুরা ফেরি কম্পোজিটা—Mistura ferri composita কম্পাউণ্ড মিক্শ্চার অব্ আয়রণ্।

ইহাকে গ্রিফিথ্স্ মিক্শ্চার Griffith's mixture কহে। মাত্রা—১—২ আউন্স।

২। পাইলিউলা ফেরি কার্ব্বনেটিস্ (Pilula ferri Carbonatis) পিল্ অব্ কার্ব্বনেট্ অব্ আয়রণ্। মাত্রা—৫—২০ গ্রেণ।

ক্রিয়া—২। রক্তসংস্কারক ও বলকারক।

আময়িক প্রয়োগ—কার্ব্বনেট্ অব্ আয়রণ্ এনিমিক্ এমিনোরিয়া অর্থাৎ ঋতুবন্ধের সহিত রক্তাল্পতা থাকিলে গ্রিফিথ্স্ মিক্শ্চার আকারে বহুল-পরিমাণে ব্যবহৃতহয়। রক্তাল্পতা বশতঃ মাইগ্রেণ্ (Migraine) রোগ হইলে

১০—২০ গ্রেণ মাত্রায় সেকারেটেড্‌ কার্ব্বনেট্‌ অব্‌ আয়রণ্‌ দিবসে ৩ বার ব্যবহার করিলে বিশেষ উপকার দর্শে। যদি নিরক্তাবস্থারসহিত হেবিচুয়েল্‌ কনষ্টিপেশন্‌ (স্বাভাবিক কোষ্ঠবদ্ধতা) বর্ত্তমান থাকে, তাহাহইলে কার্ব্বনেট্‌ অব্‌ আয়রণ্‌ বিশেষ উপকারী।

ল্যাটিন্‌।	ইংরেজী।
ফেরি আইয়োডাইডাম্‌	আইয়োডাইড্‌ অব্‌ আয়রণ্‌
Ferri Iodidum	Iodide of iron

এই ঔষধ পৃথক্‌রূপে ব্যবহৃত হয় না; কিন্তু ইহার নিম্নলিখিত প্রয়োগরূপ দুইটি সচরাচর ব্যবহৃত হইয়া থাকে।

প্রয়োগরূপ—(১) সিরাপাস্‌ ফেরি আইয়োডিডাই।

Syrupus ferri Iodidi সিরাপ্‌ অব্‌ আইয়োডাইড্‌ অব্‌ আয়রণ্‌।

মাত্রা—½—১ ড্রাম; ইহার ১ ড্রামে ৪·৩ গ্রেণ আইয়োডাইড্‌ অব্‌ আয়রণ্‌ আছে।

২। পাইলিউলা ফেরি আইয়োডিডাই।

Pilula ferri Iodidi পিল্‌ অব্‌ আইয়োডাইড্‌ অব্‌ আয়রণ্‌।

মাত্রা—৩—৮ গ্রেণ। এই পিলের প্রায় ৩½ গ্রেণে ১ গ্রেণ পরিমাণ আইয়োডাইড্‌ অব্‌ আয়রণ্‌ আছে।

ক্রিয়া—রক্তজনক, বলকারক, রজোনিঃসারক ও পরিবর্ত্তক।

ইহাতে লৌহ এবং আইয়োডিন্‌ এই উভয়েরই গুণ বর্ত্তমান আছে বলিয়া ইহা একটি লৌহঘটিত উৎকৃষ্টঔষধ। ইহাঁর সিরাপই বহুলপরিমাণে ব্যবহৃতহয়।

আময়িকপ্রয়োগ—স্ক্রফিউলোসডিজিজেস্‌ অর্থাৎ গণ্ডমালাধাতুসম্বন্ধীয় ব্যাধিতে, বিশেষতঃ ইহার সহিত এনিমিয়া বর্ত্তমান থাকিলে আইয়োডাইড্‌ অব্‌ আয়রণের প্রয়োগরূপ ব্যবহৃতহয়; কারণ আইয়োডিনের যে অবসাদক গুণ আছে, তাহা লৌহের বলকারক ক্রিয়াদ্বারা সামঞ্জস্য রক্ষাকরে। যদিও ইহা থাইসিস্‌ (Phthisis) অর্থাৎ যক্ষাকাশে স্পেসিফিক্‌ নহে; তথাপি ইহাদ্বারা উক্ত রোগে বিশেষ ফলদর্শে; এই পীড়ায় ইহা সচরাচর কড্‌লিভার অয়েলের সহিত প্রয়োগ করা যায়।

রিউমেটয়েড্ আর্থ্রাইটিস্ রোগে, বিশেষতঃ যখন বিছানার উত্তাপে সন্ধিস্থলের বেদনা বৃদ্ধি হয়, তখন ইহা ব্যবহার্য্য। দুর্ব্বল শরীরে সার্ব্বাঙ্গিক উপদংশরোগ হইলে ইহাদ্বারা উপকার দর্শিয়া থাকে।

ক্রণিক্ হাইড্রোকেফেলাস্ (Chronic Hydrocephalus) রোগে কড্‌লিভার অয়েলের সহিত সিরাপ্ ফেরি আইয়োডাইড্ ব্যবহার করিলে বিশেষফল প্রাপ্ত হওয়াযায়।

স্ক্রফিউলারোগগ্রস্থ স্ত্রীলোকদিগের এমিনোরিয়া এবং ডিস্‌মিনোরিয়া রোগে সিরাপ্ ফেরি আইয়োডাইড্ বিশেষ উপকারী।

ডাং জে বার্ক্লে (Dr. J. Barclay) ইন্‌কন্টিনেন্স অব্ ইউরি রোগে সিরাপ্ ফেরি আইয়োডাইড্ কে সর্ব্বোৎকৃষ্টঔষধ মনে করেন। তিনি ২৫—৩০ মিনিম মাত্রায় দিবসে ৩ বার আহারেরপর ব্যবস্থাকরিয়া থাকেন।

ল্যাটিন্।	ইংরেজী।
ফেরি সাল্‌ফাস্	সাল্‌ফেট্ অব্ আয়রণ্
Ferri sulphas	Sulphate of iron

ইহাকে বাঙ্গালায় হীরাকষ বলে।

মাত্রা ১—৫ গ্রেণ।

প্রয়োগরূপ—(১) ফেরি সাল্‌ফাস্ এক্সিকেটা Ferri sulphas Exsiccata.

মাত্রা—½—৩ গ্রেণ।

২। ফেরি সাল্‌ফাস্ গ্রেনুলেটা Ferri sulphas granulata.

মাত্রা—১—৫ গ্রেণ।

ক্রিয়া—ইহার স্থানিকক্রিয়া সঙ্কোচক। আভ্যন্তরিকপ্রয়োগে হিমাটিনিক্ (রক্তজনক), টনিক্ (বলকারক), এণ্টিপিরিয়ডিক্ (পর্য্যায় নিবারক), এমেনেগগ্ (রজোনিঃসারক) এবং এন্থেলমিণ্টিক্ (ক্রিমিনাশক)। ইহা অধিকমাত্রায় ইরিটেণ্টপয়জনের (উগ্রবিষের) ন্যায় ক্রিয়া করে।

ইহা বাহ্যিকপ্রয়োগে ডিসিন্‌ফেক্টেণ্ট্ অর্থাৎ দুর্গন্ধনাশক। ২ পাউণ্ড হীরাকষ (Ferri sulph) পায়খানায় (Privy) ছড়াইয়াদিলে দুই দিনের মধ্যে তথাকার দুর্গন্ধ টেরপাওয়া যায় না। ইহা কখন কখন এণ্টিডোট্ (বিষঘ্ন)

স্বরূপ। কেল্সাইণ্ড্মেগ্নেসিয়া Calcined magnesia, এনিমেল্চারকোল্ Animal charcoal অর্থাৎ জান্তব অঙ্গার,এবং জলের সহিত মিশ্রিত করিয়া আর্সেনিক, জিঙ্ক, ডিজিটেলিস্ ইত্যাদি প্রয়োগরূপদ্বারা বিষাক্ত হইলে ব্যবহৃত হইয়া থাকে।

আময়িকপ্রয়োগ—এনিমিয়ারোগে, সাল্ফেট্ অব্ আয়রণ্ উৎকৃষ্ট ঔষধ; ইহা পিল্ আকারে একষ্ট্রাক্ট অব্জেন্শিয়েন্ সহযোগে দেওয়া যাইতে পারে। কিম্বা কম্পাউণ্ড রুবার্ব্ব বা এলোজ্পিল্ ইত্যাদি বিরেচক ঔষধেরসহিত ব্যবহৃত হয়। ক্লোরোসিস্রোগে, সাল্ফেট্ অব্ আয়রণ্ এবং এলোজ্ বিশেষ উপকারী। এন্লার্জ্জমেণ্ট্ অব্ স্প্লিন্ (প্লীহা বর্দ্ধিত) হইলে সাল্-ফেট্ অব্ আয়রণ্ অত্যন্ত উপকারী। নিম্নলিখিত ব্যবস্থানুরূপ প্রয়োগ করিলে উত্তমফল পাওয়াযায়। যথা—

SPLEEN MIXTURE স্প্লিন্ মিক্শ্চার।

℞

Quininæ Sulph gr. xii
Acid Sulph dil ʒjs
Mag. Sulph ℥vi
Tinct Zingiberis ʒii
Ferri Sulph gr. vi-xii
Aqua ad ℥vi
M. ft mixture. , dose ℥i 3 times a day.

ইহা পাউডার আকারেও ব্যবহার করা যাইতে পারে; যথা—

℞

Quininæ Sulph gr. ii
Ferri Sulph gr. i
Pulv Rhei gr. iii
Pulv Zingiberis gr. iv
M. ft. Pulv 1, one powder 3 times a day.

ডাং ক্রুভেলিয়ার (Dr. Cruveilhier) বলেন যে, প্লীহার পুরাতনপ্রদাহ chronic splenitis এবং প্লীহা বেশীপরিমাণেবর্দ্ধিত Hypertrophy of the Spleen হইলে সাল্‌ফেট্ অব্ আয়রণ্ বিশেষউপকারী; প্লীহাদ্বারা পেটের ½ কি ⅔ অংশপর্য্যন্ত আক্রান্তহইলেও তিনি প্রত্যহ ৬ হইতে ১০ গ্রেণ মাত্রায় সাল্‌ফেট্ অব্ আয়রণ্ বিরেচকঔষধসহযোগে প্রয়োগ করিয়া সন্তোষজনক ফল পাইয়াছেন।

প্রায় ৫০ বৎসর যাবত ভারতবর্ষে উল্লিখিত পীড়ায় নিম্নলিখিত "শূলব্রেড্‌স্ পাউডার" Shoolbred's Powder" নামক যে ঔষধ বিখ্যাত আছে। সালফেট্ অব্ আয়রণই ইহার বেসিস্ বা মূলঔষধ।

℞

Pulv. Jalapæ
,, Rhei
,, Calumbæ
Potas Bitart āā ℨi
Ferri Sulph gr. xxx
M. ft. pulv. Dose, sufficient to open the bowels three or four times daily.

ডাং ওয়েরিং Dr. Waring বলেন যে, ইহার এণ্টিপিরিয়ডিক্ (পর্য্যায় নিবারক) গুণ আছে; এবং তিনি, ইণ্টারমিটেণ্ট ফিবারের (Intermittent fever) ইণ্টারমিশন্ (intermission) অর্থাৎ বিরামকালে ৮—১০ গ্রেণ (কঠিনাবস্থায় ২০ গ্রেণ পর্য্যন্তও দেওয়া যাইতেপারে) মাত্রায় প্রত্যহ একষ্ট্রাক্ট অব্ হাইওসায়েমাসের সঙ্গে বটিকাকারে অথবা ইনফিউশন্ অব্ কোয়াসিয়ার সহিত দ্রবণীয় অবস্থায় বিভাজিত মাত্রায় (divided doses) ব্যবহার করিয়া বিশেষফল প্রাপ্ত হইয়াছেন। রোগী এনিমিক অর্থাৎ রক্তাল্পতাযুক্ত হইলে এবং তাহার প্লীহা বর্দ্ধিত থাকিলে ইহাদ্বারা বিশেষফল দর্শিয়া থাকে; ঐ সময় লঘুপথ্য আহার ও কোষ্টপরিষ্কার রাখা উচিত এবং অম্লজিনিষ ভক্ষণ নিষিদ্ধ; কুইনাইন্ Quinine দ্বারা উপকার নাহইলে কখন কখন ইহাদ্বারা উপকার হইয়াথাকে।

এমিনোরিয়া এবং লিউকোরিয়ারোগে ইহা বিশেষউপকারী। এই পীড়ায় ডাং ওয়েষ্ট নিয়লিখিত ব্যবস্থাপত্র ব্যবহার করিতে উপদেশ দেন ; যথা ;—

℞

Ferri Sulph gr. ix
Magnes Sulph ʒiii
Acid Sulph dil ʒss
Syr. Aurant ʒiv
Aqua Carui ad ℥vi
M. ft. mixture S. ℥i to be taken twice daily.

ডিসমেনোরিয়া ও এমিনোরিয়ারোগে ফেরি সাল্‌ফ্, মার্, এলোজ্,এসাফিটিডা এবং উলটক্‌ম্বলগাছের শিকরের বল্কল প্রত্যেকে ১ গ্রেণ করিয়া লইয়া বটিকা প্রস্তুত করতঃ দিবসে ৩ বার ব্যবহার করিলে উত্তমফল পাওয়াযায়।

প্রদাহবিহীনঅর্শ (Piles) রোগের সহিত অধিকপরিমাণ রক্তস্রাব বর্ত্তমানথাকিলে সাল্‌ফেট্ অব্ আয়রণ্ ২ গ্রেণ, একআউন্স জলেরসহিত মিশ্রিতকরিয়া প্রত্যহ পিচ্‌কারীদ্বারা গুহ্যদ্বারে প্রয়োগ করিলে বিশেষউপকার দর্শে। প্রল্যাপ্‌সাস্ অব্ দি রেক্‌টাম্ (গুহ্যভ্রংশ) রোগে ও উক্তপ্রকার পিচ্‌কারী দ্বারা ফল পাওয়া যায়। জরায়ুরক্যান্‌সার্ (কর্কট) রোগে যোনিদ্বারদিয়া ইহার লোশন (১—১½ ড্রাম, ১ পাইন্ট জল) পিচ্‌কারীদ্বারা ব্যবহার করিলে, জরায়ুর স্রাবের পরিমাণ ও দুর্গন্ধ কম হয়। ইরিসিপেলাস্ (Erysipelas) রোগে ডাং ভেলপো (Dr. Velpeau) সাল্‌ফেট্অব্ আয়রণ্ সলিউশন্ (১ ড্রাম, ১ পাইন্ট জল) প্রদাহিতস্থানে প্রয়োগ করিয়া উত্তমফল প্রাপ্তহইয়াছেন। তিনি আরও বলেন যে, সাল্‌ফেট্ অব্ আয়রণ্ অয়েণ্টমেণ্ট (২ ড্রাম ১ আউন্স চর্ব্বিরসহিত) আকারে প্রয়োগ করিলে ও বিশেষফল পাওয়াযায়; কিন্তু উহার সলিউশনের ন্যায় উপকার দর্শেনা।

℞

Magnesii Sulphatis	℥ii
Ferri Sulphatis	gr. xxiv
Acidi Sulpharici diluti	ʒii
Infusi Columbæ ad	℥viii

M. ft. mixtura S. ℥i to be taken every morning.

ইহা কোষ্টবদ্ধরোগে উপকারী। ইহার নাম ফেরিউজিনাস্‌এপিরিয়েণ্ট Ferruginous aperient অর্থাৎ লৌহঘটিত বিরেচক ঔষধ।

ল্যাটিন্।	ইংরেজী।
ফেরি আর্সিনিয়াস্।	আর্সিনিয়েট্ অব্ আয়রণ্।
Ferri Arsenias	Arseniate of Iron

মাত্রা—১/১৬—১/৮ গ্রেণ।

ক্রিয়া—অল্টারেটিভ্ (পরিবর্ত্তক) এবং টনিক্ (বলকারক)। ইহাতে লৌহ এবং আর্সেনিক উভয় ধাতুরই গুণবর্ত্তমান আছে।

আময়িকপ্রয়োগ—এনিমিয়া সংযুক্ত বিবিধচর্ম্মরোগে ইহা ব্যবহৃতহয়; যেমন এলিফেণ্টাইয়েসিস্ (Elephantiasis), একজেমা (Eczema), সোরা-ইয়েসিস্ Psoriasis এবং লেপ্রা (Lepra) ইত্যাদি।

ল্যাটিন্।	ইংরেজী।
ফেরি ফস্ফাস্।	ফস্ফেট্ অব্ আয়রণ্।
Ferri Phosphas	Phosphate of Iron

মাত্রা—৫—১০গ্রেণ।

প্রয়োগরূপ—সিরাপাস্ ফেরি ফস্ফেটিস্ Syrupus ferri phosphatis সিরাপ্ অব্ ফস্ফেট্ অব্ আয়রণ্ Syrup of Phosphate of Iron মাত্রা—১—২ ড্রাম। ইহার ১ ড্রামে ১ গ্রেণ ফস্ফেট্ অব্ আয়রণ্ আছে। এতদ্ব্যতীত ফস্ফেট্ অব্ আয়রণ্ সংযুক্ত আরও কতকগুলি ঔষধ সচরাচর বাজারে বিক্রয় হইয়া থাকে। যথা—

১। পেরিশেস্ ক্যামিকেল্ ফুড্ (Parrish's Chemical Food)। মাত্রা—১ ড্রাম।

ইহার একড্রামে ফস্ফেট্ অব্ আয়রণ্ ১ গ্রেণ, ফস্ফেট্ অব্ লাইম্ ২½ গ্রেণ এতদ্ব্যতীত অল্প পরিমাণে ফস্ফেট্ অব্ সোডিয়ম্ এবং পটাশিয়ম্ও আছে। ইহার অপরনাম কম্পাউণ্ড সিরাপ্ অব্ ফস্ফেট্ অব্ আয়রণ্।

২। ইষ্টন্স্সিরাপ্ (Easton's syrup)

মাত্রা ১ ড্রাম। ইহার একড্রামে ফস্ফেট্ অব্ আয়রণ্ ১ গ্রেণ, ফস্ফেট্ অব্ কুইনাইন্ ১ গ্রেণ এবং ফস্ফেট্ অব্ ষ্ট্রীকিনিন্ ১/৩২ গ্রেণ আছে। ইহার অপর নাম ট্রিপ্‌ল্ ফস্ফেট্।

ক্রিয়া—রক্তজনক, বলকারক ও পরিবর্ত্তক।

আময়িকপ্রয়োগ—যুবতী স্ত্রীলোকদিগের এ্যাটনিক্ ডিস্‌পেপ্‌সিয়া (Atonic dyspepsia) বিশেষতঃ নিবক্তাবস্থায় প্যারিশেস্‌ক্যামিকেল্ ফুডের ন্যায় অতিঅল্প ঔষধই আছে। ইহা ১ড্রাম মাত্রায় দিবসে ২। ৩ বার আহারের সময় কিম্বা তৎপরে সেবনকরা বিধেয়। শিশুদিগের দুর্ব্বলাবস্থায় এবং টেবিস্‌মেসিণ্টিরিকা ইত্যাদিরোগে ইহা বিশেষউপকারী। ইহা পৃথক্‌রূপে কিম্বা কড্‌লিভার অয়েলের সহিত ব্যবহৃতহয়। রিকেট্‌স্ নামকব্যাধিতে ইহা ব্যবহারকরিলে কোমলঅস্থিসকল দৃঢ় হইয়াথাকে। ডাং এফ্ চারচিল (Dr. F. Churchill) বলেন যে, সিরপ্‌স্ অব্ হাইপোফস্ফাইট্ দ্বারা ইহা অপেক্ষা অধিকউপকারদর্শে।

ডাং, জি, জন্‌সন্ (Dr. G. Johnson) বলেন যে, ব্রাইটস্‌ডিজিজে সিরাপ্ অব্ দি ফস্ফেট্ ১ড্রাম মাত্রায় দিবসে ২। ৩ বার ব্যবস্থা করিলে, টিংচার ফেরি পার্ ক্লোরাইডের ন্যায় উপকার দর্শে। গণ্ডমালা রোগগ্রস্থ শিশুদের ব্লাডারের উত্তেজনা বশতঃ ইনিউরেসিস্ (ফোটা ফোটা মূত্রত্যাগ) রোগে ১ টিস্পুনফুল মাত্রায় প্যারিসেস্ কেমিকেলফুড্ অল্প জলের সহিত দিবসে ২ বার প্রয়োগ করিলে বিশেষ উপকার দর্শে।

ল্যাটিন।	ইংরেজী।
ফেরি প্যারক্সাইডাম্ হাইড্রেটাম্	হাইড্রেটেড্ প্যারক্সাইড্ অব্ আয়রণ্
Ferri Peroxidum Hydratum.	Hydrated Peroxide of Iron.

মাত্রা ১—৩০ গ্রেণ।

প্রয়োগরূপ—এম্‌প্ল্যাষ্ট্রাম্ ফেরি Emplastrum Ferri অর্থাৎ ক্যালিবিয়েট্ প্লাষ্টার।

ক্রিয়া—রক্তসংস্কারক, কৃমিনাশক, রজোনিঃসারক ও বলকারক। গুড় কিম্বা মধুর সহিত মিশ্রিত করিয়া প্রয়োগকরিলে ভাল হয়। প্লাষ্টার আকারেও ইহা ব্যবহৃত হইয়া থাকে। কিন্তু বাহ্যিক প্রয়োগে ইহাদ্বারা কোন উপকার হয় কিনা সন্দেহ। ইহা লৌহের একটি মৃদুপ্রয়োগরূপ।

আময়িকপ্রয়োগ—অধিকমাত্রায় এবং অনেকদিন লৌহ প্রয়োগ করিবার আবশ্যক হইলে, ইহা প্রয়োজিত হয়। এনিমিয়া সংযুক্ত টিক্‌ডলরো Tic douloureux এবং অন্যান্য প্রকার নিউর‍্যালজিয়া (স্নায়ুশূল) রোগে ইহা ব্যবহৃত হয়। এটনিক্ এমিনোরিয়া রোগে এলোজের সহিত এবং ক্লোরোসিস্ রোগে স্পিরিট্ এমোনিয়া এরোমেটিকের সহিত প্রয়োগ করিলে বিশেষ উপকারদর্শে।

ল্যাটিন্।	ইংরজী।
লাইকার্ ফেরি ডায়েলাই সেটাস্	সলিউশন্ অব্ ডায়েলাইজড্ আয়রণ্।
Liquor Ferri Dialysatus	*Solution of Dialysed Iron*

মাত্রা ১০—৩০ মিনিম্।

ইহা আস্বাদবিহীন, অতিঅল্প ধারকগুণবিশিষ্ট, ইহাতে দন্তের কোন ক্ষতি হয় না। ইহার ক্রিয়া মৃদু; এজন্য ইহা লৌহঘটিত একটি উত্তম ঔষধ; ইহা কখন ও কোন ঔষধের সহযোগে ব্যবহৃত হয়না। আর্সেনিক দ্বারা বিষাক্তহইলে ইহা উত্তম এণ্টিডোট্ অর্থাৎ বিষঘ্নের ন্যায় ক্রিয়াকরে। উক্ত ঔষধদ্বারা বিষাক্ত হইলে তৎক্ষণাৎ ইহার ১ টিস্পুনফুল্ মাত্রা প্রয়োগ করিবে; এবং আবশ্যকমত ব্যবহার করিতেথাকিবে।

ল্যাটিন্।	ইংরেজী।
লাইকার্ ফেরি পার্ ক্লোরিডাই ফর্শিয়র।	ষ্ট্রং সলিউশন্ অব্ পার্‌ক্লোরাইড্ অব্ আয়রণ্।
Liquor Ferri Percloridi Fortior.	Strong Solution of Perchloride of Iron.

১। প্রয়োগরূপ—

লাইকার্ ফেরি পার্ ক্লোরিডাই সলিউশন্ অব্ পার ক্লোরাইড্ অব্ আয়রণ্।
Liquor Ferri Percloridi Solution of Perchloride of Iron

মাত্রা ১০—৪০ মিনিম; জল কিংবা সিরাপ্ সহযোগে সেবনীয়।

ক্রিয়া—রক্তসংস্কারক প্রবলসঙ্কোচক এবং রক্তরোধক। কেহ কেহ বলেনযে, ইহা সর্ব্বোৎকৃষ্ট হিমোষ্টেটিক্ Hæmostatic অর্থাৎ রক্তরোধক ঔষধ।

আময়িকপ্রয়োগ—নিভাস্‌রোগে ইহার পিচকারী দ্বারা বিশেষ উপকার দর্শে; কারণ ইহা আক্রান্ত রক্তবহানাড়ীর মধ্যস্থিত রক্তকে সংযত করিয়া উক্ত রক্তবহানাড়ী দিগকে রুদ্ধকরে। কিন্তু মুখমণ্ডল, চক্ষুগহ্বর এবং গলায় উক্তপীড়া হইলে. উহা ব্যবহার করা অনুচিত; কারণ তাহা হইলে শ্বাসরোধ উৎপন্ন হইয়া বিপদ ঘটিতে পারে।

হস্‌পিট্যাল্‌গ্যাংগ্রিন্‌রোগে বাহ্যিকপ্রয়োগ করিলে অন্যান্য মিনারেল্ এসিড্ অপেক্ষা ইহাতে (Solution of Perchloride of Iron) বিশেষ উপকার দর্শে। উক্তপ্রকার প্রয়োগদ্বারা. যদিও প্রথমে অত্যন্ত বেদনা হয়, তথাচ উহা শীঘ্র তিরোহিত হইয়া থাকে।

পোষ্টপার্টাম্ হেমারেজ্ (Post-partum Hæmorrhage)অর্থাৎ প্রসবান্তে জরায়ুহইতে যে রক্তস্রাব হয়, তাহা নিবারণার্থ ডাং আর্ বার্নেস্ (Dr. R. Barnes) ১০ আউন্স ষ্ট্রং সলিউশন্ অব্ পার্‌ক্লোরাইড অব্ আয়রণ (Strong solution of Perchloride of Iron) ৩০আউন্স জলসহযোগে যোনিদ্বারদিয়া জরায়ুগহ্বরে পিচকারীদিতে উপদেশ দেন; কিন্তু ঐ সময় সাবধান হইবে যেন, পিচকারীদ্বারা বায়ু প্রবেশ না করে। ইহা হিগিন্‌সন্‌স্ পিচকারী (Higginson's Syringe) দ্বারা প্রয়োগ করিতে হয়। জরায়ুর ক্যান্সার্, ফাইব্রয়েড্‌টিউমার্ ও পলিপাস্‌জনিত রক্তস্রাব নিবারণার্থ পার্‌ক্লোরাইড্ অব্ আয়রণ (Perchloride of Iron) প্রয়োগ করিলেও বিশেষ উপকার হয়; লেট্, সার্ জে, সিম্‌সন্ (Late. Sir J. Simpson) উহা গ্লিসিরিণ্ সহিত মিশ্রিত করিয়া আক্রান্তস্থানে প্রয়োগ করিতে উপদেশদেন।

লেরিঞ্জিয়েল্ থাইসিস্‌রোগে ডাং এম্ মেকেঞ্জি (Dr. M. Mackenzie) পার্‌ক্লোরাইড্ অব্ আয়রণ্ (১ ড্রাম, ১ আঃ জলে) স্থানিক প্রয়োগ করিতে

উপদেশ দেন; তাহাতে আক্রান্ত শ্লৈষ্মিকঝিল্লীর উত্তেজনা স্থগিত হইয়া কাশি নিবারিত হয়।

তিনি আরও বলেন যে, টন্‌সিল বৃদ্ধি হইলে উহার ১ কি ২ ড্রাম, ১ আঃ জলের সহিত মিশ্রিত করিয়া আক্রান্ত স্থানে প্রত্যহ দুইবার প্রয়োগ করিলে উত্তমফল পাওয়া যায়।

২। টিংচুরা ফেরি পার্ ক্লোরিডাই। টিংচার অব্ পার ক্লোরাইড্ অব্ আয়রণ্।

Tinctura Ferri Perchloridi. Tincture of Perchloride fo Iron.

মাত্রা ১০—৩০ মিনিম।

ক্রিয়া—রক্তজনক, বলকারক, সঙ্কোচক এবং মূত্রকারক।

ইহা লৌহের একটি প্রবলপ্রয়োগরূপ, এবং উপরোক্ত ক্রিয়া জন্য লৌহ প্রয়োগ করিবার আবশ্যক হইলে, ইহাই ব্যবহৃত হয়। ইহা বাহ্যিক প্রয়োগে দাহক; এজন্য ইহা আঁচিল প্রভৃতি রোগে ব্যবহৃত হয়; এবং ষ্টিপ্‌টিক্ অর্থাৎ রক্তরোধক বিধায়, অনিয়মক্ষতস্থান হইতে রক্তস্রাব হইলে ব্যবহৃত হইয়া থাকে। বেশী মাত্রায় ইরিটেণ্টপয়জনের ন্যায় কার্য্য করে।

আময়িকপ্রয়োগ—ছেলেদিগের ইন্‌কণ্টিনেন্স্ অব্ ইউরিন্ (ফোঁটা ফোঁটা মূত্রত্যাগ) রোগে ইহা কখন কখন বিশেষউপযোগী। ডাক্তার ওয়েষ্ট্ ইহা ৩—১০ মিনিম মাত্রায়দিবসে ৩ বার একক বা কয়েক ফোঁটা টিংচার অব্ হেন্‌বেন্ সহযোগে ব্যবহারকরিয়া অন্যান্য ঔষধাপেক্ষা বিশেষ ফল লাভ করিয়াছেন। দুর্ব্বলব্যক্তিদিগের কিড্‌নিজ (বৃক্ক), জরায়ু ও মূত্রাশয় হইতে মৃদুআকারের রক্তস্রাব Atonic Hæmorrhage হইলে ১০—২০ মিনিম মাত্রায় দিবসে কয়েক বার ব্যবস্থা করিলে উত্তমফল প্রাপ্ত হওয়া যায়। টাইফয়েড্ ফিভারে অন্ত্র হইতে রক্তস্রাব হইলে সচরাচর ইহা দ্বারা বিশেষ ফল পাওয়া যায়।

লিউকোরিয়া অর্থাৎ শ্বেতপ্রদর, ক্লোরোসিস্ এবং ডিস্ মেনোরিয়া ব্যাধিতে ইহাদ্বারা বিশেষ ফললাভের আশাকরাযায়। মূত্রাশয়ের প্রদাহ বশতঃ ইহার উত্তেজনা হইলে, ডাক্তার ওয়েষ্ট (Dr. West) টিংচার অব্ পার্‌ক্লোরাইড্

অব্ আয়রণ্ ১৫—২০ মিনিম মাত্রায় দিবসে ৩।৪ বার প্রয়োগ করিতে পরামর্শ দেন; এবং শয়নকালে ⅛ হইতে ¼ গ্রেণ মাত্রায় মর্ফিয়া ও সেবন করিতে বলেন।

গনোরিয়া অর্থাৎ প্রমেহ রোগের একিউট অবস্থা গত হইয়া ডিশ্চার্জ্জ (স্রাব) বন্ধ না হওয়া প্রযুক্ত গ্লিটে পরিণত হইতে আরম্ভ করিলে ১৫—২০ মিনিম মাত্রায় দিবসে ৩ বার প্রয়োগ করিলে, অবার্থ ফল পাওয়াযায়। স্বপ্নদোষ রোগে শয়নকালে ১ ড্রামমাত্রায় ইহা সেবনকরিলে কখন কখন সুফল প্রাপ্ত হওয়া যায়।

ব্রাইট্‌স্‌ডিজিজে (Bright'sDisease) বিশেবতঃ তৎসহ এনিমিয়া থাকিলে ইহা ব্যবহৃত হয়। থাইসিস্ অর্থাৎ যক্ষাকাশ রোগে ইহা উত্তম ঔষধ। ইহা ব্যবহারে উদরাময় উপশমিতহয়। রাত্রিকালীন ঘর্ম্ম এবং রক্তকাশ বন্ধ হয়। অধিকন্তু অন্ত্রে বলবিধান করিয়া কোষ্টবদ্ধ হইতে দেয় না।

ইরিসিপেলাস্‌রোগে ইহা একটি অমোঘ ঔষধ। উক্ত রোগে ইহাকে স্পিসিফিক্ বলিলেও অত্যুক্তি হয় না; ইহা নিশ্চয়ই বলা যায় যে, ইহাদ্বারা যেরূপ উপকার লাভকরা যায়, অন্য কোন ঔষধে সেরূপ ফল পাওয়াযায় না। ডাক্তার রাসেল্ রেনল্ডস (Dr. Russel Reynolds) উক্ত ব্যাধিতে প্রত্যেক ঘণ্টায় ৪০ মিনিম মাত্রায় এই ঔষধ প্রয়োগ করিতে বিধিদেন। তিনি নিম্ন-লিখিত ব্যবস্থাপত্র ব্যবহার করিতেও উপদেশ দিয়া থাকেন।

℞

Tinct. Ferri Perchloridi		
Spt. Chloroformi		
Glycerini	āā	mxl
Aqua	ad	℥jss

M. To be taken every 4 hours

আভ্যন্তরিক প্রয়োগের সঙ্গে টিংচার্‌ফেরি পার্ ক্লোরাইড্ দুইবার করিয়া প্রাদাহিক্ স্থানে বাহ্যিক প্রয়োগ করিলে আরও উপকার দর্শিয়া থাকে। ইহা পিউয়ার্‌পিরাল্ ফিভার অর্থাৎ সুতিকা-জ্বরে এবং ইন্‌ফ্যান্টাইল্-ইরিসিপেলাস্ রোগে ব্যবহার্য্য। স্কার্লেট্-ফিভারের বর্দ্ধিতাবস্থায় বিশেষতঃ

ইহার সহিত প্রস্রাবে রক্ত এবং এল্‌বিউমেন্‌ বর্ত্তমান থাকিলে উক্ত ঔষধদ্বারা অতি-আশ্চর্য্য ফলদর্শে।

নানা প্রকার হৃদ্‌পিন্দের ব্যাধিতে (Cardiac affections) যেমন ফ্যাটি ডিজেনারেশন্‌ অব. দি হার্ট (হৃদয়ের মেদাপকৃষ্টতা,) ক্রনিক্‌ ভ্যাল্‌ভিউলার-ডিজিজ, প্যালপিটেশন্‌ (হৃদ্‌কম্প) এবং কার্ডিয়েক্‌ড্রপসি ইত্যাদি রোগে ইহা সুন্দর রূপে কার্য্য করে। এই রোগে নিম্নলিখিত ব্যবস্থাপত্র দ্বারা উত্তম ফল প্রাপ্ত হওয়া যায়।

℞

Tinct Ferri Perchlor		mx
,, Digitalis		mv
Inf quassia	ad	℥j

M. ft. S. to be taken three times daily.

ডিপ্‌থিরিয়ারোগে ইহা অতীব উপকারী ; ইহার আভ্যন্তরিক প্রয়োগের সহিত আক্রান্তস্থানে সম পরিমাণ গ্লিশিরিণ্‌ সহযোগে বাহ্যিক প্রয়োগ করিলে উত্তম ফল দর্শে। পার্‌পিউরা হেমরেজিকা রোগে ইহা উত্তমঔষধ। ইহা ব্যবহারে রক্তস্রাব বন্ধ হইয়া থাকে ; এবং কয়েকদিন ব্যবহার করিলে রোগ একবারে আরোগ্য হইয়া যায়।

এপিষ্টাক্‌সিস্‌ (নাসিকা হইতে রক্তস্রাব) রোগে ইহার পিচকারী (॰½—১ ড্রাম, ৬ আউন্স জলে) নাসারন্ধ্রেরভিতর প্রয়োগ করিলে রক্তস্রাব বন্ধ হইয়া যায়। জলৌকা এবং দন্ত উৎপাটন জনিত রক্তস্রাবেও উহা উত্তম রক্তরোধকঔষধ মধ্যে গণ্য। ভিনিরিয়েল ওয়ার্টস্‌ (উপদংশজানত আঁচিল) রোগে ইহা স্থানিকপ্রয়োগ করিলে কষ্টিকের ন্যায় কার্য্য করিয়া উহাদিগকে নষ্টকরে।

ক্ষত স্থানের অপর্য্যাপ্ত পূযাদি নিবারণ জন্য টিংচারষ্টিল্‌ প্রয়োগ করিলে উপকারদর্শে। রেকটম্‌ (সরলান্ত্র) মধ্যে থ্রেড-ওয়ারমস্‌ (সূত্রবৎ কৃমি) জন্মিলে ইহার পিচকারী (২ আং, ১০ আং জল) স্থানিক প্রয়োগ করিলে উহারা নষ্ট হইয়া যায়। একিউট্‌ রিউমাটিজম্‌ রোগে ইহা অধিকমাত্রায় প্রয়োগ করিলে জ্বর ও সন্ধিস্থানের বেদনা শীঘ্র উপশমিত হইয়া থাকে।

ল্যাটিন্।	ইংরেজী।
লাইকর্ ফেরি পার্ নাইট্রেটিস্।	সলিউশন্ অব্ পার্নাইট্রেট্ অব্ আয়রণ্।
Liquor Ferri Pernitratis.	Solution of Pernitrate of Iron.

মাত্রা—১০—৪০ মিনিম।

ক্রিয়া—১০—৫০ মিনিম মাত্রায় জলের সহিত ব্যবহার করিলে সঙ্কোচক এবং বলকারক। পার ক্লোরাইড্ অব্ আয়রণ্ যে যে অবস্থায় ব্যবহৃত হয়, ইহাও সেই সেই অবস্থায় ব্যবহৃত হইয়াথাকে।

আময়িকপ্রয়োগ—বালকদের উদরাময় রোগে ইহার কয়েক ফোটা ব্যবহার করিলে উপকার দর্শে; এবং লাংস, ষ্টমাক্, কিড্নি কিম্বা ইউটিরাস্ হইতে দুর্ব্বলকর রক্তস্রাব হইলে ইহা ব্যবহারে উত্তমফল পাওয়াযায়। এরূপ অবস্থায় ইহা ৩০—৪০ মিনিম মাত্রায় দেওয়া আবশ্যক।

ডাং পষ্টেজ (Dr. Postage) বলেন যে, যে সকল ব্যাধিতে (যেমন মেনোরেজিয়া, লিউকোরিয়া, ডায়েরিয়া ইত্যাদি) অধিক দুর্ব্বলতা বর্ত্তমান থাকে *এবং শৈষ্মিকঝিল্লী হইতে অধিক পরিমাণ স্রাব ও যে যে অবস্থায় ধারক ও* বলকারক ঔষধের আববশ্যক হয়, সেই সেই অবস্থায় ইহা ১০—১৫ মিনিম মাত্রায় দিবসে ৩বার ব্যবহার করিলে চমৎকার ফল পাওয়া যায়।

ল্যাটিন্।	ইংরেজী।
ফেরি এট্ এমোনিয়াই সাইট্রাস্	সাইট্রেটে্ অব্ আয়রণ্ এণ্ড এমোনিয়াম্।
Ferri et Ammonii Citras.	Citrate of Iron and Ammonium,

মাত্রা—৫—১০গ্রেণ।

প্রয়োগরূপ—ভাইনাম্ ফেরি সাইট্রেটিস।

Vinum Ferri Citratis

মাত্রা ১—৪ ড্রাম।

ক্রিয়া—রক্তজনক ও বলকারক। ইহা এবং বালকদেরপক্ষে বিশেষ উপযোগী; কারণ ইহা মৃদু ও অনুত্তেজক এবং বিস্বাদবর্জ্জিত। আরও ইহাদ্বারা কোষ্টবদ্ধ জন্মে না। লৌহের প্রবলপ্রয়োগরূপসকল প্যাকাশয়ে সহ্য না হইলে ইহা ব্যবহেয়।

আময়িকপ্রয়োগ—নানাবিধ দুর্ব্বলকারী ব্যাধির পরে ও ছেলেদের

দুর্ব্বলতায় এবং নিরক্তাবস্থায় লৌহের এই প্রয়োগরূপটি অতিশয়উৎকৃষ্ট; বিশেষতঃ ইহা পাকাশয়ের উত্তেজিতাবস্থায় উপযোগী; এবং উক্ত অবস্থায় ইন্‌ফিউশন্ অব্ কলম্বা সহযোগে দিলে ভাল হয়। ছেলেদের গণ্ডমালাজনিত নানাপ্রকার ব্যাধিতে এবং টেবিস্ মেসেন্‌টেরিকা ইত্যাদি রোগে ইহাদ্বারা বিশেষ ফল দর্শে। তিন বৎসর বয়সের ছেলেকে ইহা ২ গ্রেণ মাত্রায় দিবসে ২। ৩ বার ব্যবস্থা করা যাইতে পারে। এই লবণ কিম্বা এমোনিয়ো টার্ট্রেট্ অতি মৃদু এবং বলকারক বলিয়া ষ্টমাকের (পাকস্থলীর) ক্ষতবশতঃ ক্যাকেক্‌শয়া Cachexia হইলে সচরাচর ব্যবহৃত হয়।

লাটিন্।	ইংরেজী।
ফেরাম্ টার্টারেটাম্	টার্টারেটেড্ আয়রণ্
Ferrum Tartaratum	Tartarated Iron
মাত্রা ৫—১০ গ্রেণ।	

ক্রিয়া—বলকারক, রক্তজনক, মূত্রকারক ও অধিক মাত্রায় কৃমিনাশক। ইহার আস্বাদনের তীব্রতা না থাকায় বালকদেরপক্ষে বিশেষ উপযোগী। ইহা এল্‌ক্যালাইন্ কার্ব্বনেট্ সহযোগে ব্যবহার করা যাইতে পারে।

আময়িকপ্রয়োগ—ইহার বলকারক এবং মূত্রকারক গুণ থাকাপ্রযুক্ত ড্রপসি এবং য়্যানাসার্কা (শোথ) রোগে বিশেষ উপকারী। পুরাতন উদরাময় রোগের সহিত রক্তাল্পতা থাকিলে ডাক্তার ই, গুডিভ্ নিম্নলিখিত ব্যবস্থাপত্র ব্যবহার করিয়া উত্তম ফল প্রাপ্ত হইয়াছেন।

℞ @

Ferri Tart. gr v-x

Tinect Opii mx—xx

Aqua Cinnam ℥ x

M. ft. 1 dose—to be taken thrice daily.

উপদংশ কিম্বা অধিক মাত্রায় পারদ সেবন বশতঃ ক্যাকেক্‌সিয়ায় (দুর্ব্বলতায়) ইহা একক বা আইওডাইড্ অব্ পটাসিয়ম্ সহযোগে সেবন করাইলে

বিশেষ উপকার দর্শে। ফ্যাজিডেনিক্ আলসারে (ক্ষয়কারী ক্ষতে) বাহ্যিক ও আভ্যন্তরিক এই উভয়প্রকার ব্যবহার করিলে, উত্তম ফল পাওয়াযায়।

লাটিন্।	ইংরেজী।
ফেরিএট্ কুইনাইনি সাইট্রাস্	সাইট্রেট্ অব্ আয়রণ্ এণ্ড কুইনাইন্।
Ferri Et Quininæ Citras	Citrate of Iron and Quinine.

মাত্রা—৫—১০ গ্রেণ।

ক্রিয়া—রক্তজনক, বলকারক ও পর্য্যায়নিবারক। ইহাতে লৌহ ও কুইনাইন্ এই উভয়েরই গুণ বিদ্যমান আছে। ইহার ক্রিয়া মৃদু বলিয়া বালক, স্ত্রীলোক ও দুর্ব্বলব্যক্তিদিগের পক্ষে বিশেষ উপযোগী।

আময়িকপ্রয়োগ—অন্যান্য লৌহঘটিতলবণেরন্যায় ইহার ক্রিয়া লক্ষিত হয়। ক্লোরোসিস্ রোগে ইহা অতিশয় ফলদায়ক। ম্যালেরিয়াজনিত জ্বরের পর ইহা বলকারক বলিয়া টিং কলম্বা বা কোয়াসিয়ার সহিত ব্যবস্থা করিলে, উত্তম ফল পাওয়াযায়।

ল্যাটিন্।	ইংরেজী।
লাইকর ফেরি এসিটেটিস্ ফর্শিয়র্।	ষ্ট্রংসলিউশন্ অব্ এসিটেট্ অব্ আয়রণ্।
Liquor Ferri Acetatis Fortior.	Strong Solution of Acetate of Iron.

মাত্রা—১—৮মিনিম।

প্রয়োগরূপ—১। লাইকর্ ফেরিএসিটেটিস্ Liq Ferri acetatis.

মাত্রা—৫—৩০ মিনিম।

২। টিংচুরা ফেরি এসিটেটিস্ Tinctura Ferri Acetatis.

মাত্রা—৫—৩০ মিনিম।

ক্রিয়া—ইহার ক্রিয়া অন্যান্য লৌহঘটিতঔষধের ন্যায়: বিশেষতঃ কফঃ নিঃসারক এবং রক্তরোধক।

আময়িকপ্রয়োগ—ব্রঙ্কাইটিসের সহিত যদি পাল্মোনারি এম্ফিজিমা বর্ত্তমান থাকে তাহাহইলে ইহা উত্তেজক বলিয়া কফঃ নিঃসৃত করে। ডাক্তার মেডোজ বলেন যে, জরায়ুর অর্ব্বুদ বশতঃ তথা হইতে রক্তস্রাব হইলে ইহার ইথিরিয়েল টিংচার অর্দ্ধড্রাম মাত্রায় ব্যবহারকরিলে রক্তস্রাব বন্ধ হয়।

ল্যাটিন্।	ইংরেজী।
ফেরি ব্রোমাইডম্	ব্রোমাইড্ অব্ আয়রণ্।
Ferri Bromidum.	Bromide of Iron.

মাত্রা—১—৩ গ্রেণ। পিল্ আকারে ব্যবহার্য্য। ইহা সিরাপ্ আকারেও উত্তমরূপে ব্যবহারকরা যাইতেপারে।

প্রয়োগরূপ—সিরাপাস্ ফেরি ব্রোমাইডি। সিরাপ্ অব্ ব্রোমাইড্ অব্ আয়রণ্।

মাত্রা—২০ মিনিম।

ক্রিয়া—বলকারক এবং রিজল্‌ভেণ্ট (শোষক)।

আময়িকপ্রয়োগ—ইহা আমেরিকাদেশে স্ক্রফিউলাস্ টিউমার, গ্ল্যাণ্ডিউলার এন্‌লার্জ্জমেণ্ট (গ্রন্থিদের বিবৃদ্ধি), ইরিসিপিলাস্ এবং এমিনোরিয়া রোগে ব্যবহৃত হইয়া থাকে। ইংলণ্ডে হাইপারট্রফি অব্ দি ইউটিরাস্ (জরায়ুর বিবৃদ্ধি রোগের) চিকিৎসায় আদরের সহিত ব্যবহৃত হইয়া থাকে; বোধ হয় ইহার ক্রিয়া আইওডাইড্ অব্ আয়রণের ন্যায়। থাইসিস্, টিউবারকিউল্‌জনিত ব্যাধি এবং ব্রঙ্কোসিল্ (গলগণ্ড) রোগে ইহার সিরাপ ব্যবহার্য্য। স্ক্রফিউলাজনিত বিবৃদ্ধিতে ইহা বাহ্যিক নিম্নলিখিত অয়েণ্টমেণ্ট আকারে ব্যবহৃত হয়; যথা—ব্রোমাইড্ অব্ আয়রণ্ ১আং গ্লিশিরিণ্ ১ আং এবং চর্ব্বি ১৪ আং।

এই প্রয়োগরূপটী বৃটিশফার্ম্মাকোপিয়ায় গৃহীত হয় নাই।

অক্সাইড্ এণ্ড সল্টস্ অব্ ম্যাঙ্গেনিজ্।

OXIDE AND SALTS OF MANGANESE.

ম্যাঙ্গেনিজের লবণসমূহ কখন কখন ব্যবহৃত হয়; এনিমিয়া অর্থাৎ রক্তাল্পতায় রক্তের উন্নতিসাধনজন্য অল্পমাত্রায় ইহার কার্ব্বনেট্ ব্যবহার করা হইয়া থাকে। ডাঃ গ্যারড্ (Dr. Garrod) যে যে অবস্থায় ইহা পৃথক্‌রূপে ব্যবহার করিয়াছেন তাহার কোন অবস্থাতেই ফল লাভ করিতে পারেন নাই;

কিন্তু সেই সেই অবস্থায় লৌহ ব্যবহার করিয়া ফল লাভ করিয়াছেন। ব্ল্যাক্ অক্সাইড্ অব্ মেঙ্গেনিজ ঔষধার্থে ব্যবহৃত হয় না।

ল্যাটিন্।	ইংরেজী।
ওলিয়াম্ মরুই	কড্লিভার অয়েল
Olium Morrhudæ.	Cod Liver Oil.

ইহার অপর নাম ওলিয়াম্ জেকরিস্ এ্যাসিলি Olium gecoris Aselli এই তৈল কড্ (গ্যাডাস্ মরহিউয়া Gadus Morrhua) নামক মৎস্যের যকৃৎ হইতে প্রস্তুতহয়। মান্দ্রাজ প্রদেশে শীর নামক মৎস্যের যকৃৎ হইতে এক প্রকার তৈল প্রস্তুত হয় যাহাকে মান্দ্রাজ ফিশ্ অয়েল কহে। ইহা সুলভ বলিয়া কডলিভার অয়েলের পরিবর্ত্তে ব্যবহৃত হইয়া থাকে। উদ্ভিজ্জ তৈলেরমধ্যে নারিকেল তৈল উহার পরিবর্ত্তে ব্যবহার করা যাইতে পারে।

কড্লিভারঅয়েল বর্ণ বিভিন্নতায় ৩ প্রকার ; যথা, (১) পেল (২) লাইট্ ব্রাউন্ এবং (৩) ডার্কব্রাউন্। তন্মধ্যে প্রথমোক্তটীই অফিসিয়েল অর্থাৎ ফার্ম্মাকোপিয়ায় গৃহীত।

কম্পজিশন অব্ কড্লিভার অয়েল বা কড্লিভার অয়েলের উপাদান। ইহাতে ওলিন Olein মারগেরিন Margarin নানাবিধ পিত্তসম্বন্ধীয় অম্ল এবং রঞ্জকপদার্থ, ফস্ফরিক্ এবং সালফিউরিক এসিড্, ম্যাগনেসিয়াম্ ক্যালসিয়াম্, এবং লৌহঘটিতলবণ এবং গ্যাড্উইন্ Gaduin নামক পদার্থ আছে।

মাত্রা—১ হইতে ৮ ড্রাম। জল, দুগ্ধ, লেবুবরস, কিম্বা পোর্টার নামক সবাপের অথবা চূনেরজলের সহিত ইমল্শন্ আকারে আহারের পরে দেওয়া যাইতে পারে। বালকদিগের পক্ষে ২০ মিনিম হইতে ২ ড্রাম মাত্রায় আহারের পরে ব্যবহার্য্য।

ক্রিয়া—বলকারক, পরিবর্ত্তক, পোষক, এবং সংস্কারক। যদি ইহা সেবনে কোন বিশেষ অসুখ না জন্মে, তাহা হইলে ক্ষুধাবৃদ্ধি করে, খাদ্যদ্রব্য সহজে জীর্ণ হয়, এবং মলের বর্ণ পরিবর্ত্তিত হয়। অধিক পরিমাণে পিত্তনিঃসারণ করে, চর্ম্ম শুষ্ক ও ঠাণ্ডা থাকিলে আর্দ্র ও উষ্ণ হয়। অনেকদিন ব্যবহার করিলে বল ও স্বাস্থ্য ক্রমে ক্রমে উন্নত হয় এবং কখন কখন মূত্রকারক ক্রিয়াদর্শে; শরীরের ওজন বৃদ্ধি হয়। পরীক্ষাদ্বারা জানা গিয়াছে উদ্ভিজ্জতৈল অপেক্ষা

জান্তব তৈল সহজে পরিপাক হয়, কডলিভার অয়েল আবার ঐ সকলের মধ্যে শীঘ্র জীর্ণ হয়। ইহা প্যাংক্রিয়াটিক্ জুস্দ্বারা ইমালসিফাইড্ হইয়া পিত্তসংযোগে অন্ত্রদ্বারা সহজে শোষণোপযোগী হয়। আরও ইহার গঠনে পিত্তসংযুক্তউপাদান আছে বলিয়া ল্যাক্টিয়েল্স্ Lacteals (অন্ত্রস্থ শোষনিনাড়ীসমূহ) দ্বারা সহজে শোষিত হইতে পারে ইহা শরীরের সর্ব্বাঙ্গিক স্বাস্থ্য বৃদ্ধি করে। বলও উত্তাপের আধিক্য এবং টিস্থদিগের নির্ম্মাণ ও সংস্কারজন্য যে ফ্যাট্ (চর্ব্বি) দরকার হয়, তাহা প্রদান করিয়া থাকে। ইহার ক্রিয়া উহার উপাদানের (ফস্ফরাস্, আইওডিন্ ইত্যাদি) উপর নির্ভর করে কিনা এতদিন অনেক চেষ্টা করিয়াও তাহা ঠিক হয় নাই; তবে এইমাত্র জানা গিয়াছে যে, ইহার পুষ্টিকারি গুণ ও ইহা সহজে জীর্ণ হয় বলিয়াই এতদ্দ্বারা উপকার দর্শিয়া থাকে।

স্থানিকক্রিয়া (Local action)—কড্লিভার অয়েলের দুর্গন্ধনিবন্ধন ইহা বাহিক স্থানীয় ক্রিয়ায় প্রয়োগ হয়না। এই কারণবশতঃ কোন অয়েণ্টমেণ্ট (মলম) লিনিমেণ্টের (মর্দ্দনের) বেসিস্ (মূল) ঔষধ স্বরূপ ব্যবহৃত হয়না। যখন রোগী ইহা সেবন করিতে অক্ষম হয়, তখন ইহা চর্ম্মোপরি মালিস করিলে উপকার দর্শে; কারণ ইহা অতি সহজে চর্ম্মদ্বারা শোষিত হয়। এই প্রকারে ষ্ট্রুমা, উপদংশ এবং রিকেট্স্ ইত্যাদি ব্যাধিগ্রস্ত শিশুদিগের চিকিৎসায় উক্ত প্রকারে ব্যবহৃত হইয়া থাকে।

আময়িকপ্রয়োগ—নার্ভাস্ সিষ্টেমের (মস্তিষ্কমণ্ডলীর) উপর—নার্ভাস্ সিষ্টেমের পরিপোষণ ও উহার বিবর্দ্ধন এবং সংস্করণ জন্য, যে ফ্যাট (চর্ব্বি) ইত্যাদি আবশ্যক হয়, তাহা যোগাইয়া তাহার উপর কার্য্য করে। তন্নিবন্ধন দৌর্ব্বল্যবশতঃ যে সকল মস্তিষ্কসম্বন্ধীয় পীড়া জন্মে (যেমন নিউরালজিয়া (Neuralgia), এজমা (Asthma), হুপিংকফ্ (Whooping cough), এবং কোন কোন প্রকার উন্মাদরোগ) তাহাতে ইহা বিশেষপ্রয়োজনীয়।

রক্তসঞ্চালকযন্ত্রের উপর ইহার বলকারক ক্রিয়া আছে, কারণ ইহাতে রক্তের গুণের উৎকর্ষ, হৃদপিণ্ডের পেশীয়বলবৃদ্ধি এবং রক্তের লোহিতকণিকার সংখ্যা অধিক হয়। এজন্য কডলিভার অয়েল সামান্য দুর্ব্বলতায় প্রচুর পরিমাণে ব্যবহৃত হইয়া থাকে।

রেস্‌পিরেশন্ এব' টেম্পারেচারের উপর ইহার (Codliver oil) কোন বিশেষ ক্রিয়া প্রকাশ পায়না। ক্রনিক্ লাং ডিজিজে বিশেষতঃ পাল্‌মোনেরি থাইসিস্ (Palmonary Phthisis), এজমা (Asthma). ক্রনিকব্রঙ্কাইটিস্ Chronic Bronchitis রোগে, কড্‌লিভার অয়েলের বিশেষ গুণ লক্ষিত হয়।

কিন্তু কন্‌জাম্প্‌শনে Consumption (ক্ষয়কাশ) রোগে ইহা ব্যবহার করিলে রোগ একেবারেই আরোগ্য হইয়া থাকে। যক্ষ্মাকাশ রোগে কড্-লিভার অয়েল দ্বারা যেরূপ ফল লাভ করা যায় অন্য ঔষধ দ্বারা সেইরূপ ফল পাওয়া যায় না। এই পীড়ার যত তরুণাবস্থায় ইহা ব্যবহার করা যায়, ততই উত্তম ফল দর্শে। ইহা উক্ত ব্যাধিকে আরোগ্য করিতে পারে কিনা বলিতে পারা যায় না; কিন্তু ইহাতে যেরোগী অনেক দিন বাচিতে পারে এবং অন্যান্য চিকিৎসাপেক্ষা অনেক সুস্থতালাভ করিতে পারে তাহা নিশ্চয়। ইহা দ্বারা যে শরীরের ভার অধিক পরিমাণে বৃদ্ধি হয়, তাহা অনেক প্রমাণ দ্বারা প্রত্যক্ষ হইয়াছে। এক জন রোগীর ইহাতে ৪মাসে ৪১পাউণ্ড, এবং অপর একটী রোগীর ১মাসে ২০ পাউণ্ড ভার বৃদ্ধি হইয়াছিল। সচরাচর অধিকাংশ অবস্থায় শরীরের ভার বৃদ্ধির সঙ্গে সঙ্গে লক্ষণ গুলিও উপশমিত হইতে দেখা যায়; কিন্তু অতি অল্প অবস্থাতেই সেরূপ হয় না। পক্ষান্তরে শরীরের ভার কম হইলে সর্ব্বাঙ্গিক লক্ষণ বৃদ্ধি হইয়া থাকে। ডাং, সি, জে, বি, উইলিয়মস্ Dr. C. J. B. Williams উক্ত রোগে কড্‌লিবার অয়েল ব্যবহার সম্বন্ধে নিম্নলিখিত উপদেশ দেন; যথা—

১। আহারের অব্যবহিত পরে কিম্বা যাহারা ইচ্ছাকরে, তাহারা আহারের সময় কি তৎপূর্ব্বে ইহা ব্যবহার করিবে।

২। ইহা ব্যবহারে যদ্যপি পাকাশয়ের দুর্ব্বলতা হেতু বমি হইবার উপক্রম হয় তাহাহইলে ৳ হইতে ৳ গ্রেণ ষ্ট্রিক্‌নিন্ সহযোগে প্রয়োগ করিলে উপকার দর্শে। সেলিসিন্ সহযোগে দিলেও উপকার দর্শিয়া থাকে। এই দুইটী ঔষধ যদিও প্রবল বলকারক তথাপি ইহারা কুইনাইন্ কিম্বা লৌহঘটিতঔষধের ন্যায় উষ্ণতা প্রকাশ করে না।

৩। ইহা কোন একটি মিনারেল্ এসিড্ সহিত উত্তমরূপে ব্যবহার করা যাইতে পারে, প্রাদাহিক অবস্থায় এবং যখন প্রস্রাবে লিথিক্ এসিড্

ডিপজিট (জমাট) হয় তথন নাইট্রিক্‌এসিডের সহিত ব্যবহার করিলে ভাল হয়; কিন্তু ইহা দ্বারা দন্ত ক্ষয়হয় বলিয়া, অনেক দিন পর্য্যন্ত ব্যবহার করা বিধেয় নহে। হিমপ্‌টিসিস্‌ (রক্তোৎকাশ) রাত্রিকালীন অপর্য্যাপ্ত ঘর্ম্ম কিংবা উদরাময় বর্ত্তমান থাকিলে, সাল্‌ফিউরিক্‌এসিড্‌ সহযোগে ব্যবহার করিলে আরও ভাল হয়; কিন্তু অধিক দিন ব্যবহার করিতে হইলে ডাইলিউটেড্‌ ফস্ফরিক্‌ এসিড্‌ সহ ব্যবহার করিবে; কারণ উপরোক্ত এসিড্‌ দুইটী অধিক দিন ব্যহার করিলে যেরূপ ক্ষতির আশঙ্কা করা যায় ইহাতে সে কোন অনিষ্ট ঘটেনা।

৪। একমাত্রা কড্‌লিভার অয়েল ও ইহার অনুপান এত হওয়া উচিত যে, ইহা একেবারে গলাধঃকরণ করা যাইতে পারে; কিন্তু সেজন্য অনুপান ৪ ড্রামের বেশী হওয়া উচিত নহে। ইহা ১ ড্রাম হইতে আরম্ভ করিয়া ক্রমে ক্রমে ৪ ড্রাম পর্য্যন্ত বৃদ্ধি করা যাইতে পারে।

৫। ইহা দিবসে এক টেবিলস্পুন্‌ফুল্‌ মাত্রায় ২।৩ বারের বেশী সেবন করা বিহিত নহে। ইহা অপেক্ষা বেশী পরিমাণ সেবন করিলে ষ্টমাক্‌ এবং লিভারের ক্রিয়ার বিপর্য্যয় ঘটায় কিম্বা শোষিত না হইয়া অন্ত্র দ্বারা বহির্গত হইয়া যায়।

৬। ইহা ব্যবহার কালে খাদ্যের উপর বিশেষ দৃষ্টিরাখা আবশ্যক। কোন কোন ব্যক্তি ইহা এত সুন্দর সহ্য করিতে পারে এবং তাহাদের পরিপাক ক্রিয়া এত সুচারুরূপে সম্পন্ন হয় যে, তাহাদের খাদ্যের সীমাবদ্ধ করা উচিত নহে; কিন্তু অধিকাংশ লোকের সেরূপ হয় না। এই সময় লঘু ও পুষ্টিকর খাদ্য ব্যবস্থা করা বিধেয়।

৭। ইহা ব্যবহার কালে যদি বিবমিষা, শিরঃপীড়া, জিহ্বা কাটাযুক্ত, দুর্গন্ধ উদ্গার জন্মে, তাহা হইলে ইহা ব্যবহার বন্ধ করিয়া আহারের পরিমাণ কমাইয়া দিবে, এবং রাত্রে ক্যালমেল কিম্বা ব্লু পিল্‌ এবং দিবসে এফারভেসিং সেলাইন্‌ ২।৩ বার দেওয়া উচিত। এইরূপ চিকিৎসায় অল্প দিনের মধ্যে উপরোক্ত লক্ষণ দূরীকৃত হইলে, আবার অল্প মাত্রায় কড্‌লিভার অয়েল ব্যবহার করা বিধেয়।

৮। এই তৈল ব্যবহারের সময় কোষ্ঠ পরিষ্কার জন্য মনোযোগী হইবে; তজ্জন্য পিল্‌ অব্‌ রুবার্ব্ব কিম্বা এলোজ্‌ ব্যবহার করা কর্ত্ত—

৯। ইহা সেবন করিবার পরে কিম্বা পূর্ব্বে যদি অল্প লবণ খাওয়া যায়, তাহাহইলে বিস্বাদ বোধ এবং বিবমিষা হয় না।

১০। যে পাত্রে এই তৈল খাইবে তাহা উত্তমরূপে ধুইয়া রাখিবে নতুবা তাহাতে যাহা লাগিয়া থাকে তাহা শীঘ্রই পচিয়া যায়।

টেবিস মেসেণ্টেরিকা রোগে ইহা দ্বারা উত্তম ফল পাওয়া গিয়াছে। ইহা দ্বারা রোগীর অতি শীঘ্র বল, মাংস ও ক্ষুধা বৃদ্ধি পায়, পেট ফুলা কমে, মল স্বাভাবিক হয় এবং কিছু দিন ব্যবহার করিলে সমস্ত লক্ষণ দূরীভূত হইয়া থাকে। ডাং বেনেট (Dr. Bennett) বলেন যে, এই রোগে কড্‌লিভার অয়েল দ্বারা যেরূপ ফল দর্শে, রেকাইটিস্ ছাড়া অন্য কোন ব্যাধিতে তত ফল পাওয়া যায়না।

এই সকল ব্যাধিতে যখন অন্য ঔষধদ্বারা কোন ফল দর্শেনা ; তখন ইহাদ্বারা উত্তম ফল পাওয়া যায়। ইহা সেবন করিবার সঙ্গে সঙ্গে পেটের উপরও মালিস করিবে। কটক জেনারেল্ হস্‌পিটালে ৫ম বৎসরের একটী ইংরাজ বালক উক্ত ব্যাধিতে আক্রান্ত হওতঃ মৃতপ্রায় হইয়া চিকিৎসার্থ উপস্থিত হইয়াছিল; গ্রন্থকার উক্ত বালককে ৬ মাস কাল যাবৎ কড্‌লিভারঅয়েলদ্বারা চিকিৎসা করায় তাহার শরীর এরূপ হৃষ্টপুষ্ট ও সৌন্দর্য্যবিশিষ্ট হইয়াছিল যে, কিছুদিন পরে সহসা তাহাকে চিনিতে পারা যাইতনা।

ডাং বেনেট, (Dr Bennett) রেকাইটিস্ (Rachitis) ব্যাধিতে সকল ঔষধ অপেক্ষা ইহাকে শ্রেষ্ঠ মনে করেন। ডাং এম্, ট্রুসো (Dr. M. Trousseau) ইহাদ্বারা অনেকরোগী আরোগ্য হইয়াছে বলিয়া প্রকাশ করিয়াছেন। তিনি আরও বলেন যে, অধিকাংশ অবস্থায় ৮। ১০ দিন ব্যবহারেই ইহার উপকারিতা লক্ষিত হয়। এবং ৬ সপ্তাহ মধ্যে আরোগ্য হইতে দেখা যায়। তিনি ইহা ½ হইতে ৩ ড্রাম মাত্রায় চিনি কিম্বা সিরাপের সহিত ব্যবহার করিতে উপদেশ দেন।

গণ্ডমালাগ্রস্থশিশুদিগের ক্রনিক্ হাইড্রকেফেলাস্ রোগে ইহা ২। ৩ মাস ব্যবহার করিলে, কখন কখন উপকার লাভ হইয়া থাকে।

দুর্ব্বলশরীরে কিম্বা গণ্ডমালাধাতুগ্রস্থ শিশুদের কোরিয়ারোগ হইলে কড্‌লিভারঅয়েল ব্যবহারে উত্তম ফলদর্শে। ৫—৮ গ্রেণ হাইপো ফস্‌ফাইট্

অব্ সোডা সহযোগে প্রয়োগকরিলে, বিশেষ উপকার দর্শিয়া থাকে। এপিলেপ্সিরোগে ডাং এনিষ্টি (Dr Anstie) ইহা ১১টী রোগীকে দিয়াছিলেন; তন্মধ্যে ৩টীর কিছুই উপকার হয় নাই, ৩টীর উপশম হইয়াছিল বাকি ৬টীর আক্রমণ একেবারে বন্ধ হইয়া ব্যাধি সম্পূর্ণরূপে আরোগ্য হইয়াছিল; উক্ত ব্যাধিতে ইহা অনেক সময় পর্য্যন্ত ব্যবহার করা বিধেয়। তিনি আরও বলেন যে প্যারালিসিস্ এজিটেন্স Paralysis Agitans এবং মার্কুরিয়েল ট্রেমার্স Mercurial Tremors রোগে অন্যান্য ঔষধ অপেক্ষা কড্লিভারঅয়েলদ্বারা বিশেষ ফল দর্শিয়া থাকে।

যাহারা অধিক পরিমাণ মানসিক পরিশ্রম করে, তাহাদের নার্ভাস্হেডেক্ রোগ জন্মিলে আহারের পর ১ ড্রাম মাত্রায় সেবন করিতে আরম্ভ করিয়া ক্রমে মাত্রা বৃদ্ধি করিলে বিশেষ ফল পাওয়া যায়। ডাং এনেষ্টি Dr. Anstie বলেন যে, মাইগ্রেণ Migraine রোগেও ইহা বিশেষ উপকারী।

পোষণক্রিয়ার ন্যূনতা প্রযুক্ত ষ্ট্রুমাস্অপ্থাল্মিয়া, কেরিজ্ অব্ বোন্ Caries of bone (অস্থিক্ষত), ক্রণিক্ জয়েণ্ট্ এফেক্শন Chronic joint affection (সন্ধির পুরাতন ব্যাধি) এবং গ্ল্যাণ্ডিউলার এন্লার্জমেণ্ট Glandular Enlargement (গ্রন্থি বিবর্দ্ধন) ইত্যাদি গণ্ডমালাসম্বন্ধীয়ব্যাধি জন্মিলে কড্লিভারঅয়েলদ্বারা বিশেষ উপকার দর্শিয়া থাকে; শিশুদিগের নানাপ্রকার ক্ষয়কারী রোগে, বৃদ্ধদিগের শিথিলাবস্থায় (Senile Atrophy) পুরাতন বাতরোগ, সকল প্রকার ক্ষয়কারীচর্ম্মরোগে এবং সার্ব্বাঙ্গিক উপদংশের বর্দ্ধিতাবস্থায়ও ইহাদ্বারা বিশেষ ফল পাওয়া যায়। কেহ কেহ বলেন যে, ইহাতে অল্প পরিমাণ আইওডিন্, ব্রোমাইড্ ও ফস্ফরিক্ এসিড্ আছে বলিয়াই ইহাদ্বারা এত উপকার লাভ হইয়া থাকে।

দুর্ব্বল বালকদের মুখে থ্রাশ্ Thrush (ক্ষত) রোগ জন্মিলে, কড্লিভার অয়েল ½ ড্রাম মাত্রায় দিবসে ৩ বার সেবন করাইলে উত্তম ফল পাওয়া যায়। লেরিঞ্জিস্মাস ষ্ট্রাইডিউলাস্ (Laryngismus Stridulus) রোগে ডাং মেরিয়াই (Dr. Merei) বলেন যে, ইহার ন্যায় অন্য কোন উৎকৃষ্ট ঔষধ নাই। ২। ৪ মাসের ছেলেকে ১—২ ড্রাম, ৬ মাসের ছেলেকে ৪—৬ ড্রাম মাত্রায় দিতে বলেন। ইহা ব্যবহারে উদরাময় জন্মিলে অর্দ্ধ হইতে ১ আং পরিমাণে

স্পাইনের (মেরুদণ্ডের) উপর প্রত্যহ মর্দ্দন করিবে। যে কোন কারণেই এনিমিয়া হউক না কেন, তাহাতে কড্লিভারঅয়েল বিশেষ উপকারী। ইহার সঙ্গে আইওডাইড্ অব্ আয়রণ্ কিম্বা অন্য কোন লৌহঘটিতঔষধ দিলে বিশেষ উপকার দর্শে। ডাং রিঙ্গার (Dr Ringer) বলেন যে, ছেলে-দের অবষ্টিনেট্ কনষ্টিপেশন (স্বাভাবিক কোষ্ঠবদ্ধ) থাকিলে ইহা ব্যবহারে উপকার দর্শে। ইহা ব্যবহারকালে আর কোষ্ঠবদ্ধ বর্ত্তমান থাকেনা। লুপাস্ রোগে ডাং বেগ্বি (Dr. Begbie) ইহা ক্লোরাইড্ অব্ কেলসিয়মের সংযোগে ব্যবহার করিতে উপদেশ দেন।

℞ Olei morrhuæ ℥ss
Mucilaginis acaciæ ℥ii
Sacchari Albi ʒii
Tincturæ lavandulæ comp mxx
Aquæ ℥ss
M. ft. S. ʒi for a dose.

℞ Acidi nitrici diluti mx
„ Hydrocyanici dil mii
Tincturæ aurantii co ʒss
Olei Morrhuæ ʒi
Aquæ ℥ss
M. ft. S. One dose to be taken twice a day after meal.

চতুর্থ অধ্যায়।

প্রথমবিভাগীয় প্রথমশ্রেণীস্থ দ্বিতীয়উপশ্রেণী।

ALKALINE OR ANTACID MEDICINES.

ক্ষার ও অম্লনাশক ঔষধ সকল।

নিম্নলিখিত ঔষধসকল রক্তের স্বাভাবিক ক্ষারক্তা বৃদ্ধি করে এবং এই প্রকারে সুস্থ শরীরের যে সকল নিঃস্রাবণ (সিক্রিশন্) স্বভাবতঃ অম্ল তাহাদিগের অম্লাক্তা হ্রাস কিম্বা তাহাদিগকে ক্ষারাক্ত করিয়া থাকে; অথবা যে সকল নিঃস্রাবণ স্বাভাবিক ক্ষারগুণবিশিষ্ট তাহাদিগের ক্ষারাক্তা আরও বৃদ্ধি করিয়া থাকে।

I. DIRECT ALKALINE REMEDIES.

প্রত্যক্ষ ক্ষারাক্তঔষধ সমূহ।

১। সলিউশন্ অব্ কষ্টিক্ পটাশ. (Solution of Caustic Potash)

২। কার্ব্বনেট্ অব্ পটাসিয়ম্ (*Carbonate of Potassium*)

৩। বাইকার্ব্বনেট্ অব. পটাসিয়ম্ (Bicarbonate of Potassium)

৪। সলিউশন্ অব্ কষ্টিক্ সোডা (Solution of Caustic Soda)

৫। কার্ব্বনেট্ অব্ সোডিয়াম্ (Carbonate of Sodium)

৬। বাইকার্ব্বনেট্ অব্ সোডিয়াম্ (Bicarbonate of Sodium)

৭। সলিউশন্ অব্ কষ্টিক লিথিয়া (*Solution of Caustic Lithia*)

৮। কার্ব্বনেট্ অব. লিথিয়াম (Carbonate of Lithium)

৯। বাইকার্ব্বনেট্ অব্ লিথিয়াম্ ইন্ সলিউশন্। লিথিয়া ওয়াটার্। (Bicarbonate of Lithium in solution) (Lithia water)

১০। ম্যাগনেসিয়া (Magnesia)

১১। কার্ব্বনেট্ অব্ ম্যাগনেসিয়াম্ (Carbonate of Magnesium)

১২। বাইকার্ব্বনেট্ অব্ ম্যাগনেসিয়াম্ ইন্ সলিউশন্। (ফ্লুইড্ ম্যাগনেসিয়া)। (Bicarbonate of Magnesium in solution) (Fluid magnesia)।

১৩। লাইম্ ওয়াটার এণ্ড ষ্ট্রং সেকারাইন্ সলিউশন্ অব্ লাইম্ (Lime water, and strong saccharine solution of lime)

১৪। কার্ব্বনেট্ অব্ ক্যাল্সিয়াম্। চক্। (Carbonate of Calcium) (Chalk)

II. DIRECT BUT NOT REMOTE ANTACIDS AT LEAST ON THE URINE.

প্রত্যক্ষ অম্লনাশক, কিন্তু প্রস্রাবকে সমক্ষারাম্ল করিতে অসমর্থ ঔষধ সমূহ।

১। সলিউশন্ অব্ এমোনিয়া (Solution of Ammonia)

২। কার্ব্বনেট্ অব্ এমোনিয়াম্ (Carbonate of Ammonium)

৩। এরোমেটিক্ স্পিরিট্ অব্ এমোনিয়া (Aromatic spirit of Ammonia)

৪। উড্ চারকোল্ (Wood Charcoal)

৫। এনিমেল্ চারকোল্ (Animal Charcoal)

III. REMOTE ALKALINE REMEDIES.

দূরবর্ত্তী ক্ষারাক্ত ঔষধ সমূহ।

১। সল্ট্স্ অব্ পটাসিয়াম্ উইথ্ এ ভেজিটেবল্ এসিড্ যথাঃ—এসিটেট্, সাইট্রেট্ এণ্ড্ নিউট্র্যাল্ টার্ট্রেট্ অব্ পটাসিয়াম্।

(Salts of potassium with a vegetable acid, as :—Acetate, citrate and neutral tartrate of potassium)

২। এসিড্ টার্ট্রেট্ অব্ পটাসিয়ম্ (Acid tartrate of potassium)

৩। সল্ট্স্ অব্ সোডিয়াম্ উইথ্ এ ভেজিটেবল্ এসিড্। (Salts of sodium with a vegetable acid)

৪। সাইট্রেট্ অব্ লিথিয়াম্ (Citrate of Lithium)

EFFECTS OF ALKALINE OR ANTACIDS REMFDIES.

ক্ষার ও অম্লনাশক ঔষধের উপকারীতা।

ডাইরেক্ট এণ্টাসিড্স্ অর্থাৎ প্রত্যক্ষ অম্লনাশক ঔষধ সকলের প্রতিক্রিয়া ক্ষার; ইহাদের সংস্পর্শে লাল লিট্মাস্ কাগজ নীলবর্ণ-ধারণ করে, তজ্জন্য তাহারা এলিমেণ্টারি ক্যানালে প্রবেশ করিয়া তৎস্থানের অম্লকে একেবারে সমক্ষারাম্ল করিয়া থাকে; তৎপর রক্তে শোষিত হইয়া সম্ভবতঃ উহার ক্ষারগুণ

বৃদ্ধি করে, এবং নিশ্চয়ই এমোনিয়মের লবণ ভিন্ন এই শ্রেণীস্থ অন্যান্য ঔষধগুলি, নিঃস্রাবণকে বিশেষতঃ প্রস্রাবকে এলকেলাইন্ (ক্ষারগুণ বিশিষ্ট) করিয়া থাকে। রিমোট্ এণ্টাসিড্ Remote Antacid সকলের প্রতিক্রিয়া ক্ষারাক্ত নহে বলিয়া ইহারা ডাইরেক্ট এণ্টাসিড্ হইতে বিভিন্ন; কিন্তু ইহাদের মধ্যে ক্রিম্ অব্ টার্টারের Cream of tartar রিয়াকশন্ Reaction (প্রতিক্রিয়া) এসিড্ (অম্ল); এজন্য ইহারা পাকাশয় ও অন্ত্রের অম্লদিগকে সমক্ষারাম্ল করিবার জন্য ব্যবহৃত হয়না। এইজন্যই উহাদিগকে উপরোক্ত দুইভাগে বিভক্ত করা হইয়াছে। এমোনিয়া ও কার্ব্বনেট্ অব্ এমোনিয়াম্ এলিমেণ্টারি ক্যানালের এসিড্দিগকে সমক্ষারাম্ল করে বটে; কিন্তু প্রস্রাবকে সেরূপ ক্ষারাক্ত করিতে পারেনা। রক্তের উপর তাহাদের যে, কি ক্রিয়া প্রকাশিত হয় তাহা এখনও নিশ্চয় হয় নাই। উপরোক্ত ঔষধদিগের ক্ষার এবং অম্লনাশক গুণ ব্যতীত প্রত্যেক বিভাগীয় ঔষধের ভিন্ন ভিন্ন যন্ত্রদিগের উপর বিশেষ বিশেষ ক্রিয়া আছে। যেমন পটাসিয়মের লবণ সকল বিশেষরূপে কিড্নির এবং সোডিয়ামের লবন সকল লিভারের উপর ক্রিয়া করিয়া থাকে। ক্যালসিয়ামের লবণদ্বারা কোষ্ঠ বদ্ধ এবং ম্যাগনেসিয়ামের লবণদ্বারা বিরেচণ ক্রিয়া হইয়া থাকে। এমোনিয়মের লবণ সকল চর্ম্ম ও শ্বাসযন্ত্রের শ্লৈষ্মিক ঝিল্লির উপর কার্য্য করে; কিন্তু তাহারা ঘর্ম্মের এসিডিটি (অম্লতা) হ্রাস করে কিনা তাহা এপর্য্যন্তও জানা যায় নাই। লিথিয়ামের লবণ সকল প্রবল ডায়ুরেটিক্ (মূত্রকারক) এবং ইউরেট্ অব্ লিথিয়াম, ইউরিক এসিডের অতি দ্রবনীয় লবণ।

উদ্ভিজ্জাম্লের সহিত ইহাদের যে লবণ আছে, তাহারা শরীর মধ্যে বিকৃত হয় এবং তাহাদের বেসেস্ অর্থাৎ মূল ঔষধ (সোডা, পটাশ্ ইত্যাদি) কার্ব্বনেট্ আকারে প্রস্রাবদ্বারা বহির্গত হইয়া যায়।

THERAPEUTIC APPLICATIONS.

আময়িকপ্রয়োগ।

(১) এই সকল ঔষধ পাকাশয় এবং অন্ত্রের অম্লকে সমক্ষারাম্ল করে বলিয়া, এলিমেণ্টারি ক্যানালে অম্লাধিক্য বশতঃ বুকজ্বালা ইত্যাদি লক্ষণ উপশম করিবার জন্য ব্যবহৃত হইয়া থাকে।

(২) গাউট্, রিউমাটিজম, নানাপ্রাকার জ্বর এবং এলবিউমিনিউরিয়া ইত্যাদি পীড়ায় রক্তের ক্ষারগুণ রূপান্তরিত হয় বলিয়া, রক্তের ক্ষারাক্ততা বৃদ্ধি করিবার জন্যও ইহারা ব্যবহৃত হইয়া থাকে।

(৩) রক্ত হইতে যে সকল সিক্রিশন (নিঃস্রাবণ) উৎপন্ন হয়, বিশেষতঃ প্রস্রাব রূপান্তরিত করিবার জন্য এবং নিঃস্রাবণ যন্ত্র ও নানাস্থানের শ্লৈষ্মিক ঝিল্লির উপর ক্রিয়া প্রকাশ করিবার জন্য তাহাদিগকে ব্যবহার করা যায়।

ALKALINE SALTS OF SODA AND POTASH.

সোডা এবং পটাশের ক্ষারীয় লবণ।

ল্যাটিন্।	ইংরেজী।
১। লাইকর পটাশি।	সলিউশন্ অব্ পটাশ্।
Liquor Potassæ.	Solution of Potash.
	মাত্রা ১৫—৬০ মিনিম।
২। পটাশিয়াই কার্ব্বনাস্।	কার্ব্বনেট্ অব্ পটাশিয়াম্।
Potassii Carbonas.	Carbonate of Potassium.
	মাত্রা ১০—৩০ গ্রেণ।
৩। পটাশিয়াই বাই কার্ব্বনাস্।	বাইকার্ব্বনেট্ অব্ পটাশিয়াম্।
Potassii Bicarbonas,	Bicarbonate of Potassium.

মাত্রা—একিউট্ রিউমাটিজমে ৩০—৬০ গ্রেণ; এণ্টাসিড্ ১০—৩০ গ্রেণ।

৪। সোডা কষ্টিকা।	কষ্টিক সোডা॥
Soda Caustica.	Caustic Soda.
৫। সোডিয়াই কার্ব্বনাস্।	কার্ব্বনেট্ অব্ সোডিয়াম্।
Sodii Carbonas.	Carbonate of Sodium.
	মাত্রা—৫—৩০ গ্রেণ।
৬। সোডিয়াই বাইকার্ব্বনাস্।	বাইকার্ব্বনেট্ অব্ সোডিয়াম্।
Sodii Bicarbonas.	Bicarbonate of Sodium.
	মাত্রা ১০—৬০ গ্রেণ।

উপরোক্ত ঔষধ সমূহ শরীরে পরিব্যাপ্ত হয়, ইহা উহাদের লবণেরই একটী বিশেষগুণ; তন্মধ্যে সোডালবণ অপেক্ষা পটাশ লবণেরই ঐ গুণ অধিক। ইহারা সকলেই জলে দ্রবনীয়।

ইহাদের প্রতিক্রিয়া ক্ষার। কষ্টিক এলকেলাইজ্ নির্জ্জল অবস্থায় অথবা পটাশ, লাইম সহ মিশ্রিতকরতঃ পটাশি কাম্ ক্যাল্সি আকারে আঁচিল ও হার্ডশ্যাঙ্কার নষ্ট করণার্থ ও ইন্ডোলেণ্ট আল্সারের ধার সকল কোমল করিবার জন্য কিম্বা স্ফোটক বিদারণ এবং ইস্যুজ (শুল) নির্ম্মাণার্থে ব্যবহৃত হয়।

ইস্যু প্রস্তুত করিতে হইলে ২।৩ খানি ষ্টিকিন্ প্লাষ্টার উপর্য্যুপরি সাজাইয়া তাহার মাঝে একটী ছিদ্র করতঃ অভিলষিত স্থানে বসাইতে হইবে; তদনন্তর ঐ ছিদ্র মধ্য দিয়া এরূপ ভাবে কষ্টিকপটাশ প্রয়োগ করিবে, যেন নিকটস্থ বিধানে উহা সংলগ্ন হইতে না পারে। যেপর্য্যন্ত এস্কার (বিগলন) না হয়, সে পর্য্যন্ত কষ্টিক্পটাশ্ ব্যবহার করিতে থাকিবে। উদ্দেশ্য সিদ্ধ হইলে অতিরিক্ত কষ্টিক্ সমক্ষারাম্ল করিবার জন্য ভিনিগার ও জল দ্বারা ধৌত করতঃ পুল্টিশ প্রয়োগ করিবে। উপরোক্ত ঔষধগুলির মধ্যে কোন কোন ঔষধ (কার্ব্বনেট্) স্পঞ্জ দ্বারা লাগাইলে চর্ম্ম-রোগের চুলকণা উপশম হইয়া থাকে। আর্টিকেরিয়া Urticaria (আমবাত) ও লাইচেন্ Lichen রোগে ১ ড্রাম কার্ব্বনেট্ অব্ পটাশ্ কিম্বা কার্ব্বনেট্ অব্ সোডা ১পাইণ্ট জলে দ্রব করিয়া এক টুকরা স্পঞ্জ দ্বারা লাগাইলে চুলকণা উপশম হইয়া থাকে।

কষ্টিক্পটাশ্ এবং সোডা প্রভৃতি এল্কেলাইদিগকে বিশেষ সতর্কতার সহিত ব্যবহার করিতে হয়; কারণ ইহারা বিধান দিগকে দ্রব ও তাহাদের জল শোষণ করতঃ চর্ম্ম ও অন্যান্য গঠন সমূহকে ধ্বংশ করে। কার্ব্বনেট্গুলি দ্বারা তদপেক্ষা অল্প পরিমাণে ধ্বংশ হইয়া থাকে; এবং বাইকার্ব্বনেট্গুলি আবার তদপেক্ষাও কম ধ্বংশ করিয়া থাকে; সুতরাং শেষোক্তগুলি মৃদুতম বিধায়, স্থানিক ব্যবহার করা যাইতে পারে। একজিমা রোগের প্রথমাবস্থায় কার্ব্বনেট্ অব্ পটাশ্ কিম্বা সোডার মৃদুদ্রাবণ দ্বারা বিশেষ উপকার দর্শিয়া থাকে। ডাঃ হেব্রা (Dr. Hebra) বলেন যে, পুরাতন একজিমা রোগে লাইকর পটাশি দিনে একবার তুলি দ্বারা প্রয়োগ করিবে। কিন্তু অত্যন্ত জ্বালা হইলে শীতল জল দ্বারা ধৌত করিয়া দিবে।

কোন স্থান পুড়িয়া কিম্বা ঝল্সিয়া গেলে ঐ স্থানে কার্ব্বনেট্ অব্ সোডার উগ্র সলিউশন্ স্থানিক ব্যবহার করিলে বিশেষ উপকার দর্শে। ঐ

সলিউশনে কাপড় ভিজাইয়া অয়েলসিল্‌ক্‌ (তৈলাক্ত রেশমী কাপড়) দ্বারা আবৃত করিয়া রাখিবে।

লিউকোরিয়া (Leucorrhœa) রোগে যখন জরায়ুমুখস্থিত গ্রন্থি সকল হইতে অধিক পরিমাণ স্রাব হয় তখন বাই কার্ব্বনেট্ অব্ পটাশ্ কিম্বা সোডার সলিউশন (১ ড্রাম, ১ পাইন্ট জলে) পিচকারী দ্বারা ব্যবহার করিলে বিশেষ ফললাভের আশা করা যায়। উক্ত রোগে যে নিঃস্রাবণ হয়, তাহা ক্ষারগুণ বিশিষ্ট বলিয়া উপরোক্ত ক্ষার ঔষধের পিচকারী ব্যবহারে তাহা বন্ধ হইয়া থাকে, কারণ ক্ষার ঔষধ ক্ষারস্রাবকে বন্ধ করে; ইহা একটী সাধারণ নিয়ম। যখন এই স্রাব অণ্ডের শুভ্রাংশের ন্যায় পরিস্কার কিম্বা পিণ্ডবৎ হয়, তখন ৩।৪ বার উক্তরূপে পিচকারী ব্যবহার করিলে বিশেষ উপকার দর্শে; কিন্তু হরিদ্রাবর্ণের পূয় স্রাব হইলে উহাদ্বারা তত ফল পাওয়া যায় না। আর যদ্যপি উক্ত রোগ জরায়ুর স্থানচ্যুতি হওয়া বশতঃ কিম্বা জরায়ু-গ্রীবার ক্ষত বশতঃ উৎপন্ন হইয়া থাকে, তাহা হইলে উক্ত পিচকারী দ্বারা কিছু দিনের জন্য নিস্রাব বন্ধ হইতে পারে; কিন্তু যে কারণে ব্যাধি উৎপন্ন হয় তাহা দূর না করিলে, লিউকোরিয়া একেবারে আরোগ্য হয় না।

একটী উপাধান দ্বারা রোগিণীর নিতম্বদেশ কিছু উন্নত করিয়া এমতভাবে ভ্যাজাইনাতে পিচকারী প্রয়োগ করিবে যেন, তাহার আধেয় পদার্থ ৫ মিনিট কাল জরায়ুমুখে (আক্রান্তস্থানে) সংলগ্ন থাকিতে পারে। এরূপ স্থলে হিগিন্‌সন্ সাহেবের পিচকারীই সচরাচর ব্যবহৃত হইয়া থাকে।

নখ অভ্যন্তর দিকে বর্দ্ধিত হইলে তাহাকে ইন্‌গ্রোইং অব্ দি নেইল্ Ingrowing of the nail কহে। তাহাতে সলিউশন্ অব্ লাইকর পটাশি (২ ড্রাম, ১ আং জলে) একটুকরা তুলা ভিজাইয়া সর্ব্বদা উহার আক্রান্ত স্থানের মধ্যে চাপিয়া রাখিলে উহা শীঘ্র পাতলা ও নমনীয় হয়। এবং আবশ্যক হইলে সহজেও বিনা বেদনায় কর্ত্তন করা যাইতে পারে।

বুকজ্বালা (Heartburn) এবং অম্লোদ্গারে (Acid eructation) কোন একটী এলকেলাই (বাইকার্ব্বনেট্) দিলে তৎক্ষণাৎ উপশমিত হইয়া থাকে; কিন্তু রোগ সম্যক্‌রূপে আরোগ্য হয় না। এবং ইহাদের সেবনে কখন কখন কার্ব্বনিক্ এসিড্ গ্যাস্ উৎপন্ন হইয়া পাকাশয়কে স্ফীত করে

অর্থাৎ পেটফুলে। এমতাবস্থায় কোষ্ঠ বদ্ধ থাকিলে ম্যাগনেসিয়া এবং উদরাময় থাকিলে লাইমওয়াটার (চুণের জল) ব্যবহার করা আবশ্যক।

নানা প্রকার এ্যাটনিক্ ডিস্‌পেপ্‌সিয়া রোগে এবং যে সকল ডিস্‌পেপ্‌সিয়া গ্যাষ্ট্রিক্‌জুসের (পাকাশয়িক পাচকরসের) অল্পতা বশতঃ উৎপন্ন হয়, তাহাতে ক্ষার ঔষধ সকল অতি আদরের সহিত ব্যবহার করা যাইতে পারে। কিন্তু স্মরণ রাখা কর্ত্তব্য যে, আহারের কিঞ্চিৎ পূর্ব্বে ইহাদের ব্যবহার করা উচিত; কারণ তাহাতে পাকাশয়ের পাচকরস (গ্যাষ্ট্রিক্‌জুস) অধিক পরিমাণে নিঃসৃত হইয়া পরিপাক ক্রিয়ার সহায়তা করিয়া থাকে। কিন্তু আহারান্তে ব্যবহার করিলে উক্ত রসের অম্লগুণ নষ্ট করিয়া বিপরীত ক্রিয়া প্রকাশ করে। এতদর্থে বাইকার্ব্বনেট্ অব্ সোডা বিশেষ উপকারী।

℞ Sodii bicarbonatis gr xx
Tinct. calumbæ m xx
Syrupi zingiberis ʒss
Infusi gentianæ compositi ad ℥i
M. ft. S. Three times a day.

এই মিক্শ্চার নানা প্রকার ডিসপেপ্‌সিয়া রোগে ব্যবহৃত হয়।

পাকাশয়ের উপর ক্ষার ঔষধ সমূহের অবসাদক ক্রিয়া আছে; কিন্তু তাহা না থাকিলেও উক্ত যন্ত্রের বেদনা নিবারণ করে, এজন্য ঐস্থানের বেদনা হইলে উহা দিগকে ব্যবস্থা করা উচিত। এতদর্থে সচরাচর লাইকর পটাশি ব্যবহৃত হইয়া থাকে।

অম্ল সকল দ্বারা বিষাক্ত হইলে যে সকল ক্ষার ঔষধ পাকাশয়ের উপর অল্প উত্তেজনা প্রকাশ করে, সেই গুলি ব্যবহার করা উচিত; কারণ তাহারা এসিড্ দিগকে সমক্ষারাম্ল করতঃ টিসুর উপর উহাদের অনিষ্টকর ক্রিয়া প্রকাশ করিতে দেয় না।

ধাতব লবণ এবং উপক্ষার সকল দ্বারা বিষাক্ত হইলেও উহারা (বাইকার্ব্বনেট্‌স্) সচরাচর ব্যবহৃত হইতে পারে। কারণ উহাদের প্রয়োগে তাহারা অদ্রবণীয় হইয়া অধঃস্থ হইয়া পড়ে, সুতরাং আর বিষের ন্যায় ক্রিয়া প্রকাশ করিতে সমর্থ হয় না। এবং ম্যাগ্‌নেসিয়ার অল্প বিরেচক গুণ থাকা বিধায়

উক্ত বিষ দিগকে অন্ত্র হইতে বহির্গত করিবার জন্য সচরাচর ব্যবহৃত হইয়া থাকে। অন্ত্র মধ্যে অম্লাধিক্য বশতঃ উদরাময় হইলে বাইকার্ব্বনেট্ অব্ পটাশ্ ও বাইকার্ব্বনেট্ অব্ সোডা কিম্বা ম্যাগনেসিয়া অতিরিক্ত অম্লকে সমক্ষারাম্ল করতঃ উপকার দর্শায়।

ডাং ওয়াল্‌স্ (Dr Walshe) প্লাষ্টিক ব্রঙ্কাইটিস্ (Plastic Bronchitis) রোগে, লাইকর পটাশি ব্যবস্থা করিতে বলেন। কার্ব্বনেট্ অব্ পটাশ্ ১ হইতে ২ গ্রেণ মাত্রায় সিরাপ্ সহযোগে দিবসে ২।৩ বার প্রয়োগ করিলে হুপিং কফ উপশমিত হইয়া থাকে।

ক্ষারদ্বারা রক্তের ক্ষারত্ব বৃদ্ধি হয়। শরীরে অধিক পরিমাণে ল্যাক্‌টিক্ এসিড্ জন্মিলে বাতরোগ উৎপন্ন হইয়া থাকে। উক্ত এসিডের সহিত শরীরের কোন কোন বিধানের নৈকট্য সম্বন্ধ থাকা বশতঃই উহাদের প্রদাহ উৎপাদন করিয়া থাকে। এরূপ অবস্থায় এল্‌কেলাইজ্ বিশেষতঃ বাইকার্ব্বনেট্ অব্ পটাশ্ প্রয়োগ করিলে ল্যাকটিক্ এসিড্‌কে সমক্ষারাম্ল করিয়া টিস্থুদিগের উপর উহার অনিষ্টকর ক্রিয়া প্রকাশ পাইতে দেয়না।

সোডিয়াম্ বাইকার্ব্বনেট্ (১০—১৫ গ্রেণ, ১ আং জলে) ডিপ্‌থিরিয়ার ফল্‌স্ মেম্ব্রেণে (কৃত্রিমঝিল্লীতে) লাগাইলে তাহা শীঘ্র দ্রব হইয়া যায়। বহুল পরিমাণে, আজকাল ট্রেকিওটমি অপারেশনের পর ক্ষতস্থান দিয়া ইহা লেরিংস্ এবং ট্রেকিয়াতে স্থানিক প্রয়োজিত হইয়া থাকে।

ডাং পার্কস্ (Dr.Parkes) পরীক্ষাদ্বারা স্থির করিয়াছেন যে, লাইকর পটাশি শরীরের অধিকাংশ নাইট্রোজিনাস্ (যবক্ষারজান বিশিষ্ট) টিস্থকে ধ্বংশ করে।

ক্ষার সমূহের মূত্রকারক ক্রিয়া আছে; কিন্তু এসম্বন্ধে এসিটেট, অথবা সাইট্রেট্ অব্ পটাশ্ই উৎকৃষ্ট। তরুণ ও পুরাতন ব্রাইট্‌স্ ডিজিজে ইহারা মূত্রকারক ঔষধ রূপে ব্যবহৃত হইয়া থাকে।

সিষ্টাইটিস্ ও গণোরিয়া রোগে, যখন মূত্রযন্ত্র সকল উত্তেজিত ও প্রদাহিত হয় এবং প্রস্রাবে ইউরিক্ এসিডের আধিক্য দেখা যায়, তখন সাইট্রেট্ এবং বাইকার্ব্বনেট্ প্রয়োগ দ্বারা প্রস্রাবকে কিয়ৎকালের জন্য ক্ষারাক্ত রাখা কর্ত্তব্য।

ডাং রবার্টস্ (Dr. Roberts) পরীক্ষা দ্বারা স্থির করিয়াছেন যে, মূত্রাশয়ে

ইউরিক্ এসিড্ নির্ম্মিত পাথরী জন্মিলে, অনেক দিন পর্য্যন্ত প্রস্রাবকে উক্তরূপে ক্ষারাক্ত রাখিলে সম্ভবতঃ উহা দ্রব হইয়া যায়। ইহা কিড্‌নির মধ্যে হইলে বিশেষ উপকারী; কারণ উক্ত পাথরী সচরাচর ইউরিক্ এসিড্ দ্বারা নির্ম্মিত হইয়া থাকে।

স্ত্রীলোক দিগের দুগ্ধে প্রচুর পরিমাণে পটাশ্ সল্টস্ আছে; এজন্য ইহার ন্যূনতা হইলে পটাশ্ সল্ট্‌স্ প্রয়োগ করিলে দুগ্ধের পরিমাণ বৃদ্ধি পাইতে পারে।

SALTS OF LITHIA.

লিথিয়ার লবণ সকল।

ল্যাটিন্।	ইংরেজী।
লিথিয়াই কার্ব্বনাস্।	কার্ব্বনেট্ অব্ লিথিয়াম্।
Lithii carbonas.	Carbonate of Lithium.

মাত্রা ৩—৮গ্রেণ।

লাইকর লিথিয়ী এফারভেসেন্স।	এফার ভেসিং সালউশন্ অব্ লিথিয়া।
Liquor Lithiæ Effervesecens.	Effervescing Solution of Lithia.

লিথিয়াওয়াটার Lithia water.

মাত্রা ৫—১০ আউন্স।

শরীরের কোন বিধানে ইউরিক এসিড্ (Uric acid) ডিপজিট্ (জমা) না হইতে পারে এনিমিত্ত এবং ঐ ইউরিক এসিড্ মূত্রযন্ত্র দ্বারা বহির্গত হইবার সময় উহাকে দ্রব রাখার জন্য সল্টস্ অব্ লিথিয়াম্ বিশেষ প্রয়োজনীয় ঔষধ মধ্যে গণ্য।

কার্ব্বনেট্ অব্ লিথিয়াম্ প্রবল মূত্রকারক, এবং একই মাত্রায় কার্ব্বনেট অব্ সোডিয়াম্ কিংবা পটাশিয়াম্ লবণ অপেক্ষা প্রস্রাবকে ক্ষারাক্ত করিবার ক্ষমতা ইহার অধিক।

নিম্নলিখিত অবস্থায় ইহা দ্বারা বিশেষ উপকার পাওয়া যায়; যথাঃ—

(১) তরুণ এবং পুরাতণ গউট্ রোগে রক্ত এবং বিধানোপাদান হইতে ইউরেট্ অব্ সোডিয়াম্ বহির্গত করিবার জন্য।

(২) ইহার দ্রবকারক ও মূত্রকারক গুণ আছে বলিয়া, ইউরিক এসিড গ্রাভেল (Uric acid gravel) অর্থাৎ ক্ষুদ্র ক্ষুদ্র ইউরিক এসিড্ নির্ম্মিত পাথরী এবং রিন্যাল্ ক্যালকিউলাস্ (Renal calculus) অর্থাৎ মূত্র যন্ত্র স্থিত পাথরী রোগে ইহা ফলদায়ক।

ডাং গ্যারড (Dr. Garrod) বলেন যে, ৬০ বৎসর বয়সের একটী রোগীর প্রস্রাবের সহিত প্রতিদিন ছোট ছোট ইউরিকএসিড নির্ম্মিত পাথরী বহির্গত হইত; অশ্মরী জন্য তাহার অস্ত্র-প্রয়োগ করাও হইয়াছিল; পরে যে সময় হইতে তাহাকে ৫ গ্রেণ মাত্রায় কার্ব্বনেট্ অব্ লিথিয়াম্ দিনে ২বার করিয়া প্রয়োগ আরম্ভ করা হয়, সেই সময় হইতে তাহার উক্ত রোগের আর কোন উদ্বেগ হয় নাই, এবং সে যত দিন জীবিত ছিল তাহার মধ্যে আর কথনও তাহাকে উক্ত ব্যাধি দ্বারা আক্রান্ত হইতে দেখা যায় নাই।

কার্ব্বনেট্ অব্ লিথিয়াম্ (৪ গ্রেণ, ১ আউন্স জলে) লোশন আকারে বাহ্যিক ব্যবহৃত হইতে পারে। এক টুকরা স্পঞ্জ উক্ত লোশনে আর্দ্র করতঃ গটাপার্চ্চা দ্বারা এমত ভাবে আবৃত করিয়া রাখিবে, যেন তাহা বাষ্পাকারে উড়িয়া যাইতে না পারে।

এই লোশন নিম্নলিখিত অবস্থায় ব্যবহার করিলে বিশেষ উপকার পাওয়া যায় যথাঃ—

(১) শরীরের কোন স্থান তরুণ কিম্বা পুরাতন গাউট ইনফ্লামেশণ, (গাউট্ রোগজনিত প্রদাহ) দ্বারা আক্রান্ত হইলে।

(২) ক্রণিক গাউট্ দ্বারা কোন সন্ধি ষ্টিফ্ (কঠিন) হইলে।

(৩) কোন গাউটি আলসার (গাউট্ জনিত ক্ষত) হইতে ইউরেট্ অব্ সোডিয়াম্ স্রাব হইতে থাকিলে। এপ্রকার ক্ষত কোন ঔষধ দ্বারা শীঘ্র আরোগ্য হয় না; কিন্তু লিথিয়া লোশন ব্যবহারে শীঘ্র আরোগ্য হইয়া যায়।

(৪) কোন স্থানে চর্ম্ম নিম্নে গাউট্ বশতঃ চক্‌ষ্টোনস্ (Chalk-stones) জন্মিলে। ইহারা ইউরেট্ অব্ সোডিয়াম্ দ্বারা নির্ম্মিত এবং ইহাতে সন্ধি সকল স্ফীত হয়। সম্ভবতঃ লিথিয়াম্ সল্টস্ চর্ম্ম দ্বারা শোষিত হইয়া উক্ত সঞ্চিত পদার্থের সহিত মিশিয়া উহাকে দ্রব করতঃ রক্ত স্রোতের সহিত সঞ্চালিত করিয়া দেয়।

লিথিযাই সাইট্রাস্। সাইট্রেট্ অব্ লিথিয়াম।
Lithii Citras. Citrate of Lithium.

মাত্রা—৫—১০গ্রেণ।

বিমোট্ এণ্টাসিড্ সম্বন্ধে সাইট্রেট্ অব্ লিথিয়াম, কার্ব্বনেট্ অব্ লিথিয়ামের সদৃশ। কিন্তু ইহার প্রত্যক্ষ অম্লনাশক গুণ নাই অর্থাৎ ইহা এলিমেণ্টারি ক্যানালের কোন অম্লকে সমক্ষারাম্ল করিতে পারে না।

MAGNESIA AND ITS CARBONATES.

ম্যাগনেসিয়া এবং ইহার কার্ব্বনেট্স্।

ল্যাটিন্।	ইংরেজী।
ম্যাগ্নেশিয়া পণ্ডিরোসা।	হেভি ম্যাগ্নেশিয়া।
Magnesia Ponderosa,	Heavy Magnesia.

মাত্রা—অম্লনাশক—১০—২০গ্রেণ; বিরেচক—২০—৬০গ্রেণ।

ম্যাগ্নেশিয়া লিভিস্। লাইট ম্যাগ্নেশিয়া।
Magnesia Levis. Light Magnesia.

মাত্রা—অম্লনাশক ১০—২০ গ্রেণ; বিরেচক ২০—৬০ গ্রেণ।

ম্যাগনেসিয়াই কার্ব্বনাস্ পণ্ডিরোসা। হেভি কার্ব্বনেট্ অব্ ম্যাগনেসিয়াম্।
Magnesii Carbonas Ponderosa. Heavy Carbonate of Magnesium

মাত্রা—অম্লনাশক ১০—২০গ্রেণ; বিরেচক ২০—৬০গ্রেণ।

ম্যাগনেসিয়াই কার্ব্বনাস লিভিস্। লাইট্ কার্ব্বনেট অব্ ম্যাগনেসিয়াম্।
Magnesii Carbonas Levis. Light Carbonate of Magnesium.

মাত্রা—অম্লনাশক ১০—২০গ্রেণ; বিরেচক ২০—৬০গ্রেণ।

লাইকর্ ম্যাগনেসিয়াই কার্ব্বনেটিস্। সলিউশন্ অব্ ম্যাগনেসিয়াম্।
Liquor Magnesii Carbonatis, Solution of Carbonate of Magnesium. ফ্লুইড ম্যাগনেসিয়া (Fluid Magnesia)

মাত্রা ১—২ আং।

ক্ষারগুণ থাকা-প্রযুক্ত পটাশ্ ও সোডাক্ষার দিগের মধ্যে ইহাদিগকে

গণ্য করা যাইতে পারে, কিন্তু শরীরের উপর ম্যাগনেশিয়া-শ্রেণীস্থ ঔষধ সকলের গুণ অনেক বিষয়ে পটাশ্ এবং সোডা শ্রেণীস্থ ঔষধ সমূহের গুণ হইতে বিভিন্ন।

অক্সাইড্ অব্ ম্যাগনেসিয়ার কিয়দংশ পাচকরসের অম্লের সহিত মিশ্রিত হইয়া দ্রবণীয় হয় এবং অবশিষ্টাংশ অদ্রবণীয় অবস্থায় বর্ত্তমান থাকে। কার্ব্বনেটের কিয়দংশ পাকাশয়ের অম্লের দ্বারা ডিকম্পোজড্ (বিকৃত) হইয়া কার্ব্বনিক্ এসিড্ উৎপাদন করে।

উগ্র এসিড্স্ এবং কতিপয় ধাতবলবণ দ্বারা বিষাক্ত হইলে ইহারা অম্লনাশক এবং বিষঘ্ন স্বরূপ ক্রিয়া করে। কোন কোন স্থলে অম্লনাশক ক্রিয়া সম্বন্ধে ইহারা বাইকার্ব্বনেট্ অব্ সোডা কিংবা লাইম্ অপেক্ষা শ্রেষ্ঠ।

নিম্নে ইহাদের কয়েকটী উপকারিতার বিষয় লিখিত হইল।

(১) অধিক পরিমাণে অম্লকে শোষণ করিবার ক্ষমতা।

(২) বিরেচণ ক্রিয়া।

(৩) ইহারা অদ্রবনীয় বিধায় ইহাদিগকে অধিক পরিমাণে প্রয়োগ করিলেও কোন ক্ষতি হয় না।

ইহাদের ব্যবহারে অসুবিধা এই যে, ইহাদিগকে অধিক পরিমাণে ব্যবস্থা করিতে হয়।

অম্লনাশেরজন্য অক্সাইড্ কিংবা কার্ব্বনেট্ অব্ ম্যাগ্নেসিয়া সচরাচর ব্যবহৃত হইয়া থাকে, কিন্তু পূর্ব্বোক্তটী অধিক উপকারক; কারণ কার্ব্বনেট্ সেবন করাইলে কার্ব্বনিক এসিড্ নির্গত হইয়া পাকাশয়কে স্ফীত করিয়া অসুখ জন্মাইতে পারে। ইহা স্মরণ রাখিতে হইবে যে, পাকাশয়ে অম্লাধিক্য হইলে ইহাদিগকে ব্যবহার করিলে উপশম হয় বটে, কিন্তু অম্ল সকল প্রয়োগে অধিক উপকার দর্শে, কারণ এসিড্স্, এসিড্ সিক্রিশণকে বন্ধ করিয়া থাকে।

অক্সাইড্ অব্ ম্যাগ্নেসিয়া উগ্রধাতব ও উদ্ভিজ্জ অম্লের বিষঘ্ন; ইহা উক্ত বিষ সমূহকে সমক্ষারাম্ল করিয়া গুণের পরিবর্ত্তন এবং পাকাশয়ের কোমল গঠণকে উহাদিগের ক্ষয়কারী-ক্রিয়া (Corroding action) হইতে রক্ষা করে। ম্যাগ্নেশিয়ার প্রয়োগরূপ সকল আর্সেনিকের সহিত একটী অদ্রবনীয় পদার্থ উৎপাদন করে, এজন্য ইহাদিগকে ঐ বিষের বিষঘ্ন মধ্যে গণ্য করা যায়।

অন্ত্রমধ্যে ম্যাগনেশিয়ার লবণ সকল উহাদিগের নির্ম্মাণানুযায়ী পরিবর্ত্তিত হয়। অক্সাইড্ প্রথমে কার্ব্বনেট্, তৎপরে অন্ত্রের কার্ব্বনিকএসিড্ দ্বারা বাইকার্ব্বনেটে পরিণত হইয়া দ্রবনীয় হওতঃ বিরেচকের স্থায় ক্রিয়া করে, এবং কার্ব্বনেট্ উক্ত প্রকারে বাইকার্ব্বনেটে পরিবর্ত্তিত হইয়া বিরেচণ উৎপাদন করে। এইরূপে ম্যাগনেশিয়ার প্রয়োগরূপ সকল বাইকার্ব্বনেটে পরিবর্ত্তিত হইয়া, সালফেট্ অব ম্যাগনেসিয়া ইত্যাদির ন্যায় বিরেচক গুণ বিশিষ্ট হয়। ইহাদের ক্রিয়া মৃদু, এই নিমিত্ত মৃদু বিরেচকের মধ্যে পরিগণিত। ইহাদিগের ক্রিয়া মৃদু, আস্বাদ রহিত ও অম্লনাশক গুণথাকায় শিশুদিগের পক্ষে এই সকল ঔষধ উৎকৃষ্ট; সচরাচর ইহাদিগের সঙ্গে কিঞ্চিৎ রুবার্ব্ব দেওয়া হইয়া থাকে। অধিক মাত্রায় ম্যাগনেশিয়া ব্যবহার করিলে অন্ত্রে সঞ্চিত হইয়া এমোনিয়ো-ম্যাগনেশিয়েন্ ফস্ফেট্স্ (Ammonio magnesian phosphates) পাথরী প্রস্তুত করিয়া থাকে।

গর্ভাবস্থায় বমন নিবারণ জন্য ম্যাগনেসিয়া সর্ব্বদা ব্যবহৃত হইয়া থাকে; বিশেষতঃ যখন পাকাশয়ের অম্লাধিক্য বশতঃ ইহা উদ্ভূত হয়, তখন বিশেষ উপকারী, কিন্তু ইহার উপকারীতা ক্ষণস্থায়ী। ইহাতে নিষ্ফল হইলে অক্জেলেট্ অব্ সিরিয়াম্ ১ গ্রেণ মাত্রায় ৩ ঘণ্টা অন্তর ব্যবহার করা যাইতে পারে।

LIME লাইম্।

লাইকর ক্যাল্সিস্।	সলিউশন্ অব্ লাইম্।	লাইম্ ওয়াটার্।
Liquor Calcis.	Solution of Lime.	Lime Water.

মাত্রা ১—৪ আউন্স।

লাইকর ক্যালসিস্ সেকারেটাস্।	সেকারেটেড্ সলিউশন্ অব্ লাইম্।
Liquor Calcis Saccharatus.	Saccharated Solution of Lime.

মাত্রা-১৫ মিনিম—১ ড্রাম।

ক্যাল্সিয়াই কার্ব্বনাস্ প্রিসিপিট্যাটা।	প্রিসিপিট্যাটেড্ কার্ব্বনেট্ অব্ লাইম্।
Calcii Carbonas Præcipitata.	Precipitated Carbonate of Calcium.

মাত্রা-১০—৬০ গ্রেণ।

ক্রিটা প্রিপারেটা। — প্রিপেয়ার্ড চক্।
Creta Præparata. — Prepared chalk.

মাত্রা ১০—৬০ গ্রেণ

প্রয়োগরূপ

মিশ্চ্যুরা ক্রিটি। — চক্ মিক্শ্চার।
Mistura Cretæ. — Chalk Mixture.

মাত্রা ১—২ আউন্স।

পাল্‌ভিস্ ক্রিটি এরোমেটিকাস্। — এরোমেটিক্ পাউডার অব্ চক্।
Pulvis Cretæ Aromaticus. — Aromatic Powder of Chalk.

মাত্রা ১০—৬০ গ্রেণ।

এই শ্রেণীস্থ ঔষধ সকল অত্যন্ত আবশ্যকীয়। শরীরের দৃঢ় ও কোমল বিধান সমূহের (অস্থি, স্নায়ু মাংসপেশী ইত্যাদি) ইহা একটী আবশ্যকীয় উপাদান মধ্যে গণ্য। স্বাভাবিক বা অস্বাভাবিক ভাবে অতি শীঘ্র শীঘ্র যে কোন স্থানের বৃদ্ধি হউক না কেন, সেই সকল স্থানে লাইম্-লবণ সকল বিশেষতঃ ফস্‌ফেট্ অধিক পরিমাণে শরীরের অনেক কার্য্যে প্রয়োজন হয়।

ইহাদিগের ব্যাপ্ত হওয়ার ক্ষমতা অতি অল্প বলিয়া এবং শরীরের জান্তব গঠনের সহিত অল্প সম্বন্ধ থাকা বিধায়, চর্ম্মে লাগাইলে বিশেষ কোন পরিবর্ত্তন হয়না। কিন্তু কষ্টিক লাইমের, জল আকর্ষণ করিবার প্রবল ক্ষমতা থাকায়, কিউটিকেল্ বিহীন চর্ম্মে লাগাইলে বিধান দিগকে কিঞ্চিৎ পরিমাণে ধ্বংশ করে, তথাপি টিশুদের ভিতরে যাইতে পারেনা। কষ্টিক্‌লাইম্ সর্ব্বদা দাহক স্বরূপ ব্যবহার হয়না; কিন্তু কষ্টিক পটাশের সহিত মিশ্রিত করিয়া, পটাশি কাম্ কেলসি আকারে ব্যবহৃত হয়, (বিশেষতঃ জরায়ুর গ্রীবার কোন ব্যাধিতে)।

কার্ব্বনেট্ অব্ লাইম্ এবং লাইম্ ওয়াটারের কিঞ্চিৎ সঙ্কোচক গুণ আছে, এজন্য নানাপ্রকার ক্ষত ও চর্ম্ম রোগের স্রাব বন্ধ করণার্থ, ইহাদিগকে ব্যবহার করা যাইতে পারে। কোন স্থান পুড়িয়া গেলে লাইম্ ওয়াটার (চুনের জল) এবং তৈল সমানাংশে মিশ্রিত করতঃ পোড়া ক্ষতে ক্যারণ অয়েল Carron oil নামে অধিক আদরের সহিত স্থানিক ব্যবহৃত হয়।

প্রসূতিদের স্তনের বোঁটায় বিদারণ (Cracked nipples) হইলে লাইম্ ওয়াটার স্থানিক প্রয়োগ করিলে উত্তম ফল দর্শে।

কোন কোন প্রকার চর্ম্মরোগে (একজিমা ইত্যাদি) অত্যন্ত রস নির্গত হইলে, লাইম্ ওয়াটার সঙ্কোচক বলিয়া, উহা হ্রাস এবং অবসাদক বিধায় জ্বালা ও বেদনা উপশম করে। যখন একজিমা রোগে প্রদাহ কমও ডিস্চার্জ্জ বেশী হয়, তখন লাইম্ ওয়াটার ও গ্লিশিরিণ ব্যবহারে বিশেষ ফল পাওয়া যায়। কার্ব্বনেট্ অব্ লাইম্ ডাষ্টিং পাউডার আকারে অর্থাৎ চূর্ণাকারে প্রক্ষেপ করিলে, একজিমা ও ইণ্টারট্রাইগো রোগে, নিঃস্রবণ শোষণ জন্য এবং বায়ু হইতে ও প্রদাহিত স্থানকে স্রাবের উত্তেজনা হইতে রক্ষা করিবার জন্য ব্যবহৃত হয়। অক্সাইড্ অব্ জিঙ্ক এবং বিষমথ ও এতদর্থে ব্যবহৃত হইয়া থাকে।

ইহার সঙ্কোচক গুণ আছে বলিয়া কর্ণ ও যোনী হইতে পূয কিম্বা অন্য কোন প্রকার স্রাব নির্গত হইলে লাইম্ ওয়াটার দ্বারা ধৌত করিলে বিশেষ উপকার হইয়া থাকে, প্রদাহ স্বত্বেও ইহা ব্যবহার করা যাইতে পারে। কর্ণরোগ পুরাতন হইলে, ইহা, গ্লিশিরিণ অব্ ট্যানিক্ এসিড্ এবং অন্যান্য সঙ্কোচক ঔষধাপেক্ষা নিকৃষ্ট। ডাং জোসেফ বেল (Dr. Joseph Bell) বলেন যে, বসন্ত রোগে লাইম্ লিনিমেণ্ট্ তুলায় মাখাইয়া স্থানিক ব্যবহার হয়।

সম্ভবতঃ চূনের জলের ক্ষারগুণ থাকা বিধায় লিউকোরিয়া রোগে পিচকারী স্বরূপ ব্যবহার করিলে উপকার দর্শিয়া থাকে। খরিমাটী (চক) দাঁত মাজিবার জন্য উৎকৃষ্ট ; ইহাতে দাতের ইনামেল্ নামক পদার্থ ক্ষয় হইয়া ডেণ্টিন নামক পদার্থ দেখা যায় না। ইহা কখন কখন (ডিপথিরিয়ারোগে) ফল্স্ মেম্ব্রেণ্ False membrane অর্থাৎ কৃত্রিম ঝিল্লি ডিজল্ভ (দ্রব) করে ; এরূপ অবস্থায়, লাইম্ ওয়াটার কিম্বা ক্যাল্সিস্ অর্দ্ধ আউন্স, গ্লিশিরিণ ২ আউন্স, জল ৮ আউন্স একত্র মিশ্রিত করিয়া স্প্রে নামক যন্ত্রদ্বারা বারংবার ব্যবহার করা হইয়া থাকে।

লাইম্ এবং ইহার প্রয়োগরূপ সকল পাকাশয়ের অম্লকে সমক্ষারাম্ল করে বটে ; কিন্তু এতদর্থে সচরাচর অন্যান্য ঔষধই ব্যবহৃত হইয়া থাকে। অক্জেলিক্এসিড্ দ্বারা বিষাক্ত হইলে ইহার লবণ সকল বিষঘ্ন স্বরূপ ব্যবহৃত হইয়া থাকে।

ক্রনিক বা পুরাতন বমন নিবারণার্থ চূনের জল উপকারী। পাকাশয়ের পুরাতন ক্ষত বশতঃ বমন হইলে চূনেরজল এবং দুগ্ধ সমপরিমাণ অথবা একভাগ চূণেরজল এবং চারি ভাগ দুগ্ধ মিশ্রিত করতঃ সেবন করাইলে বমন নিবারিত হয়। যদি বারংবার বমি হয় তবে এক টিস্পুন্‌ফুল্‌ কিম্বা এক টেবলস্পুন্‌ফুল্‌ মাত্রায় পুনঃ পুনঃ কেবল ইহাই সেবন করাইবে।

ছোট ছোট শিশুরা কখন কখনও চাপ চাপ দুগ্ধ বমি করে, তাহার কতক-গুলি মলের সহিত বহির্গত হইয়া যায়; বাহির হইবার সময় ইন্‌টেস্‌টাইনে (অন্ত্রে) বায়ু উদ্গত করিয়া বেদনা জন্মায়। গো-দুগ্ধ সেবন করাইলে সচরাচর এরূপ অবস্থা ঘটিয়া থাকে, কারণ গ্যাষ্ট্রিক্‌ জুস্‌ ইহাকে সংযত করে; কিন্তু মাতৃ-দুগ্ধ সেরূপ করেনা। এইরূপ অবস্থায় লাইম্‌ ওয়াটার দ্বারা বিশেষ উপকার দর্শে; কিন্তু ইহা প্রয়োগেও যদি বমি হয় তথাপি দধির মত হয়না।

বমনের সহিত কোষ্ঠবদ্ধ বর্ত্তমান থাকিলে চূনের জলের পরিবর্ত্তে বাই-কার্ব্বনেট্‌ অব. সোডা ব্যবস্থা করা আবশ্যক। সচরাচর দুগ্ধের সহিত $\frac{1}{6}$ অংশ লাইম্‌ওয়াটার ব্যবহৃত হয়। কিন্তু যদি ইহা দ্বারা বিশেষ কোন ফল লাভ না হয়, তাহা হইলে লাইম্‌ওয়াটারের পরিমাণ ক্রমে বৃদ্ধি করিয়া দুগ্ধের অর্দ্ধাংশ পরিমাণেও ব্যবহার করা যাইতে পারে। এক পাইন্ট্‌ দুগ্ধে অর্দ্ধ হইতে এক ড্রাম পর্য্যন্ত বাইকার্ব্বনেট্‌ অব্‌ সোডা মিশ্রিত করিয়া ব্যবহার করিবে। উপযোক্ত ঔষধ দ্বারা বমন নিবারিত না হইলে কিয়ৎকালের জন্য দুগ্ধ একেবারে বন্ধ করিয়া আহারের নিমিত্ত বার্লিওয়াটাব, সুরুয়া ইত্যাদি ব্যবস্থা করিতে হইবেক্‌। কখন কখন ছোট ছোট শিশুগণ পুরাতন বমি এবং উদরাময়রোগগ্রস্থ হইয়া শুষ্ক হইয়া যায়, তখন লাইম্‌ওয়াটার দ্বারা পরিপাকশক্তি ও ক্ষুধাবৃদ্ধি এবং দাস্ত বন্ধ হইয়া বিশেষ উপকার দর্শে।

ইহাদের সঙ্কোচক ক্রিয়া আছে বলিয়া উদরাময় রোগে ব্যবহার করা যাইতে পারে। যেহেতু ইহাদিগকে সেবন করাইলে অন্ত্রস্থ অম্ল সকল, সমক্ষারাম্ল হয়, এবং উহার শ্লৈষ্মিক ঝিল্লির নিঃসরণ বন্ধ হইয়া থাকে।

বর্ণিত আছে যে লাইমের স্যাকারেটেড. সলিউশন ব্যবহার করিলে কোষ্ঠ বদ্ধ না হইয়া বাহ্য পরিষ্কার হইয়া থাকে।

সরলান্ত্রে সূত্রবৎ কৃমি হইলে ইহাব পিচকারী ব্যবহারে উপকার দর্শে।

গ্লিট্ রোগেও লাইম্ওয়াটার ইন্‌জেক্‌শন্ স্বরূপ ব্যবহৃত হইয়া থাকে। শরীরের নিউট্রিশন ন্যূনতা হইলে বিশেষতঃ ছেলেদের রিকেটস্, ম্যালনিউট্রিশন্ ইত্যাদি রোগে, কার্ব্বনেট্ অব লাইম্ কিম্বা লাইম্ওয়াটার দ্বারা উপকার দর্শে।

লাইম্ওয়াটারের সঙ্কোচক গুণ থাকায় হুপিং-কফ রোগেও ব্যবহার করা যাইতে পারে।

AMMONIA AND ITS CARBONATE.

এমোনিয়া এবং ইহার কার্ব্বনেট্।

সাধারণ বর্ণনা—এই সকল ঔষধের গুণ অনেক বিষয়ে পটাশ্ এবং সোডার প্রয়োগরূপ দিগের ন্যায়; অর্থাৎ ইহাদিগের প্রতিক্রিয়া ক্ষারাক্ত, ইহারা জলে দ্রবণীয়, ইহাদের ব্যাপকতা গুণ অধিক এবং ইহারা শারীরিক বিধান-দিগকে ধ্বংস করিতে সক্ষম। কিন্তু কোন কোন বিষয়ে ইহাদের পার্থক্য আছে অর্থাৎ পটাশ এবং সোডার প্রয়োগরূপ দিগের ন্যায়, ইহারা তত স্থায়ী নহে (উহারা ভলেটাইল অর্থাৎ উড়িয়া যায়)। শারীরিক গঠনের উপর ইহাদিগের ক্রিয়া অধিকতর প্রবল। স্থানিক দাহক বলিয়া অত্যন্ত প্রদাহ উৎপাদন করে। মর্দ্দন স্বরূপ সচরাচর ইহারা বাহ্যিক ব্যবহৃত হইয়া থাকে।

কাউণ্টার-ইরিট্যান্ট্ অর্থাৎ প্রত্যুগ্রতা সাধন জন্য এমোনিয়া অপেক্ষাকৃত অধিক ব্যবহার্য্য; কিন্তু মাষ্টার্ড প্লাষ্টার অপেক্ষা উৎকৃষ্ট নহে, কারণ মাষ্টার্ড অতি সহজেই প্রাপ্ত হওয়া যায়। লিনিমেণ্ট অব্ এমোনিয়াও ঐ উদ্দেশ্যে ব্যবহৃত হইয়া থাকে। উগ্রতা সাধন জন্য মাষ্টার্ড প্লাষ্টার যে যে কারণে ব্যবহৃত হয়, এমোনিয়াও সেই সেই কারণে ব্যবহৃত হইয়া থাকে।

জরায়ুর ক্রিয়ার ন্যূনতা বশতঃ অথবা স্ত্রীলোকের চেইঞ্জ অব্ লাইফ্ (Change of life) অর্থাৎ যে সময় হইতে তাহাদের ঋতুক্রিয়া স্বাভাবিকরূপে স্থগিত হয়, সেই সময়ের শিরঃ পীড়াতে ডাং টিল্ট্ (Dr. Tilt) সাহেবের মতে র‍্যাস্‌পেল্‌স্ সিডেটিভ্ (Raspail's Sedative) লোশন অতি উপকারী। দুই আউন্স লাইকর-এমোনিয়া, দুই আউন্স সাধারণ লবণ, তিন ড্রাম ক্যাম্ফোরেটেড্ স্পিরিট অব্ ওয়াইন এবং ৩২ আউন্স জল একত্র মিশ্রিত করিলে উক্ত

লোশন প্রস্তুত হয়। এক খণ্ড স্পঞ্জ কিম্বা কাপড় ইহাতে ভিজাইয়া বেদনাযুক্ত স্থানে সংস্থাপন করিতে হয়; ইহাতে কিঞ্চিৎ জ্বালা করে এবং ঐ স্থান আরক্তিম হয়। অধিক উগ্র হইলে ইহার সহিত কিঞ্চিৎ জল মিশ্রিত করা উচিত।

বোলতা, বিছা, মাকড়সা প্রভৃতি কীটের দংশনে, কিম্বা তাহারা হুল ফুটাইলে, দংষ্ট্রস্থানে সলিউশন অব্ এমোনিয়ার মৃদু লোশন লাগাইলে উহার বিষের বীর্য্য (Formic acid) সমক্ষারাম্ল করতঃ উপকার দর্শায়।

স্ত্রীলোকদের স্তনে ফোঁড়া হইবার উপক্রম অর্থাৎ স্তন স্ফীত, আরক্তিম, উষ্ণ ও দপ্দপে বেদনাযুক্ত হইলে, ২০ গ্রেণ কার্ব্বনেট্ অব্ এমোনিয়া এক পাইণ্ট স্ফুটিত জলে মিশ্রিত করিয়া ফোমেণ্টেশন্ রূপে ব্যবহার করিলে, অল্প সময়ের মধ্যে সেই সকল লক্ষণ দূরীভূত হয়। উপরোক্ত ফোমেণ্টেশন ২।৩ ঘণ্টা অন্তর অর্দ্ধ ঘণ্টা পর্য্যন্ত ব্যবহার করা আবশ্যক।

কোন কারণ বশতঃ মূর্চ্ছা (Fainting) হইলে অথবা মাদক দ্রব্য দ্বারা বিষাক্ত হইলে এমোনিয়ার লবণ (কার্ব্বনেট্ অব্ এমোনিয়া) আঘ্রাণ করাইলে নাসারন্ধ্রের মিউকাস মেম্ব্রেণের উত্তেজনা হেতু ভ্যাসোমোটার সেণ্টার উত্তেজিত হইয়া ব্লাড্-প্রেসার অর্থাৎ রক্তের চাপবৃদ্ধি পায় এবং রোগী চৈতন্যলাভ করে। সর্দ্দির প্রথমাবস্থায় ইহাদের আঘ্রাণ করাইলে ডেরিভেটিবের (দোহকের) ন্যায় কার্য্য করিয়া নাসারন্ধ্র এবং ফ্রণ্টেল সাইনাসের প্রদাহ এবং তজ্জনিত বেদনা দূরীভূত করে।

ক্রনিক ব্রঙ্কাইটিস্ রোগে শ্লেষ্মা কমাইবার জন্য কেহ কেহ এমোনিয়ার ইন্‌হেলেশন্ (আঘ্রাণ) ব্যবস্থা করিয়া থাকেন। এমোনিয়া পাকাশয়ের অম্ল সমূহকে সমক্ষারাম্ল করে বলিয়া এণ্টাসিড্ অর্থাৎ অম্লনাশক।

ক্রনিক্ ব্রঙ্কাইটিস্ ও প্লুরাইটিস্ এবং অন্যান্য প্রকার লাংসের পুরাতন ব্যাধিতে লাইকর এমোনিয়া ½—২ আং, ওলিয়ম এমেক্‌ডেলি ½ ড্রাম, ওলিয়ম্ রোজমেরি ১ ড্রাম এবং জল ২ আউন্স একত্র করিয়া এম্‌ব্রোকেসন্ (Embrocation) প্রস্তুত করতঃ বক্ষে মর্দ্দন করিলে কাউণ্টার-ইরিট্যাণ্ট্ স্বরূপ কার্য্য করিয়া উপকার দর্শায়।

এমোনিয়া ব্যবহারের অল্পক্ষণ পরেই আমাশয়ে এক প্রকার উষ্ণানুভব হইয়া থাকে, যাহা শরীরের অবশিষ্টাংশে শীঘ্র বিস্তৃত হইয়া পড়ে। পাকা-

শয়ের এবং অন্ত্রের ঊর্দ্ধাংশের ক্রিয়া মান্দ্য হইলে, ইহা উত্তেজক স্বরূপ ব্যবহার করা যাইতে পারে। অন্ত্রের আক্ষেপ হইলে তাহা নিবারণ করে এবং ইহার শিথিল মিউকাস্ মেম্ব্রেণের বল বিধান করে ; এজন্য এমোনিয়ার উপরোক্ত প্রয়োগরূপ সকলকে উৎকৃষ্ট আক্ষেপনিবারক ঔষধ মধ্যে গণ্য করা যায়।

মন্দ আহার জনিত শিশুদিগের পেটফাঁপার জন্য কলিক্ বা শূলবেদনা হইলে, ইহা বিশেষ ব্যবহার্য্য। পাকাশয়ে এবং অন্ত্রে বায়ু জন্মিয়া উদর স্ফীত হইলে এমোনিয়ার ক্ষারীয় প্রয়োগরূপ সেবন করাইলে অতিরিক্ত বায়ু (সচরাচর কার্ব্বনিক এসিড্) শোষণ করিয়া উপকার দর্শায়। অধিকন্তু ইহারা অন্ত্রের পেশী-নির্ম্মিত-আবরণকে সঙ্কোচিত করতঃ স্ফীতকারী বায়ুর বহির্গমনের সাহায্য করে।

পূর্ণ মাত্রায় এসকল ঔষধ অধিক পরিমাণে শ্লেষ্মা এবং কখন কখন বমন উৎপাদন করে। ইহাদিগকে বমনকারক ঔষধরূপে ব্যবহার করিলে, বিবমিষা কিংবা অবসাদন হয় না ; কেবল এই জন্য ইহারা কদাচিৎ ব্যবহৃত হয়, কিন্তু অন্যান্য বমনকারক ঔষধের অবসাদক ক্রিয়ার প্রতিবাধা দিবার জন্য ব্যবহার হইয়া থাকে।

ইউরিমিয়া রোগে কার্ব্বনেট্ অব্ এমোনিয়াম্ বিষাক্ত পদার্থ বলিয়া কেহ কেহ বলেন, তাহাদের মতে ইউরিয়া, রক্তে বিকৃত হওতঃ কার্ব্বনেট্ অব্ এমোনিয়াতে পরিবর্ত্তিত হইয়া, ইউরিমিয়ারোগের দুর্লক্ষণ সকল উৎপাদন করিয়া থাকে।

এমোনিয়া সেবন করাইলে নাড়ীর বেগ, মস্তিকের কিঞ্চিৎ উত্তেজনা এবং সার্ব্বাঙ্গিক উষ্ণতা বৃদ্ধি পায়। হৃৎপিণ্ডের উত্তেজনা হওয়া বিধায়, মূর্চ্ছা এবং এগ্‌জস্‌শান (Exhaustion) অবসাদ অবস্থায় এমোনিয়া ব্যবহৃত হইয়া থাকে।

ক্রনিক ব্রঙ্কাইটিস্ রোগে কার্ব্বনেট্ অব্ এমোনিয়া ষ্টিমিউলেটিং এক্স্‌পেক্টোর্যান্ট, বলিয়া যখন রোগীর বল কম হইতে থাকে ও শ্লেষ্মা অধিক হয়, সেই অবস্থায় ইহা ব্যবহার্য্য। এরূপ অবস্থায় সেনেগা এবং স্কুইল্ সহ ব্যবহার করা উচিত।

ক্রনিক্ ব্রঙ্কাইটিস্ রোগে নিম্নলিখিত ব্যবস্থাপত্র ফলদায়ক।

℞ Tinct Scillæ mx—xv

„ Camph co mxv

Ammon carb grv

Inf Senagæ ad ℥j

M. ft. S ℥j Every three hours.

ছোট ছোট ছেলেদের প্রবল ব্রঙ্কাইটিস্ কিম্বা ব্রঙ্কো-নিউমোনিয়া রোগে বিশেষতঃ যখন শ্বাস গ্রহণের বাধা বশতঃ নিস্তেজ এবং লিভিড্ (নীলাভ) হয়, তখন কার্ব্বনেট্ অব এমোনিয়াম্ বিশেষ উপকারী। ইরিসিপিলাস্ কিম্বা অন্য প্রকার একিউট্ স্পেসিফিক্ ফিবারস্, পাইমিয়া ইত্যাদি রোগ বশতঃ টাইফয়েড (Typhoid) অবস্থা প্রাপ্ত হইলে ইহা বহুল পরিমাণে ব্যবহৃত হয়।

স্কার্লেট্ জ্বরে কার্ব্বনেট্ অব্ এমোনিয়া ৩।৪ গ্রেণ মাত্রায় রোগের অবস্থানুসারে ২।৩ ঘণ্টা অন্তর দিলে বিশেষ উপকার দর্শে, অর্থাৎ জ্বর, তাপাধিক্য ও প্রলাপের হ্রাস হয় এবং নিদ্রা আইসে। মিজল্স্ অর্থাৎ হামের পক্ষেও ইহার ক্রিয়া ঐরূপ। এমোনিয়া সেবন কালীন অম্লযুক্ত দ্রব্য ব্যবহার করা অনুচিত; কারণ তাহাহইলে উহার ক্ষারত্ব নষ্ট হইয়া যায়, সুতরাং কোন ফল দর্শেনা।

আইওডিজম্ নিবারণ করিতে এমোনিয়া ব্যবহৃত হয় (যাহা পূর্ব্বে উল্লিখিত হইয়াছে)। এমোনিয়ার লবণ বিশেষতঃ লাইকর এবং কার্ব্বনেট্ প্রবল এণ্টিসেপ্টিক্; সম্ভবতঃ এইকারণেই ইহারা একিউট্ স্পেসিফিক্ ফিবারে ব্যবহৃত হইয়া থাকে।

এমোনিয়ার বিস্তারণ গুণ অধিক বলিয়া ইহা শরীর হইতে শ্বাস প্রশ্বাস, ঘর্ম্ম এবং প্রস্রাব দ্বারা শীঘ্র বহির্গত হইয়া যায়।

ল্যাটিন্।	ইংরেজী।
এমোনিয়াম্।	এমোনিয়া।
Ammonium.	Ammonia.

এমোনিয়া-বাষ্প অত্যন্ত উগ্র, উহা আঘ্রাণ করিলে গ্লটিশের আক্ষেপ হইয়া শ্বাসরোধ দ্বারা মৃত্যু ঘটে। ইহার ডাইলিউটেড্ বাষ্প আঘ্রাণে শ্বাসনলী,

নাসিকা এবং চক্ষের শ্লৈষ্মিক ঝিল্লির উত্তেজনা হয়। আঘ্রাণ করিলে সিন্‌কোপে Syncope, প্রবল নার্ভাইন ষ্টিমিউলেণ্টের ন্যায় ক্রিয়া প্রকাশ করিয়া থাকে।

লাটিন।	ইংরেজী।
লাইকর এমোনিয়ী ফর্শিয়র।	ষ্ট্রং সলিউশন্ অব্ এমোনিয়া।
Liquor Ammoniæ Fortior.	Strong solution of Ammonia.

মাত্রা ৩—১০ মিনিম্ জলের সহিত মিশ্রিত করিয়া।

প্রয়োগরূপ—

লাইকর এমোনিয়ী।	সলিউশন্ অব্ এমোনিয়া।
Liquor Ammoniæ.	Solution of Ammonia.

মাত্রা ১০—৩০ মিনিম।

লিনিমেণ্টাম্ এমোনিয়ী।	লিনিমেণ্ট অব্ এমোনিয়া।
Linimentum Ammoniæ.	Liniment of Ammonia.

ক্রিয়া—হাইড্রোসায়ানিক্ এসিড্, ডিজিটেলিস্ এবং অন্যান্য সিডেটীভ্ বিষের ইহা একটী উত্তম বিষঘ্ন ঔষধ মধ্যে গণ্য। ইহার প্রবল এণ্টাসিড্‌গুণ আছে। ইহার সলিউশন্ অধিক মাত্রায় খাইলে করোসিভ্ (ক্ষয়কারী) বিষের (Corrosive poison) ন্যায় ক্রিয়া করে। এমোনিয়া বাহ্যিক প্রয়োগে উত্তম ভেসিক্যাণ্ট্ Vesicant (ফোস্কাকারক) এবং প্রত্যুগ্রতাসাধক। ইহা ব্যবহার করিতে হইলে প্রথমতঃ কয়েক খানা গোলাকার লিণ্ট উহার উগ্র সলিউশনে সিক্ত করিয়া অভিলষিত স্থানে রাখিতে হয় এবং তৎপর তাহা এক খণ্ড কাচ কি অন্য কোন বস্তু দ্বারা ঢাকিয়া রাখিবে, যেন তাহা বাষ্পাকারে উড়িয়া যাইতে না পারে। ইহাতে রোগী প্রথমতঃ একটুকু ঠাণ্ডা তৎপর গরম বোধ করে এবং কয়েক মিনিট পরে ঐ আবৃত লিণ্ট তুলিয়া ফেলিলে ফোস্কা দেখিতে পাওয়া যায়। উহা উত্তেজক স্বরূপ কার্য্য করে। স্নায়ুশূল, আক্ষেপ এবং নানাবিধ আক্ষেপিক পীড়া সমূহের বেদনা উহা দ্বারা উপশমিত হইয়া থাকে। ইহা ক্যান্থারাইডিস্ অপেক্ষা ভাল, কারণ ইহার ভেসিক্যাণ্ট্ ক্রিয়া অতি সত্বর দেখা যায় এবং মূত্র যন্ত্রের উপর কোন ক্রিয়া প্রকাশ করেনা।

আময়িক প্রয়োগ—বিষাক্ত সর্প এবং কীটাদির (Venomous Snakes and Insects) দংশনে এমোনিয়া ব্যবহার্য্য। এরূপ অবস্থায় ইহা একটী উত্তম স্নায়বীয় উত্তেজক ঔষধ। ব্রাণ্ডি অথবা অন্যান্য ষ্টিমিউল্যাণ্ট্ অপেক্ষা অধিক ফলদায়ক। ইহা ১০ হইতে ২০ মিনিম্ মাত্রায় জল কিংবা ওয়াইন্ (সুরা) সহিত অৰ্দ্ধ ঘণ্টা অন্তর অথবা অবস্থানুসারে ইহা অপেক্ষা শীঘ্র শীঘ্র প্রয়োগ করা যাইতে পারে।

ইহা দংশিত স্থানে এবং উহার চতুর্দ্দিকে বাহ্যিক প্রয়োগ করা উচিত। রোগীকে শয়ন করিতে অথবা ঘুমাইতে দিবেনা ও চারিদিকে হাঁটাইতে হইবে এবং সান্ত্বনা বাক্যদ্বারা তাহার ভয় দূর করিবে।

প্রফেসার হ্যালফোর্ড (Prof. Halford) ষ্ট্রং সলিউশন্ অব লাইকর এমোনিয়া ১ ভাগ, এবং ডিষ্টিল্ড্ ওয়াটার ২ ভাগ, মিশ্রিত করিয়া ইহার কয়েক ফোঁটা হাইপোডার্ম্মিক্ সিরিঞ্জ্ দ্বারা কোন একটী অনিয় শীরাতে (মিডিয়েন্ বেসেলিক্) পিচকারী দিতে বলেন এবং আবশ্যক হইলে ইহা পুনরায় ব্যবহার করা যাইতে পারে। ২০টী মরণোন্মুখ রোগীর মধ্যে ১৭টী এইরূপ চিকিৎসা দ্বারা আরোগ্য লাভ করিয়াছিল। কিন্তু ডাং সার জোসেফ্ ফেরার্ (Dr. Sir Joseph Fayrer) ভারতবর্ষে এরূপ চিকিৎসা দ্বারা কোন ফল পান নাই। যাহাহউক এমোনিয়াকে সর্প চিকিৎসার স্পিসিফিক ঔষধ বলা যাইতে পারে না। তথাচ এরূপ পিচকারীদ্বারা কোন অপকার হয়না বলিয়া অন্যান্য চিকিৎসার সহিত ব্যবহার করা উচিত।

বৃশ্চিক্ (Scorpions) বিছা (Centipedes) মশক (Mosquitoes) এবং অন্যান্য বিষাক্ত কীটের দংশনে সমপরিমাণ লাইকর এমোনিয়া, অলিভ্ অয়েল ও টিংচার ওপিয়ামদ্বারা লিনিমেণ্ট প্রস্তুত করিয়া দংষ্ট্র স্থানে মৰ্দ্দন করিলে অত্যন্ত উপকার হয়। সেই সময় কয়েক ফোঁটা লাইকর এমোনিয়া জলের সহিত মিশ্রিত করিয়া আভ্যন্তরিক ব্যবহার করা যাইতে পারে।

প্ররিটাস্ পিউডেণ্ডাই রোগে অৰ্দ্ধ ড্রাম হইতে একড্রাম সলিউশন্ অব্ এমোনিয়া ১০ আং জলের সহিত ভ্যাজাইনাতে পিচকারী দিলে কখন কখন উত্তম ফল পাওয়া যায়।

টিক্ডলারো (Tic douloureux) এবং মুখের কোন কোন প্রকার শূল

বেদনাতে ইহা তালু ও দন্ত মাড়ীতে ক্যামেল্‌হেয়ারপেন্সিল দ্বারা লাগাইলে অধিক পরিমাণে লালা ও অশ্রুজল নির্গত হইয়া বেশ উপকার হয়।

বল্ডনেস্ (Baldness), য়্যালোপেশিয়া (Alopecia) (টাঁক) রোগে অর্থাৎ মস্তকের চুল উঠিয়া গেলে নিম্নলিখিত ষ্টিমিউলেটিং লোশন্ দ্বারা উত্তম ফল দর্শিয়া থাকে।

℞ Ol Amygd
Liq Ammoniæ āā ℥
Spt Rosmarini
Aq mellis āā ℥jjj
M. ft. Lotion. কেবল বাহ্যিক (মস্তকে) ব্যবহৃত হয়।

যখন শ্বাসরোধ হওয়ার আশঙ্কা থাকে তখন এমোনিয়া বাষ্প আঘ্রাণদ্বারা কখন কখন উপকার দর্শিয়া থাকে। উহা ব্যতীত এলকোহলিক্ ইন্‌টক্সিকেশন্ (সুরার মাদকতা জন্মিলে) ইহাদ্বারা বিশেষ উপকার পাওয়া যায়। উক্ত রোগে নিতান্ত খারাপ অবস্থা হইলে লাইকার এমোনিয়া জলের সহিত মিশ্রিত করিয়া কয়েক ফোঁটা গলার ভিতরে দিতে পারিলে উৎকৃষ্ট ফল পাওয়া যায়। এলকোহলিক্ কোমা (মদের নেশায় অজ্ঞান) অবস্থায় ডাক্তার হ্যামিল্‌টন্ ১০ মিনিম্ পরিমিত লাইকর এমোনিয়া দক্ষিণ মিডিও-সিফেলিক্ ভেইনে (শিরা) ইন্‌জেক্‌শন্ রূপে প্রয়োগ করিয়া বিশেষ উপকার পাইয়াছিলেন।

ল্যাটিন।	ইংরেজী।
এমোনিয়াই কার্ব্বনাস্।	কার্ব্বনেট অব্ এমোনিয়াম্
Ammonii Carbonas.	Carbonate of Ammonium.

ইহাকে স্মেলিং সল্টস্ Smelling Salts বা সল্টস্ অব্ হার্টসরন্ Salts of Hartshorn. বলে।

মাত্রা—উত্তেজক, ঘর্ম্মকারক ও কফনিঃসারক ৩—১০ গ্রেণ।
বমনকারক ১০—৩০ গ্রেণ।

প্রয়োগরূপ

স্পিরিটাস্ এমোনিয়ীএরোমেটিকাস্।	এরোমেটিক্ স্পিরিট্ অব্ এমোনিয়া
Spiritus Ammoniæ Aromaticus.	Aromatic Spirit of Ammonia

ইহাকে স্যাল-ভলেটাইল (Sal Volatile) বলে।

মাত্রা—½—১ ড্রাম।

ক্রিয়া—অম্লনাশক (Antacid), উত্তেজক (Stimulant), ঘর্ম্মকারক (Diaphoretic) এবং কফনিঃসারক (Expectorant)। যখন জীবনীশক্তির হ্রাস হয়, তখন অন্যান্য এলকেলাইন্ কার্ব্বনেট্স্ অপেক্ষা ইহা উৎকৃষ্ট।

কার্ব্বনেট্ অব্ এমোনিয়া উত্তম ঘর্ম্মকারক। ১ কিংবা ২ গ্রেণ মাত্রায় ১ ঘণ্টা অন্তর ইহা ব্যবহার করিলে, প্রচুর পরিমাণে ঘর্ম্ম হইয়া থাকে, এইজন্য ইহা ফিব্রাইল্ ডিজিজেস্ Febrile diseases (নানাপ্রকার জ্বরাদিতে) অত্যুৎকৃষ্ট ঘর্ম্মকারক ঔষধরূপে ব্যবহৃত হইয়া থাকে।

৩০ গ্রেণ মাত্রায় ব্যবহারে উহার বমনকারক ক্রিয়া প্রকাশিত হয়। ইহা অপেক্ষা অধিক মাত্রায় ব্যবহারে শূলবেদনা, আক্ষেপ এবং স্নায়ুমণ্ডলের ক্রিয়ার বৈলক্ষণ্য প্রকাশিত হয়। ইহা ক্রমান্বয়ে অধিক দিবস ব্যবহার করিলে মাথা এবং শরীর বিশেষতঃ চর্ম্ম চুলকায়, কারণ, ইহাতে রক্ত তরল হয় বলিয়া উক্ত প্রকার অসুখজনক চুলকণা হইয়া থাকে।

সিন্কোপ্, হিষ্টিরিয়া এবং য়্যাস্ফিক্শিয়া ইত্যাদি রোগে ইহা স্মেলিংসল্ট্ (Smelling salt) আকারে ব্যবহৃত হয়। কখন কখন ইহা উচ্ছলিতাবস্থায় (Effervescing draughts) ব্যবহৃত হইয়া থাকে। ২০ গ্রেণ কার্ব্বনেট্ অব্ এমোনিয়াকে সমক্ষারাম্ল কবিবার জন্য ৬ ড্রাম লেমন্ জুস্ (লেবুর রস), ২৪ গ্রেণ সাইট্রিক্ এসিড্ কিম্বা ২৬ গ্রেণ টার্টারিক্ এসিডের আবশ্যক হইয়া থাকে। সাইট্রেট্ এবং টার্ট্রেট্ অব্ এমোনিয়া, পাকাশয়ের উত্তেজনা ও জ্বরাদিতে পিপাসা নিবারণার্থ ব্যবস্থেয়।

আময়িকপ্রয়োগ—এসিডিটি (Acidity) অম্লাধিক্য, (Heartburn) বুকজ্বালা এবং ফ্ল্যাটিউলেন্স্ (Flatulence) পেটফাঁপা ইত্যাদিতে ইহা ব্যবহৃত হয়, বিশেষতঃ এটনিক্ ডিস্পেপ্সিয়া কিম্বা হিষ্টিরিয়াগ্রস্ত স্ত্রীলোকদিগের উক্ত ব্যাধিতে কার্ব্বনেট্ অব্ এমোনিয়া ৫ হইতে ৮ গ্রেণ মাত্রায় কোন প্রকার এরোমেটিক্ অর্থাৎ সুগন্ধি জল অথবা অম্ল-তিক্ত-ইন্ফিউশন্ (ফাণ্ট্), সহিত ব্যবস্থা করিলে বিশেষ উপকার পাওয়া যায়।

নিউমোনিয়া রোগে যখন অল্প মাত্রায় এণ্টিমনি ব্যবহার করা যায় না তখন এমোনিয়া এবং স্পিরিট্ ক্লোরোফরমাই ব্যবহার্য্য।

℞ Ammon carb gr iv
Spt. Chloroformi m xx
Aq Camph ʒx

M. ft. S. One dose every 4 hours

উপরোক্ত মিশ্রণ সহিত আবশ্যক হইলে এল্‌কোহলিক ষ্টিমিল্যাণ্ট্‌স্‌ দেওয়া যাইতে পারে। গ্যাংগ্রিন্‌ অব্‌ দি লাংস্‌ (Gangrene of the Lungs) বা ফুস্‌ফুসের বিগলন হইলে ইহার উপর নির্ভর করা যায়। ইহা ডিকক্‌শন্‌ অব্‌ সিন্‌কোণার সহিত ব্যবস্থা করিলে উত্তম ফল পাওয়া যায়। ব্রঙ্কাইটিসের শেষাবস্থায় যখন অল্প জ্বর থাকে তখন উপরোক্ত ব্যবস্থা দ্বারা উপকার দর্শে; উক্ত ব্যাধিতে যখন শ্লেষ্মা কম এবং উহা বহির্গত হইতে কষ্ট হয়, তদবস্থায় ইপিকাকিউয়েনা, স্কুইল ইত্যাদি পূর্ব্বোক্ত মিশ্রণসহ ব্যবস্থা করিলে সন্তোষজনক ফল লাভ হয়, এবং উক্ত ব্যাধির সহিত আক্ষেপ বর্ত্তমান থাকিলে টিংচার অব্‌ লোবিলিয়া সহযোগে ব্যবহার্য্য। উক্ত ব্যাধির বৰ্দ্ধিতাবস্থায় ক্যাম্ফর্‌ ওয়াটারের পরিবর্ত্তে ইন্‌কিউশন্‌ অব্‌ সেনেগা সহযোগে ব্যবস্থা করিলে উপকার হইয়া থাকে। বৃদ্ধ বয়সে এস্থেনিক্‌ ব্রঙ্কাইটিস্‌ রোগে ইহা বিশেষ উপকারী। ছোট ছোট শিশুদের কাশিতে যখন ষ্টিমিউলেটিং এক্সপেক্‌টোরাণ্ট (উত্তেজক কফ্‌ট্‌নিঃসারক) ঔষধের আবশ্যক হয় তখন নিম্নলিখিত ব্যবস্থাপত্র দ্বারা উত্তম ফল দর্শিয়া থাকে।

℞ Ammon carb gr viii—xii
Tinct Scillæ m xx
Syrup ʒii
Decoct Senegæ ad ℥ii

M. ft. S. dose-two teaspoonfuls for a child 3 years old.

ক্রুপ্‌ (Croup) রোগের বৰ্দ্ধিতাবস্থায় উহা উত্তেজক কফনিঃসারক স্বরূপ এবং কখন কখন ফল্‌স্‌ মেম্ব্রেণ বহির্গত করার উদ্দেশ্যে এমেটিক স্বরূপ ব্যবহৃত হয়।

সুরাদ্বারা বিষাক্ত হইলে প্রথমতঃ বমন করাইয়া তৎপর কার্ব্বনেট্‌ অব্‌ এমোনিয়া ব্যবস্থা করিলে উপকার দর্শে। উহার আঘ্রাণ দ্বারাও মদের নেশা কম হয়। সুরাপান বন্ধ করিলে, যে অসুখ হয়, তাহা কার্ব্বনেট্‌ অব্‌ এমোনিয়া ব্যবহারে নিবারিত হইয়া থাকে।

CHARCOAL.

অঙ্গার

ইহা দুই প্রকার।

১। ল্যাটিন্—কার্ব্বলিগ্নাই (Carboligni)

ইংরেজী—উড্চার্কোল্ (Wood Charcoal)

বাঙ্গলা—কাষ্ঠাঙ্গার।

মাত্রা—এণ্টাসিড্—১ টিস্পুন্ হইতে ১ টেবল্ স্পুন্ফুল্। কখন ব্র্যাগ্স্ বিস্কুট্ (Bragg's Biscuit) কখন বা লোজেঞ্জিস্ (চাক্তি) আকারে দেওয়া যায়।

প্রয়োগরূপ—ক্যাটাপ্লাজ্মা কার্ব্বনিস্ (Cataplasma carbonis) চার্কোল্ পুল্টিস্ (Charcoal Poultice)

২। ল্যাটিন্—কার্ব্বোএনিমেলিস্ (Carbo animalis)

ইংরেজী—এনিমেল্ চার্কোল্ (Animal charcoal)

বাঙ্গালা—জান্তবাঙ্গার।

মাত্রা—এণ্টাসিড্, ১ টিস্পুন্ হইতে টেবল্স্পুনফুল্। এণ্টিডোট্, বিষের পরিমাণানুসারে ½ হইতে ২ আউন্স।

ইহা সচ্ছিদ্র বলিয়া নানাপ্রকার উদ্বায়ু শোষণ করিতে সক্ষম হয়। কাষ্ঠাঙ্গার অধিক সচ্ছিদ্র বিধায় জান্তবাঙ্গার অপেক্ষা অধিক শোষণকারী শক্তি বিশিষ্ট। চার্কোল্, সকল প্রকার গ্যাস্কে সমপরিমাণে শোষণ করে না, ইহা এমোনিয়াবাষ্পকে প্রচুর পরিমাণে, সাল্ফিউরেটেড্ হাইড্রোজেন্ এবং অক্সিজেন্কে অপেক্ষাকৃত কম এবং হাইড্রোজেন্কে অতি অল্প পরিমাণে শোষণ করিয়া থাকে। ইহার সচ্ছিদ্রতাগুণ থাকাবশতঃ অধিক পরিমাণে সংক্রমণ-নাশক স্বরূপ কোন গৃহের দুর্গন্ধ (ক্ষতাদি জনিত) দূষিত বায়ু নষ্ট করিবার জন্য ব্যবহৃত হইয়া থাকে। ইহা ক্লোরিণ্, আইয়োডিন্ ইত্যাদি দুর্গন্ধহারক উড্ডীয়মান ঔষধ অপেক্ষা নিকৃষ্ট ; কারণ ইহা কেবল নিকটস্থ বায়ুকে শোষণ করিতে পারে ; কিন্তু দূরস্থ দূষিত বায়ুকে বিশুদ্ধ করিতে সক্ষম হয়না। দুর্গন্ধযুক্ত ক্ষত হইতে যে দুর্গন্ধজনক বাষ্প উত্থিত হয়, তাহাকে শোষণ করিবার জন্য ইহা, চার্কোলপুল্টিস্ আকারে অধিক পরিমাণে ব্যবহৃত হইয়া থাকে।

অনেকে বলেন যে, উহার ছিদ্র সকলে যে অক্সিজেন্ থাকে, তদ্দ্বারা

দুর্গন্ধ শোষণ করে। আবার কেহ কেহ বলেন যে, উহার ছিদ্র সমূহের মধ্যে ঐ দুর্গন্ধি বায়ু আবদ্ধ করিয়া রাখার ক্ষমতা আছে বলিয়া দুর্গন্ধ নাশ করিতে সক্ষম হয়।

চার্‌কোল, যান্ত্রিক এবং রাসায়নিক ক্রিয়া বশতঃ কোন সলিউশন্ হইতে অনেক এল্‌কেলয়েড্‌স্ অর্থাৎ উপক্ষার ও খনিজ পদার্থ দিগকে অধঃস্থ করে; এজন্য ডাং গ্যারড্ (Dr. Garrod) করোসিভ্ সাব্‌লিমেট্, আর্সেনিক, মর্ফিয়া, ষ্ট্রীক্‌নিয়া, বেলাডোনা ইত্যাদি পদার্থ দ্বারা বিষাক্ত হইলে ইহা ব্যবহার করিতে বলেন। কিন্তু ইহা আজকাল বড় ব্যবহার হয না; কারণ, ১ গ্রেণ এল্‌কেলয়েড্‌কে শোষণ করিবার জন্য ½ আং চার্‌কোল্ আবশ্যক করে।

চার্‌কোল্ অধিক পরিমাণে পাকাশয়ের কোন কোন ব্যাধিতে অত্যন্ত উপকারী বলিয়া ব্যবহৃত হয়। এরূপ কথিত আছে যে, ইহা আমাশয়ের ক্রনিক্ আল্‌সার ও নিউর‍্যালজিয়ার বেদনা নিবারণ করে; কারণ ইহা উৎসেচন ক্রিয়া বন্ধ করে বলিয়া নানপ্রকার উত্তেজক এসিড্ উৎপন্ন হইতে পারে না; তজ্জন্য ঐ ক্ষত বিশিষ্ট স্থানও উত্তেজিত হয় না। ইহা ফ্ল্যাটিউলেন্স (পেটফাঁপা) রোগে বিশেষ উপকারী। এরূপ অধিকাংশ অবস্থায় উৎসেচন-ক্রিয়াদ্বারা (Fermentation) অন্ত্রে অধিক পরিমাণে গ্যাস্ উৎপন্ন হইয়া পেট্ ফাঁপিয়া থাকে। এরূপ অবস্থা প্রধানতঃ মধ্যমবয়স্কা স্ত্রীলোকদিগের ঋতুবন্ধ হইবার সময়, কখন কখন গর্ভাবস্থায় ও ছেলেকে দুগ্ধ দিবার সময় এবং থাইসিস্‌রোগে অতি বিরল হইয়া থাকে। এরূপ ব্যাধি দমন করা কষ্টসাধ্য; কিন্তু এই অবস্থায় উদ্ভিজ্জাঙ্গার উৎকৃষ্ট ঔষধ। কখন কখন কিছু আহার করিবার পরে এত উদ্গার উঠে যে, তাহাতে আহার বন্ধ করিতে হয়; এরূপ অবস্থায় প্রত্যেকবার আহারের অব্যবহিত পূর্ব্বে চার্‌কোল্ সেবন করা উচিত। আবার কোন কোন রোগীর আহারের ½ ঘণ্টা কি ততোধিক সময় পরেও উদ্গার হইয়া থাকে। এরূপ অবস্থায় আহারের অব্যবহিত পরে চার্‌কোল্ সেবন করান বিধেয়। ২—১০ গ্রেণ মাত্রায় সেবন করিলেই যথেষ্ট হয়; ইহাতে উপকার না হইলে উহা অধিক মাত্রায় সেবনেও উপকার হয় না। উপরোক্ত প্রকারে চার্‌কোল্‌দ্বারা উপকার না হইলে সাল্‌ফোকার্ব্বলেট্‌স্ (Sulphocarbolates) কিম্বা কার্ব্বলিক্ এসিড্ সেবনে উপকার হইয়া থাকে।

অন্যান্য সময় পেটফাঁপার সঙ্গে এসিডিটি (অম্লোদ্গার) বর্ত্তমান থাকে; সে অবস্থায়ও পূর্ব্বলিখিত নিয়মানুসারে অঙ্গার ব্যবহার করিলে বিশেষ উপকার পাওয়া যায়। ইহাতেও উক্ত দুই ঔষধই ব্যবস্থেয়। আহারের পর কোন কোন রোগীর অন্ত্রে অল্প পরিমাণ বায়ু জন্মে ও অম্লোদ্গার উঠে এবং পাকাশয়ে ভার বোধ হয়, এরূপ অবস্থায় চার্কোল্ ব্যবহারে উপকার দর্শে; কিন্তু আহারের কিছু পূর্ব্বে টিংচার্ অব্ নাক্স্ ভমিকা ৫ মিনিম্ মাত্রায় সেবন করিলে তদপেক্ষা আরও বিশেষ ফল পাওয়া যায়। যেরূপ খাদ্যে উৎসেচন ক্রিয়া জন্মে, পেটফাঁপাবস্থায় সেরূপ খাদ্য অব্যবস্থেয়। চিনি এবং শ্বেতসার বিশিষ্ট খাদ্য নিষিদ্ধ। নিতান্ত আবশ্যক হইলে, অল্প পরিমাণে দেওয়া যাইতে পারে, এবং রুটির পরিবর্ত্তে টোষ্ট্ দিবে; খাদ্যের পরিমাণ কম করিবে, খাদ্য উত্তমরূপে চিবাইয়া ভক্ষণ করিবে এবং আহারের সময় জলপান না করিয়া অন্ততঃ আহারের ১ ঘণ্টা পরে পান করিবে। এরূপ রোগীকে কখনও চা পান করিতে দেওয়া উচিত নহে।

অধিকাংশ অঙ্গার মলের সহিত বাহির হয়।

আভ্যন্তরিক ব্যবহার জন্য উদ্ভিজ্জাঙ্গার, জান্তব-অঙ্গার অপেক্ষা ভাল। পেট্ ফাঁপার সঙ্গে অম্লোদ্গার ও বেদনা বর্ত্তমান থাকিলে, ইহা বিস্মাথের সঙ্গে ব্যবহারে উপকার দর্শে।

ইহা কখন কখন দন্তমঞ্জন স্বরূপ ব্যবহার হইয়া থাকে।

পঞ্চম অধ্যায়।

প্রথমবিভাগীয় প্রথমশ্রেণীস্থ তৃতীয়উপশ্রেণী।

ACID AND ASTRINGENTS.

অম্লএবং ধারক ঔষধ সমূহ।

Vegetable Acids, and substances containing them.

উদ্ভিজ্জাম্ল এবং যে সকল পদার্থে এসিড বিদ্যমান আছে।

(১) এসিটিক্ এসিড্ (Acetic acid)

(২) ভিনিগার্ (Vinegar)

(৩) টার্টারিক্ এসিড (Tartaric acid)

(৪) সাইট্রিক্ এসিড (Citric acid)

(৫) ট্যানিক্ এসিড্ (Tannic acid)

(৬) গ্যালিক্ এসিড্ (Gallic acid)

(৭) *বেন্‌জোয়িক্ এসিড্* (*Benzoic acid*)

Substances containing Tannic, Gallic, Catechuic, or other allied acids—as

যে সকল পদার্থে ট্যানিক্, গ্যালিক্, ক্যাটিকিউয়িক্ কিংবা তৎসদৃশ অম্ল বর্ত্তমান আছে। যথাঃ—

(১) নাট্‌গলস্ (Nutgalls)

(২) ওক্ বার্ক্ (Oak bark)

(৩) ক্যাটিকিউ (Catechu)

(৪) কাইনো (Kino)

(৫) ইউকেলিপ্‌টল্ (Eucalyptol)

(৬) লগউড্ (Logwood)

(৭) র‍্যাটানিরুট্ (*Rhatany root*)

(৮) রোজ্ লিভ্‌স্ (Rose leaves)

(৯) গোয়ারেনা (Guarana)

(১০) টি (Tea)

MINERAL ACIDS.

ধাতবাম্ল সকল।

(১) ডাইলিউট্ সাল্‌ফিউরিক্ এসিড্ (Dilute sulphuric acid)

(২) ডাইলিউট্ হাইড্রোক্লোরিক্ এসিড্ (Dilute hydrochloric acid)

(৩) ডাইলিউট্ নাইট্রিক্ এসিড্ (Dilute nitric acid)

(৪) ডাইলিউট্ নাইট্রো-হাইড্রোক্লোরিক্ এসিড্ (Dilute nitro-hydrochloric acid)

(৫) ডাইলিউট্ ফস্‌ফরিক্ এসিড্ (Dilute phosphoric acid)

(৬) এ্যালাম্ (Alum)

(৭) সাল্‌ফেট্ অব্ আয়্‌রণ্ (Sulphate of iron)

(৮) পার্‌ক্লোরাইড্ অব্ আয়্‌রণ্ (Perchloride of iron)

(৯) পার্‌নাইট্রেট্ অব্ আয়রণ্ (Pernitrate of iron)

(১০) অক্সাইড্ অব্ জিঙ্ক্ (Oxide of zink)

(১১) কার্ব্বনেট্ অব্ জিঙ্ক্ (Carbonate of zink)

(১২) এসিটেট্ অব্ জিঙ্ক্ (Acetate of zink)

(১৩) সাল্‌ফেট্ অব্ জিঙ্ক্ (Sulphate of zink)

(১৪) অক্সাইড্ অব্ লেড্ (Oxide of lead)

(১৫) কার্ব্বনেট্ অব্ লেড্ (Carbonate of lead)

(১৬) এসিটেট্ অব্ লেড্ (Acetate of lead)

(১৭) অয়েল্ অব্ টার্‌পেন্‌টাইন্ (Oil of turpentine)

(১৮) কার্ব্বলিক্ এসিড্ (Carbolic acid)

(১৯) ক্রিয়েসোট্ [Creosote)

(২০) ম্যাটিকো (Matico)

(২১) আর্গট্ (Ergot)

(২২) কোটো বার্ক্ (Coto bark)

(২৩) হেমেমেলিস্ ভার্জিনিকা (Hamamelis virginica)

ACIDS. (অম্ল-সমূহ)।

Physiological action and therapeutical uses of Acids.

এসিড সকলের ফিজিওলজিক্যাল্ ক্রিয়া ও থিরাপিউটিক্যাল্ ব্যাবহার।

EXTERNAL ACTION

বাহ্যিকক্রিয়া।

(১) ফিজিওলজিক্যাল্ ক্রিয়া—এসিড্ সকলের বিস্তারণশক্তি প্রবলহেতু ইহারা শরীরের কোন টিসুতে (বিধানোপাদানে) লাগাইলে, তাহাদিগকে ভেদ করিয়া তৎস্থানীয় এল্বুমেন্ Albumen (অণ্ডলাল) কে সংযত করে; এবং উহা নির্জ্জলাবস্থায় প্রয়োজিত হইলে তৎস্থানের জলীয়ভাগকে শোষণ করতঃ তাহাদিগকে নষ্ট করিয়া ফেলে।

(১) থিরাপিউটিকেল্ প্রয়োগ- এইজন্য এসিড্ সকল নির্জ্জল অবস্থায় শরীরের কোন স্থানে লাগাইলে, তৎস্থানীয় জান্তব বিধানোপাদানকে ধ্বংস করিয়া কষ্টিক্ বা দাহকের ন্যায় ক্রিয়া প্রকাশ করে। আবার তাহাদিগকে অধিক পরিমাণ জলের সহিত মিশ্রিত করিয়া প্রয়োগ করিলে এষ্ট্রিন্জেন্টের (সঙ্কোচকের) ন্যায় কার্য্য করে অর্থাৎ দুর্ব্বল অংশসকলকে দৃঢ়ীভূত ও সঙ্কোচিত এবং অস্বাস্থ্যকর নিঃস্রাবণ বন্ধ হয়।

INTERNAL ACTION,

আভ্যন্তরিক ক্রিয়া।

(১) ফিজিওলজিক্যাল্ ক্রিয়া—এসিড্ সকল রক্তের অম্লাক্ততা বৃদ্ধি করিয়া থাকে। সম্ভবতঃ এরূপক্রিয়া অন্য একটী এসিড্ দ্বারা সংঘটিত হয়; কারণ ইহারা রক্তে মিশ্রিত হইবার পূর্ব্বে নানাবিধ ক্ষারাক্ত নিঃস্রাবণ সংযোগে লবণে পরিণত হয়।

(১) থিরাপিউটিকেল্ প্রয়োগ— রক্ত অম্লগুণবিশিষ্ট হইলে তাহার সংযতক্রিয়া বর্দ্ধিত হয় বলিয়া ইহাদের ব্যবহারে রক্তস্রাব বন্ধ হইয়া থাকে।

(২) ইহারা প্রত্যাবর্ত্তন ক্রিয়া দ্বারা অথবা সাক্ষাৎ সম্বন্ধে স্থানিক রূপে ক্ষুদ্র ক্ষুদ্র রক্তবহা নাড়ীদিগকে সঙ্কোচিত করিতে পারে।

(৩) ডাঃ রিঙ্গার নিঃস্রাবণের উপর এসিডের চমৎকার ক্রিয়া আছে বলিয়া বর্ণনা করিয়াছেন। ইহারা অম্লাক্ত নিঃস্রাবণ (গ্যাষ্ট্রিক্ জুসাদি) বন্ধ করে, এজন্য পরিপাক ক্রিয়ার পূর্ব্বে কিম্বা আরম্ভে এসিড্ ভক্ষণ করিলে, গ্যাষ্ট্রিক্ জুস্ (যাহার প্রতি ক্রিয়া অম্ল) বন্ধ হইয়া পরিপাক ক্রিয়ার প্রতিবন্ধকতা জন্মায়।

(২) ইহাদের প্রয়োগে আভ্যন্তরিক রক্তস্রাব এবং অপর্য্যাপ্ত ঘর্ম্ম নিবারিত হইয়া থাকে।

(৩) কোন কোন প্রকার ডিস্‌পেপ্‌সিয়া (অজীর্ণতা) গ্যাষ্ট্রিক্ জুসের ন্যূনতা বশতঃ জন্মিয়া থাকে; অর্থাৎ ইহাতে গ্যাষ্ট্রিক্-জুস্ যথেষ্ট পরিমাণে নিঃসৃত না হওয়াতে খাদ্য দ্রব্যের এল্‌বিউমিনাস্‌অংশ দ্রবীভূত হইতে পারে না; এরূপ অবস্থায় আহারের কিয়ৎক্ষণ পরে অল্প এসিড্ সেবন করিলে পরিপাক ক্রিয়ার সাহায্য হইয়া থাকে। কিন্তু গ্যাষ্ট্রিক্ জুসের আধিক্য বশতঃ আর এক প্রকার ডিস্‌পেপ্‌সিয়া হয়, তাহাতে অতিরিক্ত অম্লগুণ বিশিষ্ট গ্যাষ্ট্রিক্ জুস্‌দ্বারা আমাশয়ের শ্লৈষ্মিক-ঝিল্লি উত্তেজিত হইয়া উদরে বেদনা, অম্লোদগার এবং অন্যান্য কষ্ট উৎপাদন করে, এরূপ অবস্থায় আহারের পূর্ব্বে এসিড্ প্রয়োগ করিলে অতিরিক্ত পরিমাণে গ্যাষ্ট্রিক জুস্ নির্গত হইতে পারে না। আর কখন কখন খাদ্য দ্রব্যের উৎসেচন-ক্রিয়াদ্বারা এসিটিক্ বিউটিরিক্ এবং ল্যাকটিক্ এসিড্ অধিক পরিমাণে উৎপন্ন হইয়া একপ্রকার ডিস্‌পেপ্‌সিয়া জন্মিয়া থাকে; এরূপ অবস্থায় আহারের পর এসিড্ সেবন

যদিও এসিড্ সকল অম্ল নিঃস্রাবণ বন্ধ করে তথাপি ইহারা ক্ষার নিঃস্রাবণ সকল বর্দ্ধিত করিয়া থাকে। ইহাতে সহজেই বুঝা যায় যে, তাহারা স্যালাইভা (লালা), বাইল্ (পিত্ত) ও ক্লোম রসাদি ক্ষারাক্ত নিঃস্রাবণ বৃদ্ধি করে।

প্রস্রাবের উপর ক্রিয়া— ইহারা স্বাভাবিক প্রস্রাবের অম্লাক্ততা কিয়ৎ পরিমাণে বৃদ্ধি করিয়া থাকে; কিন্তু বেন্‌জোইক্ এবং নাইট্রিক্ এসিড্ ব্যতীত অন্য কোন এসিড্, ক্ষার গুণ বিশিষ্ট প্রস্রাবকে অম্ল করিতে সক্ষম হয় না।

(৪) ইহাদের সঙ্কোচক গুণ থাকা প্রযুক্ত শিথিল শ্লৈষ্মিক ঝিল্লীর বলবিধান এবং অস্বাস্থ্যকর স্রাবণ বন্ধ করিতে পারে।

করিলে উক্ত ফার্ম্মেণ্টেশন্ ক্রিয়া বন্ধ হইয়া যায়। এই নিয়মানুসারেই সম্ভবতঃ ইহাদের প্রয়োগে ঘর্ম্ম বন্ধ হইয়া থাকে।

আরও দৃষ্ট হয় যে, ইহাদের প্রয়োগে অধিক পরিমাণে স্যালাইভা নির্গত হয় তজ্জন্য জ্বরাক্রান্ত রোগীর পিপাসাধিক্য কথঞ্চিৎ পরিমাণে নিবারিত হয়। অতএব ইহাদিগের স্নিগ্ধ কারক গুণ আছে বলিয়া অনুমিত হয়।

পুরাতন যকৃতের পীড়ায় এসিড্ প্রয়োগে উপকার দর্শে। এরূপ অনুভূত হয় যে, ক্ষারগুণ বিশিষ্ট পিত্ত নিঃসৃত হওয়াতেই উহাদ্বারা এই উপকার সাধিত হয়।

(৪) ইহারা উত্তম বলকারক, উদরাময় ও অপর্য্যাপ্ত ঘর্ম্মনিবারণ জন্য ব্যবহৃত হইয়া থাকে।

DISADVANTAGES.

অসুবিধা।

অনেক দিবস ক্রমাগত এসিড্ ব্যবহার করিলে পরিপাক-ক্রিয়া সুচারু-রূপে সম্পন্ন হওয়ার পক্ষে নানাপ্রকার বিঘ্ন জন্মে, ইহাতে রোগীর শরীর মলিন ও ক্রমে দুর্ব্বল হইয়া অবশেষে অস্থি চর্ম্মমাত্র সার হইয়া থাকে, ইহাকে ইংরাজী ভাষায় ইমাসিয়েশন্ (Emaciation) কহে। এজন্য অনভিজ্ঞ লোকে স্থূলকায় লোকদিগকে ভিনিগার (শির্কা) খাইতে বলেন, কিন্তু তাহা ভাল নহে, কারণ এই প্রকার ভিনিগার ব্যবহারে অনেকেরই স্বাস্থ্য-ভঙ্গ হইয়াছে।

POISONOUS EFFECTS.

বিষময়ফল।

এসিড্স্ দ্বারা বিষাক্ত হইলে নিম্নলিখিত লক্ষণ সকল প্রকাশ পায় যথাঃ—পাকাশয় এবং অন্ত্রে প্রবল জলনবৎ বেদনা, বমন, ভেদ (Purging) ইত্যাদি লক্ষণ সকল প্রকাশ পাইয়া রোগী নিস্তেজ হইয়া পড়ে এবং শক্ অথবা কিছু দিন পরে উহাদের সেকেণ্ডারী ইন্ফ্লেমেশন্ (Secondary inflammation) (দ্বিতীয়াদি প্রদাহ) দ্বারা মৃত্যুমুখে পতিত হয়।

POST-MORTEM APPEARANCES.

শব-ব্যবচ্ছেদ।

পাকাশয় এবং অন্ত্রে প্রবল প্রদাহের লক্ষণ দেখিতে পাওয়া যায় এবং তাহাদের মিউকাস্মেম্ব্রেনে ক্ষত বর্ত্তমান থাকে, কখন কখন তাহাতে (Perforation) ছিদ্র হইয়া আধেয় পদার্থ পতিত হওতঃ পেরিটোনাইটিস্ (উদরবেষ্টনী প্রদাহ) রোগ জন্মিয়া থাকে, এবং রোগী অনেক দিন জীবিত থাকিলে কোন কোন আভ্যন্তরিক যন্ত্রের বিশেষতঃ কিড্নির ফ্যাটি ডিজিনা-রেশন্ (মেদাপকৃষ্টতা) জন্মে।

EFFECTS OF ASTRINGENT MEDICINES.

ধারক ঔষধ সকলের ক্রিয়া।

রক্তে কষ্টেট্ অব সোডিয়াম্ এবং কোন কোন প্রকার ক্ষারীয় কার্ব্বনেটস্ থাকা প্রযুক্ত ইহার প্রতিক্রিয়া ক্ষার। বোধ হয় রক্ত অধিক ক্ষারগুণ বিশিষ্ট

হইলে অধিকতর তরল, এবং সংযত গুণের লাঘব হয়; পক্ষান্তরে ক্ষার গুণ কম হইলে ইহার সংসক্তি এবং সংযত গুণ বর্দ্ধিত হয়। সম্ভবতঃ ধাতব অম্ল সকল রক্তে শোষিত হইয়া উক্তকার্য্য সম্পন্ন করে, এজন্য তাহারা এ্যাষ্ট্রিনজেন্ট্ (সঙ্কোচক)। ইহাদের মধ্যে অনেকগুলি এলবিউমেনের সহিত মিশ্রিত হইয়া অদ্রবণীয় যৌগিকপদার্থ উৎপাদন করে; উদ্ভিজ্জাম্ল সকলেরও উপরোক্ত গুণ আছে; কিন্তু ইহাদের মধ্যে সকলের গুণ সমান নহে। ট্যানিক্, গ্যালিক্ ও ক্যাটিকিউইক্ এসিড্ এবং যে সকল উদ্ভিজ্জাম্ল মধ্যে ঐ সকল এসিড্ বর্ত্তমান আছে (ক্যাটীকিউ, কাইনো ইত্যাদি) তাহারাই উত্তম ধারক-গুণ বিশিষ্ট।

টার্পেন্টাইন্, ক্রিয়োসোট্ এবং কার্ব্বলিক্ এসিড্ রক্তবহানাড়ীদিগকে সংকোচিত করিয়া ধারকের ক্রিয়া করে। কতকগুলি ধারকঔষধ মস্তিষ্কমণ্ডলীর উপরে ক্রিয়া প্রকাশ করিয়া উক্তরূপ কার্য্য সম্পন্ন করিয়া থাকে, (যেমন ওপিয়ম, আর্গট্ এবং সম্ভবতঃ সীসকের লবণ সকল)।

THERAPEUTIC APPLICATIONS OF ASTRINGENTS.

ধারক ঔষধ সকলের ব্যবহার।

(১) কোন ইন্দ্রিয় কিম্বা কোন স্থান হইতে রক্তস্রাব হইলে রক্তের গুণ পরিবর্দ্ধিত এবং রক্তবহানাড়ীদিগকে সঙ্কোচিত করিয়া রক্ত বন্ধ করিবার জন্য।

(২) শ্লৈষ্মিকঝিল্লী হইতে প্রভূত স্রাবণ হইলে, তাহাও উক্তরূপে বন্ধ করিবার জন্য।

(৩) কোন ইন্দ্রিয় হইতে অস্বাভাবিক স্রাবণ কম করিবার জন্য, (যেমন চর্ম্ম হইতে অধিক ঘর্ম্ম ও ডায়বিটিসে অধিক প্রস্রাব)।

ল্যাটিন	ইংরেজী
এসিডাম্ এসিটিকাম।	এসিটিক্ এসিড্
Acidum Aceticum.	Acetic Acid.

প্রয়োগরূপ—

(১) এসিডাম এসিটিকাম্ ডাইলিউটাম।	ডাইলিউট্ এসিটিক্ এসিড্
Acidum Aceticum Dilutum.	Dilute Acetic Acid.

মাত্রা—১—২ ড্রাম।

(২) অক্সিমেল্।

Oxymel.

মাত্রা—১—২ ড্রাম।

ক্রিয়া—যখন ডাইলিউট্ (অধিক জলের সহিত মিশ্রিত) করিয়া আভ্যন্তরিক ব্যবহার করা যায়, তখন ইহা শৈত্যজনক ক্রিয়া প্রকাশ করে; কিন্তু এতদর্থে কচিৎ ব্যবহৃত হয়। এসিটিক্ এসিড্ নির্জ্জল অবস্থায় প্রদাহোৎপাদক (Rubefacient), কখন কখন ভেসিক্যাণ্ট্ (ফোস্কাকারক) এবং এস্কারোটিক্ (দাহক) স্বরূপ বাহ্যিক ব্যবহৃত হয়; কিন্তু এতদর্থে গ্লেশিয়্যাল্ এসিটিক্ এসিড্ অধিক ফলপ্রদ।

আময়িক প্রয়োগ—ইহা, ডাইলিউটেড্ (অধিক জলেরসহিত মিশ্রিত) করিয়া জ্বররোগে স্পঞ্জদ্বারা শরীর শীতল করণার্থ, অতিরিক্ত ঘর্ম্ম নিবারণ জন্য এবং স্নিগ্ধ কারক লোশন্ প্রস্তুতার্থে ব্যবহৃত হইয়া থাকে।

ল্যাটিন	ইংরেজী
এসিটাম্।	ভিনিগার্। (শির্কা)
Acetum.	Vinegar.

মাত্রা—১—২ ড্রাম. জলের সহিত।

ক্রিয়া—নির্জ্জল অবস্থায় ষ্টিমিউলাণ্ট্, এষ্ট্রীন্ জেণ্ট্। অনেকদিন কিংবা অধিক মাত্রায় ভিনিগার্ ডাইলিউট্ করিয়া ব্যবহার করিলে পাকাশয়ের উপর হানিজনক ক্রিয়া করিয়া, তাহাতে বেদনা ও উত্তেজনা, ক্ষুধামান্দ্য এবং অবশেষে ইমা-সিয়েশন্ ও ক্যাকেক্সিয়া (Cachexia) উৎপাদন করে। সে যাহাহউক অল্প পরিমাণে খাদ্যের সহিত সেবন করিলে অনেক অবস্থায় ইহাদ্বারা উপকার দর্শে। ভিনিগার্ একটী উত্তম ঔষধ; ইহাতে শারীরিক উত্তাপ এবং নাড়ীর গতি কম হইয়া থাকে। অধিক জলের সহিত মিশ্রিত করিয়া, মিষ্ট সংযোগে নানাপ্রকার জ্বরীয় এবং প্রদাহিক ব্যাধিতে উত্তম পানীয় স্বরূপ ব্যবহৃত হয়। ভিনিগার্ ব্যবহারে পিপাসা নিবারিত, ধামনিক উত্তেজনা উপশমিত এবং কিড্নি (বৃক্কক্) ও চর্ম্মের ক্রিয়া পুনঃস্থাপিত হইয়া থাকে। ডাইলিউটেড্ ভিনিগার্ চর্ম্মে লাগাইলে স্নিগ্ধ হয়; তদ্দ্বারা যে কেবল শরীরের তাপ কমে তাহা নয়, বেদনারও লাঘব হইয়া

থাকে। জ্বরে চর্ম্ম অস্বাভাবিক গরম হইলে জলও ভিনিগারদ্বারা শরীর পুছাইলে অত্যন্ত উপকার দর্শে। ইহার বাষ্প ষ্টিমিউল্যাণ্টের ন্যায় কার্য্য করে, এজন্য নানাপ্রকার থ্রোট ডিজিজে (কণ্ঠনালীর ব্যাধিতে) ব্যবহৃত হয়। রোগীর ঘরে ছড়াইয়া দিলে ডিওডোর্যাণ্টের (দুর্গন্ধ নাশকের) ন্যায় কার্য্য করে ; তাহাতে রোগীর সুখানুভব হয়।

এমোনিয়া সংযোগে (লাইকর এমোনিয়ী এসিটেটিস) ইহা চর্ম্মের উপর এবং সোডা ও পটাশ্ সহযোগে কিড্নির উপর ক্রিয়া করিয়া থাকে। নার্কটিক্ পয়জনিং (মাদকদ্রব্য দ্বারা বিষাক্ত) হইলে ষ্টমাক্ হইতে বিষ বহির্গত করণান্তর ইহা ব্যবহার করা যায়, কিন্তু ওপিয়মপয়জনিংতে ইহা প্রয়োগ করা উচিত নহে ; কারণ মর্ফিয়া (অহিফেনের উপক্ষার) সহিত মিশ্রিত হইয়া দ্রবণীয় লবণ সংঘটিত হয়। এলকেলাইজ (ক্ষার ঔষধ) দ্বারা বিষাক্ত হইলে ইহা সাক্ষাৎ এণ্টিডোট্ (বিষঘ্ন) স্বরূপ ক্রিয়া করিয়া থাকে।

আময়িক প্রয়োগ—হাম ইত্যাদি এক্জ্যান্থিমেটা (Exanthemata) রোগে এবং অন্যান্য প্রকার ফিব্রাইল্ এফেক্শন্স্ অর্থাৎ জ্বরাদিতে, ভিনিগার জলের সহিত মিশ্রিত করিয়া (১ ভাগ ভিনিগার, ৬ কিম্বা ৮ ভাগ জল) তাহাতে স্পঞ্জ সিক্ত করতঃ শরীর পুছাইয়া দিলে সমধিক উপকার দর্শিয়া থাকে। উল্লিখিত মিক্শ্চার মিষ্ট সংযোগে সুস্বাদ করিয়া পূর্ব্বোক্ত অবস্থায় স্নিগ্ধকর পানীয়রূপে ব্যবহৃত হইয়া থাকে। লেরিংসের (স্বর যন্ত্রের) নানা প্রকার প্রদাহ, স্বরভঙ্গ, রিল্যাক্স্ড সোরথ্রোট্ (Relaxed Sore Throat) এবং গলাভ্যন্তরের ক্ষত (এ্যাপথাস্ আকারের) হইলে গরম ভিনিগারের ধূম আঘ্রাণে সবিশেষ উপকার সাধিত হয়। থাইসিসরোগে (যক্ষ্মাকাসে) অপর্য্যাপ্ত ঘর্ম্ম নিবারণ জন্য, ভিনিগার্ এক ভাগ, ইউডিকলন্ ১ ভাগ, এবং জল ২ ভাগ, একত্র মিশ্রিত করিয়া বুক ও শরীরে উর্দ্ধভাগে লাগাইলে অপর্য্যাপ্ত ঘর্ম্ম বন্ধ হয় এবং রোগীর পক্ষে সুখানুভব হইয়া থাকে। যে সকল লোকের ক্যাটার Catarrh (সর্দ্দি) য্যাজ্‌মা (হাপানি) এবং এঞ্জাইনা পেক্টোরিস্ (হৃদ্‌শূল) বারংবার হইয়া থাকে, এই সকল রোগের বিরাম অবস্থায় প্রতিদিন প্রাতে তাহাদের বুকের উপর ভিনিগার্ উপরোক্তরূপে প্রয়োগ করিলে নিবারণ কারী ক্রিয়া প্রকাশ করিয়া উহাদের আক্রমণ হইতে রক্ষা করিয়া থাকে।

এপিষ্টাক্সিস্ (নাকদিয়া রক্ত পড়া) রোগে একখণ্ড লিণ্ট্ বা নেকড়া ইহাতে ভিজাইয়া নাসারন্ধ্রে প্রয়োগ করিলে কখন কখন রক্ত স্রাব বন্ধ হইয়া যায়। স্কার্ভি (Scurvy) রোগে কখন কখন ইহা উপকারী ; কিন্তু লেমন কিম্বা লাইমজুস্ (লেবুবরস) বা টাট্কা শাক সব্জীর ন্যায় ততোধিক ফলপ্রদ নয়।

ব্রুজেস্ Bruises (কালসিরা) স্প্রেইনস্ Sprains (মচ্কান) কণ্টিউশন্স্ Contusions (থেতলান) এবং সসীম প্রদাহে ডাইলিউটেড্ ভিনিগার্, লোশন্ স্বরূপ ব্যবহার্য্য। ইহা ক্রমাগত প্রয়োগ করা উচিত ; ইহাদের সহিত অল্প এ্যালকোহল্ মিশ্রিত করিয়া ব্যবহার করিলে বিশেষ উপকার দর্শে।

ডাং ডিউইস্ (Dr. Dewees) বলেন মিল্ক্ কিংবা ম্যামারি এব্সিসের (স্তনের স্ফোটকের) প্রথমাবস্থায় বিশেষতঃ স্তন যখন দুগ্ধে স্ফীত ও বেদনাযুক্ত হয় তখন ভিনিগার্ গরম করিয়া ২৪ ঘণ্টা কাল লাগাইলে উপকার হইয়া থাকে। ইহা দ্বারা উপকার না হইলে বেলেডোনা, পুল্টিশ্ ইত্যাদি ব্যবহার করা আবশ্যক। চক্ষে চুণের কণিকা পড়িলে ডাইলিউটেড্ ভিনিগার্ দ্বারা ধৌত করিলে উহা গলিয়া যায় এবং বেদনা নিবারিত হইয়া থাকে।

ল্যাটিন্	ইংরেজী
এসিডাম্ টার্টারিকাম্।	টার্টারিক্ এসিড্.
Acidum Tartaricum.	Tartaric Acid.

মাত্রা—১০—৩০গ্রেণ ; জলে দ্রব এবং মিষ্ট সংযোগে ব্যবহার করিতে হয়।

ক্রিয়া— ইহার ক্রিয়া সাইট্রিক্ এসিডের ন্যায় শৈত্যকারক ; কিন্তু অনেক বিষয়ে সাইট্রিক্ এসিড্ অপেক্ষা নিকৃষ্ট। ইহাদ্বারা পরিপাক-যন্ত্রের ক্রিয়ার বৈলক্ষণ্য, শূল বেদনা এবং অধিক পরিমাণে ভেদ হওয়ার সম্ভাবনা। অধিক মাত্রায় ব্যবহার করিলে ইরিট্যাণ্টের (উত্তেজক বিষের) ন্যায় কার্য্য করে। ইহা সচরাচর এফার্ভেসিং পাউডারস্ (Effervescing powders) (সোডিয়াই বাইকার্ব্ব্ ৩০ গ্রেণ, এসিড্ টার্টারিক্ ২৫ গ্রেণ) আকারে ব্যবহৃত হইয়া থাকে।

আময়িক প্রয়োগ—প্রদাহিক এবং জ্বরীয় ব্যাধিতে অধিক জলের সহিত মিষ্ট সংযোগে ব্যবহার করিলে ইহা স্নিগ্ধকর পানীয় স্বরূপ কার্য্য করে।

ইহা ব্যবহারে স্নায়বীয় উত্তেজনা কিম্বা জিহ্বা শুষ্ক ও লাল হইলে আর ব্যবহার করা উচিত নয়। আমাশয়ের উত্তেজনা, বিবমিষা, বমন ইত্যাদি নিবারণ জন্য উক্ত এফারভেসিং ড্রাপ্টস্ ব্যবহার করিলে উপকার হয়। ইহার সহিত কয়েক ফোঁটা টিংচার্ওপিয়াই কিম্বা ডাইলিউট্ হাইড্রোসায়ানিক্ এসিড্ অথবা টিংচার্অব কলম্বা প্রয়োগ করিলে আরও উপকার দর্শে। জলের সঙ্গে টার্টারিক এসিড্ এবং বাইকার্ব্বনেট্ অব্ সোডা সংযোগ করিলে যে কার্ব্বনিক্ এসিড্ উৎপন্ন হয়, তাহার উপরই ইহার ক্রিয়া কিয়ৎপরিমাণে নির্ভর করিয়া থাকে।

ল্যাটিন্।	ইংরেজী।
এসিডাম্ সাইট্রিকাম্।	সাইট্রিক্ এসিড্
Acidum Citricum.	Citric Acid.

মাত্রা—১০—৩০ গ্রেণ; জলে দ্রব করতঃ মিষ্ট সংযোগে ব্যবহার করিবে।

ক্রিয়া—রিফ্রিজারেণ্ট, এণ্টিস্কর্ব্বিউটিক্ (স্কার্ভিনাশক) এবং ফেব্রিফিউজ্ (জ্বরঘ্ন); ইহা কার্ব্বনিক্ এসিড্ যুক্ত জল সহ প্রয়োগ করিলে সুস্বাদ ও মনোরমা হইয়া থাকে।

১৭ গ্রেণ সাইট্রিক্ এসিড্ অথবা ½ আউন্স টাট্কা লেবুর রস।	নিউট্রেলাইজ Neutralise (সমক্ষারায়) করিতে।	২৫ গ্রেণ বাইকার্ব্বনেট্ অব্ পটাশিয়ম্।
		২০ " কার্ব্বনেট্ অব্ পটাশিয়ম্।
		২০ " বাইকার্ব্বনেট্ অব্ সোডিয়াম্।
		৩৫ " কার্ব্বনেট্ অব্ সোডিয়াম্।
		১৫ " কার্ব্বনেট্ অব্ এমোনিয়াম্।
		১৩ " কার্ব্বনেট্ অব্ ম্যাগ্নেশিয়াম।
		আবশ্যক হইয়া থাকে।

আময়িক প্রয়োগ—জ্বরাদিতে ইহা উত্তম স্নিগ্ধ কারকস্বরূপে ব্যবহৃত হয়, ইহাদ্বারা শারীরিক উত্তাপ কম হয় না, কেবল পিপাসা ও চর্ম্মের উত্তেজনা উপশমিত হইয়া থাকে। যদিও ইহা লেমন্ জুস্ অপেক্ষা স্কার্ভিরোগে নিকৃষ্ট বলিয়া গণ্য তথাপি ইহাদ্বারা উক্তরোগে উপকার দর্শিয়া থাকে।

ল্যাটিন	ইংরেজী
এসিডাম্ ট্যানিকাম্।	ট্যানিক্ এসিড্। (ট্যানিন)
Acidum Tannicum.	Tannic Acid. (Tannin)

মাত্রা—২—১০ গ্রেণ।

প্রয়োগরূপ—

(১) গ্লিশিরিনাম্ এসিডাই ট্যানিসাই। গ্লিশিরিন্ অব্ ট্যানিক্ এসিড্।
Glycerinum Acidi Tannici. Glycerine of Tannic Acid.

(২) সাপোজিটোরিয়া এসিডাই ট্যানিসাই। ট্যানিক্ এসিড্ সাপোজিটোরিজ্
Suppositoria Acidi Tannici. Tannic Acid Suppositories

প্রত্যেক সাপোজিটোরিতে ৩ গ্রেণ ট্যানিক্ এসিড্ আছে।

(৩) সাপোজিটোরিয়া এসিডাই ট্যানিসাই কাম্ সেপোনি। ট্যানিক্ এসিড্ সাপোজিটোরিজ্ উইথ্ সোপ্।

Suppositoria Acidi Tannici cum Sapone. Tannic Acid Suppositories with Soap.

প্রত্যেক সাপোজিটোরিতে ৩ গ্রেণ ট্যানিক্ এসিড্ আছে।

(৪) ট্রোচিসাই এসিডাই ট্যানিসাই। ট্যানিক্ এসিড্ লোজেঞ্জিস্
Trochisci Acidi Tannici Tannic Acid Lozenges.

প্রত্যেক চাক্তিতে ২ গ্রেণ ট্যানিক্ এসিড আছে।

মাত্রা—১—৬ চাক্তি।

ক্রিয়া—ট্যানিক্ এসিড্ পুরাতন ব্যাধিতে ২—৩ গ্রেণ মাত্রায় এবং একিউট্ হেমারেজ (তরুণরক্তস্রাবে) ৫—২০ গ্রেণ মাত্রায় দিবসে দুইবার ব্যবহার করিলে প্রবল সঙ্কোচকের ন্যায় কার্য্য করে। কেহ কেহ বলেন, ট্যানিক্ এসিড্ রক্তে গ্যালিক্ এসিডে পরিবর্ত্তিত হয়। ইহা অণ্ডলাল এবং শ্লেষ্মাকে সংযত করে। যদিও ইহাদ্বারা পরিপাকের ব্যাঘাত জন্মেনা, তথাপি বারংবার সেবনে সরলান্ত্রে কুন্থন, শুষ্কজিহ্বা, পিপাসা এবং অজীর্ণতা হইয়া থাকে। ট্যানিক্ এসিড্ আভ্যন্তরিক প্রয়োগ করিলে কখন কখন মুখ এবং গলা শুষ্ক, পিপাসা এবং সর্ব্বদাই কোষ্ঠবদ্ধ হইয়া থাকে; ইহা শীঘ্র রক্তে শোষিত হয়, তদনন্তর কিয়ৎপরিমাণে রূপান্তরিত হইয়া মূত্রযন্ত্রদ্বারা গ্যালিক্ এবং পাইরোগ্যালিক্ এসিড আকারে সমুদায় অথবা আংশিকরূপে বহির্গত হইয়া যায়; ইহাতে মূত্রের বর্ণ কাল হয়। ইহা রক্তে শোষিত হইবার পরেও সঙ্কোচকক্রিয়া প্রকাশ করিয়া থাকে, এজন্য ইহাকে স্থানিক ও দূরবর্ত্তী সঙ্কোচকস্বরূপ ব্যবহার করা যাইতে পারে।

স্থানিকক্রিয়া—গ্যালিক্ এসিড্ ট্যানিক্ এসিড্ অপেক্ষা জলে অপেক্ষাকৃত কম দ্রবণীয় হেতু ইহা বাহ্যিক প্রয়োগে ট্যানিক্ এসিড্ হইতে অল্প সঙ্কোচক। যাহা হউক ট্যানিক্ এসিড্ রক্তে শোষিত হইলে উভয়ের দূরবর্ত্তী সঙ্কোচক-ক্রিয়া একরূপ। ট্যানিক্ এসিড্ স্থানিক প্রয়োগ করিলে প্রবল সঙ্কোচকের ন্যায় ক্রিয়া করে। শ্লৈষ্মিকঝিল্লিতে লাগাইলে রক্তবহানাড়ী-সকল সঙ্কোচিত হইয়া সেই স্থান মলিন হয়। ওষ্ঠ কিংবা মুখের কোন স্থানে প্রয়োগ করিলে উহা যে ধারকগুণ বিশিষ্ট, তাহা কষায় আস্বাদনদ্বারা সহজেই অনুভূত হইয়া থাকে।

Incompatibles (অসংলগ্ন)। লৌহঘটিত ঔষধ, (বিশেষতঃ পার্‌সল্ট্‌স্) ট্যানিক্ ও গ্যালিক্ এসিডের সহিত ব্যবহার করিলে মসীর ন্যায় কাল হয়। উপক্ষারবিশিষ্ট উদ্ভিজ্জ পদার্থের ডিকক্‌শন ও ইন্‌ফিউশন্ (ফান্ট্) এবং অনেক প্রকার ধাতব লবণ (সল্ট্‌স্ অব্ লেড্, এণ্টিমনি ইত্যাদি) ট্যানিক্ এসিড্‌দ্বারা অধঃস্থ হইয়া থাকে, এজন্য সলিউশনে উহাদের সহিত ব্যবহার করিবে না।

আময়িকপ্রয়োগ—ফুস ফুস্, পাকাশয়, জরায়ু এবং মূত্রযন্ত্র হইতে প্যাসিভ্ আকারের রক্তস্রাবে দুর্ব্বলতা জন্মিলে, ট্যানিক্ এসিড ৩—৬ গ্রেণ মাত্রায় দিনে ৩। ৪ বার আভ্যন্তরিক ব্যবহারে, ইহার ধারক ও বলকারক গুণ থাকা প্রযুক্ত বিশেষ উপকার দর্শে। উপরোক্ত রোগের তরুণাবস্থায় কিম্বা প্রদাহের লক্ষণ বর্ত্তমানে ইহা প্রয়োগ করা উচিত নহে। দন্তমাড়ি ও বলি Haemorrhoids ইত্যাদি হইতে রক্তস্রাব ঘটিলে ট্যানিক্ এসিড্ বিশেষ রূপে চূর্ণ করিয়া আক্রান্তস্থানে প্রক্ষেপ করিলে বেশ রক্ত রোধ করিয়া থাকে। হিমাটিউরিয়া Haematuria (রক্তপ্রস্রাব) রোগে বটিকাকারে ইহা ব্যবহার করিলে উত্তম্ ফল পাওয়া যায়। এপিষ্ট্যাক্সিস্ রোগে ট্যানিন্ চূর্ণাকারে নাসারন্ধ্রে কুইলের সাহায্যে ফুৎকারদ্বারা প্রয়োগ করিলে রক্তস্রাব বন্ধ হইয়া যায়।

যখন থাইসিস্ রোগে প্রচুর পরিমাণে শ্লেষ্মা বহির্গত হইয়া রোগী দুর্ব্বল হয় তখন ট্যানিক্ এসিডে উপকার দর্শে; ডাংরিজার বলেন গ্লিসিরিন্ অব্ ট্যানিন্ যক্ষ্মাকাসগ্রস্ত রোগীর কণ্ঠনালীতে শয়নের পূর্ব্বে লাগাইলে কাসি

উপশমিত হইয়া সুনিদ্রা হয়। ইহার সহিত অল্প পরিমাণে মর্ফিয়া সংযোগে বিশেষ ফল দর্শে।

অধিকাংশ থ্রোট্-এফেক্শন্ বা কণ্ঠনালীর ব্যাধিতে গ্লিসিরিন্ অব্ ট্যানিন্ বাহ্যপ্রয়োগার্থ উত্তম ঔষধরূপে গণ্য। যখন তরুণ প্রদাহ দূরীভূত হইয়া শ্লৈষ্মিকঝিল্লি অল্প লাল, স্ফীত এবং পূঁজ কিংবা মিউকাস্ দ্বারা আবৃত থাকে, তখন প্রয়োগ করিলে সুস্থাবস্থা প্রাপ্ত হয়।

ক্রুপ্ (Croup) এবং ডিপ্থিরিয়া (Diphtheria) রোগে ট্যানিক্ এসিড্ সলিউশন্ (২—১০ গ্রেণ, ১ আং জল) স্প্রে প্রডিউসার্ যন্ত্রদ্বারা আক্রান্ত স্থানে ১৫ হইতে ২০ মিনিট সময় পর্য্যন্ত প্রয়োগ করিলে বিশেষ উপকার হয়। উক্তপ্রকারে কয়েকবার প্রয়োগ করিলে ফল্স্ মেম্ব্রেণের (কৃত্রিম ঝিল্লির) বড় বড় খণ্ড বাহির হইয়া থাকে, তখন নিশ্বাস-প্রশ্বাস-ক্রিয়া সহজে নিষ্পাদিত হয়।

ক্রনিক্ ডায়েরিয়া (পুরাতন উদরাময়) রোগ সাধারণ চিকিৎসা দ্বারা উপশমিত না হইলে ইহা ব্যবহারে উপকার লাভ হয়। ইহাতে ট্যানিক্ এসিড্ ৫ গ্রেণ, ওপিয়ম্ ½ গ্রেণ একত্র মিশ্রিত করতঃ বটিকাকারে প্রতি চারি ঘণ্টা অন্তর ব্যবস্থা করা উচিত।

পুরাতন শ্বেতপ্রদর, গণোরিয়া (প্রমেহ), গ্লিট্ এবং ইউরিথ্রাইটিস্ রোগে ২ গ্রেণ ট্যানিক্ এসিড্ ১ আউন্স জলে মিশ্রিত করিয়া এক ঘণ্টা অন্তর আক্রান্ত স্থানে পিচকারী দিলে বিশেষ ফল পাওয়া যায়। ডাং ব্রায়েণ্ট্ বলেন ট্যানিন্ গ্লিসিরিনে দ্রব করতঃ বুজিতে (Bougie) লাগাইয়া দিবসে কয়েকবার মূত্রনালীতে ব্যবহার করিলে উপকার দর্শিয়া থাকে। মলনালীর শিথিলতা প্রযুক্ত প্রলাপস্যাস্ এনাই (গুহ্য ভ্রংশ) রোগ হইলে ইহার সলিউশন্ দ্বারা পিচকারী ব্যবহার করিলে উপকার হইয়া থাকে।

হেমোরয়েডাল্ টিউমারস্ Hæmorrhoidal Tumours (বলিতে) প্রদাহ না থাকিলে ট্যানিক্ এসিড্, চর্ব্বির সহিত মিশ্রিত করিয়া মলমআকারে প্রয়োগ করিলে উপকার দর্শে। ফিসার্ অব্ দি এনাস্ (মলদ্বারে বিদারণ) হইলে ট্যানিক্ এসিড্ ১ ড্রাম, গ্লিসিরিন ১৬ ড্রামে মিশ্রিত করতঃ লিণ্ট্ দ্বারা টেণ্ট্ (পলিতা) প্রস্তুত করিয়া প্রাতে ও রাত্রিতে উহাতে ভিজাইয়া গুহ্য-দ্বারে

প্রয়োগ করিলে উপকার হইয়া থাকে। নেজ্যাল পলিপাস্ অর্থাৎ নাসারন্ধ্রে পলিপাস্ রোগ হইলে ডাঃ টি. ব্রায়েণ্ট্, ট্যানিক্ এসিড্ নস্যাকারে ব্যবহার করিতে উপদেশ দেন। প্রতি দিনই ইহা কুইল্ দ্বারা প্রয়োগ করা বিধেয়।

সোর্-নিপোল্‌স্ (স্তনেরবোঁটায় ক্ষত) হইলে সলিউশন্ অব্ ট্যানিন্ (৫ গ্রেণ, ১ আঃজলে) ব্যবহার্য্য। ডাঃ রিঙ্গার বলেন, একজিমা, ইম্পিটাইগো রোগের প্রথমাবস্থায় এবং শিশুদের ইণ্টারট্রাইগো রোগে গ্লিশিরিন্ অব্ ট্যানিন্ প্রয়োগ করিলে বিশেষ ফলদায়ক হয়।

ল্যাটিন।	ইংরেজী।
এসিডাম্ গ্যালিকাম্।	গ্যালিক্ এসিড্।
Acidum Gallicum.	Gallic Acid.

মাত্রা—২—১০ গ্রেণ।

প্রয়োগরূপ—

গ্লিশিরিনাম্ এসিডাইগ্যালিসাই।	গ্লিশিরিন্ অব্ গ্যালিক্ এসিড্।
Glycerinum Acidi Gallici.	Glycerine of Gallic Acid.

ক্রিয়া—প্রবল সঙ্কোচক। ইহা শরীরে শোষিত হইবার পর প্রস্রাব দ্বারা অপরিবর্ত্তিতভাবে বহির্গত হইয়া থাকে। ট্যানিক্ এসিড্ও ইহার ক্রিয়া একইরূপ, কিন্তু জলে অল্প দ্রবণীয়হেতু ট্যানিক্ এসিডের ন্যায় তত প্রবল নয়। যাহাহউক, দূরবর্ত্তী স্থানীয় সঙ্কোচকক্রিয়া সম্বন্ধে সমপরিমাণ ট্যানিক্ এসিড্ অপেক্ষা অধিক ফলদায়ক; কারণ ট্যানিক্ এসিড্ রক্তে গ্যালিক্ এসিড্ ও গ্রেফ্‌সুগারে পরিণত হয় বলিয়া উহার অল্পাংশমাত্র কার্য্যকারী হয়।

আময়িক প্রয়োগ—হেমোরেজিক্-ডিজিজেস্ (Hæmorrhagic Diseases) অর্থাৎ রক্তস্রাব সম্বন্ধীয় ব্যাধিতে (Hæmoptysis, Hæmatemesis) গ্যালিক্ এসিড্ উৎকৃষ্ট ঔষধ; কিন্তু ইহা উল্লিখিত রোগের পুরাতন অবস্থায় কিংবা যখন ব্যাধির প্রদাহিক লক্ষণ উপশমিত হয় তখন ব্যবহার্য্য। ইহা সালফিউরিক্ এসিড্‌সহ ব্যবহার করিলে অধিক কার্য্যকারী হয়। ডাইজিটেলিস্, আর্গট ইত্যাদির সহিত ও সাদরে ব্যবহার করা যাইতে পারে।

℞

Acid Gallic	gr xxx.
Acid Sulph dil	ʒj
Liq Opii Sed	m xxx
Infus Rosæ	℥vj

M. ℥j every three or four hours.

টাইফয়েড্ জ্বরে অন্ত্র হইতে রক্তস্রাব হইলে গ্যালিক্ এসিড্ ১৫ গ্রেণ, লডেনম্ ৩—৫ ফোঁটা, ১ ওয়াইন্‌গ্লাস বরফযুক্ত জলের সহিত ২।৩ ঘণ্টা অন্তরে দিলে উপকার সাধিত হয়।

পাকাশয়ের ক্ষত বশতঃ রক্তস্রাব হইলে গ্যালিক্ এসিড্ ১০ গ্রেণ, ডাইলিউট্ সালফিউরিক্ এসিড্ ১০ মিনিম্, ১ আউন্স জলে মিশ্রিত করিয়া ব্যবহার করিলে উপকার দর্শে। পুরাতন রক্তবমন এবং রক্তপ্রস্রাব রোগেও উপরোক্ত ব্যবস্থা দ্বারা উপকার লাভ হইয়া থাকে।

থাইসিস্ রোগে, গ্যালিক্ এসিড্ এবং সালফিউরিক্ এসিড্ ব্যবহার করিলে কখন কখন অপর্য্যাপ্ত ঘর্ম্ম এবং শ্লেষ্মা বন্ধ হইয়া থাকে। উক্ত রোগের সহিত উদরাময় থাকিলেও ইহাদ্বারা উপশমিত হয়।

এল্‌বিউমিনিউরিয়া (Albuminuria) রোগে গ্যালিক্ এসিড্ কেহ কেহ ব্যবহার করিতে বলেন।

পাইরোসিস্ (Pyrosis) রোগে গ্যালিক্ এসিড্ ব্যবহারে উপকার দর্শিয়া থাকে।

শিশুদের উদরাময় এবং পাকাশয়ের উত্তেজনা হইলে নিম্নলিখিত ব্যবস্থা-পত্র দ্বারা উপকার পাওয়া যায়।

℞

Acid Gallic	gr xii
Tinct Cinnam	m lxxx
Tinct Opii	m viii
Aq. Carui ad	℥ij

M. Dose, 2 teaspoonfuls for a child aged 2 years.

এই প্রকার ব্যাধিতে ডাঃ ওয়েষ্ট্ উপরোক্ত প্রকারের ঔষধ প্রয়োগ করিতে

বলেন এবং তিনি গ্যালিক্ এসিড ও লডেনমের পিচকারী ব্যবহার করিয়া উত্তম ফল পাইয়াছেন।

ল্যাটিন	ইংরেজী
কোয়ার্কাস্ কর্টেক্স্।	ওক্‌বার্ক।
Quercus Cortex.	Oak Bark.

প্রয়োগ—

ডিককৃটাম্ কোয়ার্কাস্।	ডিককৃশন্ অব্ ওক্‌বার্ক।
Decoctum Quercus.	Decoction of Oak Bark.

মাত্রা—১—২ আউন্স।

ক্রিয়া—কেহ কেহ বলেন, ইহার পর্য্যায়নিবারক গুণ আছে। ট্যানিক্ এবং গ্যালিক্ এসিডের উপর ইহার ধারক গুণ নির্ভর করে। ইহার ডিককৃশন্ সঙ্কোচক হেতু কেবল বাহ্যিক প্রয়োগ হইয়া থাকে।

আময়িক প্রয়োগ—ক্রনিক ডায়েরিয়া ও ডিসেণ্ট্রি রোগের বর্দ্ধিতাবস্থায় ইহার ডিককৃশন্ কখন কখন উপকারী হয়। প্রল্যাপসাস্ রেক্টাই (গুহ্যভ্রংশ), প্রল্যাপ্সাস্ ইউটিরাই (জরায়ুভ্রংশ) ও পাইলস্ (অর্শ) রোগে ইহার ডিককৃশন্ আক্রান্তস্থানে পিচকারীদ্বারা ব্যবহার করিলে উপকার দর্শিয়া থাকে। এটনিক্ মেনোরেজিয়া (রক্ত-আধিক্য) এবং লিউকোরিয়া রোগে ইহার ক্বাথ্ ১ পাইণ্ট্ ও এলাম্ ৬০ গ্রেণ একত্র মিশ্রিত করিয়া পিচকারীদ্বারা ব্যবহার করিলে ফলপ্রদ হয়। ইউভেলার (আলজিহ্বার) শৈথিল্যাবস্থায় এবং টন্‌সিলাইটিস্ রোগে ইহার ডিককৃশন্ দ্বারা কুলি করিলে উপকার দর্শে।

ল্যাটিন	ইংরাজী
ক্যাটিকিউ।	ক্যাটিকিউ (খএর)।
Catechu.	Catechu.

মাত্রা—১০—৩০ গ্রেণ।

প্রয়োগরূপ—

ইন্‌ফিউজাম্ ক্যাটিকিউ।	ইন্‌ফিউসান্ অব্ ক্যাটিকিউ।
Infusum catechu.	Infusion of Catechu.

মাত্রা—১—২ আউন্স।

পাল্ভিস্ ক্যাটিকিউ কম্পোজিটাস্। কম্পাউণ্ড্ পাউডার্ অব্ ক্যাটিকিউ।
Pulvis Catechu compositus. Compound Powder of Catechu.

মাত্রা—২০—৪০ গ্রেণ।

টিংচুরা ক্যাটিকিউ। টিংচার্ অব্ ক্যাটিকিউ।
Tinctura Catechu. Tincture of Catechu.

মাত্রা—½—২ ড্রাম।

ট্রোচিসাই ক্যাটিকিউ। ক্যাটিকিউ লোজেঞ্জিস্।
Trochisci Catechu. Catechu Lozenges.

মাত্রা—১—৬ চাক্তি, প্রত্যেক চাক্তিতে ১ গ্রেণ ক্যাটিকিউ আছে।

ক্রিয়া—প্রবল সঙ্কোচক। সঙ্কোচক ক্রিয়া ইহার বীর্য্য মাইমোট্যানিক্ এসিড্ এবং ক্যাটিচিনের উপর নির্ভর করে। উদ্ভিজ্জ ধারক ঔষধ সমূহের মধ্যে ইহা একটী প্রবল সঙ্কোচক ও অভ্রান্ত ফলপ্রদ। বায়ুনাশক ঔষধ এবং চক্‌মিক্শ্চার সহযোগে ইহা সাদরে ব্যবহার করা যাইতে পারে। ক্ষারীয় লবণদ্বারা ইহার ধারক-গুণ বিনষ্ট হয়।

আময়িক প্রয়োগ—অন্ত্রের শ্লৈষ্মিক ঝিল্লির শৈথিল্য বশতঃ উদরাময় রোগ জন্মিলে কম্পাউণ্ড্ পাউডার্ অব্ ক্যাটিকিউ ১০ হইতে ১৫ গ্রেণ মাত্রায় অথবা ইহার ইন্‌ফিউশন্ ১ হইতে ২ আউন্স মাত্রায় প্রয়োগ করিলে বিশেষ ফল লাভ হইতে পারে। ইহা ওপিয়ম্ এবং চক্‌মিক্শ্চারের সহিত উত্তমরূপে ব্যবস্থা করা যায়। শিশুদের উদরাময় রোগে প্রদাহিক লক্ষণ উপশমিত হইলে এবং ২।৩ দিন পর্য্যন্ত পাতলা বাহ্যে হইতে থাকিলে ডাঃ ওয়েষ্ট্ নিম্নলিখিত ব্যবস্থা করেন :

℞

Tinct Catechu	ʒii
Ext Hæmatoxyli	℈i
Syrup	℥i
Aqua Carui	℥ix

M. ft. S ℥i twice or thrice daily, for a child aged one year.

সোর্-নিপোল্ বা স্ত্রীলোকদের স্তনের বোঁটায় ক্ষত হইলে, প্রথমে স্তনের বোঁটা গরমজলদ্বারা ধৌত পূর্ব্বক পরে উক্তস্থান সুন্দররূপে পুছাইয়া টিংচার্

অব্ ক্যাটিকিউ, ক্যামেল-হেয়ার পেন্সিল অথবা তুলিদ্বারা প্রয়োগ করিলে উত্তম ফল দর্শে।

টায়লিজম্ (পারদদ্বারা মুখ আসা), দন্তমাড়ি ক্ষত ও স্পঞ্জীভূত; এবং আলজিহ্বা শিথিল হইলে একটুকরা ক্যাটিকিউ মুখে রাখিয়া আস্তে আস্তে চোষণ করিলে বিশেষ উপকার হইয়া থাকে।

যক্ষ্মাকাস এবং অন্যান্য পুরাতন পীড়ার বর্দ্ধিতাবস্থায় মুখে এ্যাপ্‌থি নামক ক্ষত জন্মিলে ইহার ইন্‌ফিউশন্‌দ্বারা কুলি করিলে উত্তম ফল দর্শে। টন্‌সিলের বিবৃদ্ধিতে ইহার ইন্‌ফিউশন্ ৬ আঃ এবং টিংচার্ অব্ কাইনো ২ ড্রাম একত্র মিশ্রিত করিয়া কুলি করিলে উত্তম ফল লাভ হয়।

লিউকোরিয়ারোগে ইন্‌ফিউশন্ অব্ ক্যাটিকিউ দিবসে ১।২ বার ভ্যাজাইনাতে ডিগনশন্ সিরিঞ্জদ্বারা পিচকারী দিলে স্রাবের লাঘব হইয়া থাকে।

ল্যাটিন	ইংরাজী
কাইনো।	কাইনো।
Kino	Kino

মাত্রা—১০—৩০ গ্রেণ।

প্রয়োগরূপ—

পাল্‌ভিস্ কাইনো কম্পজিটাস্।	কম্পাউণ্ড্ পাউডার্ অব্ কাইনো।
Pulvis Kino compositus.	Compound Powder of Kino.

মাত্রা —৫—২০ গ্রেণ।

টিংচুরা কাইনো।	টিংচার্ অব্ কাইনো।
Tinctura Kino.	Tincture Kino.

মাত্রা —১—২ ড্রাম।

ক্রিয়া—ইহা সঙ্কোচক। ট্যানিন্ এবং ক্যাটিচিনের উপর এই সঙ্কোচক গুণ নির্ভর করে। ট্যানিক্ এসিডের প্রয়োগ স্থলে ইহা ব্যবহার করা যায়। ইহা ক্যাটিকিউ হইতে অল্প দ্রবণীয়। শিথিল শ্লৈষ্মিকপ্রদেশ ও ক্ষত স্থান হইতে প্রচুর পরিমাণে স্রাব হইলে ইহা কখন কখন সঙ্কোচকরূপে বাহ্যিক ব্যবহৃত হয়।

আময়িক প্রয়োগ—পাইরোসিস্ এবং ডায়েবিয়া রোগে ইহা প্রযোজ্য। ডাং সার্, টি, ওয়াট্‌শন্ সাহেব যক্ষ্মাকাসে অত্যন্ত ঘর্ম্ম হইলে পাল্‌ভিস্ কাইনো কম্পজিট্‌স্ ব্যবহার করিতে উপদেশ দেন। তিনি বলেন ইহাদ্বারা কেবল ঘর্ম্ম বন্ধ হয় এমন নহে; ইহাতে ওপিয়মের বিদ্যমানতা হেতু উদরাময় ও কাসি উপশমিত হইয়া থাকে।

আলজিহ্বার শৈথিল্যাবস্থায় ইহা জলে দ্রব করতঃ কুলি, কিংবা কয়েক খণ্ড মুখে আস্তে আস্তে চুষিলে উপকার দর্শিয়া থাকে। উদরাময় রোগে নিম্নলিখিত ব্যবস্থা ব্যবস্থেয়।

℞

Tinct Kino	ʒss
Tinct Catechu	ʒss
Mistura Cretæ ad	℥i

M. ft. One dose, to be taken every four hours.

ইহার সহিত কয়েক ফোঁটা টিংচার্ অব্ ওপিয়ম্ ও সংযোগ করা যাইতে পারে।

ল্যাটিন্।	ইংরেজী।
ইউকেলিপ্টাই গমাই।	ইউকেলিপ্টাস্ গম্।
Eucalypti Gummi.	Eucalyptus Gum.

মাত্রা—২—১০ গ্রেণ।

ক্রিয়া—সঙ্কোচক। বটানি-বে-কাইনো নামে বিখ্যাত। ইহার ব্যবহার এবং ক্রিয়া কেটিকিউ ও কাইনোর ন্যায়।

ল্যাটিন্।	ইংরেজী।
হিমেটক্সিলাই লিগ্‌নাম্।	লগ্‌উড।
Hæmatoxyli Lignum.	Logwood.

প্রয়োগরূপ—

ডিকক্‌টাম্ হিমেটক্সিলাই।	ডিকক্‌শন্ অব্ লগ্‌উড্।
Decoctum Hæmatoxyli.	Decoction of Logwood.

মাত্রা—১—২ আউন্স।

একষ্ট্রাক্টাম্ হিমেটক্সিলাই। একষ্ট্রাক্ট্ অব্ লগ্উড্।

Extractum Hæmatoxyli. Extract of Logwood.

মাত্রা—১০—৩০ গ্রেণ।

ক্রিয়া—সঙ্কোচক এবং বলকারক। ইহাতে হিমেটক্সিলিন্নামক বীর্য্য, ট্যানিন্ এবং রেজিন্ আছে। সেবনে শরীরে শীঘ্র শোষিত হয় এবং ২৫ মিনিট পর প্রস্রাবে ইহার রঞ্জক পদার্থ দেখা যায়।

আময়িক প্রয়োগ—ইহা এলিমেণ্টারি-ক্যানালের কোন কোন ব্যাধিতে (ডায়েরিয়া, পুরাতন ডিসেণ্ট্রি এবং কোন কোন প্রকার এটনিকডিস্পেপ্সিয়া) প্রধানতঃ সঙ্কোচক স্বরূপে ব্যবহৃত হয় কিন্তু উহাদের তরুণ প্রদাহিক অবস্থা বর্ত্তমান থাকিলে অব্যবহার্য্য। সচরাচর ইহা ছোট ছোট শিশুদের জন্যই ব্যবহৃত হয়। যে সকল রোগী ইহা ব্যবহার করেন, তাহাদের প্রস্রাব, কোন কারণে ক্ষারাক্ত হইলে পাটলবর্ণ হয়; তজ্জন্য যেন কেহ মনে না করেন যে প্রস্রাবে রক্তস্রাব হইতেছে, কিন্তু প্রস্রাব অধিক অম্লাক্ত হইলে উক্তবর্ণ অনুভূত হয় না।

থাইসিস্রোগে উদরাময় বর্ত্তমান থাকিলে ডাঃপেভি নিম্নলিখিত ব্যবস্থা প্রদানে অনুমোদন করেন।

℞

Mist cretæ	℥xii
Ext. Hæmatox	℈ii
Vin. Ipecac	ʒii
Vin. Opii	ʒi

M. In doses of ℥ss, twice or thrice daily or oftener.

শিশুদের পুরাতন উদরাময় এবং রক্তামাশয়ে ইহাদ্বারা সর্ব্বদা উপকার হয়। উল্লিখিত রোগে নিম্নলিখিত ব্যবস্থাপত্র ব্যবহার করা যাইতে পারে।

℞

Ext. Hæmatox	ʒii
Tinct catechu	ʒi
Syrup	ʒi
Aq. Cinnam ad	℥iii

M Dose, two teaspoonfuls for a child aged three years.

ল্যাটিন।	ইংরেজী।
ক্র্যামিরিয়ী রেডিক্স্। Krameriæ Radix.	র‍্যাটানি রুট। Rhatany Root.

মাত্রা—২০—৬০ গ্রেণ।

প্রয়োগরূপ—

এক্‌ষ্ট্রাক্ট্‌টাম্ ক্র্যামিরিয়ী। Extractum Krameriæ.	এক্‌ষ্ট্রাক্ট্ অব্ র‍্যাটানি। Extract of Rhatany.

মাত্রা—৫—২০ গ্রেণ।

ইন্‌ফিউশাম্ ক্র্যামিরিয়ী। Infusum Krameriæ.	ইন্‌ফিউশন অব্ র‍্যাটানি। Infusion of Rhatany.

মাত্রা—১—২ আউন্স।

টিংচুরা ক্র্যামিরিয়ী। Tinctura Krameriæ.	টিংচার্ অব্ র‍্যাটানি। Tincture of Rhatany.

মাত্রা—½—২ ড্রাম।

ক্রিয়া—প্রবল সঙ্কোচক। ইহার সঙ্কোচকগুণ প্রধানতঃ ট্যানিক্ এসিডের উপর নির্ভর করে। এতদ্ভিন্ন ইহাতে ক্র্যামিনিক্ এসিড্ আছে। ইহার চূর্ণ, দন্তমঞ্জন ঔষধের প্রধান সঙ্কোচক উপাদান। ইহা চর্ব্বণ করিলে লালা আরক্তিম হইয়া থাকে।

আময়িকপ্রয়োগ—যে স্থানে ট্যানিন্ ব্যবহৃত হয়, ইহাও তথায় ব্যবহার করা যাইতে পারে। পুরাতন ডায়েরিয়া এবং ডিসেণ্ট্রি রোগে ইহা ব্যবহার্য্য। নানাপ্রকার রক্তস্রাবেও ইহা ব্যবহার করা যাইতে পারে। দন্ত-মাঢ়ি হইতে যখন রক্তস্রাব হয় তখন ইহার চূর্ণ দ্বারা দন্ত মার্জ্জন করিলে বিশেষ ফল পাওয়া যায়। সোর্‌থ্রোট্ রোগে ইহার ডিককৃশন্ অথবা ডাই-লিউটেড টিংচার্ দ্বারা কুলি করা যাইতে পারে; লিউকোরিয়া ও প্রল্যাপ্‌-সাস্‌এনাই রোগে পিচকারী স্বরূপ ব্যবহার করিলে উপকার দর্শে।

শারীরিক দুর্ব্বলতা হেতু যদি শ্বেতপ্রদর রোগ জন্মে, তাহা হইলে ইহার ২০ গ্রেণ এক্‌ষ্ট্রাক্ট্ প্রত্যহ ব্যবহারে স্রাব কম হয়, তখন ইনফিউশন্ পিচকারী স্বরূপ ব্যবহার করা যাইতে পারে।

ল্যাটিন্।	ইংরেজী।
রোজা।	রোজ্। (গোলাপ)
Rosa.	Rose.

তিন প্রকার রোজ্ ঔষধার্থ ব্যবহৃত হয়।

(১) রোজিগ্যালিসি পেটেলা।	রেড্ রোজ্ পেটেল্স্।
Rosæ Gallicæ Petala.	Red Rose Petals.

প্রয়োগরূপ—

কন্‌ফেক্‌শিয়ো রোজি গ্যালিসিয়ী।	কন্‌ফেক্‌শন অব্ রোজেস্।
Confectio Rosæ Gallicæ.	Confection of Roses.
মাত্রা—৬০ গ্রেণ।	
ইন্‌ফিউসাম্ রোজি এসিডাম্।	এসিড্ ইন্‌ফিউশন্ অব্ রোজেস্।
Infusum Rosæ Acidum.	Acid Infusion of Roses.
মাত্রা—১—২ আউন্স।	
সিরাপাস্ রোজি গ্যালিসিয়ী।	সিরাপ্ অব্ রেড্ রোজেস্।
Syrupus Rosæ Gallicæ.	Syrup of Red Roses.
মাত্রা—১ ড্রাম।	

ক্রিয়া—ইহার পাপড়িতে রঞ্জক পদার্থ, গ্যালিক্ ও ট্যানিক্ এসিড্ এবং অল্প পরিমাণে ভলেটাইল্ অয়েল বিদ্যমান আছে। ঔষধ লাল ও সুগন্ধি করিবার জন্য ইহা ব্যবহৃত হয়। পিল (বটিকা) প্রস্তুত জন্য এবং কখন কখন অল্প সঙ্কোচকের জন্য ও ব্যবহৃত হইয়া থাকে।

আময়িক প্রয়োগ—মুখে এ্যাপ্‌থি নামক ক্ষত হইলে লিংটাস্ স্বরূপ ব্যবহৃত হইয়া থাকে। ইহার এসিড্ ইনফিউশন্ উত্তম কুলি স্বরূপ ব্যবহার্য্য, এবং অল্প ধারকগুণ হেতু এপ্‌সম্ সলট্‌স্ ও সালফেট্ অব্ কুইনাইন ইত্যাদির সহিত অনুপান স্বরূপ ব্যবহৃত হয়। ছেলেদের মুখে এ্যাপ্‌থি হইলে মেল্-রোজি বা ইহার কনফেক্‌শন্ মধুর সহিত মিশাইয়া ব্যবহার করিলে বিশেষ উপকার দর্শে।

(২) রোজি সেণ্টিফোলিয়ী পেটেলা।	ক্যাবেজ্ রোজ্ পেটেল্স্।
	(শতদল গোলাপ)
Rosæ Centifoliæ Petala.	Cabbage Rose Petals.

প্রয়োগরূপ—

একোয়া রোজি। রোজ্ ওয়াটার (গোলাপজল)

Aqua Rosæ. Rose Water.

মাত্রা—১—২ আউন্স বা ততোধিক।

ক্রিয়া—ইহার সুগন্ধি, ভলেটাইল্ অয়েলের উপর নির্ভর করে। ইহাতে ট্যানিক্ এবং গ্যালিক্ এসিড্ আছে বলিয়া ইহা অত্যল্প পরিমাণে ধারকগুণ বিশিষ্ট। ইহার অল্প পরিমাণে বিরেচক গুণও আছে।

আময়িক প্রয়োগ—অন্যান্য ঔষধের অনুপান স্বরূপ ব্যবহৃত হয়। বিশেষতঃ লোশন্ জন্যও ব্যবহার করা যায়। ভারতবর্ষে এই ভলেটাইল্ অয়েল, আতর (Attar of Roses) নামে বিখ্যাত।

(৩) রোজি কেনাইনি ফ্রাক্টাস্। ফ্রুট্ অব্ দি ডগ্-রোজ। (হিপ্স্)

Rosæ Caninæ Fructus. Fruit of the Dog-Rose (Hips)

প্রয়োগরূপ—

কন্‌ফেক্‌শিয়ো রোজি ক্যানাইনি। কন্‌ফেক্‌শন্ অব হিপ্স্।

Confectio Rosæ Caninæ. Confection of Hips.

মাত্রা—৬০ গ্রেণ।

ক্রিয়া—ইহাতে সাইট্রিক্ ও ম্যালিক্ এসিড্, চিনি, অল্প ট্যানিন্ এবং অত্যল্প ভলেটাইল্ অয়েল্ বিদ্যমান আছে। অল্প স্নিগ্ধকারক ও কথঞ্চিৎ সঙ্কোচক।

আময়িক প্রয়োগ—ইহার কন্‌ফেক্‌শন্ লিংটাস্ আকারে ব্যবহৃত হইয়া থাকে।

ল্যাটিন ইংরেজী

গুয়েরানা। গুয়েরানা।

Guarana. Guarana.

মাত্রা—১৫—৩০ গ্রেণ, বা ততোধিক পাউডার অথবা ইন্‌ফিউশন্ আকারে আবশ্যক মত ২ ঘণ্টা অন্তর ব্যবহার করা যায়।

ইহার উপক্ষার Guaranine মাত্রা—½—৫ গ্রেণ।

টিংচুরা গুয়েরানি। — টিংচার্ অব্ গুয়েরানা।

Tinctura Guaranæ. — Tincture of Guarana.

মাত্রা—২—১ ড্রাম।

এই প্রয়োগরূপটী ব্রিটিশ ফার্ম্মাকোপিয়ায় গৃহীত হয় নাই।

ক্রিয়া—ইহার ক্রিয়া গুয়ারেনাইন্ বা কেফীনের উপর নির্ভর করে। এতদ্ব্যতীত ইহাতে ট্যানিক্ এসিড্, ষ্টার্চ্ এবং গাম্ আছে। ট্যানিক্ এসিডের বিদ্যমানতা হেতু ইহা সঙ্কোচক; গুয়ারেনাইন্ থাকাতে ইহা চা ও কাফির ন্যায় মস্তিষ্কে ক্রিয়া প্রকাশ করে।

আময়িক প্রয়োগ—ডাং উইল্কিন্স্, মাইগ্রেণ বা সিক্-হেডেক্ রোগে ইহা ব্যবহার করিতে বলেন। ইহা সম্ভবতঃ ষ্ট্রং টি (উগ্র চায়) ন্যায় কার্য্য করে। উক্ত ব্যাধি আক্রমণের পূর্ব্বে ১। ২ মাত্রা ব্যবহার করিলে ব্যাধি হইতে মুক্তি লাভ করা যায়, কিন্তু ইহার ক্রিয়া অনিশ্চিত। সঙ্কোচক গুণ থাকা প্রযুক্ত ডায়েরিয়া এবং ডিসেণ্ট্রি রোগে ও ব্যবহৃত হইয়া থাকে। লাম্বেগো এবং অন্যান্য প্রকার বাতশূলে ইহা ব্যবহার করিলে উপকার দর্শে। প্রতিদিন ইহা ১৫ হইতে ক্রমশঃ ৪০ গ্রেণ পর্য্যন্ত দেওয়া হইতে পারে।

লাটিন।	ইংরেজী।
এসিডাম্ সাল্ফিউরিকাম। Acidum Sulphuricum	সাল্ফিউরিক্ এসিড্। Sulphuric Acid.

প্রয়োগরূপ—

এসিডাম্ সাল্ফিউরিকাম্ এরোমেটিকাম্। Acidum Sulphuricum Aromaticum.	এরোমেটিক্ সাল্ফিউরিক এসিড। Aromatic Sulphuric Acid.

মাত্রা—৫—৩০ মিনিম।

এসিডাম্ সাল্ফিউরিকাম্ ডাইলিউটাম। Acidum Sulphuricum Dilutum	ডাইলিউট সাল্ফিউরিক্ এসিড্। Dilute Sulphuric Acid.

মাত্রা—৫—৩০ মিনিম্।

ক্রিয়া—উগ্র এসিড্ প্রবল দাহক; কোন স্থানে প্রয়োজিত হইলে তাহা প্রথমতঃ শ্বেত তৎপরে কৃষ্ণবর্ণে পরিণত হয়। ইহা উগ্র ক্ষয়কারী ঔষধ বলিয়া আভ্যন্তরিক ব্যবহৃত হয় না। ৫—৩০ মিনিম্ মাত্রায় ডাইলিউটেড

টিংচুরা গুয়েরানি। টিংচার্ অব্ গুয়েরানা।
Tinctura Guaranæ. Tincture of Guarana.

মাত্রা—½—১ ড্রাম।

এই প্রয়োগরূপটী ব্রিটিশ ফার্ম্মাকোপিয়ায় গৃহীত হয় নাই।

ক্রিয়া—ইহার ক্রিয়া গুয়ারেনাইন্ বা কেফীনের উপর নির্ভর করে। এতদ্ব্যতীত ইহাতে ট্যানিক্ এসিড্, ষ্টার্চ্ এবং গাম্ আছে। ট্যানিক্ এসিডের বিদ্যমানতা হেতু ইহা সঙ্কোচক; গুয়ারেনাইন্ থাকাতে ইহা চা ও কাফির ন্যায় মস্তিকে ক্রিয়া প্রকাশ করে।

আময়িক প্রয়োগ—ডাং উইল্‌কিস্, মাইগ্রেণ বা সিক্-হেডেক্ রোগে ইহা ব্যবহার করিতে বলেন। ইহা সম্ভবতঃ ষ্ট্রং টি (উগ্র চায়) ন্যায় কার্য্য করে। উক্ত ব্যাধি আক্রমণের পূর্ব্বে ১।২ মাত্রা ব্যবহার করিলে ব্যাধি হইতে মুক্তি লাভ করা যায়, কিন্তু ইহার ক্রিয়া অনিশ্চিত। সঙ্কোচক গুণ থাকা প্রযুক্ত ডায়েরিয়া এবং ডিসেণ্ট্রি রোগে ও ব্যবহৃত হইয়া থাকে। লাম্বেগো এবং অন্যান্য প্রকার স্নায়ুশূলে ইহা ব্যবহার করিলে উপকার দর্শে। প্রতিদিন ইহা ১৫ হইতে ক্রমশঃ ৪০ গ্রেণ পর্য্যন্ত দেওয়া হইতে পারে।

লাটিন। ইংরেজী।

এসিডাম্ সাল্‌ফিউরিকাম। সাল্‌ফিউরিক্ এসিড।
Acidum Sulphuricum. Sulphuric Acid.

প্রয়োগরূপ—

এসিডাম্ সাল্‌ফিউরিকাম্ এরোমেটিকাম্। এরোমেটিক্ সাল্‌ফিউরিক্ এসিড।
Acidum Sulphuricum Aromaticum. Aromatic Sulphuric Acid.

মাত্রা—৫—৩০ মিনিম।

এসিডাম সাল্‌ফিউরিকাম ডাইলিউটাম। ডাইলিউট সাল্‌ফিউরিক্ এসিড্।
Acidum Sulphuricum Dilutum. Dilute Sulphuric Acid.

মাত্রা—৫—৩০ মিনিম্।

ক্রিয়া—উগ্র এসিড্ প্রবল দাহক; কোন স্থানে প্রয়োজিত হইলে তাহা প্রথমতঃ শ্বেত তৎপরে কৃষ্ণবর্ণে পরিণত হয়। ইহা উগ্র ক্ষয়কারী ঔষধ বলিয়া আভ্যন্তরিক ব্যবহৃত হয় না। ৫—২০ মিনিম মাত্রায় ডাইলিউটেড্

এসিড স্নিগ্ধকারক, সঙ্কোচক ও বলকারক। ইহার শৈত্যজনক গুণহেতু নানা-বিধ জ্বরে, সঙ্কোচক-গুণ বিধায় রক্তস্রাবে, ও প্যাসিভ্ মিউকাস্ ডিস্‌চার্জ্জেস্ (শ্লৈষ্মিক স্রাব) দমনার্থে, বলকারক গুণ বিশিষ্ট বলিয়া পরিপাক-ক্রিয়ার সাহায্যার্থে ব্যবহৃত হইয়া থাকে। প্রসূতিকে ইহা সেবন করাইলে স্তন্যপায়ী শিশুর পেটে কলিক্ (বেদনা) জন্মিবার সম্ভাবনা। ইহা প্রস্রাবকে অম্লগুণ বিশিষ্ট করে এবং প্রস্রাবে ফস্‌ফেটিক্-ডিপজিট্ হইলে উক্ত ঔষধ ব্যবস্থেয়। দন্তের হানিকারক বলিয়া ইহা পেনকলমে বা কাচনির্ম্মিত নলের ভিতর রাখিয়া সেবন করা বিধেয়; এবং প্রত্যেক বার সেবনান্তে কোন ক্ষারীয় সলিউশন্ দ্বারা উত্তমরূপে মুখ ধৌত করা উচিত।

আময়িক প্রয়োগ—সাল্‌ফিউরিক্ এসিড্ কলিকা-পিক্টোনাম্ (Colica Pictonum) আদি সীস ধাতু-জনিত বিষাক্ততা সম্পূর্ণরূপে আরোগ্য ও তাহার আক্রমণ হইতে রক্ষা করিয়া থাকে। উক্ত রোগ সামান্য আকারের হইলে সচরাচর প্রায় ৩ দিন এবং প্রবল আকারের হইলে ৬।৭ দিন মধ্যে দূরীভূত হইয়া যায়।

রক্তস্রাবে যদিও ইহার ক্রিয়া এসিটেট্ অব লেড্, গ্যালিক্ এসিড্ এবং ঐ শ্রেণীস্থ অন্যান্য ঔষধের ন্যায় তত উপকারী নহে; তথাপি ইহা অন্যান্য চিকিৎসার সহযোগে ব্যবহার করিলে উপকার দর্শিয়া থাকে। ডাং ডব্লিউ ফ্রেসার্ Dr. W. Fraser ফুস্‌ফুস্, অন্ত্র ও জরায়ু হইতে প্যাসিভ্ আকারের রক্তস্রাব হইলে, গ্যালিক্ এসিড্ সহযোগে ইহা ব্যবহার করিয়া থাকেন। ইহা, হিমাটিমিসিস্ (রক্তবমন) রোগে সবিশেষ উপকারী, সম্ভবতঃ রক্তস্রাবিত স্থানের সহিত সংস্রবে এই উপকার হইয়া থাকে। জরায়ু হইতে রক্তস্রাবে ইহা, টিংচার্ অব্ ওপিয়ম্ এবং ইন্‌ফিউশন্ অব্ রোজেস্ সহযোগে সচরাচর ব্যবহৃত হয়। কলেরিক ডায়েরিয়া (Choleraic Diarrhœa) এবং সামার ডায়েরিয়া (Summer Diarrhœa) রোগে, ডাইলিউটেড্ সাল্‌ফিউরিক্ এসিড্, পূর্ণ মাত্রায় (২০—৩০ মিনিম) কয়েক ফোঁটা লডেনমের সহযোগে বা একাকী ব্যবস্থা করিলে উক্ত রোগ বন্ধ হইয়া থাকে। উক্ত রোগ প্রবলাকারে প্রকাশ পাইলে ১ ঘণ্টান্তর দেওয়া উচিত, আর মৃদু আকারে প্রকাশিত হইলে ৩।৪ ঘণ্টা অন্তর ব্যবস্থা করা যাইতে পারে।

℞

Acid Sulph dil ʒiiss
Spt. Chloroformi ʒii
Tinct Opii ʒi
Aquæ menth pip ad ℥vi

M. ft. *A tablespoonful after every liquid stool ; or a tablespoonful every two hours.*

উপরোক্ত ব্যবস্থাপত্র পূর্ণ-বয়স্কদিগের উদরাময় ও রক্তকাসিতে ব্যবস্থেয়। অনুপযুক্ত খাদ্য ভক্ষণে এই ব্যাধি জন্মিলে সাল্‌ফিউরিক্‌ এসিড্‌ ব্যবহারের পূর্ব্বে এক মাত্রা কেষ্টর্‌-অয়েল্‌ প্রয়োগ করা উচিত। পিওর্‌পারেল্‌ ডায়েরিয়াতে (সূতিকাবস্থায় যে উদরাময় হয়) বিশেষতঃ অন্ত্রের উত্তেজনা বশতঃ ইহা উৎপন্ন হইলে ডাইলিউটেড্‌ সাল্‌ফিউরিক্‌ এসিড্‌ ও কয়েক ফোঁটা লডেনমের সহিত ব্যবহার করিলে কখন কখন বন্ধ হইয়া থাকে। টাইফয়েড্‌ ফিবারের সহিত উদরাময় থাকিলে ইহা বিশেষ উপকারী, ইহার সহযোগে ওপিয়েট্‌-এনিমা অন্ত্রশূল উপশম জন্য ব্যবহৃত হয়।

ডাং, সার্‌, আর, ক্রিষ্টিশনের মতে থাইসিস্‌ রোগে অপর্য্যাপ্ত ঘর্ম্ম হইলে ডাইলিউটেড্‌ সাল্‌ফিউরিক্‌ এসিডের ন্যায় মহোপকারী ঔষধ আর দ্বিতীয় নাই। থাইসিস্‌ রোগের শেষাবস্থায় উদরাময় থাকিলে ইহা ব্যবহারে তাহাও আরোগ্য হইয়া যায়।

টাইফাস্‌ এবং টাইফয়েড্‌ ফিবারের বর্দ্ধিতাবস্থায় অন্যান্য ধাতব অম্লের ন্যায় ইহাও বিশেষ উপকারী। ১৫—২০ মিনিম মাত্রায়, ১ গ্রেণ কুইনাইনের সহিত ৩।৪ ঘণ্টা অন্তর ব্যবহার করিলে এবং তৎসঙ্গে ব্রাণ্ডি প্রভৃতি উত্তেজক ঔষধ ও পুষ্টিকর খাদ্য ব্যবস্থা করিলে বিশেষ ফলদায়ক হয়। কন্‌ফ্লুয়েণ্ট্‌ (Confluent) আকারের বসন্ত রোগে পূর্ব্বোক্ত রূপে চিকিৎসা করিলে ফললাভের বিশেষ সম্ভাবনা।

স্কার্লেটিনারোগে বিশেষতঃ শিশুদিগের উক্তরোগ হইলে ডাইলিউটেড্‌ সাল্‌ফিউরিক্‌ এসিড অল্পপরিমাণ সিরাপ্‌ ও জলের সহিত মিশ্রিত করিয়া প্রয়োগ করিলে শৈত্যকারক ঔষধের ন্যায় ক্রিয়া প্রকাশ করে।

কোন কোন প্রকার চর্ম্মরোগে (প্রুরাইটাস) ইহা আভ্যন্তরিক প্রয়োগে

সুন্দর ফলোৎপাদন করে। বিষালু জন্তুর দংশনে উগ্র সালফিউরিক্ এসিড্ উত্তম দাহক স্বরূপ ব্যবহার্য্য।

ল্যাটিন	ইংরেজী
এসিডাম্ হাইড্রোক্লোরিকাম্।	হাইড্রোক্লোরিক্ এসিড্।
Acidum Hydrochloricum.	Hydrochloric Acid.

প্রয়োগরূপ—

এসিডাম্ হাইড্রোক্লোরিকাম্ ডাইলিউটাম্।	ডাইলিউট্ হাইড্রোক্লোরিক্ এসিড্।
Acidum Hydrochloricum Dilutum.	Dilute Hydrochloric Acid.

মাত্রা ১০—৩০ মিনিম্।

ক্রিয়া—ষ্ট্রং এসিড্, প্রবল দাহক। ডাইলিউট্ এসিড্ ১০—২০ মিনিম মাত্রায় তরল পদার্থের সহিত সেবনে উত্তেজক, বলকারক, আগ্নেয়, ক্ষারনাশক ও মৃদু বিরেচক। অধিকদিন ব্যবহার করিলে পরিবর্ত্তক, বলকারক এবং পরিপাক যন্ত্রের বলবিধায়ক। দন্তের উপর অনিষ্টকর ক্রিয়া প্রকাশ করে বলিয়া ইহা সেবনান্তে কোন ক্ষারীয় সলিউশন্ দ্বারা মুখ ধৌত করা কর্ত্তব্য। ডাক্তার, জে, ডাউগল্ (Dr. J. Dougall) বলেন যে, ষ্ট্রং হাইড্রোক্লোরিক্ এসিড্ একভাগ, জল ২০ ভাগ মিশ্রিত করিয়া টাইফয়েড্ জ্বরাক্রান্ত রোগীর এক্স্ক্রিটা Excreta (মলাদি) এবং অন্যান্য সংক্রামক ব্যাধিগ্রস্থ ব্যক্তির বস্ত্র ও বিছানা ডিসন্‌ফেক্ট্ বা সংক্রমণ নাশ করার জন্য প্রধানতঃ ব্যবহৃত হইয়া থাকে। উক্ত সলিউশন্ টাইফয়েড্ জ্বরাক্রান্ত রোগীর মলত্যাগের পূর্ব্বে মলত্যাগ-পাত্রে প্রথমে এক পেয়ালা তদনন্তর ধৌতপূর্ব্বক আর এক পেয়ালা প্রদান করিলে, এবং উহা অন্যান্য সংক্রামক ব্যাধিগ্রস্ত ব্যক্তিদের বস্ত্রে ও শয্যাতে ছড়াইয়া ফুটন্ত উষ্ণজলে সাবান দ্বারা ধৌত করিলে সংক্রামকগুণ বিনষ্ট করে।

আময়িকপ্রয়োগ—এটনিক্ ডিস্‌পেপ্‌সিয়া (Atonic Dyspepsia) রোগে, ইহা গ্যাষ্ট্রিক্ জুস্ অর্থাৎ আমাশয়িকরসের প্রধান উপাদান বলিয়া সচরাচর ব্যবহৃত হইয়া থাকে। ১৫—২০ মিনিম ডাইলিউট্ এসিড্, কোন তিক্ত উদ্ভিজ্জ ঔষধের সহিত (ইন্‌ফিউশন্ অব চিরেতা) আহারের পূর্ব্বে কিংবা পরে দিতে হয়। গর্ভাবস্থায় বুকজ্বালা এবং অল্প বমি হইলে ইহা, টিংচার্ অব্ নক্স্‌ভমিকা সহযোগে আহারের পূর্ব্বে ব্যবস্থা করা বিধেয়।

টাইফয়েড্ জ্বরে হাইড্রোক্লোরিক্ এসিড্ অন্যান্য ধাতব অম্ল অপেক্ষা বিশেষ উপকারী। টাইফয়েড্ ফিবার যখন রিমিটেণ্ট্ (সপর্য্যায়) আকার ধারণ করে তখন কুইনাইন সহযোগে ৩।৪ ঘণ্টা অন্তর ব্যবহার করিলে বিশেষ উপকার দর্শে। ডাইলিউট্ এসিড্ ২০ ফোঁটা এক আউন্স জলে মিশ্রিত করিয়া টাইফস্ জ্বরের পিপাসা নিবারণার্থ প্রয়োগ করিলে অতি উৎকৃষ্ট ফল পাওয়া যায়। শিশুদের কণ্টিনিউট্ ফিবারে (অবিরামজ্বরে) ইহা উত্তম ফল প্রদর্শন করিয়া থাকে।

ডিপ্থিরিয়া রোগে কণ্ঠনালীতে কৃত্রিমঝিল্লি দৃষ্ট হইলে তথায় সমপরিমাণে ষ্ট্রং হাইড্রোক্লোরিক্ এসিড্ মধু সহযোগে ব্যবহার্য্য। ডাং স্কোয়ার বলেন যে, অধিক আরক্তিমতা ও বেদনা থাকিলে একভাগ এসিড্ ও পাঁচ ভাগজল একত্র মিশ্রিত করিয়া আক্রান্ত স্থানে প্রয়োগ করিলে স্থানিক অসুখ নিবারিত হয় ও কৃত্রিম-ঝিল্লি উৎপন্ন হইতে পারে না।

স্কার্লেট্ ফিবারের সহিত কণ্ঠনালীতে ক্ষত বর্ত্তমান থাকিলে উপরোক্ত প্রকারে অর্থাৎ সমপরিমাণে হাইড্রোক্লোরিক এসিড্ মধুসহযোগে ৩ দিবস অন্তর প্রয়োগ করিলে উপকার দর্শে। সেই সময়ে ক্লোরেট্ অব্ পটাশ্ কুলি স্বরূপ মধ্যে মধ্যে ব্যবহার করিতে হয়।

অক্জেলিউরিয়া রোগে ডিস্পেপ্সিয়া ও মানসিক নিস্তেজতা বর্ত্তমান থাকিলে ইহাদ্বারা উপকার লাভ করা যায়। প্রস্রাবে ফস্ফেটিক্-ডিপজিট হইয়া ক্ষারাক্ত হইলে ইহা ব্যবহার্য্য। কখন কখন হাইড্রোক্লোরিক্ এসিড্ ২ ফোঁটা ৪ আউন্স জলের সহিত মিশ্রিত করিয়া মূত্রাশয়ে পিচকারী স্বরূপ ব্যবহৃত হয়।

ল্যাটিন	ইংরেজী
এসিডাম্ নাইট্রিকাম্।	নাইট্রিক্ এসিড্।
Acidum Nitricum.	Nitric Acid.

প্রয়োগরূপ—

এসিডাম্ নাইট্রিকাম্ ডাইলিউটাম।	ডাইলিউট্ নাইট্রিক্ এসিড।
Acidum Nitricum Dilutum.	Dilute Nitric Acid.

মাত্রা ১০—৩০ মিনিম।

ক্রিয়া—ষ্ট্রং নাইট্রিক্ এসিড্, প্রবল কষ্টিক্ এবং এস্ক্যারোটিক্। চর্ম্মে লাগাইলে পীতবর্ণ দাগপড়ে। ডাইলিউট্ নাইট্রিক্ এসিড্ ১০—২০ মিনিম মাত্রায় ক্ষারনাশক, পরিবর্ত্তক, বলকারক ও শৈত্যকারক। অধিক দিন সেবন করিলে ইহাতে সেলিভেশন্ হয় (মুখ আসে)। অন্যান্য এসিড্ অপেক্ষা ইহার সাক্ষাৎ ক্রিয়া যকৃতের উপরেই বেশী দেখা যায়; কিন্তু ইহা সাল্ফিউরিক্ এসিড্ অপেক্ষা শীঘ্র আমাশয়ে অগ্রাহ্য হইয়া থাকে।

অধিকদিন পারদ সেবনের পর ইহা ব্যবহার করিলে উত্তম পরিবর্ত্তক ও বলকারকের ন্যায় কার্য্য করিয়া থাকে।

আময়িক প্রয়োগ—প্রস্রাব ক্ষারাক্ত এবং তাহাতে ফস্ফেটিক্-ডিপজিট থাকিলে সাদরে ব্যবহৃত হইয়া থাকে। ক্রনিক্ সিষ্টাইটিস্ (মূত্রাশয়ের পুরাতন প্রদাহ) রোগে ইহার উইক্ সলিউশন্ দ্বারা পিচকারী ব্যবহার করিলে উপকার দর্শে। ইন্টারন্যাল্ পাইল্স্ (আভ্যন্তরিক বলীতে) ষ্ট্রং নাইট্রিক্ এসিড্ বাহ্যিক প্রযোজ্য; বলী বহির্গত না হইলে স্পেকিউলাম্দ্বারা উহা লাগাইতে হয়। ডাং রিঙ্গার (Dr. Ringer) বলেন, ডাইলিউট্ নাইট্রিক্ এসিড ১½ ড্রাম ১০ আউন্স জলে লোশন্ প্রস্তুতপূর্ব্বক রক্তস্রাবিত অর্শে স্থানিক ব্যবহার করিলে রক্তস্রাব বন্ধ, স্ফীত ও প্রদাহিত অর্ব্বুদ (পাইল্স্) সঙ্কুচিত এবং বেদনা উপশমিত হইয়া থাকে। সিফিলিটিক্ওয়ার্টস্ (উপদংশজনিত আঁচিল) রোগ অন্য কোন সহজ উপায় দ্বারা আরোগ্য না হইলে, নাইট্রিক্ এসিড্ কষ্টিকস্বরূপ ব্যবহার করা যাইতে পারে। আঁচিল ছোট হইলে একবার মাত্র প্রয়োগ করিলেই শুষ্ক হইয়া পড়িয়া যায়; আর যদি বড় হয় তাহা হইলে কয়েকবার প্রয়োগ করা আবশ্যক।

ক্রানিক্ হিপেটাইটিস্ Chronic Hepatitis (যকৃতের পুরাতন প্রদাহ) রোগে, বিশেষতঃ রোগীবৃদ্ধ এবং অধিক পরিমাণ পারদ ব্যবহার করিয়া থাকিলে ইহা সারসা পেরিলা কিংবা ট্যারাক্সেকামের সহিত কিছু দিন ব্যবহার করিলে উপকার দর্শে। সেই সময় নাইট্রো হাইড্রোক্লোরিক্ এসিডদ্বারা ফোমেণ্টেশন্ ব্যবহার করা যাইতে পারে। স্প্লিনের পুরাতন ব্যাধিতে উপরোক্ত চিকিৎসা দ্বারা ফল পাওয়া যায়। ডাং মার্চিশন্ (Dr. Murchison)

ওয়েক্সি লিভার্ বা যকৃতের এক প্রকার অপকৃষ্টতাতে, নাইট্রিক্ এসিড্ জেন্সিয়েন্ এবং কুইনাইন্ সহযোগে ব্যবহার করিয়া বিশেষ ফললাভ করিয়াছেন।

ডাং টৌয়াইনিং, ক্রনিক্ ডায়েরিয়া রোগে ডায়লিউট্ নাইট্রিক্ এসিড্ ১০—১৫ মিনিম্, এবং লডেনম্ ১৫—২০ মিনিম্ কোন বিটার্ ভেজিটেবল্ ইন্‌ফিউশন্ সহযোগে ব্যবহার করিয়া উত্তম ফল প্রাপ্ত হইয়াছেন। যক্ষাকাসি-গ্রস্ত রোগীর উদরাময় বর্ত্তমানে ডাং বার্লো নিম্নলিখিত ব্যবস্থাপত্র প্রদান করিতে অনুমোদন করেন।

℞	Acid Nitric dil	m xii
	Tinct opii	mv—x
	Syrup	ʒi
	Aqua Cinnam ad	℥x

M. ft. S. to be taken every 4 or 6 hours.

কার্ডিয়্যাল্‌জিয়া (বুকজ্বালা) রোগে কোন ক্ষার ঔষধ দ্বারা উপকার না হইলে ডাইলিউট্ এসিড্ ৫ মিনিম্ মাত্রায় প্রতি ৪ ঘণ্টা অন্তর ব্যবহার করিলে সচরাচর আরোগ্য হইয়া থাকে।

হস্‌পিট্যাল্-গ্যাংগ্রিণ্ এবং ফ্যাজিডেনিক্ আলসারেশনে (ক্ষয়কারী ক্ষতে) ষ্ট্রং নাইট্রিক্ এসিড্ বাহ্যিক প্রয়োগ করিলে উপকার দর্শে। ক্ষতকে পরিষ্কার ও শুষ্ক করণান্তর উহার চারিদিকে গাঢ়াকারে মম বা চর্ব্বি প্রয়োগ করিবে, নতুবা চতুষ্পার্শ্বস্থ চর্ম্ম এসিড্ দ্বারা নষ্ট হইয়া যায়। তদনন্তর নেকড়া বা লিণ্টের তুলি দ্বারা ক্ষতের প্রত্যেক অংশে উক্ত এসিড্, যে পর্য্যন্ত ক্ষত দৃঢ় ও শুষ্ক না হয় সেই পর্য্যন্ত উক্ত প্রকারে প্রয়োগ করিবে, পরে কার্ব্বলিক্ এসিড্ দ্বারা ড্রেস্ করিবে; তদনন্তর এস্কার (বিগলন) পৃথক হইয়া গেলে; এণ্টিসেপ্‌টিক্ ড্রেসিং ব্যবস্থা করিবে। সেই সময়ে রোগীর স্বাস্থ্যোন্নতির জন্য চিকিৎসা করিবে। স্লাফিং আলসারে ডাইলিউট নাইট্রিক্ এসিড (৫০—৬০ মিনিম, ১ পাইণ্ট জলে) লোশন আকারে ব্যবহার করা যাইতে পারে।

ক্যাংক্রাম অরিস্ (Cancrum oris) অত্যন্ত খারাপ রকমের হইলে ষ্ট্রং নাইট্রিক এসিড্, আক্রান্ত স্থানে বাহ্যিক প্রয়োগ করিলে উত্তম ফল দর্শে। উক্ত চিকিৎসা সময়ে কুইনাইন ইত্যাদি বলকারক ঔষধ ও পুষ্টিকর পথ্য ব্যবস্থা করা বিধেয়।

লেপ্রা, ইম্‌পেটাইগো ইত্যাদি পুরাতন চর্ম্মরোগে সার্‌সা-পেরিলা বা হেমি ডেস্‌মিস্ (অনন্তমূল) সহযোগে ব্যবহার করিলে বিশেষ উপকার দর্শে।

আর্টিকেরিয়া (আমবাত) রোগে ১০ ফোঁটা ডাইলিউট্ নাইট্রিক এসিড্ জলের সহিত আহারের ১ ঘণ্টা পূর্ব্বে সেবন করিলে প্রায়ই ভাল হয়।

ল্যাটিন	ইংরেজী
এসিডাম্ নাইট্রো-হাইড্রো ক্লোরিকাম্ ডাইলিউটাম্।	ডাইলিউট্ নাইট্রো-হাইড্রো ক্লোরিক্ এসিড্।
Acidum Nitro-Hydrochloricum Dilutum.	Dilute Nitro-Hydrochloric Acid.

ইহাকে নাইট্রো-মিউরিএটিক এসিড্ ও বলে। মাত্রা—৫—২০ মিনিম।

ক্রিয়া— ৫—১০ মিনিম মাত্রায় বলকারক, পরিবর্ত্তক, পিত্তনিঃসারক, ও ক্ষারনাশক। ইহা কখন কখন বাপ্‌স্বরূপ বাহ্যিক ব্যবহৃত হইয়া থাকে।

আময়িক প্রয়োগ—যকৃতের নানাবিধ ব্যাধিতে (তরুণ প্রদাহের বর্দ্ধিতাবস্থায়, পুরাতন প্রদাহে ও উহার রক্তাধিক্যে) ইহা বাহ্যিক ও আভ্যন্তরিক ব্যবহৃত হইয়া থাকে। কিন্তু আভ্যন্তরিক ব্যবহারে ক্লোরাইড্ অব্ এমোনিয়াম্ ইহা অপেক্ষা উৎকৃষ্ট। জন্‌ডিস্ (কামল) রোগে অনেকে ইহার প্রশংসা করেন, এই রোগে প্রদাহ লক্ষণ বর্ত্তমান থাকিলে অব্যবহার্য্য। ডিসেণ্ট্রির সহিত যকৃতের পীড়া বর্ত্তমান থাকিলে, ইহার লোশন্ পেটে লাগাইলে উপকার দর্শে।

প্রস্রাবে অক্‌জেলেট্ অব্ লাইম্ বর্ত্তমান থাকিলে (Oxaluria) কিছুদিন ইহা ব্যবহারে ফল লাভ হইয়া থাকে।

ক্রনিক্ ব্রঙ্কাইটিস্ রোগে ইহার লোশন্ বক্ষঃস্থলে স্পঞ্জদ্বারা লাগাইলে প্রচুর শ্লেষ্মা দমন এবং লক্ষণ সকল উপশমিত হইয়া থাকে।

গ্যাংগ্রিণ্ অব্ দি লাংস্ (ফুস্‌ফুসের বিগলন) রোগে সিন্‌কোনা সহযোগে ইহা প্রয়োগ করিলে উত্তম ফল পাওয়া যায়। ইহা বলকারক ও আগ্নেয় বলিয়া ডিস্‌পেপ্‌সিয়া রোগে ও ব্যবহৃত হয়। প্রস্রাবে ফস্‌ফেটিক্-ডিপজিট্ হইলে ইহা সেবনে উপকার দর্শে। পরিবর্ত্তক বলিয়া সিফিলিটিক্ ক্যাকেক্-শিয়াতেও ব্যবহৃত হয়।

ল্যাটিন	বাঙ্গালা	ইংরেজী
এলিউমেন্।	ফিট্‌কারী।	এলাম্।
Alumen.		Alum.

মাত্রা—ধারক ১০—২০ গ্রেণ। বিরেচক—৩০—৬০ গ্রেণ।

প্রযোগরূপ—

এলিউমেন্ এক্সিকেটাম্।	ড্রায়েড্ এলাম্।
Alumen Exsicatum.	Dried Alum.
গ্লিশিরিনাম্ এলিউমিনিস্।	গ্লিশিরিন্ অব্ এলাম্।
Glycerinum Aluminis.	Glycerine of Alum.

ক্রিয়া—এলাম্ বাহ্যিক কি আভ্যন্তরিক যে প্রকারে প্রযুক্ত হউকনা কেন, সকল অবস্থাতেই ইহা সঙ্কোচক ও রক্তরোধক। ড্রায়েড্ এলাম্ মৃদু দাহক বলিয়া কেবল বাহ্যিক ব্যবহৃত হয়। এলাম্ জিলাটিনাস ও এলবিউমিনাস্ নামক বিধানোপাদানের উপর রাসায়নিক ক্রিয়া প্রকাশপূর্ব্বক স্থানিক ক্রিয়া প্রদর্শন করে। ডাঃ পেরেরা (Dr Periera) বলেন যে, এলাম্ শরীরে শোষিত হইবার পর সঙ্কোচন-ক্রিয়া প্রকাশ পূর্ব্বক শরীরের টিসুদিগকে সঙ্কোচিত এবং নিঃস্রাবণের ন্যূনতা করে। ইহার সঙ্কোচক ক্রিয়া প্রধানতঃ শ্লৈষ্মিকঝিল্লির উপর প্রকাশ পায়। ইহা কোন কোন শিথিল বা রক্ত স্রাবিত স্থানে প্রয়োগ করিলে তৎস্থানীয় বিধান ও তাহাদিগের কৈশিকনাড়ী সমূহ সঙ্কোচিত করিয়া স্রাবণবন্ধপূর্ব্বক সঙ্কোচকক্রিয়া প্রকাশ করে। এক ড্রাম কি ততোধিক মাত্রায় ইহা বমনকারক ঔষধস্বরূপ ব্যবহৃত হয়। কিন্তু অন্যান্য পরিজ্ঞাত বমনকারক ঔষধাপেক্ষা ইহা সুবিধাজনক নয়। আভ্যন্তরিক প্রয়োগে ইহার চূর্ণ, মধু কিংবা গুড়ের সঙ্গে ইলেক্‌চুয়ারি (লেহন) স্বরূপ ব্যবহার করা যায়; ক্রিম অব্ টার্টারের সহিত দিলে কোষ্ঠ-বদ্ধ বারণ করে।

আময়িকপ্রয়োগ—পুরাতন চর্ম্মরোগে প্রচুর পরিমাণে স্রাব হইলে ইহার সলিউশনে (১ ড্রাম এলাম, ৮ আউন্স জল) কথন কথন বন্ধ হয়। অর্শ, দন্তমাড়ি, জলৌকাদংশন, অল্প কাটা ইত্যাদি স্থান হইতে অল্প পরিমাণ রক্তস্রাব হইলে শুষ্ক-এলাম পাউডার্ অথবা ইহার ষ্ট্রং সলিউশন্ ব্যবহারে

উপকার দর্শে। এপিস্‌ট্যাক্‌সিস্‌ (নাক হইতে রক্তস্রাব) রোগে ইহার পিচকারী ব্যবহারে অথবা নস্য গ্রহণে রক্তস্রাব বন্ধ হইয়া থাকে। অল্প-বয়স্কা বালিকাদের যোনী প্রদাহে (Vulvitis) ৬০ গ্রেণ এলাম্‌, ১ পাইণ্ট জলে মিশ্রিত করিয়া পিচকারীদ্বারা প্রয়োগ করিলে উপকার লাভ হয়; অন্য কোন ঔষধ প্রয়োগে তদ্রূপ ফল পাওয়া যায় না; তদনন্তর গরমজলদ্বারা আক্রান্ত স্থান ধৌতপূর্ব্বক এক খণ্ড লিণ্ট্‌ উক্ত লোশনে আর্দ্র করিয়া লাগাইতে হইবে।

পুরাতন কর্ণ-স্রাব রোগে (ক্রনিক্‌ অটোরিয়া) উল্লিখিত সলিউশনের পিচকারী ব্যবহার্য্য। কিন্তু ইহা গ্লিশিরিণ অব্‌ ট্যানিক্‌ এসিডের ন্যায় তত ফলদায়ক নহে। অপথ্যাল্‌মিয়া (চক্ষুউঠা) রোগে, বিশেষতঃ শিশুদের পিউ-রিউলেণ্ট্‌ অপথ্যাল্‌মিয়াতে ইহার সলিউশন্‌ দ্বারা (৮ গ্রেণ, ১ আউন্স জলে) ১৫ মিনিট অন্তর চক্ষু ধৌত করিলে উপকার দর্শে; এইরূপে যত অধিকবার ব্যবহার করা যায় ততই ফল পাওয়া যায়।

আল্‌সারেটিভ-ষ্টমেটাইটিস্‌ প্রভৃতি মুখের ক্ষতরোগে দিবসে অঙ্গুলি দ্বারা অনেকবার শুষ্ক ফিট্‌কারী লাগাইলে অল্প দিনে আরোগ্য হয়। কথিত আছে যে হাপানিকাসি রোগে ১০ গ্রেণ এলাম্‌ পাউডার্‌ জিহ্বার উপর প্রয়োগ করিলে কখন কখন উহার আক্রমণ নিবারিত হইয়া থাকে। কণ্ঠ-নালীর পুরাতন প্রদাহে যখন শ্লৈষ্মিকঝিল্লি শিথিল এবং পূয ও ধূসরবর্ণ শ্লেষ্মা দ্বারা আবৃত থাকে, তখন ইহা দ্বারা কুলি করিলে উপকার দর্শে; কিন্তু গ্লিশিরিন্‌ অব্‌ ট্যানিন প্রয়োগে আরও বিশেষ উপকার লাভ হয়। ক্রনিক্‌ ওজিনা Chronic ozœna (পিনাস) রোগে এক ড্রাম এলাম্‌, ১পাইণ্ট জলে দ্রব করতঃ ইরিগেটিং-টিউব দ্বারা প্রয়োগ করিলে সহজে উপকার লাভ করা যায়। রোগীর মস্তকের ১ ফুট্‌ উপরে একটী পাত্রেতে উপরোক্ত এলাম্‌ লোশন্‌ রাখিয়া তাহাতে স্থিতিস্থাপক নলের (ইলেষ্টিক্‌ টিউবের) এক প্রান্ত সংলগ্ন করিবে এবং উক্ত নলের অপর-প্রান্ত রোগীর একটী নাসারন্ধ্রে প্রবেশ করাইবে; এই প্রণালীতে নল স্থাপনের পূর্ব্বে প্রথমেই মুখ দ্বারা লোশন আক-র্ষণ করিতে হইবে। নাসারন্ধ্রের উপরিভাগ এরূপভাবে চাপিয়া রাখিতে হইবে যেন উহা স্থানচ্যুত না হয়; পরে মস্তক অবনত পূর্ব্বক হাঁ করিয়া থাকিতে হইবে; ইহাতে ঐ লোশন্‌ সেপ্টমের (নাকেরপরদার পশ্চাৎ ভাগ দিয়া

অপর নাসারন্ধ্র হইতে বহির্গত হইয়া যায়। ইহাতে যদিও রোগ আরোগ্য না হয় তথাপি স্রাব বন্ধ এবং দুর্গন্ধ দূরীভূত হইয়া থাকে। পুরাতন কাসি এবং স্বরভঙ্গ রোগে ১০ গ্রেণ এলাম, ১ আউন্স জলে দ্রব করতঃ স্প্রে-যন্ত্র দ্বারা ব্যবহৃত হয়। আমাশয় হইতে রক্তস্রাব হইলে ইহা প্রয়োগে রক্ত বন্ধ হয়, কিন্তু ইহা অন্যান্য সঙ্কোচক ঔষধ অপেক্ষা অধিক ফলদায়ক নয়। থাইসিস্ রোগগ্রস্ত ব্যক্তিদের কাসিবার সময় বমন হইলে ৬—১০ গ্রেণ মাত্রায় এলাম্ ব্যবহারে কখন কখন বন্ধ হইয়া থাকে। ডাং মিগ্স্ (Dr. Meigs) শিশুদের ক্রুপ্‌রোগে ইহা উত্তম বমনকারক ঔষধ মনে করেন। তিনি ১ ড্রাম মাত্রায় এলাম্, মধু কিংবা সিরাপের সহিত ১০।১৫ মিনিট অন্তর বমন না হওয়া পর্য্যন্ত প্রয়োগ করিতে বলেন, কিন্তু সচরাচর ১ মাত্রা ঔষধপ্রয়োগেই বমন হইয়া থাকে। তিনি আরও বলেন যে, এণ্টিমনি কিংবা ইপিকাকিউয়েনার ন্যায় ইহাতে রোগী তত দুর্ব্বল হয় না ; কিন্তু ডাং রিঙ্গার (Dr. Ringer) মিগ্সের এইমত বিশ্বাস করেন না।

এলাম্, কখন কখন তরুণ ও পুরাতন উদরাময়, এবং টাইফয়েড্‌জ্বরগ্রস্ত রোগীদের উদরাময় রোগেও সঙ্কোচন ক্রিয়া প্রদর্শন পূর্ব্বক উপকার দর্শায়।

ইহা অনেক দিন সেবন করিলে প্রথমে ক্ষুধামান্দ্য, কোষ্ঠবদ্ধ অবশেষে অন্ত্র ও আমাশয়ের পুরাতন ক্যাটার্ (সর্দ্দি) জন্মে। অধিক মাত্রায় সেবন করিলে গ্যাষ্ট্রো-এণ্টেরাইটিস্ রোগ উৎপন্ন হওয়ার সম্ভাবনা।

হুপিংকফের তরুণ অবস্থা বিগত হইলে যখন জ্বর কিংবা ফুস্‌ফুসের প্রদাহ অথবা দন্তের কোনরূপ উত্তেজনা না থাকে, তখন এলাম্ উৎকৃষ্ট ঔষধরূপে পরিগণিত। হুপিংকফের সহিত সচরাচর যে কষ্টকর বমনের বিদ্যমানতা দৃষ্ট হয় তাহাও এলাম সেবনে নিবারিত হইয়া থাকে। ইহা গঁদ, মধু, গ্লিসরিন্ প্রভৃতি আঁঠালে ঔষধ সহযোগে প্রয়োগ করিলে আক্রান্তস্থানে লাগিয়া থাকে। কণ্ঠনালীতে ট্যানিনাদি সঙ্কোচক ঔষধ স্থানিক প্রয়োগ করিলে উপকার হয় ; এতদ্দ্বারা অনুমিত হয় যে এলাম্ কণ্ঠনালীর উপর সঙ্কোচক গুণ প্রকাশ পূর্ব্বক হুপিংকফ উপশমিত করিয়া থাকে।

এলাম্ উদরস্থ হইলে উহার কতকাংশ রক্তে শোষিত ও অবশিষ্টাংশ মলসহ বহির্গত হয়, ইহাতে মল গাঢ় ও দুর্গন্ধহীন হইয়া থাকে। ডাং অষ্টিন্

(Dr. Justin) বলেন যে, পুরাতন কোষ্টবদ্ধে, ১২ গ্রেণ এলাম, ১ গ্রেণ বিস্‌মাথ, অল্প পরিমাণ এক্‌ষ্ট্রাক্ট্ অবজেন্‌সিয়ানের সহিত মিশ্রিত করতঃ বটিকাকারে প্রাতে এবং রাত্রিতে ব্যবহার করিলে উপকার দর্শে।

টায়েলিজম্ (Ptyalism) এবং মাড়ির ক্ষত কিংবা উহা স্পঞ্জীভূত হইলে, এবং কণ্ঠনালীর ক্ষত ও শৈথিল্যাবস্থায়, ৬০ গ্রেণ এলাম্, ২ আউন্স টিংচার্ অব্ মার্, ১২ আউন্স জল কিংবা ডিককৃশন্ অব্ সিন্‌কোনার সহিত মধু সংযোগে সুমিষ্ট লোশন্ প্রস্তুতপূর্ব্বক দিবসে কয়েকবার কুলি করিলে উপকার হইয়া থাকে। ডাঃ মরেল্ ম্যাকেঞ্জি (Dr. Morell Makenzie) বলেন যে, টন্সিল্ বর্দ্ধিত হইলে এলামচূর্ণ ফেরিঞ্জিয়েল্-স্প্যাচুলাদ্বারা প্রয়োগকরিলে উপকার দর্শে। সঙ্কোচক গুণ আছে বলিয়া গণোরিয়া, গ্লিট্, এবং লিউকোরিয়া রোগে ইহার লোশন্ (২ গ্রেণ, ৪ আউন্সজলে) টানিন সংযোগে পিচকারীদ্বারা ব্যবহার করিলে উপকার হইয়াথাকে। নানাপ্রকার আভ্যন্তরিক রক্তস্রাবে ইহা ব্যবহারে উপকার দর্শিয়া থাকে।

লাাটিন্।	ইংরেজী।
Zinci Oxidum.	Oxide of Zinc.
জিন্সাই অক্সাইডাম্।	অক্সাইড্ অব্ জিঙ্ক্।

মাত্রা—২—১০ গ্রেণ, পিল অথবা পাউডার আকারে দিবে।

প্রয়োগরূপ—

অঙ্গুয়েণ্টাম্ জিন্সাই।	অয়েণ্ট্‌মেণ্ট্ অব্ জিঙ্ক্।
Unguentum Zinci.	Ointment of Zinc.

ক্রিয়া—বলকারক, আক্ষেপনিবারক ও সঙ্কোচক। ইহা অধিক মাত্রায় সেবন করিলে বমন ও কখন কখন ভেদ হয়, কিন্তু ভেদ ও বমনোৎপাদন জন্য ক্বচিৎ ব্যবহৃত হয়। অল্প মাত্রায় ব্যবহারে ইহা শরীরে শোষিত হইয়া টনিক্ এবং এষ্ট্রিঞ্জেণ্টের ন্যায় ক্রিয়া প্রকাশকরে। মস্তিষ্ক-মণ্ডলের উপর প্রধানতঃ ইহার বলকারক ক্রিয়া প্রকাশ পায় বলিয়া কোরিয়া (Chorea), এপিলেপ্‌সি (Epilepsy), হিষ্টিরিয়া (Hysteria), নিউর‍্যালজিয়া (Neuralgia) এবং হুপিংকফ (Hooping Cough) ইত্যাদি রোগে ব্যবহৃত হইয়া থাকে। ইহার সঙ্কোচকক্রিয়া আছে বলিয়া (Colliquative diarrhœa

and profuse sweating) ক্ষয়কারী উদরাময় এবং অপর্য্যাপ্ত ঘর্ম্ম বন্ধ করিবার জন্য ব্যবহার হয়। ইহাদ্বারা বিবমিষা জন্মে বলিয়া শূন্যোদরে ব্যবহার করা উচিত নয়। ইহা বাহ্যিক সচরাচর মলম আকারে এক্স্‌-কোরিয়েশন্ বা চর্ম্মবিদারণ, নানাপ্রকার চর্ম্ম রোগে এবং সামান্য ক্ষতে এষ্ট্রীঞ্জেণ্ট্ এবং ডেসিকেণ্ট্ স্বরূপে ব্যবহৃত হইয়া থাকে।

আময়িকপ্রয়োগ—এপিলেপ্‌সি Epilepsy (মৃগী) রোগে কেহ কেহ ইহাকে উৎকৃষ্ট ঔষধ মনে করেন। স্প্যাজ্‌মডিক্ এজ্‌মা (Spasmodic Asthma) রোগে, ইহার ২ গ্রেণ অথবা তদোর্দ্ধিক মাত্রায় দিবসে ২। ৩ বার ব্যবহার করিলে উপকার দর্শে।

শিশুদিগের বয়ক্রমানুসারে হুপিংকফে (Hooping Cough) ১—৩ গ্রেণ মাত্রায় সমপরিমাণ এক্‌ষ্ট্রাক্ট্ অব্ হেম্‌লক্ অথবা বেলেডোনা সহযোগে ব্যবহার করিলে উপকার হইয়া থাকে।

ক্রনিক্ য়্যাল্‌কোহলিক্-ইন্‌টক্সিকেশন্ রোগে (সুরাজনিত পুরাতন বিষাক্তাবস্থায়) অক্সাইড্ অব্ জিঙ্ক্ একটি মহৌষধ। রোগীকে সুরাপান পরিত্যাগ করিতেহইবে এবং প্রত্যহ আহারের এক ঘণ্টা পর অক্সাইড্ অব্ জিঙ্ক্ ২ গ্রেণ মাত্রায় পাউডার আকারে দিবসে ২ বার সেবন করিতে দিবে।

গণোরিয়া (Gonorrhœa) এবং লিউকোরিয়া (Leucorrhœa) রোগে ইহার সলিউশন্ (অর্দ্ধ আউন্স, ২ পাইণ্ট জলে) ইন্‌জেকশন্ করিলে উপকার হয়। স্পার্ম্মেটোরিয়া (Spermatorrhœa) রোগে অক্সাইড্ অব্ জিঙ্ক্ সেবন ব্যবস্থেয় এবং শয়নকালে ক্যাম্ফার্ ও কোনিয়াম্ সহযোগে ব্যবস্থা করিলে অধিক উপকার হইয়া থাকে।

থাইসিসের প্রথমাবস্থাতে অক্সাইড্ অব্ জিঙ্ক্ ব্যবহার করিলে, ইহা মস্তিষ্ক মণ্ডলের উপর অবসাদকের ন্যায় কার্য্য করে; এবং উক্ত রোগের শেষাবস্থায় ব্যবহার করিলে অপর্য্যাপ্ত ঘর্ম্ম ও দুর্ব্বলতাকারক উদরাময় নিবারিত হয়। ৫—১০ গ্রেণ মাত্রায় বটিকা আকারে এক্‌ষ্ট্রাক্ট্ অব্ হেন্‌বেন্ সহযোগে রাত্রে শয়ন কালে ব্যবহার করিতে হয়।

সোর্ এবং ফিসার্ড-নিপোলস্ (স্ত্রীলোকদিগের স্তনের বোঁটার ক্ষত এবং বিদারণ) হইলে অক্সাইড্ অব্ জিঙ্ক্ ১ ভাগ এবং গাম্-একেসিয়া ২ ভাগ

একত্র মিশ্রিত করিয়া চূর্ণাকারে স্থানিক প্রয়োগ করিলে উপকার দর্শে। এক্‌জিমা, Eczema এম্‌পেটাইগো (Impetigo), এক্‌থিমা (Ecthyma)। সোরাএসিস্ (Psoriasis) ইত্যাদি চর্ম্ম রোগে গ্লিশিরিন্ অব্ অক্সাইড্ অব্ জিঙ্ক্ কিম্বা ইহার মলম মহৌষধ। ইংরেজী টীকার উত্তেজনা হইলে আক্রান্ত স্থানে ইহার অয়েন্ট্‌মেন্ট্ অথবা চূর্ণ প্রয়োগ করিলে উত্তেজনা উপশমিত হইয়া থাকে।

লাটিন	ইংরেজী
জিঙ্কাই কার্ব্বনাস্।	কার্ব্বনেট্ অব্ জিঙ্ক্।
Zinci Carbonas.	Carbonate of Zinc.

মাত্রা ১—১০ গ্রেণ, পিল অথবা পাউডার আকারে।

ক্রিয়া—ইহার গুণ অক্সাইড্ অব্ জিঙ্কেরন্যায়; কিন্তু কচিৎ আভ্যন্তরিক ব্যবহৃত হয়। ইহা প্রধানতঃ পাউডার অথবা অয়েন্ট্‌মেন্ট্ আকারে (২ ড্রাম কার্ব্বনেট্ অব্ জিঙ্ক্ ও ১০ ড্রাম সিম্পোল্ অয়েন্ট্‌মেন্ট্) বাহ্যিক ব্যবহার করা যায়।

দেশীয় কার্ব্বনেট্ অব্ জিঙ্ক্‌কে ক্যালামিনা প্রিপারেটা (Calamina-Præparata) বলে। ইহা কেবল মলম আকারে (ক্যালামাইন্ ১ ভাগ, বেঞ্জোয়েটেড্ লার্‌ড্ ৫ ভাগ) ব্যবহৃত হয়।

আময়িক প্রয়োগ—বারন্‌স্ Burns (পোড়া), স্কলড্‌স্ Scalds (ঝলসান), এক্স্‌কোরিয়েশন্ Excoriation (চর্ম্মদারণ), বেড্‌সোরস্ Bed-sores (শয্যাক্ষত) ইত্যাদি রোগে উপরোক্ত অয়েন্ট্‌মেন্ট্ অতি উৎকৃষ্ট। ইহা লিণ্টের উপর মাখিয়া আক্রান্ত স্থানে দিবসে ২।৩ বার প্রয়োগ করিতে হয়। দুর্ব্বল এবং নিস্তেজ ক্ষতে ইহা ব্যবহার করিলে উপকার দর্শে। ডাং বেনেট্ স্মলপক্সে Small-pox (বসন্ত রোগে) মুখে দাগ না হওয়ার জন্য কার্ব্বনেট্ অব্ জিঙ্ক্ ৩ আউন্স, অক্সাইড্ অব্ জিঙ্ক্ ১ আউন্স এবং অলিভ্ অয়েল্ যথেষ্ট পরিমাণ মিশ্রিত করিয়া মলম প্রস্তুত করতঃ আক্রান্ত স্থানে প্রয়োগ করিতে উপদেশ দেন।

নানাপ্রকার চর্ম্মরোগে ক্যালামাইন্ লোশন্ অথবা অয়েন্ট্‌মেন্ট্ উপকারী। এক্‌জিমা (Eczema) রোগে অধিক রস ঝরিতে থাকিলে

ইহার লোশন্ দ্বারা উপকার দর্শে। ইন্টারট্রাইগো (Intertrigo) প্রভৃতি চর্ম্ম রোগে আক্রান্ত স্থানে ইহার পাউডার ব্যবহার্য্য।

ল্যাটিন	ইংরেজী
জিঙ্কাই এসিটাস্।	এসিটেট্ অব্ জিঙ্ক্।
Zinci Acetas.	Acetate of Zinc.
মাত্রা—১—২ গ্রেণ, বলকারক ;	১০—২০ গ্রেণ, বমনকারক।

ক্রিয়া—সঙ্কোচক, এজন্য প্রধানতঃ কলিরিয়া Collyria (চক্ষুপ্রক্ষালন ঔষধ) এবং ইন্জেক্‌শন রূপে ব্যবহৃত হয়। ইহার ক্রিয়া সাল্‌ফেট্ অব্ জিঙ্কের ন্যায়, ইহা ১—২ গ্রেণ মাত্রায় আভ্যন্তরিক প্রয়োগে বলকারক এবং আক্ষেপ-নিবারক, ১০—২০ গ্রেণ মাত্রায় বমনকারক। কিন্তু ক্বচিৎ আভ্যন্তরিক ব্যবহৃত হইয়া থাকে।

আময়িক প্রয়োগ—গণোরিয়া (Gonorrhœa), গ্লিট্ (Gleet) এবং লিউকোরিয়া (Leucorrhœa) রোগে প্রদাহ না থাকিলে, সলিউশন্ অব্ এসিটেট্ অব্ জিঙ্ক্ (২—৪ গ্রেণ, ১ আউন্সে) উৎকৃষ্ট ইন্জেক্‌শন্ স্বরূপ ব্যবহার্য্য। ডাঃ সর্ এ্যাসলি কুপার বলেন যে, উপরোক্তরোগে সাল্‌ফেট্ অব্ জিঙ্ক্ ৮ গ্রেণ, লাইকর্ প্লাম্বাই সাব এসিটাস্ ½ ড্রাম, জল ৪ আউন্স একত্র মিশ্রিত পূর্ব্বক যে লোশন্ প্রস্তুত হয়, তদ্দ্বারা ইন্জেক্‌শন্ স্বরূপ ব্যবহার করিলে উপকার দর্শে। এই প্রণালীতে রাসায়নিক ক্রিয়াদ্বারা বিকৃত হইয়া এসিটেট্ অব্ জিঙ্ক্ প্রস্তুত হইয়া থাকে।

শিশুদের চক্ষু প্রদাহে (Ophthalmia) উক্ত লোশন্ রোগের উগ্রতা অনুসারে ডাইলিউটেড্ আকারে লাগাইলে বিশেষ উপকার দর্শে।

ল্যাটিন	ইংরেজী
জিঙ্কাই সালফাস্।	সাল্‌ফেট্ অব্ জিঙ্ক্।
Zinci Sulphas.	Sulphate of Zinc.

ইহাকে হোয়াইট ভিট্রিয়ল (White Vitriol) বলে।

মাত্রা—১—৩ গ্রেণ, পিল বা দ্রবাকারে বলকারক ও সঙ্কোচক ; ১০—৩০ গ্রেণ, বমনকারক।

১—১০ গ্রেণ সালফেট্ অব্ জিঙ্ক্, ১ আউন্স জলে দ্রব করতঃ বাহ্যিক ব্যবহৃত হয়।

ক্রিয়া—অল্প মাত্রায় স্নায়বীয়-বলকারক, সঙ্কোচক ও আক্ষেপনিবারক। ১০—২০ গ্রেণ মাত্রায় ইহা ব্যবহারে শীঘ্র বমন হয়, কিন্তু অবসন্নতা জন্মে না, তজ্জন্য কোন নার্কটিক্ সাব্‌ষ্ট্যান্‌সেস্ (মাদকঔষধ) দ্বারা বিষাক্ত হইলে, বমন করাইবার জন্য সাল্‌ফেট্ অব্ জিঙ্ক্ সচরাচর ব্যবহৃত হইয়া থাকে। অল্প মাত্রায় অধিকদিন বারংবার ব্যবহার করিলে, মস্তিষ্ক-মণ্ডলের উপর ক্রিয়া-প্রকাশপূর্ব্বক স্নায়ুমণ্ডলের বলবিধান করে; এজন্য ইহাকে নার্ভাইন্ টনিক্ বলে। তন্নিবন্ধন মস্তিষ্কমণ্ডল কিংবা স্নায়ুর ক্রিয়াবৈলক্ষণ্যজনিত আক্ষেপিক রোগে, ইহা ব্যবহারে বিশেষ উপকার দর্শে। অধিক মাত্রায় ইহা, ইরিট্যাণ্ট্-পয়জনের (উত্তেজক বিষের) ন্যায় ক্রিয়া করিয়া থাকে। বাহ্যিক ইহা এষ্ট্রিন্‌জেণ্ট্ এবং ষ্টিমিউল্যাণ্ট্ ক্রিয়া প্রকাশ করে।

আময়িকপ্রয়োগ—কোরিয়া Chorea (তাণ্ডব) রোগে ইহা অতি উৎকৃষ্ট ঔষধ, প্রথমতঃ রোগীর কোষ্ঠ পরিষ্কার করাইয়া প্রয়োগ করিতে হয়; দ্বাদশবর্ষবয়স্ক শিশুর জন্য ১ গ্রেণ মাত্রায় সালফেট্ অব্ জিঙ্ক্ ব্যবস্থেয়; এবং যে পর্য্যন্ত উহাদ্বারা বমন অথবা লক্ষণ সকল উপশমিত না হয়, সে পর্য্যন্ত প্রত্যহ ঔষধের মাত্রা ১ গ্রেণ করিয়া বৃদ্ধি করিবে। এপিলেপ্‌সি Epilepsy (মৃগীরোগে) ইহা দ্বারাও উপকার হয়, কিন্তু কোরিয়া রোগের ন্যায় ইহাতে সর্ব্বদা তত উপকার পাওয়াযায় না। দুর্ব্বলতা-জনিত হিষ্টিরিয়া (Hysteria) রোগে ১ গ্রেণ সালফেট্ অব্ জিঙ্ক্, এক্‌ষ্ট্রাক্ট্ অব্ জেনসিয়েন্ সহযোগে দিবসে ২।৩ বার প্রয়োগ করিলে, লৌহ ঘটিত ঔষধাপেক্ষা বিশেষ ফল পাওয়া যায়।

যক্ষ্মাকাসিতে রাত্রে ঘর্ম্ম হইলে সাল্‌ফেট্ অব্ জিঙ্ক্ ১ গ্রেণ, এক্‌ষ্ট্রাক্ট্ অব্ হায়োসায়েমাস্ ৪ গ্রেণ, বটিকাকারে শয়নকালে ব্যবহার করিলে বিশেষ উপকার হইয়া থাকে। ক্রনিক্ ব্রঙ্কাইটিস্ রোগে কাসি এবং শ্লেষ্মা নিবারণজন্য সাল্‌ফেট অব্ জিঙ্ক্ ১ গ্রেণ, এক্‌ষ্ট্রাক্ট্ অব্ কোনিয়াই ৪ গ্রেণ, পিল আকারে দিবসে ২।৩ বার ব্যবহার করিলে উপকার দর্শে। হার্টের ভ্যাল্‌ভের ব্যাধিতে (Mitral disease of the Heart) সাল্‌ফেট্ অব জিঙ্ক্ ১ গ্রেণ,

একষ্ট্রাক্ট্ লিউপিউলাই ৬ গ্রেণ একত্র মিশ্রিত করিয়া তদ্দ্বারা ৬টী বটিকা প্রস্তুতপূর্ব্বক দিবসে তিন বারে তিনটী বটিকা প্রয়োগ করিলে উপকার হয়।

প্যাল্পিটেশন্ অব্ হার্ট (হৃদকম্প) হইলে নিম্নলিখিত ব্যবস্থাপত্র অতি উপকারী।

℞

Zinci Sulph gri—iii
Camphoræ gri
Ext Hyoscym griii

M. ft. pili to be taken thrice daily.

শিশুদের মুখে গ্যাংগ্রিন্ (বিগলন) হইলে, সাল্ফেট্ অব্ জিঙ্ক্ ২০ গ্রেণ এবং মধু এক আউন্স একত্র মিশ্রিত করিয়া স্থানিক প্রয়োগ করিলে উত্তমফল লাভ করাযায়।

শিশুদের চক্ষু প্রদাহ হইলে, সাল্ফেট্ অব্ জিঙ্ক্ ১ গ্রেণ, ১।২ আউন্স জলে মিশ্রিতপূর্ব্বক লোশন্ প্রস্তুতকরিয়া, তাহার কয়েক ফোঁটা চক্ষুতে প্রয়োগ করিলে উপকার দর্শে। বয়স্কদিগের উক্ত রোগ হইলে, সাল্ফেট্ অব্ জিঙ্ক্ ১—৪ গ্রেণ, ১ আউন্স জলে মিশ্রিতকরিয়া ব্যবহার করিলে বিশেষ উপকার হইয়াথাকে।

গণোরিয়া রোগের তৃতীয়াবস্থায়, ইহার ইন্জেক্শন্ (১০ গ্রেণ, ৮ আং জলে) ব্যবহার্য্য, এবং তাহার সহিত লাইকর্ প্লাম্বাই ২—১ ড্রাম মিশ্রিত করিয়া ব্যবহার করিলে বিশেষ ফল পাওয়াযায়। লিউকোরিয়া (Leucorrhœa) এবং গ্লিট্ রোগেও সেইপ্রকার পিচকারীদ্বারা উপকার হইয়াথাকে।

কোন ক্ষতে যখন অত্যন্ত স্রাব থাকে এবং গ্রেণ্যুলেশন্ (মাংসাঙ্কুর) ভুব্বল হয়, তখন ইহার লোশন্ (১—৫ গ্রেণ, ১ আং জলে) উত্তেজকস্বরূপ ক্রিয়াকরিয়া উত্তমফল দর্শায়। কোন কোন পুরাতন চর্ম্মরোগেও ইহার লোশন্দ্বারা উপকার হইয়াথাকে।

ডাং হুল্লার্ বলেন, হুপিংকফ্রোগে সাল্ফেট অব্ জিঙ্ক্, বেলেডোনার সহিত ব্যবহার করিলে বিশেষ উপকার দর্শিয়া থাকে।

PHYSIOLOGICAL EFFECTS OF SALTS OF LEAD.

সীস ধাতু জনিত নানাবিধ লবণের সাধারণ ক্রিয়া।

এসম্বন্ধে ডাক্তার পেরেরার মত সংক্ষেপে বিবৃত হইতেছে।

অল্পমাত্রায় সীসকের লবণাদি, এলিমেণ্টারি-ক্যানালের (পরিপাকপ্রণালীর) উপর সঙ্কোচনক্রিয়া উৎপাদনপূর্ব্বক নিস্রাবণ রোধ এবং কোষ্টবদ্ধ করিয়া থাকে। সীসধাতু শরীরে আচোষিত হইলে ধমনী সমূহের অল্প আয়তন ও চাঞ্চল্যের ন্যূনতা, নাড়ী ক্ষুদ্রতর এবং ধীরতর হইয়া থাকে। শারীরিক উত্তাপ হ্রাস এবং স্বাভাবিক বা অস্বাভাবিক নিস্রাব দমন অথবা একবারে বন্ধ হয়, মিউকাস-মেম্ব্রেনের সিক্রিশন্ (স্রাবণ) কম বা একেবারে বন্ধ, চর্ম্মের নিস্রাবণ এবং প্রস্রাব ও ঘর্ম্মের পরিমাণ কম ইত্যাদি সার্ব্বাঙ্গিক ক্রিয়া প্রকাশ করে; সুতরাং মুখ ও কণ্ঠনালীর শুষ্কতা, মলের কাঠিন্য এবং শ্লেষ্মা ও ঘর্ম্ম কম হইয়া থাকে। সীসধাতুদ্বারা শরীর বিষাক্ত হইলে দন্তমাড়িতে বিশেষপ্রকার নীলবর্ণ দাগ দৃষ্ট হয় এবং মুখ-গহ্বরের মিউকাস্ মেম্ব্রেনে (শ্লৈষ্মিকপ্রদেশে) ও দন্তে উক্তবর্ণ পরিব্যাপ্ত হইয়াথাকে। কোন কোন সময় স্যালিভেশন্ (মুখ আসে) এবং লালা ঈষৎ নীলাভ হইতে দেখা যায়। সীসধাতুর কোন কোন লবন (এসিটেট্) অধিকমাত্রায় সেবন করিলে, তাহা উত্তেজক ও দাহক বিষের ন্যায় ক্রিয়া করিয়া গ্যাষ্ট্রো-এন্টেরাইটিস্ রোগের লক্ষণসমূহ প্রকাশ করে।

যাহারা, সীসধাতুর কারখানায় কার্য্যকরে, তাহারা সচরাচর রিষ্টড্রপ্ ইত্যাদি নানাপ্রকার পীড়াদ্বারা আক্রান্ত হয়, এইসকল পীড়াকে সাধারণতঃ প্লাম্বিজ্‌ম্ (Plumbism) বলে। সীসদ্বারা বিষাক্ত হইযা ফোর্ আরমের (অগ্রবাহুর) প্রসারক পেশীদিগের প্যারালিসিস্ (পক্ষাঘাত) হইলে, রিষ্টড্রপ্ (Wrist-drop) এবং অন্ত্রে গ্রাইপিং-পেইন্ (মোচরবৎ বেদনা) হইলে, কলিকা পিক্টোনাম্ ও দন্ত মাড়িতে নীলবর্ণ দাগ পড়িলে লেড লাইন্ (Lead-line) কহে।

লাটিন	ইংরেজী
প্লাম্বাই অক্সাইডাম্।	অক্সাইড্ অব্ লেড্।
Plumbi Oxidum.	Oxide of Lead.

ইহার অপর নাম লিথার্জ্ Litharge.

প্রয়োগরূপ—

এমপ্লাষ্ট্রাম্ প্লাম্বাই। — লেড প্লাষ্টার্।
Emplastrum Plumbi. — Lead Plaster.

ক্রিয়া—অক্সাইড্ অব্ লেড্ কখনই আভ্যন্তরিক ব্যবহৃত হয় না। ইহার প্লাষ্টার্ অধিকাংশ অন্যান্য প্লাষ্টার্ অপেক্ষা অল্পউত্তেজক ও সঙ্কোচক বলিয়া বাহ্যিক ব্যবহার করা যায়।

ল্যাটিন্। — ইংরেজী।

প্লাম্বাই কার্ব্বনাস্। — কার্ব্বনেট্ অব্ লেড্
Plumbi Carbonas. — Carbonate of Lead.

প্রয়োগরূপ—

আঙ্গুয়েণ্টাম্ প্লাম্বাই কার্ব্বনেটিস। — অয়েণ্ট্মেণ্ট্ অব্ কার্ব্বনেট অব্ লেড্।
Unguentum Plumbi Carbonatis. — Ointment of Carbonate of Lead

ইহা, আভ্যন্তরিক ঔষধার্থে ব্যবহৃত হয় না; বাহিক প্রয়োগ করিলে স্থানিক সঙ্কোচক ও অবসাদকের ন্যায় ক্রিয়া করে। ইহা স্বয়ং অথবা ষ্টার্চ (শ্বেতসার) সহযোগে পাউডার আকারে, আক্রান্তস্থানে প্রক্ষেপ অথবা মলমাকারে ব্যবহার করা যাইতে পারে।

ল্যাটিন্। — ইংরেজী।

প্লাম্বাই এসিট্যাস্। — এসিটেট্ অব্ লেড্।
Plumbi Acetas. — Acetate of Lead.

ইহার অপর নাম সুগার্ অব্ লেড Sugar of Lead.

মাত্রা—১—৪ গ্রেণ।

প্রয়োগরূপ—

পাইলিউলা প্লাম্বাই কাম ওপিও। — পিল্ অব্ লেড্ এণ্ড্ ওপিয়াম্।
Pilula Plumbi cum Opio. — *Pill of Lead and Opium.*

মাত্রা—৪—৮ গ্রেণ; ইহার ৮ গ্রেণে এক গ্রেণ ওপিয়ম্ আছে।

সাপোজিটোরিয়া প্লাম্বাই কম্পোজিটা। — কম্পাউণ্ড্ লেড্ সাপোজিটোরিজ্।
Suppositoria Plumbi Composita. — Compound Lead Suppositories.

প্রত্যেক সাপোজিটোরিতে ৩ গ্রেণ এসিটেট্ অব্ লেড্ এবং ১ গ্রেণ অহিফেণ আছে।

আঙ্গুয়েণ্টাম্ প্লাম্বাই এসিটেটিস্। অয়েণ্টমেণ্ট্ অব্ এসিটেট্ অব্ লেড্।
Unguentum Plumbi Acetatis. Ointment of Acetate of Lead.

OBSERVATION ON ITS USE.

ব্যবহার সম্বন্ধে মন্তব্য।

(১) এসিটেট্ অব্ লেড্, সেবনান্তে কার্ব্বনেট্ অব্ লেডে পরিণত হয় বলিয়া, কয়েক ফোঁটা ডাইলিউট্ এসিটিক্ এসিডের সহিত মিশ্রিতকরিয়া ব্যবহারকরা কর্ত্তব্য।

(২) ইহা বটিকাকারে ব্যবহার্য্য; সচরাচর ওপিয়ম্ সহযোগে ব্যবহার করা যায়; সাধারণ জল অনুপানস্বরূপ কখনও ব্যবহারকরা উচিত নহে।

(৩) প্রদাহের বিদ্যমানতাতে যে অল্প কয়েকটী সঙ্কোচকঔষধের ব্যবহার হয় তন্মধ্যে এসিটেট্ অব্ লেড্ও গণ্য। এরূপ অবস্থায় ওপিয়মের সহযোগে নিরাপদে ব্যবহার করা যাইতে পারে।

(৪) এসিড্ ইন্‌ফিউশন্ অব্ রোজেস্, সাল্‌ফিউরিক এসিড্, সকলপ্রকার সাল্‌ফেট্‌স্ (ম্যাগ্‌নেসিয়া ও এলাম্), ফস্‌ফেট্‌স্ ও কার্ব্বনেট্‌স্ ইত্যাদিদ্বারা এসিটেট্ অব লেডের ক্রিয়ার ব্যাঘাত জন্মায়, এজন্য এসিটেট্ অব্ লেড্ প্রয়োগকালে, উহাদের ব্যবহার নিষিদ্ধ।

(৫) ইহা ব্যবহার কালে দন্ত মাড়িতে ব্লু-লাইন্ (নীলদাগ), পেট্-কামরানি কিংবা পেটজ্বালা অথবা বক্ষে ভারবোধ হইলে ইহার প্রয়োগ বন্ধ করিবে।

(৬) করনিয়ার আল্‌সার্ বা ক্ষত বর্ত্তমান থাকিলে, ইহা ব্যবহারদ্বারা চক্ষে কার্ব্বনেট্ অব্ লেডের দাগপড়ে, সেইদাগ কখন ও লুপ্ত হয় না বলিয়া এসিটেট্ অব্ লেড্ কোন প্রকারে ব্যবহার নিষিদ্ধ।

ক্রিয়া—এসিটেট্ অব্ লেড্ অল্পমাত্রায় সঙ্কোচক এবং অবসাদক; এজন্য ইহা ব্যবহার করিলে অস্বাস্থ্যকর মিউকাস্-ডিশ্চার্য্য (শ্লেষ্মাস্রাব) এবং রক্তস্রাব, এমনকি স্বাভাবিক নিস্রাবণ ও বন্ধ হইয়া থাকে। ইহা ব্যবহারে পিপাসা, কোষ্টবদ্ধ এবং অন্ত্রে একপ্রকার শূলবেদনা, (Painters' or Lead-

colic) জন্মে, এবং দন্তমাঢ়িতে বিশেষপ্রকার ব্লু-লাইন্ (নীলদাগ) দেখিতে পাওয়া যায়, কখন কখন নিম্নোষ্ঠের শ্লৈষ্মিকপ্রদেশে কাল কাল দাগ পড়ে। কতক দিবস ক্রমান্বয়ে ব্যবহার করিলে, নাড়ী ক্ষুদ্রতর ও শরীরকে শীর্ণ করিতে থাকে। আবও মস্তিষ্ক-মণ্ডলের উপর ক্রিয়া প্রকাশ করে বলিয়া প্রথমে স্নায়ুশূল হয়, তৎপর ক্রমান্বয়ে অঙ্গে-প্রত্যঙ্গে শূলবেদনা, হস্তের প্রসারক-পেশীদিগের ক্ষমতার লাঘব বা কখন কখন পক্ষাঘাত, মাংস পেশীর কম্পন এবং ক্ষীণতা ; মৃগীরোগ এবং মানসিক ক্ষমতা হ্রাস হইয়া থাকে। ক্ষুদ্রঅন্ত্রের মাংসপেশী-নির্ম্মিত আবরণের কোন অংশের স্বাভাবিক শক্তির অভাব হওয়া প্রযুক্ত, সম্ভবতঃ লেড্-কলিক্ উৎপন্ন হইয়া থাকে।

সীসধাতু অনেক দিন ব্যবহার করিলে রক্ত, ইউরিক্-এসিড দ্বারা জড়ীভূত হয় বলিয়া, গাউটি-ডায়াথিসিস্ (Gouty diathesis) উৎপন্ন হইয়া থাকে। সীসের প্রয়োগরূপসকল অনেক দিন ব্যবহার করিলে রক্তের লোহিত কণিকার সংখ্যা কম হয় বলিয়া, এনিমিয়া উৎপাদিত হয়।

আময়িকপ্রয়োগ—ডিজিজেস্ অব্ দি এব্ডোমেন্—একিউট্ ডিসেণ্ট্রির বর্দ্ধিতাবস্থায় এবং ক্রনিক ডিসেণ্ট্রিরোগে, বিশেষতঃ যে সময় মলে অধিক শ্লেষ্মা ও রক্ত থাকে, তখন ৩। ৪ গ্রেণ এসিটেট্ অব্ লেড্, ৪।৫ গ্রেণ ডোভার্স-পাউডার সহযোগে ব্যবহার করিলে সচরাচর উপকার দর্শে। ইহা, এনিমাআকারেও নিম্নলিখিত ব্যবস্থা অনুসারে আদরের সহিত ব্যবহার করা যাইতে পারে।

℞

Plumbi Acet	grx.
Acid Acet. Dil	mx.
Morphinæ Acet	gr½
Aq tepid	℥iv.

M. for enema.

অনেক প্রকার ডায়েরিয়া বিশেষতঃ টাইফয়েড্ ফিবারের সহিত উদরাময় বর্ত্তমান থাকিলে, এসিটেট্ অব্ লেড্ ব্যবহার দ্বারা বিশেষ উপকার দর্শে। কলেরার প্রথমাবস্থায় যে উদরাময় হইয়া থাকে, তন্নিবারণার্থ এসিটেট্ অব্ লেড্ এবং ওপিয়মের ন্যায় উৎকৃষ্ট ঔষধ অতি অল্পই আছে। সে যাহা হউক,

উক্ত রোগের প্রথমাবস্থায় ইহা ব্যবহার করা আবশ্যক। এইরোগে ডাং গুডিভ্ (Dr. Goodeve) নিম্নলিখিত ব্যবস্থাপত্র ব্যবহার করিতে উপদেশ দেন।

℞

Plumbi Acet.	grxxx
Acid Acet dil	mx
Aq Dest	℥vi

M. ft S. ℥i—℥iss, every half hour or hour.

ইহা ব্যতীত, ১ গ্রেণ ওপিয়ম্ দুই এক মাত্রায় ব্যবহার করিবে। প্রথম ৩ ঘণ্টা মধ্যে ৩ গ্রেণ ওপিয়ম্ ও ১০। ১৫ গ্রেণ এসিটেট্ অব্ লেডের অধিক ব্যবহার করিবে না; আর যদি রোগ উপশমিত হওয়ার সম্ভাবনা হয় তাহা হইলে, ক্রমে উহার মাত্রা কমাইবে কিংবা একেবারে বন্ধ করিয়া দিবে।

পাকাশয়ের ক্ষতরোগে, এসিটেট্ অব্ লেড্ ব্যবহার করিলে উহার উগ্র-লক্ষণ উপশমিত ও আরোগ্য হইবার সহায়তা করে। পাকাশয়হইতে ক্ষত-বশতঃ অথবা যে কোন কারণেই রক্তস্রাব হউক না কেন, তাহাতে উক্ত ঔষধ ব্যবহার্য্য। ২। ৩ গ্রেণ মাত্রায় এসিটেট্ অব্ লেড্, সিকিহইতে অর্দ্ধগ্রেণ এসিটেট্ অব্ মর্ফিয়া সহযোগে ব্যবস্থা করিলে, উক্ত রোগে অত্যুৎকৃষ্ট ফল পাওয়া যায়। পাইরোসিস্ রোগেও উপরোক্ত ব্যবস্থাদ্বারা কখন কখন উত্তম ফল হয়।

ডিজিজেস্ অব্ দি লাংস্——ক্রনিক্ ব্রঙ্কাইটিস্ রোগে অপর্য্যাপ্ত শ্লেষ্মা নিস্রাবিত হইলে এবং ব্রঙ্কোরিয়া (Bronchorrhœa) রোগে এসিটেট্ অব্ লেড্ ব্যবহার্য্য।

থাইসিস্ রোগে, ইহা ব্যবহার করিলে শ্লেষ্মার ন্যূনতা, রক্তস্রাব ও উদরাময় নিবারিত এবং কিয়ৎপরিমাণে অপর্য্যাপ্ত ঘর্ম্মের লাঘব হয়।

ষ্টমাক্, লাংস্, কিড্নি, নাসিকা অথবা শরীরের যে কোন স্থানহইতেই রক্তস্রাব হইলে, এসিটেট্ অব্ লেড্ ২—৪ গ্রেণ মাত্রায়, ¼—১ গ্রেণ মাত্রায় অহিফেণের সহিত বটিকাকারে ব্যবহার করিলে সবিশেষ উপকার সাধিত হয়। টাইফয়েড্ ফিবারে, অন্ত্র হইতে রক্তস্রাব হইলে উল্লিখিত ঔষধ ব্যবস্থাদ্বারা

সর্ব্বদাই উপকার হয়; বিশেষতঃ গুহ্যদ্বারে ইহার পিচকারী দিলে অধিক ফলপ্রদ হইয়া থাকে।

ডিজিজেস্ অব্ দি জেনিটো-ইউরিনারি অর্গ্যান্স্——গণোরিয়া, গ্লিট্ এবং লিউকোরিয়া রোগে, এসিটেট্ অব্ লেডের সলিউশন্ (৬ গ্রেণ—১০ আউন্স জলে) অথবা লাইকর প্লাম্বাই সাব্ এসিটেট্ (২-ড্রাম, ১ পাইণ্ট জলে) দ্বারা মূত্রনালীতে পিচকারী দিলে অবসাদক-ক্রিয়া প্রকাশপূর্ব্বক উপকার দর্শায়।

ক্রনিক্‌সিষ্টাইটিস্ (মূত্রাশয়ের পুরাতন প্রদাহ) রোগে প্রস্রাব ক্ষারগুণ-বিশিষ্ট এবং তাহাতে ফস্ফেট্স্ বর্ত্তমান থাকিলে, ১ গ্রেণ এসিটেট্ অব্ লেড্, ৪ আউন্স গরম জল মিশ্রিত করিয়া দিবসে একবার আক্রান্তস্থানে পিচকারী ব্যবহার করিলে মৃদু সঙ্কোচক-ক্রিয়া প্রকাশ করিয়া উপকার দর্শায়। মেনো-রেজিয়া (রক্ত আধিক্য) রোগে যখন গ্যালিক্ এসিড্ কি অন্যান্য ঔষধদ্বারা উপকার না হয়, তখন এসিটেট্ অব্ লেডের পিচকারীব্যবহারদ্বারা বিশেষ ফল পাওয়া যায়। উক্ত রোগের মৃদু অবস্থাতে এসিটেট্ অব্ লেড্, ওপিয়ম্ সহযোগে সেবন করাইলে কখন কখন উপকার দর্শিয়া থাকে।

ডিজিজেস্ অব্ দি আই——গ্র্যানুলিউলার্-লিড্স্ রোগে, এসিটেট্ অব্ লেড্ পাউডার আকারে ব্যবহৃত হইত; কিন্তু এরূপ ব্যবহারে অনেক সময় অনিষ্টকর ক্রিয়া প্রকাশ করে। অপ্থ্যালমিয়া (চক্ষুপ্রদাহ) রোগে, বিশেষতঃ শিশুদের এইরোগ হইলে ২ গ্রেণ এসিটেট্ অব্ লেড, লাইকর্ প্লামাইসাব্-এসিটেট্ ১০—১৫ মিনিম, ১ আউন্স ডিষ্টিল্ড ওয়াটারের সহিত মিশ্রিতপূর্ব্বক লোশন্ প্রস্তুত করিয়া ব্যবহার করিলে, স্নিগ্ধকর-ক্রিয়া প্রকাশ করতঃ উপকার হইয়া থাকে। কিন্তু কর্নিয়াতে কোন প্রকার ক্ষত বিদ্যমান থাকিলে, উপ-রোক্ত সলিউশন্ ব্যবহার নিষিদ্ধ।

টুথ্‌এক্ Toothache (দন্তশূল) রোগে, ডাং রেনল্ড্স্ ১—২ গ্রেণ এসিটেট্ অব্ লেড্, ক্ষয়কারী দন্ত মধ্যে প্রয়োগ করিয়া উপকার পাইয়াছেন কিন্তু উক্ত ঔষধ যাহাতে গলাধঃকরণ না হয় সাবধানতার সহিত তৎপ্রতি বিশেষ দৃষ্টি রাখিতে হইবে।

ডাংসার্ উইল্‌সন্, ইরিসিপিলাস্, আর্টিকেরিয়া, লাইচেন্ এবং অন্যান্য-

প্রকার চর্ম্মরোগের বেদনা ও উত্তেজনা নিবারণ জন্য এমোন্‌কার্ব্ব ১ ড্রাম, প্রাস্বাই এসিটাস্ ১ ড্রাম, রোজ্‌ওয়াটার্ ৮ আউন্সদ্বারা লোশন্ প্রস্তুত করিয়া ব্যবহার করিতে বলেন।

ল্যাটিন	ইংরেজী
ম্যাটিসি ফোলিয়া।	ম্যাটিকো লিভ্‌স্।
Maticæ Folia,	Matico Leaves.

মাত্রা—৩০—৬০ গ্রেণ, চূর্ণাকারে।

প্রয়োগরূপ—

ইন্‌ফিউসাম্ ম্যাটিসি।	ইন্‌ফিউশন্ অব্ ম্যাটিকো।
Infusum Maticæ.	Infusion of Matico.

মাত্রা—১—৪ আউন্স।

ক্রিয়া—সঙ্কোচক ও স্থানিক প্রবল রক্তরোধক। ম্যাটিকোতে অল্পপরিমাণে ট্যানিক্ এসিড্, আর্টান্থিক্ এসিড্ (Artanthic Acid) এবং ভলেটাইল্ অয়েল্ বিদ্যমান আছে। ম্যাটিকোর উপরিভাগহইতে নিম্নভাগ অধিক রক্তরোধক, এজন্য ক্ষতস্থানে উহার নিম্নভাগ প্রয়োগ করিতে হয়; অতএব বাহ্যিক ব্যবহারে ইহা অধিক রক্তরোধক; ম্যাটিকোর গুণ সম্ভবতঃ ধারক ক্রিয়ার উপর নির্ভর না করিয়া যান্ত্রিকক্রিয়ার উপর নির্ভর করে, এনিমিত্ত ইহা আভ্যন্তরিক প্রয়োগে সঙ্কোচকক্রিয়া উত্তমরূপে প্রকাশ পায় না। ইহার চূর্ণ ও কখন কখন ব্যবহৃত হয়।

আময়িকপ্রয়োগ—ডাং ওয়েষ্ট্ মেনোরেজিয়া রোগে, ইহাকে আর্‌গট্ এবং গ্যালিক্ এসিড্ অপেক্ষা অল্প ফলদায়ক বলিয়া বিবেচনা করেন, তিনি উক্তরোগে ইহার ইন্‌ফিউশন্ ১২ আউন্স মাত্রায় ৪ ঘণ্টা অন্তর ব্যবহার করিতে বলেন। যুবতী, বিবাহিতা এবং এনিমিয়াগ্রস্ত স্ত্রীলোকদের উক্ত রোগ জন্মিলে, তিনি ইহা সমধিক ব্যবহার্য্য বলিয়া মনে করেন। ক্যান্‌সার্ অব্ দি ইউটিরাস্ (জরায়ুর কর্কটরোগ) বশতঃ রক্তস্রাব হইলে, তিনি ইহার ইন্‌ফিউশনের পিচকারী ব্যবহার করিতে বলেন। মৃদু আকারের রক্তকাসরোগে, ইন্‌ফিউশন্ অব্ ম্যাটিকো ব্যবহার করিলে উপকার লাভ হইতে পারে।

লিচ্-বাইট্ (জলৌকাদংশন), সুপার্‌ফিসিয়েল-উণ্ডস্ (অনিম্নক্ষত)

এবং দন্তোৎপাটন হেতু রক্তস্রাব হইলে, উক্ত পাতার নিম্নপ্রদেশ স্থানিক প্রয়োগ করিলে শীঘ্রই রক্ত বন্ধ হইয়া যায়।

লাটিন।	ইংরেজী।
কোটো কর্টেক্স্।	কোটোবার্ক।
Coto Cortex,	Coto Bark.

চূর্ণের মাত্রা—১—৮ গ্রেণ। দিনে ৪—৬ বার ব্যবস্থেয়।

প্রয়োগরূপ—

একৃষ্ট্রাক্টাম্ কোটো লিকুইডাম্ Extractum Coto Liquidum,

মাত্রা—২—৬ মিনিম।

টিংচুরা কোটো Tinctura Coto.

মাত্রা—১০—২০ মিনিম, মিউসিলেজ্ ও সিরাপ্ সংযোগে দুই ঘণ্টা অন্তর উদরাময় রোগে ব্যবস্থেয়।

কোটোএন্ Cotoin ½—২ গ্রেণ, প্রতি ২।৩ ঘণ্টান্তর বটিকাকারে, অথবা মিউসিলেজ্ ও সিরাপ্সহ ডাইলিউট্ করিয়া যক্ষ্মাকাস রোগে ব্যবহার করিলে উহার জ্বরীয় লক্ষণ, উদরাময় ও রাত্রির ঘর্ম্মবন্ধ হইয়া থাকে।

এই ঔষধটী ফার্ম্মাকোপিয়ায় গৃহীত হয় নাই।

ক্রিয়া—সঙ্কোচক।

আময়িকপ্রয়োগ—সকল প্রকার তরুণ ও পুরাতন উদরাময়রোগে, এবং থাইসিসের সঙ্গে উদরাময় থাকিলেও ব্যবহার্য্য। কেহ কেহ ইহা শিশুদের ডায়েরিয়া রোগে বহুলপরিমাণে ব্যবহার করিয়া থাকেন। মদ্যপায়ী লোকদিগের উদরাময় হইলে ইহা অব্যবহার্য্য। ইহা ব্যবহারে, স্যালিভেশন্ (অপরিমিত লালাস্রাব) হয় এবং যক্ষ্মারোগাক্রান্ত ব্যক্তিদিগের অপর্য্যাপ্ত ঘর্ম্ম বন্ধ হইয়া থাকে। ডাং এল্‌বারটিনি বলেন, ইহা সেবনে ক্ষুধা বৃদ্ধি হয়। বিসূচিকারোগে ১ ভাগ কোটোএন্, ৫ ভাগ এসিটিক্ ইথার্ মিশ্রিত করিয়া ১৫ মিনিম মাত্রায় ত্বগন্তর্গত পিচকারীদ্বারা ১৫ মিনিট হইতে ১ ঘণ্টা অন্তর ব্যবহার করিতে কেহ কেহ অনুমোদন করেন।

লাটিন।	ইংরেজী।
হেমেমেলিস্।	উইচ্ হেজেল্।
Hamamelis.	Witch Hazel.

ইহা হেমেমেলিস্ ভার্জিনিকা নামক বৃক্ষের বল্কল, পত্র ও ক্ষুদ্র ক্ষুদ্র নূতন পল্লব। এই বৃক্ষের দুইটী প্রয়োগরূপ সচরাচর ব্যবহৃত হয়। টিংচার্ এবং হেজিলিন্ (Hazeline.)

প্রয়োগরূপ—

১। টিংচুরা হেমেমেলিডিস্ Tinctura Hamamelidis.

মাত্রা—২—৫ মিনিম্।

২। এক্‌ষ্ট্রাক্টাম্ হেমেমেলিডিস্ লিকুইডাম্ Extractum Hamamelidis Liquidum.

মাত্রা—২—৫ মিনিম্।

৩। আঙ্গুয়েণ্টাম্ হেমেমেলিডিস্ Unguentum Hamamelidis,

৪। ইহার বীর্য্য, হেমেমেলিন্ Hamamelin.

মাত্রা—½—২ গ্রেণ, বটিকাকারে।

এই বৃক্ষ হইতে পণ্ডস্ এক্‌ষ্ট্রাক্ট্ Pond's Extract নামক ঔষধ এবং হেজেলিন্ প্রস্তুত হয়। হেজেলিনের মাত্রা—১—২ ড্রাম।

এই ঔষধটী ফার্ম্মা কোপিয়ায় গৃহীত হয় নাই।

ক্রিয়া—ধারক ও রক্তরোধক। ইহার বল্কলে ট্যানিক্ এবং গ্যালিক্ এসিড্ আছে, কিন্তু এই দুই পদার্থ এত অল্প পরিমাণে বিদ্যমান আছে যে, শুদ্ধ ইহাদের উপর ধারকগুণ নির্ভর করিতে পারে না। হেমেমেলিন্‌নামক বীর্য্য ১ গ্রেণ, কোকোয়া-বাটার্ সহিত মিশ্রিত করিয়া সাপোজিটোরি প্রস্তুত করতঃ গুহ্যদেশে প্রয়োগ পূর্ব্বক অর্শ রোগ চিকিৎসার্থ ব্যবহৃত হয়।

আময়িকপ্রয়োগ—ইহা বহুল পরিমাণে রক্তস্রাবে, বিশেষতঃ উহা প্যাসিভ্ আকারের হইলেই বিশেষ ফলপ্রদ হয় এবং ক্ষুদ্র ক্ষুদ্র রক্তবহা-নাড়ী-হইতে রক্তস্রাব হইলেও ইহা ব্যবহার্য্য।

ব্রুজেস্, এবং ক্ষতহইতে উজিং (Oozing) বা অল্পপরিমাণ রক্তস্রাব হইলে তুলা কিংবা নেকড়া হেজিলিনে সিক্ত করিয়া প্রয়োগ করিলে উপকার হইয়া থাকে। ইহা, নানা প্রকার রক্তস্রাবে (Epistaxis, hæmo-

ptysis, Hæmatemesis) আভ্যন্তরিক প্রয়োগ করিলে বিশেষ উপকার দর্শে। ডাং রিঙ্গার্ বলেন, পার্পিউরা রোগে, টিংচার্ অব্ হেমেমেলিস্ ১ ড্রাম মাত্রায়, প্রয়োজনানুসারে ১ ঘণ্টা অন্তর ব্যবহারে উত্তম ফল পাওয়া যায়; কিন্তু অধিকাংশ স্থলেই ½ ড্রাম মাত্রায় ফললাভ হইয়া থাকে।

ডিসেণ্টি রোগে অধিক রক্তস্রাব হইলে ডাং হল্ ইহা ব্যবহার করিতে উপদেশ দেন।

ডাং রিঙ্গার্ (Dr. Ringer) বলেন হিমেটিউরিয়া (Hæmaturia) (রক্তপ্রস্রাব) রোগে অন্য কোন ঔষধ দ্বারা উপকার না হইলে ইহা দ্বারা উপকার লাভ হইয়া থাকে। কোন কোন প্রকার মেনোরেজিয়া (Menorrhagia), (রক্ত আধিক্য) রোগেও ইহা ব্যবহার্য্য ; এরূপ স্থলে ১ ড্রাম মাত্রায় হেজিলিন্ দিবসে ২।৩ বার দেওয়া যায় ; ডিস্‌মেনোরিয়া Dysmenorrhœa (কষ্টরজঃ) রোগে ইহা ব্যবহারে সচরাচর বেদনা উপশমিত হয়। ইহা পাইলস্ (অর্শ) রোগের অমোঘ ঔষধ; আভ্যন্তরিক ব্যবহারে উক্ত রোগের রক্তস্রাব বন্ধ হয়। কিন্তু ½—১ ড্রাম টিংচার অব্ হেমেমেলিস্, ১ আউন্স শীতল জল, প্রত্যহ প্রাতঃকালে শয্যা হইতে উঠিবার পূর্ব্বে সরলান্ত্রে পিচকারী ব্যবহার করিলে আরও উপকার সাধিত হইয়া থাকে। বলি অধিক বৃহৎ না হইলে ইহাদ্বারা যে কেবল রক্তস্রাব বন্ধ হয় এমন নহে, বরং অধিক দিন ব্যবহার করিলে উক্ত ব্যাধি একেবারে উপশমিত, অনেক স্থলে আরোগ্যও হইয়া থাকে।

ভ্যারিকোসিল্ Varicocele (অণ্ডকোষের শিরা বৃদ্ধি) রোগে ইহার প্লাষ্টার্ ব্যবহার করিলে উপকার হয়।

পাইলস্ (অর্শ) রোগে ইহার মলম (লিকুইড্ এক্‌ষ্ট্রাক্ট অব্ হেমেমেলিস্ ১ ভাগ, সিম্পোল্ অয়েণ্টমেণ্ট ৯ ভাগ) স্থানিক প্রয়োগ করিলে উপকার দর্শে। ডাং প্রেষ্টন্ Dr. Preston ফ্লেগ্‌মেসিয়া-ডোলেন্স্ Phlegmasia-doleus রোগে ফলপ্রদ ঔষধ বলিয়া প্রশংসা করেন।

সর্দ্দি জনিত শিরঃপীড়ায় ইহার নস্য গ্রহণে উপকার দর্শে। পোষ্ট-পার্টম্ হেমারেজ (Post-partum hæmorrhage) বা প্রসবান্তে জরায়ু হইতে রক্তস্রাব হইলে ডাং রিঙ্গার্ টিংচার্ অব্ হেমেমেলিস্ ২।৩ ঘণ্টা অন্তর ২ ফোঁটা মাত্রায় ব্যবহার করিতে বলেন।

কোন স্থান হইতে শ্লেষ্মা নিস্রবণ হইলে ইহার পিচকারী ব্যবহারে তাহা বন্ধহয়।

হিমোফাইলিয়া Hæmophilia বা রক্তস্রাব-ধাতুপ্রকৃতিতে হেমেমেলিস্ ব্যবহারে উপকার দর্শে।

ষষ্ঠ অধ্যায়।

প্রথমবিভাগীয় প্রথমশ্রেণীস্থ চতুর্থ উপশ্রেণী।

REFRIGERANTS.

শৈত্যজনক।

যে সকল ঔষধ সেবনে পিপাসা উপশম হইয়া ফিব্রাইল্ ডিষ্টারব্যান্স্ (Febrile disturbance) বা জ্বরীয় লক্ষণাদি হ্রাস হয় তাহাদিগকে রিফ্রিজা-রেণ্ট বা শৈত্যজনক ঔষধ বলে। কোন তরল পদার্থ পান করিলে জ্বরাক্রান্ত রোগীর নীরস জিহ্বা রসাল হইয়া পিপাসার হ্রাস হয় এবং কোন অম্লপদার্থ সেবন করাইলে ক্ষারগুণ বিশিষ্ট লালা বৰ্দ্ধিত হইয়া মুখ সরস হওয়াতে রোগী শীতলতা অনুভব করিয়া থাকে।

(১) ওয়াটার্ (Water) জল।

(২) এসিটিক্এসিড্ (Acetic acid)

(৩) সাইট্রিক্এসিড্ (Citric acid)

(৪) টার্টারিক্এসিড্ (Tartaric acid)

(৫) ক্রিম্ অব্ টার্টার্ ইন্ সলিউশন্ (Cream of Tartar in Solution)

(৬) ফস্ফরিক্ এসিড্ (Phosphoric acid)

(৭) নাইট্রেট্ অব্ পটাশিয়ম্ (Nitrate of Potassium)

(৮) ক্লোরেট্ অব্ পটাশিয়ম্ (Chlorate of Potassium)

(৯) গ্রেপ্ জুস্ (Grape Juice) আঙ্গুরের রস।

(১০) অরেঞ্জ জুস্ (Orange Juice) কমলালেবুর রস।

(১১) লেমন্ জুস্ (Lemon Juice) লেবুর রস।

(১২) ট্যামারিণ্ডস্ (Tamarinds) তেঁতুল।

আময়িকপ্রয়োগ—জ্বরাদিরোগে পিপাসা নিবারণার্থ উল্লিখিত ঔষধ সকল ব্যবহৃত হইয়া থাকে।

(WATER) জল।

জ্বরাক্রান্ত রোগীদিগের কোন্ প্রকার পানীয় দ্রব্য ব্যবহেয়, তাহা নিম্নে বিবৃত হইতেছে।

জ্বরাবস্থায় পিপাসা প্রবল হইলে প্রথমে অস্থিরতা ও উত্তেজনা জন্মে, অবশেষে উক্ত লক্ষণদ্বারা জ্বর বর্দ্ধিত হইয়া থাকে। এতন্নিবন্ধন প্রবল পিপাসা নিবারণ করা একান্ত বিধেয়; কিন্তু রোগীকে যদি ইচ্ছানুসারে জলপান করিতে দেওয়া যায় তাহা হইলে প্রবল পিপাসাহেতু অধিক পরিমাণে জলপান করিয়া থাকে; এজন্য অজীর্ণ, পেটফাঁপা এবং উদরাময় হওয়ার নিতান্ত সম্ভাবনা। বহুদর্শিতা ও অনুমানদ্বারা নির্ণীত হইয়াছে যে, পানীয় দ্রব্য কিঞ্চিৎ তিক্ত বা অম্লাক্ত হইলে সুন্দররূপে পিপাসা নিবারিত হইয়া থাকে। ডাব্লিন নগরের সুবিখ্যাত ডাক্তার গ্রেভ্স্ সাহেব ক্যাস্কারিলা কিম্বা কমলালেবুর ত্বকের মৃদু ক্বাথ প্রস্তুত পূর্ব্বক কয়েক ফোটা হাইড্রোক্লোরিক্ এসিড্ দ্বারা অল্প অম্লাক্ত করিয়া রোগীর অতি প্রিয় ও প্রবল পিপাসা-নিবারক পানীয় প্রস্তুত করিতেন। উপরোক্ত অবস্থায় র‍্যাস্পবেরি ভিনিগার (Raspberry Vinegar) উৎকৃষ্ট পানীয়।

বরফ চোষণকরা রোগীর পিপাসা নিবারণের অতি উৎকৃষ্ট উপায়। সুস্বাদ পক্কফল যদিও রোগীর অতি প্রিয়, তথাপি সাবধানতার সহিত অল্প পরিমাণে ব্যবহার করা একান্ত কর্ত্তব্য; যেহেতু উহাতে অরুচি, পেটফাঁপা অথবা উদরাময় জন্মিতে পারে।

উষ্ণজলদ্বারা মুখ প্রক্ষালন করিলে কখন কখন দন্তশূল (Toothache) উপশমিত হয়, কিন্তু শীতল জল ব্যবহারে অধিক ফল পাওয়া যায়।

আমাদের খাদ্য বস্তু দ্রব ও পরিপাক করিবার নিমিত্ত জল নিতান্ত প্রয়োজনীয়; কিন্তু প্রয়োজনাপেক্ষা অল্প বা অধিক জল পান করিলে অনিষ্ট ঘটে।

আহারের সময় অতিরিক্ত জল পান করিলে পাকাশয়িক পাচকরস ডাইলিউট্ (তরলীকৃত) হইয়া ভুক্তদ্রব্য দ্রব করিতে অসমর্থ হয়, সুতরাং পরিপাক কার্য্যের ব্যাঘাত জন্মিয়া থাকে। ভুক্তদ্রব্য পরিপাকোপযোগী জলপান করিলে পাকাশয়িক রস বর্দ্ধিত, এবং অণ্ডলাল পদার্থ রক্তে শোষিত হইয়া শারীরিক বল বিধান করে। উল্লিখিত কারণে অল্প পরিমাণে জলপান করিলেও অজীর্ণতা দোষ ঘটিয়া থাকে। আহার কালে বরফ মিশ্রিত জল পানকরা একান্ত নিষিদ্ধ, যেহেতু তদ্দারা পাকাশয়ের রক্তবহানাড়ী সঙ্কোচিত হইয়া পাকাশয়িক রস উপযুক্ত পরিমাণে নিঃসৃত হইতে দেয় না; সুতরাং পরিপাক-ক্রিয়ার ব্যাঘাত জন্মে।

বমনকারক ঔষধ সেবনের পর বমন বৃদ্ধি জন্য উষ্ণ জলাদি ব্যবহৃত হয়; এজন্য অধিক পরিমাণে উষ্ণ জল পান করা অনুচিত; ইহাতে পাকাশয় বিস্তৃত এবং পক্ষাঘাতগ্রস্ত হইয়া বমন ক্রিয়ার সাহায্য না করিয়া বরং তাহার প্রতি-বন্ধকতা জন্মাইয়া থাকে; এই নিমিত্ত অর্দ্ধ হইতে এক পাইন্ট পরিমিত উষ্ণ জল ব্যবহার করাই প্রচুর বলিয়া বিবেচিত হয়।

প্রত্যূষে একগ্লাস শীতল জল পান করিলে অবস্থাবিশেষে বিরেচক ক্রিয়া প্রদ-র্শন করে। নিদ্রা হইতে উত্থিত হইলে, অধিকাংশ লোকের মুখে দুর্গন্ধ ও উষ্ণা-নুভব এবং আহারের অনিচ্ছা হয়, এরূপ অবস্থায় ভোজনের পূর্ব্বে অর্দ্ধ গ্লাস শীতল জল পান করিলে সচরাচর ক্ষুধাবর্দ্ধিত এবং উপরোক্ত লক্ষণ গুলি দূরীভূত হইয়া থাকে। উদরাময় রোগগ্রস্ত ব্যক্তি স্বেচ্ছামত অধিক তরল পদার্থ পান করিলে উদরাময় বর্দ্ধিত বা উক্তরোগ পূর্ব্ববৎ থাকে; কোন-রূপে উপশমিত হয় না। জল নিয়মিতরূপে পান করিলে শীঘ্র রক্তে শোষিত হয়।

যখন শরীর হইতে প্রচুর পরিমিত জলীয় অংশ বহির্গত হইয়া যায় তখন অধিক মাত্রায় জল পান করিলে, অসমোসিস্ (অন্তর্ব্বাহ বহির্ব্বাহ) ক্রিয়া-দ্বারা অতিশীঘ্র জল রক্তে শোষিত হইয়া রক্তকণাগুলিকে রূপান্তরিত করতঃ নষ্ট করিয়া ফেলে, এ অবস্থায় অনেক সময় মৃত্যুও ঘটিতে পারে। রক্তে জলীয় অংশ অধিক বিদ্যমান থাকিলে জল, পাকাশয় ও অন্ত্রে শীঘ্র শোষিত হয় না।

অতিরিক্ত জল পান করিলে অন্ত্র, ঘর্ম্ম, ফুস্‌ফুস্‌ ও মূত্রনালী প্রভৃতি নানাবিধ পথে শরীর হইতে বহির্গত হয়। জল দ্বারা কেবল প্রস্রাবের জলীয় ভাগ বর্দ্ধিত হয় না, ইহাদ্বারা মূত্রের ইউরিয়া, ফস্‌ফরিক্‌ ও সল্‌ফিউরিক্‌ এসিড্‌ এবং ক্লোরাইড্‌ অব্‌ সোডিয়ম্‌ ও বৃদ্ধিপ্রাপ্ত হইয়া থাকে।

আমাদের শারীরিক উপাদানের ১০০ ভাগের মধ্যে ৬৮ ভাগ জল, অতএব শরীর রক্ষার্থ ইহা নিতান্ত প্রয়োজনীয়। সুস্থ ও পূর্ণবয়স্ক ব্যক্তির শরীর হইতে প্রতিদিন ৬ পাইণ্ট্‌ জল বহির্গত হয়। দূষিত জল পানে কলেরা, এণ্টেরিক্‌-ফিবার, বহুবিধ ক্রিমি, ডিসেণ্ট্রি (রক্তআমাশয়) এবং উদরাময় ইত্যাদি নানাবিধ সংক্রামক রোগ জন্মিয়া থাকে। জলের সহিত সীসকাদি ধাতব-পদার্থ মিশ্রিত থাকিলে উদরে শূলবেদনা এবং হস্তের পক্ষাঘাত হইয়া থাকে। অতএব আমাদের শরীর রক্ষার জন্য বিশুদ্ধ জল নিতান্ত প্রয়োজনীয়।

THE MEDICINAL USES OF ICE.

ঔষধার্থে বরফের ব্যবহার।

শরীরের উত্তাপ হ্রাস, রক্তস্রাব দমন, প্রদাহ উপশম এবং চেতনাশক্তি লোপ জন্য সচরাচর বরফ ব্যবহৃত হইয়া থাকে। বায়ুশূন্য রবরের থলির ½ অংশ খণ্ড খণ্ড বরফ পূর্ণ করিয়া তাহার মুখ বদ্ধ করতঃ মস্তকাদিতে নানাবিধ আকারে ব্যবহার করা যায়।

বরফের থলি টিউবারকিউলার (Tubercular) এবং সিম্পোল্‌ মিনিন্‌জাইটিস্‌ (and simple Meningitis) রোগে এবং তরুণ জ্বরাদির প্রথমাবস্থায় প্রবল শিরঃপীড়া উপশম জন্য মস্তকে প্রয়োগ করা যাইতে পারে। পাকস্থলির ক্যান্সার কিম্বা পুরাতন ক্ষত বশতঃ উদরে প্রবল বেদনা এবং বমন হইলে আইস্‌ব্যাগ্‌ উদরের এপিগ্যাষ্ট্রীক-প্রদেশে প্রয়োগ করিলে কখন কখন উপশমিত হইয়া থাকে। ভাল্‌ভার প্রুরাইগো রোগে ও ইহা ব্যবহৃত হইতে পারে।

টিফ্‌লাইটিস্‌ (Typhlitis) ও টাইফয়েড্‌ জ্বরে নিম্ন উদরের দক্ষিণাংশে আইস্‌পুল্টিশ্‌ প্রয়োগ করিলে বেদনা এবং প্রদাহ উপশমিত হইয়া থাকে। প্রসবান্তে জরায়ু হইতে রক্তস্রাব হইলে তাহা বন্ধ করিবার জন্য একখণ্ড বরফ কখন কখন জরায়ু কিংবা সরলান্ত্রে প্রবেশ করান হইয়া থাকে।

বরফ আভ্যন্তরিক নানাবিধ উদ্দেশ্যে ব্যবহৃত হইয়া থাকে। বরফ চোষণ করিলে জ্বরাক্রান্ত রোগীদের পিপাসা উপশমিত হয়, তখন তাহারা বরফকে তুষ্টিকর পানীয় বিবেচনা করে।

বিসূচিকা রোগের অদম্য পিপাসাও ইহাদ্বারা নিবারিত হয়। মুখ, কণ্ঠ-নালী, পাকাশয় কিংবা ফুস্‌ফুস্‌ হইতে রক্তস্রাব হইলে বরফ চোষণ করিলে বন্ধ হইয়া থাকে। পাকাশয় হইতে রক্তস্রাব হইলে ক্ষুদ্র বরফ খণ্ড গলাধঃকরণ করিলে রক্তস্রাব বন্ধ হইয়া যায়। টন্সিল্‌ কিংবা কণ্ঠনালীর তরুণ প্রদাহে বরফ সতত চোষণ করিলে বিশেষ ফল লাভ হয়। স্কার্লেটিনা রোগের সোরথ্রোট্‌ এবং কণ্ঠনালীর নানাবিধ তরুণব্যাধি ও ডিপ্‌থিরিয়া রোগে বরফ অত্যন্ত ফলপ্রদ। উক্ত ব্যাধিতে বরফ প্রয়োগ করিলে তদ্দ্বারা আক্রান্ত স্থানের বেদনা ও উষ্ণতা উপশমিত এবং রোগীর বিরক্তিকর ও ক্লেশপ্রদ প্রচুর শ্লেষ্মানিস্রাবণ বন্ধ করে। বিশেষতঃ উল্লিখিত রোগের প্রথমাবস্থায় বরফ ব্যবহার করিলে অধিক ফলের আশা করা যাইতে পারে।

পাকাশয়ের ব্যাধিজনিত বিবমিষা, বমন এবং বেদনা বর্ত্তমান থাকিলে উপরোক্তরূপে বরফ ব্যবহার্য্য। জরায়ু কিংবা সরলান্ত্রের প্রদাহ অথবা প্রল্যাপ্‌সাস্‌ (বহির্গমন) হইলে আক্রান্ত স্থানে বরফ প্রয়োগ করিলে প্রদাহ ও স্ফীততার লাঘব হওয়াতে উহাদিগকে সহজে যথাস্থানে পুনঃ স্থাপন করান যাইতে পারে। ডিলিরিয়ম্‌ ট্রিমেন্স (Delirium tremens) এবং শিশুদের কন্‌ভালশন্‌ (তরকা) রোগে কেহ কেহ মস্তকে বরফ ব্যবহার করেন। পাইল্‌স্‌ (বলি) প্রদাহিত হইলে কিংবা উহার অস্ত্রোপচার পরে রবর নির্ম্মিত ক্ষুদ্র থলির মধ্যে বরফ পূর্ণ করতঃ আক্রান্ত স্থানে প্রয়োগ করিলে বেদনা উপশমিত হইয়া থাকে।

২ ভাগ চূর্ণাকার বরফ, ১ ভাগ সাধারণ লবণ একত্র মিশ্রিত করিয়া কোন স্থানে লাগাইলে এত শীতল হয় যে সেই স্থানের শারীরিক-বিধান জমিয়া যায়, এবং তথাকার চেতনাশক্তি বিলুপ্ত হয়। এই মিশ্রিত-বরফ কোন স্থানে ৫।৬ মিনিটের অধিক কাল ব্যবহার করিলে ফোস্কা জন্মিতে পারে। নখ উৎপাটন, স্ফোটকবিদারণ ইত্যাদি মাইনর্‌-অপারেশন (সামান্যাকারের অস্ত্রচিকিৎসা) করিবার সময় ইহার ব্যবহার হইয়া থাকে। ডাঃ আর্ণট্‌

(Dr. Arnott) ক্রনিক্ রিউমেটিজম্, লাম্বেগো ও ইরিসিপেলাস্ রোগে এবং অপায়ে বরফ ব্যবহার করিতে অনুমোদন করেন। টন্সিলাইটিস্, স্কার্লেট্ ফিবার্ এবং ডিপ্থিরিয়া রোগে, বিশেষতঃ লিম্ফেটিক্-গ্রন্থি সকল স্ফীত হইয়া তাহাতে পূয়োৎপত্তি হইবার সম্ভাবনা হইলে, কণ্ঠনালীতে ইহার পুল্টিশ্ প্রয়োগ করিলে উপকার দর্শিয়া থাকে।

ল্যাটিন্।	ইংরেজী।
পটাশিয়াই টার্ট্রাস্ এসিডা।	এসিড্ টারট্রেট্ অব্ পটাশিয়ম্।
Potassii Tartras Acida.	Acid Tartrate of Potassium.

সাধারণতঃ ইহাকে ক্রিম্ অব্ টার্টার্ (Cream of Tartar) কহে।

মাত্রা—২০—৬০ গ্রেণ শৈত্যকারক ও মূত্রকারক। ১২০—৩০০ গ্রেণ মাত্রায় হাইড্রোগগ পারগেটিভ্।

ক্রিয়া—২০—৬০ গ্রেণ মাত্রায় ইহা অধিক জলের সহিত ডাইলিউট্ পূর্ব্বক বারংবার প্রয়োগ করিলে স্নিগ্ধকারক এবং মূত্রকারক ঔষধের ন্যায় ক্রিয়া প্রকাশ করিয়া প্রস্রাবকে ক্ষারগুণ বিশিষ্ট করে। ৬০—১২০ গ্রেণ মাত্রায় ব্যবহারে মৃদু বিরেচক। এতদপেক্ষা অধিক মাত্রায় প্রয়োগ করিলে ইহাদ্বারা জলবৎ ভেদ হয়, এজন্য ইহাকে হাইড্রোগগ্ পারগেটিভ্ বলে। ইহা অধিক দিন পর্য্যন্ত ব্যবহার করিলে, পরিপাকযন্ত্রের ক্রিয়ার বৈলক্ষণ্য এবং শরীর অস্থিচর্ম্মসার হয়। ইহাতে বিষাক্ত হইয়া মৃত্যু ঘটিলে, শবচ্ছেদদ্বারা পাকাশয় এবং অন্ত্রের প্রদাহ লক্ষণ দৃষ্ট হয়। ইহা অন্যান্য বিরেচক ঔষধ সহযোগে ব্যবহার করিলে বিরেচণ-ক্রিয়া প্রকাশ করে। এতদর্থে কম্পাউণ্ড পাউডার অব্ জ্যালাপ্ উপযোগী। ইহা ১০০ গ্রেণ এবং কার্ব্বনেট্ অব্ সোডা ১২০ গ্রেণ, পৃথকরূপে জলে দ্রব করতঃ একত্র মিশ্রিত পূর্ব্বক সুগন্ধি করিয়া উচ্ছলিত অবস্থায় নানাবিধ জ্বরে স্নিগ্ধকর পানীয় স্বরূপ ব্যবহারে উপকার দর্শিয়া থাকে।

আময়িকপ্রয়োগ—ড্রপ্সিক্যাল্ এফেক্শন্ (Dropsical affections) নানাবিধ শোথ রোগে এসিড্ টার্ট্রেট্ একক অথবা ডিজিটেলিস্, স্কুইল ইত্যাদি ঔষধ সহযোগে ব্যবহার করিলে অধিক পরিমাণে প্রস্রাব ও জলবৎ দাস্ত হইয়া অল্প দিনের মধ্যে শোথ সুন্দর রূপে কমিয়া যায়। এল্বিউমিনিউরিয়া

এবং একিউট্ ব্রাইট্স্‌ডিজিজে (মূত্রযন্ত্রের তরুণ প্রদাহে) ইহা অত্যন্ত উপকারী। ডাং জি, জন্‌সন্, বলেন যে, শেষোক্ত রোগে মূত্রযন্ত্রের রক্তাধিক্য হ্রাস করিবার জন্য কটিদেশে ড্রাইকাপিং, ফোমেণ্টেশন্, পুল্টিশ প্রয়োগ, ওয়ারম্-বাথ্ (গরমজলে স্নান) এবং প্রচুর পরিমাণে পানীয় ব্যবহার করিলে মূত্রকারকের ন্যায় ক্রিয়া প্রকাশ পূর্ব্বক উত্তমফল দর্শিয়া থাকে; নানাবিধ জ্বর এবং প্রদাহিক ব্যাধিতে ৬০—৯০ গ্রেণ এসিড্ টার্ট্রেট্ অব্ পটাশিয়ম্, ১ পাইণ্ট স্ফুটিত জলে দ্রব করিয়া, লেবুর ত্বক্ ও শর্করা দ্বারা সুগন্ধি ও সুমিষ্ট "ইম্পিরিয়াল-ড্রিঙ্ক" নামক স্নিগ্ধকর পানীয় প্রস্তুত পূর্ব্বক, জ্বর ও অন্যান্য প্রদাহিক ব্যাধিতে পানীয় স্বরূপ ব্যবহার করা যায়। বেরিবেরি (Beriberi) রোগে ইহার ন্যায় মূত্রকারক ঔষধ আর দ্বিতীয় নাই।

পাইলস্ (অর্শ) রোগে ক্রিম্ অব্ টার্টার এবং সমপরিমাণ সাল্ফার্, দুগ্ধ কিংবা কন্‌ফেক্‌শন্ অব্ সেনা সহযোগে ব্যবস্থা করিলে উপকার দর্শিয়া থাকে। উক্ত রোগে গ্রন্থকার নিম্নলিখিত ব্যবস্থা-পত্র ব্যবহার করিয়া বিশেষ ফল লাভ করিয়াছেন।

℞

Potassii Tartras Acida	grxv.
Sulphur Sublimat	grxv.
Pulv Cubebæ	grxv.

M. ft. powder, every morning and evening.

ল্যাটিন।	ইংরেজী।
এসিডাম্ ফস্‌ফরিকাম্ ডাইলিউটাম্।	ডাইলিউট্ ফস্‌ফরিক্ এসিড্।
Acidum Phosphoricum Dilutum.	Dilute Phosphoric Acid.

মাত্রা—১০—৩০ মিনিম।

ক্রিয়া—মৃদু বলকারক এবং সঙ্কোচক; অধিক মাত্রায় ইহা নার্ভাস্ ও ভ্যাস্‌কুলার সিস্‌টেমের উপর ষ্টিমিউল্যাণ্টের ন্যায় ক্রিয়া করে। ইহা শরীরে শোষিত হইয়া রক্তে প্রকাশিত হয়।

আময়িকপ্রয়োগ—স্ক্রফিউলা এবং স্ক্রফিউলাজনিত ব্যাধিতে (বিশেষতঃ চক্ষের) ডাইলিউট্ ফস্‌ফরিক্ এসিড্ ১০—২০ মিনিম মাত্রায় ইন্‌ফিউশন্ অব্ কলম্বার্ সহিত ব্যবস্থা করিলে, কড্‌লিভার্ অয়েল্ অথবা

আইওডিনের ন্যায় ক্রিয়া করিয়া থাকে। ক্ষয়কাশের সহিত ডিস্‌পেপ্‌শিয়া থাকিলে ইহা ব্যবহারে বেদনা, বমন, উদরাময় এবং অপর্য্যাপ্ত ঘর্ম্ম উপশমিত হইয়া থাকে। নার্ভাস্ টিসুর ক্ষয় বশতঃ প্রস্রাবে ফস্‌ফেটিক্-ডিপজিট্, প্রস্রাব ক্ষারগুণ বিশিষ্ট ও স্নায়বীয়-দুর্ব্বলতা থাকিলে ফস্‌ফরিক্-এসিড্ ব্যবহারে উপকার দর্শিয়া থাকে। অক্‌জিলিউরিয়া রোগেও ইহা ব্যবহৃত হইয়া থাকে। ডায়াবিটিস্ (বহুমূত্র) রোগে ফস্‌ফরিক্ এসিড্ অধিক জলের সহিত ব্যবহার করিলে অন্যান্য অম্লাক্ত পানীয় অপেক্ষা ইহা দ্বারা উত্তমরূপে পিপাসা নিবারিত হইয়া থাকে। কেরিজ্ (অস্থিক্ষত) রোগে ফস্‌ফরিক্ এসিড্ ৮।১০ ভাগ জলের সহিত ডাইলিউট্ করিয়া স্থানিক প্রয়োগ করিলে কখন কখন উপকার দর্শিতে পারে।

ল্যাটিন।	ইংরেজী।
পটাশিয়াই নাইট্রাস্।	নাইট্রেট্ অব্ পটাশিয়ম্। (সোরা)।
Potassii Nitras.	Nitrate of Potassium.

ইহাকে ইংরেজী ভাষায় নাইটার্ বা সল্ট্‌পিটার্ বলে।

মাত্রা—১০—২০ গ্রেণ, স্নিগ্ধকারক ও মূত্রকারক। ২০—৩০ গ্রেণ, ধামনিক অবসাদক।

ক্রিয়া—স্নিগ্ধকারক ও মূত্রকারক। অধিক মাত্রায় ব্যবহার করিলে হৃদপিণ্ড ও রক্তসঞ্চালন যন্ত্রের উপর প্রবল অবসাদকের ন্যায় ক্রিয়া প্রকাশ করে; এজন্য ইহাকে ধামনিক অবসাদক বলে। অল্প মাত্রায় নানাবিধ জ্বরে শৈত্যজনক ও মূত্রকারক ক্রিয়া প্রকাশ করে বলিয়া ইহা ব্যবহৃত হইয়া থাকে।

আময়িকপ্রয়োগ—পাকাশয়ের শ্লৈষ্মিকঝিল্লির উত্তেজনা উপশমন জন্য প্রদাহিক আকারের নানাবিধ ডিস্‌পেপ্‌সিয়া রোগে এবং অধিক মাত্রায় ধামনিক অবসাদক বলিয়া জ্বরাদিতে বিশেষতঃ একিউট্ রিউমেটিজমে (তরুণ বাতরোগে) ব্যবহৃত হয়। কোন কোন প্রকার শোথরোগে ইহা মূত্রযন্ত্রের উপর ক্রিয়া প্রকাশ করিয়া উপকার দর্শায়; বিশেষতঃ যখন স্কুইল, স্পিরিট-অব্ জুনিপার্ এবং সেই শ্রেণীস্থ অন্যান্য ঔষধ সহযোগে ব্যবস্থা করা যায় তখন আরও উত্তম ফল দর্শিয়া থাকে।

ইন্‌ফ্ল্যামেটরি সোর্‌-থ্রোট্‌ রোগের প্রারম্ভে একটুকরা নাইটার্‌ মুখ মধ্যে রাখিয়া আস্তে আস্তে চোষণ করিলে কখন কখন উপকার হইয়া থাকে। স্প্যাজ্‌মডিক এজ্‌মা রোগে জলন্ত নাইটারের ধুম আঘ্রাণ করিলে কখন কখন উপশম বোধ করা যায়; এই উদ্দেশ্যে ৪ আউন্স নাইটার্‌, অর্দ্ধ পাইন্ট ফ্‌টিতজলে একটি অনাবৃত পাত্রে দ্রব করিয়া, মোটা ব্লটিং-কাগজ তন্মধ্যে ১।২ মিনিটকাল সিক্ত করতঃ অগ্নিদ্বারা শুষ্ক করিবে। পরে ৪ বর্গ ইঞ্চ পরিমাণে টুকরা টুকরা করিয়া, আবশ্যকমত উহার ১।২ খণ্ড গৃহে শয়নের পূর্ব্বে জ্বালাইবে। এই প্রজ্বলিত কাগজ মুখের নিকট এমতভাবে ধরিবে যেন নাসিকা মধ্যে উহার ধুম যাইতে পারে, ইহাতে আরও উপকার দর্শিয়া থাকে।

ডাং হাইড্‌ সল্টার্‌, ইহা অনেকানেক রোগীকে ব্যবহার করাইয়া কৃতকার্য্য হইয়াছেন। ফ্রায়ার্‌স্‌ ব্যাল্‌সাম্‌ নামক ঔষধ উক্ত ব্লটিং-কাগজে সংলগ্ন করতঃ ব্যবহাব করিলে বিশেষ উপকার দর্শিয়া থাকে। এই ঔষধ ব্যবহার কালে যাহাতে ধুম বাতাসের সহিত মিশ্রিত হয় তজ্জন্য রোগীর মশারি ফেলিয়া দিতে হইবে। উক্ত কাগজ প্রস্তুত করিবার সময় ক্লোরেট্‌ অব্‌ পটাশ্‌ যোগ করিলে আরও ভাল হয়। এরূপ ব্যবহার করিলে রোগীর নিদ্রাগম এবং সুস্থতা অনুভূত হইয়া থাকে।

লিউকোরিয়া রোগে পটাশি নাইট্রাস্‌ ১০ গ্রেণ এবং এলাম্‌ ৫ গ্রেণ, দিবসে ৩ বার সেবন করিলে উপকার দর্শে।

গনোরিয়া রোগে প্রস্রাবের জ্বালা উপশম জন্য ইহা অধিক জলের সহিত মিশ্রিত করিয়া ব্যবহারে প্রস্রাবের জ্বালা নিবারিত হয়।

ল্যাটিন।	ইংরেজী।
* পটাশিয়াই ক্লোরাস্‌।	ক্লোরেট্‌ অব্‌ পটাশিয়াম্‌।
Potassii Chloras.	Chlorate of Potassium.

মাত্রা—১০—২০ গ্রেণ।

প্রয়োগরূপ—

ট্রোচিসাই পটাশিয়াই ক্লোরেটিস্‌।	ক্লোরেট্‌ অব্‌ পটাশিয়াম্‌ লোজেঞ্জিস্‌।
Troohisci Potassii Chloratis.	Chlorate of Potassium Lozenges.

ইহার প্রত্যেক চাক্তিতে পাঁচ গ্রেণ ক্লোরেট্ অব্ পটাশিয়াম্ আছে।

ক্রিয়া—ইহার ক্রিয়া নাইটারের ন্যায় স্নিগ্ধ ও মূত্রকারক। অধিক দিবস ব্যবহারে পরিবর্ত্তক; এবং ইহার পচননিবারক গুণ আছে। পূর্ব্বে বিবেচিত হইত যে, ক্লোরেট্ অব্ পটাশ্ শরীরে অম্লজানবায়ু প্রদান করিয়া ক্রিয়া প্রকাশ করে; কিন্তু ইহা ভ্রমাত্মক বলিয়া প্রমাণিত হইয়াছে; কারণ পরীক্ষাদ্বারা দৃষ্ট হইয়াছে যে, ইহা প্রস্রাবে অপরিবর্ত্তিতরূপে বর্ত্তমান থাকে। শ্লৈষ্মিকঝিল্লির উপর ইহার স্থানিকক্রিয়া আছে বলিয়া সচরাচর কুলি স্বরূপ ব্যবহার করা যায়। অধিক মাত্রায় কোন জন্তুর শীরামধ্যে ইহা প্রবেশ করাইলে হৃদপিণ্ডের পক্ষাঘাত উৎপাদন করিয়া মৃত্যু ঘটায়।

আময়িক প্রয়োগ—কণ্টিনিউড্ এবং টাইফয়েড্-জ্বরে ১ ড্রাম মাত্রায় ক্লোরেট অব্ পটাশ্, ১ পাইণ্ট জলে দ্রব করিয়া প্রত্যহ পানার্থ ব্যবহার করিলে উল্লিখিত জ্বরের গতি ও স্বভাবের পরিবর্ত্তন হয়। স্কার্লেট্-জ্বরে ইহা উক্ত প্রকারে ব্যবহার করিলে জিহ্বার কটাবর্ণ, কণ্টকাবৃততা ও শুষ্কতা পরিবর্ত্তিত হইয়া পরিষ্কার ও আর্দ্র হইয়া থাকে।

ক্যাঙ্ক্রাম্ অরিস্ (Cancrum oris) রোগে ক্লোরেট্ অব পটাশের ন্যায় উপকারী ঔষধ আর নাই। ইহা বালকদিগের জন্য প্রত্যহ ৫—২০ গ্রেণ এবং বয়স্কদিগের জন্য ২০—৩০ গ্রেণ মাত্রায় ব্যবহার করা যাইতে পারে। ডাঃ ওয়েষ্ট্ বলেন, ইহা ব্যবহারে ২।৩ দিন মধ্যেই উপশম দেখাযায় এবং ১০ দিবস ব্যবহার করিলে রোগ একেবারে আরোগ্য হইয়া থাকে। ৩ বৎসর বয়স্ক শিশুকে ৩ গ্রেণ এবং ৮।৯ বৎসর বয়স্ক শিশুকে ৫ গ্রেণ ক্লোরেট্ অব্ পটাশ্ ৪ ঘণ্টা অন্তর একটুকু মিঠ জল সহযোগে প্রয়োগ করিলে উপকার দর্শিয়া থাকে। সেই সময়ে রোগীর কোষ্ঠপরিষ্কার ও বলবিধান জন্য ঔষধ প্রদান করা বিধেয়। টিথিং (Teething) বা ছেলেদের দন্তোদ্গমন কালে দন্তমাড়ির প্রদাহ জন্মিলে ১ বৎসরের সন্তানকে ২ গ্রেণ মাত্রায় ক্লোরেট্ অব্ পটাশ্, ৪ ঘণ্টা অন্তর ব্যবস্থা করিলে বিশেষ উপকার হয়। প্রবল থ্রাস্ (Thrush) রোগে যখন দুর্গন্ধ শ্বাস বহির্গত এবং ওষ্ঠ ও মাড়ি স্ফীত হয়, তখন ক্লোরেট্ অব্ পটাশ ৩—৫ গ্রেণ মাত্রায়, ৪ ড্রাম জলের সহিত ৪ ঘণ্টা অন্তর ব্যবস্থা করিবে।

ডিপ্থিরিয়া রোগে ইহা পূর্ণ মাত্রায়, লাইকর সিন্কোনি সহযোগে ব্যবহার করিলে কথন কথন উপকার পাওয়াযায়। ইহার উগ্র সলিউশন্ কুলি স্বরূপ ব্যবহার করা যাইতেপারে। ক্রুপ্ (Croup) রোগে একমাত্রা বমনকারক ঔষধ দ্বারা বমন করাইয়া, ক্লোরেট্ অব্ পটাশ্ ৫ গ্রেণ মাত্রায়, দুগ্ধ অথবা জলের সহিত মিশ্রিত করিয়া, প্রত্যেক ৩।৪ ঘণ্টা অন্তর ব্যবস্থা করিলে বেশ ফল লাভ হয়।

ইন্ফ্যান্টাইল্ কলেরা যখন রক্তআমাশয়ে পরিণত হইয়া টাইফয়েড্ লক্ষণ প্রকাশ করে এবং রোগী দুর্ব্বল হইয়া পড়ে ও মল দুর্গন্ধযুক্ত হয়, তখন ক্লোরেট্ অব্ পটাশ্, পাল্ভ্ ট্রাগাকান্থ কম্পাউণ্ড এবং কোন এরোমেটিক সঙ্গে ব্যবহার করিলে উপকার দর্শে। উপদংশ কিংবা ক্যান্সার্ বশতঃ ক্ষয়কারী এবং অস্বাস্থ্য-কর ক্ষতরোগে ক্লোরেট্ অব্ পটাশ্ ২০—৩০ গ্রেণ মাত্রায়, ১।২ আউন্স ডিকক্শন্ অব্ সিন্কোনা সহযোগে, দিবসে ৩ বার ব্যবহার করিলে উপকার দর্শিয়া থাকে। ইহার স্থানিক ব্যবহারেও উক্ত ব্যাধিতে উপকার হইতে পারে। ক্ষত পরিস্কার করিয়া ক্লোরেট্ অব্ পটাশ্ চূর্ণকারে ব্যবহার করিতে হয়।

বৃদ্ধদের ক্রনিক ব্রঙ্কাইটিস্ রোগে এবং শিশুদের হুপিংকফের পর ক্রনিক ব্রঙ্কাইটিস্ হইলে, ক্লোরেট্ অব্ পটাশ্ দ্বারা উপশমিত হইয়া থাকে। যক্ষ্মা-কাসের বর্দ্ধিতাবস্থায় জিহ্বার ক্ষত নিবন্ধন গলাধঃকরণ করিতে কষ্ট হইলে, ক্লোরেট্ অব্ পটাশ্ ৪০—৬০ গ্রেণ, গ্লিসিরিণ ½ আউন্স, মর্ফিয়া ১½—২ গ্রেণ, সিম্প্ল সিরাপ্দ্বারা মোট ৪ আউন্স করিয়া এক এক চা-চামচ্ আস্তে আস্তে গলাধঃকরণ করিলে স্থানিক ক্রিয়া প্রকাশ করতঃ উপকার দর্শে।

সর্দ্দির প্রথমাবস্থায় ক্লোরেট্ অব্ পটাশ্ ব্যবহার করিলে নাসিকা-বন্ধ ও স্বরভঙ্গ ইত্যাদি লক্ষণের উপকার হয়। প্রত্যহ ৮।১০ খানি ইহার লোজে-ঞ্জিস্ ব্যবহার করা যাইতে পারে।

পারদ সেবনান্তে অত্যন্ত মুখ-আসিলে প্রথমে অন্ত্রপরিস্কার করাইয়া নিম্ন-লিখিত ব্যবস্থাপত্র প্রদান করিলে উপকার দর্শে।

℞

Potas Chlor grxv—xx
Acid Hydrochlor Dil mx
Spt. Chloroform mx
Infus Cinchonæ ad ℥i

M. ft 1 dose to be taken thrice daily.

কেরিজ্ বশতঃ দন্তশূল জন্মিলে দন্ত-গহ্বরে ক্লোরেট্ অব্ পটাশ্ সিক্ত করিয়া প্রয়োগ করিলে কথন কথন ইহা নিবারিত হয়। ওজিনা বা পিনাস্ রোগে ইহা বাহ্যিক ব্যবহার করিলে বিশেষ ফল পাওয়া যায়।

লাটিন।	ইংরেজী।
অরেন্সিয়াই কর্টেক্স।	বিটার অরেঞ্জ্ পীল্।
Aurantii Cortex.	Bitter Orange Peel.

প্রয়োগরূপ—

(১) ইন্ফিউশাম্ অরেন্সিয়াই।	ইন্ফিউশন্ অব্ অরেঞ্জ্ পীল্।
Infusum Aurantii.	Infusion of Orange Peel.

মাত্রা—১—২ আউন্স।

(২) ইন্ফিউশাম্ অরেন্সিয়াই কম্পজিটাম্।	কম্পাউণ্ড ইন্ফিউশন্ অব্ অরেঞ্জ্ পীল্।
Infusum Aurantii Compositum.	Compound Infusion of Orange Peel.

মাত্রা—১—২ আউন্স।

(৩) সিরাপাস্ অরেন্সিয়াই।	সিরাপ্ অব্ অরেঞ্জ্ পীল্।
Syrupus Aurantii.	Syrup of Orange Peel.

মাত্রা—১—২ ড্রাম।

(৪) টিংচুরা অরেন্সিয়াই।	টিংচার অব্ অরেঞ্জ্ পীল্।
Tinctura Aurantii.	Tincture of Orange Peel.

মাত্রা—১—২ ড্রাম।

(৫) টিংচুরা অরেন্সিয়াই রিসেন্টিস্।	টিংচার অব্ ফ্রেস্ অরেঞ্জ্ পীল্।
Tinctura Aurantii Recentis.	Tincture of Fresh Orange Peel.

একোয়া অরেন্সিয়াই ফ্লোরিস্। অরেঞ্জ্ ফ্লাওয়ার ওয়াটার।
Aqua Aurantii Floris. Orange Flower Water.

মাত্রা—১—২ আউন্স।

প্রয়োগরূপ—

সিরাপাস্ অরেন্সিয়াই ফ্লোরিস্। সিরাপ্ অব্ অরেঞ্জ্ ফ্লাওয়ার ওয়াটার।
Syrupus Aurantii Floris. Svrup of Orange Flower Water.

মাত্রা—১—২ ড্রাম।

ক্রিয়া—আগ্নেয় ও বায়ুনাশক। সুগন্ধি করিবার জন্য অন্যান্য ঔষধের সহিত ব্যবহৃত হয়। ইহা ডিস্পেপ্সিয়া রোগের চিকিৎসায় অন্যান্য তিক্ত ঔষধাদির সহিত ব্যবহার করা যায়। কুইনাইনের তিক্ততাও ইহাদ্বারা কিয়ৎ পরিমাণে দূরীকৃত হয়।

ল্যাটিন।	ইংরেজী।
লিমোনিস্ কর্টেক্স।	লেমন্ পীল্।
Limonis Cortex.	Lemon Peel.

প্রয়োগরূপ—

সিরাপাস্ লিমোনিস্। সিরাপ্ অব্ লেমন্স্।
Syrupus Limonis. Syrnp of Lemons.

মাত্রা—১—২ ড্রাম।

টিংচুরা লিমোনিস্। টিংচার অব্ লেমন্ পীল্।
Tinctura Limonis. Tincture of Lemon Peel.

মাত্রা—১—২ ড্রাম।

ওলিয়াম্ লিমোনিস্। অয়েল্ অব্ লেমন্স্।
Oleum Limonis. Oil of Lemons.

মাত্রা ১—৪ মিনিম্।

লিমোনিস সাক্কাস্। লেমন্ জুস্।
Limonis Succus. Lemon Juice.

মাত্রা ১—৪ ড্রাম।

ক্রিয়া—লেবুর ত্বক সুগন্ধি ও আগ্নেয়। লেমন্-অয়েল্ আভ্যন্তরিক

প্রয়োগে উত্তেজক ও বায়ুনাশক। বাহ্যিক প্রয়োগে উত্তেজক ও প্রদাহ-উৎপাদক। লেবুর-রস সাইট্রিক্ এসিডের ন্যায় শৈত্যকারক এবং ইহার পরিবর্ত্তে এফারভেসিং ড্রাফ্ট্‌স্ প্রস্তুত করিবার জন্য ব্যবহৃত হইতে পারে। এতদ্ব্যতিত ইহার এণ্টিস্করবিউটিক্ (স্কার্ভিনাশক) গুণ আছে। কিন্তু সাইট্রিক্ এসিডের সে গুণ নাই। ডাং গ্যারড্ বলেন যে ইহাতে পটাশিয়মের লবণ আছে; তজ্জন্য ইহা ব্যবহারে স্কার্ভি রোগে উপকার হইয়া থাকে।

২০ গ্রেণ কার্ব্বনেট্ অব্ সোডা সমক্ষারাম্ল করিবার জন্য ২২ ড্রাম লেবুর রস আবশ্যক।

"	"	বাইকার্ব্বনেট্ অব্ সোডা		"	"	"	২ আউন্স	"	"
"	"	কার্ব্বনেট্ অব্ পটাশ্		"	"	"	২	"	" "
"	"	"	" এমোনিয়া	"	"	"	৬ ড্রাম	"	"

আময়িকপ্রয়োগ—এক্রোনার্কটিক্ (যেমন ক্রোটন্-সিড্) পয়জনদ্বারা বিষাক্ত হইলে লেমন্-জুস্ অত্যন্ত উপকারী।

স্কার্ভিরোগে ইহা নিবারক ও আরোগ্যকারী ঔষধ মধ্যে পরিগণিত। তরুণ রক্তআমাশয় ও উদরাময় রোগে ইহা ব্যবহার করিলে কখন কখন ফল দর্শিয়া থাকে। স্কার্ভিজনিত রক্তআমাশয় রোগে ইহাদ্বারা বিশেষ উপকারের আশা করা যায়। তরুণ বাতরোগে ১—২ আউন্স লেমন্-জুস্ প্রতি ৪ কি ৬ ঘণ্টা অন্তর ব্যবস্থা করিলে উত্তম ফল দর্শিয়া থাকে। গর্ভাবস্থায় বমন বিদ্যমান থাকিলে, লেবুর-রসদ্বারা বমন নিবারিত হইয়া থাকে। বুকজ্বালাতে কখন কখন ইহাদ্বারা ফল পাওয়া যায়। হস্তেরতালুতে চর্ম্মরোগ (সোরা-এসিস্) হইলে তাজালেবুর রস ব্যবহারে দূরীভূত হয়। স্ক্রোটাম্ (মুষ্কত্বক) ও মলদ্বারে চুলকাণি হইলে গরমজলে ধৌত করিয়া টাট্কা লেবুররস লাগাইলে বেদনা ও জ্বালা উপশমিত হয়। জ্বরীয় ও প্রদাহিক ব্যাধিতে দুইটুকরা লেবু, দুই আউন্স চিনির সহিত, ১ পাইণ্ট ফুটিতজলে কিছুকাল ভিজাইয়া রাখিবে। পরে শীতল হইলে ছাঁকিয়া যথেষ্ট পরিমাণে পান করিতে দিবে।

ডায়েবিটিস্, Diabetes (বহুমূত্র) রোগে লেবুর-রসদ্বারা জল অম্লাক্ত করিয়া সেবন করিলে পিপাসা নিবারিত হয়। এইরোগে জলীয় প্রদার্থ, আহারের সময় পান না করিয়া মধ্যে মধ্যে পান করা বিধেয়।

সপ্তম অধ্যায়।

প্রথমবিভাগীয় প্রথমশ্রেণীস্থ পঞ্চমউপশ্রেণী।

ANTIPYRETICS.

উত্তাপনাশক ঔষধ সকল।

যে সকল ঔষধ দ্বারা উত্তাপ হ্রাস হয় তাহাদিগকে এণ্টিপাইরেটিক্‌স্‌ বা উত্তাপনাশক ঔষধ বলে। অন্যান্য বিশেষ ইন্দ্রিয়ের উপর বিশেষ ক্রিয়ার বিদ্যমানতা সত্বেও যে সকল ঔষধ শরীর উত্তাপ লাঘব করে তাহারাই উত্তাপনাশক ঔষধ শ্রেণী মধ্যে পরিগণিত।

(১) স্যালিসিলিক্ এসিড্‌ এণ্ড্‌ স্যালিসিলেট্‌ অব্‌ সোডিয়াম (Salicylic Acid and Salicylate of Sodium.)

(২) কুইনাইন্ সল্ট্‌স্‌ (Quinine salts).

(৩) সিন্‌কোনাইন্ সল্ট্‌স্‌ (Cinchonine salts)

(৪) সিন্‌কোনিডাইন্ সল্ট্‌স্‌ (Cinchonidine salts)

(৫) এল্‌কোহল (Alcohol)

(৬) ক্লোর‍্যাল্ হাইড্রেট্‌ (Chloral hydrate)

(৬) ট্রাইমিথাইলয়্যামিন্ (Trimethylamin)

(৭) ইউক্যালিপ্‌টোল্ (Eucalyptol)

(৮) ক্যাম্ফার এবং এসেন্‌সিয়েন্ অয়েল্‌স (Camphor and essential oils)

(১০) একোনাইট্‌ (Aconite)

(১১) ভিরাট্রিন্ (Veratrine)

(১২) ডিজিটেলিস্‌ (Digitalis)

(১৩) কোল্ড্‌ বাথ্‌স্‌ (Cold baths)

(১৪) ভিনিসেক্‌শন্ (Venesection)

(১৫) পারগেটিভ্‌স্‌ (Purgatives)

(১৬) ব্লিষ্টার্‌স্‌ (Blisters)

(১৭) ফিনাসিটিন্ (Phenacetin)

(১৮) এণ্টিফিব্রিন্ (Antifebrin)

(১৯) এণ্টিপাইরিন্ (Antipyrine)

Physiological action and Therapeutical uses of Antipyretics.

উত্তাপনাশক ঔষধ সকলের ফিজিওলজিক্যাল ক্রিয়া ও থিরাপিউটিক্যাল্ ব্যবহার।

ফিজিওলজিক্যাল্ ক্রিয়া	থিরাপিউটিক্যাল্ প্রয়োগ
এণ্টিপাইরেটিক ঔষধ সকল দ্বারা শারীরিক উত্তাপ হ্রাস হয়। উহাদের কতকগুলি কেবল জ্বরাদির অস্বাভাবিক উষ্ণতা এবং আর কতকগুলি শরীরের স্বাভাবিক উত্তাপের উপর ক্রিয়া প্রকাশ করে। এই জন্যই ইহাদের শ্রেণী বিভাগ করা হইয়াছে।	যে পর্য্যন্ত শারীরিক উত্তাপ কোন নির্দ্দিষ্ট সীমা অতিক্রম না করে, সেই পর্য্যন্ত উহাতে কোন বিশেষ বিপদের আশঙ্কা নাই বলিয়া, কেবল উত্তাপ হ্রাস করিবার জন্য বিশেষ চেষ্টার আবশ্যক করেনা। অনেক বহুদর্শিতা দ্বারা জানাগিয়াছে যে, উক্ত ঔষধ দ্বারা যদিও তরুণ-ব্যাধির উত্তাপ হ্রাস হয় বটে, তথাপি,পীড়ার গতির কোন ব্যতিক্রম হয়না ; সেইজন্য আমরা রোগীর বলরক্ষা এবং অন্য কোনরূপ উপসর্গ না জন্মিতে পারে, তদনুরূপ চিকিৎসা করিয়া থাকি। সে যাহা-হউক, যখন উত্তাপ ১০৫ ডিগ্রি বা তদপেক্ষা অধিক হইবার উপক্রম হয়, তখন আমরা তাহার প্রতিবিধান জন্য হস্তক্ষেপ করিয়া থাকি।
(১) যে সকল উপায় স্থানিক প্রযুক্ত হইলে শরীর সাক্ষাৎসম্বন্ধে শীতল হয় তাহারা এই শ্রেণীভুক্ত।	(১) ইহারাই উত্তাপ হ্রাস করিবার উৎকৃষ্ট উপায়। ইহা কোল্ড্ এফিউজন্ Cold affusion (শীতল বারীধারা) ওয়েট্ প্যাক্ (Wet pack)

	গ্রাজুয়েটেড্ কোল্ড্ বাথ্ (Graduated Cold bath) ইত্যাদি উপায় দ্বারা সাধিত হইয়া থাকে। শেষোক্ত উপায়টী সর্ব্বোৎকৃষ্ট।
(২) যাহাদের আভ্যন্তরিক প্রয়োগদ্বারা শরীরের উত্তাপ কম হয় তাহারাই এই শ্রেণীর অন্তর্গত। ইহারা শরীরের দাহন-ক্রিয়ার ন্যূনতা জন্মাইয়া ও মস্তিষ্কমণ্ডলীর উপর বিশেষ কোন ক্রিয়া প্রকাশ করিয়া উক্তকার্য্য সম্পন্ন করিয়া থাকে।	(২) এই শ্রেণীস্থ ঔষধদিগকেই প্রকৃত এণ্টিপাইরেটিক্ ঔষধ বলিয়া কথিত হয়, যথা কুইনাইন্, ডিজিটেলিস্, ভিরাট্রিন্, এল্কোহল্, স্যালিসিলিক্ এসিড্ ইত্যাদি। কিন্তু শেষোক্তটী ব্যতীত অন্যগুলি উত্তাপের লাঘবজন্য ব্যবহৃত হয় না। অতীব আশ্চর্য্যের বিষয় এই যে, ইহাদের মধ্যে কোন একটী ঔষধ অধিক এবং প্রায় বিষাক্ত মাত্রায় না দিলে স্বাভাবিক উত্তাপ হ্রাস করিতে পারে না।
(৩) যে সকল ঔষধ সুপারফিসিয়েল্ ভেসেল্স্ (অনিম্নরক্তবহা-নাড়ী) দিগকে প্রসারিত করিয়া চর্ম্মে অধিক পরিমাণে রক্ত সঞ্চিত এবং শীতল বায়ুর সহিত সংলগ্ন করাইয়া কার্য্য করে তাহারা এই শ্রেণীভুক্ত।	(৩) ঘর্ম্মকারক ঔষধ সকল, যথা-কোর‍্যাল্ হাইড্রেট্, ওয়ার্ম্ম-বাথ্ ইত্যাদিও এই শ্রেণীভুক্ত।
(৪) যে সকল ঔষধ স্নায়ু-মণ্ডলীর বল বিধান করিয়া উত্তাপ হ্রাস করে।	(৪) উত্তাপ বৃদ্ধি দুর্ব্বলতার লক্ষণ বলিয়া, তাহা নিবারণ জন্য আমরা বলকারক ঔষধ, উত্তম খাদ্য, অল্প মাত্রায় এলকোহল্ ইত্যাদি ব্যবস্থা করিয়া থাকি।

BATH. স্নান।

বিশুদ্ধ জল অথবা ঔষধ দ্রব্য মিশ্রিত জল দ্বারা সমস্ত শরীর বা শরীরের কোন অংশ ধৌত করার নাম বাথ্ (Bath) অর্থাৎ স্নান। নিম্নলিখিত প্রকারে ইহাকে শ্রেণী বিভাগ করা যাইতে পারে।

(১) সমুদয় শরীর শীতল জলে স্নাত করিলে তাহাকে কোল্ড্ বাথ (Cold bath) বলা যায়।

(২) পদ হইতে নাভিদেশ পর্য্যন্ত জলে নিমজ্জিত করিলে তাহাকে হিপ্ বাথ্ (Hip bath) বা কটি স্নান বলে।

(৩) পদ হইতে জানু পর্য্যন্ত জলে নিমজ্জিত হইলে তাহাকে ফুট্‌বাথ্ (Foot bath) বলে ; ইহার অপর নাম পেডেলিয়ুবিয়েম্।

(৪) সহস্র ধারায় স্নানের নাম সাওয়ার-বাথ্ (Shower bath)

(৫) উর্দ্ধ হইতে শরীরে বারিধারা পতিত করার নাম ডুস্ (Douche)

(৬) এক সময়ে অধিক পরিমাণ জল পতনের নাম এফিউজন্ (Affusion)

(৭) স্পঞ্জ্ অথবা গামছা জলে সিক্ত করিয়া শরীর পুছাইলে তাহাকে স্পঞ্জিং (Sponging) কহে।

(৮) যথোপযুক্ত যন্ত্র দ্বারা শরীরের কোন অংশে বিন্দু বিন্দু জল পাতিত করার নাম ইরিগেশন্ (Irrigation)।

(৯) ফারেনহিট্ তাপমানের ৯২ হইতে ৯৮ তাপাংশ পরিমিত উষ্ণজল দ্বারা শরীর স্নাত করিলে তাহাকে ওয়ারম্ বাথ্ (Warm bath) কহে।

(১০) ফারেনহিট্ তাপমানের ৯৮ হইতে ১১১ তাপাংশ পরিমিত উষ্ণজল দ্বারা স্নান করার নাম হট্‌বাথ্ (Hot bath)

COLD BATH.

কোল্ডবাথ্ দ্বারা হৃদ্‌পিণ্ডের ক্রিয়া বর্দ্ধিত, রেস্‌পিরেশন (শ্বাসপ্রশ্বাস-কার্য্য) ক্লেশীভূত ও অনিয়মিত, শারীরিক উত্তাপ মন্দীভূত এবং দৈহিক বিধান দেহান্তরিত হয়। প্রস্রাব হইতে ইউরিয়া অধিক পরিমাণে ও কখন কখন যে অণ্ডলাল বহির্গত হয়, তদ্দ্বারাই দৈহিক বিধানের ধ্বংস অনুমিত হইয়া থাকে। সমুদ্র জলে স্নান এবং কোল্ড্‌বাথ্ দ্বারা এত মানসিক নিস্তে-

জতা জন্মে যে ইহার বলবিধায়ক গুণ বিদ্যমানেও শিশু, গর্ভবতী-স্ত্রী, অল্প-বয়স্ক ও বৃদ্ধ প্রভৃতি দুর্ব্বলকায় ব্যক্তিদিগের পক্ষে অব্যবহার্য্য বলিয়া বিবেচিত হয়।

জলের শীতলতা ও স্নানকালীন জলে অবস্থিতির তারতম্যানুসারে কোল্ড্ বাথের কার্য্যকারীতা নির্ভর করে অর্থাৎ জল শীতল হইলে ও তাহাতে অধিকক্ষণ অবস্থিতি করিলে এবং পুষ্করিণী-আদির বদ্ধজল হইতে স্রোতজলে অবগাহন করিলে অপেক্ষাকৃত শারীরিক অবসন্নতা বর্দ্ধিত হয়।

দুর্ব্বল ও ব্যাধিগ্রস্থ হইলে, জল অধিক শীতল হওয়া উচিত নয়; স্থির জলে স্নান করা বিধেয় এবং স্নান কালে অধিকক্ষণ জলে থাকা উচিত নহে, এজন্য স্নানের ব্যবহার পূর্ব্বে, রোগীর বল, জলের উত্তাপ, স্নানকালে জলে অবস্থিতি, এই তিন বিষয়ের প্রতি বিশেষ দৃষ্টি রাখিবে।

শারীরিকবল বিধান করে বলিয়া, কোল্ড্ বাথ্ পৃথিবীর সকল স্থানে সাদরে ব্যবহৃত হয়। স্নানকালে যখন শরীরের স্ফূর্ত্তি ও অল্প উত্তেজনা জন্মে তখন স্নান বন্ধ করা উচিত; কারণ শরীর তখন শীতলতার দুর্ব্বলকারী ক্রিয়া প্রতিবাধা দিতে সক্ষম হয় এবং স্বাস্থ্যকর উত্তেজনা দীর্ঘকাল স্থায়ী হয়, এজন্য স্নানান্তে শারীরিক বিধানের দাহনক্রিয়া বর্দ্ধিত, রক্তের দূষিত পদার্থ দূরীকৃত, এবং শারীরিক বিধানের ক্ষয় ও সংস্কার বৃদ্ধি হওয়া প্রযুক্ত শরীর ও মন সতেজ হইয়া থাকে। সুতরাং কোল্ড্ বাথ্ বলকারক বলিয়া বিখ্যাত; কোল্ড্ বাথ্ অনুপযুক্তরূপে ব্যবহৃত হইলে, শরীর ক্রমে দুর্ব্বল ও নিস্তেজ হয়; অনেক স্থলে ইহাদ্বারা হানিও জন্মিয়া থাকে।

যথানিয়মে স্নান করিলে, রোগীর শরীরের ভার বর্দ্ধিত, আকৃতি সুশ্রী ও পরিষ্কৃত হয়; বিশেষতঃ স্নান কালে সাঁতার দিলে মাংসপেশী দৃঢ় ও বলিষ্ঠ, হয়, ও মনের সজীবতা জন্মে; এবং পূর্ব্বের ন্যায় শারীরিক ও মানসিক বল লাভ হইয়া থাকে।

পুরাতন ব্যাধির সহিত দুর্ব্বলতা বর্ত্তমান থাকিলে, সমুদ্রে স্নান দ্বারা বিশেষ উপকার সাধিত হয়; তরুণ ব্যাধি হইতে আরোগ্যোন্মুখ, যাঁহারা অতিরিক্ত কার্য্য ও সহরের দূষিত বায়ু সেবনে স্বাস্থ্য নষ্ট করিয়াছেন, তাঁহারা ও পরিশ্রমবিমুখ অথবা অতিরিক্ত পরিশ্রমী এবং অমিতচারী ব্যক্তির পক্ষে সমুদ্রে স্নান বিশেষ উপকারক।

ল্যারিঞ্জিস্মাস্-ষ্ট্রাইডিউলাস্ (Laryngismus stridulus) কোরিয়া (Hysteria) হিষ্টিরিয়া (Stupor of fever and drunkenness) ষ্টুপার অব্ ফিবার্ এণ্ড্ ড্রাঙ্কেন্‌নেস্ জ্বর এবং সুরাপান জনিত ঝিমনিতে কোল্ড্ বাথের-দ্বারা উপকার দর্শে। জ্বরে উত্তাপাধিক্য থাকিলে কোল্ড্ এফিশন্ দ্বারা উপকার পাওয়া যায়।

কোন রোগে ফারেন্‌হিট্ তাপমানের ১০৭ ডিগ্রীর উপর টেম্পারেচার থাকিলে যে, প্রায়ই সাংঘাতিক হয়, তাহা সকলেই স্বীকার করেন। ইতিপূর্ব্বে এইরূপ হানিজনক উপসর্গ নিবারণের কোন উপায় ছিলনা ; কিন্তু অল্প কয়েক বৎসর হইল ডাং উইল্‌শন্ ফক্স্ (Dr. Wilson Fox) এবং অন্যান্য কতিপয় মহোদয়গণ, একিউট্ রিউমেটিজম্ (তরুণবাত) রোগের উত্তাপাধিক্যে, রোগীকে ফারেন্‌হিটের ৯৫ ডিগ্রী উষ্ণজলে বসাইয়া, যে পর্য্যন্ত জলের উত্তাপ ৬০ ডিগ্রী না হয়, সেই পর্য্যন্ত তাহাতে ক্রমে ক্রমে বরফ কিংবা শীতল জল প্রয়োগ করিয়া নিরাপদে টেম্পারেচার্ কমাইয়াছিলেন। এইপ্রকারে ৫ হইতে ১২ ডিগ্রী উত্তাপ শীঘ্র শীঘ্র কমান যাইতে পারে। কিন্তু স্মরণ রাখা কর্ত্তব্য যে, রোগীকে বাথ্ হইতে বিছানায় লইয়া যাইবার পরও ৪ হইতে ৫ মিনিটের মধ্যে ৫।৮ ডিগ্রী টেম্পরেচার্ কম হয়।

চিকিৎসার প্রথমদিবসে ৪।৫ বার উক্ত প্রকারে বাথ্ দেওয়া আবশ্যক হইতে পারে। ২০।৩০ মিনিট বাথে থাকা উচিত। যখন ১০৫ ডিগ্রী টেম্পারেচার হয়, তখন পুনরায় বাথ্ দিবে। এই প্রকারে অনেক রোগীর প্রাণ রক্ষা করা যাইতে পারে। যখন উত্তাপের লাঘব হওয়ার স্বাভাবিক প্রবণতা থাকে, (অপরাহ্ণ ৭টা হইতে রাত্রি ২টা পর্য্যন্ত এবং দিবাভাগে ১১টা হইতে ২টা সময় পর্য্যন্ত) তখন বাথ্ ব্যবহার করিলে সুফলের আশা করা যায়। রোগীর যাহাতে কোল্যাপস্ (পতনাবস্থা) না হয়, তজ্জন্য সতর্ক হইবে। দুর্ব্বল হইলে ব্রাণ্ডি-প্রভৃতি ষ্টিমিউল্যাণ্ট বা উত্তেজক ঔষধ ব্যবস্থা করিবে।

জর্ম্মানদেশীয় চিকিৎসকেরা সকল প্রকার জ্বরেই কোল্ড্‌বাথ্ প্রচুর পরিমাণে ব্যবহার করিয়া থাকেন। তদ্দেশীয় কেহ কেহ দেখিয়াছেন যে, নিতান্ত খারাপ অবস্থাতেও ডাং লিচারমাষ্টার (Dr. Liebermuster), রোগীকে ২ঘণ্টা কাল জলে বসাইয়া মৃত্যুসংখ্যা কমাইয়াছেন ; কিন্তু ইংরেজ চিকিৎসক-

দের মত ইহার বিপরীত। উহারা বলেন যে, বাথ্ ব্যবহারে মৃত্যুসংখ্যা কমেনা ; কিন্তু ইহাতে শারীরিক বিধান ধ্বংসের ন্যূনতা ও টাইফয়েড্-লক্ষণের উগ্রতা কতক উপশম হইতে পারে। রোগীর উত্তাপ ১০২ ডিগ্রী হইলে কোল্ডস্পঞ্জিং ব্যবহার করিবে, এবং ১০৪ ডিগ্রী না হইলে কোল্ড্ বাথ ব্যবহার করিবে না ; এসম্বন্ধে এই নিয়মই উৎকৃষ্ট।

কোল্ড বাথের নিয়ম।

কোল্ড্ বাথ্ জন্য ৩২—৬০ তাপাংশ পরিমিত জল ব্যবহার করিবে। গভীর নিদ্রার পর অতিপ্রত্যূষে কোল্ড্ বাথ্ (শীতল জলে স্নান) ব্যবহার করাই ভাল। বাথ্দ্বারা পরিপাক ক্রিয়া স্থগিত হয়, এজন্য আহারের ৩ ঘণ্টা পরে স্নানকরা কর্ত্তব্য। সর্ব্বাপেক্ষা অবগাহনই শ্রেষ্ঠ। ঘর্ম্মাক্ত শরীরে এবং আহারের অব্যবহিত পূর্ব্বে কিংবা পরে স্নান করিলে, গ্যাষ্ট্রিক্-জুস্ অল্পপরিমাণে নিঃসৃত হয়, অথবা একেবারেই বন্ধ হইয়া যায় ; তজ্জন্য পরিপাকের ব্যাঘাত জন্মে। মানসিক উত্তেজনা থাকিলে স্নান করা উচিত নহে ; কারণ তাহা হইলে নার্ভ (স্নায়ু) উত্তেজিত না হওয়াতে ক্লান্তি, ঠাণ্ডা এবং কম্প ও অবসাদ উপস্থিত হয় ; তজ্জন্য শিশুদিগের স্নানে অনিচ্ছা থাকিলে নানাবিধ প্রলোভন বাক্যে মুগ্ধ করিয়া স্নান করান উচিত। গর্ভের বর্দ্ধিতাবস্থায় সমুদ্রজলে স্নান অবিধেয়, যেহেতু ইহাতে গর্ভস্রাব হওয়ার নিতান্ত সম্ভাবনা। যে সকল স্ত্রীলোকের গর্ভস্রাব হইয়াছে, তাহাদেরও সমুদ্রজলে স্নানকরা অনুচিত। স্নান সম্বন্ধে যে যে নিয়ম নির্দ্ধারিত হইল, অন্যান্য অবস্থায় তদনুসারে স্নান করা উচিত। স্নানের সময় ব্যায়ামদ্বারা শরীর পরিক্লান্ত হয়, এজন্য দুর্ব্বল ব্যক্তির পক্ষে স্নানকালীন ব্যায়াম নিতান্ত অপকারী। স্নানান্তে ব্যায়াম করিলে স্নানের উপকারিতা কিছুমাত্র থাকেনা। অতএব স্নানের পর ব্যায়াম-ইচ্ছা প্রবল হইলেও তাহা হইতে নিবারিত থাকা উচিত। স্নানের পূর্ব্বে প্রথমে মস্তকে শীতলজল দিবে ; জল হইতে উঠিয়া শীঘ্র শরীর পুছিয়া আর্দ্র-বস্ত্র ত্যাগকরা উচিত।

WET SHEET PACKING.

আর্দ্রবস্ত্রদ্বারা আচ্ছাদন।

এতদ্বারা চর্ম্মের অধিক উত্তেজনা জন্মে এবং ইহা এণ্টিপাইরেটিক্

চিকিৎসায় ব্যবহৃত হইয়া থাকে। বসন্ত প্রভৃতি তরুণ ইরাপ্‌টিভ্ ফিবারে (Acute Eruptive Fevers) ইরাপ্‌শন উত্তমরূপে না উঠিলে, অথবা উঠিয়া অন্তর্হিত হইলে, উপরোক্ত উপায়ে ব্যবহার করিলে ফল দর্শে।

ইতিপূর্ব্বে অধিকাংশ রোগীকেই আর্দ্রবস্ত্রে আবৃত করিয়া রাখা হইত; কিন্তু বর্ত্তমান সময়ে কদাচিৎ ইহা ব্যবহৃত হইলেও অনেক ব্যাধিতে উৎকৃষ্ট চিকিৎসা বলিয়া গণ্য। স্পিসিফিক্ ফিবারে এবং তরুণ ও প্রদাহিক ব্যাধিতে ইহা ব্যবহার্য্য। বহুদিন যাবৎ স্কার্লেট্-ফিবারের প্রথম হইতে শেষ পর্য্যন্ত এরূপ চিকিৎসা চলিত হইয়া আসিতেছে। মধ্যবিৎ আকারের পীড়া হইলে, আর্দ্রবস্ত্রদ্বারা ৩০।৪০ মিনিট রোগীকে আবৃত রাখিলে যথেষ্ট হয়; কিন্তু যখন জ্বর প্রবল এবং র‍্যাস্ Rash (উদ্ভেদ) আস্তে আস্তে কিংবা অসম্পূর্ণরূপে প্রকাশ পায় এবং রোগীর অস্থিরতা ও প্রলাপ থাকে, তখন উহা একঘণ্টা কিংবা ততোধিক সময় পর্য্যন্ত দিবসে ৩।৪ বার ব্যবহার করা বিধেয়; এরূপ চিকিৎসাতে ইরাপ্‌শন শীঘ্র ও সুন্দররূপে প্রকাশ পায়; জ্বর ও নাড়ীর স্পন্দন কম ও চর্ম্ম আর্দ্র হয়, এবং অস্থিরতা ও প্রলাপ উপশমিত হইয়া থাকে।

একিউট্ রিউমেটিজমে (তরুণ বাত রোগে) যখন রোগী বেদনা জন্য উঠিতে পারে না তখন শরীরের সম্মুখদিকে থাকিং ও বেদনাযুক্ত সন্ধিতে কোল্ড্ কম্প্রেস্ (ভিজা নেকড়া) ২।৩ ঘণ্টা অন্তর প্রয়োগ করা উচিত।

নিউমোনিয়া (ফুস্‌ফুস্‌প্রদাহ) রোগে কেহ কেহ প্রতি ঘণ্টায় উহা কেবল বক্ষঃস্থলে প্রয়োগ করিয়া থাকেন; ইহাতে বেদনা ও জ্বর ন্যূন হইয়া থাকে। ডাং জনসন্ নিম্নলিখিত মতে উক্ত প্রণালী অবলম্বন করিতে ব্যবস্থা দেন।

প্রথমে রোগীকে শয্যায় শয়ন করাইয়া একটী বালিসে মস্তক রাখিতে হইবে, তদনন্তর শয্যা ও বালিসের উপর দুইখানা কম্বল স্থাপন পূর্ব্বক তাহার উপরিভাগে একখানি বস্ত্র শীতলজলে সিক্ত করতঃ বিশেষ রূপে নিংড়াইতে হইবে। রোগীকে উলঙ্গ করিয়া বালিসের উপরিভাগে মস্তক স্থাপন পূর্ব্বক চিৎ করিয়া শোওয়াইবে। কোন শুশ্রূষাকারী ব্যক্তি রোগীর বাম পার্শ্বে দাঁড়াইয়া মস্তক ও ঘাড়ের পশ্চাৎ প্রদেশ হইতে কম্বল দোমড়াইয়া

বক্ষঃস্থলের নিকট আনিবে, তাহার পর দক্ষিণধার হইতে কম্বল আনয়নপূর্ব্বক বামদিকে কাঁধের নিম্নভাগে গুজিবে; পুনর্ব্বার বক্ষঃস্থলের নিম্নভাগ হইতে পাদ পর্য্যন্ত বামধার হইতে কম্বল দক্ষিণধারে লইয়া, এবং দক্ষিণধারের কম্বল বামধারে আনিয়া রোগীকে আচ্ছাদিত করিতে হইবে, অবশেষে সকলের উপরিভাগে ৩।৪ খানা কম্বল দ্বারা বেষ্টন করিয়া রাখিবে।

SHOWER AND SPONGE BATHS.

সাওয়ার এবং স্পঞ্জ-বাথ্‌স্‌।

শরীরে সাওয়ার, ডুস্‌ এবং স্পঞ্জবাথ্‌স্‌ ব্যবহার করিলে স্নায়ু উত্তেজিত হইয়া দুর্ব্বলতা ও অবসন্নতা উৎপাদিত করে এবং এই অবস্থা অনেক ক্ষণ পর্য্যন্ত বর্ত্তমান থাকে। রোগী-সাওয়ার-বাথ্‌ ব্যবহারে কষ্টানুভব করে, এজন্য সচরাচর ইহা ব্যবহৃত হয়না; ইহার পরিবর্ত্তে স্পঞ্জ বাথ্‌ বা লোক্যাল-ডুস্‌ ব্যবহার করা যাইতে পারে। স্পঞ্জ-বাথ্‌ ব্যবহার করিলে, সাধারণতঃ বাথের সমস্ত গুণই লাভ করা যায়। উভয় বাথ্‌ দ্বারাই শরীর নির্ম্মলও বলশালী হয়। স্পঞ্জ-বাথ্‌ কেবল মাত্র বলকারক বলিয়া ব্যবহৃত হয়না; স্নায়ুমণ্ডলীর উপর ক্রিয়া প্রকাশ জন্যই ব্যবহৃত হইয়া থাকে। ল্যারিঞ্জিসমাস্‌-ষ্ট্রাইডিউলাস্‌ রোগে কোল্ড্‌স্পঞ্জিং (শীতল জলে স্পঞ্জ-সিক্ত-পূর্ব্বক পুছাইয়া-দেওয়া) উৎকৃষ্ট। রোগ যতই প্রবল হউক না কেন, ব্যাধির উগ্রতা অনুসারে দিবসে ২।৩ বার ব্যবহার করিলে অচিরে আরোগ্য লাভ হয়। এমন কি ইহা ব্যবহারে রোগী আশ্চর্য্যরূপে আক্রান্ত ব্যাধি হইতে মুক্তিলাভ করে। উক্তরোগে কোনরূপ উত্তেজনা বশতঃ আরোগ্যের বাধা হইলে, প্রথমে সেই উত্তেজনা দূরীভূত করিতে হইবে; যেমন, দন্তোদ্গমন জন্য যদি দন্ত মাড়ি বেদনাযুক্ত, লাল ও স্ফীত হয়, তাহা হইলে কর্ত্তন করিয়া দিবে এবং কৃমি থাকিলে সে গুলি দূর করিবার ব্যবস্থা করিবে। এই সকল উত্তেজনা বশতঃ উক্ত রোগ আরোগ্য হওয়ার বাধা জন্মে।

এমন অনেক দুর্ব্বল শিশু আছে যে, যাহারা রাত্রে কোন কারণ বশতঃ নিশ্বাস গ্রহণ করিতে না পারিয়া, নাক ডাকার সহিত হঠাৎ উঠিয়া পড়ে। ইহা ল্যারিঞ্জিস্মাস্‌ ষ্ট্রাইডিউলাস্‌ রোগ হইতে সম্পূর্ণরূপে বিভিন্ন: এই ব্যাধি সপ্ট-প্যালেটের (কোমলতালুর) পীড়া জনিত হইয়া থাকে। ল্যারিংস্‌ কিংবা

টন্‌সিলের ব্যাধিজন্ম হয়না। এরূপ অবস্থায় সকালে ও সন্ধ্যাবেলা কোল্ড্‌স্পঞ্জিং ব্যবহার করিলে এই আশ্চর্য্য ব্যাধি শীঘ্র আরোগ্য হইয়া যায়। কোরিয়া রোগে, দিবাভাগে কয়েক বার এরূপ বাথ্ ব্যবহার করিলে শীঘ্র আরোগ্য হয়। টনিক্ গুণবিধায় রিকেট্‌স্ (Rickets) রোগে ইহা দ্বারা অত্যন্ত উপকার দর্শে। বয়স্কদের স্বাস্থ্যভঙ্গ হইলে ও ইহা দ্বারা স্বাস্থ্যলাভ হইয়া থাকে। আর ও এনিমিয়া (Anæmia) লিউকোরিয়া (Leucorrhœa) এমিনোরিয়া (রজঃরুদ্ধ স্পার্ম্মেটোরিয়া (শুক্রমেহ) ইত্যাদি রোগেও কোল্ডস্পঞ্জিং ব্যবহার্য্য।

AFFUSION AND DOUCHE.

এফিউশন্ এবং ডুস্।

স্নিগ্ধজল প্রবল বেগে শরীরের প্রত্যেক অঙ্গপ্রত্যঙ্গে পতিত হইলে অধিক পরিমাণে অবসন্নতা জন্মে, এজন্য ইহার পরিবর্ত্তে কোল্ড্ এফিউশন্ সচরাচর ব্যবহৃত হইয়া থাকে ; এফিউশন্ প্রণালী অনুসারে শীতলজল কলসীতে রাখিয়া শরীরের উপরিভাগে প্রয়োগ করিতে হয়।

সান্‌ষ্ট্রোকে Sunstroke (সর্দ্দিগর্ম্মিতে) রোগী অজ্ঞান হইলে কোল্ড্ এফিউশন্ ব্যবহার্য্য।

ডুস্ (Douche) কিংবা এফিউশন্ (Affusion) সচরাচর স্থানিক ক্রিয়া জন্য ব্যবহৃত হয় ; সুরা কিংবা অহিফেণদ্বারা বিষাক্ত হইয়া রোগী অচেতন হইলে তাহার চেতনা জন্মাইবার জন্য ইহারা বিশেষ উপকারী। ডিলিরিয়াম্-ট্রিমেন্স রোগে কোল্ড্ ডুস্ ব্যবহারে প্রথমে চর্ম্মান্তর্গত শিরাসকল প্রসারিত হয়, তদনন্তর মস্তিষ্কের রক্ত, উহাতে প্রবিষ্ট হইয়া সুনিদ্রা আনয়ন করে। তরুণ স্পিসিফিক্ ফিবার্ কিংবা অন্যের উত্তেজনা বশতঃ মস্তকে প্রবল বেদনা জন্মিলে, কর্ণের নিকট একটী গামলা স্থাপন পূর্ব্বক গামলার একপার্শ্বে মস্তক রাখিয়া কপালে আস্তে আস্তে জল ঢালিবে এবং যাহাতে জল গামলায় পড়ে তৎপ্রতি বিশেষ দৃষ্টি রাখিবে। যে পর্য্যন্ত এই প্রণালীতে রোগীর সুখানুভব না হয়, ততক্ষণ পর্য্যন্ত প্রয়োগ করিবে ; আবশ্যক হইলে ইহা পুনর্ব্বার প্রয়োগ করা যাইতে পারে। এই প্রক্রিয়ার পরিবর্ত্তে আইস্‌ব্যাগ্ মস্তকে ব্যবহার হইতে পারে।

কোল্ড্ ডুস্ শরীরের কোন স্থানে প্রয়োগ করিলে স্থানিক বলকারকের ন্যায় ক্রিয়া করিয়া থাকে। অন্ন অপায় কিংবা গাউট্ ও রিউমেটিজম্ দ্বারা সন্ধি আরষ্ট হইলে, উহা দুরীভূত করিবার জন্য ইহার ব্যবহার করা যাইতে পারে। ব্যবহারকালে ইহার সহিত সাধারণ লবণ মিশ্রিত করিলে আরও উপকার হয়। স্পার্মেটোরিয়া রোগে শীতলজল নিতম্বে এবং বিটপি প্রদেশে (পেরিনিয়মে) যদেচ্ছাক্রমে দিবসে কয়েকবার প্রয়োগ করিলে এবং সকাল ও সন্ধ্যাবেলায় কয়েক মুহূর্ত্তের জন্য টেষ্টিকেলস্ শীতলজলে সিক্ত করিলে উপকার দর্শিয়া থাকে। ভেরিকোসিল্ রোগেও উক্তরূপ চিকিৎসা উপকারী। অর্শরোগে প্রতিদিন প্রাতে মলত্যাগের পূর্ব্বে অন্যান্য চিকিৎসার সহিত সরলান্ত্রে অর্দ্ধপাইন্ট শীতলজলের পিচকারী ব্যবহার করিলে, পীড়া উপশমিত, এমনকি অনেকস্থলে উহা আরোগ্যও হইয়া থাকে। পুরাতন উদরাময় এবং রক্তআমাশয় রোগে শীতলজলের পিচকারীদ্বারা উপকার হয়। রজঃ-আধিক্য এবং স্বাভাবিক ঋতুবন্ধদ্বারা স্ত্রীলোকদিগের যে সকল কষ্ট উপস্থিত হয়, তাহাতে মেরুদণ্ডের উপর সমপরিমাণ ভিনিগার্ এবং স্পিরিট্ অব্ ওয়াইন্ ৫।১০ মিনিট্কাল, প্রাতে ও সন্ধ্যাকালে স্পঞ্জ দ্বারা প্রয়োগ করিলে উপকার দর্শে। এরূপ ব্যবহারে উত্তেজিত স্নায়ু সকলের উত্তেজনা উপশমিতও সবল হইয়া থাকে।

কোন কোন ব্যক্তির বিশেষতঃ স্ত্রীলোকদের রাত্রিতে পদ এত শীতল হয় যে, তাহাতে নিদ্রার ব্যাঘাত জন্মায়; এরূপ অবস্থায় প্রত্যহ রাত্রিতে কয়েক মিনিটকাল দুই পা শীতল জলে রাখিয়া ঘর্ষণ করনান্তর পুঁছিয়া পশমিমোজা পায়ে দিলে উপকার হইয়া থাকে।

HOT AND WARM BATH.

হট্ এবং ওয়ারম্ বাথ্।

শরীরের উপরে তাপ-ক্রিয়া, শীতল-ক্রিয়ার বিপরীত। শরীরের স্বাভাবিক উষ্ণাপেক্ষা চতুর্দ্দিকের উত্তাপ অধিক হইলে, দাহনক্রিয়াদ্বারা শারীরিক বিধান-দিগের ডিষ্ট্রাক্শনের (ধ্বংসের) অধিক ন্যূনতা হইয়া থাকে। পরীক্ষাদ্বারা আরও স্থিরীকৃত হইয়াছে যে, শরীরের স্নায়ুদিগের ইলেক্ট্রিক্ কারেণ্টস্ (তাড়িত-

প্রবাহ) বাধা প্রাপ্ত অথবা একেবারে বিনষ্ট হইয়া থাকে। এজন্ত অনুমিত হইতেছে যে, শরীরের উত্তাপাধিক্য হইলে ইলেক্‌ট্রিক্ কারেণ্টস্ নষ্ট হয় ; তন্নিবন্ধন ইম্‌প্রেশন্ (সংস্কার) মস্তিকে কিংবা মস্তিষ্ক হইতে পরিচালিত হইতে পারে না। সম্ভবতঃ উল্লিখিত কারণে শরীর উত্তপ্ত হইলেই দুর্ব্বল হইয়া পড়ে।

ঈষদুষ্ণ জলে স্নান প্রথমে বড়ই সুখজনক বোধ হয় ; কিন্তু উহা অনুপযুক্তরূপে ব্যবহৃত হইলে হৃৎপিণ্ড ও রক্তবহানাড়ী স্পন্দিত হয়, মাথা দপ্ দপ্ করে এবং বুকে এক প্রকার কষ্টানুভূতি হইয়া থাকে, অবশেষে ঘর্ম্ম হইলে ক্রমশঃ উপরোক্ত লক্ষণ সকল উপশমিত অথবা দূরীভূত হইয়া যায়। অনেকক্ষণ হট্‌-বাথ্ ব্যবহার করিলে উল্লিখিত অসন্তোষজনক লক্ষণ সকল পুনরায় উপস্থিত হয় ; তৎসঙ্গে অবসন্নতা, ফেন্‌টিং (মূর্চ্ছা), নাড়ী দুর্ব্বল ও দ্রুতগতি এবং শারীরিক উত্তাপ বর্দ্ধিত হইয়া থাকে। প্রযুক্ত জল অধিক গরম হইলে শরীরের উত্তাপ ১০৪ ডিগ্রী পর্য্যন্তও হইতে পারে।

ব্রাইটস্-ডিজিজে ঘর্ম্ম বৃদ্ধি, শোথ হ্রাস ও পীড়িত কিড্‌নীদ্বারা রক্ত হইতে দূষিত পদার্থ বহির্গত করণার্থ ওয়ারম্-বাথ্ ব্যবহৃত হইয়া থাকে। ইউরিমিয়া রোগে চর্ম্মদ্বারা ইউরিয়া বহির্গমনের জন্ত হট বাথ্ ব্যবহার করা যায় ; ইহাতে উক্ত রোগের মস্তিক সম্বন্ধীয় লক্ষণসকল ও উপশমিত হয় বটে ; কিন্তু ইউরিয়া বহির্গত হয় কি না সন্দেহ।

শিশুদের সামান্ত কিংবা প্রদাহিক জ্বরে ওয়ারম্ বাথ্ ব্যবহারে বিশেষ উপকার দর্শিয়া থাকে। যদি দুর্ব্বল না হয় তবে সকালেও সন্ধ্যাকালে ৫। ১০ মিনিট বাথ্ ব্যবহারে শিশু স্নিগ্ধতা অনুভব করিয়া নিদ্রিত হয়। বয়স্কদিগের জ্বরাদিরোগে ওয়ারম্ বাথ্ ব্যবহার অত্যন্ত কষ্টকর, এজন্ত ইহার পরিবর্ত্তে স্পঞ্জ্ গরম জলে সিক্ত করিয়া, শরীর পুঁছাইয়া দিলে ঘর্ম্ম হয় ; তাহাতে অস্থিরতা দূরীভূত হইয়া নিদ্রা আসিয়া থাকে।

প্রদাহিক পীড়ায়, ওয়ারম্ কিংবা টেপিড্-বাথ্ ব্যবহারে ত্বগন্তর্গত রক্তবহানাড়ী সকল প্রসারিত হইয়া প্রদাহিত ও আভ্যন্তরিক ইন্দ্রিয় হইতে রক্ত আকর্ষণ করিয়া উপকার দর্শায়। সেই সময়ে মস্তক হইতে রক্ত আকর্ষিত হওয়াতে ওয়ারম্ বাথ্ ব্যবহারদ্বারা নিদ্রা আসিয়া থাকে।

রিন্যাল, বিলিয়ারি ও অন্তান্ত প্রকার কলিক্ বা শূলবেদনা, ওয়ারম্ বাথ্

ব্যবহারে উপশমিত অথবা দূরীভূত হইয়া থাকে। নানাবিধ চর্ম্মরোগে ইহা দ্বারা উত্তমফল দর্শে। তজ্জন্য সোরাএসিস্, একজিমা, ইক্থিওসিস্ (Icthyosis), আর্টিকেরিয়া, লাইচেন্ (Lichen), প্রুরাইগো এবং শ্বেতিজ্ ইত্যাদি চর্ম্ম-রোগে ইহা সাদরে ব্যবহৃত হইয়া থাকে। কেহ কেহ বলেন, অগ্নিতে অধিক পুড়িয়া গেলে রোগীকে গরম জলে রাখিলে বেদনা উপশমিত, পূযোৎপত্তির লাঘব, ক্ষত শীঘ্র আরোগ্য এবং সিকেট্রিক্সের (চর্ম্ম চিহ্নের) সঙ্কোচন কম হইয়া থাকে।

ওয়ারম্‌বাথ্ স্থানিক নানাবিধ উদ্দেশ্যে ব্যবহৃত হইয়া থাকে। সকলেই অবগত আছেন যে, কোল্ড্ বা সর্দ্দিতে শয়নের পূর্ব্বে ফুট্‌বাথ্, বা গরম জলে পা ডুবাইয়া রাখিলে ঘর্ম্ম হইয়া উপশমিত হইয়া থাকে। রজঃস্রাব অল্প কিংবা বন্ধ হইলে, হট্‌ফুট্ বাথ্ কিংবা হিপ্‌বাথ্ ব্যবহারে উপকার দর্শে। ইহার সঙ্গে কিঞ্চিৎ মাষ্টার্ড্ (সর্ষপ চূর্ণ) সংযোগ করিলে আরও ফল লাভ হয়। রজঃস্বলার সময় ঠাণ্ডা বা অন্য কোন কারণে রজঃবন্ধ হইয়া রোগী অসুস্থ হইলে, ইহা ব্যবহারে উপকার হইয়া থাকে। কোন স্থানে স্প্রেন্ হইলে, সেই স্থান গরম জলে রাখিলে উপকার হয়। থাইসিস্ (ক্ষয়কাশ) রোগে অপর্য্যাপ্ত ঘর্ম্ম হইলে গরম জলের স্পঞ্জিং দ্বারা ফল পাওয়া যায়। গরম জলে পা রাখিলে শিরঃপীড়া এবং প্যাল্‌পিটেশন্ (হৃদকম্প) উপশমিত হয়। নাসিকা হইতে রক্তস্রাব হইলে, উক্তবাথে মাষ্টার্ড্ প্রয়োগ না করিলেও কেবল গরম জলে পা রাখিলে রক্ত বন্ধ হইয়া থাকে।

রিউমেটিজিম্, রিউম্যাটিক্ আর্থ্রাইটিস্, গাউট্, এবং সায়েটিকা (Sciatica) রোগে ব্রাইন্-বাথ্ (Brinebath) ব্যবহার্য্য। কারেণ্‌হিট্ তাপমানের ১০০ ডিগ্রী উত্তাপের ৩০ গ্যালন্ জল এবং ২০। ৩০ পাউণ্ড সাধারণ লবণ একত্র মিশ্রিত করিলে উক্ত বাথ্ প্রস্তুত হইয়া থাকে। ইহা প্রত্যহ ২০। ৩০ মিনিট কাল পর্য্যন্ত ব্যবহার করিতে হয়। ইহাতে হট্ ও সাওয়ার বাথের ন্যায় অবসাদ না হইয়া বরং মনে স্ফূর্ত্তি হইয়া থাকে। ক্রনিক্ সায়েটিকা রোগে অন্য কোন উপায় দ্বারা উপকার না হইলে, ইহা দ্বারা উপশমিত হইয়া থাকে। র্যাঙ্কল্ অথবা রিষ্ট্ জয়েন্ট্ আক্রান্ত হইয়া বেদনাযুক্ত হইলে, ব্রাইন্ বাথে আক্রান্ত স্থান মগ্ন করিয়া রাখিলে বেদনা উপশমিত হয়।

POULTICE AND FOMENTATION.

পুল্টিশ্ এবং ফোমেণ্টেশন্ (স্বেদ)।

পুল্টিশ্ এবং ফোমেণ্টেশন্ চর্ম্মের উপর লোক্যাল্ বাথের রূপান্তরিত মাত্র। যখন চর্ম্ম কিংবা তন্নিম্নস্থ বিধানসকল প্রদাহিত হয়, তখন পুল্টিশ্ এবং ফোমেণ্টেশন্ আক্রান্ত স্থানে উষ্ণতা ও আর্দ্রতা জন্মাইবার সহজ উপায়। উষ্ণতা এবং আর্দ্রতা দ্বারা আক্রান্ত স্থানের রক্তবহানাড়ীসকলের শিথিলতা. কোলেটার‍্যাল্-সারক্যুলেশনের (সহযোগী রক্ত সঞ্চালনক্রিয়ার) বৃদ্ধি এবং প্রদাহজনিত টেন্সনের (সটানতার) কিয়ৎ পরিমাণে লাঘব হেতু বেদনা উপশমিত হইয়া থাকে। কোন বিধানের প্রদাহ কিংবা স্ফোটকের প্রথমাবস্থায় পুল্টিশ প্রয়োগ করিলে, প্রদাহ এবং পূযোৎপত্তি নিবারিত হইয়া থাকে। যে পরিমাণ উষ্ণ জল সহ্য হয় তৎপরিমিত উষ্ণজলদ্বারা ফোমেণ্টেশন্ করিলে প্রদাহ ও পূযোৎপত্তি নিবারিত হয়; এজন্য ইহা সচরাচর পুল্টিশের সহযোগে ব্যবহৃত হইয়া থাকে। একূনি ইণ্ডিউরেটা, হার্পিজ্ লেবিয়েলিস্ ইত্যাদি মুখের প্রদাহিক পীড়াতে গরম জলের ফোমেণ্টেশন্ ব্যবহার করিলে উপকার দর্শিয়া থাকে। পূযোৎপত্তি আরম্ভ ও পূয বহির্গত করা আবশ্যক হইলে এই সকল প্রয়োগ দ্বারা উপকার হইয়া থাকে। এরূপ অবস্থায় পুল্টিশ্ ব্যবহার করিলে পূয একত্র হইয়া সহজে নির্গত হইয়া থাকে।

ইহা সর্ব্বদা স্মরণ রাখা উচিত যে, যত গরম পুল্টিশ্ ব্যবহার করা যায় ততই ভাল। ঐ সকল পুল্টিশ্ ঠাণ্ডা ও শক্ত হইলে অনিষ্ট করিয়া থাকে; এজন্য অন্যূন ২।৩ ঘণ্টা অন্তর পরিবর্ত্তন করা আবশ্যক। যখন বিস্তৃত প্রদাহে কিংবা স্ফোটকে পূয়োৎপাদন জন্য পুল্টিশ্ ব্যবহার করা আবশ্যক হয়, তখন ইহা আক্রান্তস্থানাপেক্ষা বৃহৎ হওয়া উচিত। যাহাতে শীঘ্র শীঘ্র পূযোৎপত্তি হয় এবং প্রদাহ কমিয়া যায় তজ্জন্য প্রদাহিত স্থানাপেক্ষা বৃহৎ আয়াতনের পুল্টিশ্ ব্যবহার করা বিধেয়; কিন্তু স্ফোটক পাকিয়া বিদীর্ণ হইলে, ইহা বিদারিত স্থানাপেক্ষা কিঞ্চিৎ বড় হওয়া উচিত। বৃহৎ পুল্টিশ্ কোন স্থানে অধিকক্ষণ প্রয়োগ করিলে তন্নিম্নস্থ চর্ম্ম সডেন্ (সিক্ত) এবং উত্তেজিত হইয়া তাহার চতুষ্পার্শ্বে এক্‌জিমারন্যায় ফুস্কুরি কিংবা বয়েল উৎপাদন করে। বয়েল্ বা

বিষস্ফোটক, কার্ব্বাঙ্কল্, এব্‌সেস্ এবং প্রদাহিক লিম্ফেটিক-গ্রন্থির চিকিৎসায় আক্রান্তস্থানে সমপরিমাণ এক্‌ষ্ট্রাক্ট্ অব্ বেলেডোনা ও গ্লিশিরিন্ প্রয়োগপূর্ব্বক তদুপরি পুল্টিশ্ ব্যবহার করিলে, উত্তম ফল দর্শিয়া থাকে। বেলেডোনাদ্বারা প্রদাহ এবং বেদনা উপশমিত হইয়া থাকে। চতুস্পার্শ্বস্থ টিস্যুকে পুল্টিশের উত্তেজনা হইতে রক্ষা এবং বয়েলস্ ইত্যাদির উৎপাদন নিবারণ করিবার জন্য, একখণ্ড ওপিয়ম্-প্লাষ্টারের মধ্যস্থলে একটী গোলাকার ছিদ্র করতঃ আক্রান্ত স্থানে প্রয়োগ করিবে কিংবা আক্রান্ত স্থানের চতুস্পার্শ্বে জিঙ্ক্-অয়েন্টমেন্ট্ ব্যবহার করিয়া তদুপরি পুল্টিশ্ প্রয়োগ করা প্রশস্ত উপায় বলিয়া পরিগণিত। এক্‌জিমা আদি নানাবিধ চর্ম্মরোগে যখন চর্ম্ম প্রদাহিত ও বেদনা যুক্ত হয়, তখন পুল্টিশ ব্যবহার করিলে প্রদাহ দমন এবং বেদনা উপশমিত হইয়া থাকে। কোন প্রদাহিত স্থানে পুল্টিশ্ প্রযুক্ত হইলে কেবল সে স্থানেরই উপকার হয় এমন নয়, গভীর অংশে প্রদাহ বিদ্যমান থাকিলে পুল্টিশ্ উপরি ভাগে প্রয়োগ করিলে তাহাও উপশমিত হইয়া থাকে। নিউমোনিয়া, প্লুরিসি, ব্রঙ্কাইটিস্, পেরিকার্ডাইটিস্ ও পেরিটোনাইটিস্ ইত্যাদি রোগে বৃহৎ আকারের গরম পুল্টিশ্ ব্যবহার করিবে। কিন্তু উহা ঠাণ্ডা হইলে পরিবর্ত্তন করিতে হইবে। বিশেষ সাবধানতার সহিত পুল্টিশ্ পরিবর্ত্তন করিবে, যেন অধিকক্ষণ বায়ু না লাগিতে পারে। যেহেতু উষ্ণ ও আর্দ্র চর্ম্ম বায়ুসংস্পর্শে হানিজনক হওয়ার সম্ভাবনা।

শিশুদিগের ব্রঙ্কাইটিস্, ব্রঙ্কো-নিউমোনিয়া ও লবিউলার-নিউমোনিয়া রোগ হইলে পুল্টিশ্ বিশেষ উপকারী; শিশুরা অস্থির এবং শয্যাতে এপাশ ওপাশ করে বলিয়া সমস্ত বক্ষ প্রদেশ বেষ্টন করিয়া পুল্টিশ্ দেওয়া উচিত; অন্যথা পুল্টিশ্ সঙ্কুচিত হইয়া বক্ষগহ্বরের অল্পস্থান ব্যাপিয়া থাকে এবং অবশিষ্টাংশ অনাবৃত থাকিয়া ঠাণ্ডা লাগিতে পারে। সমস্ত বক্ষপ্রদেশ বেষ্টন করিয়া যে পুল্টিশ্ দেওয়া যায় তাহাকে জ্যাকেট্ (Jacket poultice) পুল্টিশ্ কহে। ইহা প্রস্তুত করিতে হইলে বক্ষ প্রদেশের চতুর্দ্দিকে বেষ্টন করা যাইতে পারে, প্রথমে এরূপ একটী কাপড়ের থলি প্রস্তুত করিতে হইবে; তদনন্তর উহাতে পুল্টিশের দ্রব্যাদি রাখিয়া, তাহাতে পৃষ্ঠদেশ বেষ্টন করতঃ বক্ষদেশের সম্মুখ ভাগে পুল্টিশের দুই পার্শ্বে ৩ জোড়া ফিতা বান্ধিয়া দিবে এবং পুল্টিশের

উপরের ধারে দুই স্কন্ধের উপরিভাগদিয়া এক এক জোড়া ফিতাদ্বারা আবদ্ধ করিয়া দিবে; এরূপ করিলে পুল্‌টিশ্‌ স্থানচ্যুত হইবার আশঙ্কা থাকেনা।

একখানি পুল্‌টিশ্‌ অধিকক্ষণ গরম রাখিতে হইলে যদ্দ্বারা পুল্‌টিশ্‌ প্রস্তুত করিবে তাহা ১ ইঞ্চ পুরু হওয়া উচিত; অথবা উহা পাতলা করিয়া পুল্‌টিশের বাহ্যপ্রদেশে একস্তর কটন-উল্‌ (তুলা) দ্বারা আবৃত করিবে। পুল্‌টিশ্‌ পুরু হইলে, শ্বাস প্রশ্বাসের বিঘ্নকরে; এজন্য সকলের বিশেষতঃ শিশুদিগের পক্ষে শেষোক্তরূপ পুল্‌টিশই উৎকৃষ্ট। পেরিটোনাইটিস্‌ রোগেও শেষোক্ত প্রকার পুল্‌টিশ্‌ ব্যবহার করা কর্ত্তব্য; কারণ পুল্‌টিশ্‌ ভারি হইলে উক্ত রোগের বেদনা বর্দ্ধিত হয়। একিউট্‌ রিউমেটিজম, লাম্বেগো, সায়েটিকা, প্লুরোডিনিয়া এবং মাইয়্যাল্‌জিয়া ইত্যাদি রোগেও ইহা ব্যবহার্য্য।

লিনসিড্‌-মিল্‌ (মসিনার গুড়া) ওট্‌মিল, পাঁওরুটী এবং শ্বেতসার ইত্যাদি-দ্বারা পুল্‌টিশ্‌ প্রস্তুত হইয়া থাকে। লিন্‌সিড্‌-মিল্‌ এবং ওট্‌-মিলের পুল্‌টিশের গুণ সমান, অন্যান্য পুল্‌টিশ অপেক্ষা ইহাদের পুল্‌টিশেআর্দ্রতাও উষ্ণতা অধিকক্ষণ স্থায়ী থাকে বলিয়া, সচরাচর ইহাদের পুল্‌টিশই ব্যবহৃত হইয়া থাকে। লিন্‌সিডে কটু পদার্থ আছে বলিয়া, উহার পুল্‌টিশ্‌ সূক্ষ্মচর্ম্মে লাগাইলে কখন কখন তৎস্থানের উত্তেজনা হইয়া থাকে। এরূপ স্থলে ওট্‌-মিল্‌ বা ব্রেড্‌ পুল্‌টিশ্‌ ব্যবহার করা কর্ত্তব্য। ময়দার পুল্‌টিশ্‌ লিন্‌সিডের পুল্‌টিশ্‌ অপেক্ষা শীঘ্র শীতল হইয়া থাকে। ষ্টার্চ্চ্‌ পুল্‌টিশের উষ্ণতা অধিকক্ষণ স্থায়ী এবং অনুত্তেজক।

পুল্‌টিশ্‌ প্রস্তুত করিতে ফুটিতজল ব্যবহার করা উচিত। লিন্‌সিড্‌ পুল্‌টিশ্‌ প্রস্তুত করিতে হইলে, একটী পাত্রে গরম জল রাখিয়া এক হস্তে উক্ত গুড়া তাহাতে প্রক্ষেপ করিবে এবং অপর হস্তে ছুরি কিংবা স্প্যাচুলাদ্বারা পাতলা মাখা ময়দার মত না হওয়া পর্য্যন্ত অনবরত নাড়িতে হয়। ব্রান্‌ (ভূশির) পুল্‌টিশ্‌ হাল্‌কা বলিয়া ব্যবহৃত হয়। দুর্গন্ধ ক্ষত এবং বিধানে স্বাস্থ্যকর ক্রিয়ার উন্নতি জন্য চারকোল্‌ পুল্‌টিশ্‌ ব্যবহার করিতে হয়; কেহ কেহ বলেন ইয়েষ্ট্‌ পুল্‌টিশ্‌ বিগলিত ক্ষতে ব্যবহার করা কর্ত্তব্য; কারণ ইহা ব্যবহারে বিধানের ধ্বংস নিবারিত এবং স্লাফ্‌ বা বিগলিতাংশ শীঘ্র বহির্গত হইয়া যায়। ক্যারট্‌ বা গাজরের পুল্‌টিশ্‌ কখন কখন ব্যবহৃত হইয়া থাকে।

বিগলিত-ক্ষতে পুল্টিশ্ ব্যবহার না করিলে, এণ্টিসেপ্টিক্ লোশন্ (বোরাসিক্ বা কার্ব্বলিক্ লোশন্ দ্বারা ধৌত করিয়া, লিণ্ট্ কিংবা কটন্-দ্বারা ড্রেস্ করা বিধেয়।

বেদনা উপশম জন্য বিশেষতঃ চর্ম্ম বিদারিত হইলে কখন কখন লডেনম্ সহযোগে পুল্টিশ্ ব্যবহৃত হইয়া থাকে। অস্বাস্থ্যকর ক্ষতের দুর্গন্ধ নষ্ট করিবার জন্য সলিউশন্ অব্ ক্লোরাইড্ অব্ লাইম্ অথবা ক্লোরাইড্ অব্ সোডা পুল্টিশের সহিত ব্যবহার করা যাইতে পারে।

FOMENTATION.

সেক দেওয়া

ফ্লানেল্ কাপড় গরমজলে সিক্ত করতঃ নিংড়াইয়া আর্দ্রতা ও উষ্ণতা জন্য পুল্টিশ্ যে উদ্দেশ্যে ব্যবহৃত হয় ইহাও সেই উদ্দেশ্য ব্যবহৃত হইয়া থাকে। কিন্তু ইহা পুল্টিশ্ অপেক্ষা হাল্কা বলিয়া অতি কোমলঅংশেও ব্যবহৃত হইয়া থাকে। ফ্লানেল্ কাপড়কে গরমজলে আর্দ্র করতঃ নিংড়াইয়া যথাসম্ভব শুষ্ক করিয়া অতি গরমাবস্থায় প্রয়োগ করিলেও চর্ম্মে ফোস্কা পড়ে না বা চর্ম্ম ঝলসিয়া যায় না।

ফোমেণ্টেশন্ ব্যবহারকালে উক্ত ফ্লানেল ম্যাকিনটস্ কিংবা অন্য প্রকার কাপড় দ্বারা আবৃত রাখা উচিত। ফোমেণ্টেশন্ দ্বারা আভ্যন্তরিক যন্ত্রের স্প্যাজ্ম্ (আক্ষেপ) উপশমিত হয় বলিয়া ইণ্টেষ্টাইনেল্, রিন্যাল্ এবং বিলিয়ারি কলিক্ (শূল বেদনা) আদিতে ব্যবহৃত হইয়া থাকে। বিস্তৃত প্রদাহে বড় পুল্টিশ্ ভারি এবং অসুখজনক বলিয়া, তৎপরিবর্ত্তে ফোমেণ্টেশন্ ব্যবহার করা উচিত। ২০।৩০ ফোটা টারপিন্তৈল উপরোক্ত প্রকারে ফ্লানেলে প্রক্ষেপ করিয়া ব্যবহার করিলে, কাউণ্টার-ইরিট্যাণ্টের ন্যায় ক্রিয়া করিয়া থাকে; এরূপ প্রয়োগকে টার্পেন্টাইন্-ফোমেণ্টেশন্ বা ষ্টুপ্ কহে।

ল্যাটিন।	ইংরেজি।
১। এসিডাম্ স্যালিসিলিকাম্।	স্যালিসিলিক্ এসিড্।
Acidum Salicylicum.	Salicylic Acid.

মাত্রা—৫—৩০ গ্রেণ্।

প্রয়োগরূপ—

অঙ্গুয়েণ্টাম্ এসিডাই স্যালিসিলিসাই। অয়েণ্টমেণ্ট্ অব্ স্যালিসিলিক্ এসিড্।
Unguentum Acidi Salicylici. Ointment of Salicylic Acid.

২। সোডিয়াই স্যালিসিলাস্। স্যালিসিলেট্ অব্ সোডিয়াম্।
Sadii Salicylas. Salicylate of Sodium.

মাত্রা—১০—৩০ গ্রেণ।

৩। স্যালিসিনাম্। স্যালিসিন্।
Salicinum. Salicin.

মাত্রা ৩—২০ গ্রেণ।

ক্রিয়া—স্যালিসিলিক্ এসিড্ প্রবল এণ্টিসেপ্টিক্ (পচন নিবারক), ডিসইন্‌ফেক্‌টেণ্ট (সংক্রামননাশক) এবং এণ্টিফারমেণ্ট্ (উৎসেচননাশক) ইহা কার্ব্বালিক্ এসিড্ অপেক্ষা শ্রেষ্ঠ; কিন্তু স্যালিসিলেট্ অব্ সোডার পচননিবারক গুণ নাই। পচা এবং দুর্গন্ধযুক্ত ক্ষতের গন্ধ নষ্ট করিবার জন্য স্যালিসিলিক্ এসিড্ স্থানিক প্রয়োজিত হইয়া থাকে। এই সকল দ্রব্যের ক্রিয়া অনেক বিষয়ে কুইনাইনের ক্রিয়ার তুল্য। কুইনাইনের ন্যায় ইহাদিগের উত্তাপহারক ক্রিয়া থাকা প্রযুক্ত শরীর উত্তাপ হ্রাস করনার্থ ব্যবহৃত হইয়া থাকে। বহুবিধ পরীক্ষা দ্বারা জানা গিয়াছে যে, ঐ উদ্দেশ্যে স্যালিসিন্ অধিক মাত্রায় (১৫—২০ গ্রেণ ঘণ্টান্তর ২।৩ বার) প্রয়োগ করিতে হয়; কিন্তু অল্প মাত্রা ব্যবহারে কোন ফল পাওয়া যায়না। ইহাতে রোগী অভ্যস্ত হইয়া পড়ে, এইজন্য মাত্রার পরিমাণ বৃদ্ধি করিতে হয়। অধিক মাত্রায় কুইনাইনের ন্যায় ইহা দ্বারা মুখ আরক্তিম, চক্ষুদ্বয় লাল ও জলপূর্ণ, কর্ণে শব্দ, বধিরতা, শিরঃপীড়া, শ্বাস প্রশ্বাসের দ্রুততা, বিবমিষা ও বমন প্রভৃতি কুইনিজিমের লক্ষণ সকল প্রকাশ পাইয়া থাকে।

অত্যধিক মাত্রায় ব্যবহারে পেশীদিগের দুর্ব্বলতা ও কম্পন, শাখাদ্বয়ের ও শরীরের অন্যান্য অংশের ঝিন্ ঝিনানি, স্বরভঙ্গ ও কখন কখন দৃষ্টি-শক্তির হ্রাসতা জন্মিয়া থাকে। স্যালিসিন্ ও স্যালিসিলিক্ এসিড্ সুস্থ শরীরের অল্প পরিমাণে উত্তাপ হ্রাস করে; কিন্তু পীড়াজনিত শারীরিক উত্তাপাধিক্যে, স্যালিসিলিক্ এসিড্ এবং স্যালিসিলেট্ অব্ সোডা দ্বারা

উত্তাপের বিশেষ লাঘব হইয়া থাকে। ইহা ব্যবহারে অল্প সময় মধ্যেই শারীরিক উত্তাপ ৪।৫ ডিগ্রী কমিয়া যায়। কেহ কেহ বলেন ইহাদের উত্তাপ-হারক ক্রিয়া কোল্ড-বাথ্ অপেক্ষা অধিক। ইহাদের দ্বারা ঘর্ম্ম ও বহির্গত হইয়া থাকে। স্যালিসিলিক্ এসিড্ অপেক্ষা জলে দ্রবণীয় হেতু স্যালিসিলেট্ অব্ সোডাই অধিক পরিমাণে ব্যবহৃত হয়।

আময়িকপ্রয়োগ—স্পিসিফিক্ কিংবা প্রদাহিক জ্বরাদিতে স্যালি-সিলেট্ অব্ সোডা উত্তাপহারকরূপে অধিক পরিমাণে ব্যবহৃত হয়না; কারণ যদিও ইহা দ্বারা উত্তাপ কমে, তথাপি উপকার অপেক্ষা অপকার বেশী হইয়া থাকে। ইহা ব্যবহারে রোগীর দুর্ব্বলতা ও অসুখ বৃদ্ধি পায়। টাইফয়েড্ ফিবারে ইহা বেশী মাত্রায় ব্যবহার করিলে শারীরিক উত্তাপ কমহয় বটে, কিন্তু পীড়ার গতি কম হয় না।

এই সকল ঔষধ একিউট্ রিউমেটিক্ ফিবারে বিশেষ উপকারী। ১০—১৫-গ্রেণ স্যালিসিলেট্ অব্ সোডা ১ ঘণ্টান্তর প্রয়োগ করিলে অল্প সময়ের মধ্যেই উপশম বোধ করা যায় এবং ৩।৪ দিন মধ্যে রোগ একেবারে আরোগ্য হইয়া থাকে। কিন্তু কর্ণে বধিরতা ও ভোঁ ভোঁ শব্দ জন্মিলে ইহা ২ কিংবা ৩ ঘণ্টা অন্তর ব্যবহার করা উচিত। এইরূপ চিকিৎসাদ্বারা এখন আর পূর্ব্বের মত কোন রোগীকে ২।৩ মাস কাল উক্ত রোগ ভোগকরিতে দেখা যায়না। একিউট্ রিউমেটিজম্ রোগে স্যালিসিলিন্ ট্রিট্মেণ্ট (Saliciline treatment) করিলে পুনরাক্রমণ (Relapse) হইবার সম্ভাবনা থাকে, এজন্য শরীরের উত্তাপ স্বাভাবিক হইলেও ১০।১৫ দিন পর্য্যন্ত অল্পমাত্রায় ব্যবহার করা আবশ্যক।

শারীরিক উত্তাপাধিক্যে (হাইপার্পাইরেক্সিয়াতে) ইহা তত ভাল ঔষধ নহে, কারণ ইহা ব্যবহার করা সত্ত্বেও রোগীর উত্তাপ কম হয় না।

প্রদাহিত সন্ধিস্থানে স্যালিসিলেট্ অব্ সোডার সলিউশন্ প্রয়োগ করিলে বেদনা উপশমিত হইয়া থাকে। কোন কোন প্রকার ক্রনিক্ রিউমেটিজ্মে (পুরাতন বাত রোগে) ইহা ব্যবহার্য্য। গণোরিয়েল-রিউমেটিজ্মে (প্রমেহ-জনিত বাতরোগে) ইহা অব্যবহার্য্য। ক্রনিক্ রিউমেটিজ্ম্ রোগে রাত্রি কালে অত্যন্ত বেদনা থাকিলে ৩০ গ্রেণ মাত্রায় ইহা শয়ন কালে ব্যবহার করা বিধেয়।

কেহ কেহ বলেন অন্যান্য ঔষধাপেক্ষা সায়েটিকা রোগে স্যালিসিলেট্ অব্ সোডা বিশেষ উপকারী। অনেক প্রকার নিউরাল্জিয়া রোগে ইহা অনুমোদিত হইলেও অন্যান্য ঔষধ অপেক্ষা নিকৃষ্ট। মাইগ্রেণ্ (Migraine) রোগে ইহা দ্বারা বিশেষ ফল পাওয়া যায়। অনেকে এগিউরোগে (পালাজ্বরে) স্যালিসিলিক্ এসিড্ ব্যবহার করিয়া থাকেন। থাইসিস্ রোগে মুখে দুর্গন্ধ এবং দুর্গন্ধযুক্ত শ্লেষ্মা বহির্গত হইলে, ইহা ৫ গ্রেণ মাত্রায় সেবন করিলে দুর্গন্ধ নষ্ট হইয়া থাকে। কুইন্সি রোগে স্যালিসিলেট্ অব্ সোডা ব্যবহারে বিশেষ উপকার দর্শে; এবং পীড়া অল্পস্থায়ীও প্রদাহিত টন্সিলে পূযোৎপত্তি হইতে পারেনা। ইহা কুইন্সি রোগে গোয়ায়েকাম্ এবং একোনাইট্ অপেক্ষা উৎকৃষ্ট। ইহা ৩ গ্রেণ মাত্রায় এক ঘণ্টা অন্তর ব্যবহার করা বিধেয়।

প্রুরাইটাস্ এনাই এবং প্রুরাইটাস্ ভাল্ভিতে (মলদ্বারে এবং যোণীকপাটে) চুলকানি হইলে, স্যালিসিলিক্ এসিড্ ২ ড্রাম, অয়েল্ অব্ থিয়োব্রোমা ৫ ড্রাম, সিটেসিয়াম্ ৩ ড্রাম, নারিকেল তৈল ১½ ড্রাম একত্রে মিশ্রিত করতঃ মলম প্রস্তুত করিয়া ব্যবহার করিলে বিশেষ ফল দর্শিয়া থাকে; কিন্তু কখন কখন ইহা দ্বারা অল্প পরিমাণে উত্তেজনা জন্মিয়া থাকে। কর্ণস্ (পদের অঙ্গুলির কড়া) এবং ওয়ার্টস্ (আঁচিল) রোগে ইহা অধিক পরিমাণে স্থানিক ব্যবহৃত হয়। স্যালিসিলিক্ এসিড্ ৩০ ভাগ, এক্ষ্ট্রাক্ট্ ক্যানাবিস্ ইণ্ডিকা ৫ ভাগ, কলোডিয়ন্ ২৪০ ভাগ, একত্র করিয়া মলম প্রস্তুত করতঃ তুলি দ্বারা আক্রান্ত স্থানে প্রয়োগ করিলে ও ইহা দ্বারা উপকার পাওয়া যায়।

স্যালিসিলেট্ ব্যবহারে কখন কখন আর্টিকেরিয়া (আমবাত) কিংবা ইরিথিমার ন্যায় ইরাপ্শন্ বাহির হইয়া থাকে। স্যালিসিন্ এবং স্যালিসিলিক্ এসিড্ সেবনান্তে, প্রস্রাব, ঘর্ম্ম এবং স্যালাইভা (লালা) দ্বারা বহির্গত হইয়া থাকে। ইহা অল্প সিরাপ্ অব্ অরেঞ্জ্ পীল্ অথবা সিরাপ্ অব্ জিঞ্জার্ সহযোগে ব্যবহার করিলে ইহার দুর্গন্ধ দূরীভূত হইয়া থাকে। ২০ ফোঁটা ডাইলিউট্ হাইড্রোব্রোমিক্ এসিড্ কিংবা কোনপ্রকার ব্রোমাইড্ সহযোগে ব্যবহার করিলে কাণে ভোঁ ভোঁ শব্দ হয় না।

এণ্টিপাইরিন্।

ANTIPYRIN.

মাত্রা—৫—৩০ গ্রেণ। পাউডার বা জলের সহিত দ্রবাকারে।

ক্রিয়া—ইহা এণ্টিপাইরেটিক্ (উত্তাপনাশক)। ইহা ব্যবহারে ২।৩ ঘণ্টা মধ্যে কয়েকডিগ্রী উত্তাপ কমিয়া যায় এবং সেই অবস্থা ২৪ ঘণ্টার বেশী সময় পর্য্যন্ত বর্ত্তমান থাকিয়া, পুনরায় আস্তে আস্তে বৃদ্ধি পাইতে থাকে। কিন্তু ইহাতে উত্তাপের পরিমাণ যেরূপ হ্রাস হয়, নাড়ীর গতি সর্ব্বদা সেরূপ কম হয় না। যতই উত্তাপ কমে ততই জিহ্বা পরিষ্কার এবং অস্থিরতা ও প্রলাপ নিবারিত হইয়া লক্ষণসমূহের উপশম হইয়া থাকে। ইহাদ্বারা ক্ষুধার কিংবা পরিপাক-ক্রিয়ার কোন ব্যাঘাত জন্মেনা। ইহা সেবনে অপর্য্যাপ্ত ঘর্ম্ম হয়, কিন্তু কোন কোন সময় অল্পপরিমাণ ঘর্ম্ম ও বেশী পরিমাণে প্রস্রাব হইয়া থাকে। অতি অল্প অবস্থায় ইহা দ্বারা বমন হয়। কথন কথন হামের ন্যায় শরীরে র‍্যাস্ (Rash) উদ্ভেদ বাহির হইয়া থাকে। ইহা হৃৎপিণ্ডের অবসাদক বলিয়া দুর্ব্বল রোগীকে অল্পমাত্রায় ব্যবহার করিতে আরম্ভ করতঃ ক্রমে ক্রমে মাত্রা বাড়াইয়া দেওয়া উচিত। কথিত আছে যে, ইহা ব্যবহারে শরীরের উত্তাপ স্বাভাবিক উত্তাপ অপেক্ষাও ১। ২ ডিগ্রী কমিয়া যায়।

আময়িকপ্রয়োগ—টাইফয়েড্ ফিবার, নিউমোনিয়া, থাইসিস্, রিউ-মেটিক্-ফিবার এবং ইরিসিপেলাস্ ইত্যাদি রোগে ইহা ব্যবহৃত হইয়া থাকে। ইহা ব্যবহারে শারীরিক উত্তাপ স্বাভাবিকাপেক্ষা কম, এমনকি ৯৩ ডিগ্রী পর্য্যন্তও হইতে পারে,কিন্তু কখন কোল্যাপস্ হয় না। যখন কুইনাইন্, কোল্ড-বাথ্ এবং স্যালিসিলেট্ অব্ সোডাদ্বারা উত্তাপ কম হয় না, তখন ইহা দ্বারা উপকার দর্শিয়া থাকে। ইহাদ্বারা রোগের গতি যে কমহয় তাহার কোন প্রমাণ নাই, কিন্তু ইহা নিশ্চয়ই নিরাপদে শরীরউত্তাপ কমাইয়া থাকে। কেহ কেহ ইহা ৩০ গ্রেণ মাত্রায় প্রত্যেক ঘণ্টা অন্তরে ৩ বার প্রয়োগ করিতে বলেন, এবং পুনরায় যেপর্য্যন্ত উত্তাপ বৃদ্ধি নাহয় সেপর্য্যন্ত ইহার ব্যবহার বন্ধ করিতে উপদেশ দেন। কিংবা অল্পমাত্রায় (যেমন ১৫ গ্রেণ) দিবসে কয়েকবার ব্যবহার করা যাইতে পারে। ইহা,৩০ গ্রেণ মাত্রায় ১২ কিংবা

২৪ ঘণ্টা অন্তর ব্যবহার করিলে, অল্পমাত্রায় বারংবার ব্যবহার করা অপেক্ষা অল্পপরিমাণে অবসাদকতা জন্মাইয়া থাকে। তবে প্রথমে ১৫। ২০ গ্রেণ মাত্রায় ব্যবহার করিয়া দেখিবে যে, রোগী ইহা সহ্য করিতে পারে কি না।

মাইগ্রেণ্ (Migraine), সায়েটিকা (Sciatica), নিউর‍্যালজিয়া (Neuralgia) ল্যাম্বেগো (Lumbago), মাস্‌কুলার-রিউমেটিজম, লকোমোটার-এট্যাক্সি, এঞ্জাইনা-পেক্টোরিস, ইত্যাদি বেদনাযুক্তরোগে এণ্টিপাইরিন্ বেদনা নিবারণ জন্য দিবসে ১৫ গ্রেণ মাত্রায় ৩। ৪ বার অথবা তাহার অর্দ্ধমাত্রায় ৬ বার ব্যবহার করিলে বিশেষ উপকার দর্শিয়া থাকে। কেহ কেহ একিউট্ এবং ক্রনিক্ রিউমেটিজম, একিউট্ গাউট্, বিলিয়ারি এবং রিন্যাল কলিক্, এঞ্জাইনা পেক্টোরিস্ ইত্যাদি রোগে এণ্টিপাইরিন্ হাইপোডার্ম্মিক্ ইনজেকশন্ (ত্বগন্তর্গত পিচকারী) দ্বারা ব্যবহার করিতে উপদেশ দেন। ৫—১৪ গ্রেণ মাত্রায় উক্তপ্রকারে পিচকারীদ্বারা ব্যবহার করা যাইতে পারে, কিন্তু ইহা ব্যবহারে অধিক বেদনা হইলে অল্পপরিমাণে হাইড্রোক্লোরেট্ অব্ কোকেইন্ সহযোগে ব্যবহার করিবে।

এণ্টিফিব্রিন্।

ANTIFEBRIN.

মাত্রা—৪—১৫ গ্রেণ।

ক্রিয়া—ইহা সহজে জলে দ্রব হয় না, কিন্তু এলকোহল, ইথার, এবং ওয়াইনে দ্রব হইয়া থাকে। ইহা বেশ প্রবল, নিরাপদ এবং সুবিধাজনক বলিয়া যতপ্রকার নূতন এণ্টিপাইরেটিক্ ঔষধ আছে তন্মধ্যে সর্ব্বোৎকৃষ্ট, কিন্তু ইহা জলে দ্রব হয় না বিধায় ইহা ব্যবহার করিতে কিছু অসুবিধা বোধ হয়। ইহা মিউসিলেজ্ অব্ একেশিয়া কিংবা ট্রাগেক্যাস্থ সহযোগে প্রয়োগ করিলে সুবিধা হয়। এণ্টিপাইরিণের ন্যায় ইহারও নার্ভাস্ সিডেটিভ (স্নায়বীয় অবসাদক) গুণ আছে।

আময়িক প্রয়োগ—অধুনা ইহা সকলপ্রকার জ্বররোগে উত্তাপ কমাইবার জন্য ব্যবহৃত হইয়া থাকে। ইহা ব্যবহারে একঘণ্টা মধ্যে জ্বরের উত্তাপ কমিয়া যায়, কিন্তু ইহা ক্ষণস্থায়ী; এবং ইহাতে জ্বরের গতির কিছুমাত্র পরি-

বর্দ্ধন হয় না। লকোমোটার-এট্যাক্সি রোগে ইহা ব্যবহার করিলে,উক্তরোগের (Darting pains) বিদ্ধনবৎ বেদনা উপশমিত হইয়া থাকে। সায়েটিকা রোগেও ইহা ব্যবহার্য্য। রিউমেটিজম্‌রোগে ইহা স্যালিসিলেট্ অব্ সোডার ন্যায় ক্রিয়া প্রকাশ করিয়া থাকে। ইহার মাত্রা অল্প, ক্রিয়াস্থায়ী এবং ইহা দ্বারা পতনাবস্থা (Collapse) উপস্থিত হয় না বলিয়া ইহা এণ্টিপাইরিন্ অপেক্ষা উৎকৃষ্ট।

ইহা ফার্ম্মাকোপিয়ায় গৃহীত হয় নাই।

ল্যাটিন।	ইংরেজী।
ফিনাসিটিনাম্।	ফিনাসিটিন্।
Phenacetinum.	Phenacetin.

মাত্রা—৪—১৫ গ্রেণ।

ক্রিয়া—ইহা একটী উত্তম এণ্টিপাইরেটিক্। ইহা এণ্টিকিব্রিণের ন্যায় ক্রিয়া করে এবং তাহার ন্যায় ব্যবহৃত হয়। ইহা ৮—১২ গ্রেণ মাত্রায় প্রত্যেক ৪ কি ৬ ঘণ্টা অন্তর পাউডার বা কোন প্রকার মিউসিলেজ্ সঙ্গে ব্যবহার করিতে হয়। ইহাতে এণ্টিপাইরিন্ এবং এণ্টিকিব্রিনের ন্যায় তত ঘর্ম্ম হয়না। ইহা প্রয়োগে উত্তাপ হ্রাসের সঙ্গে সঙ্গে নাড়ী ও শ্বাস প্রশ্বাসের গতি ও কম হয়, কিন্তু ইহার ফল অল্পক্ষণ স্থায়ী।

আময়িকপ্রয়োগ—ইহা নানা প্রকার জ্বরাদিতে উত্তাপ হ্রাস জন্য সচরাচর ব্যবহৃত হয়। ইহার ক্রিয়া অর্দ্ধ হইতে এক ঘণ্টার মধ্যে প্রকাশিত হইয়া থাকে। কেহ কেহ বলেন এণ্টিপাইরিন্ এবং এণ্টিফিব্রিণ্ অপেক্ষা ইহার অবসাদক গুণ কম। এই ঔষধ সেবনে বেদনা উপশমিত হয় বলিয়া,নানা প্রকার নিউর্যালজিয়া (স্নায়ুশূল),মাইগ্রেণ্ এবং লকোমোটর্ এট্যাক্সি রোগে ব্যবহৃত হইয়া থাকে। সিক্‌হেডেক্ বা মাইগ্রেণ্‌রোগে ফিনাসিটিন্ ৩ গ্রেণ, সাইট্রেট্ অব্ ক্যাফিন্ এবং শর্করা প্রত্যেকের দেড় গ্রেণ একত্র মিশ্রিত করিয়া ব্যবহার করিলে বিশেষ উপকার দর্শে। ইহা ফার্ম্মাকোপিয়ায় গৃহীত হয় নাই।

ট্রাইমিথাইলএ্যামিন্।

TRIMETHYLAMIN.

ইহার সলিউশনের মাত্রা—২০—৬০ মিনিম।

প্রয়োগরূপ

ট্রাইমিথাইলেমিনি হাইড্রোক্লোরাস্।

Trimethylaminæ Hydrochloras.

মাত্রা—১—৩ গ্রেণ।

ক্রিয়া—কথিত আছে যে, ইহা ব্যবহার করিলে সুস্থশরীরেরও উত্তাপ হ্রাস, নাড়ীর গতি কম, এবং কখন কখন বেশী পরিমাণ প্রস্রাব হইয়া থাকে। জন্তুদিগকে ইহা অধিক মাত্রায় ব্যবহার করাইলে সেন্‌সেরি-প্যারালিসিস্ (পক্ষাঘাত), ড্রাউজিনেস্ (তন্দ্রা), কন্‌ভালশন্ (আক্ষেপ) জন্মিয়া অবশেষে মৃত্যু হইয়া থাকে। রুসিয়া এবং ফ্রান্সদেশে একিউট্ রিউমেটিজ্‌মের চিকিৎসায় ইহা ব্যবহৃত হইয়া থাকে। ইহাতে জ্বর এবং সন্ধিদিগের বেদনা কম হইয়া নাড়ীর গতি কমিয়া যায়। এই ঔষধ লিনিমেণ্ট্ আকারেও ব্যবহার হইয়া থাকে। ইহা ফার্ম্মাকোপিয়ায় গৃহীত হয় নাই।

অষ্টম অধ্যায়।

প্রথমবিভাগীয় প্রথমশ্রেণীস্থ ষষ্ঠউপশ্রেণী।

ALTERATIVES.

পরিবর্ত্তক।

ব্লাড্‌টনিকস্ (রক্তসংস্কারক), এলকেলাইন্ রেমিডিস্ (ক্ষার ঔষধ), এসিড্ (অম্ল) এষ্ট্রিঞ্জেণ্ট্ (সঙ্কোচক) ঔষধ সমূহকে অল্‌টারেটিভ্ [পরিবর্ত্তক] ঔষধ বলা যাইতে পারে। এতদ্ভিন্ন যে সকল ঔষধ শরীরের পরিবর্ত্তন সাধক্ক্ত সচরাচর ব্যবহৃত হইয়া থাকে তাহাদিগকে অল্‌টারেটিভস্ বা পরিবর্ত্তক ঔষধ বলে। এই শ্রেণীস্থ ঔষধ শরীরের অস্বাস্থ্যকর অবস্থা পরিবর্ত্তিত করিয়া

স্বাস্থ্যকর অবস্থা আনয়ন করে। এই সকল ঔষধ কিয়ৎদিবস সেবন করিলে শরীর ক্রমশঃ পরিবর্ত্তিত হইয়া একপ্রকার নূতন কলেবরে পরিণত হয়, সুতরাং পুরাতন ও বদ্ধমূল রোগসমূহ দূরীভূত হইয়া থাকে। এই শ্রেণীস্থ ঔষধ সকল পুরাতন রোগেই ব্যবহ্রেয়, অল্পমাত্রায় সেব্য এবং বিলম্বে ফলপ্রদ হইয়া থাকে।

ইহারা ৮ উপশ্রেণীতে বিভক্ত যথাঃ—

১ ম উপশ্রেণী—মারকিউরিয়েল্ অল্টারেটিভস্।

Mercurial Alteratives.

(১) সাব্ক্লোরাইড্ অব্ মার্কারি (Subchloride of mercury) ক্যালমেল্ (Calomel.)

(২) পারক্লোরাইড্ অব্ মার্কারি (Perchloride of mercury) করোসিভ্ সাব্লিমেট্ (Corrosive Sublimate)

(৩) রেড্ আইওডাইড্ অব্ মার্কারি (Red iodide of mercury)

(৪) ব্লুপিল্ (Blue pill)

(৫) গ্রে পাউডার্ (Grey powder)

২ য় উপশ্রেণী—আইওডিন্ অল্টারেটিভস্।

Iodine Alteratives.

(১) আইওডিন্ (Iodine.)

(২) অইওডাইড্ অব্ পটাশিয়াম্ (Iodide of potassium.)

(৩) „ „ আয়রণ্ („ „ Iron.)

(৪) „ „ সাল্ফার্ („ „ Sulphur.)

(৫) „ „ লেড্ („ „ Lead.)

(৬) „ „ সোডিয়াম্ („ „ Sodium.)

(৭) „ „ আর্সেনিয়াম্ („ „ Arsenium.)

(৮) „ „ আর্সেনিয়াম্ এবং মার্কারি („ „ Arsenium and mercury.)

৩ য় উপশ্রেণী—ক্লোরিণ্ অল্টারেটিভস্।

Chlorine Alteratives.

(১) ক্লোরিন্ ওয়াটার্ (Chlorine water.)

(২) ক্লোরিনেটেড্ সোডা (Chlorinated Soda.)

(৩) ,, লাইম্ (,, Lime.)

(৪) ক্লোরেট্ অব্ পটাশিয়াম্ (Chlorate of Potassium.)

(৫) ক্লোরাইড্ অব্ সোডিয়াম্ (Chloride of Sodium.)

(৬) ,, ,, এমোনিয়াম্ (,, Ammonium.)

(৭) নাইট্রো-হাইড্রোক্লোরিক্ এসিড্ (Nitro-hydrochloric acid.)

৪র্থ উপশ্রেণী—আর্সেনিক্যাল্ অল্টারেটিভ্স্।

Arsenical Alteratives.

(১) আর্সেনিয়াস্ এসিড্ (Arsenious acid.)

(২) আর্সেনাইট্ অব্ পটাশিয়াম্ (Arsenite of Potassium.) লাইকর্ আর্সেনিকেলিস্ (Liquor arsenicalis.)

(৩) হাইড্রোক্লোরিক্ সলিউশন্ অব্ আর্সেনিক্ (Hydrochloric solution of arsenic.)

(৪) আর্সিনিয়েট্ অব্ সোডিয়াম্ (Arseniate of Sodium.)

৫ম উপশ্রেণী—এণ্টিমোনিয়েল্ অল্টারেটিভ্স্।

Antimonial Alteratives.

(১) অক্সাইড্ অব্ এণ্টিমনি (Oxide of antimony.)

(২) সালফিউরেটেড্ এণ্টিমনি (Sulphurated antimony.)

(৩) টার্টারেটেড্ এণ্টিমনি (Tartarated antimony.)

৬ষ্ঠ উপশ্রেণী—সাল্‌ফার্ অল্টারেটিভ্স্

Sulphur Alteratives.

(১) সাল্‌ফার্ Sulphur. (Sublimed or Precipitated.)

(২) সালফ্‌হাইড্রেট্ অব এমোনিয়াম্ (Sulphydrate of ammonium.)

৭ম উপশ্রেণী—ফস্‌ফরাস্ অল্টারেটিভ্স্।

Phosphorus alteratives.

(১) ফস্‌ফরাস্ Phosphorus (in pill or oil.)

(২) হাইপোফস্‌ফাইট্ অব্ সোডিয়াম্ (Hypophosphite of Sodium.)

(৩) ,, ,, ক্যাল্‌সিয়াম্ (,, ,, Calcium.)

৮ম উপশ্রেণী—অল্টারেটিভ্‌স্‌ অব্‌ আন্‌ডিটারমিণ্ড্‌ এক্‌শন্‌ (Alteratives of undetermined action.

(১) সার্‌সাপ্যারিলা (Sarsaparilla.)

(২) ইণ্ডিয়েন্‌ সার্‌সাপ্যারিলা (Indian sarsaparilla) হেমিডেস্‌মাস্‌ (Hemidesmus.) অনন্তমূল।

(৩) ট্যারাক্সেকাম্‌ (Taraxacum.)

EFFECTS OF ALTERATIVES.

পরিবর্ত্তক ঔষধদিগের উপকারিতা।

উপরোক্ত উপশ্রেণীস্থ ঔষধদিগের প্রত্যেকের ক্রিয়া এত বিভিন্ন যে, পৃথকরূপে প্রত্যেক ঔষধের বর্ণনা না করিয়া বুঝান যায় না, বর্ণনাকালে উহাদের ক্রিয়া ভিন্ন ভিন্ন স্থানে সন্নিবেশিত করা যাইবে। সে যাহাহউক ইহারা প্রত্যেকেই রক্তের কিছু পরিবর্ত্তন করে; এজন্য সমস্ত শরীরের উপর ইহাদের ক্রিয়া প্রকাশ পাইয়া থাকে।

ইহাদের মধ্যে আইওডিন্‌ এবং ইহার প্রয়োগরূপ সকল প্রধানতঃ গ্ল্যাণ্ডিউলার্‌ সিষ্টেমের (গ্রন্থিমণ্ডলীর) উপর,মার্কারি প্রভৃতি কতকগুলি ঔষধ সিরাস্‌ মেম্ব্রেনের (মাস্তকঝিল্লির) উপর, এণ্টিমণিঘটিত ঔষধাদি মিউকাস্‌ মেম্ব্রেণের (শ্লৈষ্মিকঝিল্লির) উপর এবং আর্সেনিক্‌, সাল্‌ফার প্রভৃতিঔষধ সকল চর্ম্মের উপর ক্রিয়া প্রকাশ করিয়া থাকে।

ইহাদের প্রয়োগে অস্বাস্থ্যকর সার্ব্বাঙ্গিক ব্যাধিসমূহ উপশমিত কিংবা একেবারে তিরোহিত হইয়া থাকে; যেমন উপদংশঘটিত রোগে পারদঘটিত ঔষধ, স্ক্রফিউলা রোগে আইওডাইড্‌ অব্‌ পটাশিয়াম্‌ ও আইওডিন্‌ ঘটিত অন্যান্য ঔষধ এবং স্কিন্‌ ডিজিজে (চর্ম্মরোগে) আর্সেনিক দ্বারা উপকার দর্শিয়া থাকে। শরীরের পুরাতন প্রদাহিক অবস্থায় অস্বাস্থ্যকর পদার্থ শরীরে ন্যস্ত হইলে উপরোক্ত পরিবর্ত্তক ঔষধের মধ্যে অধিকাংশ ঔষধই উল্লিখিত অস্বাস্থ্যকর পদার্থ দূরীভূত করিয়া উপকার দর্শাইয়া থাকে।

MERCURIAL ALTERATIVES.

পারদ ঘটিত পরিবর্ত্তক ঔষধ সমূহ।

ল্যাটিন।	ইংরেজী।
১। হাইড্রারজিরাই সাব ক্লোরাইডাম্। Hydrargyri Subchloridum,	সাব ক্লোরাইড্ অব্ মার্কারি। Subchloride of Mercury.

ইহার অপর নাম ক্যালমেল্ (Calomel.)

মাত্রা—১/২—১ গ্রেণ পরিবর্ত্তক। ২—৫ গ্রেণ বিরেচক।

প্রয়োগরূপ—

লোশিওহাইড্রারজিরাই নাইগ্রা। Lotio Hydrargyri Nigra.	ব্ল্যাক্ মার্কিউরিয়েল্ লোশন্। Black Mercurial Lotion.
পাইলিউলা হাইড্রাজিরাই সাব্ ক্লোরিডাই কম্পজিটা Pilula Hydrargyri Subchloridi Composita.	কম্পাউণ্ড্ পিল্ অব্ সাবক্লোরাইড্ অব্ মার্কারি। Compound Pill of Subchloride of Mercury.

ইহাকে সাধারণতঃ প্লামার্স পিল্ (Plummer's pill.) কহে।

মাত্রা—৫—১০ গ্রেণ। ইহার ৫ গ্রেণে ১গ্রেণ ক্যালমেল্ আছে।

আঙ্গুয়েণ্টাম্ হাইড্রারজিরাই সাব্ক্লোরিডাই। Unguentum Hydrargyri Subchloridi.	অয়েণ্ট্মেণ্ট্ অব্ সাব্ক্লোরাইড্ অব্ মার্কারি। Ointment of Subchloride of Mercury.
২। হাইড্রারজিরাই পার্‌ক্লোরাইডাম্। Hydrargyri Perchloridum.	পার্‌ক্লোরাইড্ অব্ মার্কারি। Perchloride of Mercury.

ইহাকে সাধারণতঃ করসিভ্ সাব্লিমেট্ (Corrosive Sublimate) কহে।

মাত্রা—১/১৬—১/৮ গ্রেণ। সলিউশন্ কিম্বা পাঁওরুটির শাঁসের সহিত বটিকাকারে।

প্রয়োগরূপ—

লাইকর্ হাইড্রার্জিরাই পার্‌ক্লোরিডাই। Liquor Hydrargyri Perchloridi.	সলিউশন্ অব্ পার্‌ক্লোরাইড্ অব্ মার্কারি। Solution of Perchloride of Mercury.

মাত্রা—১/২—২ড্রাম। ইহার ১আউন্সে ১/২ গ্রেণ করোসিভ্ সাব্লিমেট্ আছে।

লোশিও হাইড্রারজিরাই। ইওলো মার্কিউরিয়েল্ লোশন্।
Lotio Hydrargyri Flava. Yellow Mercurial Lotion.

৩। হাইড্রারজিরাই আইওডাইডাম্ রুব্রাম্। রেড্ আইওডাইড্ অব্ মার্কারি।
Hydrargyri Iodidum Rubrum. Red Iodide of Mercury.

মাত্রা—$\frac{১}{১৬}$—$\frac{১}{৪}$ গ্রেণ।

প্রয়োগরূপ—

আঙ্গুয়েণ্টাম্ হাইড্রারজিরাই আইওডিডাই রুব্রাই। আয়েণ্ট্মেণ্ট্ অব্ রেড্ আইওডাইড্ অব্ মার্কারি।
Unguentum Hydrargyri Iodidi Rubri. Ointment of Red Iodide of Mercury.

(৪) পাইলিউলা হাইড্রারজিরাই। মার্কিউরিয়েল্ পিল্।
Pilula Hydrargyri. Mercurial Pill.

ইহাকে সাধারণতঃ ব্লু পিল্ (Blue pill) বলে।

মাত্রা—৩—৮ গ্রেণ। ইহার ৩ গ্রেণে ১ গ্রেণ মার্কারি আছে।

(৫) হাইড্রার্জিরাম্ কাম্ ক্রিটা। মার্কারি উইথ্ চক্।
Hydrargyrum cum creta. Mercury with Chalk.

ইহাকে সাধারণতঃ গ্রেপাউডার (Grey powder.) কহে।

মাত্রা—৩—৮ গ্রেণ। ইহার ৩গ্রেণে ১ গ্রেণ মার্কারি আছে।

LOCAL ACTION AND USES.

স্থানিক ক্রিয়া ও ব্যবহার।

পারদের প্রয়োগরূপদিগের মধ্যে কেবল এসিড্ নাইট্রেট্ প্রবল দাহক; ইহা ব্যবহারে কখন কখন স্যালিভেশন্ হয়। ইহা লুপাস্ জনিত ক্ষত রোগে এবং জরায়ুর গ্রীবার ক্ষতে ব্যবহৃত হয়। পারদের অন্যান্য প্রয়োগরূপ বিশেষতঃ করোসিভ্ সাব্লিমেট্ জান্তব ও উদ্ভিজ্জ কীটাণু নষ্ট করে বলিয়া, নানাপ্রকার চর্ম্ম রোগে এবং উপদংশ জনিত ক্ষত ইত্যাদিতে কখন কখন বাহিক ব্যবহৃত হয়। এই গুণ থাকা প্রযুক্ত আজকাল অস্ত্রচিকিৎসায় পচননিবারণ জন্য, করোসিভ্ সাব্লিমেট্ বহুল পরিমাণে ব্যবহৃত হইয়া থাকে। কার্ব্বলিক্

এসিডাদি অন্যান্য পচন নিবারক ঔষধঅপেক্ষা ইহা ব্যবহারে বিশেষ সুবিধা এই যে, ইহা নন্‌ভলেটাইল্ অর্থাৎ উড়িয়া যায়না। সচরাচর ইহা ২০০০ ভাগ জলে ১ ভাগ (1 in 2000) করোসিভ্ সাব্লিমেট্ ব্যবহৃত হইয়া থাকে অর্থাৎ ১ পাইন্ট জলে অনুপাতানুসারে প্রায় ৪ গ্রেণ করোসিভ্ সাব্লিমেট্ ব্যবহৃত হয়।

ক্যালমেল্ চূণের জলে দ্রব করিলে, ব্ল্যাক্ওয়াস্ (Black wash) প্রস্তুত হয় এবং তাহা সর্ব্বপ্রকার প্রাইমারী এবং সেকেণ্ডারী উপদংশজনিত ক্ষতে ব্যবহৃত হইয়া থাকে। ক্যালমেল্ চূর্ণাকারে কণ্ডাইলোমেটাতে (Condylomata) অথবা কর্ণিয়ার ক্ষতে প্রক্ষেপ করিলে সুফল পাওয়াযায়।

করোসিভ্ সাব্লিমেট্ লোশন্ আকারে কণ্ঠনালীর কোন কোন ক্ষতে ব্যবস্থা করিলে বিশেষ ফল পাওয়া যায়। ইহা এবং অন্যান্য পারদঘটিত মলমসকল প্যারাসিটিসাইড্ (Parasiticide) কীটাণুনাশক বলিয়া ফেভাস্ (Favus), টিনিয়া টন্সিউরেন্স্, (Tiuea tonsurans) টিনিয়া সাইকোসিস্, (Tiuea Sycosis) একজিমা মার্জ্জিনেটাম্ (Eczema Marginatum) এবং পিটিরিয়েসিস্‌ভার্সিকোলার্ (Pityriasis versicolor) ইত্যাদি উদ্ভিদ কীটাণুজনিত চর্ম্ম রোগে ব্যবহার করিলে প্রায়ই ফল পাওয়া যায়। ইহার ২ গ্রেণ, ১আউন্স জলে মিশ্রিত করতঃ লোশন্ প্রস্তুত করিয়া ব্যবহার করিতে হয়; কিন্তু ইহা সর্ব্বদা স্মরণ রাখা উচিত যে, এরূপ প্রয়োগে পারদ শরীরে আচোষিত হইয়া কখন কখন দুর্লক্ষণ, এমন কি মৃত্যু পর্য্যন্তও ঘটাইতে পারে। নানাপ্রকার পুরাতন চর্ম্ম রোগ, সাইট্রিন্ অয়েন্ট্‌মেন্ট্ ব্যবহারে আরোগ্য হইয়া থাকে। গয়েটার্ Goitre (গলগণ্ড) রোগে বিন্‌আইওডাইড্ অব্ মার্কারি অয়েন্ট্‌মেন্ট্ (১৬গ্রেণ,১আউন্স চর্ব্বিতে মিশ্রিত করিয়া) আক্রান্ত স্থানে মর্দ্দন দ্বারা ফল দর্শিতে দেখা গিয়াছে; সন্ধিস্থানের নানাপ্রকার ব্যাধিতে ওলিয়েট্ অব্ মার্কারি ব্যবহার করিলে উপকার লাভ হয়। ক্যালমেল্‌ভেপার্ বাথ্ কিংবা ব্লু অয়েন্ট্‌মেন্ট্ বাহ্যিক প্রয়োগে সার্ব্বাঙ্গিক ক্রিয়া দর্শে। ইহারা কতিপয় চর্ম্ম রোগের কষ্টদায়ক চুলকানি নিবারণ করে বলিয়া ব্যবহৃত হয়। উক্ত উদ্দেশ্যে ক্যালমেল্ অয়েন্ট্‌মেন্ট অতি উত্তম ফলপ্রদ। প্রুরাইটাস্ এনাই, (Pruritus ani) প্রুরাইটাস্ পিউডেণ্ডাই, (Pruritus pudendi)

সোরায়েসিস, (Psoriasis) পিটিরিয়েসিস্ (Pityriasis) ইত্যাদি চর্ম্ম রোগে চুলকানি নিবারণ জন্ত ইহারা ব্যবহৃত হইয়া থাকে।

হোয়াইট্ প্রিসিপিটেট্ কিংবা নাইট্রেট্ অব্ মার্কারি অয়েন্ট্‌মেন্ট্ অথবা করোসিভ্ সাব্‌লিমেট্ লোশন্ ব্যবহার করিলে শরীরস্থ নানা স্থানের উকুন (Lice) এবং নিকি (Nits) সকল বিনষ্ট হয়। পিউবিসের উপর উকুন হইলে, স্ক্রোটাম্, পেরিনিয়াম্ (বিটপী) এবং গুহ্য দ্বারের চতুষ্পার্শ্বস্থ লোমে উক্ত মলম কিংবা লোশন্ ব্যবহার করা আবশ্যক। শরীরে উকুন হইলে, ইসেন্‌সিয়েল্ অয়েল্‌স্ (অয়েল্ অব্ রোজমেরী ইত্যাদি) কিংবা পাইরিথ্রাম্ চূর্ণ অথবা ষ্টাফিসেগ্রিয়া-অয়েন্ট্‌মেন্ট্ প্রয়োগ করিলে উহারা নষ্ট হইতে পারে।

টিনিয়া সিলেয়েরিস্ (Tinea ciliaris) রোগে চক্ষুর পাতা হইতে প্রথমে ভোঁমাগুলিকে (চক্ষুর পাতা স্থিত কেশগুলিকে) ক্ষুদ্র ক্ষুদ্র করিয়া কাটিয়া অথবা তুলিয়া ফেলিয়া নাইট্রেট্ অব্ মার্কারি অথবা অক্সাইড্ অব্ মার্কারির অয়েন্ট্‌মেন্ট্ প্রাতে ও সন্ধ্যার সময় প্রয়োগ করিলে রোগ উপশমিত হইয়া থাকে। মলম ব্যবহারের পূর্ব্বে প্রত্যেকবার মামড়ি পরিষ্কাররূপে উঠাইতে হইবে; ইহাতে উপকার না হইলে নাইট্রেট্ অব্ সিল্‌ভার্ কিংবা সাল্‌ফেট্ অব্ কপার্ উক্তপ্রকারে প্রয়োগ বিধেয়। লাইচেন্ এবং সোরাএসিস্ রোগদ্বয় (বিশেষতঃ হস্তের) ঔপদংশিক না হইলেও অন্যান্য মৃদুতর চিকিৎসায় কোন ফল না দর্শিলে কখন কখন পারদঘটিত মলমদ্বারা উপকার দর্শিয়া থাকে। ইহাতে ক্যালমেল্ ও নাইট্রেট্ অব্ মার্কারি অয়েন্ট্‌মেন্ট্ মিশ্রিত করিয়া ব্যবহার করা যাইতে পারে। উহা টার্ অয়েন্ট্‌মেন্ট্ সহযোগে ব্যবহার করিলে আরও উপকার দর্শে। কোন প্রকার একজিমা রোগের তরুণাবস্থায় প্রদাহ বিদ্যমান না থাকিলে বিশেষতঃ উহার শুষ্কাবস্থায় সাইট্রিন্ অয়েন্ট্‌মেন্ট্ বিশেষ ফলপ্রদ ; মুখের লোম বিশিষ্ট স্থানের একজিমা ও পিটিরিয়েসিস্ (Pityriasis) ব্যাধিতে অন্যান্য চিকিৎসায় উপকার না হইলে ইহাদ্বারা আরও বিশেষ উপকার দর্শিয়া থাকে। একনিরোগের প্রথমাবস্থায় একভাগ করোসিভ্ সাব্‌লিমেট্ যে পরিমাণ এল্‌কোহলে দ্রব হইতে পারে তত এল্‌কোহল্; এবং ১০০ ভাগ জল দ্বারা লোশন প্রস্তুত করতঃ উহার ১ড্রাম ৫ আউন্স জলে যোগ করিয়া স্পঞ্জ্ দ্বারা প্রাতে ও বৈকালে মুখে প্রয়োগ করিলে উপকার দর্শে। পুরাতন

প্রদাহে পারদ ঘটিত প্রয়োগরূপ সকল স্থানিক প্রয়োগে উত্তম ফল হয় বলিয়া হাটুর পুরাতন প্রদাহে সচরাচর স্কট্‌স্ অয়েণ্ট্‌মেণ্ট্ ব্যবহৃত হইয়া থাকে।

ডাঃ জন মারসন, স্বীয় আবিষ্কৃত ওলিয়েট্ অব্ মার্কারি ১ ড্রাম, মর্ফিয়া ১ গ্রেণ সহযোগে ব্যবহার করিয়া নিম্নলিখিত পীড়ায় উত্তম ফল পাইয়াছেন; যথাঃ—সন্ধিদিগের পুরাতন প্রদাহ, সাইনোভাইটিস্ রোগে এফিউশন্ (তরল-পদার্থ সঞ্চিত), আর্থ্রাইটিস্ ও রিউমেটিজম্ জনিত সন্ধির ব্যাধি, স্তনের প্রদাহ, পেরিনিয়মের স্ফোটক জন্মিবার উপক্রমাবস্থায় কিংবা তাহার উপশমান্তর দৃঢ়াবস্থা, টন্সি লাইটিস্, ইপিডিডি মাইটিস্ (Epididymitis) পেরিয়স্টাইটিস্ (Periostitis) এবং লিম্ফেটিক্ গ্রন্থিদিগের প্রদাহ ও পূযোৎপত্তি ইত্যাদি রোগ কেবল মাত্র কেমেল্ হেয়ার পেন্সিলদ্বারা অল্প পরিমাণে মৃদুভাবে চর্ম্মোপরি প্রয়োগ করিলেই যথেষ্ট হয়; বেশী পরিমাণ প্রয়োগে চর্ম্মে প্রবল উত্তেজনা জন্মিতে পারে। ইহা প্রথমে ২০—৩০ ফোঁটা মাত্রায় দিবসে ২ বার ও তৎপর বেশী সময় অন্তর অন্তর প্রয়োগ করিবে। সচরাচর ইহার ১০ পারসেণ্ট (১০০ ভাগের ১০ ভাগ) সলিউশন্ই ব্যবহৃত হইয়া থাকে; ইহার ৮ ভাগে ১ ভাগ ঈথার সহযোগে প্রয়োগ করিলে শীঘ্রই শরীরে শোষিত হইয়া থাকে। বেদনা-যুক্তস্থানে ইহার ১ ড্রাম, ১ গ্রেণ মর্ফিয়া সহযোগে ব্যবহার করিলে বেদনার উপশম হয়। ইহা ব্যবহারে চর্ম্ম কিংবা কাপড়ে কোন দাগ পড়েনা। শিশু-দিগের এবং যাহাদের চর্ম্ম কোমল তাহাদের ৫ পারসেণ্ট্ সলিউশন্ ব্যবস্থেয়। স্ক্রফিউলা এবং টিউবারকোল্ জনিত ক্ষতে (বিশেষতঃ শিশুদের) ক্যালমেল্ অয়েণ্ট্‌মেণ্ট্ কিংবা ব্ল্যাক্‌ওয়াস্ ব্যবহার করিলে বিশেষ উপকার দর্শে। পারদঘটিত প্রয়োগরূপ সকল বিশেষতঃ ব্ল্যাক্‌ওয়াস্ ঔপদংশিক ক্ষতে বিশেষ ব্যবহার্য্য। মিউকাস্ টিউবারকোলস্ রোগ ও ইহাদ্বারা শীঘ্র আরোগ্য হইয়া থাকে। ব্ল্যাক্‌ওয়াস্ প্রয়োগ করিতে অসুবিধা হইলে, তৎপরিবর্ত্তে ক্যালমেল্ অয়েণ্ট্‌মেণ্ট্ কিংবা সাইট্রিন্ অয়েণ্ট্‌মেণ্ট্ ব্যবহার করা যাইতে পারে।

কণ্ঠনালী, জিহ্বা, গুহ্যদ্বার এবং পিনিস্ ইত্যাদি স্থানে ঔপদংশিক ক্ষত অথবা ইরাপশন্ হইলে সায়েনাইড্ অব্ মার্কারি ৫। ১০। ১৫ গ্রেণ, ১ আউন্স জলে মিশ্রিত করিয়া লোশন্ প্রস্তুত করতঃ স্থানিক প্রয়োগ করিলে বিশেষ ফল লাভ হইয়া থাকে।

প্রিপিউস্ অথবা গ্ল্যান্স্-পিনিসে ক্ষত হইলে, উক্ত সলিউশন্ মৃদু করতঃ (৫ গ্রেণ, ১ আউন্স জল) দিবসে এক কিংবা দুইবার ব্রুস্দ্বারা এমত সতর্কতার সহিত প্রয়োগ করিবে যেন, উহা সন্নিকটস্থ সুস্থ বিধানে লাগিয়া অপকার ঘটাইতে না পারে। শ্যাঙ্কারস্ (Chancres) অর্থাৎ উপদংশজনিত প্রাথমিক ক্ষত স্থানে উক্ত লোশন্ দিবসে একবার প্রয়োগে কিংবা ব্ল্যাক্‌ওয়াসে লিণ্ট্ ভিজাইয়া উক্ত ক্ষতকে সরস রাখিলে উপকার দর্শে। বালকদিগের উপদংশজনিত পিনাস্ রোগে, নাইট্রেট্ অব্ মার্কারি অয়েণ্ট্‌মেণ্ট্ দ্রব করিয়া নাসিকা পরিষ্কার করতঃ দিবসে দুইবার প্রয়োগ করিলে স্রাবের পরিমাণ অল্প, নাসিকার অবরুদ্ধতা দূরীভূত এবং শ্লৈষ্মিক ঝিল্লির অবস্থার পরিবর্ত্তন হয় বলিয়া শিশুর স্বাস্থ্যের উন্নতি হইয়া থাকে। গ্লিট্ রোগে ½ গ্রেণ বাইক্লোরাইড্ অব্ মার্কারি ৬ আউন্স জলে দ্রব করিয়া ২। ৩ কিংবা ৪ ঘণ্টা অন্তর পিচকারীদ্বারা ব্যবহার করিলে বিশেষ ফল দর্শে।

INTERNAL ACTION AND USES.

আভ্যন্তরিক ক্রিয়া ও ব্যবহার।

ফিজিওলজিক্যাল ক্রিয়া——

(১) মস্তিষ্কমণ্ডলীর উপর—অধিক পরিমাণে পারদ শরীরস্থ হইলে, বিষাক্ত লক্ষণ প্রকাশ পূর্ব্বক স্নায়বীয় দুর্ব্বলতা ও ট্রেমার্স (Tremors) বা কম্পন উপস্থিত হয়; সচরাচর যাহারা পারদের কারখানায় কর্ম্ম করিয়া উহার বাষ্প গ্রহণ করে তাহাদের সময় সময় উক্ত প্রকারের বিষাক্ত লক্ষণ প্রকাশিত হইয়া থাকে।

(২) রক্ত সঞ্চালন এবং শ্বাস প্রশ্বাসের উপর—করোসিভ্ সাব্‌লিমেট্ হার্টের ক্রিয়ার ন্যূনতা জন্মাইয়া হৃদ্‌পি-

থিরাপিউটিক্যাল্ ব্যবহার——

(১) উপদংশের বর্দ্ধিতাবস্থায় মস্তিষ্ক আক্রান্ত হইলে, পারদদ্বারা বেশ উপকার লাভ করা যায়।

(২) সেকেণ্ডারী সিফিলিসের সহিত এনিমিয়া বর্ত্তমান থাকিলে পারদঘটিত ঔষধদ্বারা নিঃসন্দেহরূপে

সোণ্ডের উপর কার্ডিয়েক্ পয়জনের ন্যায় বিষাক্ত ক্রিয়া করে; কিন্তু পারদের অন্যান্য প্রয়োগরূপের উপরোক্ত গুণ নাই। পারদঘটিত ঔষধ অধিক দিন সেবন করিলে উহা রক্তের লোহিত কণিকাদিগকে নষ্ট করিয়া এনিমিয়া রোগ উৎপন্ন করিয়া থাকে। এজন্য রক্ত অধিকতর তরল হয় এবং রক্তের ফাইব্রিন্ নামক পদার্থের তত সংযত গুণ থাকে না। সে যাহাহউক করোসিভ্ সাব্লিমেট্ অল্প মাত্রায় ব্যবহার করিলে টনিক্ এবং রেড্ কার্পাস্কল্সের (লোহিত কণিকা সকলের) সংখ্যা বৃদ্ধি করে।

(৩) পাকাশয় এবং অন্ত্রের উপর——ক্যালমেল্ প্রভৃতি পারদঘটিত প্রয়োগরূপ গুলি বিরেচকের ন্যায় ক্রিয়া করিয়া মলকে ঈষৎ ধূসর কিংবা সবুজ বর্ণে পরিণত করে। ইহা সর্ব্ব প্রথমে ডিওডিনামের উপর কার্য্য করিয়া থাকে। লিভারের উপর ইহার কোন ক্ষমতা আছে কিনা সন্দেহ, সচরাচর ক্যালমেল্ ও ব্লুপিল্, অন্যান্য বিরেচক ঔষধ সহযোগে ব্যবহৃত হইয়া থাকে।

হিত কণিকার সংখ্যা বৃদ্ধি পাইয়া থাকে। কিন্তু এই ক্রিয়া সাধারণ নিয়মের বহির্ভূত। কোন কোন প্রকার ব্রঙ্কাইটিস্ রোগে একজুডেশন্ বর্ত্তমান থাকিলে তাহা শোষণার্থ পারদ অতি সাদরে ব্যবহৃত হইতে পারে।

(৩) অতি অল্প বয়স্ক (কতিপয় সপ্তাহের) শিশুদিগকে দুগ্ধ পান করাইবা মাত্রই কখন কখন বিনা চেষ্টায় একেবারে নাক ও মুখ দিয়া দুগ্ধ কিংবা দধিবৎ ছ্যাকড়া ছ্যাকড়া পদার্থ বহির্গত হইয়া থাকে; এরূপ অবস্থায় ⅙ গ্রেণ হাইড্রারজিরাম্ কাম্ক্রিটা অথবা ⅟₁₂ গ্রেণ ক্যালমেল্ এক কিংবা দুই ঘণ্টা অন্তর ব্যবহার করিলে উৎকৃষ্ট ফল পাওয়া যায়। এরূপ বমির সহিত কখন কখন উদরাময় ও থাকিতে পারে; কিন্তু সচরাচর কোষ্ঠ বদ্ধই থাকে। এরূপ ব্যাধি বড়ই বিপদ জনক কারণ দুগ্ধ পান করিবা মাত্রই তাহা বমি হইয়া যায় বলিয়া অনশনে শিশুর শরীর

ক্রমে অস্থিচর্ম্মসার হইয়া অবশেষে মৃত্যু ঘটিয়া থাকে। পার্‌ক্লোরাইড্‌ অব্‌ মার্কারি অতি অল্প মাত্রায় শিশুদের ডিসেণ্টেরিক্‌ ডায়েরিয়া (Dysenteric diarrhœa) রোগে ব্যবহার করিলে অতি উৎকৃষ্ট ফল দর্শে। শিশুদিগের উদরাময় রোগে যখন স্বাস্থ্য ভঙ্গ হয়, পরিপাকক্রিয়ার ব্যাঘাত জন্মিয়া অজীর্ণতা ও পেটফাঁপা বর্ত্তমান থাকে, এবং রোগী দিবসে ৩।৪ বার পিঙ্গলবর্ণ কর্দ্দমবৎ দুর্গন্ধ মল পরিত্যাগ করে তখন বাই ক্লোরাইড্‌ অব্‌ মার্কারি ১গ্রেণ. অর্দ্ধ পাইণ্ট্‌ জলে দ্রব করিয়া উহার এক চা চামচ্‌ বা এক ড্রাম মাত্রায় প্রতিঘণ্টা অন্তর অথবা ¼ গ্রেণ মাত্রায় গ্রেপাউডার, ১।২ ঘণ্টা অন্তর ব্যবস্থা করিলে দুই এক দিবসের মধ্যেই দাস্তের পরিমাণ কম ও মলের স্বাভাবিক অবস্থা প্রাপ্ত হইয়া উপকার দর্শিয়া থাকে। কিন্তু উল্লিখিত রোগে গ্রে পাউডার্‌ বিশেষ ফলপ্রদ। বয়স্ক ব্যক্তিদিগের তরুণ অথবা পুরাতন রক্তামাশয় রোগে, মল আঠাবৎ (Slimy) ও রক্ত মিশ্রিত (Bloody) হইলে, বাই ক্লোরাইড্‌ অব্‌ মার্কারি ১/১৬ গ্রেণ মাত্রায় রোগের প্রাবল্যানুসারে এক কি দুই ঘণ্টা অন্তর ব্যবহার করিলে প্রায়ই উপকার দর্শিয়া থাকে। শিশুদের বিসূচিকা রোগে যখন দুর্গন্ধযুক্ত বর্ণহীন কিংবা মেটেরঙ্গের জলবৎ অপর্য্যাপ্ত ভেদ ও অবিরাম বমন হয়, তখন ¼গ্রেণ মাত্রায় গ্রে পাউডার্‌ এক ঘণ্টা অন্তর ব্যবহার করিলে বিশেষ ফল পাওয়া যায়।

(৪) লিভারের উপর—সাক্ষাৎ সম্বন্ধে লিভারের উপর পারদের কোন ক্রিয়া নাই, কিন্তু ইহা ডিওডিনাম্‌কে উত্তেজিত করে বলিয়া রিফ্লেক্স-এক্‌শন্‌ (প্রত্যাবর্ত্তনক্রিয়া) দ্বারা গল্‌-ব্ল্যাডার্‌কে (পিত্তকোষ) উত্তেজিত করিয়া উহার সঙ্কোচন শক্তি বর্দ্ধিত করে, সেই জন্যই পারদঘটিত ঔষধ ব্যবহারে পিত্ত নিঃসৃত হইয়া থাকে। ক্যালমেল্‌ অন্ত্রস্থ গ্রন্থিদিগকে উত্তেজিত করে; কিন্তু লিভারকে উত্তেজিত

(৪) বিলিয়াস্‌নেস্‌ Biliousness এবং জণ্ডিস্‌ Jaundice আদি যকৃতের অন্যান্য প্রকার ব্যাধিতে ব্লু পিল্‌ ব্যবহৃত হইয়া থাকে।

নিম্নলিখিত ব্যবস্থাপত্র ব্যবহার করিলে বিশেষ ফল পাওয়া যায়।

℞	Pil Hydrarg	gr 1
	Pulv Ipecac	gr ½
	Euonymin	gr ½-1
	Ext Hyoscyami	gr 1
	Ext Taraxaci	q.s

M ft 1 pil to be taken twice or thrice a day.

করেনা। পক্ষান্তরে করোসিভ্ সাব্-লিমেট্ লিভারকে উত্তেজিত করিয়া পিত্ত নিঃসরণ ক্রিয়ার সহায়তা করিয়া থাকে, কিন্তু অন্ত্রের উপর ইহার কোন ক্রিয়া প্রকাশ পায় না।

(৫) কিড্নির উপর—পারদ বিশেষতঃ ব্লুপিল্ অন্যান্য মূত্রকারক ঔষধের সাহায্য করিয়া থাকে।

(৫) এই জন্যই স্কুইল্ ও ডিজিটেলিসের মূত্রকারক ক্রিয়া বৃদ্ধি করণার্থে ব্লুপিল্ সচরাচর ব্যবহৃত হইয়া থাকে।

(৬) লালা-নিঃসারক গ্রন্থির উপর—অধিক দিন পর্য্যন্ত পারদ ব্যবহার করিলে স্যালিভারি গ্ল্যাণ্ডস্ (লালা-নিঃসারক গ্রন্থি) দিগের উত্তেজনা বর্দ্ধিত হইয়া উহাদের ক্রিয়া বৃদ্ধি হয়; এজন্য অধিক পরিমাণ লালানিঃসৃত হইয়া থাকে। ঐ লালা প্রথমে অধিক পরিমাণ অণ্ডলালযুক্ত ও গাঢ় হয়, তৎপর জলবৎ তরল হইয়া থাকে।

(৬) পূর্ব্বে বিশ্বাস ছিল যে, পারদ ব্যবহারে যত মুখ আইসে ততই ভাল; কিন্তু এক্ষণ সে বিশ্বাস একেবারে তিরোহিত হইয়া গিয়াছে; আজকাল মুখ আসিবার উপক্রম হইলেই পারদ ব্যবহার বন্ধ করা উচিত।

(৭) চর্ম্মের উপর—পারদের মলম (Ung. Hydrarg) চর্ম্মে মর্দ্দন করিলে একপ্রকার উত্তেজক পিম্পোলস্ (Pimples) বহির্গত হয় এবং পারদ দ্বারা বিষাক্ত হইলে একজিমা-রোগের ন্যায় উদ্ভেদ দৃষ্ট হইয়া থাকে।

প্রদাহ বশতঃ কোন স্থানে কাইব্রিণ একজুডেশন্ হইলে, পারদঘটিত ঔষধ ব্যবহারে সম্ভবতঃ শোষণ ক্রিয়ার সাহায্য হইয়া থাকে।

(৭) প্রুরাইটাস্ Pruritus (চুলকানি) এবং মস্তকের পিটিরিয়েসিস্ Pityriasis ইত্যাদি পুরাতন চর্ম্ম রোগে পারদের মলমসকল উত্তেজকস্বরূপ ব্যবহার্য্য।

এই জন্যই পুরাকালে কোন স্থানে কাইব্রিন্ এক্জিউশন্ (যেমন নিউমোনিয়ার দ্বিতীয়াবস্থায় হইলে) পারদ অতি আদরের সহিত ব্যবহৃত হইত।

SPECIFIC ACTION.

বিশেষ ক্রিয়া।

পারদ উপদংশ রোগের স্পিসিফিক্ ঔষধ না হইলেও, তাহার প্রাইমেরী এবং সেকেণ্ডারী অবস্থায় বিষয়ের ন্যায় ক্রিয়া করিয়া থাকে। এই রোগের সংক্রামক ক্ষতের (Infecting sore) চিকিৎসা করিতে হইলে, যত সত্বর পারদ ব্যবহার করা যায় ততই ভাল, এবং যে পর্য্যন্ত দন্তমাড়ি অল্পপরিমাণে আক্রান্ত নাহয় সে পর্য্যন্ত ইহা অল্পমাত্রায় অনেক দিবস পর্য্যন্ত ব্যবহার করিতে হইবে। এই উদ্দেশ্যসাধন জন্য অল্পমাত্রায় ব্লু পিল্, ওপিয়ম্ সহযোগে ব্যবস্থা করিলে উৎকৃষ্ট ফল পাওয়া যায়। কিন্তু কখন কখন ব্লু-অয়েণ্ট্মেণ্ট্ ½ হইতে ১ ড্রাম মাত্রায় প্রত্যহ প্রাতে এবং সন্ধ্যার সময় শরীরে মর্দ্দন করিলেও তদনুরূপ ফল পাওয়া যায়।

সেকেণ্ডারী ইরাপ্শন্ অব্ দি স্কিন্ (উপদংশজনিত চর্ম্মরোগ), সোর্-থ্রোট্, কণ্ডাইলোমেটা, আইরাইটিস্ (Iritis) ইত্যাদি উপদংশজনিত রোগে পারদদ্বারা চিকিৎসা করিলে বেশ ফল পাওয়া যায়। এরূপ স্থলে ক্যালমেলের ভেপার্ বাথ্ (ভাব্রা) এবং বাইক্লোরাইড্ অব্ মার্কারি দ্বারাই অতি উৎকৃষ্ট ফল দর্শিয়া থাকে।

আমরা পারদদ্বারা প্রাইমেরী সিফিলিসের (উপদংশজনিত প্রাথমিক ক্ষতের) চিকিৎসা করিলে, সেকেণ্ডারী লক্ষণকে (উপদংশের দ্বিতীয়াদি-লক্ষণ) একেবারে বাধা দিতে পারি কিনা সন্দেহ ; কিন্তু তাহাদিগকে স্থগিত রাখিতে ও উগ্রতানিবারণ করিতে এবং টারসিয়ারী লক্ষণের সম্ভাবনা দূর করিতে সক্ষম হই। এই রোগে সুফল লাভকরণার্থ ইহা অনেক মাস পর্য্যন্ত ব্যবহার করাইবে। এইরূপ চিকিৎসায় রোগ একেবারে আরোগ্য হইবার সম্ভাবনা।

পারদঘটিত ঔষধদ্বারা উপদংশ চিকিৎসা সম্বন্ধে আধুনিক মতামত নিম্নে বিবৃত হইল যথাঃ—

(১) পারদ, প্রাইমেরী এবং সেকেণ্ডারী উপদংশের উভয় অবস্থাতেই ফলপ্রদ।

(২) ইহা একমাত্র হার্ড্ স্যাঙ্কারের (Hard chaucre) চিকিৎসাতেই উপকারক কিন্তু সফট্ স্যাঙ্কারের (Soft chancre) চিকিৎসায় ইহা ব্যবহারে অপকার সাধিত হইয়া থাকে।

(৩) পারদদ্বারা চিকিৎসা করিলে হার্ড্ স্যাঙ্কার্ অতিশীঘ্র আরোগ্য হয়, এবং ভবিষ্যতে উক্তরোগের দ্বিতীয়াবস্থার লক্ষণাদি হইবার কম সম্ভাবনা থাকে ; কিন্তু যদি কখন ও ইহা প্রকাশ পায় তবে অতি মৃদু আকারের হইয়া থাকে।

(৪) ইহা ব্যবহারে নানা প্রকারের সেকেণ্ডারী সিফিলিস্ শীঘ্র আরোগ্য হইয়া থাকে।

ডাঃ জোনাথন্ হাচিন্‌সন্ (Dr. Jonathon Hutchinson) বলিয়াছেন যে, পারদ ঔপদংশিক বিষের (Syphilitic virus) বিষঘ্ন ঔষধ, ইহাদ্বারা প্রকৃতরূপে রোগ আরোগ্য হইয়া থাকে। ইহা বিবেচনাপূর্ব্বক অল্প মাত্রায় বহুকাল পর্য্যন্ত সেবন করাইলেই বিশেষ ফল পাওয়া যায়, এবং তিনি আরও বলেন যে, "Begin early, Continue long, Do not Salivate" অর্থাৎ শীঘ্র পারদ ব্যবহার আরম্ভ কর, অধিকদিন পর্য্যন্ত ব্যবহার কর, পারদদ্বারা মুখ আনিও না

ছোট ছোট শিশুদের পৈত্রিক উপদংশ (Congenital syphilis) রোগে অল্পপরিমাণ ব্লু-অয়েন্টমেণ্ট্, স্থানিক ব্যবহারে ফলদর্শে। উহা, চর্ম্মের উপর মর্দ্দন করিতে হয় অথবা একটুকরা ফ্লানেল্, উক্ত মলম মাখাইয়া কটিদেশের চতুর্দ্দিকে প্রয়োগ করিলে সন্তোষজনক ফল পাওয়া যায়।

কোন কোন সুবিজ্ঞ চিকিৎসক বলেন যে, টাইফয়েড্ ফিবারের প্রথমাবস্থায় অল্প মাত্রায় ক্যালমেল্ ব্যবহার করিলে বিশেষ ফল দর্শে। কিন্তু ইহা উক্ত রোগের নবম কিংবা দশম দিবসের পর ব্যবহার করিলে কোনও উপকার দর্শে না। পূর্ব্বে বিবেচিত হইত যে মস্তক ঝিল্লির প্রদাহ হইলে পারদদ্বারা দূরীভূত হয় তজ্জন্য পেরিটোনাইটিস্, পেরিকার্ডাইটিস্ এবং প্লুরিসি রোগাদিতে পারদ নিয়ত ব্যবহার হইত ; কিন্তু ইদানীং উল্লিখিত রোগাদিতে পারদের তত ব্যবহার হয় না।

DRAWBACKS.

পারদ সেবনে আপত্তি।

অনেক দিবস পর্য্যন্ত ক্রমান্বয়ে পারদ ব্যবহার করিলে যে সকল অবস্থা ঘটে, তৎবিষয়ে চিকিৎসকদের অভিজ্ঞতা থাকা একান্ত আবশ্যক। দন্ত মাঢ়ির কিনারায় প্রথমে একটী লালবর্ণ রেখা দেখিতে পাওয়া যায়; তৎপরে দন্তদ্বয়ের মধ্যস্থিত কোমলাংশ (Interdental portions) স্ফীত এবং দন্তহইতে মাঢ়ি স্খলিত, মুখে ধাতবের আস্বাদন ও প্রচুর পরিমাণ লালানিঃসৃত এবং মুখবায়ু দুর্গন্ধ হইয়া থাকে; দন্তমাঢ়ি অতি অল্পপরিমাণে আক্রান্ত হইলেই বুঝিতে হইবে যে পারদের ক্রিয়া প্রকাশিত হইয়াছে।

রোগীকে পারদ-সেবন কালে রোগীর সাধারণ স্বাস্থ্য-রক্ষার্থ পুষ্টিকর খাদ্য, লৌহঘটিত ঔষধ ও অল্প উত্তেজক দ্রব্য ব্যবহার করা বিধেয়।

পারদ ব্যবহার নিষিদ্ধ।

ক্ষয়কাস (Consumption), নানাপ্রকার ষ্ট্রুমাস্ (Strumus), ব্রাইট্স্-ডিজিজ্ (Bright's disease) এবং ডায়েবিটিস্ (Diabetis) ইত্যাদি রোগগ্রস্ত ব্যক্তিদিগকে অতি সতর্কতার সহিত পারদ ব্যবহার করাইবে। আরও স্মরণ রাখা কর্ত্তব্য যে, যাহারা অল্পপরিমাণ পারদ ব্যবহার করিলেই তৎকর্ত্তৃক শীঘ্র শীঘ্র আক্রান্ত হয়, তাহাদিগকে বিশেষ বিবেচনার সহিত পারদসেবন করাইবে।

শিশুদের বিশেষতঃ যাহাদের বয়ঃক্রম দুই বৎসরের ন্যূন তাহাদের লালা-গ্রন্থির ক্রিয়া বিকশিত হয় না বলিয়া তাহাদিগকে পারদ খাওয়াইলে স্যালি-ভেশন্ (মুখ আসা) হয় না, কিন্তু তাহাদের ঈষৎ সবুজবর্ণ মল দেখিলা বুঝিতে হইবে যে, পারদ ব্যবহারের ফল দর্শিতেছে; কিন্তু ইহাদ্বারা অতি বিরল অবস্থায় তাহাদের প্রচুর পরিমাণে লালা নিস্রাব হইয়া মুখে ক্ষত ও বিগলন হইয়া থাকে। ডাং হাচিন্‌সন্ বলেন যে, পারদ ব্যবহারে দন্তের একপ্রকার বিশেষ বিকৃতি ঘটিয়া থাকে।

MODE OF ELIMINATION.

কিরূপে শরীর হইতে বহির্গত হয়।

পারদ প্রধানতঃ প্রস্রাবের সহিত এবং অল্প পরিমাণ লালা, পিত্ত এবং অন্যান্য আন্ত্রিক রসের সহিত বহির্গত হইয়া থাকে।

MODE OF ADMINISTRATION.

ব্যবহারের নিয়ম।

উপদংশ রোগের চিকিৎসায় পারদ মলম আকারে (হ্র্, অয়েন্ট্‌মেন্ট্‌) অর্দ্ধ হইতে ১ ড্রাম মাত্রায়, চর্ম্মোপরি দিবসে ১। ২ বার মালিস করিবার জন্য ব্যবহৃত হয়। চর্ম্মের উত্তেজনা নিবারণার্থ বিভিন্ন স্থানে ইহা প্রয়োগ করা বিধেয়।

ওলিইক্ এসিডে, ইওলো অক্সাইড্ অব্ মার্কারি দ্রব করিয়া যে মলম (Oleate of Mercury) প্রস্তুত করা হয়, তাহা বাহ্যিক ব্যবহারে বিশেষ উপযোগী। সেকেণ্ডারী সিফিলিস্‌জনিত চর্ম্মরোগের চিকিৎসায় পারদের ভাব্‌রা (ফিউমিগেশন্) দ্বারা বেশ উপকার লাভ হয়। ইহা নিম্নলিখিত প্রকারে প্রয়োগ হইয়া থাকে। যথা— রোগীকে একখানি সচ্ছিদ্র চৌকীর উপর বসাইয়া মুখ ব্যতীত সমস্ত শরীর ফিউমিগেটিং-এপারেটাস্ কিংবা কম্বলদ্বারা এমত ভাবে আবৃত করিয়া রাখিবে যে, চৌকীও তন্নিম্নস্থ সমস্ত স্থান যেন সম্পূর্ণরূপে আবৃত হয়; তৎপর ঐ চৌকীর নিম্নে, এক পাত্রে ২০ গ্রেণ ক্যালমেল ও অন্য পাত্রে জল স্থাপন করতঃ উত্তাপ প্রদান করিলে যে বাষ্প উত্থিত হইবে তাহা রোগীর শরীরে লাগিয়া উপকার দর্শিয়া থাকে।

করোসিভ্ সাব্লিমেট্ উপদংশ রোগের চিকিৎসায় চর্ম্মান্তর্গত পিচকারী-রূপে ব্যবহৃত হইয়া থাকে, কিন্তু কখন কখন ইহা ব্যবহারে আক্রান্ত স্থানে স্ফোটক জন্মে বলিয়া সচরাচর ব্যবহৃত হয় না। কিন্তু ইহা সচরাচর আভ্যন্তরিক ব্যবহার হয়।

℞	Hydrargyri perchloridi	gr.ss.
	Potassii Iodidi	ʒss.
	Decocti Cinchonæ	℥viii.
	M. ft. S. ℥j to be taken thrice daily.	

সিন্‌কোনার পরিবর্তে সার্সাপ্যারিলা ব্যবহার করা যাইতে পারে।

উপদংশের চিকিৎসায় নিম্নলিখিত পিল্ ব্যবহার করা যাইতে পারে।

℞	Pil Hydrargyri	gr ii.
	Pulveris Opii	gr ½
	Confectionis rosæ	q. s.

M. ft. 1 Pill. Every Morning and Evening.

নিম্নলিখিত বটিকা ড্রপসি রোগে ব্যবহৃত হইয়া থাকে।

Guy's or Baillie's Pill.

℞	Pilulæ Hydrargyri	griii.
	Pulveris Scillæ	griss.
	Pulveris digitalis	gr.ss.

M. ft. Pill. One pill to be taken thrice daily.

IODINE ALTERATIVES.

আইওডিন্ ঘটিত পরিবর্ত্তক ঔষধ সকল।

ল্যাটিন্।	ইংরেজী।
আইওডাম্।	আইওডিন্।
Iodum.	Iodine.
প্রয়োগরূপ—	
লিনিমেণ্টাম্ আইওডাই।	লিনিমেণ্ট্ অব্ আইওডিন্।
Linimentum Iodi.	Liniment of Iodine.
লাইকর্ আইওডাই।	সলিউশন্ অব্ আইওডিন্।
Liquor Iodi.	Solution of Iodine.
টিংচুরা আইওডাই।	টিংচার্ অব্ আইওডিন্।
Tinctura Iodi.	Tincture of Iodine.
মাত্রা—৫—২০ মিনিম্।	
আন্গুয়েণ্টাম্ আইওডাই	অয়েণ্ট্মেণ্ট্ অব্ আইওডিন্।
Unguentum Iodi.	Ointment of Iodine.
ভেপার্ আইওডাই।	ইন্হেলেশন্ অব্ আইওডিন্।
Vapor Iodi.	Inhalation of Iodine.

ACTION AND USES OF IODINE.

আইওডিনের ক্রিয়া ও ব্যবহার।

ফিজিওলজিক্যাল ক্রিয়া—

আইওডিন্, পচননিবারক গুণ ব্যতীত অন্য কোন গুণের জন্য বাহ্যিক ব্যবহৃত হয় না। ইহা স্পিরিটে দ্রব করিয়া কোন স্থানে লাগাইলে উৎকৃষ্ট প্রত্যুগ্রতাসাধক স্বরূপ কার্য্য করিয়া চর্ম্মের চুলকানি, জলন, তৎপর কিউটিকেল্ (উপত্বক) উঠিয়া যায়। বারংবার প্রয়োগ করিলে ব্লিষ্টারের ন্যায় ক্রিয়া করিয়া ফোস্কা উৎপান করে।

পরীক্ষা দ্বারা প্রমাণিত হইয়াছে যে, আইওডিন্ প্রাপ্তবয়স্ক ব্যক্তিদের অক্ষত চর্ম্মে প্রয়োগ করিলে উহা শরীরে শোষিত হয় না; সে যাহাহউক সমপরিমাণ টিংচার্ অব্ আইওডিন্ ও গ্লিসিরিণ্ একত্র করিয়া শিশুদের চর্ম্মে লাগাইলে তৎপর দিবস তাহাদের প্রস্রাবে আইওডিন্ ও এলবুমেন্ দেখিতে পাওয়া যায়। ওভেরিয়েন—সিষ্টে, আইওডিনের পিচকারীদ্বারা কখন কখন অপকার হইতে দেখা গিয়াছে।

থিরাপিউটিকাল ব্যবহার—

আইওডিনের পচননিবারক গুণ থাকা বিধায় ইহা নর্দ্দমা ইত্যাদির দুর্গন্ধ নাশ জন্য ব্যবহার করিলে দুর্গন্ধ নষ্ট হইয়া যায়।

টিংচার্ কিংবা লিনিমেন্ট্ অব্ আইওডিন্,কাউণ্টার্-ইরিট্যাণ্ট্ স্বরূপ বিবর্দ্ধিত গ্রন্থি, পুরাতন স্ফোটক, স্ফীত সন্ধি, এবং নানাপ্রকার চর্ম্ম রোগে বিশেষতঃ নানাবিধ দদ্রুতে ব্যবহার করিলে বিশেষ উপকার দর্শে। ক্রনিক্ নিউমোনিয়া এবং লাংসের টিউবার্কোল্জনিত ব্যাধিতে বক্ষের উপর টিংচার্ অব্ আইওডিন্ অথবা লিনিমেণ্ট্ অব আইওডিন্ প্রয়োগ করিলে উত্তম ফল লাভ করা যায়। মিঃ জর্ডন্ বলেন যে, বিষস্ফোটক (Boils),পিটক (Carbuncles) এবং সাপিউরেটিং গ্লাণ্ডস্ (পূযবিশিষ্টগ্রন্থি) প্রভৃতির চতুষ্পার্শ্ববর্ত্তী স্থানে আইওডিন প্রয়োগ করিলে সুফল প্রাপ্ত হওয়া যায়। হাইড্রোসিল্ রোগের টিউনিকা-ভ্যাজাইনেলিস্ নামক গহ্বরে টিংচার্ অব্ আইওডিনের পিচকারী দিলে উক্ত গহ্বর বিলুপ্ত হইয়া হাইড্রোসিল্‌রোগ আরোগ্য হইয়া থাকে; কিন্তু প্রথমে

সঞ্চিত জলকে, ট্রোকার এবং ক্যানিউলা নামক যন্ত্র দ্বারা নিঃসারিত করিয়া পরে উপরোক্ত পিচকারী ব্যবহার করিতে হয়; কেহ কেহ বলেন পিচকারী দ্বারা টিউনিকা-ভ্যাজাইনেলিসের প্রদাহ জন্মিয়া উহার গহ্বর বিলুপ্ত হয়।

আবার কেহ কেহ বলেন যে, উক্ত পিচকারীদ্বারা টিউনিকা-ভ্যাজাইনেলিসের প্রদাহ না জন্মিয়া শোষণ ক্রিয়ার বৃদ্ধি পায় বলিয়া, তথায় আর সিরাম্ সঞ্চিত হইতে পারে না। এইরূপ প্রক্রিয়া দ্বারাই কোন কোন প্রকার ওভেরিয়েন্-ড্রপ্সি এবং ব্রঙ্কোসিল্ আরোগ্য হইয়া থাকে। এম্পাইমা (Empyema) রোগে বক্ষগহ্বর হইতে সঞ্চিত পূয বাহির করিয়া, আইওডিন্ জলসহযোগে পিচকারীদ্বারা ব্যবহার করিলে পূযস্রাবের লাঘব ও দুর্গন্ধ নষ্ট হইয়া থাকে। প্রথমতঃ ৪—৫ গ্রেণ আইওডিন্ এবং আইওডাইড্ অব্ পটাশিয়াম এক পাইন্ট্ জলে মিশ্রিত করতঃ পিচকারী ব্যবহার করিবে; তৎপর ক্রমে উগ্রতর সলিউশন্ ব্যবহার করা যাইতে পারে; কিন্তু ইহাদ্বারা উপকার হইলেও সাবধানে ব্যবহার করা উচিত; কারণ উহা ব্যবহারে কখন কখন প্রদাহ উপস্থিত হইয়া, রোগীর জ্বর এমনকি অবশেষে মৃত্যুও হইতে পারে। আইওডিনের পরিবর্ত্তে পার্ম্যাঙ্গেনেট্ অব্ পটাশের মৃদু দ্রাবণের পিচকারী ব্যবহার করিলে দুর্গন্ধ বিনষ্ট হয় এবং তত উত্তেজনা হয় না।

ক্রনিক্ থাইসিস্‌রোগে প্রচুরপরিমাণে এক্স্‌পেক্টোরেশন্ (Expectoration) শ্লেষ্মা বহির্গত এবং কষ্টদায়ক কাসি বর্ত্তমান থাকিলে প্রাতে ও রাত্রিতে আইওডিন্ আঘ্রাণদ্বারা সচরাচর শ্লেষ্মা কম এবং কাসি উপশমিত হইয়া থাকে।

পারদদ্বারা মুখ আসিলে, ২—৪ ড্রাম টিংচার্ অব্ আইওডিন্ ৮ আউন্স জলের সহিত মিশ্রিত করিয়া কুলি করিলে উপকার দর্শিয়া থাকে। এবং গলার ভিতর সামান্যপ্রকার কিংবা উপদংশজনিত ক্ষত হইলে টিংচার্ অব্ আইওডিন্ স্থানিকপ্রয়োগে উপকার লাভ করা যায়।

পুরাতন প্লুরিসিরোগে, বক্ষগহ্বরের সঞ্চিত তরল পদার্থ শোষণ করিবারজন্য লিনিমেণ্ট্ অব্ আইওডিন্ প্রত্যুগ্রতাস্বরূপ ব্যবহৃত হইয়া থাকে। ইহা পুরাতন থাইসিস্‌রোগে ক্লাভিকেলের (কণ্ঠাস্থির) নিম্নে, তুলিদ্বারা ব্যবহার করিলে কষ্টকর কাসি উপশমিত এবং ব্রঙ্কিয়েল টিউব্‌স্ ও লাংস্ হইতে যে স্রাব হয়

তাহা বন্ধ হইয়া থাকে। প্লুরোডিনিয়া রোগে লিনিমেণ্ট্ অব্ আইওডিন্ আক্রান্তস্থানে প্রয়োগকরা যাইতে পারে। ক্রনিক্ রিউমেটিজ্‌ম্ কিংবা গাউট্ অথবা ক্রনিক্ সাইনোভাইটিস্‌রোগে, আক্রান্ত সন্ধিসমূহের চতুর্দ্দিকে ইহা প্রয়োগে উপকার বোধ হয়। ব্লিষ্টারের ন্যায় ইহাতেও বেদনা কম ও সন্ধিমধ্য-স্থিত তরলপদার্থ শোষিত হইয়া থাকে। আইওডিনের প্রবল কীটনাশকগুণ থাকা বিধায়, নানাপ্রকার চর্ম্মরোগে ব্যবহৃত হয়। এরূপ অনুমোদিত হইয়াছে যে, কোন স্থান ইরিসিপেলাস্ দ্বারা আক্রান্ত হইলে তথায় এবং তাহার চতুর্দ্দিকে টিংচার্ অব্ আইওডিন্ ব্যবহারে ইরিসিপেলাস্‌রোগ আর বিস্তৃত হইতে পারে না। টিংচার্ অব্ আইওডিন্ ৫—১৫ মিনিম্, ব্রঙ্কোসিল্‌রোগে আক্রান্তস্থানে ইন্‌জেক্‌শন্ জন্যও ব্যবহৃত হয়। দন্তে টার্টার (Tartar) বা ময়লা জন্মিলে টিংচার্ অব্ আইওডিন্ প্রয়োগে উপকার দর্শে।

আইওডিন্ অধিকপরিমাণে সেবন করিলে পাকাশয়ের উত্তেজনা এবং প্রদাহ জন্মিয়া তৎপ্রদেশে বেদনা উৎপন্ন হয় এবং বমন, উদরাময় এবং কখন কখন পতনাবস্থা (কোল্যাপ্স্) উপস্থিত হয়; এমনকি মৃত্যুও ঘটিতে পারে। ইহা আহারান্ত ব্যবহার করা উচিত; কারণ সেই সময়ে পাকাশয়ের শ্লৈষ্মিক প্রদেশ খাদ্যদ্রব্যদ্বারা আবৃত থাকে। আইওডিন্ রক্তে শোষিত হইলে, আইওডাইড্ অব্ পটাশিয়াম্ এবং আইওডাইড্ অব্ সোডিয়ামে পরিণত হইয়া তাহাদের ন্যায় ক্রিয়া করে। কেহ কেহ টিংচার্ অব্ আইওডিন্ ম্যালেরিয়াজ্বরে, ১২—১৫ মিনিম্ মাত্রায় ব্যবহার করিয়া থাকেন। ক্রনিক্ এনলার্জ্জমেণ্ট্ অব্ স্প্লীন্ (প্লীহার পুরাতন বিবৃদ্ধি) রোগে টিংচার্ অব্ আইওডিন্ ও টিংচার ফেরি পার্‌ক্লোরাইড্ প্রত্যেকের অর্দ্ধ আউন্স, এক আউন্স জলের সহিত মিশ্রিত করিয়া, ১০ ফোটা মাত্রায় জলের সহিত দিবসে ৩ বার ব্যবস্থেয়।

ল্যাটিন।	ইংরেজী।
পটাশিয়াই আইওডাইডাম্।	আইওডাইড্ অব্ পটাশিয়াম্।
Potassii Iodidum.	Iodide of Potassium.

মাত্রা—২—২০ গ্রেণ।

প্রয়োগরূপ—

আঙ্গুয়েণ্টাম্ পটাশিয়াই আইওডিডাই। আইওডাইড্ অব্ পটাশিয়াম্ অয়েণ্ট্মেণ্ট্।

Unguentum Potassii Iodidi. Iodide of Potassium Ointment.

লিনিমেণ্টাম্ পটাশিয়াই আইওডিডাই কম্ সেপোনি। লিনিমেণ্ট্ অব্ আইওডাইড্ অব্ পটাশিয়াম্ এণ্ড সোপ্।

Linimentum Potassii Iodidi Cum Sapone. Liniment of Iodide of Potassium and Soap.

ACTION AND USES.

ক্রিয়া ও ব্যবহার।

ফিজিওলজিক্যাল্ ক্রিয়া।

(১) মস্তিষ্ক মণ্ডলীর উপর—স্নায়ু মণ্ডলীর উপর আইওডিনের কোন বিশেষ ক্রিয়া নাই; কিন্তু আই-ওডাইড্ অব্ পটাশিয়াম্ সেবন করিলে স্পাইনেল্ কর্ডের (কশেরুকা মজ্জার) উপর ক্রিয়া প্রকাশ পায় বলিয়া কথন কথন নিস্তেজতা, ক্লান্তি এবং পৈশিক দুর্ব্বলতা ঘটিয়া থাকে। এতদ্দ্বারা অনুমিত হয় যে কেবল পটাশিয়ামের বিদ্যমানতা হেতু এরূপ সংঘটিত হয়।

(২) রক্তসঞ্চালন যন্ত্রের উপর—ইহার উপর আইওডিনের ক্রিয়া আছে কিনা তাহা এখনও নিশ্চয়রূপে অব-গত হওয়া যায় নাই; কিন্তু কেহ কেহ বলেন যে, আইওডিনদ্বারা রক্ত-বহানাড়ী সঙ্কোচিত এবং হৃদ্পিণ্ডের

থিরাপিউটিক্যাল্ প্রয়োগ।

(১) মস্তিষ্কের নানা প্রকার ব্যাধিতে বিশেষতঃ টার্সিয়ারী উপদংশ জনিত গামেটা এবং অন্যান্য প্রকার অর্ব্বুদের চাপ দ্বারা অত্যন্ত শিরো-বেদনা ও অন্যান্য স্নায়বীয় লক্ষণ প্রকাশ পাইলে আইওডাইড্ অব্ পটাশিয়াম্ দ্বারা বিশেষ উপকার পাওয়া যায়।

(২) এওর্‌টিক্ এবং অন্যান্য আভ্যন্ত-রিক এনিউরিজম্ Aneurism (নাড়ী-স্ফীতি) রোগে ইহা অতি আদরের সহিত ব্যবহৃত হয়। ইহা ৫—২০ গ্রেণ মাত্রায় দিবসে ৩ বার করিয়া এক বৎসরকাল পর্য্যন্ত সমানে ব্যবহার

ক্রিয়া বর্দ্ধিত হইয়া থাকে। আইওডাইড্ অব্ পটাশিয়ামের ব্যাপকতা শক্তি অতি দ্রুত হয়, এজন্য রক্তে শোষিত হইয়া ১০ মিনিট মধ্যে প্রস্রাব দ্বারা বহির্গত হইয়া যায়।

(৩) অন্ত্রের উপর—অন্ত্রের উপর ইহার কোন বিশেষ ক্রিয়া নাই। তবে ইহা সেবনে কখন কখন ক্ষুধা-মান্দ্য এবং পরিপাক ক্রিয়ার ব্যতিক্রম ঘটিয়া থাকে।

(৪) মূত্রযন্ত্রের উপর—পটাশি আইওডাইডের মূত্রকারক ক্রিয়া আছে; বিশেষতঃ অন্যান্য ঔষধ সহিত ব্যবহার করিলে মূত্রকারক ক্রিয়া বর্দ্ধিত হইয়া থাকে।

(৫) লালানিঃসারকগ্রন্থির উপর—ইহা দ্বারা কখন কখন লালা স্রাব বৃদ্ধি পায়।

(৬) গ্ল্যাণ্ডিউলার টিস্যুর উপর—গ্রন্থিময় বিধানের উপর আইওডাইড্ অব্ পটাশিয়ামের বিশেষ ক্রিয়া আছে; এজন্য তাহাদের শোষণ-ক্রিয়া বৃদ্ধি করে এবং কখন কখন আইওডাইড্

করিতে হয়। ডাঃ ব্যাল্‌ফোর (Dr. Balfour) বলেন যে, ইহা হার্টের উপর অবসাদকতা এবং ধমনী-অর্ব্বুদের থলীর ফাইব্রাস্ (সূত্রময়) টিশুর উপর বিশেষ ক্রিয়া প্রকাশ করিয়া উহাকে দৃঢ় ও ঘনীভূত করিয়া থাকে। তিনি আরও বলেন যে, চিকিৎসা কালে রোগীকে চিৎ ভাবে শয়ন ও অল্প আহার করাইলে আরও উপকার দর্শে।

(৪) আইওডাইড্ অব্ পটাশিয়াম্ অন্যান্য মূত্রকারক ঔষধের ক্রিয়ার আধিক্য করে বলিয়া ইহা কখন কখন ব্রাইট্‌স্-ডিজিজে ব্যবহৃত হইয়া থাকে।

(৬) আইওডাইড্ অব্ পটাশিয়ামের শোষণ-ক্রিয়া আছে বলিয়া প্লুরিসি, নিউমোনিয়া, পেরিকার্ডাইটিস্ ইত্যাদি রোগের পুরাতন অবস্থায় ইনফ্ল্যামেটরি প্রডাক্টস্ (Inflam-

অব্ পটাশিয়াম্ দ্বারা শোষিত হইয়া থাকে। কথিত আছে যে, ইহা অধিক দিন পর্য্যন্ত ব্যবহার করিলে স্ত্রীলোকদিগের স্তন ও পুরুষদিগের অণ্ডকোষ শুষ্ক হইয়া যায়।

(৭) টিসুর উপর—শরীরের বিধান হইতে পারদ, সীস ইত্যাদি ধাতব পদার্থ দুরীভূত কবিবার জন্য ইহা ব্যবহৃত হইয়া থাকে। কখন কখন উক্ত ধাতব পদার্থ টিসুদের মধ্যে অদ্রবনীয় এলবিউমিনেট্ আকারে অবস্থিতি করে; এবং আইওডাইড্ অব্ পটাশিয়াম্ ব্যাবহারে তাহারা দ্রব হইয়া থাকে।

(৮) আইওডাইড্ অব্ পটাশিয়াম্ নানাবিধ মিউকাস্ মেম্ব্রেনকে উত্তেজিত করে বলিয়া ইহা ব্যবহারে সাধারণ সর্দ্দির (Catarrh) ন্যায় আরক্তিমতা, জ্বলন এবং প্রচুর পরিমাণে স্রাব হইয়া থাকে; এবং তাহাদের মিউকয়েড্ সিক্রিশন্ (শ্লেষ্মাময় নিস্রাবণ) পাতলা ও তরল হয়।

(৯) আইওডাইড্ অব্ পটাশিয়ামের আরও কতকগুলি এমত স্পিসিফিক্ ক্রিয়া আছে যে, তাহাদি-

matory Products) প্রদাহ জনিত পদার্থের শোষণ জন্য ব্যবহৃত হইয়া থাকে।

(৭) বহু দিবস সীস ও পারদের কারখানায় কাজ করিয়া উহাদিগেরদ্বারা শরীর বিষাক্ত হইলে সীসও পারদ বহির্গত করণার্থ আইওডাইড্ অব্ পটাশিয়াম্ সচরাচর ব্যবহৃতহইয়া থাকে। পারদ সেবনান্তে ইহা ব্যবহারে মুখ আসিলে, বিস্মিত হওয়া উচিত নহে; কারণ যে পারদ শরীরে অদ্রবনীয় ভাবে ছিল তাহা উক্ত ঔষধ সেবনে দ্রব হওতঃ রক্তে পুনরাগমন করিয়া, লালাগ্রন্থিদিগকে উত্তেজিত করিয়া মুখ আনাইয়া থাকে।

(৮) ব্রঙ্কাইটিস্ রোগে যখন শ্লেষ্মা ঘন ও চটচটে বিধায় বহির্গত করিতে কষ্ট হয় তখন ইহা ব্যবহার দ্বারা উক্ত শ্লেষ্মা তরল হইয়া সহজে বহির্গত হইয়া থাকে।

(৯) টার্সিয়ারী উপদংশ রোগে ইহা অতি আশ্চর্য্যরূপ ক্রিয়া করে, প্রাইমেরী এবং সেকেণ্ডারী উপদংশে

গকে উপরোক্ত ক্রিয়ার কোন এক শ্রেণীভুক্ত করা যাইতে পারে না।

ইহাদ্বারা বিশেষ কোন উপকার দর্শে না। কিন্তু যখন গভীরতর বিধান সকল আক্রান্ত হইতে আরম্ভ হয় এবং যখন চর্ম্মে রূপিয়া (Rupia) অথবা অন্যান্য রকম ক্ষত, কণ্ঠনালীর ক্ষত, পেরিয়ষ্টাইটিস এবং স্নায়বীয় লক্ষণ প্রকাশ পায়; তখন আইও ডাইড্ অব্ পটাশিয়াম্ ব্যবস্থা করিলে বিশেষ উপকার লাভের আশা করা যাইতে পারে।

ক্রনিক্ রিউমেটিজমে বিশেষতঃ যখন আক্রান্ত স্থান চাপনে এবং রাত্রে বেদনা বৃদ্ধি হয় তখন আইওডাইড্ অব্ পটাশিয়াম্ ব্যবহার্য্য। ক্রনিক্ গাউটেও ইহার ব্যবহার হইয়া থাকে।

ঠাণ্ডা লাগিয়া মস্তকের অস্থি, ষ্টারনাম্ (বক্ষাস্থি) এবং টিবিয়া ইত্যাদি অস্থির অস্থিবেষ্টনীদিগের প্রদাহ হইলে, ইহা ব্যবহারে অতি শীঘ্র কার্য্য করিয়া ২। ৩ দিবসের মধ্যে আরোগ্য হইয়া থাকে। কখন কখন সর্দ্দির প্রথমাবস্থায় (বিশেষতঃ মস্তকের) শয়নকালে ১০ গ্রেণ মাত্রায় পটাশি আইওডাইড্ সেবন করিলে উক্তসর্দ্দি আরোগ্য হইয়া যায়। কিন্তু তৎসঙ্গে লাংস্ আক্রান্ত হইলে এবং ইনফ্লুয়েঞ্জা রোগে ইহাদ্বারা কোন ফল পাওয়া যায় না।

থাইরয়েডগ্ল্যাণ্ডের হাইপারট্রফি (বিবৃদ্ধি) বশতঃ ব্রঙ্কোসিল্ (গলগণ্ড) রোগ হইলে, আইওডাইড্ অব্ পটাশিয়ামদ্বারা বিশেষ উপকার দর্শে। এবং তৎসঙ্গে আক্রান্ত স্থানে টিংচার্ কিংবা লিনিমেণ্ট্ অব্ আইওডিন্ প্রয়োগ করিলে আরও ভাল হয়। টেষ্টিকেল্ এবং স্তনের বিবৃদ্ধিতে ইহা ব্যবহৃত হয়, কিন্তু ব্রঙ্কোসিল্ রোগে আইওডাইড্ অব্ পটাশিয়াম্ ব্যবহারে যত ফল পাওয়া যায়, ইহাতে তত ফল লাভ হয় না। পেপ্‌টিক্ (Peptic) এবং ব্রঙ্কিয়েল্ ইত্যাদি প্রকারের হাঁপানি (Asthma) রোগে ইহাদ্বারা কখন কখন বিশেষ ফল দর্শিয়া থাকে। ইহা ৫ গ্রেণ কিংবা ততোধিক মাত্রায় দিবসে ৩ বার করিয়া ব্যবহৃত হয়। ডাক্তার এস্ গুডিভ্ চক্রবর্ত্তী (Dr. S. Goodeve Chuckervurty) নিম্নলিখিত ব্যবস্থাপত্র ব্যবহারে বিশেষ উপকার লাভ করিয়াছেন।

℞

Potassii Iodidi	gr.x
Spt Ammon Aromat	m.xx
Spt Ether Sulph	m.xx
Tinct Belladonna	m.x
Aqua Camphor	℥i

M. ft. S. one dose ; To be taken at the commencement of a fit of Asthma.

উপদংশজনিত ব্যারেণ্‌নেস্ (Barrenness) অর্থাৎ বন্ধ্যাত্ব রোগ হইলে, আইওডাইড্ অব্ পটাশিয়াম দ্বারা কখন কখন উপকার দর্শে। অনেকে দুগ্ধস্রাব কম করিবার জন্য ইহা ব্যবহার করিয়া থাকেন।

ক্রনিক্ হাইড্রোকেফেলাস্ রোগে আইওডাইড্ অব্ পটাশিয়াম্ আভ্যন্তরিক সেবন এবং আইওডিন্ লোশন মস্তকে প্রয়োগ করিলে বিশেষ ফল লাভ হইয়া থাকে। তদ্ভিন্ন সিরাপ্ ফেরি আইওডাইড্ এবং কড্‌লিভার্ অয়েল্ ব্যবস্থা করিলে আরও ফল দর্শে।

লিভারের পুরাতন প্রদাহ ও বিবৃদ্ধিতে আইওডাইড্ অব্ পটাশিয়াম্, ট্যারেক্‌সেকাম্ সহযোগে ব্যবহার করিলে উপকার দর্শে। কেহ কেহ বলেন যে, লিভারের পীড়া বশতঃ ড্রপ্‌সী (শোথ) রোগ জন্মিলে অন্যান্য ঔষধ অপেক্ষা ইহাদ্বারা উপকার হইয়া থাকে।

সিফিলিস্‌জনিত আইরাইটিস্ (Iritis) রোগে আইওডাইড্ অব্ পটাশিয়াম্ দ্বারা উপকার হয়। কিন্তু এই রোগে ইহা পারদঘটিত ঔষধ অপেক্ষা নিকৃষ্ট।

MODE OF ELIMINATION.

কিরূপে শরীর হইতে বহির্গত হয়।

আইওডাইড্ অব্ পটাশিয়াম্ শরীর হইতে প্রস্রাব, লালা, অশ্রু দুগ্ধ ইত্যাদি দ্বারা বহির্গত হইয়া যায়।

DISADVANTAGES AND CONTRA-INDICATIONS.

সেবনের অসুবিধা ও নিষিদ্ধতা।

কোন কোন সময় ইহা দ্বারা আইওডিজ্‌ম্ (Iodism হয়। ইহা সকল লোকের সমান হয় না। কোন কোন ব্যক্তিকে অল্প পরিমাণ আওডাইড্ অব্ পটাশিয়াম্ সেবন করাইবা মাত্রই আইওডিজ্‌মের লক্ষণ সকল প্রকাশ পাইয়া থাকে। আবার কখন কখন অধিকমাত্রায় সেবন করাইলেও উহার একটী লক্ষণও প্রকাশ পায়না। ইহাতে প্রথমতঃ মিউকাস্-মেম্ব্রেনের উত্তেজনা হয়; চক্ষু এবং নাসিকা হইতে জল পড়ে, হাঁচি, মাথাধরা, চক্ষু স্ফীতি, লালা নিঃস্রাব এবং কখন কখন আর্টিকেরিয়ার ন্যায় চর্ম্মে একপ্রকার ইরাপ্‌শন্ বহির্গত হয়। ডাঃ রিঙ্গার বলেন যে, ইহাতে পদে পিটিকিয়েল্ ইরাপ্‌শন্ Petechial eruption) দেখিতে পাওয়া যায়।

ইহাব্যবহারে কোন কোন ব্যক্তির অত্যন্ত নিস্তেজতা, পরিপাকের ব্যতিক্রম এবং তৎসঙ্গে বিবমিষা, উদরাময়, দুর্ব্বলতা এবং সন্ধির কষ্টকর বেদনা জন্মিয়া থাকে। এক্স্অপথ্যাল্‌মিক্ গয়েটার (Exophthalmic goitre) রোগে আইওডাইড্ অব্ পটাশিয়াম্ দ্বারা উপকার হওয়া দূরে থাকুক বরং বিশেষ অপকার ঘটিয়া থাকে। ইহা ব্যবহারে উল্লিখিত ব্যাধিগ্রস্তরোগী ক্রমশঃ শীর্ণ হইয়া যায়।

আইওডাইড্ অব্ পটাশিয়ামের সহিত এরোমেটিক্ স্পিরিট্ অব্ এমোনিয়া কিংবা কার্ব্বনেট্ অব্ এমোনিয়া ব্যবহার করিলে আইওডিজ্‌মের লক্ষণ সকল প্রকাশ পায়না; বরং উহা অল্প মাত্রায় ব্যবহার করিলে উত্তম ফল লাভ হয়। পূর্ব্বে উক্ত হইয়াছে যে, আইওডাইড্ অব্ পটাশিয়াম্ সেবনে উদ্ভেদ জন্মিয়া থাকে; কিন্তু ইহা আর্সেনিকের কোন প্রয়োগরূপ সহযোগে ব্যবহার করিলে ইরাপ্‌শনের লাঘব কিম্বা নিবারিত হইয়া থাকে।

উপদংশরোগে নিম্নলিখিত ব্যবস্থাপত্র দেওয়া যাইতে পারে।

℞	Potassii Iodidi	gr.xl
	Spiritus Ammoniæ Aromatici	℥ss
	Syrupi Aurantii	℥i
	Decocti Sarsæ Compositi ad	℥viii

M. ft. S. ℥i to be taken thrice daily.

কখন কখন আইওডিন্‌কে বিবর্ণ করিবার আবশ্যক হইলে কার্ব্বলিক্ এসিড্ অথবা হাইপোসাল্‌ফাইট্ অব্ সোডিয়ামের উগ্র দ্রাবনের ৪০ মিনিম, ১ আউন্স টিংচার্ অব্ আইওডিনের সহিত মিশ্রিত করিলে উহার বিবর্ণতা জন্মিয়া থাকে।

আইওডাইড্ অব্ সোডিয়াম্ এবং আইওডাইড্ অব্ এমোনিয়ামের ক্রিয়া ও ব্যবহার আইওডাইড্ অব্ পটাশিয়ামের ন্যায়।

ল্যাটিন্।	ইংরেজী।
সাল্‌ফিউরিস্ আইওডাইডাম্।	আইওডাইড্ অব্ সাল্‌ফার্।
Sulphuris Iodidum.	Iodide of Sulphur.

মাত্রা—½—২ গ্রেণ।

প্রয়োগরূপ—

আঙ্গুয়েণ্টাম্ সাল্‌ফিউরিস্ আইওডিডাই।	অয়েণ্ট্‌মেণ্ট্ অব্ আইওডাইড্ অব্ সাল্‌ফার।
Unguentum Sulphuris Iodidi.	Ointment of Iodide of Sulphur.

ACTION AND USES.

ক্রিয়া এবং ব্যবহার।

ইহা অয়েণ্ট্‌মেণ্ট্ আকারে বাহ্যিক প্রয়োগ করিলে প্রায় আইওডিনের ন্যায় ক্রিয়া করে। লেপ্রা (Lepra), একনি ইণ্ডিউরেটা (Acne indurata) ইত্যাদি পুরাতন চর্ম্মরোগে ব্যবহৃত হইয়া থাকে।

আভ্যন্তরিক প্রয়োগে ইহা অল্‌টারেটিভ্ রূপে ক্রিয়া করে; কিন্তু সচরাচর ইহার ব্যবহার দেখিতে পাওয়া যায় না।

ল্যাটিন্।	ইংরেজী।
প্লাম্বাই আওডাইডাম্।	আইওডাইড্ অব্ লেড্।
Plumbi Iodidum.	Iodide of Lead.

মাত্রা—¼—½ গ্রেণ।

প্রয়োগরূপ—

এম্প্লাষ্ট্রাম্ প্লাম্বাই আইওডিডাই। আইওডাইড্ অব্ লেড্ প্লাষ্টার্।
Emplastrum Plumbi Iodidi. Iodide of Lead Plaster.

আঙ্গুয়েণ্টাম্ প্লাম্বাই আইওডিডাই। অয়েণ্ট্মেণ্ট্ অব্ আইওডাইড্ অব্ লেড্।
Unguentum Plumbi Iodidi. Ointment of Iodide of Lead.

ক্রিয়া—অলটারেটিভ্ ও টনিক্; কিন্তু সচরাচর আভ্যন্তরিক প্রয়োগ হয় না। বাহ্যিক ব্যবহারে ইহা মৃদু উত্তেজকের ন্যায় ক্রিয়া প্রকাশ করিয়া থাকে এবং মলম অথবা প্লাষ্টার আকারে ব্যবহৃত হইয়া থাকে। কিন্তু ইহা অধিক স্থান ব্যাপিয়া প্রয়োগ করিলে, উহা হইতে সীসক ধাতু শোষিত হইয়া দুর্লক্ষণ সকল উপস্থিত করে।

আময়িকপ্রয়োগ—গণ্ডমালা ধাতু-বিশিষ্ট লোকদিগের সন্ধি ও গ্রন্থি সমূহের বিবৃদ্ধিতে সচরাচর ইহা বাহ্যিক অয়েণ্ট্মেণ্ট্ ও প্লাষ্টার আকারে ব্যবহৃত হইয়া থাকে। কিন্তু বহুদিবস পর্য্যন্ত ব্যবহার করা উচিত নহে; কারণ তাহাতে সীস ধাতু শরীরে শোষিত হইতে পারে, এবং যে স্থানে প্রয়োগ করা যায় সে স্থানে পীতবর্ণ দাগ পড়ে।

প্লীহা রোগের পুরাতন বিবৃদ্ধিতে এবং ইহার অন্যান্য প্রকার ব্যাধিতে ডাং সার্ আর্ মার্টিন্ ইহা আভ্যন্তরিক প্রয়োগ করিয়া উত্তম ফল পাইয়াছিলেন, তিনি ইহাদ্বারা বাঙ্গলাদেশের বৃহৎ প্লীহা আরোগ্য করিয়াছিলেন এবং উক্ত রোগে প্লাম্বাই আইওডিডাই ১০ গ্রেণ, প্রয়োজনানুসারে কনফেক্‌শন্ অব্ রোজ্ সহযোগে ১৪৪টী বটিকা প্রস্তুত করতঃ উহার এক একটী সকাল ও সন্ধ্যায় ব্যবহার করিতে এবং ক্রমে ক্রমে উহার সংখ্যা বৃদ্ধি করিবার জন্য বলেন। একজিমা রোগে অত্যন্ত কণ্ডুয়ণ হইলে, প্লাম্বাই আইওডিডাই ১২ গ্রেণ, গ্লিশীরিণ্ ১ ড্রাম্, ক্লোরোফরম্ ৪০ মিনিম এবং সিম্পল্ অয়েণ্ট্মেণ্ট্ মোট এক আউন্স একত্র মিশ্রিত করতঃ মলমাকারে আক্রান্ত স্থানে প্রয়োগ করিলে আশু ফল দর্শিয়া থাকে।

ল্যাটিন্। ইংরেজী।

সোডিয়াই আইওডাইডাম্। আইওডাইড্ অব্ সোডিয়াম্।

Sodii Iodidum. Iodide of Sodium.

মাত্রা—৩—১০ গ্রেণ।

ACTION AND USES.

ক্রিয়া এবং ব্যবহার।

ইহার ক্রিয়া এবং ব্যবহার আইওডাইড্ অব্ পটাশিয়ামের ন্যায়; কিন্তু ইহার আস্বাদন আইওডাইড্ অব্ পটাশিয়াম্ অপেক্ষা ভাল। ইহা ব্যবহারে আইওডিজম্ হইবার সম্ভাবনা কম। ইহা আইওডাইড্ অব্ পটাশিয়াম্ অপেক্ষা সহজে সহ্য হয় বলিয়া, মাত্রার পরিমাণ ক্রমশঃ বৃদ্ধি করা যাইতে পারে। আইওডাইড্ অব্ পটাশিয়াম্ দ্বারা কোন উপকার না হইলে কখন কখন ইহার দ্বারা উপকার দর্শিয়া থাকে। সোডা শরীরের সাধারণ উপাদান বিধায়, আইওডাইড্ অব্ পটাশিয়াম্ অপেক্ষা অধিক ব্যবহারোপযোগী। যে সকল রোগে আইওডাইড্ অব্ পটাশিয়াম্ ব্যবহার্য্য, ইহাও সেই সকল অবস্থায় ব্যবস্থেয়। ইহা অনেক স্থলে পারদের পরিবর্ত্তে ব্যবহার করা যাইতে পারে।

ল্যাটিন্। ইংরেজী।

আর্সেনিয়াই আইওডাইডাম্। আইওডাইড্ অব আর্সেনিয়াম্।

Arsenii Iodidum. Iodide of Arsenium.

মাত্রা—১/১৬ গ্রেণ।

ক্রিয়া—অল্প মাত্রায় অল্টারেটিভ্ এবং টনিক্। অধিক মাত্রায় উত্তেজক বিষের ন্যায় কার্য্য করে; কিন্তু ইহা অতি উগ্র ঔষধ বলিয়া অতিশয় সতর্কতার সহিত ব্যবহার করা উচিত। ইহা বাহিক অয়েন্টমেণ্ট্ (২—৩ গ্রেণ, ১ আউন্স চর্ব্বি) আকারে ব্যবহৃত হয়। ক্ষত বিশিষ্ট স্থানে ইহা কখনও প্রয়োগ করা উচিত নহে।

আময়িকপ্রয়োগ—সোরাএসিস্, একজিমা, লেপ্রা ইত্যাদি চর্ম্ম রোগে কখন কখন ইহা কেবল বাহিক মলমাকারে ব্যবহৃত হইয়া থাকে। ইহা

কথন কথন আভ্যন্তরিকও ব্যবহার করা যায়। ডাং ওয়াল্‌স্ ক্যান্সার্ রোগে ইহাকে অতি উত্তম ঔষধ বলিয়া মনে করেন এবং তিনি আরও বলেন যে, ইহা আহারের ২ ঘণ্টা পরে $\frac{1}{16}$—$\frac{1}{12}$ গ্রেণ মাত্রায় দিবসে দুইবার ব্যবহার করিতে হয়। কিন্তু ইহাদ্বারা রোগ একেবারে আরোগ্য হয় না, তবে ক্যান্সার্ শীঘ্র বৃদ্ধি পাইতে পারে না ও বেদনা কম হয় এবং সার্ব্বাঙ্গিক স্বাস্থ্যের উন্নতি হইয়া থাকে। লেপ্রা, সোরাএসিস্ এবং ইম্‌পেটাইগো ইত্যাদি চর্ম্ম রোগে নিম্নলিখিত ব্যবস্থাপত্র ব্যবহার করিলে উপকার দর্শে।

℞

Liq. Arsenicalis	ʒss
Potass Iodid	ʒ৩
Syrup	℥ii
Aquam	℥১৪

M. ft. A teaspoonful to be taken thrice daily in water.

লাটিন্।	ইংরেজী।
লাইকার্ আর্সেনিয়াই এট্ হাইড্রার-জিরাই আইওডিডাই।	সলিউশন অব্ আইওডাইড্ অব্ আর্সেনিয়াম্ এণ্ড মার্কারি।
Liquor Arsenii et Hydrargyri Iodidi.	Solution of Iodide of Arsenium and Mercury.

ইহাকে সাধারণতঃ ডনোভ্যানস্ সলিউশন্ (Donovan's Solution.) কহে।

মাত্রা—১০ মিনিম—½ ড্রাম।

ক্রিয়া—অল্‌টারেটিভ্।

আময়িকপ্রয়োগ—সোরাএসিস্, লেপ্রা, পিটিরিয়েসিস্, সাইকোসিস্, লুপাস্, ইম্পেটাইগো এবং আর্টিকেরিয়া ইত্যাদি অদম্য চর্ম্মরোগে আর্সে-নিকের অন্যান্য প্রয়োগরূপ দ্বারা উপকার না হইলে ইহা ব্যবহারে উপকার হইয়া থাকে। উপদংশ জনিত আঁইশযুক্ত চর্ম্ম রোগে ইহাদ্বারা কথন কথন উপকার দর্শিয়া থাকে।

CHLORINE ALTERATIVES.

ক্লোরিণ্ঘটিত পরিবর্ত্তক ঔষধ সমূহ।

(১) ক্লোরিণ্গ্যাস Chlorine gas.

(২) ক্লোরিণ্ওয়াটার্ Chlorine Water

(৩) লাইকার্ সোডি ক্লোরিনেটি। সলিউশন্ অব্ ক্লোরিনেটেড্ সোডা।
Liquor Sodæ Chlorinatæ. Solution of Chlorinated Soda.

মাত্রা—১০—২০ মিনিম।

ক্যাটাপ্লাজ্মা সোডি ক্লোরিনেটি। ক্লোরিণ পুলটিস্।
Cataplasma Sodæ Chlorinatæ. Chlorine Poultice.

(৪) ক্যাল্ক্স্ ক্লোরিনেটা। ক্লোরিনেটেড্ লাইম্।
Calx Chlorinata. Chlorinated Lime.

প্রয়োগরূপ—

লাইকর্ ক্যাল্সিস্ ক্লোরিনেটি। সলিউশন্ অব্ ক্লোরিনেটেড্লাইম্।
Liquor Calsis Chlorinatæ. Solution of Chlorinated Lime.

ভেপার্ ক্লোরাই ইন্হেলেশন্ অব্ ক্লোরিণ্।
Vapor Chlori. Inhalation of Chlorine.

ইহারা সচরাচর সংক্রমণনাশ, পচন নিবারণ ও দুর্গন্ধ দূরীকরনার্থ, বাহ্যিক ব্যবহৃত হয়।

ফিজিওলজিক্যাল্ ক্রিয়া—

(১) ক্লোরিণ্ বাষ্প চর্ম্মে প্রযুক্ত হইলে চর্ম্মে আরক্তিমতা, জলন্ তৎপর পূয়বটিকা অবশেষে ইরিসিপেলাসের ন্যায় প্রদাহ পর্য্যন্ত হইতে পারে।

(২) সাল্ফিউরেটেড হাইড্রোজেন্ এবং এমোনিয়াম্ সালফাইড্ কে অন্যান্য গ্যাস অপেক্ষা ডিকম্পোজ্ (বিকৃত) করে বলিয়া ইহা উৎকৃষ্ট সংক্রমণনাশক ঔষধ মধ্যে গণ্য।

থিরাপিউটিক্যাল ব্যবহার—

(১) ইহা কথনও কাউণ্টার্ ইরিট্যাণ্ট্ (প্রত্যুগ্রতাসাধক) স্বরূপ ব্যবহৃত হয় না।

(২) এজন্য ইহারা বায়ুতে যে দুর্গন্ধময় Infectious germs. সংক্রামক কীটাণু আছে তাহা নষ্ট করিয়া বায়ুকে নির্ম্মল করে, এতদর্থে প্রচুর পরিমাণে ব্যবহৃত হইয়া থাকে। এজন্য

ইহা বায়ুস্থিত জান্তব পদার্থদিগকে নষ্ট এবং দুর্গন্ধযুক্ত পদার্থদিগের হাইড্রোজেন্ গ্রহণ করিয়া কিংবা অক্সিজেন্ প্রদান করিয়া দুর্গন্ধ বিনষ্ট করে।

উপরোক্ত ঔষধ সকল রোগীর আবাস-স্থলে সংক্রমণনাশ জন্য ব্যবহার হইয়া থাকে। ক্লোরিণ্ বায়বীয় বলিয়া দুর্গন্ধ নাশ জন্য বিশেষ উপযোগী এবং ঘরে যে কিছু দুর্গন্ধময় বাষ্প বর্ত্তমান থাকে, তাহাদিগকে নষ্ট করিতে সক্ষম হয়। ইহা স্মরণ রাখা কর্ত্তব্য যে ক্লোরিণ্ বাষ্প অনেকের পক্ষে দুর্গন্ধজনক, এজন্য বায়ু সঞ্চালনের সঙ্গে ব্যবহার করিলে উহার দুর্গন্ধ অনুভব করা যায় না। যে গৃহ অধিক দিন পর্য্যন্ত অব্যবহার্য্য থাকে সেই গৃহের সংক্রমণনাশ জন্য গৃহের সমস্ত দ্বার বন্ধ করতঃ ক্লোরিনেটেড্ লাইম্ অর্দ্ধ সের, একটী কেম্বিস্ কাপড়ের থলীতে শিথিলভাবে বাঁধিয়া, হাইড্রোক্লোরিক্ এসিড্ ১১/২ পাইণ্ট্ এবং জল ৪১/২ পাইণ্ট্ একত্র মিশ্রিত পূর্ব্বক সেই থলী ইহার মধ্যে ডুবাইয়া রাখিবে, ২৪ ঘণ্টা এরূপ ভাবে রাখার পর আবার গৃহের দরজাদি উদ্ঘাটন করতঃ ৪৮ ঘণ্টা কাল বায়ু সঞ্চালনের ব্যবস্থা করিয়া দিবে।

হস্পিটাল (চিকিৎসালয়), ডিসেক্টিং রুম্ (শবচ্ছেদ গৃহ),জেইল (কারাগার) ইত্যাদি স্থানের দুর্গন্ধ ও সংক্রমণ নাশ জন্য ক্লোরিনেটেড্ লাইম্ সলিউশন্, ঘন আকারে দেওয়ালে ও ঘরের মেজেতে ছড়াইয়া দিতে কিংবা কাপড়ে ভিজাইয়া গৃহের মধ্যে টাঙ্গাইয়া রাখিতে হয়; ইহাতে ক্লোরিণ্ গ্যাস্ উৎপন্ন হইয়া থাকে। অথবা উক্ত সলিউশন্ কোন পাত্রে রাখিয়া অল্প পরিমাণে হাইড্রোক্লোরিক এসিড্ কিংবা লবণজল যোগ করিলে অতি শীঘ্র ক্লোরিণ্ গ্যাস্ উৎপন্ন হইয়া থাকে; এতদ্ব্যতীত ইহারা স্লাফিং সোর (বিগলিত ক্ষত) ইত্যাদি দুর্গন্ধযুক্ত ক্ষত হইতে পূয নির্গত হইলে উহাদের পচন নিবারণ জন্য ব্যবহৃত হইয়া থাকে। ইহারা অল্প উত্তেজক বলিয়া ইণ্ডোলেণ্ট্ সোর্স্ (নিস্তেজক্ষত) শুষ্ক করিবারজন্য ব্যবহৃত হয়। অস্ত্রোপচারের পরে ক্ষতে পূয সঞ্চিত এবং স্লাফ্ উদ্ভূত হইয়া শরীরকে বিষাক্ত করিতে পারে, এরূপ অবস্থায় ক্লোরিণের দুগ্ধ সলিউশন্ দ্বারা উহা ধৌত করিলে তাহা নিবারিত হইয়া থাকে। পিওর্-পারেল্ পেরিটোনাইটিস্ অর্থাৎ প্রসবান্তে উদরবেষ্টনীর প্রদাহ কিংবা কোন

সময় জরায়ু গহ্বরে ডিকম্পোজিংম্যাটার (পচনশীল পদার্থ) থাকিলে যোনি উক্ত ঔষধের সলিউশন্ দ্বারা উত্তমরূপে ধৌত করা বিধেয়। স্কার্লেটফিবারও ডিপ্থিরিয়া রোগে ক্লোরিনেটেড্ সোডার উগ্র দ্রাবন স্থানিক প্রয়োগ করিলে উপকার দর্শিয়া থাকে।

(৩) ক্লোরিণ্ গ্যাস্ আঘ্রাণ করিলে লাংসের উপর উত্তেজকের ন্যায় ক্রিয়া করে।

(৩) এজন্য ইহা কোন কোন প্রকার ক্রনিক্ ব্রঙ্কাইটিস্ এবং থাইসিস্ রোগে সচরাচর ব্যবহৃত হইত; কিন্তু ইদানীং ইহার ব্যবহার দেখা যায় না।

INTERNAL USES.

আভ্যন্তরিক প্রয়োগ।

ক্লোরিণের সংক্রামণনাশকগুণ থাকা বিধায় নানা প্রকার সংক্রামকজ্বরে ব্যবহৃত হইত; কিন্তু আজকাল প্রায়ই ইহার ব্যবহার দেখা যায় না। স্কার্লেট্ ফিবার কিংবা ডিপ্থিরিয়া এবং মুখের নানা প্রকার ব্যাধি (ক্যাংক্রাম্-অরিস্) ইত্যাদি রোগে ব্যবহার করিলে উপকার লাভ হইয়া থাকে।

ল্যাটিন্।	ইংরেজী।
এমোনিয়াই ক্লোরাইডাম্।	ক্লোরাইড্ অব্ এমোনিয়াম্।
Ammonii Chloridum.	Chloride of Ammonium.

মাত্রা—৫—১০ গ্রেণ পরিবর্ত্তক; ২০—৩০ গ্রেণ পর্য্যায়নিবারক।

ইহা লিকুইড্ একষ্ট্রাক্ট্ অব্ লাইকারিস্ সহযোগে ব্যবহার করিলে স্বাভাবিক লাবণিক আস্বাদ দূরীভূত হয়।

ক্রিয়া—এই লবণ ২০ গ্রেণ মাত্রায়, দিবসে ৩ বার ব্যবহার করিলে মূত্রকারক এবং ঘর্ম্মকারকের ন্যায় ক্রিয়া করে। কোন কোন প্রকার স্নায়ুশূলে ইহা দ্বারা উপকার হয় বলিয়া, ইহাকে বেদনানিবারকও বলা যাইতে পারে। ইহার অল্পপরিমাণ রক্তঃনিঃসারক ও পিত্তনিঃসারক গুণ আছে। কেহ কেহ বলেন যে, ইহা সেন্সেটিভ্-নার্ভস্ (চেতনাজননস্নায়ু) দিগকে উত্তেজিত করে, আরও ইহার অলটারেটিভ্, রিজলভেণ্ট্ এবং লিকুইফেসিয়েণ্ট্

(দ্রবকারক) গুণ আছে। ইহা শোষিত হইয়া চর্ম্ম এবং মিউকাস্-মেম্ব্রেনের স্রাবণ বৃদ্ধি করে এবং প্রস্রাব দ্বারা অপরিবর্ত্তিতভাবে বহির্গত হইয়া যায়। ইহা বিশেষরূপে লিভারের উপর ক্রিয়া করিয়া থাকে এবং পোর্ট্যাল্ সার্কুলেশনের প্রতিবন্ধকতা ঘটিলে ইহা দ্বারা উপকার দর্শে। বাহ্যিক প্রয়োগে ইহা স্নিগ্ধকারকের ন্যায় ক্রিয়া করে। এই প্রকারে ইহা অর্ব্বুদাদি এবং অস্থিবৃদ্ধিতে ব্যবহৃত হয়। পটাশি নাইট্রাস্, এমন্ ক্লোরাইড্ প্রত্যেকে ৫ আউন্স, ১৬ আউন্স জলে দ্রব করতঃ উক্ত প্রকারে ব্যবহার করা যায়। ইহা অধিক মাত্রায় আভ্যন্তরিক ব্যবহার করিলে উত্তেজক বিষের ন্যায় ক্রিয়া করিয়া থাকে।

আময়িকপ্রয়োগ—ঠাণ্ডা লাগিয়া স্বরভঙ্গ (Aphonia) হইলে ক্লোরাইড্ অব্ এমোনিয়াম্ আঘ্রাণ দ্বারা উপকার হইয়া থাকে। টিক্-ডলোরো এবং অন্যান্য প্রকার নিউর‍্যাল্জিয়া (স্নায়ুশূল) রোগে ইহাদ্বারা বিশেষ উপকার দর্শে। ইণ্টারকষ্ট্যাল্ নিউর‍্যাল্জিয়া বিশেষতঃ স্তন্যদায়িনী স্ত্রীলোক ও যক্ষাকাসগ্রস্ত ব্যক্তিদের ঐ রোগ হইলে ইহা ব্যবহার দ্বারা বিশেষ ফল লাভ হইয়া থাকে। ক্রনিক ব্রঙ্কাইটিস্, নিউমোনিয়ার বর্দ্ধিতাবস্থায় ও লাংসের কঞ্জেশ্চনে (রক্তাধিক্যে) এবং বৃদ্ধাবস্থায় কাসি রোগে নিম্নলিখিত ব্যবস্থাপত্র ব্যবহার করিলে উৎকৃষ্ট ফল লাভ করা যায়।

℞

Ammon. Chlorid	ʒi
Ext. Glycyrrh	ʒi
Spt. Etheris Co.	ʒii
Aqua ad	℥vi

M. ft. Dose, a tablespoonful every two or three hours.

ডিকক্শন্ অব্ সেনেগা জলের পরিবর্ত্তে এবং অবস্থা বিশেষে ইপিকাকিউয়েনা কিংবা স্কুইল্ আবশ্যকমত ইহার সহিত ব্যবহার করা যাইতে পারে।

হিপেটাইটিস্ (Hepatitis) (যকৃতের প্রদাহ) এবং এব্সেস্ অব্ দি লিভার (Abscess of the liver) (যকৃতের স্ফোটক) রোগে ইহা অত্যন্ত উপকারী এবং লিভারের অন্যান্য ব্যাধিতে ইহা ২০ গ্রেণ মাত্রায় দিবসে ২।৩ বার ব্যবহার করিলে স্পিসিফিকের ন্যায় ক্রিয়া করিয়া থাকে। উক্ত রোগা-

দির তরুণাবস্থার উপশম হইলেই ইহা ব্যবহার করা আবশ্যক। লিভারের রক্তাধিক্য এবং অন্যান্য প্রকার পুরাতন ব্যাধিতে ইহা ব্যবহার্য্য।

একিউট্ জণ্ডিসে (তরুণকামলা রোগে) (বিশেষতঃ স্নায়বিক কিংবা মানসিক উত্তেজনা দ্বারা হইলে) ক্লোরাইড্ অব্ এমোনিয়াম্ ২০ গ্রেণ মাত্রায় ৪ ঘণ্টা অন্তর ব্যবহার করিলে উপকার দর্শে। হিপাট্যালজিয়া (Hepatalgia) রোগেও ইহা ব্যবহারে উপকার দর্শিয়া থাকে। লিভারের পীড়া বশতঃ ড্রপ্সি (উদরী) হইলে ও অন্যান্য প্রকার উদরী রোগে ইহা দ্বারা উত্তম ফল পাওয়া যায়। জরায়ুর ফাইব্রয়েড্ নামক অর্ব্বুদ রোগে অনেক দিন পর্য্যন্ত ১০ গ্রেন মাত্রায় ক্লোরাইড্ অব্ এমোনিয়াম দিবসে ২। ৩ বার ব্যবহার করিলে অন্যান্য ঔষধ অপেক্ষা বিশেষ ফল পাওয়া যায়।

মাইয়্যালজিয়া (Myalgia) রোগে ইহা অতি উৎকৃষ্ট ঔষধ। ক্রনিক্ রিউমেটিজ্মে (বিশেষতঃ মাস্কিউলার প্রকারের হইলে) অন্যান্য ঔষধ দ্বারা কোন উপকার না দর্শিলে ১৫। ২০ গ্রেণ মাত্রায় ইহা সেবন করাইয়া উত্তম ফল পাওয়া গিয়াছে; কিন্তু সন্ধিসকল ও অস্থিবেষ্টনী আক্রান্ত হইলে ইহাদ্বারা কোন উপকার দর্শে না।

মিল্ক্-এব্‌সেস্ (স্তনের স্ফোটক) রোগে এমন্‌ক্লোরাইড্ ১ আং, স্পিরিট্ অব্ রোজমেরি ১ পাইণ্ট একত্র মিশ্রিত করিয়া লোশন্ প্রস্তুত করতঃ উহাতে ন্যাকড়া আর্দ্র করিয়া ক্রমাগত ব্যবহার করিতে হয়, যখন এব্‌সেস্ ফাটিয়া স্তন দৃঢ় হয় তখন ইহা বিশেষ উপকারী।

গ্রন্থিদিগের বিবৃদ্ধিতে এবং স্ফোটকের প্রথমাবস্থায় ইহা ব্যবহারে ফল পাওয়া যায়। ইন্‌ডোলেণ্ট্ বিউবোতে ক্লোরাইড্ অব্ এমোনিয়াম্ ২ ড্রাম, ১ আউন্স জলে দ্রব করতঃ উত্তপ্ত করিয়া প্রয়োগ করিলে বিউবো শীঘ্র বসিয়া যায়।

ARSENICAL ALTERATIVES.

আর্সেনিক্‌ঘটিত পরিবর্ত্তক ঔষধ সমুহ।

ল্যাটিন।	ইংরেজী।
(১) এসিডাম্ আর্সেনিয়োসাম্।	আর্সেনিয়াস্ এসিড্।
Acidum Arseniosum.	Arsenious Acid.

ইহার অপর নাম হোয়াইট্ আর্সেনিক্ (White Arsenic).

মাত্রা $\frac{১}{৬০}$ $\frac{১}{১২}$ বা $\frac{১}{১২}$ গ্রেণ। [uncertain]

প্রয়োগরূপ—

(২) লাইকর্ আর্সেনিকেলিস্।	আর্সেনিক্যাল্ সলিউশন্।
Liquor Arsenicalis.	Arsenical Solution.

ইহার অপর নাম ফাউলারস্ সলিউশন্ (Fowler's Solution)।

ইহার ১০০ গ্রেণে ১ গ্রেণ আর্সেনিয়াস্ এসিড্ আছে।

মাত্রা—২—৮ মিনিম। এই প্রয়োগরূপটিই সচরাচর ব্যবহৃত হয়।

(৩) লাইকর্ আর্সেনিসাই হাইড্রোক্লোরিকাস্।	হাইড্রোক্লোরিক্ সলিউশন্ অব্ আর্সেনিক্।
Liquor Arsenici Hydrochloricus.	Hydrochloric Solution of Arsenic.

ইহার ১০০ গ্রেণে ১ গ্রেণ আর্সেনিয়াস্ এসিড্ আছে।

মাত্রা—২—৮ মিনিম।

(৪) সোডিয়াই আর্সেনিয়াস্।	আর্সেনিয়েট্ অব্ সোডিয়াম্।
Sodii Arsenias.	Arseniate of Sodium.

মাত্রা—$\frac{১}{১৬}$—$\frac{১}{৮}$ গ্রেণ। [uncertain]

প্রয়োগরূপ—

লাইকর্ সোডিয়াই আর্সেনিয়েটিস্।	সলিউশন্ অব্ আর্সেনিয়েট্ অব্ সোডিয়াম্।
Liquor Sodii Arseniatis.	Solution of Arseniate of Sodium.

মাত্রা—৫—১০ মিনিম।

LOCAL ACTION AND USES.

স্থানিক ক্রিয়া ও ব্যবহার।

ফিজিওলজিক্যাল্ ক্রিয়া—

আর্সেনিক্ বাহ্যিক প্রয়োগ করিলে প্রথমতঃ আরক্তিমতা এবং চর্ম্মের প্রদাহ উৎপাদিত হয়, তৎপর ক্ষত এবং পচন হইয়া থাকে, অল্প মাত্রায় ব্যবহার করিলে শীঘ্র শরীরে আচোষিত হয়, কিন্তু অধিক মাত্রায় প্রয়োগ করিলে প্রদাহ উৎপাদিত হইয়া অল্প কালের জন্য চর্ম্মের শোষণক্রিয়ার ব্যাঘাত জন্মে।

থিরাপিউটিক্যাল্ ব্যবহার—

এইজন্য ইহা ক্যান্সার্ এবং তৎতুল্যরোগে দাহক স্বরূপ ব্যবহৃত হইত; কিন্তু ইহা সহজে শরীরে শোষিত হয় বলিয়া কখন কখন সাংঘাতিক অবস্থা জন্মায়।

লুপাস্ (Lupus) এবং অন্যান্য পুরাতন চর্ম্মরোগে অল্প পরিমাণে মৃদু মলম বা পেষ্ট্ আকারে প্রয়োগ করিলে ইহা উত্তেজকের ন্যায় ক্রিয়া প্রকাশ করিয়া ফলদায়ক হয়। ইপিথিলিওমা রোগে ডাঃ মারস্‌ডেন্ আর্সেনিয়াস্ এসিড্ ১ আং এবং একেসিয়া চূর্ণ ১ আং, ৫ ড্রাম জলের সহিত মিশ্রিত করিয়া ব্যবহার করিতেন, এই পেষ্ট্ অত্যল্প পরিমাণে সতর্কতার সহিত আক্রান্তস্থানে ব্যবহার করিতে হয়, কিন্তু ইহার ব্যবহার অধিক দৃষ্ট হয় না যেহেতু ইহাদ্বারা সাংঘাতিক ফল হইতে পারে। আঁচিলের (ওয়ার্টস্) উপর লাইকর্ আর্সেনিকেলিস্ প্রয়োগ করিলে বিশেষফল পাওয়া যায়, ওয়ার্টস্ অত্যন্ত বৃহৎ হইলে প্রথমতঃ লাইকর্ পটাশি-দ্বারা তাহা নরম করতঃ পরে লাইকর্ আর্সেনিকেলিস্ প্রয়োগ করিলে ইহার নিম্নস্থ কোমলতর বিধানে প্রবিষ্ট হইয়া আঁচিল নষ্ট করে। অঙ্গুলির উপর করনস্ (কড়া) হইলে ভালরূপ চাঁচিয়া দিবসে ২। ৩ বার লাইকর্ আর্সেনিকেলিস্ ব্যবহার করিবে।

INTERNAL ACTION AND USES.

আভ্যন্তরিক ক্রিয়া ও ব্যবহার।

ফিজিওলজিকাল ক্রিয়া।

(১) মস্তিষ্কমণ্ডলীর উপর—ইহার উপর আর্সেনিক্ বলকারক ক্রিয়া প্রকাশ করে। আর্সেনিক্ দ্বারা বিষাক্ত হইলে প্যারালিসিসের (পক্ষাঘাতের) ন্যায় লক্ষণ প্রকাশিত হয়, এবং মৃত্যু হইলে স্পাইন্যাল্ কর্ডস্থিত গ্রে-ম্যাটারে উক্ত ধাতু দেখিতে পাওয়া যায়।

(২) রক্তসঞ্চালন, শ্বাসপ্রশ্বাস এবং উত্তাপের উপর—অল্প মাত্রায় আর্সেনিক্ হার্টের ক্রিয়াকে উত্তেজিত করিতে পারে। বহুদর্শিতা দ্বারা জানা গিয়াছে যে, ষ্টাইরিয়া (Styria) দেশবাসীরা অধিক পরিমাণে আর্সেনিক্ সেবন করে বলিয়া অত্যন্ত পরিশ্রমদক্ষ। ইহা সেবনে রক্তের শ্বেত ও লোহিতকণিকা ধ্বংস হইয়া যায় এবং ইহাতে শারীরিক উত্তাপের হ্রাস হইয়া থাকে। এনিমিয়া রোগে রেড্ কর্পাস্‌কল্‌স্ প্রথমে বৃদ্ধি ও পরিশেষে কম হইয়া থাকে।

থিরাপিউটিক্যাল্ ব্যবহার।

(১) ইহাদ্বারা আর্সেনিকের পর্য্যায়নিবারকগুণের উপলব্ধি হইয়া থাকে; যেহেতু সপর্য্যায়জ্বরে (Intermittent fever) কুইনাইন ব্যতীত আর্সেনিকের ন্যায় ফলদায়ক ঔষধ আর নাই। কোরিয়ারোগে ইহা অতি উৎকৃষ্ট ঔষধ, ইহার সহিত এনিমিয়া বর্ত্তমান থাকিলে লৌহঘটিত প্রয়োগরূপ ব্যবহেয়। নিউর্যালজিয়া (Neuralgia), এন্‌জাইনা-পেক্টোরিস্ (Angina-pectoris), এপিলেপ্সি (Epilepsy) ইত্যাদি রোগেও ইহা ব্যবহার্য্য।

(২) ইহা স্পাজ্‌মডিক্ এ্যাজ্‌মা (Spasmodic asthma), হে এ্যাজ্‌মা (Hay asthma), কোন কোন প্রকার ক্রণিক ব্রঙ্কাইটিস্ এবং ক্রণিক্ থাইসিস্ রোগে ব্যবহার করিলে উপকার পাওয়া যায়।

লাংসের কন্‌সলিডেশন্ (ঘনত্ব) হইলে ইহা ব্যবহারে এফিউজ্‌ড্ প্রডাক্টস্ অর্থাৎ তন্মধ্যস্থ স্রাবিত পদার্থের মেদাপকৃষ্টতা হইয়া শীঘ্র শীঘ্র শোষিত হয়; তৎজন্য তৎস্থানে ব্যাসিলাস্ (Bacillus) জন্মিতে না পারিয়া থাইসিস্ রোগ হইতে পারে না।

(৩) পরিপাক যন্ত্রের উপর— অল্প মাত্রায় আর্সেনিক্ সেবন করিলে ক্ষুধাবৃদ্ধি এবং পরিপাক ক্রিয়ার সাহায্য হয়, কিন্তু অধিক মাত্রায় সেবনে তৎস্থানের উত্তেজনা হইয়া গ্যাষ্ট্রো এণ্টেরাইটিস্ (Gastro-enteritis) রোগে পরিণত হইতে পারে। অক্সিডেশনের (দাহন ক্রিয়ার) ন্যূনতা, টিসুচেঞ্জের লাঘব, এবং রেড্ কার্পাস্কল্‌সের ক্রিয়ার কিয়ৎ পরিমাণে প্রতিবন্ধকতা-দ্বারা পরিপোষণ ক্রিয়ার উপর আর্সেনিকের ক্ষমতার উপলব্ধি হইয়া থাকে।

(৩) ডাঃ রিঙ্গার বলেন যে, ইরিটেটিভ্ ডিস্‌পেপ্‌সিয়া (Irritative dyspepsia) রোগে জিহ্বা রক্তবর্ণ, কণ্টকাবৃত এবং উহার প্যাপেলি উন্নত থাকিলে, ও মদ্যপায়ীদের কষ্টদায়ক প্রাতঃকালীন বমন এবং কোনপ্রকার পুরাতন ডায়েরিয়া অথবা ডিস্‌পেপ্‌সিয়া রোগে (যাহাতে আহারের পরই বাহ্যে হয়) লাইকর্ আর্সেনিকেলিস্ ১ ফোটা মাত্রায় আহারের অব্যবহিত পূর্ব্বে ব্যবহার করিলে উপকার দর্শিয়া থাকে। ১০।১২ বৎসরের শিশুদের এই প্রকার উদরাময়ে, মলে অর্দ্ধজীর্ণ খাদ্য বিদ্যমান থাকিলে লাইকর্ আর্সেনিকেলিস্ ১।২ ফোটা দিবসে দুইবার আহারের পূর্ব্বে ব্যবস্থা করা উচিত। পাকাশয়ে পুরাতন ক্ষত এবং ক্যান্সার্ রোগে লাইকর্ আর্সেনিকেলিস্ অতি সাদরে ব্যবহৃত হয়। এতদ্ভিন্ন পাকাশয়িক শূলবেদনা (Gastralgia), বুকজ্বালা ইত্যাদি লক্ষণেও ইহা কখন কখন ব্যবস্থা করা যায়।

কোন কোন লোকের আহারের পরেই বিবমিষা কিংবা বেদনা না হইয়া মুখ দিয়া বিনা উপদ্রবে খাদ্যদ্রব্য বহির্গত হইয়া পড়ে; এইরূপে অজীর্ণতাতে অল্প মাত্রায় আর্সেনিক দ্বারা উপকার হয়। গর্ভাবস্থায় বমন হইলে ইহা-দ্বারা কখন কখন ফল দর্শিয়া থাকে।

(৪) নানা প্রকার চর্ম্ম রোগে অতি আদরের সহিত আর্সেনিক্ ব্যবহৃত হয়; সোরাএসিস, একজিমার শুকাবস্থা, পেম্ফাইগাস্ (Pemphigus) একনি, ক্রণিক্ আর্টিকেরিয়া এবং লাইচেন্‌আদি চর্ম্মরোগে আর্সেনিক্ অতি সাদরে ব্যবহৃত হইয়া থাকে; কিন্তু ইহা স্মরণ রাখা কর্ত্তব্য যে, কোন চর্ম্ম-রোগের তরুণাবস্থায় আর্সেনিক্ ব্যবহার করা অবিধেয়, কারণ ব্যবহার করিলে রোগের লক্ষণ সকল সচরাচর বৃদ্ধি পাইয়া থাকে। ইহা, পূর্ণ উদরে খাদ্যদ্রব্যের সহিত মিশ্রিত হইলে, পরিপাক যন্ত্রের কোন উত্তেজনা জন্মায় না, এজন্য শূন্য পাকাশয়ে আর্সেনিক্ ব্যবস্থা করা উচিত নহে। চর্ম্মস্থ কোষদিগের পোষণ অথবা মস্তিষ্ক-মণ্ডলীর উপর ক্রিয়াপ্রকাশপূর্ব্বক আর্সেনিক্ চর্ম্ম-রোগে উপকার দর্শাইয়া থাকে। স্ক্রুফুলা অথবা উপদংশ জনিত চর্ম্মরোগে আর্সেনিক্ দ্বারা কোন ফল পাওয়া যায় না।

(৪) চর্ম্মের উপর—আর্সেনিক্ শরীর হইতে চর্ম্মদ্বারা বহির্গত হওয়ার সময় কখন কখন ঘর্ম্ম, কণ্ডূয়ণ, টিংলিং (Tingling) ঝুনঝুন-করা এবং নানাবিধ ইরাপ্‌সন্‌স্ উৎপন্ন করিয়া থাকে। উক্ত ইরাপ্‌শন্‌স্ কখন কখন আর্টিকেরিয়ার ন্যায় আকার ধারণ করে। উপরোক্ত লক্ষণ সকল অতি বিরল অবস্থায় দেখা যায়। অনেক সময় উপরোক্ত লক্ষণের সহিত জ্বর হইয়া থাকে। পরীক্ষা দ্বারা দেখা গিয়াছে যে, আর্সেনিক্ দ্বারা বিষাক্ত হইলে চর্ম্মের উপত্বক্ উঠিয়া যায় এবং চর্ম্মস্থ সেলস্ (কোষ) গুলিতে যে প্রোটোপ্লাজ্‌ম্ (Protoplasm) নামক পদার্থ আছে তাহার ডিজ্জিনারেশন্ (অপকৃষ্টতা) ঘটিয়া থাকে। এতদ্দ্বারা অনুমিত হয় যে, আর্সেনিক্ চর্ম্মের পোষণক্রিয়ার উপর ক্রিয়া করিয়া থাকে।

℞	Liq. arsenicalis	ʒii
	Ammon. carb	℥ss
	Potassii acetatis	℥i
	Syrupi	℥ss
	Aquæ ad	℥xii

M. ft. Dose ℥ss in a wineglassful of water twice a day after food.

ইহা সোরাএসিস্ (Psoriasis) রোগে বিশেষ উপকারী।

(৫) লিভারের উপর—আর্সেনিক্ বিষাক্ত মাত্রায় ব্যবহারে, ফস্ফরাস্ এবং এণ্টিমনির ন্যায়, লিভারের ফ্যাটি কিংবা প্যারেন্কাইমেটাস্-ডিজিনারেশন্ (অপকৃষ্টতা) উৎপাদন করিয়া থাকে।

(৬) প্রস্রাবের উপর—আর্সেনিক্ ব্যবহারে প্রস্রাবের ইউরিয়া নামক পদার্থ কমিয়া যায়। দীর্ঘকাল আর্সেনিক্ সেবনে বিষক্ততা ঘটিলে চক্ষুর-পাতা স্ফীত এবং এ্যাল্বিউমিনিউরিয়া রোগ উৎপন্ন হয়, এজন্য আর্সেনিক্ ব্যবস্থা করিবার পূর্ব্বে মূত্রের স্বাভাবিক অবস্থা আছে কিনা পরীক্ষা করিয়া দেখা উচিত।

ফস্ফরাসের ন্যায় আর্সেনিক্ ক্ষুদ্র জন্তু দিগের অস্থিনির্ম্মাণের সহায়তা করিয়া থাকে।

Poisonous effects.

বিষময় ফল।

আর্সেনিক্ দ্বারা বিষাক্ত হইলে, পাকাশয়ে বেদনা, লালাস্রাব, পিপাসা, বমন, ভেদ, শিরঃপীড়া, জ্বর, অনিদ্রা, পরিশেষে কোল্যাপ্স্ হইয়া মৃত্যু ঘটিয়া থাকে। কখন কখন ইহাতে বিসূচিকার ন্যায় লক্ষণ প্রকাশিত হয়।

মৃত্যুরপর শবচ্ছেদন করিলে পাকাশয় ও অন্ত্রে প্রদাহের চিহ্ন এবং

(৫) লিভারের সিরোসিস্ (Cirrhosis) রোগের প্রথমাবস্থায় আর্সেনিক্ লিভারের তন্তুকে উত্তেজিত করিয়া থাকে, এজন্য আর্সনিক্ ব্যবহারে উপকার হইতে পারে।

(৬) ক্রোমরসের ন্যূনতা বশতঃ এ্যালবিউমিনিউরিয়া রোগ উৎপন্ন হইলে আর্সেনিক্ ব্যবহারে উপকার হইতে পারে।

Antidotes.

বিষঘ্ন।

প্রথমতঃ পাকাশয় পরিষ্কার করিয়া ক্যাল্সাইন্ড্ লাইট্ ম্যাগ্নেসিয়া কিংবা হাইড্রেটেড্ সেস্কুইঅক্সাইড্ অব্ আয়রণ্ সদ্য প্রস্তুত করিয়া ব্যবহার করিবে। সলিউশন্ অব্ ডায়েলাইজ্ড্ আয়রণ্ উৎকৃষ্ট এণ্টিডোট্ (বিষঘ্ন)।

কখন কখন ক্ষত; হৃদ্‌পিণ্ড এবং পেশীদিগের মেদাপকৃষ্টতা, কখন কখন লিভার, কিড্‌নি প্রভৃতির প্যারেন্‌কাইমেটাস্‌ ডিজিনারেশন্‌ দেখিতে পাওয়া যায়।

MODE OF ELIMINATION.

বহির্গমন প্রণালী।

অন্ত্র, মূত্র, ও চর্ম্ম এবং দুগ্ধব্যতীত অন্যান্য প্রকার নিস্রবণ দ্বারা আর্সেনিক্‌ শরীর হইতে ধীরে ধীরে বহির্গত হইয়া যায়।

MODE OF ADMINISTRATION, CAUTION.

ব্যবহারের নিয়ম ও সতর্কতা।

আর্সেনিক্‌ সকল লোকের সমভাবে সহ্য হয় না, এজন্য বিশেষ সতর্কতার সহিত আর্সেনিক্‌ ব্যবহার আরম্ভ করা উচিত। ইহা স্মরণ রাখা কর্ত্তব্য যে, পঞ্চবর্ষবয়স্ক শিশুরা প্রাপ্তবয়স্ক লোকের ন্যায় আর্সেনিক নিরাপদে সহ্য করিতে পারে, কিন্তু বৃদ্ধেরা ইহাদ্বারা সহজেই আক্রান্ত হইয়া থাকে।

ইহা আমাদের স্মরণ রাখা উচিত যে, যদিও ষ্টাইরিয়া দেশের কৃষকেরা ক্রমান্বয়ে মাত্রা বৃদ্ধি করিয়া অভ্যাসবশে অক্লেশে এককালে অধিক আর্সেনিক্‌ সেবন করিতে পারে, তথাপি বহুদর্শিতা-দ্বারা জানা গিয়াছে যে, অধিক মাত্রায় আর্সিনিক্‌ সেবনে কিছুদিন পরে চক্ষু রক্তবর্ণ এবং উহাতে জ্বালা ও কণ্ডুয়ন, চক্ষুরপাতা স্ফীত, বিবমিষা, বমন, পাকাশয়ে বেদনা, এবং জিহ্বায় রৌপ্যের ন্যায় শ্বেতবর্ণ দাগ ইত্যাদি লক্ষণ সকল প্রকাশিত হয়। দীর্ঘকাল ব্যবহার জনিত বিষাক্ত হইলে দুর্ব্বলতা, শ্বাসকৃচ্ছ, শিরঃপীড়া, অঙ্গপ্রত্যঙ্গের বেদনা, কষ্টকর কাসি, ডায়েরিয়া এবং শূলবেদনা ইত্যাদি লক্ষণ দৃষ্ট হয়। চর্ম্মে নানাবিধ ইরাপশন্‌ প্রকাশ পায়, স্বর কর্কশ, মুখে ক্ষত, কখন কখন কেশ ও নখ পতিত এবং রক্তমিশ্রিত কফ নিপতিত হইয়া থাকে।

ANTIMONIAL ALTERATIVES.

এণ্টিমনিঘটিত পরিবর্ত্তক ঔষধ সকল।

ল্যাটিন। — ইংরেজী।

(১) এণ্টিমনিয়াই অক্সাইডাম্। — অক্সাইড্ অব্ এণ্টিমনি।

Antimonii oxidum. — Oxide of Antimony.

মাত্রা—১—৪ গ্রেণ।

প্রয়োগরূপ—

পালভিস্ এণ্টিমনিয়েলিস্। — এণ্টিমনিয়েল্ পাউডার্।

Pulvis Antimonialis. — Antimonial Powder.

ইহা জেমস্ পাউডারের "James' Powder" পরিবর্ত্তে ব্যবহৃত হয়।

মাত্রা—৩—৫ গ্রেণ।

(২) এণ্টিমোনিয়াম্ সাল্ফিউরেটাম্। — সাল্ফিউরেটেড্ এণ্টিমনি।

Antimonium Sulphuratum. — Sulphurated Antimony.

মাত্রা—১—৫ গ্রেণ।

(৩) এণ্টিমোনিয়াম্ টার্টারেটাম্। — টার্টারেটেড্ এণ্টিমনি।

Antimonium Tartaratum. — Tartarated Antimony.

ইহাকে সাধারণতঃ টার্টার্ এমেটিক্ Tartar Emetic বলে।

মাত্রা—১/১৬—১/৪ গ্রেণ ঘর্ম্মকারক ও কফনিঃসারক। ১—২ গ্রেণ বমনকারক।

প্রয়োগরূপ—

ভাইনাম্ এণ্টিমোনিয়েলি। — এণ্টিমোনিয়েল্ ওয়াইন্।

Vinum Antimoniale. — Antimonial Wine.

ইহার প্রত্যেক আউন্সে ২ গ্রেণ টার্টার্ এমেটিক্ আছে।

মাত্রা—৫ মিনিম—১ ড্রাম।

আঙ্গুয়েণ্টাম্ এণ্টিমোনিয়াই টার্টারেটাই। — অয়েণ্ট্মেণ্ট্ অব্ টার্টারেটেড্ এণ্টিমনি।

Unguentum Antimonii Tartarati. — Ointment of Tartarated Antimony.

টার্টারেটেড্ এণ্টিমনি সচরাচর ব্যবহৃত হইয়া থাকে।

LOCAL ACTION AND USES.

স্থানিকক্রিয়া ও ব্যবহার।

ফিজিওলজিক্যাল ক্রিয়া—

টার্টার এমেটিক্ চর্ম্মে বাহ্যিক প্রয়োগ করিলে চর্ম্ম লোহিত বর্ণ এবং প্রদাহিত হয় তৎপর প্যাপিউলার ইরাপশন, তদনন্তর ভেসিকিউলার, অবশেষে পাশ্চিউলার আকারে পরিণত হইয়া বসন্তরোগের ন্যায় দেখায়।

থিরাপিউটিক্যাল ব্যবহার—

ইহার অয়েণ্টমেণ্ট কাউণ্টার-ইরিট্যাণ্ট স্বরূপ ব্যবহৃত হইত; কিন্তু ইহাদ্বারা চর্ম্মের প্রদাহ ও কুৎসিৎ ক্ষতচিহ্ন হয় বলিয়া কদাচিৎ ব্যবহার করা হয়।

INTERNAL ACTION AND USES.

আভ্যন্তরিকক্রিয়া ও ব্যবহার।

(১) মস্তিষ্ক-মণ্ডলীর উপর ক্রিয়া—টার্টার এমেটিক্ কোন কোন অবস্থায় বিশেষতঃ ওপিয়াম্ সহিত মিশ্রিত করিয়া ব্যবহার করিলে মস্তিষ্কের উপর অবসাদকের ন্যায় ক্রিয়া প্রদর্শন করিয়া থাকে। বিষাক্ত মাত্রায় ব্যবহার করিলে পক্ষাঘাত হয়। সম্ভবতঃ স্পাইন্যাল-কর্ড আক্রান্ত প্রযুক্ত এরূপ হইয়া থাকে।

(২) রক্ত সঞ্চালন এবং শ্বাস-প্রশ্বাসের উপর—ইহা হার্ট এবং ভ্যাস্কিউলার-সিস্টেমের (রক্তবহা নাড়ী মণ্ডলের) উপর অবসাদকের ন্যায় ক্রিয়া প্রকাশ করিয়া হৃদপি-

(১) টাইফাস ফিবারে প্রবল ডিলিরিয়াম বা প্রলাপ থাকিলে এই প্রকার মিশ্রণ গ্রেভস্ সাহেব কর্তৃক ব্যবহৃত হইত। এজন্য উক্ত মিশ্রণ-ঔষধকে গ্রেভস্ মিক্শ্চার বলে। ডিলিরিয়াম-ট্রীমেন্স রোগেও ইহা দ্বারা উৎকৃষ্ট ফল পাওয়া যাইতে পারে। কিন্তু এই রোগে ব্রোমাইড অব পটাশিয়াম ব্যবহারে তদপেক্ষা অধিক ফল লাভ হইয়া থাকে।

(২) টার্টার এমেটিক্ সারকিউলেশনের উপর অবসাদক বলিয়া পূর্ব্বকালে নানাপ্রকার তরুণ-প্রদাহে বিশেষতঃ নিউমোনিয়া রোগে ব্যবহৃত হইত কিন্তু এক্ষণে তাহা প্রায় পরিত্যক্ত

ণ্ডের ক্রিয়া মন্দীভূত, দুর্ব্বল এবং অনিয়মিত করে। ধমনীর টেন্‌সন্‌ (চাপ) কমিয়া যায়। নাড়ী কোমল এবং চাপা ও শ্বাস-প্রশ্বাস ক্রমে দুর্ব্বলতর হয়, ব্রঙ্কিয়্যাল্‌ মিউকাস্‌-মেম্ব্রেনের (শ্বাসনালীর শ্লৈষ্মিক ঝিল্লির) নিস্রাবণ বর্দ্ধিত এবং শরীরস্থ মাংসপেশীদিগের শিথিলতা হইয়া থাকে।

(৩) পাকাশয় এবং অন্ত্রের উপর—এণ্টিমনি একটী উৎকৃষ্ট বমনকারক ঔষধ, ইহার ক্রিয়া বিলম্বে সাধিত হয় এবং ইহা ব্যবহারে অধিক অবসাদ হইয়া থাকে। গলাধঃকরণ করিলে অথবা ত্বগান্তর্গত পিচকারী দিলে ইহার ক্রিয়া প্রকাশিত হয়। কিন্তু এক্ষণ পরীক্ষাদ্বারা স্থিরীকৃত হইয়াছে যে, ইহা পাকাশয়ের স্নায়ুদিগকে

হইয়াছে। যেহেতু ঐরূপ চিকিৎসায় রোগের গতির কিছু পরিবর্ত্তন হয় না অথচ রোগী দুর্ব্বল হয় বলিয়া আরোগ্য হইতে বিলম্ব হইয়া থাকে। যাহা হউক শিশুদের ক্রুপ্‌ এবং ব্রঙ্কো-নিউমোনিয়ার সঙ্গে শ্বাসকৃচ্ছ্র, জ্বর এবং ব্রঙ্কিয়্যাল্‌ সিক্রিশন্‌ বা শ্লেষ্মা অধিক থাকিলে ইহা অল্প মাত্রায় ব্যবস্থা দ্বারা অতি উৎকৃষ্ট ফল পাওয়া যায়। ইহা এজ্‌মা এবং ব্রঙ্কাইটিস্‌ রোগে উৎকৃষ্ট কফনিঃসারক ঔষধ বলিয়া ব্যবহৃত হইয়া থাকে।

ইহা মাংসপেশীদিগকে শিথিলকরে বলিয়া পূর্ব্বকালে হার্ণিয়া (অন্ত্রবৃদ্ধি) এবং ডিস্‌লোকেশন্‌ রিডিউস্‌ করিবার জন্য ব্যবহৃত হইত, কিন্তু এখন ক্লোরোফরম্‌ ও অন্যান্য স্পর্শহারক ঔষধ আবিষ্কার হওয়াতে আর উহার ব্যবহার দৃষ্ট হয় না।

(৩) টার্টার্‌ এমেটিকের ক্রিয়া বিলম্ব সাপেক্ষ ও অবসাদক বলিয়া নানাবিধ বিষাক্ততাতে বমন জন্ম ব্যবহৃত হয় না। কিন্তু ক্রুপ্‌, হুপিং-কফ, ব্রঙ্কাইটিস্‌ ইত্যাদি রোগে ব্রঙ্কাই শিথিল ও সঞ্চিতশ্লেষ্মা বহিষ্করণ জন্ম ইহা অতি ফলপ্রদ। পূর্ব্বে জ্বরাদি রোগে ইহা বহুল পরিমাণে ব্যবহৃত হইত।

উত্তেজিত করিয়া প্রত্যাবর্ত্তনক্রিয়া দ্বারা বমন উৎপাদিত করিয়া থাকে। ইহা ব্যবহারে অন্ত্রের নিস্রাবণের আধিক্য হওয়া প্রযুক্ত কখন কখন উদরাময় দৃষ্ট হয়।

(৪) চর্ম্মের উপর—এণ্টিমনির প্রবল ঘর্ম্মকারক ক্রিয়া আছে।

(৪) এণ্টিমোনিয়্যাল্ ওয়াইন্ ডায়েফোরেটিক্-মিক্শ্চারের সঙ্গে সচরাচর ব্যবস্থা করা যায়।

টার্টারেটেড্ এণ্টিমনি স্বাদবিহীন বলিয়া ডিষ্টিল্ড্ ওয়াটারে দ্রব করতঃ উত্তমরূপে ব্যবহার করা যাইতে পারে। ডাং রিঙ্গার বলেন যে, শিশুদিগের কোন কোন প্রকার তরুণ ব্রঙ্কাইটিস্ রোগে ১ গ্রেণ টার্টার্ এমেটিক্ ১ পাইণ্ট্ জলে দ্রব করিয়া উহার এক টিস্পূনফুল্ (এক চা-চামচ) প্রথম ঘণ্টায় ১৫ মিনিট্ অন্তর, অবশেষে এক ঘণ্টা অন্তর প্রয়োগ করিলে উত্তম ফল পাওয়া যায়। বয়স্কদিগের পক্ষে যখন বিবমিষা ভিন্ন উক্ত ঔষধের ফল পাওয়ার আশা করা যায় তখন নিম্ন লিখিত ব্যবস্থাপত্র দ্বারা উপকার দর্শিয়া থাকে।

℞

Antimonii Tartarati		gr.ii
Acidi Hydrocyanici diluti		m.xxx
Tincturæ Lavendulæ Compositæ		℥ss
Aquæ destillatæ	ad	℥vi

M. ft. ℥ss to be taken every 4 hours.

℞

Liq. Opii Sed.	℥i
Antim Tart	gr. ii
Mist Camph	℥vi

M. ft. Dose ℥ss to be taken every hour until sleep comes.

ইহাকে গ্রেভ্স্ (Grave's) মিক্শ্চার বলে। টাইফয়েড্ জ্বরের সহিত অনিদ্রা ও প্রলাপ থাকিলে গ্রেভ্স্ সাহেব ইহা ব্যবহার করিয়া থাকেন।

Poisonous action.	Antidotes.
বিষময় ক্রিয়া।	বিষঘ্ন।
ইহা অধিক সেবন করিলে বমন ও ভেদ হইয়া কোল্যাপস্ হওতঃ মৃত্যু হয় কিংবা পাকাশয় ও অন্ত্রের প্রদাহ বশতঃ মৃত্যু হইতে পারে।	বমনকারক-ঔষধ, চা, কাফি, ট্যানিন্, ষ্টিমিউল্যাণ্ট্স্ ইত্যাদি ঔষধ সেবন এবং পাকাশয় গরম জল অথবা ষ্টমাক্-পাম্প্ দ্বারা পরিষ্কার করা উচিত।
মৃত্যুর পর শবচ্ছেদন করিলে অন্ত্র ও পাকাশয়ে প্রদাহের চিহ্ন দেখিতে পাওয়া যায়। পুরাতন অবস্থায় লিভার্ এবং অন্যান্য যন্ত্রের অপকৃষ্টতা দৃষ্ট হয়।	

MODE. OF ELIMINATION.

বহির্গমন প্রণালী।

টার্টার্ এমেটিক্ অতি সত্বর রক্তে শোষিত হইয়া পিত্ত, দুগ্ধ, ঘর্ম্ম, মূত্র এবং পাকাশয় ও অন্ত্রের গ্রন্থি দ্বারা বহির্গত হইয়া যায়।

SULPHUR ALTERATIVES.

সাল্ফার্ঘটিত পরিবর্ত্তক ঔষধ।

ল্যাটিন।	ইংরেজী।
(১) সাল্ফার্ প্রিসিপিটেটাম্।	প্রিসিপিটেটেড্ সাল্ফার্।
Sulphur Praecipitatum.	Precipitated Sulphur.

ইহার অপর নাম মিল্ক্ অব্ সাল্ফার্ Milk of Sulphur.

মাত্রা—৫—১০ গ্রেণ ষ্টিমিউল্যাণ্ট্; ৩০—৬০ গ্রেণ মৃদুবিরেচক।

(২) সাল্ফার্ সাব্লিমেটাম্।	সাব্লাইমড্ সাল্ফার্।
Sulphur Sublimatum.	Sublimed Sulphur.

ইহাকে ফ্লাউয়ার্স্ অব্ সাল্ফার্ বলে।

মাত্রা—৫—১০ গ্রেণ ষ্টিমিউল্যাণ্ট্; ৩০—৬০ গ্রেণ মৃদুবিরেচক।

প্রয়োগরূপ—

কনফেক্‌শিয়ো সাল্‌ফিউরিস্‌। কনফেক্‌শন্‌ অব্‌ সাল্‌ফার।
Confectio Sulphuris. Confection of Sulphur.

মাত্রা—৬০—১২০ গ্রেণ।

আঙ্গুয়্যাণ্টাম্‌ সাল্‌ফিউরিস্‌। অয়েণ্ট্‌মেন্ট্‌ অব্‌ সাল্‌ফার।
Unguentum Sulphuris. Ointment of Sulphur.

(৩) সাল্‌ফাইড্রেট্‌ অব্‌ এমোনিয়াম্‌
Sulphydrate of Ammonium.

মাত্রা—৩ মিনিম।

LOCAL ACTION AND USES.

স্থানিক ক্রিয়া ও ব্যবহার।

বাহ্যিক প্রয়োগে ষ্টিমিউল্যাণ্ট্‌ বলিয়া নানাবিধ চর্ম্ম রোগে ব্যবহৃত হয়, এজন্য একনি (Acne), লাইচেন্‌ (Lichen), প্রুরাইগো (Prurigo), বিশেষতঃ স্কেবিজ্‌ (Scabies) বা খোস রোগের "এ্যাকেরাস্‌স্কেবিয়াই Acarus Scabiei" ইচ্‌ ইনসেক্ট্‌ (Itch-insect) বিনাশ করণার্থ ব্যবহৃত হইয়া থাকে। উপরোক্ত কীটাণুদিগের দুইটী শ্রেণী আছে, তন্মধ্যে কতকগুলি পুরুষ আর কতকগুলি স্ত্রী। পুরুষ গুলি চর্ম্মের উপরিভাগের চতুর্দ্দিকে ভ্রমণ করে আর স্ত্রীগুলি উপত্বকের মধ্যে যে বারোজ্‌ (Burrows) আছে তাহাতে ডিম্‌ পাড়ে, তদ্দ্বারা কীটাণুসংখ্যা বৃদ্ধি পাইয়া থাকে। ৩।৩ দিবস ক্রমান্বয়ে সাল্‌ফার্‌ অয়েণ্ট্‌মেণ্ট্‌ ব্যবহারে সুন্দররূপ ফল পাওয়া যায়। উক্ত রোগে লোসিও সাল্‌ফিউরিস্‌ (Lotio Sulphuris) একবার ব্যবহার দ্বারাই উপকার পাওয়া যায়। কিন্তু তাহা সকলে সমান সহ্য করিতে পারে না।

ইহার অয়েণ্ট্‌মেণ্টে লার্ড্‌ (চর্ব্বি) আছে বলিয়া পাঁচড়াতে ব্যবহার করিলে তাহার এ্যাকেরাস্‌স্কেবিয়াই (Acarus Scabiei) গুলির শ্বাসরোধ হওয়াতে মরিয়া যায়।

রিউমেটিজ্‌মে (Rheumatism) সাল্‌ফারের গুঁড়া ফ্লানেল কাপড়ে ছড়াইয়া বেদনাযুক্ত স্থানে প্রয়োগ করিলে বিশেষ উপকার হয়। ইহা কখন কখন নানাবিধ পুরাতন চর্ম্মরোগে বাথ্‌ স্বরূপ ব্যবহৃত হয়।

INTERNAL ACTION AND USES.

আভ্যন্তরিক ক্রিয়া ও ব্যবহার।

ফিজিওলজিক্যাল্ ক্রিয়া—

(১) মিউকাস্-মেম্ব্রেন্ এবং স্কিনের উপর ইহার উত্তেজক ক্রিয়া আছে।

(২) ইহাদ্বারা অন্ত্রের কৃমিবৎ গতি (Peristaltic action) অল্প-পরিমাণে বৃদ্ধি পাইয়া থাকে।

(৩) ইহা নানা-বিধ উদ্ভিজ্জ পরাঙ্গ-পুষ্টকে নষ্ট করে বলিয়া উত্তম এণ্টিসেপ্‌টিক্ বা পচননিবারক।

থিরাপিউটিক্যাল্ ব্যবহার—

(১) এইগুণ থাকা জন্ম ক্রনিক্ ব্রঙ্কাইটিস্ (Chronic Bronchitis) থাইসিস্ (Phthisis) রোগে কখন কখন ব্যবহৃত হইত এবং বাহ্যিক চর্ম্ম-রোগে ব্যবহৃত হয়। চর্ম্মের উপর ইহার ক্রিয়ার বিদ্যমানতাহেতু বিশে-ষতঃ ইহা বাথ্ স্বরূপ শরীরে ব্যবহৃত হইলে সীসক ও পারদ বহির্গত করিয়া দেয়।

(২) তজ্জন্ম ইহা মৃদু বিরেচক স্বরূপ ক্রিয়া এবং মলকে একটু কোমল করে। ইহার ক্রিয়া মৃদু হওয়া প্রযুক্ত অর্শপীড়াতে এবং রেক্টমের নানা-বিধ উত্তেজক অবস্থাতে বিশেষ ব্যবহার্য্য। পিত্তে যে এ্যাল্‌কেলাই (ক্ষারদ্রব্য)আছে তাহাতে ইহা দ্রবীভূত হইয়া সাল্‌ফাইডে পরিণত হয়, তদ্দ্বারাই ইহার বিরেচকগুণ বৃদ্ধি পাইয়া থাকে।

(৩) কোনগৃহেতে কোনপ্রকার সংক্রামক জার্ম্মস্ থাকিলে সাল্‌ফার্ জ্বালাইয়া গৃহদ্বার বন্ধ করিয়া দিলে সংক্রামণ বিনষ্ট হয়।

প্রুরাইগো রোগে নিম্নলিখিত মলম ব্যবহৃত হয়।

℞

Sulphuris	℥i
Picis Liquid	ʒvi
Adip benzoat	℥iv
Ft. Ointment.	

℞

Sulphuris	ʒi
Glycerini	℥i
Aq. rosæ	Oss

একজিমা রোগে বাহ্যিক ব্যবহার্য্য।

কনফেক্শন্ অব্ সাল্ফার্ পায়্গেটিভ্ আকারে উত্তম রূপে ব্যবহার করা যায়।

MODE OF ELIMINATION.

বহির্গমন প্রণালী।

ইহা প্রধানতঃ অন্ত্রদ্বারা বহির্গত হয়। দুগ্ধ, ঘর্ম্ম এবং চর্ম্ম দ্বারাও সাল্ফিউরেটেড্ হাইড্রোজেন্ আকারে এবং মূত্র দ্বারা সাল্ফেট্ রূপে বহির্গত হইয়া যায়।

DISADVANTAGES AND CONTRA-INDICATIONS.

ইহা ব্যবহারে অসুবিধা।

সাল্ফারের উগ্র প্রয়োগরূপ দ্বারা চর্ম্মের উত্তেজনা হয় বলিয়া তাহাতে একজিমার ন্যায় ইরাপ্শন্ বহির্গত হয়, সে জন্য ব্রিটীস্ ফার্ম্মাকোপিয়াতে ইহার যে অয়েন্ট্মেন্টের উল্লেখ আছে তাহা অর্দ্ধ ডাইলিউটেড্ করিয়া ব্যবহার করিবে।

PHOSPHORUS ALTERATIVES.

ফসফরাস্ঘটিত পরিবর্ত্তক ঔষধ সকল।

ল্যাটিন্।	ইংরেজী।
ফস্ফরাস্।	ফস্ফরাস্।
Phosphorus.	Phosphorus.

মাত্রা—$\frac{1}{100}$—$\frac{1}{20}$ গ্রেণ।

প্রয়োগরূপ—

ওলিয়াম্ ফস্ফরেটাম্। ফসফরেটেড্ অয়েল।
Oleum Phosphoratum. Phosphorated Oil.

মাত্রা—৫—১০ মিনিম।

পাইলিউলা ফস্ফরাই। ফস্ফরাস্ পিল্।
Pilula Phosphori Phosphorus Pill.

মাত্রা—২—৪ গ্রেণ

ACTION AND USES.

ক্রিয়া ও ব্যবহার।

ফিজিওলজিক্যাল্ ক্রিয়া—

(১) ইহা মস্তিষ্ক মণ্ডলীর উপর উত্তেজক ক্রিয়া প্রকাশপূর্ব্বক বৈধানিক ধ্বংস সংস্কার করে, ইহা সোরাএসিস্ (Psoriasis) প্রভৃতি কোন কোন চর্ম্ম রোগে ব্যবহার্য্য।

(২) সারকিউলেশনের উপর ইহা প্রথমতঃ উত্তেজকের ন্যায় ক্রিয়া প্রকাশ করে, নাড়ী চঞ্চল, মুখ রক্তিমাকার এবং অবশেষে পেরিফেরিক্ ক্যাপিলারি অর্থাৎ ত্বগাভ্যন্তর্গত কৈশিকনাড়ী

থিরাপিউটিক্যাল্ ব্যবহার—

(১) তজ্জন্য ইহা নার্ভাস্ ডিবিলিটিতে প্রচুর পরিমাণে ব্যবহার্য্য, বিশেষতঃ অধিক চিন্তা এবং অতিরিক্ত কার্য্য, নানাপ্রকার ব্যভিচার দ্বারা দুর্ব্বলতা জন্মিলে, এবং প্রস্রাবে অধিক ফস্ফেট্স্ বিদ্যমান থাকিলে, ইহা দ্বারা উপকার হইয়া থাকে। স্নায়বীয় দুর্ব্বলতা থাকিলে ইহা ব্যবহার দ্বারা বিশেষ উপকার পাওয়া যায়। ইহা যতদূর উপকারী বলিয়া বোধ হয় প্রকৃত প্রস্তাবে ততদূর উপকারী নহে।

(২) ইহা হৃদ্পিণ্ডের ক্রিয়াকে দুর্ব্বল করে এজন্য সচরাচর ব্যবহৃত হয় না।

সকল বিস্তৃত হয় বলিয়া অধিক পরিমাণে ঘর্ম্ম হইয়া থাকে. অধিক মাত্রায় ইহা হার্টের ক্রিয়াকে দুর্ব্বল করে।

(৩) ইহা ব্যবহার কালে টেম্পারেচার (শারীরিক উত্তাপ) প্রথমে অল্প বৃদ্ধি পাইয়া পরে ৩/৪ ডিগ্রী কমিয়া যায়।

(৪) ইহা ব্যবহারে প্রস্রাবের পরিমাণ বৃদ্ধি, ঈষৎ লালবর্ণ এবং উহাতে লিথেট্স্ থাকা প্রযুক্ত ঘোলাটিয়া দেখায় এবং ইউরিয়ার পরিমাণ বৃদ্ধি পায়. বিষাক্ত মাত্রায় ব্যবহারে রক্তপ্রস্রাব হইয়া থাকে।

(৫) ইহাদ্বারা অল্পমাত্রায় অন্ত্রের উপর কোন ক্রিয়া হয় না কিন্তু গ্যাষ্ট্রিক জুস্‌কে খাদ্য দ্রব্যের এ্যালবুমিনয়েড্ অংশের উপর কার্য্য করিতে না দেওয়াতে পরিপাকক্রিয়ার ব্যাঘাত হয়, এবং অধিক মাত্রায় ব্যবহারে পাকাশয় ও অন্ত্র উত্তেজিত হইয়া উদরে বেদনা, বমন, ভেদ, এবং জণ্ডিস্ ইত্যাদি লক্ষণ দৃষ্ট হয়, এবং মৃত্যুর পর সচরাচর লিভারের ফ্যাটি ডিজিনারেশন্ হইতে দেখা গিয়াছে।

(৬) ফস্‌ফরাস্ চর্ম্মের উপর কিয়ৎপরিমাণে উত্তেজকের ন্যায় কার্য্য করে। ইহা দ্বারা বিষাক্ত হইলে কখন কখন পার্পিউরার ন্যায় ইরাপ্‌শন্ দৃষ্ট হয়।

(৫) ইহা লিউকোসাইথিমিয়া (Leucocythæmia) এবং পার্নিসাস এনিমিয়া (Pernicious anæmia) রোগে ব্যবহৃত হয়।

(৮) এই কারণে কিউটেনিয়াস্ সারকিউলেশন্ বৃদ্ধি হয় বলিয়া স্কার্লেট্‌ফিবার, মিজিল্‌স্ আদি ইরাপ্‌টিভ্ জ্বরে ব্যবহৃত হয়। বিশেষতঃ ইরাপ্‌শন্ যখন সুন্দররূপে বহির্গত হইতে পারে

(৭) অস্থিদিগের উপর ইহার ক্রিয়া উত্তমরূপে প্রকাশিত হয়, ইহা দ্বারা লোয়ার্-জ-বোনের বিশেষতঃ যে সকল লোক দিয়াসলাইর কারখানায় কাজ করে তাহাদিগের উক্ত অস্থির নিক্রসিস্ হইতে দেখা গিয়াছে। অস্থি নির্ম্মাণের বৃদ্ধি হয়। ইহা যখন কোন জন্তুকে দেওয়া যায় তখন ইহা দ্বারা অস্থির কোমলাংশ কঠিন টিসুতে পরিণত হয়, এই নিমিত্ত অস্থি নির্ম্মাণের বৃদ্ধি হয়। আর্টিফিসিয়েল্ ফ্র্যাকচারে অধিক পরিমাণে ক্যালস্ (অস্থিময় পদার্থ) সঞ্চিত হইয়া ভগ্নাস্থির শীঘ্র সংস্কার হইয়া থাকে।

না অথবা অকালে মিশিয়া যায় তখন ভাল করিয়া বাহির করিবার জন্য ব্যবহৃত হইয়া থাকে।

(৭) ইহা আর্টিফিসিয়েল্ ফ্র্যাক্চার্ এবং রিকেটস্ রোগে ব্যবহৃত হয়, তৎসঙ্গে কড্লিভার্ অয়েল ব্যবস্থা করা যাইতে পারে।

ফস্ফরাস্ কখন কখন ক্যাপসুল্ আকারে ব্যবস্থা করা যায়।

℞

Phosphori gr.i
Carbon-bisulph q.s
Sapon duri
Pulv glycyrrhizae
Pulv guaiaci āā ʒss

M. ft. Pill 30. কখন কখন টি সার অব্ বেন জোইন্ দ্বারা বটিকা বার্নিস্ করা হয়। ফস্ফরাসের পরিবর্ত্তে ফস্ফাইড্ অব্ জিঙ্ক্ ব্যবহার ভাল।

মাত্রা—১/১০—১/২ গ্রেণ।

Poisonous Effects.	Antidotes.
বিষময় ফল।	বিষঘ্ন।
অন্ত্রের উত্তেজনা, কার্ডিয়াক্-সিন্-	সাল্ফেট্ অব্ কপার্ এবং টার্পেন্-

কোপ্ এবং একজস্শন্ (Exhaustion) দ্বারা মৃত্যু হইতে দেখা যায়।

মৃত্যুর পর শবচ্ছেদন করিলে লিভার, মাংসপেশী এবং টিস্যুদিগের ফ্যাটি ও প্যারান্‌কাইমেটাস্ ডিজিনারেশন্ দৃষ্ট হয়। রক্ত কৃষ্ণবর্ণ এবং অতিশয় তরল হয়।

টাইন্ ব্যবহারে উপকার হয়। ২ ড্রাম টার্পেন্‌টাইন্ প্রয়োগ করিলে ১ গ্রেণ ফস্ফরাস্ সমকারায় হয়।

CONTRA INDICATION AND DISADVANTAGES.

ব্যবহারে নিষেধ ও অসুবিধা।

প্রথমতঃ ফস্ফরাস্ অল্প মাত্রায় ব্যবহার আরম্ভ করিতে হয় যেহেতু ইহা সকলের পক্ষে সমান সহ্য হয়না। ফস্ফরাস্ ব্যবহারে আভ্যন্তরিক যন্ত্র সকলের ডিজিনারেশন্ হয়, এবিষয় স্মরণ রাখা উচিত।

ল্যাটিন্।	ইংরেজি।
(২) সোডিয়াই হাইপোফস্ফিস্।	হাইপোফস্ফাইট্ অব্ সোডিয়াম্।
Sodii Hypophosphis.	Hypophosphite of Sodium.
মাত্রা—৫—১০ গ্রেণ।	
(৩) ক্যাল্‌সিয়াই হাইপোফস্ফিস্।	হাইপোফস্ফাইট্ অব্ ক্যাল্‌সিয়াম্।
Calcii Hypophosphis.	Hypophosphite of calcium.

ইহাকে হাইপোফস্ফাইট্ অব্ লাইম বলে।

মাত্রা—৫—১০ গ্রেণ।

ক্রিয়া—নার্ভাইন্ টনিক্ (স্নায়বীয় বলকারক)। ইহাদের ক্রিয়া ফস্ফরাসের সদৃশ। এতদ্ব্যতীত হাইপোফস্ফাইট্ অব্ পটাশিয়মের দ্রবকরণ গুণের বিদ্যমানতা হেতু টিউবারকিউলার থাইসিসে অসতর্কতা সহকারে প্রয়োগ করিলে অপকার হইয়া থাকে। ব্লাড্-ডিজিজে হাইপোফস্ফাইট্ অব্ সোডিয়াম্ উৎকৃষ্ট ঔষধ। পটাশ্, এমোনিয়া লাইম ইত্যাদি হাইপোফস্ফাইটস্ ঔষধ সকল সর্ব্ববিধ শ্বাসপ্রশ্বাস-যন্ত্রের ব্যাধিতে উপকারী। ইহারা সকলেই জান্তব রসে দ্রবনীয় বলিয়া শীঘ্রই রক্তে শোষিত হইয়া থাকে। চিনির সহিত ব্যবহার করিলে ইহাদের আস্বাদন ভাল এবং ক্রিয়া বর্দ্ধিত হয়।

আময়িকপ্রয়োগ—থাইসিস্ রোগে ইহারা বিশেষ উপকারী এবং উক্তরোগে হাইপোফস্ফাইট্‌স্ বিশেষতঃ (লাইম্) সেবনে ক্ষুধা ও পরিপাক-শক্তি বর্দ্ধিত, কাশি ও শ্লেষ্মা অল্পীকৃত, বক্ষবেদনা ও উদরাময় উপশমিত এবং অনেক স্থলে পীড়া আরোগ্য হইয়া থাকে। ইহারা উক্ত রোগের থার্ড্-ষ্টেজ্ অপেক্ষা সেকেণ্ড্-ষ্টেজে এবং সেকেণ্ড্-ষ্টেজ্ অপেক্ষা ফার্ষ্ট-ষ্টেজে উপকারী। ইহাদের ব্যবহারে বৃদ্ধ অপেক্ষা যুবকদিগের অধিক উপকার হইয়া থাকে। স্নায়বীয় ও সাধারণ দুর্ব্বলতা, টিথিং (Teething) বা দন্তোদ্গমন, স্পার্ম্মে-টোরিয়া (Spermatorhœa), ক্লোরোসিস্, এনিমিয়া এবং টেবিস্-মেসেণ্টে-রিকা রোগে ইহা উপকারী; শেষোক্ত পীড়ায় উদরস্থ যন্ত্রদিগের মধ্যে যে টিউবার্‌কিউলার্-পদার্থ ন্যস্ত হয়, তাহা শোষিত হইয়াই উপকার হইয়া থাকে।

রক্তসঞ্চালন ক্রিয়ার দুর্ব্বলতা প্রযুক্ত অঙ্গের অসাড়তা, স্নায়বীয় শূল এবং স্নায়বীয় তেজোহীনতা হইলে হাইপোফস্ফাইট্ অব্ লাইম্ এবং সোডা ব্যবহারে ফল দর্শে; ইহার সহিত এনিমিয়া বর্ত্তমান থাকিলে সাইট্রেট্ অব্ আয়রণ্ সোডা-সল্টের সহিত ব্যবহার করা যাইতে পারে।

এই সকল ঔষধ অধিক মাত্রায় সেবন করিলে দুর্ব্বলতা, অনিদ্রা, শিরঃ-পীড়া, শিরোঘূর্ণণ, কর্ণেশব্দ, ক্ষুধামান্দ্য, অম্লশূল, উদরাময়, এবং কখন কখন কর্ণ ও নাসিকা হইতে রক্তস্রাব প্রভৃতি লক্ষণ সকল প্রকাশিত হইয়া থাকে।

ALTERATIVES OF UNDETERMINED ACTION.

ল্যাটিন্।	ইংরেজী।
সার্জ্জি রেডিক্স্।	জ্যামেকা সার্জ্জাপেরিলা।
Sarsæ Radix.	Jamaica Sarsaparilla.
প্রয়োগরূপ—	
ডিককটাম্ সার্জ্জি।	ডিককশন্ অব্ সার্জ্জাপেরিলা।
Decoctum Sarsæ.	Decoction of Sarsaparilla.
মাত্রা—২—১০ আউন্স।	
ডিকক্টাম্ সার্জ্জি কম্পজিটাম্।	কম্পাউণ্ড্ ডিককশন্ অব্ সার্জ্জাপেরিলা।
Decoctum Sarsæ Compositum.	Compound Decoction of Sarsaparilla.
মাত্রা—২—১০ আউন্স।	

একষ্ট্রাক্টাম্ সার্সি লিকুইডাম্। লিকুইড্ একষ্ট্রাক্ট্ অব্ সার্সাপেরিলা।
Extractum Sarsæ Liquidum. Liquid Extract of Sarsaparilla.

মাত্রা—২—৪ ড্রাম।

ইহার বীর্য্যের নাম স্মাইলেসিন্, ইহাতে ইসেন্সিয়েল অয়েলও বিদ্যমান আছে।

ACTION AND USES.

ক্রিয়া ও ব্যবহার।

ইহা ডায়েফোরেটিক্, ডায়ুরেটিক্, টনিক্ এবং অল্টারেটিভ্, ইহা প্রচুর পরিমাণে সার্ব্বাঙ্গিক উপদংশ পীড়াতে ব্যবহৃত হয়। কিন্তু ইহা নাইট্রিক্ এসিড্, আইয়োডাইড্ অব্ পটাশ্ ইত্যাদি অন্যান্য প্রবল ঔষধের সহিত ব্যবহার করা যায়। কেহ কেহ ইহাকে ভাল মনে করেন। ফিজিসিয়েন্ অপেক্ষা সার্জ্জন্গণ ইহা অধিক ব্যবহার করেন। ইহার কম্পাউণ্ড্ ডিককশন্ সচরাচর ক্রনিক্ রিউমেটিজ্মে ব্যবহৃত হয়। গাউট্, পুরাতন চর্ম্মরোগ, স্ক্রফিউলা আদি রোগে ব্যবস্থা করা যায়। বিশেষতঃ উপদংশ জনিত চর্ম্মরোগে অত্যন্ত উপকারী।

ল্যাটিন্।	ইংরেজী।
হেমিডেস্মাই রেডিক্স্।	হেমিডেস্মাস্ রুট্।
Hemidesmi Radix.	Hemidesmus Root.

ইহাকে ইণ্ডিয়েন্ সার্সাপেরিলা (Indian Sarsaparilla) কহে। ইহা ভারতবর্ষে ব্যবহৃত হয়।

প্রয়োগরূপ—

সিরাপাস্ হেমিডেস্মাই।	সিরাপ্ অব্ হেমিডেস্মাস্।
Syrupus Hemidesmi.	Syrup of Hemidesmus.

মাত্রা—১ ড্রাম।

*ডিককশন্ আকারে সচরাচর ব্যবহার করা যায়। কিন্তু ইহার ডিককশন্ ব্রিটিশ্ ফার্ম্মাকোপিয়ায় গৃহীত হয় নাই। গরম জলে ইহার সার অংশ মিশ্রিত করিয়া (১ ড্রাম ১ পাইণ্ট জলে) ব্যবহার করিলে তদ্দ্বারাই বেশ উপকার পাওয়া যায়।

ইহার ক্রিয়া সার্জ্জাপেবিলার ন্যায় এবং তাহার পরিবর্ত্তে ইহা কখন কখন ব্যবহার করা যায়।

উপদংশজনিত চর্ম্মরোগে আইওডাইড্ অব্ পটাশিয়াম্ এবং লাইকার্ হাইড্রার্জ পারক্লোরাইডের সঙ্গে এবং কিডনির কোন কোন পীড়াতে ব্যবহৃত হয়। ইহা, পরিবর্ত্তক, বলকারক, ঘর্ম্মকারক এবং মূত্রকারক।

ট্যারাক্সেকম্ অন্য শ্রেণীতে বর্ণিত হইবে।

নবম অধ্যায়।

প্রথমবিভাগীয় দ্বিতীয় শ্রেণী।

যে সকল ঔষধ প্রধানতঃ মস্তিষ্কমণ্ডলের উপর ক্রিয়াপ্রকাশ করে তাহারা দ্বিতীয় শ্রেণী ভুক্ত। ইহা তিন উপশ্রেণীতে বিভক্ত।

প্রথম উপশ্রেণী।

যে সকল ঔষধ মস্তিষ্কের উপর বিশেষরূপে ক্রিয়া প্রকাশ করে এবং সম্ভবতঃ মস্তিষ্ক মণ্ডলের অন্যান্য অংশের উপর ক্রিয়াপ্রদর্শন করে তাহারা প্রথম উপশ্রেণীর অন্তর্গত। ইহারা তিন ভাগে বিভক্ত।

1. EXHILARANTS.

স্ফূর্ত্তিজনক।

যে সকল ঔষধ দ্বারা প্রথমতঃ শারীরিক তেজের বৃদ্ধি হইয়া মস্তিষ্কের উপর কার্য্য করতঃ শরীরের অন্যান্য ক্রিয়াকে উত্তেজিত ও বর্দ্ধিত করে তাহাদিগকে এক্জিলারেণ্ট্স্ (স্ফূর্ত্তি জনক) ঔষধ বলে। এই সকল ঔষধ অধিক পরিমাণে সেবন করিলে মাদকতা জন্মে, এজন্য ইহাদিগকে ইনিব্রিয়াণ্ট্স্ (Inebriants) বা মাদক গুণ বিশিষ্ট ঔষধ কহে।

(১) ব্রাণ্ডি এবং হুইস্কি যাহাতে স্পিরিট্ আকারে এল্কোহল বিদ্যমান আছে — Alcohol in the form of distilled spirit, as brandy and whisky.

(২) ওয়াইন্ (Wine) সুরা।

(৩) মল্ট লিকার্স (Malt liquors) যথা বিয়ারমদ।

(৪) ইথার (Ether)

(৫) এসিটিক্ ইথার্ (Acetic ether)

(৬) ক্লোরোফরম্ (Chloroform)

(৭) ইণ্ডিয়েন্ হেম্প (Indian hemp)

(৮) ওপিয়াম (অল্পমাত্রায়) (Opium in small doses)

ক্রিয়া—ইহারা মস্তিষ্কমণ্ডলের প্রভাবে রক্তসঞ্চালনযন্ত্রকে উত্তেজিত করে। ইহাদের ক্রিয়া ক্ষণস্থায়ী।

আময়িকপ্রয়োগ—এই শ্রেণীস্থ ঔষধ স্নায়ুমণ্ডলের দুর্ব্বলাবস্থায় এবং যে সকল অবস্থাতে হৃদ্পিণ্ড এবং রক্তসঞ্চালনযন্ত্রদিগকে কিছুসময়ের জন্য উত্তেজিত করা আবশ্যক তখন ব্যবহৃত হয়।

II. NARCOTICS, ANODYNES AND SOPORIFICS.

মাদক, বেদনানিবারক এবং নিদ্রাকারক।

যে সকল ঔষধ মস্তিষ্কমণ্ডলের উপর কার্য্য করিয়া বেদনায় উপশম করে তাহাদিগকে এনোডাইন্ (বেদনানিবারক) এবং ইহাদের মধ্যে যে সকল ঔষধ সাক্ষাৎ সম্বন্ধে নিদ্রা উৎপাদন করে তাহাদিগকে সপরিফিক্স্ (নিদ্রাকারক) ঔষধ কহে।

(১) ওপিয়াম্ (Opium)

(২) সল্টস্ অব্ মর্ফাইন্ (Salts of morphine)

(৩) ক্লোর্যাল্ হাইড্রেট্ (Chloral hydrate)

(৪) বিউটাইল্-ক্লোর্যাল্ হাইড্রেট্ (Butyl-chloral hydrate)

(৫) ইণ্ডিয়েন্ হেম্প (Indian hemp)

(৬) হপস্ (Hops)

(৭) লেক্টিউস্ ? (Lettuce ?)

(৮) ব্রোমাইড্ অব্ পটাসিয়াম্ (Bromide of Potassium.)

(৯) ব্রোমাইড্ অব্ এমোনিয়াম (Bromide of Ammonium.)

(১০) ব্রোমাইড্ অব্ সোডিয়াম্ (Bromide of Sodium)

উল্লিখিত ঔষধ সমূহকে সপরিফিক্স্ এবং এনোডাইনস্ কহে।

(১১) বেলেডোনা (Belladonna.)

(১২) এট্রোপাইন্ (Atropine.)

(১৩) ষ্ট্রামোনিয়াম্ (Stramonium.)

(১৪) হাওসায়েমাস্ (Hyoscyamus.)

ইহাদিগকে এনোডাইন্ এবং এণ্টিস্প্যাজ্‌মডিক্ (আক্ষেপনিবারক) ঔষধ কহে।

(১৫) একোনাইট্ (Aconite.)

(১৬) একোনাইটিন্ (Aconitine.)

(১৭) জেল্‌সিমিয়াম্ (Gelseminum.)

(১৮) কোনিয়াম্ ? (Conium ?)

(১৯) ডিজিটেলিস্ (Digitalis.)

মাদক ঔষধদিগের ক্রিয়া—যে সকল ঔষধের নাম উপরে বর্ণিত হইল তাহাদের মধ্যে যে যে ঔষধ সন্দেহ চিহ্নে (?) চিহ্নিত আছে তদ্ভিন্ন সকল-গুলি এবং সম্ভবতঃ ব্রোমাইড্‌স্ ব্যতীত, নির্দ্দিষ্ট মাত্রার অতিরিক্ত সেবন করিলে ষ্টুপার্ (ঝিমনি) হয়. এইজন্য ইহাদিগকে নার্কটিকস্ বা মাদক ঔষধ কহে। ইহাদের মধ্যে যে সকল ঔষধ দ্বারা সাক্ষাৎসম্বন্ধে নিদ্রা আসিয়া থাকে তাহা-দিগকে সপরিফিকস্ বা নিদ্রাকারক ঔষধ বলে, যথা—ওপিয়াম্, মর্ফাইন্-সল্‌টস্ এবং হাইড্রেট্ অব্ ক্লোরাল্ ইত্যাদি। ইহাদের মধ্যে যে সকল ঔষধ বেদনা উপশমিত করে তাহাদিগকে এনোডাইন্ বা বেদনানিবারক কহে। কিন্তু ইহাদিগকে অধিক মাত্রায় প্রয়োগ করিলে নিদ্রা না হইয়া প্রলাপ হইয়া থাকে।

অহিফেণের ক্রিয়া ও বেলেডোনার ক্রিয়ার মধ্যে অনেক পার্থক্য লক্ষিত হয়। ওপিয়াম্ সেবনে কনীনিকা সঙ্কোচিত, কিন্তু বেলেডোনা সেবনে উহা প্রসা-রিত হইয়া থাকে। ইণ্ডিয়েন্ হেম্প্ সেবনে কনীনিকা সঙ্কোচিত বা প্রসারিত হয় না। ওপিয়াম্ দ্বারা মস্তিষ্কে সম্ভবতঃ রক্তাধিক্য হয়, কিন্তু বেলেডোনাতে উক্ত যন্ত্রের রক্তবহানাড়ীর সঙ্কোচন ঘটিয়া রক্তের অল্পতা হইয়া থাকে।

মস্তিষ্কের নানাবিধ অবস্থা হইতে নিদ্রা উৎপন্ন হয়, এজন্য এই শ্রেণীস্থ কতকগুলি ঔষধ এক সময়ে উপকারী হইতে পারে এবং অন্যগুলি অন্য সময়ে কার্য্যকারী হয়।

আময়িকপ্রয়োগ—নিদ্রা আনয়ন এবং বেদনানিবারণ ও আক্ষেপের লাঘব জন্য নার্কটিক্-ঔষধ সকল ব্যবহৃত হইয়া থাকে।

III. ANÆSTHETICS.

স্পর্শহারক।

যে সকল ঔষধের বাষ্প আঘ্রাণ দ্বারা জ্ঞান বিলুপ্ত হয় এবং বেদনা অনুভব করিতে পারে না তাহাদিগকে এনিস্থেটিক্‌স্ (স্পর্শহারক) ঔষধ কহে। এই নিমিত্ত ইহারা সপরিফিকস্ বা নিদ্রাকারক এবং এনোডাইনস্ বা বেদনা নিবারক। সাধারণ মাদক ঔষধ অপেক্ষা ইহাদের ক্রিয়া অতিশীঘ্র প্রকাশিত হয়, কিন্তু অধিকক্ষণ স্থায়ী হয় না।

(১) ক্লোরোফরম্ (Chloroform)

(২) ইথার্ (Ether)

(৩) টিট্রাক্লোরাইড্ অব্ কার্ব্বন্ (Tetrachloride of Carbon)

(৪) বাইক্লোরাইড্ অব্ মিথাইলিন্ (Bichloride of methyline)

(৫) প্রোটক্সাইড্ অব্ নাইট্রোজেন (Protoxide of nitrogen) (নাইট্রাস অক্সাইড্) (Nitrous oxide.)

আময়িকপ্রয়োগ—বেদনা এবং আক্ষেপের উপশম, অস্ত্রোপচার জনিত বেদনা এবং প্রসবকালীন যন্ত্রনা নিবারণ ও সংজ্ঞাশূন্য, ডিলিরিয়াম্-ট্রিমেন্‌স্ রোগে নিদ্রা আনয়ন ও তাহার প্রখরতা নিবারণ এবং ডিস্লোকেশনে স্থানচ্যুতি-অস্থিকে ও হার্নিয়ারোগে অন্ত্রাদি যন্ত্রকে রিডিউস্ (Reduce) অর্থাৎ যথাস্থানে আনয়ন জন্য তংস্থানীয় মাংসপেশীদিগকে শিথিল করণার্থ এই শ্রেণীস্থ ঔষধ ব্যবহৃত হইয়া থাকে।

ALCOHOLIC PREPARATIONS.

এল্‌কোহলিক্ প্রিপ্যারেশন্‌স্।

ল্যাটিন্।	ইংরেজী।
স্পিরিটাস্ রেটিফিকেটাস্।	রেক্টিফাইড্ স্পিরিট্।
Spiritus rectificatus.	Rectified spirit.

ইহাতে শত করা ১৬ ভাগ জল এবং অবশিষ্ট এল্‌কোহল্ আছে।

প্রয়োগরূপ—

স্পিরিটাস্ টেনিয়র্।	প্রুফস্পিরিট্ (পরীক্ষিত সুরা)
Spiritus Tenuior.	Proof spirit.

৮ পাইণ্ট্ প্রুফ্ স্পিরিটে ৫ পাইণ্ট্ রেক্‌টিফাইড্ স্পিরিট্ এবং ৩ পাইণ্ট্ বিশুদ্ধ জল আছে। ইহাতে শতকরা ৪৯ ভাগ ওজনে বিশুদ্ধ এল্‌কোহল্ আছে।

স্পিরিটাস্ ভাইনাই গ্যালিসাই।	ফ্রেঞ্চ্ ব্র্যাণ্ডি।
Spiritus Vini Gallici.	French Brandy.

মাত্রা—১—২ টেবলস্পুনফুল্ জলের সহিত মিশ্রিত করিয়া প্রয়োজনানুসারে ব্যবহার্য্য।

প্রয়োগরূপ—

মিশ্চুরা স্পিরিটাস্ ভাইনাই গ্যালিসাই।	মিক্‌শ্চার্ অব্ ফ্রেঞ্চ্ ব্র্যাণ্ডি।
Mistura Spiritus Vini Gallici.	Mixture of French Brandy.

দুইটী ডিম্ব কুসুম এবং অর্দ্ধ আউন্স্ বিশুদ্ধ শর্করা একত্র ঘর্ষণ করিয়া ফ্রেঞ্চ্ ব্র্যাণ্ডি ও সিনামন্-ওয়াটার্ প্রত্যেকের ৪ আউন্স্ সংযোগ করিলে মিক্‌শ্চার্ অব্ ফ্রেঞ্চ্ ব্র্যাণ্ডি প্রস্তুত হয়। মাত্রা—১—২ আউন্স্।

ক্রিয়া—ইহার ক্রিয়া সম্বন্ধে ডাং লডার্ ব্রাণ্টনের (Dr. Lauder Brunton) মত সংক্ষেপে নিম্নে বিবৃত হইল।

(১) অল্পমাত্রায় এল্‌কোহল্ সেবন করিলে পাকাশয়িক-পাচকরস এবং পাকাশয়ের গতি বৃদ্ধি করতঃ পরিপাকক্রিয়ার সাহায্য করিয়া থাকে; সুস্থ শরীরে যদিও ইহা অব্যবহার্য্য তথাপি অবসাদকতা ও দুর্ব্বলতা অবস্থায় ব্যবহার করিলে উপকার হইয়া থাকে।

(২) ইহা পাকাশয়ের স্নায়ুদিগকে উত্তেজিত করিয়া প্রত্যাবর্ত্তন-ক্রিয়াদ্বারা নাড়ীর বল ও সংখ্যা বৃদ্ধি করিয়া থাকে।

(৩) অধিক মাত্রায় ইহা সেবন করিলে পাকাশয়কে অতিরিক্ত পরিমাণে উত্তেজিত করিয়া পরিপাকশক্তির হ্রাস করে।

(৪) ইহার প্রত্যাবর্ত্তন ক্রিয়া বশতঃ শক্ বা স্নায়বিক-ধাকাদ্বারা মৃত্যু ঘটাইতে পারে।

(৫) ইহা রক্তে শোষিত হইবার পর রক্তস্থ লোহিতকণিকাদিগের দাহিকা-শক্তির (Oxidizing-power) লাঘব করতঃ শারীরিকউত্তাপ হ্রাস করে।

(৬) ইহা শরীরে দগ্ধ হইয়া শারীরিক তাপ রক্ষা ও বৃদ্ধি করে এবং আহারীয় বস্তু অল্প পরিমাণে ভক্ষণ করিলেও জীবনের স্থায়িত্ব বৃদ্ধি করিয়া থাকে, এই নিমিত্ত ইহাকে খাদ্য মধ্যে পরিগণিত করিলেও অত্যুক্তি হয় না।

(৭) ইহা অধিক মাত্রায় সেবন করিলে কিয়দংশ শরীরহইতে অপরিবর্ত্তিত ভাবে নির্গত হইয়া পড়ে।

(৮) ইহা মস্তিষ্ক-মণ্ডলের উপর ক্রিয়া প্রকাশ পূর্ব্বক রক্তবাহনাড়ীদিগকে প্রসারিত, হৃৎপিণ্ডের গতি দ্রুত ও উহার বল বর্দ্ধিত করে। ইহা রক্ত দ্বারা মস্তিষ্কে প্রবাহিত হইয়া সুখোৎপাদন এবং শারীরিক ও মানসিক পরিশ্রমের সাহায্য করিয়া থাকে। ইহা দ্বারা অতিরিক্ত বল বৃদ্ধি হয়না কিন্তু শরীরস্থ সঞ্চিত বল আনয়ন করিয়া থাকে। এজন্য ইহাসেবনে অল্পকালব্যাপী পরিশ্রমসাধ্যকার্য্য সম্পন্ন করিতে পারে কিন্তু দীর্ঘকাল পরিশ্রমসাধ্য কার্য্যে সক্ষম হয় না।

(৯) পীড়িতাবস্থায় ইহা দ্বারা হৃৎপিণ্ডের ক্রিয়া চঞ্চল না হইয়া মৃদুগামী হয়, তজ্জন্য শারীরিক তেজের অপচয় না হইয়া পরিমিতরূপে বর্দ্ধিত হইয়া থাকে।

(১০) চর্ম্মের রক্তবহানাড়ীদিগকে প্রসারিত করিয়া আভ্যন্তরিক ইন্দ্রিয় হইতে ত্বগান্তর্গত রক্তবহানাড়ীতে রক্ত আনয়ন পূর্ব্বক শরীর উষ্ণ করে।

(১১) মস্তিষ্ক-মণ্ডলের পক্ষাঘাত বশতঃ মাদকতা উৎপন্ন এবং মেডেলা-অব লংগেটার পক্ষাঘাত বশতঃ সংশাচন মৃত্যু ঘটে।

(১২) মস্তিষ্ক-মণ্ডলের পক্ষাঘাত বশতঃ মদ্যপায়ী ব্যক্তিরা ভীষণ বিপদের পরও সুখানুভব করিয়া থাকে।

LOCAL ACTION AND USES.

স্থানিক ক্রিয়া ও ব্যবহার।

ফিজিওলজিক্যাল্ ক্রিয়া—

ইহা এলবিউমেন্ বা অণ্ডলালকে দৃঢ়ীভূত এবং বিধানোপাদানকে ঘনীভূত করে বলিয়া ইহার বাহ্যিক ক্রিয়া সঙ্কোচক। ইহা দ্রুত বাষ্পাকারে পরিণত হয় বলিয়া ইহার শৈত্যকারক গুণ উপলব্ধি হয়। এল্‌কোহলের উড়িয়া যাওয়া গুণের (Volatility) বিদ্যমানতাহেতু কখন কখন ইহা শরীরের উত্তাপ হরণ ও শীতল করিবার জন্য স্থানিক ব্যবহৃত হইয়া থাকে। কিন্তু এতদর্থে বরফ অধিক ব্যবহার্য্য। যদি এল্‌কোহল্ চর্ম্মে প্রয়োগ করিয়া কোনরূপে উড়িতে দেওয়া নাযায় তাহা হইলে উহা উপত্বক ভেদ করিয়া তাহার নিম্নস্থ বিধানকে উত্তেজিত করিয়া তৎস্থানকে আরক্তিম এবং প্রদাহিত করে, এইজন্য ইহা উগ্রতাসাধক (কাউণ্টার্-ইরিট্যাণ্ট্) বলিয়া ব্যবহৃত হইতে পারে।

(২) ইহা এলবিউমেনকে সংযত এবং মুখাভ্যন্তরস্থ শ্লৈষ্মিকঝিল্লিকে সঙ্কোচিত করে।

থিরাপিউটিক্যাল্ ব্যবহার—

এই গুণ থাকা প্রযুক্ত বেড্‌সোর্ (Bed sore) বা শয্যাক্ষত রোগে ব্যবহার করা হয়।

ইহা ইভ্যাপোরেটিং-লোশনের একটী অঙ্গ। সন্তানকে প্রত্যেকবার স্তনপানের পর নিপোল্‌স্ (স্তনের বোঁটা) ব্রাণ্ডি-জলে ধৌত করতঃ কাপড় দ্বারা মুছাইয়া শুষ্ক করিলে ক্র্যাক্‌টনিপোল্ (স্তনের বোঁটায় ক্ষত) রোগ হইবার ভয় থাকে না। ইহার শৈত্যকারক গুণ থাকা প্রযুক্ত মস্তিষ্কের প্রদাহ ইত্যাদিরোগে বাহ্যিক ব্যবহার হয়। কিন্তু এতদর্থে বরফই শ্রেষ্ঠ।

(২) এজন্য এলকোহল্ জলে মিশ্রিত করিয়া স্কার্ভি (Scurvy), রিল্যাক্সড্ সোরথোট্, (Relaxed

sore throat) এবং স্যালাইভেশন্ (Salivation) ইত্যাদি রোগে সঙ্কোচক কুলি স্বরূপ ব্যবহৃত হইয়া থাকে।

INTERNAL ACTION AND USES.

আভ্যন্তরিক ক্রিয়া ও ব্যবহার।

ফিজিওলজিক্যাল্ ক্রিয়া—

(১) মস্তিষ্ক-মণ্ডলের উপর—এল্‌কোহল্ প্রথমতঃ মস্তিষ্ক-মণ্ডলের ধমনীদিগকে প্রসারিত করিয়া অধিক রক্ত সঞ্চালিত করে, এজন্য মস্তিষ্কের উপর উত্তেজকের ন্যায় ক্রিয়া প্রদর্শন করিয়া থাকে।

দ্বিতীয়তঃ ইহাতে উত্তেজনা এবং তৎসঙ্গে মাংসপেশীর ক্রিয়ার লাঘব, অবশেষে কোমা (Coma) (চৈতন্য-হীননিদ্রা) হইয়া থাকে। অধিক মাত্রায় সেবন করিলে সাংঘাতিক হইতে পারে। ইহা অল্প মাত্রায় স্পাই-ন্যাল্-কর্ড্‌কে (কশেরুকা-মজ্জাকে) উত্তেজিত করে কিন্তু অধিক মাত্রায় সেবন করিলে উহার ক্রিয়ার লাঘব করিয়া প্রথমে শারীরিক পরিশ্রমে অনিচ্ছা, অবশেষে পরিশ্রমে অক্ষম করে। অনেক পরীক্ষা করিয়া দেখা গিয়াছে যে ইহা সেবনে ক্লান্তি সহ্য করিবার শক্তি নষ্ট হয়। অধিক পরি-মাণে অধিক দিন এল্‌কোহল্ খাইলে

থিরাপিউটিক্যাল্ ব্যবহার—

(১) ইহা অল্প মাত্রায় মান-সিক শক্তিকে উত্তেজিত এবং অধিক মাত্রায় সেবনে মাদক এবং স্পর্শ-হারক লক্ষণ প্রকাশ করে। নিউ-র্যাল্জিয়া আদি পুরাতন স্নায়বীয় দুর্ব্বলতা এবং বেদনা ষ্টিমিউল্যান্টস্ প্রয়োগে উপশমিত হইয়া থাকে।

ক্রণিক্ এল্‌কোহলিক্ বিষাক্ততার সুরাপান একেবারে পরিত্যাগ করা উচিত। প্রদাহিত অবস্থায় রক্তের শ্বেত-কণিকাদিগকে রক্তবাহীনাড়ী হইতে স্থানান্তর যাইতে দেয় না বলিয়া ইহা একিউট্-ইন্‌ফ্লামেশনে (তরুণ প্রদাহে) ব্যবহার করিলে ফল দর্শে।

ডিলিরিয়াম্-ট্রিমেন্স্ রোগের চিকিৎ-সার্থ সর্ব্ববিধ ষ্টিমিউল্যান্ট্‌স্ একবারে রহিত করিবে এবং রোগীকে শীতল নির্জ্জন অন্ধকারময় গৃহে রাখিয়া অল্প মাত্রায় বারংবার পুষ্টিকর খাদ্য প্রদা-নের ব্যবস্থা করিবে এবং অতি সাব-ধানে নার্কটিক্-ঔষধ ব্যবস্থা করিবে।

প্যারাপ্লিজিয়া (নিম্নাঙ্গের পক্ষাঘাত) বশতঃ সুটিং-পেইন্, (বিদ্ধনবৎ বেদনা) নাম্ব্নেস্ (Numbness) বা অবশতা এবং এনিস্থেসিয়া (Anæsthesia) বা অসাড়তা হইতে দেখা গিয়াছে। তন্মধ্যে ক্লোর্যাল্-হাইড্রেট্ অতি উৎকৃষ্ট।

সিম্প্যাথেটিক্-সিষ্টমের (সহানুভৌতিক-স্নায়ুমণ্ডলের) উপর ইহার ক্রিয়া ভিন্ন প্রকার। সুস্থ শরীরে এল্কোহল্ সেবনে উক্ত নার্ভের প্যারালিসিস্ হয় বলিয়া রক্তবহানাড়ী সকল প্রসারিত হয়; কিন্তু প্রদাহিত অবস্থায় ইহা ঐ সিস্টম্কে উত্তেজিত করিয়া ক্ষুদ্র ক্ষুদ্র রক্তবহাধমনীদিগকে সঙ্কোচিত করে, এজন্য হোয়াইট্-কর্পাস্কলস্ (রক্তের শ্বেত কণিকা) গুলি বহির্গত হইতে পারে না, সুতরাং প্রদাহ নিবারিত হইয়া থাকে।

অধিকদিন মদ্যপান করিলে স্নায়বীক কম্পন, দুর্ব্বলতা এবং ক্রমশঃ অনিদ্রা হইয়া ডিলিরিয়াম-ট্রিমেন্স্ রোগে পরিণত হয়। এরূপ অবস্থায় রোগীর অনিদ্রা হইয়া নানাপ্রকার বিভীষিকা দর্শন করে। দীর্ঘকাল সুরাপান করিলে অন্যান্য আভ্যন্তরিক ইন্দ্রিয়ের ন্যায় মস্তিষ্কের এরিওলার-টিস্যুর (কোষবিধানের) সঙ্কোচন বশতঃ নার্ভাস্-এলিমেণ্টসে (মস্তিষ্ক সম্বন্ধীয় পদার্থে) চাপ প্রাপ্ত হইয়া তাহা বিলুপ্ত হয়।

(২) হৃদ্পিণ্ড এবং রক্তসঞ্চালনের উপর—ইহা পরিমিত মাত্রায় হৃদ্পিণ্ডের ক্রিয়াকে উত্তেজিত করে এবং মস্তকের দূরবর্ত্তী রক্তবহানাড়ীদিগকে প্রসারিত করিয়া থাকে।

পুরাতন এল্কোহলিক্ বিষাক্তাতে বড় বড় রক্তবাহনাড়ীদিগের এথারোমা (একপ্রকার অপকৃষ্টতা) হয় এবং হার্টের ভ্যাল্ভিউলার্-ডিজিজ্ (হৃদ্পিণ্ডের কপাটের ব্যাধি) ও এনিউরিজ্‌ম্ সচরাচর লক্ষিত হইয়া থাকে।

(২) রক্ত সঞ্চালনের উপর উক্ত প্রকার ক্রিয়া আছে বলিয়া জীবনের সংকটাবস্থায় ইহা ব্যবহৃত হয়। যখন ইহাতে হার্টের প্রথম-শব্দ নিতান্ত দুর্ব্বল, নাড়ী মৃদু, চাপা ও অনিয়মিত এবং যখন সিন্কোপ্ (মূর্চ্ছা) হওয়ার সম্ভাবনা ও ডিলিরিয়াম্ আরম্ভ হয় তখন এল্কোহল্ ব্যবহারের প্রশস্ত সময়। ইহা ব্যবহারে যদি জিহ্বা আর্দ্র, নাড়ী সবল এবং নিয়মিত, সুনিদ্রা, শারীরিক উত্তাপ কম ইত্যাদি

লক্ষণ প্রকাশ পায়, তবে নিশ্চয় জানিবে ইহাদ্বারা উপকার হইতেছে। পক্ষান্তরে ইহা ব্যবহারে জিহ্বা শুষ্ক, নাড়ী অধিক দ্রুত, চর্ম্ম উষ্ণ ও শুষ্ক, নিশ্বাস দ্রুত, সুনিদ্রার অভাব এবং প্রলাপ বিদ্যমান থাকিলে অপকার হইয়া থাকে। জ্বরের কোন্ অবস্থাতে এলকোহল্ ব্যবহার্য্য তাহা নিশ্চয় বলা সুকঠিন; কিন্তু সচরাচর টাইফাস্ জ্বরের সপ্তম দিবসে এবং টাইফয়েড্ জ্বরের দ্বাদশ দিবসে এবং বসন্তরোগে সেকেণ্ডারী-জ্বর প্রকাশ পাইলে ইহা ব্যবহার করা উচিত; এবং যখন তরুণ প্রদাহে হৃদ্‌পিণ্ডের ক্রিয়া দুর্ব্বল ও স্নায়বীয় দুর্ব্বলতার লক্ষণ প্রকাশিত হয় তখন ইহা ব্যবস্থেয়।

নানা প্রকার জ্বরের বৰ্দ্ধিতাবস্থায় ডাঃ মার্চিসন্ (Dr. Murchison) যে মন্তব্য প্রকাশ করিয়াছেন তাহা নিম্নে বিবৃত হইল:—টাইফাস্ এবং টাইফয়েড্ জ্বরেই তিনি ইহা উপকারী বলিয়া বিশেষ রূপে নির্দ্দেশ করিয়াছেন কিন্তু ইহা সর্ব্ববিধ জ্বরের বৰ্দ্ধিতাবস্থায় ব্যবহার করা যাইতে পারে। রক্তসঞ্চালনের অবস্থা অনুসারেই এল্‌কোহল্ ইত্যাদি প্রয়োগ করা হয়। নাড়ী অত্যন্ত কোমল ও চাপা বিশেষতঃ অনিয়মিত, ক্ষণবিলুপ্ত এবং অননুভবনীয় হইলে নাড়ীর দ্রুতগামির অবস্থা অপেক্ষা শীঘ্র ষ্টিমিউলাণ্ট্ ব্যবহার করা উচিত। নাড়ী দ্রুতগামী অপেক্ষা অত্যন্ত ধীরগামী (মিনিটে ৪০—৬০ বার স্পন্দিত হইলে) হইলে ইহা অধিক প্রয়োজ্য। ইহা ব্যবহারে নাড়ী দ্রুততর ও মুখমণ্ডল রক্তবর্ণ হইলে ব্যবহার করা নিষিদ্ধ, কিন্তু নাড়ী যদি ধীরতর হয় তবে ইহাদের ব্যবহারে সুফল আশা করা যায়। যদি কার্ডিয়াক ইম্পাল্‌স, (হৃদ্‌পিণ্ডের ধাক্কা) উত্তম থাকে তবে ষ্টিমিউল্যাণ্ট্‌স্ অনাবশ্যক।

(৩) শ্বাসপ্রশ্বাস এবং শারীরিক উত্তাপের উপর—পূর্ব্বে ডাঃ লিবিগ্ (Liebig) এল্‌কোহল্‌কে রেস্‌পিরেটরি-ফুড্ বলিতেন এবং তাহার মতে —ইহা লাংসে অনেক পরিমাণে দগ্ধ হইয়া শরীরের তাপ উৎপন্ন করে।

(৩) টিস্থর পরিবর্ত্তনের ন্যূনতা, চর্ম্মান্তর্গত প্রসারিত রক্তবাহনাড়ী হইতে উত্তাপ বিকিরণ, রক্তের লোহিত-কণিকাগুলির অক্সিজেন্-বহন-ক্রিয়ার কিয়ৎপরিমাণে ব্যাঘাত এবং যে সকল সেলস্ (Cells) হইতে উত্তাপ উৎপন্ন

কিন্তু এখন দেখা গিয়াছে যে এল্কোহল্ সেবনে লাংস্ হইতে কার্ব্বনিক্ এসিড্ অম্ল বাহির হয়, তজ্জন্য শরীরের উত্তাপ কম হইয়া থাকে। অল্পমাত্রায় ব্যবহারে শরীর শীতল বোধ হয় এবং অধিক ব্যবহার করিলে ২।৩ ডিগ্রী উত্তাপ কম হইয়া থাকে। চর্ম্মান্তর্গত শিরাসকল প্রসারিত হওয়াতে তাপ-কেন্দ্র হইতে যে তাপ জন্মে তাহা রক্ত-দ্বারা প্রসারিত-শিরায় আসিয়া শরীর ঠাণ্ডা হইয়া আভ্যন্তরিক যন্ত্র হইতে আরও উত্তাপ বহন করে। এইরূপে ক্রমশঃ শরীর শীতল হইয়া থাকে।

(৩) পরিপাক-যন্ত্রের উপর—অল্প মাত্রায় এল্কোহলে ক্ষুধা এবং গ্যাষ্ট্রিক্-জুসের সিক্রিশন্ বৃদ্ধি হয়, কিন্তু অধিক মাত্রায় সেবনে উক্ত পাচকরস বন্ধ, বিবমিষা এবং খাদ্যে অনিচ্ছা হইয়া থাকে। ক্রনিক্ এল্কোহলিক্-বিষাক্ততায় মদ্যপায়ীদের ডিস্পেপ্সিয়া, প্রাতঃ-বমন ইত্যাদি লক্ষণ দেখিতে পাওয়া যায়। অধিক সুরাপান করিলে পাকাশয়ের ক্রনিক্-ক্যাটার হয়। ইহার মিউকাস্-মেম্ব্রেন একপ্রকার চটচটে মিউকাস্ (শ্লেষ্মা) দ্বারা আবৃত হয়। হয় তাহাদের প্রটোপ্লাজ্‌মের পক্ষাঘাত ইত্যাদি দ্বারা শরীর ঠাণ্ডা হইয়া থাকে। সর্দ্দির সময় গাত্রে ঠাণ্ডা লাগিলে চর্ম্মের ক্যাপিলারিসকল সঙ্কুচিত এবং আভ্যন্তরিক যন্ত্রে রক্তাধিক্য হয়, এই সময় অল্প এল্‌কোহল্ সেবন করিলে উক্ত চর্ম্মান্তর্গত শিরাসকল প্রসারিত হয় বলিয়া আভ্যন্তরিক যন্ত্রদিগের রক্তাধিক্য নিবারিত হইয়া থাকে। এণ্টিপাইরেটিক্ ক্রিয়ার জন্য ইহা কচিৎ নিরাপদে ব্যবহৃত হয়; কারণ অন্ততঃ দুই আউন্স্ এব্‌সলিউট্ এল্‌কোহল্ বা সুবানির্য্যাস্ ব্যবহার না করিলে বয়স্কদিগের উত্তাপ কমেনা। ইহার অপব্যবহারে ফুস্-ফুসের এম্ফিজিমা হইতে পারে।

(৪) দুর্ব্বলতায় বিশেষতঃ শিশু এবং বৃদ্ধদিগের পক্ষে এল্‌কোহল্ উপকারী। ইহা পরিপাক-যন্ত্রকে সবল ও খাদ্য দ্রব্যের সমীকরণের (এসিমিলেশন্) সাহায্য করে, এই জন্যই উপকার হইয়া থাকে। যদিও সুস্থ শরীরে এল্‌কোহলের প্রয়োজনীয়তা নাই তথাপি অতিরিক্ত পরিশ্রমী, জনপূর্ণ-স্থানে অবস্থিত এবং মানসিক পরিশ্রমে রত ব্যক্তিদিগের পক্ষে বিশেষ প্রয়োজনীয়। সর্ব্বসাধারণের সর্ব্বদা এই নিয়ম প্রতিপালন করা উচিত যে,

উক্ত অস্বাস্থ্যকর মিউকাস্ দ্বারা খাদ্য-পদার্থের উৎসেচন-ক্রিয়া হয় এবং ঐ ঝিল্লির গঠনের পরিবর্ত্তন হইয়া থাকে। উহার কনেক্‌টিভ্‌-টিস্থ (কোষবিধান) অধিক বৃদ্ধি পায় এবং তাহা সঙ্কুচিত হইয়া তন্মধ্যস্থ সিক্রীটিং-ফলিকোলস্ (স্রাবক-গ্রন্থি) এবং তাহাদের লাইনিং-সেলস্ (আবৃত-কোষ) সকল উক্ত কনেক্‌টিভ্‌টিস্থর সঙ্কোচন দ্বারা আবদ্ধ এবং নষ্ট হয়, এজন্য ঐ মিউকাস্‌মেম্ব্রেন্ দৃঢ়,স্থূল,কঠিন এবং বন্ধুর হইয়া থাকে। পাকাশয়ের গ্রন্থিদিগের ছিদ্র রুদ্ধ হওয়া প্রযুক্ত তাহাদের মধ্যে সেলস্ (কোষ) একত্র হয় বলিয়া সিষ্ট্ (থলি) প্রস্তুত হয়, এজন্য খাদ্য পাকাশয়ে উপস্থিত হইলেও গ্যাষ্ট্রিক্-জুস্ (পাচকরস) নিঃসৃত হয় না; এবং ঐ অস্বাস্থ্যকর-মিউকাস্ উৎসেচনক্রিয়া উৎপাদন করিয়া নানাপ্রকার গ্যাস্ (উদ্বায়ু) এবং অম্ল (Batyric, Acetic) ইত্যাদি জন্মাইয়া এসিডিটি (অম্লাক্তা), বুকজ্বালা ইত্যাদি লক্ষণ প্রকাশিত হয়। এরূপ অবস্থায় মদ্যপায়ীদের প্রাতঃকালে অম্ল, তিক্ত এবং চট্‌চটে বমন হয়; সুরাপায়ীদিগের ইহা একটী বিশেষ লক্ষণ।

রোগ ভিন্ন সুস্থ-শরীরে এল্‌কোহল্ শূন্যউদরে সেবন করিবে না। জলের সহিত মিশ্রিত করিয়া পানকরিবে। দিবসে ২ আউন্সের অধিক সেবন অনুচিত। ডাংবিঞ্জ (Dr. Binz) বলেন যে, জ্বরে এল্‌কোহল্ আহার্য্য-দ্রব্য মধ্যে পরিগণিত। জ্বরে, অল্পমাত্রায় এল্‌কোহল্ সেবন করিলে টিস্থ নির্ম্মিত হয় এবং ইহা কাষ্ঠের ন্যায় দগ্ধ হইয়া শারীরিক তাপ জন্মায়, এই তাপ হইতেই বল উৎপাদিত হইয়াথাকে, এতদ্দ্বারা সঞ্চিত চর্ব্বির অপচয় হয় না অর্থাৎ রোগী দুর্ব্বল হয় না। পরীক্ষা দ্বারা স্থিরীকৃত হইয়াছে যে এল্‌কোহল্ ও কার্ব্বনের (অঙ্গারের) বলোৎপাদক শক্তি ৭ ও ৮ এর সহিত সমানুপাতীয় অর্থাৎ বলোৎপাদক শক্তি এল্‌কোহলের ৭ ভাগ হইলে কার্ব্বনের ৮ ভাগ হইয়া থাকে।

ইহার বিস্তারণশক্তি প্রবল বিধায় অতি শীঘ্র রক্তে আচোষিত হওয়া প্রযুক্ত কেবল অতিঅল্প অংশ জ্বলে যাইয়া থাকে; এজন্য তরুণ উদরাময়

রোগে অজীর্ণপদার্থ দূরীভূত হইলে তাহার মিউকাস্-মেম্ব্রেনের শিথিলতা প্রযুক্ত অন্ত্র হইতে তরল পদার্থ এবং সচরাচর যে রক্ত বাহির হয়, ব্রাণ্ডি ব্যবহারে তাহাতে উপকার দর্শিয়া থাকে।

(৫) নিঃস্রাবণ যন্ত্রের উপর—এল্‌কোহল্ লিভারকে উত্তেজিত করে। অনেক দিন সুরা পানকরিলে প্রথমেই লিভার আক্রান্ত হয়। ইহার এরিওলার-টিসু (কোষ-বিধান) উত্তেজিত হইয়া ক্রমশঃ বর্দ্ধিত হইতে থাকে। তজ্জন্য প্রথমেই লিভার আকারে বড় হয়। অনন্তর নবজাত সেলুলার-টিসু সঙ্কোচিত হইয়া উহার সিক্রিটিং-এলিমেণ্ট্‌স্ (সিঃস্রাবণ-তন্তু) অদৃশ্য করে। তৎকালে লিভার দৃঢ় ও ক্ষুদ্র হয়। পোর্ট্যাল্-ভেনের উপর চাপ পতিত হওয়াতে উদরস্থ-ইন্দ্রিয় হইতে রক্ত পুনরাগত হইতে পারে না। এজন্য এসাইটিস্ (উদরী) রোগ জন্মিয়া থাকে।

(৫) পিত্ত নিঃস্রাবণের উপর কোন ক্রিয়া নাই। সুরা অম্লাক্ত বলিয়া খাদ্যদ্রব্যের শ্বেতসার পরিপাক হইতে দেয় না। ইহাকে এল্‌কেলাই (ক্ষার ঔষধ) দ্বারা সমক্ষারায় করা যাইতে পারে।

(৬) মূত্র যন্ত্রের উপর—ইউরিনারি-সিক্রিশনের (প্রস্রাবের) উপর ইহার বিশেষ কোন ক্রিয়া নাই। কিন্তু কিড্‌নির পূর্ব্বলিখিতরূপ সিরোটিক্-ডিজিনারেশন্ হইতে দেখা যায়।

(৬) এই কারণে যাহারা অপরিমিত সুরাপায়ী তাহাদের প্রায়ই কিড্‌নির পুরাতন পীড়া হইয়া থাকে।

OTHER INDICATIONS FOR THE USE OF ALCOHOL.

ষ্টিমিউল্যাণ্ট্‌স্ ব্যবহারের অন্যান্য উদ্দেশ্য।

(১) রোগীকে উঠাইবার চেষ্টা করিলে যদি মূর্চ্ছিত হইবার উপক্রম হয়।

(২) হাম ইত্যাদি ইরাপ্‌টিভ্ ফিবারে ইরাপ্‌শন্ কাল এবং প্রচুর পরিমাণে হইলে।

(৩) রোগে শারীরিক লক্ষণের উপশম না হইয়া অপর্য্যাপ্ত ঘর্ম্ম হইলে।

(৪) রোগীর অঙ্গপ্রত্যঙ্গ শীতল হইলে।

(৫) লো-ডিলিরিয়াম্ (মৃদু আকারে প্রলাপ), ট্রেমার্ (কম্পন), সাব্-সাল্টাস্-টেণ্ডিনাম্ (মাংসবটিকার কম্পন) ইত্যাদি টাইফয়েড্ লক্ষণ প্রকাশ পাইলে।

(৬) রোগীর জিহ্বা শুষ্ক এবং কটাবর্ণ হইলে।

(৭) পাইমিয়া, ইরিসিপেলাস্, ব্রঙ্কাইটিস্, নিউমোনিয়া, বেড্‌সোরস্ এবং গ্যাংগ্রিণ্ ইত্যাদি উপসর্গ বিদ্যমান থাকিলে।

(৮) রোগী মদ্যপায়ী এবং বৃদ্ধ হইলে।

উল্লিখিত কয়েক প্রকার অবস্থায় এল্‌কোহল্ শীঘ্র শীঘ্র প্রচুর পরিমাণে ব্যবহার করিতে হয়।

কিরূপ অবস্থায় ষ্টিমিউল্যাণ্ট্‌স্ ব্যবহার নিষিদ্ধ।

যদি রোগীর প্রস্রাব অল্প, আপেক্ষিক গুরুত্ব কম, উহাতে অল্প ইউরিয়া কিংবা অধিক এলবিউমেন্ থাকে এবং প্রস্রাব জন্মিবার ব্যাঘাত হইলে অধিক পরিমাণে স্পিরিট ব্যবহার করা অবিধেয়। কোন রোগে সাধারণতঃ অধিক শিরঃপীড়া, নয়েজি-ডিলিরিয়াম্ (তরুণ প্রলাপ) বিশেষতঃ চর্ম্ম শুষ্ক এবং উত্তপ্ত, চক্ষু আরক্তিম ইত্যাদি লক্ষণ প্রকাশ হইলে ব্রাণ্ডি ব্যবহার নিষিদ্ধ।

ষ্টিমিউল্যাণ্ট্‌স্ ব্যবহারের নিয়ম।

এল্‌কোহল্, পোর্ট্, শেরি, ব্র্যাণ্ডি, জিন্, হুইস্কি প্রভৃতি আকারে উত্তমরূপে ব্যবহার করা যায়। কিন্তু যখন অল্প উত্তেজনা আবশ্যক হয় তখন ক্ল্যারেট্ এবং বারগাণ্ডি ব্যবহার বিধেয়। ব্যাধি আরোগ্যের পর রোগী দুর্ব্বল থাকিলে বিয়ার্ আদি মণ্ট্-লিকারস্ অর্থাৎ উচ্ছলিত-সুরা প্রয়োজ্য। স্পিরিট্ সচরাচর জলের সহিত ডাইলিউট্ করিয়া ব্যবহার করিতে হয়; বরফ-সংযুক্ত-সোডাওয়াটার্ ইহার সঙ্গে ব্যবহার করা যাইতে পারে। কিন্তু অধিক প্রষ্ট্রেশন্ বা পতনাবস্থা বিদ্যমান থাকিলে হট্-ব্র্যাণ্ডি, হুইস্কি কিংবা স্যাম্পেইন্ উৎকৃষ্ট উত্তেজক; ইহাদিগকে বারংবার অল্পমাত্রায় ব্যবহার করা উচিত। আবশ্যকীয় গুরুতর অবস্থায় প্রতি ঘণ্টান্তর ব্যবহার করা যাইতে পারে। দিবস অপেক্ষা সাধারণতঃ রাত্রিকালে এবং অতি প্রত্যূষে অধিক পরিমাণে ব্যবস্থা করা

আবশুক, কারণ প্রত্যুষে জীবনীশক্তি অতি নিস্তেজ থাকে। প্রত্যুষে ব্যবহার না করাতে শুশ্রূষাকারীদিগের অবহেলায় নিঃসন্দেহ অনেক রোগী মৃত্যুমুখে পতিত হইয়াছে। প্রথমে কোন রোগে কি পরিমাণ এল্‌কোহল্‌ ব্যবহার্য্য তাহা পূর্ব্বে নির্ণয় করা অসম্ভব। তবে প্রথমতঃ ৪ আউন্স্‌ সুরা ২৪ ঘণ্টায় ব্যবহার করিতে আরম্ভ করিয়া উপকারিতা দেখিবে। জ্বরের কোন অবস্থাতেই ৮ আউন্সের বেশী ব্রাণ্ডি প্রায় আবশুক করে না। কিন্তু অতি বিরল অবস্থায় আবশ্যক হইতে পারে। ইহা আশ্চর্য্যের বিষয় এই যে, এরূপ অবস্থায় রোগী পরিমিতাচারী হইলেও অধিক পরিমাণে সেবন করিয়া সহ্য করিতে পারে। অত্যন্ত পতনাবস্থা বর্ত্তমান থাকিলে ইহার সহিত ইথার্, এমোনিয়া ইত্যাদি উত্তেজকঔষধ ব্যবহার করা উচিত।

MODE OF ELIMINATION.

বহির্গমণ প্রণালী।

ইহা শীঘ্র রক্তে আচোষিত হয় এবং অল্প পরিমাণে প্রশ্বাস দ্বারা বহির্গত হইয়া থাকে, কিন্তু অধিক পরিমাণে শরীরে দাহন হইয়া শরীরের ভার রক্ষা কিম্বা বৃদ্ধি করে এবং অল্পপরিমাণ খাদ্য ভক্ষণে অধিক দিন জীবন ধারণ করিতে সক্ষম হয়; এজন্য ইহা খাদ্য মধ্যে পরিগণিত। কেহ কেহ বলেন ইহা প্রথমে রক্তে এ্যালডিহাইডে, তৎপর এসিটিক্ এসিড্‌ এবং পরিশেষে কার্ব্বণিক্ এসিড্‌ ও জলে পরিণত হয়। আবার কেহ কেহ বলেন অক্সিডেশন্ বা দাহনক্রিয়া দ্বারা গ্লাইকোলে (Glycol) পরিণত হয়। ইহার মাত্রা রোগীর সার্ব্বাঙ্গিক অবস্থার উপর নির্ভর করে। টাইফাস্ অথবা অন্ত কোন একিউট্‌ ডিজিজে (তরুণ ব্যাধিতে) ৮ আঃ ব্রাণ্ডি যথেষ্ট; এবং ১৬ আউন্সের অধিক ইহা দেওয়া উচিত নহে। সুস্থ শরীরে ২৪ ঘণ্টায় ঊর্দ্ধসংখ্যা ২ আঃ পর্য্যন্ত এব্‌সোলিউট্ এল্‌কোহল্ (সুরানির্য্যাস) দেওয়া যাইতে পারে। ব্রাণ্ডিতে ফিউজেল্‌ (Fusel Oil) অয়েল্ আছে বলিয়া শিরঃপীড়া এবং পরিপাকের ব্যাঘাত হয়। বিয়ার্ সরাপে কখন কখন "পাইক্রক্‌সিন্" (Picroxine) মিশ্রিত করে বলিয়া ইহা ব্যবহারে মৃগীর মত আক্ষেপ হইতে পারে।

একিউট্-এল্কোহলিক্-বিষাক্ততায় (সুরাদ্বারা তরুণ নেশা হইলে) পাকাশয় হইতে ষ্টমাক্-পাম্প্ এবং বমনকারক কোন ঔষধ দ্বারা পাকাশয়ের আধেয়পদার্থ বাহির করিয়া তৎপর কোল্ড্-এফিউশন্, ষ্ট্রং-কাফি, চর্ম্মের উত্তেজনা এবং তাড়িতাকর্ষণ ইত্যাদি দ্বারা রোগীকে জাগ্রত রাখিতে চেষ্টা করিবে। নিশ্বাসপ্রশ্বাস উত্তেজিত করিবার জন্য কাল্পনিক-শ্বাসপ্রশ্বাস-ক্রিয়া অবলম্বন করিবে। পুরাতন বিষাক্ততাতে ক্যাপ্সিকাম, নক্স্-ভমিকা, নানাপ্রকার মিনার‍্যাল্ এসিড্ এবং উত্তম আহারদ্বারা সুরাপান ইচ্ছা নিবারণ করিবে।

সাধারণ সুরাতে যে যে পরিমাণ সুরানির্য্যাস আছে।

Brandy, Whisky, Rum, Arrack,			
ব্র্যাণ্ডি, হুইস্কি, রাম, এর‍্যাক্	শতকরা ৩৭	হইতে ৫৪	ভাগ।
Strong wines, (Port, Sherry),			
ষ্ট্রং ওয়াইনস্ (পোর্ট্, সেরি)	" ১৫	" ২২	"
Light wines, (Claret, Hock),			
লাইট্ ওয়াইনস্ (ক্লারেট্, হক)	" ৬	" ৯	"
Malt liquors, (Porter, Ale),			
মল্ট্ লিকার্স্ (পোর্টার, এল)	" ৩	" ৬½	"
Gin,			
জিন্	" ৩০	" ৫০	"

এল্কোহল্ আছে।

ব্র্যাণ্ডি নিম্নলিখিত অবস্থায় ঔষধার্থে ব্যবহৃত হয়।

(১) যে কোন কারণ বশতঃ কোল্যাপস্ (পতনাবস্থা) হইলে সারকিউলেশন্ (রক্তসঞ্চালনক্রিয়া) উত্তেজনার্থে।

(২) বেদনা উপশম করিয়া নিদ্রা আনয়ন জন্য।

(৩) নানাবিধ জ্বরে এবং তরুণ প্রদাহে শারীরিক উত্তাপের লাঘব নিমিত্ত।

(৪) ইরিসিপেলাস্, পাইমিয়া ইত্যাদি রোগে পুযোৎপত্তি-ক্রিয়া দমন জন্য।

(৫) পরিপাক-ক্রিয়ার সাহার্য্যার্থে অল্পমাত্রায় ব্যবস্থা করিলে গ্যাষ্ট্রিক্-যুস্ বৃদ্ধি করে কিন্তু অধিকমাত্রায় প্রয়োগে খাদ্যের সহিত মিশ্রিত হইয়া গ্যাষ্ট্রিক্-যুসস্থিত পেপ্সিন্ নামক পদার্থের দ্রবকারী ক্রিয়া নষ্ট করে।

(৬) ক্রজেস্, ক্র্যাক্ড-নিপল, বেড্-সোরস্ ইত্যাদি রোগে আরোগ্যার্থে বাহ্যিক ব্যবহৃত হইয়া থাকে।

RESTORATIVE MIXTURE.

℞

Spiritus Chloroformi	ʒii
Misturæ Spiritus Vini Gallici	℥vi

M. ft. A toblespoonful every 2 hours in the low stages of fevers or other exhausting diseases.

RUM MIXTURE.

℞ .

Rum	ʒii
Ammon Carb	gr.v
Aquæ Camph	℥i

M. ft. 1 dose every 2 or 3 hours.

উপরোক্ত ব্যবস্থাপত্র নানাপ্রকার জ্বর ইত্যাদিতে অবসাদ হইলে ব্যবহার্য্য।

ল্যাটিন্।	ইংরেজী।
ক্লোরোফরমাম্।	ক্লোরোফরম।
Chloroformum.	Chloroform.

মাত্রা—৩—১০ মিনিম্।

প্রয়োগরূপ—

একোয়া ক্লোরোফর্মাই।	ক্লোরোফরম্ ওয়াটার্।
Aqua. Chloroformi.	Chloroform Water.

মাত্রা—½—২ আউন্স।

লিনিমেন্টাম্ ক্লোরোফর্মাই।	লিনিমেন্ট্ অব্ ক্লোরোফরম্।
Linimentum Chloroformi.	Liniment of Chloroform.

স্পিরিটাস্ ক্লোরোফর্ম্মাই। — স্পিরিট্ অব্ ক্লোরোফরম্।

Spiritus Chloroformi. — Spirit of Chloroform.

মাত্রা—১০—৩০ মিনিম্।

টিংচুরা ক্লোরোফর্ম্মাই কম্পজিটা। — কম্পাউণ্ড্ টিংচার অব্ ক্লোরোফরম্।

Tinctura Chloroformi Composita. — Compound Tincture of Chloroform.

মাত্রা—২০—৩০ মিনিম্।

টিংচুরা ক্লোরোফর্ম্মাই এট মরফিনি। — টিংচার অব্ ক্লোরোফরম্ এণ্ড্ মরফাইন্।

Tinctura Chloroformi et Morphinæ. — Tincture of Chloroform and Morphine.

মাত্রা—৫—১০ মিনিম্।

ইহার ১০ মিনিমে ১২ মিনিম ক্লোরোফরম্ এবং ১/৮ গ্রেণ হাইড্রোক্লোরেট্ অব্ মরফাইণ্ আছে।

LOCAL ACTION AND USES.

স্থানিক ক্রিয়া ও ব্যবহার।

ফিজিওলজিক্যাল্ ক্রিয়া—

ক্লোরোফরম্ অধিকক্ষণ চর্ম্মে সংলগ্ন রাখিলে উত্তেজকের ন্যায় ক্রিয়া করিয়া আরক্তিমতা, জ্বলন ও ঠংপর ফোস্কা উৎপাদন করিয়া থাকে। ইহার অল্প অবসাদক গুণ আছে। ইহাতে গটাপাচা ইত্যাদি দ্রব হয় বলিয়া ইরিসিপেলাস (Erysipelas) স্মল পক্স্ (Small-pox) ইত্যাদিতে লাগাইলে উত্তম কলপর্দে।

থিরাপিউটিকাল্ ব্যবহার—

ইহার স্থানিক স্নিগ্ধকর ক্রিয়া থাকা বিধায় রিউমেটিক্ (Rheumatic) এবং নিউর‍্যাল্জিক্ (Neuralgic) বেদনা উপশম জন্য ইহা লিনিমেণ্ট্ আকারে ব্যবহৃত হয়। নানাপ্রকার পুরাতন চর্ম্মরোগে চুলকণা উপশম জন্য ইহা উত্তম ঔষধ

CONSTITUTIONAL ACTION AND USES.

সার্ব্বাঙ্গিক ক্রিয়া ও ব্যবহার।

ইহা আভ্যন্তরিক প্রয়োগে ষ্টিমিউল্যান্ট, সিডেটিভ্ এবং এন্টিস্প্যাজ্মডিকের ন্যায় ক্রিয়া করিয়া থাকে।

ইহা হিষ্টিরিয়া, এজ্মা, নার্ভাস্-প্যালপিটেশন্, সি-সিক্‌নেস্ (Sea-sickness) এবং নানাপ্রকার বমন এবং উৎকাশি নিবারণ জন্য ব্যবহৃত হয়। ডাক্তার গুডিভ্ নিম্নলিখিত ব্যবস্থাপত্র টেটেনাস্ রোগে ব্যবহার করিতেন।

℞

Chloroform		m v-x
Tinct Canabis Indica		m.x
Mucilago Acaciæ		ʒ1
Aqua Camphor	ad	℥1

M. ft. 1 Dose every 3 hours.

COMBINED LOCAL AND CONSTITUTIONAL EFFECT.

স্থানিক এবং সার্ব্বাঙ্গিক ফল।

(১) মস্তিষ্ক-মণ্ডলের উপর—ক্লোরোফর্ম্, মস্তিষ্ককে উত্তেজিত এবং তৎপর অবসাদিত করে বলিয়া ইহা আঘ্রাণের প্রথমাবস্থায় উত্তেজনা হয় এবং রোগী ছট্‌ফট্ করে। শেষাবস্থায় রোগীর নেশা হইয়া স্থির ও স্পন্দহীন হইয়া থাকে। এই অবস্থায় মস্তিষ্কের এনিমিয়া হয় বলিয়া স্বাভাবিক নিদ্রার মত দেখায়; কিন্তু ইহাতে এরূপ বাহ্যজ্ঞান শূন্য হয় যে, অঙ্গপ্রত্যঙ্গ কাটিয়া দিলেও জানিতে পারেনা, একন্য ইহা নিদ্রা হইতে বিভিন্ন হয়। এই অবস্থায় সেন্সারি-নার্ভের গ্যাংগ্লিয়নিক্-কেন্দ্রের পক্ষাঘাত হইয়া ঐ প্রকার অবস্থা ঘটায় এবং স্পাইন্যাল-কর্ডের প্রত্যাবর্ত্তনক্রিয়া ন্যূন হয়। অধিকক্ষণ আঘ্রাণ করাইলে, নিশ্বাসপ্রশ্বাস-কেন্দ্রের পক্ষাঘাত হইয়া মৃত্যু হইতে পারে।

(২) হৃদ্‌পিণ্ড এবং রক্তসঞ্চালন-যন্ত্রের উপর—ইহা প্রথমতঃ উত্তেজকের ন্যায় ক্রিয়া করিয়া নাড়ী চঞ্চল করে, তৎপর উহার অবসাদ বশতঃ নাড়ী দুর্ব্বল হয় এবং আর্টিরিয়েল্ টেনশন্ কম হইয়া থাকে।

(৩) শ্বাসপ্রশ্বাস এবং উত্তাপের উপর—ইহাতে শ্বাসপ্রশ্বাস প্রথমে চঞ্চল হয় এবং অধিক আঘ্রাণ দ্বারা নিশ্বাস মৃদু ও পরে একেবারে বন্ধ হইয়া যায়। কখন কখন ক্লোরোফরম্ আঘ্রাণ দ্বারা ঘর্ম্ম হয় এবং তজ্জন্য উত্তাপও কম হইয়া থাকে।

(৪) পরিপাক এবং নিস্রাবণ-যন্ত্রের উপর—ইহাদের উপর ক্লোরো-ফরমের কোন বিশেষ ক্রিয়া নাই, আঘ্রাণের পর রোগী যখন সচেতন হয় সচরাচর বমন হইতে দেখা যায়, বোধ হয় তাহা প্রত্যাবর্ত্তন-ক্রিয়ার জন্য হইয়া থাকে।

আঘ্রাণের প্রথমাবস্থায় রোগী সচরাচর গোলমাল করে; মস্তিষ্ক ঘূর্ণিত, চক্ষু আরক্তিম, বদন রক্তিমাকার ও হৃৎপিণ্ড দ্রুতবেগে স্পন্দিত হইতে থাকে এবং পরে অচৈতন্য দেখায়; কিন্তু ডাকিলে শব্দ করে এবং ইচ্ছা করিলে জাগান যায়।

দ্বিতীয়াবস্থায় রোগী ধস্তাধস্তি করে; অসঙ্গত বকে, গান করে এবং নানা-প্রকার খারাপ কথা বলে। এই অবস্থাকে এল্কোহলিক্-ইন্টক্সিকেশন্ বলে।

ইহার তৃতীয়াবস্থাকে এনিস্থেসিয়া কহে। এই অবস্থায় স্পর্শবোধ কিছু-মাত্র থাকে না, পেশী-সঞ্চালন-শক্তি লোপ হয় এবং কর্ণিয়াতে অঙ্গুলি স্পর্শ করিলে রিফ্লেক্স্-একশন্ দ্বারা চক্ষুপল্লব পতিত হয় না।

চতুর্থাবস্থায় রোগী সম্পূর্ণ অচেতন থাকে, কণিনিকা আলোক দ্বারা সঙ্কুচিত হয়না, অবশেষে সম্পূর্ণ নেশা (Narcosis) হয়; তাহাতে মুখে রক্তাধিক্য এবং নাসাশ্বাস দেখিতে পাওয়া যায়।

ইহার পরেও সতর্ক না হইয়া ক্লোরোফরম্ প্রয়োগ করিলে ইন্ভলানটরি-(স্বাধীন) পেশী সকলের ক্রিয়া রুদ্ধ হওতঃ শ্বাসপ্রশ্বাস ও হৃদপিণ্ডের ক্রিয়া রুদ্ধ হইয়া হঠাৎ মৃত্যু হয়, ইহাই ক্লোরোফরম্ আঘ্রাণের পঞ্চমাবস্থা।

প্রসববেদনা উপশম জন্য ক্লোরোফরমের প্রথম ও দ্বিতীয়াবস্থার ন্যায় প্রয়োগ করা আবশ্যক, কারণ ক্লোরোফরম্ দ্বারা সম্পূর্ণ এনিস্থেসিয়া উৎ-পাদন করিলে জরায়ুরমাংসপেশী-সূত্র সকল শিথিল হইয়া প্রসবকার্য্যের বাধাদের এবং ভবিষ্যতে জরায়ু হইতে রক্তস্রাব হইবার সম্ভাবনা থাকে।

ক্লোরোফরম্ আঘ্রাণের এনিস্থেসিয়া বা তৃতীয়াবস্থায় কোন অস্ত্রপোচার-জনিত বেদনা অনুভব করিতে পারেনা,এতন্নিবন্ধন অচৈতন্য করার জন্য ব্যবহৃত হয়। এই উদ্দেশ্যে ইহা সার্জ্জিকাল্-মেজর-অপারেশনে সচরাচর ব্যবহৃত হইয়া থাকে।

ইহা মাংসপেশীর সঙ্কোচন ও আক্ষেপ কম করিবার জন্য ষ্ট্রাংগিউলেটেড্-হার্ণিয়া এবং ডিস্‌লোকেশ ন্ ইত্যাদি রিডিউস্ করিতে ব্যবহৃত হয়।

জরায়ুর ফ্যাণ্টমিক্ টিউমার নির্ণয় করিতে, এবং বেদনাযুক্ত স্থান পরীক্ষা জন্য ব্যবহার হয়। নানাপ্রকার আক্ষেপজনিত পীড়া যথা হুপিং-কফ, ইন্‌ফ্যাণ্টাইল্ এবং পিওরপির্য্যাল্-কন্‌ভাল্‌শন্, কোরিয়া, এবং রিন্যাল্ ও বিলিয়ারি ক্যাল্‌কিউলাস্ বহির্গত হইবা কালীন বেদনা উপশম জন্য ব্যবহার হইয়া থাকে।

SPECIFIC USES OF CHLOROFORM.

ক্লোরোফরমের বিশেষ ব্যবহার।

(১) যে যে অস্ত্রপোচার দ্বারা বেদনা হয়।

(২) যে যে অস্ত্রপোচারে মাংসপেশীর ক্রিয়া এবং আক্ষেপ পরাভব করিতে হয়, যেমন,হার্ণিয়া, ডিস্‌লোকেশ ন্ এবং ফ্র্যাক্‌চার্ রিডিউস্‌কালীন এবং ক্যাথিটার্ প্রয়োগ-সময়।

(৩) কোন রোগ নির্ণয়ে হস্তক্ষেপ করিবার সময়; যেমন গুহ্যদ্বারে অঙ্গুলি দ্বারা উদর পরীক্ষা করা।

(৪) যে সকল ব্যাধিতে অতিশয় বেদনা থাকে; যেমন, বিলিয়ারি এবং রিন্যাল্-ক্যাল্‌কিউলাস্ বহির্গমন কালে এবং গর্ভযন্ত্রনা দূর করিবার জন্য।

(৫) আক্ষেপ-জনক পীড়া; যেমন টেটেনাস্ (ধনুষ্টঙ্কার), হাইড্রো-ফোবিয়া (জলাতঙ্ক), ইউরিমিয়া (Uræmia), পিউয়ার্‌পিরাল্-কন্‌ভাল্-শন্ (সূতিকাক্ষেত্রজ আক্ষেপ), ষ্টেটাস্-এপিলেপ্‌টিকাস্ (একপ্রকার মৃগি), প্রবল কোরিয়া এবং হিক্কা।

POISONOUS PROPERTIES.

বিষময় ফল।

ফিজিওলজিক্যাল্ ক্রিয়া—মিঃ ক্লোভার্ (Mr. Clover) বলেন যে শতকরা ৫ ভাগের অধিক ক্লোরোফরম্ আঘ্রাণ করাইলে সাংঘাতিক হয়। কিন্তু অধিক অপেক্ষা অল্পপরিমাণে ক্লোরোফরম্ আঘ্রাণ করাইলে কিরূপ সাংঘাতিক হইয়া থাকে ডাঃ ব্রাণ্টন্ (Dr. Brunton) তাহা নিম্নলিখিতরূপে বিশদ ব্যাখ্যা করিয়াছেন। তিনি বলেন এরূপ অবস্থায় রক্তবহানাড়ীদিগের রিফ্লেক্স্-কন্‌ট্র্যাক্‌শন্ নষ্ট হওয়াতে হার্ট্ মন্দগামী কিম্বা বন্ধ হইয়া যায়। তন্নিবন্ধন সেন্সরি-নার্ভের উত্তেজনা বশতঃ হৃদ্‌পিণ্ড বন্ধ হইলে তন্মধ্য হইতে রক্ত বহির্গত হইতে না পারিয়া এরূপ সিন্‌কোপ্ হইয়া থাকে; রক্ত তখনও ধমনী হইতে কৈশিকনাড়ী দিয়া শিরা মধ্যে গমন করিতে থাকে। কিন্তু সম্পূর্ণ এনিস্থেসিয়া হইলে উভয় রিফ্লেক্সের পক্ষাঘাত হয়; এজন্য সেন্সরি-নার্ভের উত্তেজনাতে রক্ত সঞ্চালনের কিছু ব্যতিক্রম হয় না। কিন্তু লিষ্টার, সাইম্ প্রভৃতি মহাত্মাগণ বলেন যে, হৃদ্‌পিণ্ডের ক্রিয়ার ব্যতিক্রম বশতঃ এরূপ সাংঘাতিক অবস্থা না হইয়া শ্বাসপ্রশ্বাস-ক্রিয়ার ব্যাঘাত জন্যই ক্লোরোফরমের দুর্ঘটনা ঘটিয়া থাকে। উক্তরূপ দুর্লক্ষণ দুই প্রকারে সাধিত হয়।

(১) স্নায়বীয় প্রভাব কিম্বা যান্ত্রিক কারণবশতঃ এ্যাপ্‌নিয়া (Apnœa) শ্বাসরোধ হইয়া মৃত্যু হয়।

(২) রক্তে অধিক কার্ব্বনিক্‌এসিড্ প্রস্তুত হইয়া (Suffocation) সাফোকেশন্ দ্বারা মৃত্যু হয়। ইহাদের মধ্যে প্রথমটীই অতি সাধারণ। জিহ্বা পশ্চাতে সরিয়া কিম্বা লেরিংসের ইন্‌ট্রিন্‌জিক্-মাংসপেশীদিগের পক্ষাঘাত বশতঃ গ্লটিশ্ নামক ছিদ্র (যদ্দ্বারা লাংসে বায়ু যাতায়াত করে) বন্ধ হয় বলিয়া শ্বাসরোধ হইয়া থাকে, তন্নিবন্ধন ক্লোরোফরম্ ব্যবহারের সময় শ্বাসপ্রশ্বাসের প্রতি সতর্কতার সহিত দৃষ্টি রাখিবে।

থিরাপিউটিক্যাল ব্যবহার—ক্লোরোফরম্ প্রয়োগের সময় হৃদ্‌পিণ্ড পরীক্ষা করিবে। নাড়ীর গতির প্রতি বিশেষ দৃষ্টি রাখিবে যেন নাড়ী দুর্ব্বল, অনিয়মিত এবং ক্ষণবিলুপ্ত না হয়, কারণ ক্লোরোফরম্ আঘ্রাণ বন্ধকরিলেও হৃদ্‌পিণ্ডের ক্রিয়া বন্ধ হইতে পারে।

হঠাৎ মুখ মলিন ও নীলবর্ণ এবং নিশ্বাস গ্রহণ জন্য গ্যাস্‌পিং (হাঁপানি) এবং শ্বাসকৃচ্ছ্র লক্ষণ বর্ত্তমান থাকিলে অতীবদুর্লক্ষণ। যখন বুঝিতে পারাযায় যে হৃদ্‌পিণ্ডের ক্রিয়া ক্রমশঃ বিলুপ্ত হইতেছে, তখন মুখ কিম্বা সরলান্ত্র দ্বারা ষ্টিমিউল্যাণ্ট্ ব্যবহার করা উচিত। এই অবস্থায় কিউটেনিয়াস্-সার্‌ফেস্ (চর্ম্ম) আঘাত দ্বারা উত্তেজিত করিতে হয় এবং রোগী নিশ্বাস গ্রহণে সক্ষম হইলে ২।১ বার ইথার্ আঘ্রাণ করিতে দিবে। গ্যাল্‌ভ্যানিজ্‌ম্ (তাড়িত-প্রবাহ) ব্যবহারে হৃদ্‌পিণ্ড উত্তেজিত নাহইয়া বরং অবসাদিত হইয়া থাকে।

পূর্ব্বে উল্লিখিত হইয়াছে, সচরাচর: শ্বাসপ্রশ্বাস বন্ধ হইয়াই ক্লোরোফরমের দুর্ঘটনা ঘটিয়াথাকে, সুতরাং শ্বাসপ্রশ্বাস বন্ধ হইলে রোগীর মুখে ও চক্ষুতে শীতল জলের ছিটা দিবে। এমোনিয়া-বাষ্প আঘ্রাণ এবং আর্টিফিসিয়াল্-রেস্‌পিরেশন্ (কাল্পনিক-শ্বাসপ্রশ্বাস) দ্বারা স্বাভাবিক শ্বাসপ্রশ্বাস পুনরানয়ন করিতে চেষ্টা করিবে। নিশ্বাসপ্রশ্বাস গ্রহণের কোন প্রকার যান্ত্রিক প্রতি-বন্ধকতা না থাকে তৎপ্রতি বিশেষ দৃষ্টি রাখা উচিত। জিহ্বাকে ফর্‌সেপ্‌স দ্বারা সম্মুখে টানিয়া রাখিবে, তাহাতে এরিটিনো-এপিগ্লটিডিয়েন্-মাংসপেশীর (Eryteno-epiglottidean-muscles) উপর টানপড়াতে গ্লটিসের-ছিদ্র খুলিয়াযাইয়া লাংসে বায়ু গমনাগমন করিতে পারে। চিন্ (চিবুক) কে, স্পাইন্ হইতে সবলে তুলিয়াধরিলে উপরোক্ত উদ্দেশ্য সাধিত হইতে পারে। এরূপ অবস্থায় ফ্রেনিক্-নার্ভের উপর গ্যাল্‌ভ্যানিজম্ প্রয়োগ করিলে বেশ উপকার লাভ হয়। এই উপায়ে ক্লোরোফরম্ দ্বারা শ্বাসরুদ্ধ অনেক আশাশূন্য রোগীকেও আরোগ্যহইতে দেখাগিয়াছে। নাইট্রেট্ অব্ এমাইল্ আঘ্রাণদ্বারা পালমোনারি-ষ্টেসিস্ (Pulmonary Stasis) মুক্ত হইয়া এস্‌ফিক্‌সিয়া হইতে পারে না। অনেক অবস্থায় ট্রেকিওটমি (কণ্ঠ-চ্ছেদ) দ্বারাও উপকার হইয়াথাকে। কেহ কেহ রোগীর মস্তক নিম্নকরিয়া রাখিয়া অধিক উপকার পাইয়াছেন। শেষোক্ত উপায়কে ইন্‌ভার্‌শন্ অব্ দি বডি (Inversion of the body) কহে।

ABSORPTION AND ELIMINATION.

শোষণ এবং বহির্গমন প্রণালী।

ক্লোরোফরম্ অতি সত্বরেই শরীরে আচোষিত হয় এবং প্রশ্বাস ও মূত্র দ্বারা বহির্গত হইয়া যায়।

MODE OF ADMINISTRATION.

ক্লোরোফরম্ আঘ্রাণদ্বারা অনেক সময় নানা প্রকার খারাপ ফল পাওয়া গিয়াছে। এখন ইহা সর্ব্বোৎকৃষ্ট স্পর্শহারক-ঔষধ বলিয়া পরিগণিত, এবং নিম্নলিখিত উপদেশ মত সাবধানে ব্যবহার করিলে কোন অনিষ্ট ঘটিতে পারে না, কারণ ডাং সাইম্ নিম্নলিখিত প্রকারে ৮০০০ ব্যক্তিকে ক্লোরোফরম্ আঘ্রাণ করাইয়া ছিলেন, তাহাদের মধ্যে একটীরও মৃত্যু হয় নাই।

(১) রোগীকে বসাইয়া কখনও ক্লোরোফরম্ আঘ্রাণ করাইবেনা, এবং রোগীর গলা ও বক্ষে কোন চাপ দ্বারা যেন সঙ্কোচ না থাকে তৎপ্রতি দৃষ্টি রাখিবে।

(২) ক্লোরোফরম্ আঘ্রাণের প্রায় ২।৩ ঘণ্টা পূর্ব্বে রোগী যেন কোন প্রকার ঘনপদার্থ আহার না করে। আঘ্রাণের পূর্ব্বে অল্প দুগ্ধ কিংবা সুরুয়া দেওয়া যাইতে পারে, কিংবা অল্প ব্রাণ্ডি অথবা কয়েকবার ইথার্ আঘ্রাণ ব্যবহার্য্য। অপারেশনের ২০ মিনিট পূর্ব্বে শিশুদের এক টিস্পূনফুল, এবং বয়স্কদিগের ১।২ টেবলস্পূনফুল্ ব্রাণ্ডি সেবন করিতে দিলে বেশ উপকার হয়। উদর পূর্ণ থাকিলে বমন হয়, তাহাতে যে কেবল ক্লোরোফরমের ক্রিয়া কম হয় তাহা নহে, ইহাতে আহারীয়সামগ্রী বায়ুপথে যাইয়া শ্বাসরোধ হইয়া মৃত্যু হইতে পারে। তদ্ভিন্ন ওভেরিওটমি এবং ক্যাটারাক্ট্-অপারেশনের বিশেষ অসুবিধা হইতে পারে।

(৩) ডাং এ ক্রম্বি (Dr. A. Crombie) বলেন যে, ক্লোরোফরম আঘ্রাণের পূর্ব্বে উপযুক্ত মাত্রায় মর্ফিয়া হাইপোডার্ম্মিক (Hypodermic-Injection) ত্বগান্তর্গত পিচকারীদ্বারা ব্যবহার করিলে ক্লোরোফরম্ আঘ্রাণের ক্রিয়া অধিক, অনেকক্ষণস্থায়ী এবং নিরাপদ হইয়া থাকে। তিনি আরও বিবেচনা করেন যে ইহা ব্যবহারে শ্বাসপ্রশ্বাস-ক্রিয়ার পক্ষাঘাত হইবার ভয়

(৪) কোন সচ্ছিদ্র-পদার্থ কিংবা রুমালে ক্লোরোফরম্ দিয়া নিরাপদে আঘ্রাণকরান যাইতে পারে। ব্যবহার আরম্ভকালে রোগীকে চক্ষু মুদিতে বলিবে এবং গভীর নিশ্বাস লইবার জন্ত আদেশ করিবে; উত্তেজনার সময় আঘ্রাণ বন্ধ করিবেনা এবং গভীর নিদ্রা কিংবা নাসাশ্বাস (Stertor) না-হওয়া পর্য্যন্ত মুখের উপর উক্ত রুমাল রাখিবে। রিফ্লেক্স্-এক্শনের লোপ, চক্ষুর অচেতনতা, মাংসপেশীর শিথিলতা এবং বেদনানুভবের অপারগতা দ্বারা এনিস্থেসিয়ার লক্ষণ জানা যায়।

যখন ক্লোরোফরমের ফল দেখা যায়, তখন নাড়ী, নিশ্বাসপ্রশ্বাসের গতি, মুখ এবং চক্ষুর বর্ণ সতর্কতার সহিত দেখিবে, রোগী যদি ছট্ফট্ করে তবে আরও সতর্ক হইবে। যদি কৃত্রিম-দন্ত থাকে তবে অগ্রে খুলিয়া লইবে; নতুবা ইহা দ্বারা অনেক কুফল ঘটিতে পারে। শীঘ্র অচেতন হইবে বলিয়া শীঘ্র শীঘ্র ক্লোরোফরম্ দেওয়া উচিত নহে।

ক্লোরোফরম্ প্রয়োগের সময় যাহাতে প্রচুর পরিমাণ বায়ু আঘ্রাণ করিতে পারে তৎপ্রতি বিশেষ সাবধান হইবে; ইহা বায়ুর সহিত শতকরা ৩½ পারসেণ্টের অধিক যেন না হয়। এই অনুপাত অবগতির জন্ত জাঙ্কারস্, (Junker's) ক্লোভারস্ (Clover's) ইত্যাদি অনেকপ্রকার (Inhaler) নামক যন্ত্র আবিষ্কৃত হইয়াছে।

অপারেশনের পর স্বাভাবিকরূপে চেতনা হইতে দিবে। কোন প্রকার আঘাত ইত্যাদি দ্বারা রোগীর নিদ্রা নষ্ট করিবেনা। কেহ কেহ বলেন যে শিশু ও বৃদ্ধদের পক্ষে ক্লোরোফরম্ মারাত্মক। মদ্যপায়ীরা অতি কষ্টে ক্লোরোফরম্ দ্বারা অজ্ঞান হয়। হার্ট্ এবং লাংসের প্রবল ব্যাধি থাকিলে সতর্কতার সহিত ইহা ব্যবহার করিবে। নাড়ী দুর্ব্বল, ক্ষণবিলুপ্ত হইলে ইহা কখনও প্রয়োগ করিবে না। ইউরিমিয়া প্রভৃতি রক্তের বিষাক্ত-অবস্থাতে ব্যবহার নিষিদ্ধ। কোন সহকারী মেডিকেল এসিষ্ট্যাণ্ট্ না থাকিলে ইহা প্রয়োগ করিবে না।

ল্যাটিন্।	ইংরেজী।
ইথার্।	ইথার্।
Æther	Ether.
মাত্রা—২০—৬০ মিনিম।	
প্রয়োগরূপ—	
ইথার্ পিউরাস্।	পিওর্ ইথার্।
Æther Purus.	Pure Ether.
স্পিরিটাস্ ইথারিস্।	স্পিরিট্ অব্ ইথার্।
Spiritus Ætheris.	Spirit of Ether.
মাত্রা—½—১½ ড্রাম্।	
স্পিরিটাস্ ইথারিস্ কম্পাজিটাস্।	কম্পাউণ্ড্ স্পিরিট্ অব্ ইথার্।
Spiritus Ætheris Compositus.	Compound Spirit of Ether.
মাত্রা—½—২ড্রাম্।	

ইহাকে হপ্‌ম্যান্‌স্ এনোডাইন্ "Hoffmann's Anodyne" বলে।

LOCAL ACTION AND USES.

স্থানিক ক্রিয়া ও ব্যবহার।

ফিজিওলজিকাল্ ক্রিয়া—

ইহা স্প্রে-যন্ত্র (Richardson's spray) দ্বারা চর্ম্মে লাগাইলে সেই স্থান প্রথমতঃ অতিশয় শীতলবোধ হয় এবং কখন কখন তথায় কিছু বরফ প্রস্তুত হইতে দেখা যায়। মুহূর্ত্তের মধ্যে সেই স্থান ফ্যাকাশেবর্ণ, কঠিন এবং চেতনাবিহীন হয়, এবং সেই স্থানে দগ্ধের ন্যায় তীক্ষ্ণ কর্ত্তনবৎ বেদনা হইয়া থাকে। ব্রোমিক্ ইথার্ দ্বারা স্থানিক স্পর্শহারকক্রিয়া হইতে দেখা যায় কিন্তু তাহাতে চর্ম্ম জমিয়া যায় না।

থিরাপিউটিকাল্ ব্যবহার—

ইহা প্রয়োগে স্থানিক বেদনা অনুভব হয় না বলিয়া অনেক প্রকার মাইনর্-অপারেশন্‌স্ (Minor Operations) বা সামান্যপ্রকার-অস্ত্রোপোচারে বিশেষতঃ যাহাতে একটি কর্ত্তন বা আচর আবশ্যক করে, তথায় ব্যবহার্য্য, কিন্তু ইহাতে চর্ম্ম শক্ত ও স্থূল হয় বলিয়া গভীর অংশের পীড়ার জন্য যখন ডিশেক্‌শন্ (Dissection) করিতে হয়, তখন ইহা দ্বারা সাহায্য পাওয়া যায় না। ইহাতে আর একটি

কিয়ৎকাল কোন স্থানে স্প্রে-যন্ত্র দ্বারা ইহা প্রয়োগ করিলে ঐ স্থানে আরক্তিমতা, জ্বলন, ফোস্কা এবং অবশেষে গ্যাংগ্রিন্ বা বিগলন পর্য্যন্ত হইতে পারে।

ইথার্ বাহ্যিক প্রয়োগ করিলে শীঘ্র উড়িয়া যায় বলিয়া স্থানিক স্নিগ্ধকারকের ন্যায় ক্রিয়া করে।

প্রতিবন্ধকতা এই যে ইহা প্রয়োগে প্রবল বেদনা এবং তৎপর উক্ত স্থানে আরক্তিমতা, ঝিন্ঝিনী ও উত্তেজনা হইয়া থাকে। ইহা অবসাদক বলিয়া নিউর‍্যাল্‌জিয়া রোগে ব্যবস্থা করা যায় এবং কোন স্থানে খুব ঠাণ্ডা প্রয়োগ জন্য ব্যবহৃত হয়।

আভ্যন্তরিক ক্রিয়া ও ব্যবহার।

INTERNAL ACTION AND USES.

ইথার্ আভ্যন্তরিক প্রয়োগে এণ্টিস্প্যাজ্‌মডিক্ এবং ডিফিউজেবল্-ষ্টিমিউল্যাণ্ট্ বা ব্যাপক-উত্তেজকের ন্যায়ক্রিয়া প্রদর্শন করে। ইহার ক্রিয়া এল্‌কোহল্ অপেক্ষা অধিক দ্রুত প্রকাশ পায় কিন্তু অল্পক্ষণ স্থায়ী।

এই জন্য ইহা হিষ্টিরিয়া, ফ্ল্যাটিউলেন্স্ স্প্যাজ্‌মডিক্-এ্যাজ্‌মা Spasmodic Asthma) ইত্যাদি রোগে ব্যবহার্য্য। পাকাশয় হইতে গ্যাস্ নির্গত করিতে, তাহার বেদনা ও আক্ষেপ উপশম করিতে এবং স্প্যাজ্‌মডিক্-এ্যাজ্‌মা, এঞ্জাইনা-পেক্টোরিস্ ইত্যাদি আক্ষেপজনক পীড়ার আক্ষেপ নিবারণ জন্য ব্যবহৃত হয়। ইহা স্যালিভারি এবং প্যাংক্রিয়েটিক্ সিক্রিশন্ উত্তেজিত করে বলিয়া খাদ্যের ফ্যাটি ম্যাটার্ (মেদময় পদার্থ) পরিপাকের বিশেষ সাহায্য করে। রোগী যখন কডলিভার্ অয়েল্ সহ্য করিতে পারে না, তখন ইহার সহযোগে কখন কখন ব্যবস্থিত হয়।

হেমারেজ্ কিম্বা অন্য কোন শারীরিক পীড়া বশতঃ এবং এডাইনেমিক্-নিউমোনিয়া ইত্যাদি দুর্ব্বলকারক ব্যাধিতে হার্ট্-ফেলিওর (Heart-failure) বা হৃদপিণ্ড দুর্ব্বল হইলে সাল্‌ফিউরিক্-ইথার্ ১৫—৩০ মিনিম মাত্রায় দিবসে ৩।৪ বার হাইপোডার্ম্মিক্ ইন্‌জেক্‌শন্ দ্বারা ব্যবহার করা হয়। ইহাতে প্রযুক্ত স্থানে জ্বলনবৎ বেদনা এবং কিঞ্চিৎ স্ফীততা হইয়া থাকে এবং কখন কখন পূযোৎপত্তি হইতে দেখা যায়। শায়েটিকা রোগে বেদনাজনক স্নায়ুর নিকটবর্ত্তী স্থানে উক্ত প্রকার পিচকারী কখন কখন ব্যবহৃত হইয়া থাকে।

COMBINED INTERNAL AND EXTERNAL USES.

স্থানিক এবং সার্ব্বাঙ্গিক ফল।

ফিজিওলজিক্যাল্ ক্রিয়া—

ইহার প্রবল স্পর্শহারক গুণ লক্ষিত হয় এবং ক্লোরোফরম্ হইতে ইহার গুণের প্রভেদ আছে। ইহা ধামনিক-চাপ ন্যূন না করিয়া বরং বৃদ্ধি করিয়া থাকে, এবং হার্টের উপর টনিক্-ক্রিয়া প্রকাশ করে বলিয়া সাংঘাতিক অবস্থায় শ্বাসপ্রশ্বাস বন্ধ হইলেও ইহা স্পন্দিত হইতে থাকে। নিম্নলিখিত প্রকারে ইহা নার্ভ্ সেণ্টার্‌কে আক্রমণ করে, যথা :—

(১) সেরিব্রাম্।

(২) সেন্সারি-সেণ্টার্‌স অব্ দি কর্ড্।

(৩) মোটার্-সেণ্টার্‌স্ অব্ দি কর্ড্।

(৪) সেন্সারি-সেণ্টার্‌স্ অব্ দি মেডেলা-অব্‌লঙ্গেটা।

(৫) মোটার্ সেণ্টার্‌স্ অব্ দি মেডেলা।

থিরাপিউটিক্যাল্ ব্যবহার—হার্টের উপর ইহার উত্তেজক ক্রিয়া আছে বলিয়া, ক্লোরোফরম্ অপেক্ষা ইহা উৎকৃষ্ট। কিন্তু ইহার ব্যবহার একেবারে নিরাপদ নহে, ইহাতে নানাপ্রকার অসুবিধা আছে; ইহাদ্বারা অচৈতন্য করিতে ক্লোরোফরম অপেক্ষা অনেক সময় লাগে, কখন কখন রোগী অত্যন্ত ছট্‌ফট্ করে, ইহা নিতান্ত খারাপগন্ধবিশিষ্ট, অপারেশনের সময় রক্তস্রাবের ভয় থাকে এবং ইহাদ্বারা রোগীকে সহজে অচৈতন্য করা যায়না। কেহ কেহ বলেন যে, ইহার আঘ্রাণের পর নিউমোনিয়া এবং ব্রঙ্কাইটিস্ ইত্যাদি রোগ হইতে দেখা যায়।

ইথার্ হার্টকে অবসাদিত নাকরিয়া বরং উত্তেজিত করিয়া থাকে। সেই জন্য ইহা প্রয়োগে কার্ডিয়াক্-সিন্‌কোপ্ (Cardiac syncope) হওয়ার আশঙ্কা কম এবং ইহাতে বমন হওয়ার ভয়ও তত থাকে না।

ইথার্ ব্যবহারে নিম্নলিখিত আরও অসুবিধা আছে।

(১) ইথার্ প্রয়োগের প্রারম্ভে কণ্ঠনালীর আক্ষেপ, প্রবল ছট্‌ফটি এবং লিভিডিটি অর্থাৎ রোগীর চেহারা নীলাভ হয়।

(২) ইহার আঘ্রাণান্তে অজ্ঞানরোগী সজ্ঞান হইলেও অনেক ঘণ্টা পর্য্যন্ত

উত্তেজিত থাকে, এজন্য ক্যাটার‍্যাক্‌ট্‌ (মতিয়াবিন্দু) অপারেশন্ সময় ইহা ব্যবহারে সুবিধা হয় না।

(৩) অনেক পরিমাণ ইথারের আবশ্যক হয় বলিয়া ইহা ক্লোরোফরম্ অপেক্ষা অধিক ব্যয়সাধ্য।

(৪) ইহার বাষ্প দাহ্য বলিয়া কৃত্রিম আলোকে ব্যবহৃত হয়না কারণ এরূপ অবস্থায় জ্বলিয়া উঠিতে পারে, এবং যে সকল অপারেশনে অ্যাক্‌চুয়্যাল্‌-কটারি (উত্তপ্তলৌহ) ব্যবহার করিতে হয়, তাহাতে ইহা ব্যবহৃত হয়না।

MODE OF ADMINISTRATION.

ইথার-ইন্‌হেলেশন্ ব্যবহার কালে যেন তাহার সহিত বায়ু নাযায় তৎপ্রতি সাবধান হইবে, কারণ তাহাতে রোগী ছট্‌ফট্‌ করে এমন কি কখন কখন বিপদও ঘটিতে পারে।

TETRACHLORIDE OF CARBON.

টেট্রাক্লোরাইড্ অব্ কার্ব্বন্।

ইহা আঘ্রাণে ক্লোরোফরমের ন্যায় লক্ষণ হয়। এরূপ বিবেচিত হয় যে ইহা দ্বারা ক্লোরোফরম্ অপেক্ষা অল্প বমন হয় এবং ইহা অপেক্ষাকৃত নিরাপদজনক। ইহা যদি দৈবাৎ অধিক মাত্রায় ব্যবহার করা যায় তবে রোগীকে শীঘ্র চৈতন্য করা যায় না, এজন্য সচরাচর ব্যবহৃত হয় না। ইহা ফার্ম্মাকোপিয়ায় গৃহীত হয় নাই।

BICHLORIDE OF METHYLENE.

বাইক্লোরাইড্ অব্ মিথাইলিন্।

ডাঃ রিচার্ডশন্ (Dr. Richardson,) বলেন যে ইহা ক্লোরোফরম্ অপেক্ষা নিরাপদজনক স্পর্শহারক ঔষধ, ইহা দ্বারা ক্লোরোফরম্ অপেক্ষা অল্প বমন ও অসুখ ঘটে। ইহার ঘ্রাণ বড়ই সুখজনক। ইহার ক্রিয়া অত্যন্ত দ্রুত কিন্তু অনেক পরিমাণে ব্যবহার করা আবশ্যক হয়।

NITROUS OXIDE GAS.

নাইট্রাস্ অক্সাইড্গ্যাস্।

ফিজিওলজিক্যাল্ ক্রিয়া—

ইহা এনিস্থেটিক্। অল্পক্ষণ আঘ্রাণ দ্বারা সম্পূর্ণ অজ্ঞানতা জন্মে। কখন কখন অজ্ঞান হইবার পূর্ব্বে অল্প উত্তেজনা এবং মুখ ফ্যাকাসেবর্ণ হইয়া থাকে। ইহা দেখিয়া প্রথমে ভয়ের সঞ্চার হয়। একপ্রকার য়্যাস্ফিক্সিয়া বশতঃ এরূপ ঘটে। কারণ,যখন ইহার আঘ্রাণে রোগী অজ্ঞান হয় তখন প্রশ্বাসিত বায়ুদ্বারা স্বাভাবিক কার্ব্বনিক্ এসিডের ½ অংশ বাহির হইয়া যায় এবং রোগী সজ্ঞান হওয়ার পর উহার ½ অংশ বাহির হইয়া থাকে।

থিরাপিউটিক্যাল্ ব্যবহার—

দন্তোৎপাটন ইত্যাদি মাইনার-অপারেশনে ইহা অতি উৎকৃষ্ট। বড় বড় অস্ত্রোপোচারে ইহা দ্বারা নিরাপদে অজ্ঞানঅবস্থায় রাখা যায় না। ইহা ব্যবহারের সময় যেন বায়ু আঘ্রাণ না হয় তজ্জন্য সতর্কতা লইতে হয়, কারণ ইহার সহিত বায়ু আঘ্রাণ করিলে রোগী বড় ছট্ফট্ করে।

ইহাকে লাফিং-গ্যাস্ (Laughing-gas) বলে। ইহা ফার্ম্মাকোপিয়ায় গৃহীত হয় নাই।

ল্যাটিন্।	ইংরেজী।
ওপিয়াম্। Opium.	ওপিয়াম্। Opium.

মাত্রা ½—১ গ্রেণ।

প্রয়োগরূপ—

(১) কন্ফেক্শিও ওপিয়াই। Confectio Opii.	কন্ফেক্শন্ অব্ ওপিয়াম্। Confection of Opium.

মাত্রা ৫—১০ গ্রেণ।

(২) এম্প্লাষ্ট্রাম্ ওপিয়াই। Emplastrum Opii.	ওপিয়াম্ প্লাষ্টার্। Opium Plaster.
(৩) এনিমা ওপিয়াই। Enema Opii.	এনিমা অব্ ওপিয়াম্। Enema of Opium.

ইহার ২ আউন্সে ½ ড্রাম টিংচার্ ওপিয়াই আছে।

(৪) একষ্ট্রাক্টাম্ ওপিয়াই। একষ্ট্রাক্ট্ অব্ ওপিয়াম্।
Extractum Opii. Extract of Opium.

ইহাতে শতকরা প্রায় ২০ ভাগ মর্‌ফাইন্ আছে।

মাত্রা ½—২ গ্রেণ।

(৫) একষ্ট্রাক্টাম্ ওপিয়াই লিকুইডাম্। লিকুইড্ একষ্ট্রাক্ট্ অব্ ওপিয়াম্।
Extractum Opii Liquidum. Liquid Extract of Opium.

ইহাতে শতকরা প্রায় এক ভাগ মর্‌ফাইন্ আছে।

মাত্রা—১০—৪০ মিনিম।

(৬) লিনিমেণ্টাম্ ওপিয়াই। লিনিমেণ্ট্ অব্ ওপিয়াম্।
Linimentum Opii. Liniment of Opium.

(৭) পাইলিউলা স্যেপোনিস্ কম্পজিটা। কম্পাউণ্ড্ পিল্ অব্ সোপ্।
Pilula Saponis Composita. Compound Pill of Soap.

ইহার প্রায় ৬ গ্রেণে ১ গ্রেণ অহিফেণ্ আছে।

মাত্রা—৩—৫ গ্রেণ।

(৮) পাইলিউলা প্লাম্বাই কাম্ ওপিও। পিল্ অব্ লেড্ এণ্ড ওপিয়াম্।
Pilula Plumbi cum Opio. Pill of Lead and Opium.

ইহার ৮ গ্রেণে ১ গ্রেণ ওপিয়াম্ আছে।

মাত্রা—৩—৫ গ্রেণ।

(৯) পাইলিউলা ইপিকাকুয়ানি কাম্ সিলা। পিল্ অব্ ইপিকাকুয়ানা উইথ্ স্কুইল্।
Pilula Ipecacuanhæ cum Scilla. Pill of Ipecacuanha with squill.

ইহার প্রায় ২৩ ভাগে ১ ভাগ অহিফেণ আছে।

মাত্রা ৫—১০ গ্রেণ।

(১০) পাল্‌ভিস্ ক্রিটি এরোমেটিকাস্ কাম্ ওপিও। এরোমেটিক পাউডার অব্ চক্ এণ্ড ওপিয়াম্।
Pulvis cretæ Aromaticus cum Opio. Aromatic Powder of Chalk and Opium

ইহার ৪০ গ্রেণে ১ গ্রেণ অহিফেণ্ আছে।

মাত্রা ১০—৪০ গ্রেণ।

(১১) পাল্‌ভিস্ ইপিকাকুয়ানহি কম্পজিটাস্। কম্পাউণ্ড্ পাউডার অব্ ইপিকাকুয়ান্‌হা।

Pulvis Ipecacuanhæ Compositus. Compound Powder of Ipecacuanha.

ইহাকে ডোভারস্ পাউডার Dover's powder, বলে।

ইহার ১০ গ্রেণে ১ গ্রেণ ওপিয়াম থাকে।

মাত্রা—৫—১৫ গ্রেণ।

(১২) পাল্‌ভিস্ কাইনো কম্পজিটাস্ কম্পাউণ্ড্ পাউডার অব্ কাইনো।

Pulvis Kino Compositus. Compound Powder of Kino.

মাত্রা ৫—২০ গ্রেণ।

ইহার ২০ গ্রেণে ১ গ্রেণ অহিফেণ আছে।

(১৩) পাল্‌ভিস্ ওপিয়াই কম্পজিটাস্। কম্পাউণ্ড্ পাউডার্ অব্ ওপিয়াম্।

Pulvis Opii Compositus. Compound Powder of Opium.

ইহার ১০ গ্রেণে ১ গ্রেণ ওপিয়াম আছে।

মাত্রা ২—৫ গ্রেণ।

(১৪) সাপোজিটোরিয়া প্লাম্বাই কম্পজিটা। কম্পাউণ্ড্ লেড্ সাপোজিটোরিস্।

Suppositoria Plumbi Composita. Compound Lead Suppositories.

প্রত্যেক সাপোজিটোরিতে ৩ গ্রেণ এসিটেট্ অব্ লেড্ এবং ১ গ্রেণ ওপিয়াম্ থাকে।

(১৫) টিংচুরা ওপিয়াই। টিংচার্ অব্ ওপিয়াম্।

Tinctura Opii. Tincture of Opium.

ইহাকে লডেনাম্ Laudanum কহে। ইহার প্রায় ১৪½ মিনিমে এক গ্রেণ ওপিয়াম্ আছে।

মাত্রা ৫—৪০ মিনিম।

(১৬) টিংচুরা ক্যাম্‌ফরি কম্পজিটা। কম্পাউণ্ড্ টিংচার্ অব্ ক্যাম্ফার্।

Tinctura Camphoræ Composita. Compound Tincture of Camphor.

এই প্রয়োগরূপটীকে প্যারিগরিক্-এলিক্সার্ "Paregoric Elixer" বলে। ইহার ½ আউন্সে ১ গ্রেণ ওপিয়াম্ আছে।

মাত্রা—১৫—৬০ মিনিম।

(১৭) টিংচুরা ওপিয়াই এমোনিয়েটা। এমোনিয়েটেড্ টিংচার্ অব্ ওপিয়াম্।

Tinctura Opii Ammoniata. Ammoniated Tincture of Opium.

ইহার ৯৬ মিনিমে ১ গ্রেণ ওপিয়াম্ আছে।

মাত্রা—১/২—১ ড্রাম।

(১৮) ট্রোচিসাই ওপিয়াই। ওপিয়াম্ লোজেঞ্জেস্।

Trochisci Opii. Opium Lozenges.

প্রত্যেক চাক্তিতে ১/৫ গ্রেণ এক্‌ষ্ট্রাক্ট্ অব্ ওপিয়াম্ আছে।

মাত্রা—১—৬ চাক্তি।

(১৯) আঙ্গুয়েণ্টাম্ গ্যালি কাম্ ওপিও। অয়েণ্ট্‌মেণ্ট্ অব্ গল্‌স্ এণ্ড্ ওপিয়াম্।

Unguentum Gallæ cum Opio. Ointment of Galls and Opium.

এই মলমের ১ আউন্সে ৩২ গ্রেণ ওপিয়াম্ আছে।

(২০) ভাইনাম্ ওপিয়াই। ওয়াইন্ অব্ ওপিয়াম্।

Vinum Opii. Wine of Opium.

ইহার এক আউন্সে প্রায় ২২ গ্রেণ এক্‌ষ্ট্রাক্ট অব্ ওপিয়াম্ আছে।

মাত্রা—১০—৪০ মিনিম।

LOCAL ACTION AND USES.

স্থানিক ক্রিয়া ও ব্যবহার।

ফিজিওলজিক্যাল্ ক্রিয়া—

অহিফেণ অক্ষুণ্ণ চর্ম্মদ্বারা আচোষিত হয় কিনা তদ্বিষয়ে সন্দেহ আছে, যেহেতু ভারতবর্ষীয় অহিফেণ পরিদর্শকগণ পরীক্ষাকালে অনবরত অহিফেণের এক্‌ষ্ট্রাক্‌টে (ঘনসারে) হাত নিমজ্জিত করিয়া থাকেন, তথাপি তাহাদের কোন নেশার লক্ষণ লক্ষিত হয়না এবং

থিরাপিউটিক্যাল্ ব্যবহার—

ডিকক্‌সন্ অব্ পপিহেড্ (পোস্তঢেড়ির কাথ) এবং ওপিয়ামের অন্যান্য প্রয়োগরূপের ফোমেণ্টেশন্ (সেক) হেমারয়েড্‌স্ (বলি); ইরিসিপেলাস্, কঞ্জান্‌কটিভাইটিস্ (Conjunctivitis) প্রভৃতি নানাবিধ প্রদাহিত ব্যাধিতে বেদনা উপশম জন্য ব্যবহৃত হয়। যখন

সার্হেনরী টম্‌সন্ ও বলেন ব্ল্যাডার (মূত্রাধার) দ্বারা অহিফেণ আচোষিত হয়না ; পক্ষান্তরে বেলাডোনা যখন চর্ম্মদ্বারা আচোষিত হয়, তখন অহিফেণ আচোষিত হয়না কেন ? এসম্বন্ধে আরও অধিক প্রমাণ আবশ্যক। অহিফেণ চর্ম্মদ্বারা আচোষিত হওয়া সম্বন্ধে কোন বিশেষ প্রমাণ প্রদর্শন করিতে পারা যায়না, তখন বোধহয় উক্ত ফোমেণ্টেশনের আর্দ্রতা ও উষ্ণতা দ্বারাই উপকার দর্শিয়া থাকে।

INTERNAL ACTION AND USES.

আভ্যন্তরিক ক্রিয়া ও ব্যবহার।

ফিজিওলজিক্যাল্ ক্রিয়া—

(১। মস্তিষ্ক মণ্ডলের উপর—

(ক) মস্তিষ্ক অল্প মাত্রায় অহিফেণ সেবনে অল্প উত্তেজিত, চিন্তা ও কল্পনাশক্তি প্রবল, বুদ্ধি-বৃত্তি সতেজ এবং মন অত্যন্ত প্রফুল্ল হয়। তদনন্তর ঝিমনি ও অবশেষে গভীর নিদ্রা হইয়া থাকে। ওপিয়ামের পরিমাণানুসারে রোগীর পুনরায় নিদ্রাভঙ্গ হয়। ইহা ব্যবহারে শিরঃপীড়া, মুখশুষ্ক এবং সচরাচর পরিপাক ক্রিয়ার ব্যতিক্রম ঘটিয়া থাকে। ইডিওসিন্‌ক্রেসি (Idioscyncrasy) বশতঃ কোন কোন বিরল অবস্থায় নিদ্রা না হইয়া উত্তেজনা হইয়া থাকে। ওপিয়াম্

থিরাপিউটিক্যাল্ ব্যবহার—

(ক) অন্যান্য মাদক-দ্রব্য অপেক্ষা ওপিয়াম্ নিশ্চিত ও সর্ব্বোৎকৃষ্ট মাদক বলিয়া নানাবিধ পীড়ায় বহুল পরিমাণে ব্যবহৃত হইয়া থাকে। সাধারণ অনিদ্রা, মস্তিষ্কমণ্ডলের ক্ষয়, টাইফাস্ এবং টাইফয়েড্-আদি তরুণজ্বরে যখন প্রলাপ এবং অনিদ্রাদি উপসর্গ বিদ্যমান থাকে ও ডিলিরিয়াম-ট্রিমেন্স্, মদ্‌পক্কসের শেষাবস্থা, মিনিঞ্জাইটিস্, একিউট্ মেনিয়া বা তরুণ উন্মত্ততা এবং অন্যান্য ব্যাধিতে সুনিদ্রা আনয়ন জন্য এই অমোঘ ঔষধ ব্যবহৃত হইয়া থাকে।

কিপ্রকারে যে নিদ্রা আনয়ন করে, তাহা স্পষ্ট রূপে বুঝা সুকঠিন। সুনিদ্রার সময় মস্তিষ্কস্থ-রক্তবহানাড়ী সঙ্কোচিত হইয়া বস্তিকের গ্রে মেটারের এনিমিয়া উৎপাদিত হইয়া থাকে, এনালজি (Analogy) দ্বারা অনুভব হয় যে ওপিয়াম্ দ্বারা সেইরূপেই সঙ্কোচিত হয়। কিন্তু ওপিয়াম বিষাক্তাবস্থায় যে মস্তিষ্কের

রক্তাধিক্য হইয়া থাকে, তাহা এই মতের বিপরীত। ডাঃ হেমণ্ড (Dr. Hammond) পরীক্ষাদ্বারা স্থির করিয়াছেন যে, যখন অধিক মাত্রায় ওপিয়াম্ সেবনে নিদ্রা হয় তখন মস্তিষ্কের এনিমিয়া হইয়া থাকে; এবং যখন উক্ত নিদ্রা (Coma) অচৈতন্যনিদ্রায় পরিণত হয় তখন মস্তিষ্কের শিরাসকল প্রসারিত হইয়া উহার রক্তাধিক্য হইয়া থাকে। ওপিয়াম্ বাহ্যিক প্রয়োগ করিলে কনীনিকা সঙ্কোচিত হয় না, কিন্তু সেবনে সঙ্কোচিত হয় বলিয়া অনুমিত হয় যে মস্তিষ্কসম্বন্ধীয় ক্রিয়াদ্বারাই এইরূপ ঘটিয়া থাকে।

(খ) সেন্সরি-নার্ভের উপর— সেন্সরি-নার্ভের (জ্ঞানজনন-স্নায়ুর) পরিচালনা-শক্তি (Conductivity) এবং উত্তেজনা (Irritability) কম হয় বলিয়া বেদনার উগ্রতা অনুভূত হয় না।

(খ) এইজন্য ইহা নার্কটিক্-মাত্রায় (যে মাত্রায় প্রয়োগ করিলে নেশা হয়) প্রযুক্ত না হইলেও সেন্সরি-নার্ভস্ অবসন্ন এবং বেদনা নিবারিত করিয়া রোগীর সুনিদ্রা আনয়ন করিয়া থাকে।

ইহা সিডেটিভ্, এনোডাইন্ অথবা এনাল্জেসিক্ বলিয়া নিউর‍্যাল্জিয়া, সায়েটিকা, ক্যান্সার, বিলিয়ারি অথবা রিন্যাল্-ক্যাল্কিউলাই, প্রসবান্তে বেদনা এবং কলিক্ ইত্যাদি নানাপ্রকার বেদনাযুক্ত পীড়ায় অমোঘ ঔষধ, এতদর্থে মর্ফিয়ার সাব্কিউটেনিয়াস-ইন্জেক্শন্ ব্যবহারে অহিফেনের গুণ দ্রুত ও সুচারুরূপে প্রকাশ পাইয়া থাকে।

ওপিয়াম্ উত্তম আক্ষেপনিবারক বলিয়া মাংসপেশীর অসম সঙ্কোচন্ উপশম করিয়া আক্ষেপ নিবারণ করিয়া থাকে; এজন্য কলিক্, গর্ভস্রাব, প্রসবান্তে দুর্ব্বলকারী বেদনা এবং মূত্রনালীর স্প্যাজ্মডিক্-ষ্ট্রীক্চারে ইহা অত্যুৎকৃষ্ট ফলদায়ক।

কোন কোন প্রকার অদম্য ক্ষতরোগে ইহা ব্যবহারে যে উপকার হইয়া থাকে তাহা মস্তিষ্ক-মণ্ডলের উপর ক্রিয়া বশতঃ সংঘটিত হয়।

(গ) স্পাইন্যাল্-কর্ডের উপর— স্পাইন্যাল্-কর্ডের রিফ্লেক্স্-একশন্ প্রথমতঃ বর্দ্ধিত, অবশেষে কিয়ৎপরিমাণে

(গ) ইহাদ্বারা নানাবিধ ইন্দ্রিয়ের মাংসপেশী-সম্বন্ধীয় ক্রিয়া (Muscular action) নিবারিত হয় বলিয়া অন্ত্র,

কম হয় এবং শ্বাসপ্রশ্বাস-কেন্দ্রের দুর্ব্বলতা, অনন্তর পক্ষাঘাত হইতে দেখা যায়।

(ঘ) সিম্প্যাথেটিক্-সিষ্টেমের উপর—সিম্প্যাথেটিক্-সিষ্টেম সম্বন্ধীয় স্নায়ু সকল প্রথমতঃ উত্তেজিত তদনন্তর অবসাদিত হয়।

(২) রক্তসঞ্চালন যন্ত্রের উপর—হৃদপিণ্ডের ক্রিয়া প্রথমতঃ অল্প দ্রুত, তৎপর ইহার স্পন্দন ধীরতর, নাড়ীর গতি পূর্ণ ও দৃঢ় এবং আর্টিরিয়্যাল্-টেন্শন্ (ধামনিক-চাপ) বর্দ্ধিত হয়, ইহাতে বোধ হয় কার্ডিয়্যাক্-ইন্‌হিবিটরি-নার্ভের (Cardiac inhibitory nerve) উপর ক্রিয়া প্রকাশিত হওয়াতে এরূপ হইয়া থাকে। সে যাহা হউক মৃত্যুর পূর্ব্বে ওপিয়ামদ্বারা বিষাক্ততাতে নাড়ী দুর্ব্বল, দ্রুত এবং অনিয়মিত হইয়া থাকে। ইহাদ্বারা সিম্প্যাথেটিক্-নার্ভের (সহানুভৌতিক-স্নায়ুর) উত্তেজনা হয় বলিয়া মধ্যবিৎ মাত্রায় ওপিয়াম্ দ্বারা ক্ষুদ্র ক্ষুদ্র রক্তবহানাড়ী সকল সঙ্কোচিত হইয়া থাকে।

মূত্রাশয় কিম্বা জরায়ু প্রভৃতির রাপ্চার (Rupture) বা বিদারিতাবস্থায় অহিফেণ্ সিট্-য়্যাঙ্কার্ (Sheet-anchor) অর্থাৎ প্রধান উপায়, যেহেতু ইহা ব্যবহারে সেই আক্রান্ত ইন্দ্রিয় বিশ্রামে থাকে এবং সংস্কার হইবার সাহায্য প্রাপ্ত হয় ও তাহার আধেয়-পদার্থ পেরিটোনিয়্যাল্-গহ্বরে (উদরগহ্বরে) প্রবেশ করিতে পারে না; সুতরাং ইহা ব্যবহারে উক্ত অবস্থায় আরোগ্য হইবার সম্ভাবনা।

(২) এঞ্জাইনা-পেক্টোরিস্ (Angina-pectoris) হৃদশূল, প্যালপিটেশন্ (Palpitation) হৃদ্‌কম্প এবং হৃদপিণ্ডের অন্যান্য বেদনাজনক পীড়াতে মর্ফিয়ার হাইপোডার্ম্মিক্-ইন্‌জেক্‌শন্ ব্যবহৃত হয়। পেরিটোনাইটিস্ এবং অন্যান্য প্রদাহিত অবস্থায় ইহা ক্ষুদ্র ক্ষুদ্র রক্তবহানাড়ীদিগকে সঙ্কোচিত করে বলিয়া ইহার এণ্টিফ্লোজিষ্টিক্ বা প্রদাহ-নিবারক গুণ অনুমিত হইয়া থাকে, এই কারণ বশতঃ সর্দ্দির প্রথমাবস্থায় ইহা ব্যবহারে উপকার দর্শিয়া থাকে। আর কোন কোন প্রকার হেমোরেজ্ (রক্তস্রাব) বিশেষতঃ ফুসফুস হইতে রক্তস্রাব হইলে ইহা সঙ্কোচকের ন্যায় ক্রিয়া করিয়া রক্তস্রাব বন্ধ করিয়া থাকে।

(৩) শ্বাসপ্রশ্বাসের উপর—শ্বাসপ্রশ্বাস-কেন্দ্রের উপর ওপিয়ামের পক্ষাঘাতিক ক্রিয়া থাকা প্রযুক্ত ইহা ব্যবহারে নিশ্বাস-প্রশ্বাস মন্দীভূত এবং সেই সময় ব্রঙ্কিয়্যাল্-টিউবের (শ্বাসনালীর) স্রাবণের ন্যূনতা ঘটিয়া থাকে। ইহা ব্যবহারে প্রথমতঃ শারীরিক উত্তাপ বর্দ্ধিত, তৎপর ঘর্ম্ম হইলে কমিয়া যায়।

(৩) সকল প্রকার কাশি বিশেষতঃ ক্ষয়কাশিতে ওপিয়াম্ স্নিগ্ধকারক-ঔষধ বলিয়া ব্যবহৃত হয়। স্প্যাজ্‌মডিক্ য়্যাজ্‌মা (Spasmodic asthma) এবং তরুণ নিউমোনিয়ার্ (Acute pneumonia) প্রথমাবস্থায় উপকারক, কিন্তু নিউমোনিয়ার্ শেষাবস্থায় ইহা ব্যবহারে শ্লেষ্মা বন্ধ হয় বলিয়া বিশেষ সতর্কতার সহিত ব্যবহার করা উচিত। ব্রঙ্কাইটিস্ রোগে ইহা দ্বারা রেস্‌পিরেটরি-মুভ্‌মেণ্ট্‌স্ (শ্বাসপ্রশ্বাস-গতি) মন্দ এবং নিদ্রা হয় বলিয়া শ্বাসনালী হইতে রোগীর শ্লেষ্মা বহির্গত হইতে বাধা প্রাপ্ত হয়, তজ্জন্য রক্ত-শোধিত হইতে না পারিয়া শ্বাসরোধ দ্বারা মৃত্যু হইতে পারে, এজন্য ইহা ব্যবহারে অপকার ঘটে।

(৪-ক) পরিপাক এবং নিস্রাবণ যন্ত্রের উপর—ওপিয়াম্ দ্বারা কখন কখন বিবমিষা হয় এবং ইন্‌টেস্‌টাইনের সিক্রিশন্ (অন্ত্রের নিস্রাবণ) কম এবং উহার পেরিষ্টাল্‌টিক্ একশন্ (Peristaltic action) বন্ধ হয় বলিয়া কোষ্ঠবদ্ধ হইয়া থাকে।

(৪-ক) ডায়েরিয়া (Diarrhoea), ডিসেণ্ট্রি (Dysentery), ব্রিটিশ্ কলেরা (British cholera) ইত্যাদিতে অন্যান্য ঔষধ অপেক্ষা ইহা এষ্ট্রিন্‌জেণ্ট্ স্বরূপ উত্তমরূপে ব্যবহৃত হয়। বেদনা এবং অন্ত্রের-শূল (টেনেস্‌মাস্) নিবারণ জন্য ওপিয়াম্-এনিমার ন্যায় উপকারী ঔষধ আর নাই। টাইফয়েড্-ফিবার, থাইসিস্ এবং ডিসেণ্ট্রির (Dysentery) শেষাবস্থায় অন্ত্রের আল্‌সারেশন্ (ক্ষত) বশতঃ যে উদরাময় হয়, তাহাতে ইহা অব্যর্থ ঔষধ বলিয়া পরিগণিত।

(খ) ইহা ব্যবহারে স্যালিভেরি-সিক্রিশন্ (লালাস্রাব) কম হয় বলিয়া জিহ্বা শুষ্ক হইয়া থাকে

(গ) ওপিয়াম্ সেবনে প্রস্রাবের পরিমাণ কমিয়া যায় কিন্তু ইহার ঘনপদার্থের উপর অহিফেণের যে কি ক্রিয়া হয় তৎসম্বন্ধে নানাবিধ ভিন্ন মত আছে।

(গ) ওপিয়াম্ কোন কোন প্রকার ডায়েবিটিস্ (Diabetes) বহুমূত্র রোগে বিশেষ ফলপ্রদ, ইহা ব্যবহারে রোগের অদম্য ক্ষুধা দমন এবং প্রস্রাবের শর্করার পরিমাণ হ্রাস হয়। সে যাহা হউক, কিড্নির পুরাতন পীড়ার বর্দ্ধিতাবস্থায় ইহা ব্যবহারে প্রস্রাবের পরিমাণ কম, এবং ইউরিয়া রক্তে সঞ্চিত হয় বলিয়া অপকার ঘটে, এজন্য বিশেষ সতর্কতার সহিত উক্ত অবস্থায় ব্যবহার করিবে।

(ঘ) ওপিয়াম্ দ্বারা বিলিয়ারি-সিক্রিশন্ (পিত্ত-নিঃসারণ) বন্ধ হইয়া থাকে।

(ঙ) চর্ম্মের নিস্রাবণ বৃদ্ধি হইয়া ঘর্ম্ম হয়। ইহা বলিলে অত্যুক্তি হয় না যে ওপিয়াম্ চর্ম্মের সিক্রিশন্ (ঘর্ম্ম) ব্যতীত অন্যান্য সিক্রিশন্ বন্ধ করে।

(ঙ) ওপিয়ামের কোন কোন প্রয়োগরূপ বিশেষতঃ ডোভার্স পাউডার উত্তম ঘর্ম্মকারক ঔষধ, কিন্তু আশ্চর্য্যের বিষয় এই যে (Phthisis) যক্ষ্মাকাশ রোগে রাত্রে যে ঘর্ম্ম হয় তাহাতে ইহা ব্যবহারে ঘর্ম্ম বন্ধ হইয়া থাকে।

ELIMINATION.

বহির্গমন প্রণালী।

• প্রশ্বাসিত-বায়ু, ঘর্ম্ম, প্রস্রাব এবং দুগ্ধ দ্বারা ওপিয়াম্ শরীর হইতে বহির্গত হয়।

স্তন্যদায়িনীকে ওপিয়াম্ ব্যবস্থাকালে সর্ব্বদা স্মরণ রাখিবে যে ওপিয়াম্ দুগ্ধ দ্বারা বহির্গত হয়, এরূপ প্রয়োগে স্তন্যপায়ীশিশু উহার দ্বারা বিষাক্ত হইতে পারে।

Poisonous action.

বিষময় ফল—

যখন ওপিয়াম্ বিষাক্ত মাত্রায় ব্যবহার করা যায়,তখন তজ্জনিত নিদ্রা ক্রমে গাঢ়তর, নিশ্বাস-প্রশ্বাস গভীর এবং ষ্টার্টোরাস্ (Stertorous) বা ঘড়-ঘড়-শব্দযুক্ত, মুখ রক্তিম, স্ফীত, ক্যাকাশেবর্ণ এবং কনীনিকা সঙ্কোচিত হয়। হৃদ্‌পিণ্ডের দক্ষিণ পার্শ্ব রক্তে পরিপূর্ণ থাকে বলিয়া রক্তাধিক্য-লাংস্ হইতে রক্ত হৃদয়ে প্রত্যাগত হইতে পারেনা এবং রেস্‌পিরেটরি-সেণ্টারের পক্ষাঘাত বশতঃ অবশেষে স্যাফোকেশেন্ (শ্বাসরোধ) হইয়া মৃত্যু ঘটে।

ওপিয়াম্ দ্বারা বিষাক্ততা, য়্যাল্‌কোহলিক্-কোমা (Alcoholic coma) সুরাজনিতনেশা, ইউরিমিক্-কোমা (Uræmic coma) এবং এপোপ্লেক্‌টিক্-এফিউশন্-ইন্-দি-পন্‌স্-ভেরোলিয়াই (Apoplectic effusion in the Pons Varolii) অর্থাৎ মস্তিকস্থিত পন্‌স্-ভেরোলিয়াই নামক স্থানের রক্ত-স্রাব ইত্যাদির সহিত ভ্রমহইয়া থাকে। কিন্তু এল্‌কোহলিক্ কোমাতে কনীনিকা সচরাচর প্রসারিত থাকে, যদি সম্ভব হয় তবে ইউরিমিক্-কোমাতে মূত্র

Antidotes.

বিষঘ্ন।

কোন ব্যক্তি ওপিয়াম্ দ্বারা বিষাক্ত হইলে সর্ব্বপ্রথমে পাকাশয় হইতে ষ্টমাক্-পাম্প্ দ্বারা আধেয়পদার্থ বহিস্কৃত করিতে হইবে। কারণ ইহাতে ভমিটিং-সেণ্টারের (বমনকেন্দ্রের) পক্ষাঘাত হয় বলিয়া এমেটিক্ (বমন-কারক-ঔষধ) দ্বারা কোন ফল পাওয়া যায় না।

কোল্ড্-এফিউশন্ বা শীতল জলের ধারা, চর্ম্মের উত্তেজনা, ষ্ট্রং-কাফি, তাড়িত-প্রবাহ, ভ্রমণ-করান ইত্যাদি উপায়ে রোগীকে নিদ্রা যাইতে দিবেনা এবং সতর্কতার সহিত অবশেষে ফিজি-ওলজিক্যাল্ এণ্টিডোট্ স্বরূপ এট্রো-পিন্ ব্যবস্থা করিবে।

অধ্যাপক বেনেট্ বলেন যে, এট্রোপিন্ প্রয়োগদ্বারা মস্তিকের রক্ত-বহানাড়ী সকল সঙ্কোচিত হয় বলিয়া তাহাতে রক্তাধিক্য হইতে পারেনা এজন্য ইহা ব্যবহারে উপকার হইয়া থাকে। কোনপ্রকারে উপকার না হইলে অবশেষে আর্টিফিসিয়াল্-রেস্-পিরেসনের (কৃত্রিম-শ্বাসপ্রশ্বাসের) ব্যবস্থা করিবে।

পরীক্ষা দ্বারা ; পনস্-ভেরোলিয়াইতে রক্তস্রাব হইলে, অবিকল ওপিয়ামের বিষাক্ততার ন্যায় লক্ষণ প্রকাশিত হয়, এজন্য জীবিতাবস্থায় নির্ণয়করা বড়ই সুকঠিন, কেবল মৃত্যুর পরে শবচ্ছেদন করিলে মস্তিষ্কের রক্তাধিক্য দেখা-যায়। ইহাদ্বারাই উহাদের পার্থক্য সুন্দররূপে উপলব্ধি হইবে।

CAUTIONS AND MODES OF ADMINISTRATION.

ওপিয়াম্ ব্যবহার সময় স্মরণ রাখা উচিত যে সকল মনুষ্য ইহা সমপরিমানে সহ্য করিতে পারেনা, এবং ইহা ব্যবহারের সাধারণ কোন নিয়ম বলা যায়না। আমরা বিশেষরূপে স্মরণ রাখিব যে শিশুরা ওপিয়াম্ সহ্য করিতে পারেনা। একটী শিশু এক ফোঁটা লডেনাম্ সেবন করিয়া মৃত্যুগ্রাসে পতিত হইয়াছে। শোথবিশিষ্ট ব্যক্তিরাও সহজে ইহাদ্বারা বিষাক্ত হয় ; এইসব কারণে আমরা মধ্যবিৎ মাত্রায় ব্যবহার আরম্ভ করিব।

ওপিয়াম্ সেবনে লোকের অভ্যাস হইয়া থাকে বলিয়া ইহার মাত্রা ক্রমে ক্রমে বৃদ্ধি করা উচিত। ইহা সেবনে ক্লান্তি এবং পরিপাক-ক্রিয়ার অনেক ব্যতিক্রম ঘটিলেও প্রথমাবস্থায় স্ফূর্তি হয় বলিয়া ইহা লোকে ব্যবহার করিতে অভ্যাস করে। De Quincey ডি কুন্সি নামক একব্যক্তি প্রতিদিন ৩২০ গ্রেণ মাত্রায় অহিফেণ সেবন করিত এবং প্রতিদিন অর্দ্ধ হইতে ১ পাইন্ট্ মাত্রায় লডেনাম্ সেবনের বিষয়ও উল্লেখ আছে।

ওপিয়ামের নানাবিধ প্রয়োগরূপ সম্বন্ধে কোন একটী দ্বারা যখন আমরা নিদ্রা আনয়ন করিতে চেষ্টা করি তখন টিংচার্ অব্ ওপিয়াম্ ʒss, পিল্ সেপোনিস্ কম্পোজিটা gr.v কিম্বা ইহার এক্স্ট্রাক্ট্ gr.i ব্যবহার করিয়া থাকি। কিন্তু যখন ইহাদ্বারা বেদনা নিবারণের ইচ্ছা থাকে তখন ইহাপেক্ষা অল্প মাত্রায় দিলেই যথেষ্ট হয়।

অহিফেণ্ অল্প মাত্রায় এষ্ট্রিন্জেন্ট্ এবং ষ্টিমিউল্যান্টের ন্যায় ক্রিয়া প্রদর্শন করে। সর্দ্দির প্রথমাবস্থায় ৫ কি ১০ মিনিম টিংচার্ অব্ ওপিয়াম্ ব্যবস্থা করিলে তাহা দমন হইয়া থাকে। ডায়ফরেটিক্ জন্য ব্যবহার করিতে হইলে ইহা ইপিকাক্ সহযোগে ডোভার্স-পাউডার স্বরূপ (gr.x) দিলে বিশেষ উপকার হয় ; এবং ডায়েরিয়াতে চক্ কিম্বা কাইনোর এষ্ট্রিন্জেন্ট্ গুণ আছে বলিয়া

তৎসংযুক্ত পাল্‌ভিস্ ক্রিটি এরোমেটিকাস্ কাম্ ওপিও (gr xx to xl) এবং পাল্‌ভিস্ কাইনো কম্পজিটাস্ (gr.xx) ইত্যাদি ব্যবহৃত হইয়া থাকে।

(Diarrhœa) বা উদরাময় এবং ব্লাডার্ ও ইউটিরাসের নানাবিধ বেদনাযুক্ত ব্যাধিতে ওপিয়েট্-এনিমা স্নিগ্ধকর স্বরূপ ব্যবহৃত হইয়া থাকে।

কাশির উপশমজন্য কফ মিক্শ্চার্ প্রস্তুত করিতে আমরা সচরাচর টিংচুরা ক্যাম্ফরি কম্পজিটা (m. xx to ʒi) অথবা টিংচুরা ওপিয়াই এমোনিয়েটা (m xx to ʒi) এই উভয়ের মধ্যে একটী ব্যবস্থা করিয়া থাকি।

কাশির জন্য নিম্ন লিখিত ব্যবস্থা উত্তম।

℞	Syrupi Scillæ	℥ii
	Aqua Menth Pip	℥ii
	Tincturæ Opii Ammoniatæ	ʒss
	Tincturæ Lavendulæ Compositæ	ʒ-s
	Syrupi	ʒi

M. ft. S. ʒ-s thrice daily.

ওপিয়ামে নানাবিধ উপক্ষার, মিকোনিক্-এসিড্ এবং অন্যান্য পদার্থ বিদ্যমান থাকাতে ইহার পূর্ব্বোক্তরূপ বিভিন্ন প্রকার ক্রিয়া লক্ষিত হয়; এতন্মধ্যে মর্ফাইন্ (Morphine) প্রধান বলিয়া গণ্য এবং হাইড্রোক্লোরেট্ ও এসিটেট্ আকারে সচরাচর ব্যবহৃত হইয়া থাকে। প্রথমে চিকিৎসকেরা ওপিয়ামের উপর নির্ভর করিত কিন্তু এক্ষণ মর্ফিয়ার উপরই অধিক নির্ভর করেন।

ল্যাটিন।	ইংরেজী।
মর্ফাইনি এসিটাস্।	এসিটেট্ অব্ মর্ফাইন্।
Morphinæ Acetas.	Acetate of Morphine.

মাত্রা ⅙—½ গ্রেণ।

প্রয়োগরূপ—

(১) লাইকর্ মর্ফাইনি এসিটেটিস্। সলিউশন্ অব্ এসিটেট্ অব মর্ফাইন্।
Liquor Morphinæ Acetatis. Solution of Acetate of Morphine.

ইহাতে প্রায় শতকরা ১ ভাগ (one per cent) এসিটেট্ অব্ মর্ফাইন্ আছে।

মাত্রা ১০—৬০ মিনিম।

(২) ইঞ্জেক্‌সিও মর্ফাইনি হাইপোডার্ম্মিকা। হাইপোডার্ম্মিক্ ইন্‌জেক্‌শন্ অব্ মর্ফাইন্।

Injectio Morphinæ Hypodermica. Hypodermic Injection of Morphine.

ইহার ১০ মিনিমে ১ গ্রেণ এসিটেট্ অব মর্‌ফাইন্ আছে। ইহা কেবল স্থানিক প্রয়োগ হয়।

মাত্রা—১—৫ মিনিম।

মর্ফাইনি হাইড্রোক্লোরাস্। হাইড্রোক্লোরেট্ অব্ মর্ফাইন্।

Morphinæ Hydrochloras. Hydrochlorate of Morphine.

মাত্রা—$\frac{1}{6}$—$\frac{1}{2}$ গ্রেণ।

প্রয়োগরূপ—

(১) লাইকর্ মর্ফাইনি হাইড্রোক্লোরেটিস্। সলিউশন্ অব্ হাইড্রোক্লোরেট্ অব্ মর্ফাইন্।

Liqour Morphinæ Hydrochloratis. Solution of Hydrochlorate of Morphine.

ইহাতে শতকরা এক ভাগ (one per cent) হাইড্রোক্লোরেট্ অব্ মর্‌ফাইন্ আছে।

মাত্রা ১০—৬০ মিনিম।

(২) সাপোজিটোরিয়া মর্ফাইনি। মর্ফাইন্ সাপোজিটোরিস্।

Suppositoria Morphinæ. Morphine Suppositories.

প্রত্যেক সাপোজিটোরিতে $\frac{1}{2}$ গ্রেণ হাইড্রোক্লোরেট্ অব্ মর্‌ফাইন্ আছে।

(৩) সাপোজিটোরিয়া মর্ফাইনি কাম্ সেপোনি। মর্ফাইন্ সাপোজিটোরিস্ উইথ্ সোপ।

Suppositoria Morphinæ cum Sapone. Morphine Suppositories with Soap.

প্রত্যেক সাপোজিটোরিতে $\frac{1}{2}$ গ্রেণ হাইড্রোক্লোরেট্ অব্ মর্ফাইন্ আছে।

(৪) টিংচুরা ক্লোরোফর্মাই এট্ মর্ফাইনি। টিংচার্ অব্ ক্লোরোফরম্ এণ্ড্ মর্ফাইন্।

Tinctura Chloroformi et Morphinæ. Tincture of Chloroform and Morphine.

মাত্রা ৫—১০ মিনিম।

(৫) ট্রোচিসাই মর্ফাইনি। মর্ফাইন্ লোজেঞ্জিস্।

Trochisci Morphinæ. Morphine Lozenges.

প্রত্যেক চাকিতে $\frac{1}{36}$ গ্রেণ হাইড্রোক্লোরেট্ অব্ মর্ফাইন্ আছে।

মাত্রা—১—৬ লোজেঞ্জিস্।

(৬) ট্রোচিসাই মর্ফাইনি এট্ ইপিকাকুয়ানি। মর্ফাইন্ এণ্ড্ ইপিকাকুয়ানা লোজেঞ্জিস্।

Trochisci Morphinæ et Ipecacuanhæ. Morphine and Ipecacuanha Lozenges.

প্রত্যেক চাকিতে $\frac{1}{36}$ গ্রেণ হাইড্রোক্লোরেট্ অব্ মর্ফাইন্ এবং $\frac{1}{12}$ গ্রেণ ইপিকাকুয়ানা আছে।

মাত্রা—১—৬ লোজেঞ্জিস্।

এপোমর্ফাইনি হাইড্রোক্লোরাস্। হাইড্রোক্লোরেট্ অব্ এপোমর্ফাইন্।

Apomorphinæ Hydrochloras. Hydrochlorate of Apomorphine.

প্রয়োগরূপ—

(১) ইঞ্জেক্সিও এপোমর্ফাইনি হাইপোডার্মিকা। হাইপোডার্মিক্ ইনজেক্শন্ অব্ এপোমর্ফাইন্।

Injectio Apomorphinæ Hypodermica. Hypodermic Injection of Apomorphine.

ইহাতে শতকরা ২ ভাগ হাইড্রোক্লোরেট্ অব্ এপোমর্ফাইন্ আছে।

মাত্রা—২—৮ মিনিম। ত্বগন্তর্গত পিচকারী দ্বারা ব্যবহৃত হয়।

মিকনিক্ এসিড্।

Meconic Acid.

প্রয়োগরূপ—

(১) লাইকর্ মর্ফাইনি বাইমিকনেটিস্। সলিউশন অব্ বাইমিকনেট্ অব্ মর্ফাইন্।

Liquor Morphinæ Bimeconatis. Solution of Bimeconate of Morphine.

ইহাতে শতকরা ১¼ ভাগ (One and a quarter per cent.) বাইমিকনেট্ অব্ মর্ফাইন্ আছে।

মাত্রা—৫—৪০ মিনিম।

মর্ফাইনি সাল্‌ফাস্। — সাল্‌ফেট্ অব্ মর্ফাইন্।

Morphinæ Sulphas. — Sulphate of Morphine.

মাত্রা—⅛—½ গ্রেণ।

ইহার ক্রিয়া ওপিয়ামের ন্যায় হইলেও নিম্নলিখিতরূপ বিভিন্নতা দৃষ্ট হয়।

ক্রিয়া—(১) ইহা ওপিয়াম্ অপেক্ষা অল্প সঙ্কোচক এবং প্রদাহনিবারক; সিক্রিশন্ (নিস্রাবণ) অল্পপরিমাণে আক্রান্ত করে বলিয়া ইহা ব্যবহারে তত শিরঃপীড়া, কোষ্ঠবদ্ধ এবং জিহ্বা শুষ্ক দৃষ্ট হয় না।

(২) ইহা সাক্ষাৎসম্বন্ধে অধিকতর মাদক এবং বেদনানিবারক, এজন্য নিদ্রা আনয়ন এবং বেদনানিবারণ জন্য সচরাচর অধিক সুবিধাজনক।

(৩) ইহা অহিফেণ হইতে অল্প পরিমাণে সেব্য এবং গন্ধ-বিহীন।

(৪) ইহা ব্যবহারে হার্টের ক্রিয়া মন্দীভূত এবং ধামনিক চাপ বর্দ্ধিত হইয়া থাকে।

(৫) ভেগাস্-নার্ভের উপর অবসাদন ক্রিয়া আছে বলিয়া ইহা ব্যবহারে শ্বাসপ্রশ্বাস অনিয়মিত হইতে পারে। স্পাইন্যাল্-কর্ডের ক্রিয়া উত্তেজিত হয় বলিয়া কখন কখন ইহা ব্যবহারে অস্থিরতা এবং মাংসপেশীর আক্ষেপ হইয়া থাকে। ইহাদ্বারা সকল সময়েই মূত্রাশয়ের উত্তেজনা, কখন কখন চর্ম্মের কণ্ডূয়ন এবং ভেসিকিউলার ও প্যাপিউলার ইরাপ্‌শন্ বহির্গত হইতে দেখা যায়। কয়েক বৎসর পূর্ব্বে এণ্ডার্‌মিক্-মেথড্ অর্থাৎ চর্ম্মে ফোস্কা-উৎপাদন করিয়া মর্ফাইন্ প্রয়োগ করা হইত কিন্তু এক্ষণ মর্ফাইন্ সচরাচর হাইপোডার্ম্মিক্-ইন্‌জেক্‌শন্‌দ্বারা ব্যবহৃত হয়। ইহা শরীরের বেদনাযুক্ত স্থানের বেদনানিবারণ জন্য কেবল আক্রান্তস্থানের নিকটে প্রয়োগ না করিয়া শরীরের যে কোন স্থানে ব্যবহার করিলে ফল পাওয়া যায়; কিন্তু কোন বৃহৎ ধমনী কিম্বা বৃহৎ স্নায়ুর নিকটবর্ত্তী স্থানে ইহা প্রয়োগ করিবে না, এবিষয় সর্ব্বদা স্মরণ রাখিতে হইবে। চর্ম্মের মধ্যদিয়া তন্নিম্নস্থ সেলিউলার্-টিসুতে (কোষ-বিধানে) অল্প মর্ফিয়া দ্রবাকারে পিচকারীদ্বারা ব্যবহার করিতে হয়। ইহার পিচকারী ব্যবহারে সচরাচর অল্প পরিমাণে জ্বালা, কখন কখন প্রদাহ এবং পূযোৎপত্তি হইতে পারে। কিন্তু এই সকল ঘটনা অতি

বিরল অবস্থায় লক্ষিত হইয়া থাকে। পিচকারী দেওয়ার পূর্ব্বে, ইথার স্প্রেযন্ত্র-দ্বারা চর্ম্ম অসাড় করার পর ইনজেক্শন্ প্রয়োগ করিলে জ্বালা হয় না।

এই সকল পিচকারী এক্ষনে ফেসিয়্যাল-নিউর‍্যালজিয়া, সায়েটিকা, লাম্বেগো, বিলিয়ারি কিম্বা রিন্যাল্-ক্যালকিউলাই বহির্গমনকালে, ক্যান্সার্ এবং অন্যান্য যন্ত্রণাদায়ক পীড়ায় যন্ত্রণা উপশম জন্য সচরাচর বহুল পরিমাণে ব্যবহৃত হইয়া থাকে; ইহা ব্যবহারে ক্ষণিক বা চিরস্থায়ীরূপে বেদনা উপশমিত হয়।

প্রথমবার এইরূপে ইন্জেকশন্ ব্যবহারের সময় সতর্ক হইতে হইবে, কারণ ইহা ব্যবহারে বমন হয় এবং হার্টের অবসাদ জন্য পতনাবস্থা উৎপাদিত হইয়া মৃত্যু পর্য্যন্ত হইতে পারে। প্রথমতঃ উক্ত ঔষধ ⅙ গ্রেণের অধিক পিচকারী-দ্বারা ব্যবহার করা অনুচিত; এক ভাগ মর্ফাইনের সহিত ⅒ ভাগ এট্রোপিন্ যোগ করিয়া পিচকারী ব্যবহার করিলে উপরোক্ত কুফল হওয়ার আশঙ্কা থাকেনা। ইন্জেকশিও মর্ফাইনি হাইপোডার্ম্মিকা (Injectio Morphinæ Hypodermica) ত্বগন্তর্গত পিচকারীজন্য ব্যবহৃত হয়। ইহা স্মরণ রাখা উচিত যে, সেবন অপেক্ষা উপরোক্ত ইন্জেক্শন্ দ্বারা মর্ফাইন্ ত্রিগুণ বলের সহিত কার্য্য করিয়া থাকে।

লাইকর্ মর্ফাইনি হাইড্রোক্লোরেটিস্ অথবা লাইকর্ মর্ফাইনি এসিটেটিস্ আভ্যন্তরিক প্রয়োগে উৎকৃষ্ট ফলদায়ক, বৃটিশ ফার্ম্মাকোপিয়ায় মর্ফাইনি-সাল্ফাস্ এবং লাইকর্ মর্ফাইনি বাইমিকোনেটিস্ এখন গৃহীত হইয়াছে। মর্ফিয়ার অন্য অন্য প্রয়োগরূপ সহ্য না হইলে লাইকর্ মর্ফাইনি বাইমি-কোনেটিস্ সহ্য হইয়া থাকে।

ইহার অন্যান্য এল্‌কেলয়েডস্ (Alkaloids) উপক্ষার।

(১) কোডিইনা বা কোডিয়া (Codeina or codeia)—ইহা, কোন মাদক গুণ প্রযুক্ত ব্যবহৃত হয়না কিন্তু কিড্‌নির নানাবিধ বেদনাযুক্ত পীড়াতে, বেদনা উপশম জন্য ব্যবহৃত হইলে স্নিগ্ধকর ক্রিয়া প্রকাশকরে। ইহা, ডায়েবিটিস্ (বহুমুত্র) রোগে বিশেষ উপকারী ঔষধ। ইহা ব্যবহারে মূত্রের শর্করার পরিমাণ কমহয় এবং কোন কোন অবস্থায় রোগের গতি বন্ধ হইয়া থাকে। অধিক মাত্রায় ব্যবহার করিলে অহিফেণের ন্যায় ইহাতে নেশা

হয়না বলিয়া ইহা উক্ত রোগে ব্যবহার্য্য। যেপর্য্যন্ত ক্রিমানি নাজন্মে কিম্বা মূত্রের শর্করা অদৃশ্য নাহয় সেইপর্য্যন্ত ইহা ½ হইতে ২ গ্রেণ মাত্রায় দিবসে ৩ বার ব্যবহার করা যায়।

(২) নার্সিন্ (Narceine)—মর্ফিয়া অপেক্ষা ইহার ⅐ অংশ মাত্র মাদক গুণ আছে; ঔষধার্থে কখনই ব্যবহার করা হয়না।

(৩) থিবিয়া (Thebaia)—ইহা উত্তেজক, ইহার ১ গ্রেণ ব্যবহারে ধনুষ্টঙ্কারের ন্যায় আক্ষেপ হইতে দেখা যায়।

(৪) নার্কটিনা (Narcotina)—ইহা বলকারক, পর্য্যায়নিবারক। ইহার মাদকতা গুণ নাই। ½ হইতে ১ গ্রেণ মাত্রায় বলকারক, ২—৫ গ্রেণ মাত্রায় পর্য্যায়নিবারক, দিবসে ৩ বার সেব্য। জলমিশ্রিত হাইড্রোক্লোরিক্ কিম্বা সাল্‌ফিউরিক্ এসিড্ সহযোগে ইণ্টারমিটেণ্ট্-জ্বরে দিবসে ৩ বার ব্যবহৃত হয়। ডিবিলিটি বা দুর্ব্বলতা বিশেষতঃ অধিকদিন স্তন্যদানের পর ও জ্বরীয় এবং প্রদাহিক পীড়ার দুর্ব্বলতাবস্থায় কখন কখন ব্যবহৃত হয়।

(৫) প্যাপেভারিন্ (Papaverine) মাদক, ঔষধার্থে ব্যবহৃত হয়না।

(৬) মিকনাইন্ (Meconine) অল্পমাদক, ঔষধার্থে ব্যবহৃত হয়না।

(৭) এপোমর্ফাইন্ (Apomorphine) প্রবল বমনকারক, নানাপ্রকার বিষাক্ততার রোগী গলাধঃকরণ করিতে অসমর্থ হইলে ইহা ত্বগন্তর্গত পিচকারী-দ্বারা ব্যবহৃত হইলে আশু বমন হইয়া থাকে।

ইহার মাত্রা—$\frac{1}{10}$ গ্রেণ।

ল্যাটিন্	ইংরেজী
ক্লোর‍্যাল্ হাইড্রাস্।	হাইড্রেট্ অব্ ক্লোর‍্যাল্।
Chloral Hydras.	Hydrate of Chloral.

মাত্রা—৫—৩০ গ্রেণ।

প্রয়োগরূপ—

সিরাপাস্ ক্লোর‍্যাল্।	সিরাপ্ অব্ ক্লোর‍্যাল্।
Syrupus Chloral.	Syrup of Chlora

ইহার প্রত্যেক ড্রামে ১০ গ্রেণ হাইড্রেট্ অব্ ক্লোর‍্যাল্ আছে।

মাত্রা—½—২ ড্রাম।

ফিজিওলজিক্যাল্ ক্রিয়া—শশকের শিরায়, ক্লোর্যাল্-হাইড্রাস্ ইন্জেক্শন্-দ্বারা ব্যবহার করিলে তাহার গভীর নিদ্রা এবং মাংসপেশীদিগের সম্পূর্ণ শৈথিল্যাবস্থা, রক্তের চাপের ন্যূনতা, ত্বগন্তর্গত ক্ষুদ্র ক্ষুদ্র নাড়ীর প্রসারণ এবং শারীরিক উত্তাপের লাঘব হইয়া থাকে। মেডেলা-অব্লঙ্গেটাস্থিত শ্বাস-প্রশ্বাস-কেন্দ্রে ইহার ক্রিয়া হওয়াতে সম্ভবতঃ শ্বাস-প্রশ্বাসের গতি মন্দীভূত হয়; অবশেষে হার্টের ইন্‌ট্রিন্‌জিক্-মোটার—গ্যাংগ্লিয়ার পক্ষাঘাত বশতঃ ইহার ক্রিয়া অবসাদিত হইয়া থাকে। স্পাইন্যাল্-কর্ডের প্রত্যাবর্ত্তন-ক্রিয়া ন্যূন ও অবশেষে বিলুপ্তহয়। পেরিফির্যাল্-মোটার-স্নায়ুসকলের পক্ষাঘাত হয়না। মস্তিষ্ক সম্বন্ধীয় ক্রিয়া-সকলও ইহাদ্বারা আক্রান্ত হইয়া থাকে। কার্ডিয়্যাক্-সিন্‌কোপ্ বশতঃ মৃত্যু ঘটিতে পারে।

থিরাপিউটিক্যাল্ ব্যবহার-বাহ্যিক প্রয়োগে ক্লোর্যাল্, সিডেটিভ্, এনিস্থেটিক্ এবং এণ্টিস্প্যাজ্‌মডিক্; এইজন্য নিমিত্ত ইহা নিউর্যাল্‌জিয়া ইত্যাদি ব্যাধিতে প্রয়োগকরা যায়। কেরিজ বশতঃ দন্তশূল হইলে কয়েক গ্রেণ ক্লোর্যাল্ আক্রান্ত দন্তগহ্বরে প্রয়োগ করিলে বেদনা উপশমিত হইয়া থাকে। ইহা ক্যাম্ফার্ সহযোগে ব্যবহার করিলে আরও উপকার দর্শে।

ইহা নিম্নলিখিতরূপে ঔষধ স্বরূপে প্রধানতঃ ব্যবহৃত হয়।

(১) ইহার সুনিদ্রা উৎপাদনের ক্ষমতা আছে বলিয়া উত্তম হিপ্‌নটিক্ বা নিদ্রাকারক ঔষধরূপে পরিগণিত। সুস্থশরীরে ৩০ গ্রেণ ক্লোর্যাল্ সেবন করাইলে ½ হইতে ¼ ঘণ্টা মধ্যে কোনপ্রকার মস্তিষ্কীয় উত্তেজনা না জন্মিয়া সুনিদ্রা হইয়া থাকে; এবং ইহা সেবনান্তে অহিফেণের ন্যায় শিরঃপীড়া, বিবমিষা ও কোষ্ঠবদ্ধ ইত্যাদি কিছুই লক্ষণ লক্ষিত হয়না। এরূপ মাত্রায় ব্যবহার করিলে শ্বাস-প্রশ্বাস কিম্বা নাড়ীর গতির ব্যতিক্রম ঘটেনা।

(২) এনোডাইন্ (বেদনানিবারক) ক্রিয়া সম্বন্ধে ইহা, ওপিয়াম্ কিম্বা মর্ফাইন্ অপেক্ষা অধিক নিকৃষ্ট। ডাং প্লেফেয়ার প্রসবকালে অস্-ইউটিরাই বা জরায়ুমুখ সম্পূর্ণ প্রসারিত হওয়ার পূর্ব্বে, গর্ভ-যন্ত্রনা নিবারণ জন্ম ১৫ গ্রেণ মাত্রায় ক্লোর্যাল্-হাইড্রেট্ ২০ মিনিট অন্তর আবশ্যকমত ৩। ৪ বার ব্যবহার করিতে বলেন। ইহা ব্যবহারে যতক্ষণ প্রসূতির নিদ্রা থাকে, ততক্ষণ বেদনা অনুভূত হয়না; কিন্তু নিদ্রা ভঙ্গ হইলে পুনরায় বেদনা অনুমিত হইয়া থাকে।

নিদ্রা নাহইলে ইহাদ্বারা কচিৎ বেদনা উপশমিত হয়। প্রসবকালে ১ ড্রামের অধিক ব্যবহার করা নিষিদ্ধ।

(৩) ডিলিরিয়াম্-ট্রিমেন্স্ (Delirium tremens), একিউট্ মেনিয়া (Acute mania) এবং প্রবল কোরিয়া (Chorea) ইত্যাদি রোগে এজিটেশন্ বা অস্থিরতা উপশম জন্ম ইহা সাদরে ব্যবহৃত হয়।

(৪) টেটেনাস্ (Tetanus) বা ধনুষ্টঙ্কার রোগে এবং ষ্ট্রীক্‌নিয়াদ্বারা বিষাক্ত হইলে, ক্লোর‍্যাল্, মাংসপেশীদিগের আক্ষেপ-শিথিলকরণার্থ ব্যবহৃত হইয়া থাকে। ক্লোর‍্যালের উল্লিখিতরূপ ক্রিয়াদ্বারা অনেক পূর্ব্বোক্ত-রোগাভিভূত রোগী আরোগ্যলাভ করিয়াছে. যদিও ইহা ব্যবহারে রোগী একবারে আরোগ্য লাভ নাকরে তথাপি নিশ্চয়ই রোগের উপশম হইয়া থাকে। ব্রোমাইড্ অব্ পটাশিয়ামের সঙ্গে ইহা সচরাচর ব্যবহৃত হয়।

(৫) ইউরিমিয়া-গ্রস্ত রোগী, অত্যল্পবয়স্ক শিশু এবং কণ্টিনিউড্-ফিবার বা একাজ্বরের কোন কোন অবস্থায় যখন অহিফেণ বা অহিফেণঘটিত ঔষধ অব্যবহার্য্য তখন ক্লোর‍্যাল্ বিশেষ উপকারী।

(৬) থাইসিস্ রোগে রাত্রিতে অস্থিরতা ও ঘর্ম্ম হইলে ইহা ব্যবহারে নিবারিত হইয়া থাকে। ইহা ব্যবহারে পরিপোষণ ক্রিয়ার কোন ব্যাঘাত হয়না।

(৭) এজ্‌মা (Asthma), হুপিং-কফ, কোরিয়া (Chorea) ইত্যাদি আক্ষেপজনক রোগে ইহাদ্বারা সুফল পাওয়া যায়। ইন্‌কন্‌টিনেন্স্ অব্ ইউরিন্ (Incontinence of Urine) এবং প্রসবের পর বেদনা উপশম জন্মও ইহা ব্যবহৃত হইয়া থাকে।

শিশুদের কন্‌ভাল্‌শন্ (Convulsion) বা তর্‌কা রোগে ক্লোর‍্যাল্ অতি সাদরে ব্যবহৃত হয়। পিউয়ারপিরাল্-কন্‌ভল্‌শন্ বা সূতকাক্ষেত্রজ-আক্ষেপ রোগে ক্লোর‍্যাল্ মহৌষধ। ডাঃ প্লেফেয়ার (Dr. Playfair) ইহা ২০ গ্রেণ মাত্রায়, ৩০ গ্রেণ ব্রোমাইড্ অব্ পটাশিয়াম্ সহযোগে প্রতি ৪।৬ ঘণ্টা অন্তর ব্যবহার করিতে পরামর্শ দেন। রোগী গলাধঃকরণ করিতে নাপারিলে ক্লোর‍্যাল্ এনিমা আকারে সরলান্ত্রে ব্যবহার করা যাইতে পারে। পিউয়ারপিরাল্-মেনিয়া (সূতিকাক্ষেত্রজ উন্মাদ) রোগে ক্লোর‍্যালের ন্যায় আর ঔষধ-

নাই। ইহা উপরোক্ত প্রকারে ব্রোমাইড্ অব্ পটাশিয়াম্ সহযোগে ব্যবস্থা করিলে আরও অধিক উপকার দর্শে।

পাকাশয়ের উত্তেজনা বশতঃ অথবা গর্ভাবস্থায় বমননিবারণ জন্য ক্লোর্যাল্ উপকারী। সি—সিক্‌নেস্ বা সমুদ্রযাত্রীদের বমননিবারণ জন্য ইহা ব্যবহার্য্য।

ডাং আর্ হল্ কলেরা-রোগের কোল্যাপ্‌স্-অবস্থায় ১০ গ্রেণ ক্লোর্যাল্ ১০০ মিনিম্ জলে দ্রব করতঃ হাইপোডার্ম্মিক্-পিচকারীদ্বারা বাহুতে চর্ম্মের নিম্নে ৩।৪ স্থানে ব্যবহার করিতে আদেশ করেন।

গণোরিয়া এবং গ্লিট্ রোগে ১ ভাগ ক্লোর্যাল্ ১০০ ভাগ জলে দ্রব করিয়া পিচকারীদ্বারা মূত্রনালীতে ব্যবহার করিলে উপকাব হইতে পারে।

ট্রিস্‌মাস্-নিওনেটোরাম্ (Trismus neonatorum) বা শিশুদিগের ধনুষ্টঙ্কার রোগে, ১।২ গ্রেণ মাত্রায় ক্লোর্যাল্ প্রত্যেক ফিটের (আক্রমণের) প্রারম্ভে ব্যবহারে বিশেষ উপকার হইয়া থাকে। শিশু গলাধঃকরণ করিতে অক্ষম হইলে ২।৪ গ্রেণ ক্লোর্যাল্ সরলান্ত্রে পিচকারীদ্বারা ব্যবহার করা যাইতে পারে।

বিষময়ফল—কখন কখন পূর্ণ মাত্রায় ক্লোর্যাল্ সেবনে হৃদ্‌পিণ্ডের অবসাদ হইয়া বমন, দুর্ব্বলতা, অনিয়মিত নাড়ী, অঙ্গ-প্রত্যঙ্গ ঠাণ্ডা এবং শরীর ফ্যাক্‌সেবর্ণ ও নীলাভ ইত্যাদি বিপদজনক লক্ষণ উপস্থিত হইয়া মূর্চ্ছা জন্মে, অনেক স্থলে মৃত্যুও ঘটিতে পারে।

এই ঔষধ ব্যবহারে নিদ্রা নাজন্মিলে প্রবল উত্তেজনা হইয়া থাকে। এই ঔষধ সেবন করিলে কখন কখন শরীরে আর্টিকেরিয়ার (Urticaria) ন্যায় ইরাপ্‌সন্ বহির্গত হয়।

হৃদ্‌পিণ্ড কিম্বা ধমনীর পীড়া বিদ্যমান অথবা শ্বাসনলী (ব্রঙ্কাই) শ্লেষ্মা দ্বারা পরিপূরিত থাকিলে ইহা সাবধানে ব্যবহার করিতে হইবে। যদিও প্রত্যহ ক্লোর্যাল্ সেবনের অভ্যাস বশতঃ, অহিফেণঅপেক্ষা পরিপোষণ-ক্রিয়ার ব্যাঘাত কম হয় তথাপি ইহাদ্বারা মেলন্‌কলি বা বিষাদোন্মাদ, মন ও মাংসপেশীর দুর্ব্বলতা, অনিদ্রা ইত্যাদি কুফল ঘটিয়া থাকে। ক্লোর্যাল্, ষ্ট্রিক্‌নাইন্, ফাইজস্টিগ্‌মাইন্, এবং পাইক্রোটক্সিনের বিষয়।

ক্লোর‍্যাল হাইড্রেট কখনই ত্বগন্তর্গত পিচকারী দ্বারা ব্যবহার করিবেনা, কারণ ইহা চর্ম্মকে অত্যন্ত উত্তেজিত করে। সিরাপ্ অব্ অরেঞ্জ-পিল্ কিম্বা-সিরাপ অব্ টলুর সহিত ক্লোর‍্যাল্ হাইড্রেট্ ব্যবস্থা করিলে ইহার অরুচিকর গন্ধ গোপনভাবে রাখাযায় এবং সুস্বাদ হইয়া থাকে।

SLEEPING DRAUGHT.

℞

Chloral Hydratis gr. xx
Syrupi Aurantii ʒi
Aqua Menth Pip. ad ℥ii

M. ft. draught. To be given an hour before sleep.

ANTIDOTES.

বিষঘ্ন।

ক্লোর‍্যালদ্বারা বিষাক্ত হইলে যাহাতে মৃত্যু না হয় তজ্জন্য বিশেষ চেষ্টা করিতে হইবে। হৃদ্‌পিণ্ডের ক্রিয়া উত্তেজিত করণার্থ উষ্ণতা ও উত্তেজক ঔষধ ব্যবস্থা; শ্বাসক্রিয়া বৃদ্ধি করিবার জন্য চর্ম্মের উত্তেজনা, গ্যাল্‌ভানিজম্ প্রয়োগ ও কাল্পনিক শ্বাস-প্রশ্বাসক্রিয়া; শরীরকে উত্তপ্তকরণার্থ উষ্ণ দ্রব্য প্রয়োগ এবং এট্রোপিয়া অথবা ষ্ট্রিক্‌নিয়া ফিজিওলজিকাল্ বিষঘ্ন স্বরূপ ব্যবহার করিবে।

বিউটাইল্-ক্লোর‍্যাল্ হাইড্রাস্। হাইড্রেট্ অব্ বিউটাইল্-ক্লোর‍্যাল্।

Butyl-Chloral Hydras. Hydrate of Butyl-Chloral.

ইহাকে ক্রোটন ক্লোর‍্যাল্ হাইড্রেট্ বলে।

মাত্রা—১—৫ গ্রেণ বেদনানিবারক। ৫—১৫ গ্রেণ নিদ্রাকারক।

সিরাপ্ অব্ টলুসহযোগে ব্যবস্থা করিলে ইহার বিস্বাদ দূরীভূত হইয়া থাকে।

ক্রিয়া—হিপ্‌নটিক্ এবং এনিস্থেটিক্।

ইহার ক্রিয়া হাইড্রেট্ অব্ ক্লোর‍্যালের ন্যায় কিন্তু তত প্রবল নয়; হার্টের উপর কম অবসাদক ক্রিয়া প্রকাশ করিয়া থাকে; এজন্য হার্ট-ডিজিজে (হৃদ্-

পিত্তের ব্যাধিতে) যখন হাইড্রেট্ অব্ ক্লোর‍্যাল্ অব্যবহার্য্য তখন ইহা ব্যবহেয়। কেহ কেহ বলেন যে ইহা বিশেষরূপে ৫ম যুগল-স্নায়ুর উপর ক্রিয়া প্রকাশ করিয়া থাকে। এতন্নিবন্ধন ইহা উক্ত স্নায়ুর নানাপ্রকার নিউর‍্যাল্‌জিয়া বা স্নায়ুশূলে ২।৩ গ্রেণ মাত্রায় ব্যবহার করিলে বিশেষ ফল পাওয়া যায়। আক্ষেপ-জনক ও উত্তেজক কাশি এবং যক্ষ্মাকাশজনিত রাত্রের ঘর্ম্মনিবারণার্থ বিশেষ উপকারী। টিক্-ডলোরোঁ (Tic douloureux), মাইগ্রেণ (Migraine) এবং মস্তক ও মুখের অন্যান্য প্রকার স্নায়ুশূলে ইহা উৎকৃষ্ট ঔষধ। ক্রোটন্-ক্লোর‍্যাল্ এবং কুইনাইন্ প্রত্যেকের ২ গ্রেণ, প্রয়োজনানুরূপ গ্লিশিরিণ্ একত্র মিশ্রিত করিয়া বটিকা প্রস্তুত করিয়া দিবসে ৩ বার ব্যবহার করিলে উপকার হইয়া থাকে।

ল্যাটিন্।	ইংরেজী।
ক্যানেবিস্ ইণ্ডিকা।	ইণ্ডিয়েন্ হেম্প্।
Cannabis Indica.	Indian Hemp.

ক্যানেবিস্-সেটাইভা নামক স্ত্রীবৃক্ষের শুষ্ক মঞ্জরী ও শাখাগ্র (যাহা হইতে রেজিন্ গৃহীত হয়নাই) তাহাকে গাঁজা কহে। ইহার পাতা, তরুণ শাখাগ্র এবং মঞ্জরী হইতে যে ধুনাবৎ রস নিঃসৃত হয় তাহাকে চরস বলে। এবং এই বৃক্ষের বৃহত্তর পত্র এবং ক্যাপ্‌সিউলকে (capsule) সিদ্ধি, ভাং বা সবজী কহে।

প্রয়োগরূপ—

ল্যাটিন্।	ইংরেজী।
(১) এক্‌ষ্ট্রাক্টাম্ ক্যানেবিস্ ইণ্ডিসি।	এক্‌ষ্ট্রাক্ট্ অব্ ইণ্ডিয়েন্ হেম্প্।
Extractum Cannabis Indicæ.	Extract of Indian Hemp.
মাত্রা—¼—১ গ্রেণ।	
(১) টিংচুরা ক্যানেবিস্ ইণ্ডিসি।	টিংচার্ অব্ ইণ্ডিয়েন্ হেম্প্।
Tinctura Cannabis Indicæ.	Tincture of Indian Hemp.

ইহার প্রায় এক আউন্সে ২২ গ্রেণ এক্‌ষ্ট্রাক্ট্ অব্ ইণ্ডিয়েন্ হেম্প্ আছে।

মাত্রা—৫—৩০ মিনিম।

ক্রিয়া—Indian Hemp সেবন করিলে প্রথমে একপ্রকার নেশা ও মনে স্ফূর্ত্তি, Hallucination বা বিভ্রম এবং আমোদ জন্মে, তৎপর নিদ্রা ও

বিমনি হয়। বেদনা নিবারণ ও নিদ্রা-আনয়নার্থ ইহা অহিফেনের ন্যায়, কিন্তু ইহার শেষ ফল তত সন্তোষজনক নহে। ইহাতে কোষ্ঠবদ্ধ অথবা ক্ষুধা-মান্দ্য হয় না।

ইহা আক্ষেপ ও বেদনানিবারক বলিয়া সচরাচর ঔষধার্থে ব্যবহৃত হয়। নানাপ্রকার নিউর‍্যালজিয়া (Neuralgia), পার্টাসিস্, এজ্‌মা আদি স্প্যাজ্-মডিক্-কফ্ (Spasmodic cough), টেটেনাস্ (Tetanus), হাইড্রো-ফোবিয়া (Hydrophobia) এবং অন্যান্য আক্ষেপ ও বেদনাজনক পীড়াতে ব্যবহৃত হয়। টেটেনাস্ রোগে (Tetanus) ইহার টিংচার্ ২০ মিনিম বা ততোধিক মাত্রায় প্রত্যেক দুই অথবা ৩ ঘণ্টা অন্তর ব্যবহার করিলে বেশ ফল পাওয়া যায়। কেহ কেহ বলেন যে, ১৫ গ্রেণ গাঁজা (Gunjah) একাকী বা ৩০ গ্রেণ শুষ্ক তাম্রকূট সহিত মিশ্রিত করিয়া তামাকের ন্যায় ফিটের সময় ধূম পান করিলে বেশ উপকার দর্শে। কখন কখন অতি বিরল অবস্থায় ক্যানে-বিস্ নিদ্রা আনয়ন জন্য ব্যবহৃত হয়। কিন্তু এ্যানোডাইন্ (Anodyne) এবং এণ্টিস্প্যাজ্‌মডিক্ (Antispasmodic) স্বরূপ সর্ব্বদা ব্যবহৃত হইয়া থাকে।

জরায়ু সঙ্কোচন জন্য ইহা কখন কখন দীর্ঘসূত্রী-প্রসবে ব্যবহার করিলে উপকার হয়। ডিস্‌মেনোরিয়া বা কষ্টরজঃ এবং আসন্ন-গর্ভস্রাবে ব্যবহৃত হইয়া থাকে। মেনোরেজিয়া এবং অন্যান্য প্রকার জরায়ুর-রক্তস্রাবে টিংচার্ অব্ হেম্প্ ৫।১০ ফোটা ব্যাবহার করিলে বিশেষ উপকার দর্শে। ডাঃ ক্রিষ্টিশন্ Dr. Christison বলেন যে প্রবল হৃদ্‌কম্প (Palpitation of the heart) রোগে অন্যকোন ঔষধ দ্বারা উপকার না হইলে ইহা ব্যবহারে উপশমিত হইয়া থাকে। Sciatica এবং অনান্য প্রকার স্নায়ুশূল (Neuralgia) রোগে ক্যানে-বিস্ উপকারক,কিন্তু মর্ফিয়া ও এট্রোপিয়া (Morphia and Atropia) অপেক্ষা নিকৃষ্ট; ইহার এক্‌ষ্ট্রাক্ট্ (Extract) $\frac{1}{2}$ হইতে ১ গ্রেণ মাত্রায়, বিশেষতঃ মাইগ্রেণ (Migraine) রোগে ব্যবস্থা করিলে বিশেষ উপকার হইয়া থাকে।

স্পিরিট্-এমোনিয়া-এরোমেটিক্ আদি এল্‌কেলাইন্ (ক্ষারীয়) তরল পদার্থের সহিত মিশ্রিত করিলে ইহা দ্রব হয় বটে কিন্তু ক্যানেবিষের গুণ নষ্ট হইয়া থাকে।

ইহার টিংচার্ জলে নিক্ষেপ করিলে তাহা ঘোলা হয়, কারণ তৎস্থিত রেজিন্ অধঃস্থ হইয়া থাকে, এজন্য ইহা মিউসিলেজের সহিত দেওয়া উচিত।

ক্যানেবিন্ ট্যানাস্। ক্যানেবিন্ ট্যানেট্।

Cannabin Tannas. Cannabin Tannate.

মাত্রা—৩—১০ গ্রেণ। ইহা মিসিরিণ্ অব্ ট্র্যাগাকান্থ সহযোগে বটিকাকারে ব্যবহার হয়।

ইন্‌সম্‌নিয়া (Insomnia) সামান্য প্রকার অনিদ্রা ও মেনোরেজিয়া বা রজাধিক্যে বিশেষউপকারী।

ক্যানাবিনা

Cannabina—ইহা ক্যানেবিষের Alkaloid বা উপক্ষার। মাত্রা ১—৫ গ্রেণ প্রতি দিন বিভাজিত মাত্রায়।

ক্যানাবিনন্।

Cannabinon.

মাত্রা—½—১ গ্রেণ।

মেনিয়া (উন্মাদ), হিষ্টিরিয়া এবং অনিদ্রায় ইহা সিডেটিভ্ (অবসাদক) স্বরূপ ব্যবহৃত হয়।

ল্যাটিন্।	ইংরেজী।
বেলাডোনি ফোলিয়া।	বেলাডোনা লিভস্।
Belladonnæ Folia.	Belladonna Leaves.

এট্রোপা-বেলাডোনা নামক বৃক্ষের সরস বা শুষ্ক পত্র ও তরুণ শাখা।

বেলাডোনার ফিজিওলজিক্যাল্ ক্রিয়া তন্মধ্যস্থ এট্রোপাইন্ নামক উপক্ষারের উপর বিশেষ নির্ভর করে।

প্রয়োগরূপ—

(১) এক্‌ষ্ট্রাক্টম্ বেলাডোনি। এক্‌ষ্ট্রাক্ট্ অব্ বেলাডোনা।

Extractum Belladonnæ. Extract of Belladonna.

মাত্রা—¼—১ গ্রেণ।

(২) সাক্কাস্ বেলাডোনি। জুস্ অব্ বেলাডোনা।

Succus Belladonnæ. Juice of Belladonna.

মাত্রা—৫—১৫ মিনিম।

(৩) টিংচুরা বেলাডোনি। টিংচার্ অব্ বেলাডোনা।

Tinctura Belladonnæ. Tincture of Belladonna.

মাত্রা—৫—৩০ মিনিম। ইহার প্রায় একপাইণ্টে ১ আউন্স শুষ্ক বেলাডোনা আছে।

বেলাডোনি রেডিক্স্। বেলাডোনা রুট্।

Belladonnæ Radix. Belladonna Root.

এট্রোপা-বেলাডোনা নামক বৃক্ষের মূল।

প্রয়োগরূপ—

(১) এট্রোপিনা। এট্রোপাইন্।

Atropina. Atropine.

মাত্রা—১/২০০—১/৬০—গ্রেণ। ইহা কচিৎ আভ্যন্তরিক ব্যবহৃত হয়।

(২) লিনিমেণ্টাম্ বেলাডোনি। লিনিমেণ্ট্ অব্ বেলাডোনা।

Linimentum Belladonnæ. Liniment of Belladonna.

(৩) এক্‌ষ্ট্রাক্টাম্ বেলাডোনি এল্‌কোহলিকাম্। এল্‌কোহলিক্ এক্‌ষ্ট্রাক্ট্ অব্ বেলাডোনা।

Extractum Belladonnæ Alcoholicum. Alcoholic Extract of Belladonna.

মাত্রা—১/১৬—১/৪ গ্রেণ।

(৪) এম্‌প্লাষ্ট্রাম্ বেলাডোনি। বেলাডোনা প্লাষ্টার্।

Emplastrum Belladonnæ. Belladonna Plaster.

(৫) আঙ্গুয়েণ্টাম বেলাডোনি। অয়েণ্ট্‌মেণ্ট্ অব্ বেলাডোনা।

Unguentum Belladonnæ. Ointment of Belladonna.

এট্রোপাইনের প্রয়োগরূপ—

(১) আঙ্গুয়েণ্টাম্ এট্রোপাইনি। অয়েণ্ট্‌মেণ্ট্ অব্ এট্রোপাইন।

Unguentum Atropinæ. Ointment of Atropine.

(২) এট্রোপাইনি সাল্‌ফাস্। সাল্‌ফেট্ অব্ এট্রোপাইন্।

Atropinæ Sulphas. Sulphate of Atropine.

মাত্রা—১/২০০—১/১০০ গ্রেণ।

(১) লাইকর্ এট্রোপাইনি সাল্‌ফেটিস্। সলিউন্ অব্ সাল্‌ফেট্ অব্ এট্রোপাইন্।

Liquor Atropinæ Sulphatis. Solution of Sulphate of Atropine.

মাত্রা—১—৪ মিনিম। ইহাতে শতকরা ১ ভাগ সাল্‌ফেট্ অব্ এট্রোপাইন্ আছে।

(১) ল্যামেলি এট্রোপাইনি। ডিস্কস্ অব্ এট্রোপাইন্।

Lamellæ Atropinæ. Discs. of Atropine,

প্রত্যেক চাক্তিতে $\frac{1}{5000}$ গ্রেণ সাল্‌ফেট্ অব্ এট্রোপাইন্ আছে।

LOCAL ACTION AND USES.

স্থানিক ক্রিয়া ও ব্যবহার।

ইহা সেন্‌সরি-নার্ভের (জ্ঞানজনন-স্নায়ুর) শেষসী-মাকে অবসন্ন করে বলিয়া স্থানিক স্পর্শহারক এবং বেদনানিবারক রূপে পরিগণিত। রক্তবাহ-নাড়ী সকল প্রথমতঃ কিয়ৎপরিমাণে সঙ্কোচিত তৎপর শিথিলহইয়া থাকে এবং যে সকল গতিজনন-স্নায়ুসূত্র মাংসপেশীতে পর্য্যবসিত হইয়াছে তাহাদের ক্রিয়ার লাঘব হয়।

সিউডরিপেরাস্ (Sudoriparous) বা ঘর্ম্মনিঃসারক গ্রন্থি এবং ম্যামারি গ্ল্যাণ্ডস্ (স্তনের) বিশেষ প্রকার স্নায়ুদিগের শেষসীমা উপরোক্ত প্রকারে অবসন্ন হয়, এজন্য উক্ত ঔষধ যথাক্রমে স্তনে ও চর্ম্মে প্রযুক্তহইলে দুগ্ধ ও ঘর্ম্ম বন্ধ হইয়া থাকে; বেলাডোনা-লিনিমেণ্ট, প্লাষ্টার্ কিম্বা অয়েণ্টমেণ্ট এবং অতি বিরল অবস্থায় এট্রোপিন্, অয়েণ্টমেণ্ট্ আকারে, মাস্‌কিউলার-রিউমেটিজম্ (Rheumatism) ও নিউর্যাল্‌জিয়ার (Neuralgia) বেদনা এবং আক্ষেপ উপশমেরজন্য স্থানিক ব্যবহৃত হয়।

একিউট্-গাউট্ (Acute gout), বয়েলস্ (Boils), ইরিসিপেলাস্ (Erysipelas) এবং অন্যান্য অনিয়-প্রদাহে গ্লিশিরিণ্ অব্ বেলাডোনা (সমপরিমাণ গ্লিশিরিণ ও এক্‌ষ্ট্রাক্ট্ অব্ বেলাডোনা) বেদনানিবারক ও প্রদাহনাশক স্বরূপে প্রয়োগ করিলে বিশেষ উপকার দর্শিয়া থাকে।

প্রুরিটাস্ (Pruritus) চুলকানি এবং অন্যান্য প্রকার চর্ম্মরোগে কণ্ডূয়ণ উপশম জন্য ব্যবহৃত হইয়া থাকে। ইহার দুগ্ধ নিবারণ করিবার ক্ষমতা আছে বলিয়া ইহাকে এণ্টিগেল্যাক্‌টিগগ্‌ বলে।

INTERNAL ACTION.

আভ্যন্তরিক ক্রিয়া।

(১) On stomach (পাকাশয়ের উপর)—পাকাশয়ের উপর ইহার অল্প বেদনা নিবারক ক্রিয়া আছে বিধায় কোন কোন প্রকার গ্যাষ্ট্র্যাল্‌জিয়া (Gastralgia) এবং বমন উপশম জন্য ব্যবহৃত হইয়া থাক।

(২) On Blood (রক্তের উপর)—এট্রোপিন্ অতিসত্বর রক্তে প্রবেশ এবং তৎপর টিসুতে (বিধানে) গমণ করে, ইহা রক্তের কার্পাসকল্‌স্ বা রক্তের-কনিকাদিগকে রূপান্তরিত করেনা।

(৩) Specific Action (বিশেষপ্রকার ক্রিয়া)—এট্রোপিন্ নানাবিধ ইন্দ্রিয়ে দ্রুত প্রবেশ করিয়া বিশেষ প্রকার লক্ষণ প্রকাশ করে।

বেলাডোনার কোন প্রয়োগরূপ মধ্যবিৎ মাত্রায় সেবন করিলে কণ্ঠ শুষ্ক, গলাধঃকরণ করিতে ক্লেশ, কণীনিকা প্রসারিত এবং দৃষ্টিশক্তির বৈলক্ষণ্য হইতে দেখাযায়। সম্ভবতঃ অন্ত্র শিথিল, নাড়ীর সংখ্যা কম, চক্ষু এবং মুখ আরক্তিম এবং রোগী স্থিরভাবে দাঁড়াইতে পারেনা। অধিক মাত্রায় সেবন করিলে উপরোক্ত লক্ষণসকল বর্দ্ধিত হয়, কিন্তু নাড়ী চঞ্চল, অস্থিরতা বর্দ্ধিত, কখনবা কন্‌ভাল্‌শন্ (আক্ষেপ) হইতে পারে ; রোগী ডিলিরিয়াস্ অর্থাৎ প্রলাপ বকে। কোন কোন ক্ষতে কিম্বা বিদারিত-স্থানে উহা অসাবধানে প্রয়োগ করিলে কখন কখন উল্লিখিত লক্ষণ প্রকাশ পাইয়া থাকে।

Action on Brain (মস্তিষ্কের উপর)—ঔষধ মাত্রায় বেলাডোনা ব্যবহার করিলে প্রায়ই ডিলিরিয়াম্ হয়না। ইহা ব্যবহার করিলে জড়তা (Somnolence) বা নিদ্রারইচ্ছা, অচেতনতা ইত্যাদি মস্তিষ্কের অবসন্নতার লক্ষণ দৃষ্ট হয়।

Action on Spinal cord, (কসেরুকা-মজ্জার উপর)—ইহাতে প্রথমতঃ রিফ্লেক্স-ইরিটেবিলিটি (Reflex irritability) প্রত্যাবর্ত্তনক্রিয়া প্রথমতঃ

অল্পপরিমাণে বর্দ্ধিত হইয়া থাকে, এতদ্ব্যতীত উহার উপর বেলাডোনার অন্ত ক্রিয়া লক্ষিত হয়না।

মেডেলা-অবলঙ্গেটার উপর—শরীরে যে ৩টী প্রধান ভাইট্যাল্ সেণ্টারস্ (Vital Centres) জীবনীকেন্দ্র আছে তাহা ইহাদ্বারা বিশেষ প্রকারে আক্রান্ত হয়। রেস্‌পিরেটরি-সেণ্টার (Respiratory centre) শ্বাসকেন্দ্র ইহাদ্বারা প্রবল উত্তেজিত হয় বলিয়া বক্ষগহ্বরের-গতি অতিশয় চঞ্চল ও গভীর-তর হইতে দেখাযায়। বিষাক্ত-মাত্রায় শ্বাসপ্রশ্বাস-কেন্দ্রের পক্ষাঘাত হয়। কার্ডিয়্যাক্-সেণ্টার (Cardiac centre) হৃদ্‌পিণ্ডকেন্দ্র অল্প-সময়ের জন্য উত্তেজিত, অনন্তর অবসন্ন হয়। ভ্যাসোমোটার-সেণ্টার প্রথমতঃ উত্তেজিত তৎপর অবসাদিত হয়, এজন্য শরীরের ধমনীসকল সঙ্কোচিত এবং তাহাতে রক্তের-চাপ বৃদ্ধি হয়, অবশেষে ঐ সকল রক্তবাহ ধমনী শিথিল এবং রক্তেরচাপ কম হওয়াতে চর্ম্ম রক্তিমাকার দেখা যায়।

যখন অধিক মাত্রায় ব্যবহার করানাযায় তখন মোটার-নার্ভের ইরিটেবিলিটি (Irritability) উত্তেজনা-শক্তি অবসন্ন হয়, কিন্তু একেবারে তাহা বিলুপ্ত হয়না। ইহাদ্বরা ঐচ্ছিক-মাংসপেশী সকল আক্রান্ত হয়না। সেন্‌রি-নার্ভের অবসাদ হয় বলিয়া বেদনা নিবারিত বা উপশমিত হইয়া থাকে। তৃতীয় যুগল-স্নায়ুর অন্তসকল যাহা কনীনিকার স্ফিংটার-পেশীতে এবং সিলিয়ারি-মাসলে (মাংসপেশীতে) পর্য্যবসিত হয় তাহাদের পক্ষাঘাত হওয়া বশতঃ কনীনিকা প্রসারিত এবং দৃষ্টিশক্তির বৈলক্ষণ্য হইয়া থাকে। স্থানিক ক্রিয়া বশতঃ উপরোক্ত প্রকার কনীনিকার অবস্থা ঘটিয়া থাকে, সম্ভবতঃ সেই সময় সিম্প্যাথেটিক্-স্নায়ু (সহানুভৌতিকস্নায়ু) যাহা আইরিসের পরিধির সূত্রে পর্য্যবসিত হইয়াছে তাহারা অল্প পরিমাণে উত্তেজিত হইয়া থাকে। সাব্-ম্যাগজিলারি-গ্ল্যাণ্ড্‌সে (লালানিস্রাবক গ্রন্থিতে) কর্ডাটিম্পেনি নামক স্নায়ুর যে শেষ অন্ত পর্য্যবসিত হইয়াছে তাহা এট্রোপিন্ দ্বারা পক্ষাঘাতগ্রস্ত হয় বলিয়া লালাস্রাব বন্ধ এবং মুখ ও কণ্ঠনালী শুষ্ক হইয়া থাকে। ইহাদ্বরা মুখের মিউকাস্-গ্ল্যাণ্ড্‌স্ বা শ্লেষ্মাগ্রন্থি সকল ও পক্ষাঘাতগ্রস্ত হইয়া থাকে।

সোয়েট্-গ্ল্যাণ্ড্‌স্ বা ঘর্ম্মনিস্রাবক গ্রন্থি মধ্যে যেসকল সিউডোরিপেরাস্ (Sudoriparous) নামক স্নায়ুর অন্ত আছে, তাহা এট্রোপিন্ দ্বারা অবসাদিত

হয় বলিয়া ইহা প্রবল এন্‌হাইড্রোটিক্ Anhidrotic বা সর্ব্বশ্রেষ্ঠ ঘর্ম্মনিবারক ঔষধ; তৎসঙ্গে চর্ম্ম আরক্তিম এবং স্কার্লেটিনার ন্যায় লোহিতবর্ণ ইরাপ্‌শন্ বহির্গত হইতে দেখা যায়। (টেম্পারেচার্ (শারীরিক উত্তাপ) প্রথমতঃ বর্দ্ধিত তদনন্তর তাহার লাঘব হয়। ল্যাক্রিমেল্-স্নায়ুদিগের অন্ত-সকলের পক্ষাঘাত হয় বলিয়া ইহা প্রয়োগে দুগ্ধস্রাব বিদ্যমান থাকিলে বন্ধ হইয়া যায়।

নিমোগ্যাষ্ট্রিক্ স্নায়ু ও তাহার ইন্‌হিবিটরি শাখার শেষ অন্ত যাহা হৃদ্-পিণ্ডে পর্য্যবসিত হইয়াছে, তাহা এট্রপিন্‌দ্বারা পক্ষাঘাতগ্রস্ত হয় বলিয়া হার্টের ক্রিয়ার সংখ্যা ও বল বৃদ্ধি হয়। পরীক্ষাদ্বারা স্থিরীকৃত হইয়াছে যে, সিম্প্যা-থটিক্ (সহানুভৌতিক) স্নায়ু দ্বারা হৃদ্‌পিণ্ডের ক্রিয়া সর্ব্বদা দ্রুত হয়, কিন্তু নিমোগ্যাষ্ট্রিক স্নায়ুর ইন্‌হিবিটরি শাখার প্রভাবে হার্টের দ্রুতগতি মন্দীভূত হইয়া থাকে; এট্রোপিন্ ব্যবহারে নিমোগ্যাষ্ট্রিক্ স্নায়ুর ইন্‌হিবিটরি শাখা পক্ষাঘাতগ্রস্ত হওয়াতে উহার ক্রিয়ার সংখ্যা বৃদ্ধি হইয়া থাকে, কেহ কেহ বলেন এট্রপিন্ ব্যবহারে উক্ত ইন্‌হিবিটরি শাখা সর্ব্বপ্রথমে অল্প পরিমাণে উত্তেজিত হইয়া তৎপর অবসন্ন হয়। তজ্জন্য প্রথমে হার্ট মন্দগামী এবং ধামনিক্-চাপ বর্দ্ধিতহইয়া থাকে।

ব্রঙ্কিয়েল-টিউবে (শ্বাসনলীতে) ভেগাস্-স্নায়ুর যে সকল অন্ত আছে তাহা এট্রপিন্ দ্বারা অবসাদিত হয় বলিয়া শ্বাসনলীর মাংসপেশীময় আবরণ শিথিল হয়, এবং সহজে তন্মধ্যে বায়ু প্রবেশ করিতে পারে; এই কারনে ইহা আক্ষেপনিবারকের ন্যায় কার্য্য করে। শ্বাসনলীব সেই অংশে ভেগাস্-স্নায়ুর যে সকল এফারেণ্ট (স্নায়ু শাখা) আছে তাহাদের পক্ষাঘাত হওয়াতে তৎস্থানের (Sensibility) চেতনাশক্তি এবং (Reflex action) প্রত্যাবর্ত্তনক্রিয়া কম হয় বলিয়া শ্বাসকৃচ্ছ্র এবং কাশি উপশমিত হইয়া থাকে। অন্ত্রে স্প্ল্যাঙ্ক্‌নিক্ স্নায়ুর যে সকল ইন্‌হিবিটরি শাখা আছে তাহারা এট্রপিন্ দ্বারা অবসাদিত হওয়া প্রযুক্ত অন্ত্রের ক্রিমিবৎগতি বৃদ্ধি এবং কোষ্ঠ শুদ্ধি হইয়া থাকে।

বোধ হয় এট্রোপিন্ মূত্রনালী, মূত্রাশয় এবং ভেসিকিউলি-সেমিনেলিসের স্নায়ু সকলের অন্তের উপর কার্য্য করিয়া থাকে, এজন্য এট্রপিয়া কিম্বা বেলাডোনা অধিক মাত্রায় সেবন করিলে বারংবার মূত্রত্যাগের ইচ্ছা এবং কখন কখন প্রস্রাব ত্যাগের অক্ষমতা হইয়া থাকে।

বেলাডোনাদ্বারা শ্বাসপ্রশ্বাস এবং রক্তসঞ্চালন-ক্রিয়া বৃদ্ধি হওয়া প্রযুক্ত পোষণক্রিয়া এবং মূত্রাদি শারীরিক নিস্রাবণ বর্দ্ধিত হইয়া থাকে। সম্ভবতঃ বেলাডোনা ক্ষুদ্র ক্ষুদ্র রক্তবাহনাড়ীদিগকে স্নায়বীয় প্রভাবে এবং ক্ষুদ্র ক্ষুদ্র ধমনীদিগের মাংসপেশীরসূত্রদিগের উপর সাক্ষাৎসম্বন্ধে ক্রিয়াপ্রকাশপূর্ব্বক সঙ্কোচিত করিয়া থাকে।

ডাং রিঙ্গার বেলাডোনার ক্রিয়া সম্বন্ধে যে সংক্ষিপ্ত বিবরণ দিয়াছেন তাহা নিম্নে বিবৃত হইল।

(১) ইহা স্পাইন্যাল্-কর্ডকে উত্তেজিত এবং ইহার প্রত্যাবর্ত্তন-ক্রিয়া বর্দ্ধিত করে।

(২) শ্বাসপ্রশ্বাস-কেন্দ্র এবং হার্টের ইনহিবিটরি-সেণ্টারকে উত্তেজিত করিয়া থাকে।

(৩) ইহা হার্টের এক্সিলারেটার্ (Accelerator) দ্রুতকারক স্নায়ু কিম্বা ইহার কেন্দ্রকে উত্তেজিত করিয়া থাকে।

(৪) ইহা ভ্যাসোমোটার্-কেন্দ্রকে উত্তেজিত করে বলিয়া ধামনিক-চাপ বৃদ্ধি করিয়া থাকে।

(৫) ইহাদ্বারা প্রথমতঃ ট্রাঙ্কের মোটার-নার্ভস্ বা গতিজননী-স্নায়ু তৎপর শরীরস্থ অন্যান্য স্নায়ুদিগের পক্ষাঘাত হয়।

(৬) ভেগাস্-স্নায়ুর শেষ-অন্ত যাহা হার্টে ও লাংসে পর্য্যবসিত হইয়াছে তাহাদিগের পক্ষাঘাত জন্মাইয়া থাকে।

(৭) লালাস্রাবক এবং ঘর্ম্মনিঃসারক গ্রন্থিস্থিত সিক্রিটরি (স্রাবক) স্নায়ুদিগের অন্তসমূহের পক্ষাঘাত করে।

(৮) ইহা স্প্ল্যাঙ্‌নিক্ স্নায়ুদিগের ইন্‌হিবিটরি সূত্রদিগের শেষ-অন্তের পক্ষাঘাত উৎপাদন করে।

(৯) অধিক মাত্রায় এ্যাফারেণ্ট্-স্নায়ুদিগের ক্রিয়ার উপর সামান্যরূপে অবসাদ জন্মায়।

(১০) ইহা চক্ষুস্থিত মোটার-অকিউলিনামক স্নায়ুর শেষ-অন্ত, যাহা আই-

ব্রিস্ নামক গঠনে পর্য্যবসিত হইয়াছে তাহাদিগের পক্ষাঘাত এবং উক্ত স্থানে যে সহানুভৌতিক-স্নায়ু আছে তাহাদিগকে উত্তেজিত করিয়া কণীনিকা প্রসারিত করিয়া থাকে।

আময়িকপ্রয়োগ—বেলাডোনা এবং ইহার উপকার বেদনার উপশম, নিস্রাবণ দমন, প্রদাহিক অবস্থার লাঘব এবং চক্ষু-সম্বন্ধীয় পীড়াতে স্থানিক ব্যবহৃত হয়।

কোন কোন প্রকার হাইপারিস্থিসিয়া (Hyperæsthesia) এবং নিউ-র‍্যাল্জিয়া রোগে বিশেষতঃ যখন কশেরুকা-মজ্জার উত্তেজনা বশতঃ উল্লিখিত রোগদ্বয় উৎপাদিত হয় তখন বেলাডোনার প্লাষ্টার অথবা উহার ফোমেণ্টেশন্ ব্যবহার্য্য। প্লুরোডিনিয়া (Pleurodynia), মাইয়্যাল্জিয়া (Myalgia), লাম্বেগো (Lumbago) ইত্যাদি রোগে বেলাডোনা-লিনিমেণ্ট্ বা প্লাষ্টার ব্যবহার করিলে উপকার দর্শে।

স্ত্রীলোকদিগের স্তনে ইহা প্রয়োগ করিলে দুগ্ধস্রাব বন্ধ হয়; কোন কারণ বশতঃ স্তন লোহিত বর্ণ, বেদনাযুক্ত, স্ফীত এবং তথায় স্ফোটক হওয়ার সম্ভাবনা থাকিলে বেলাডোনা প্রয়োগে উত্তম ফল দর্শে। ইহার লিনিমেণ্ট্, সমপরিমাণ এক্‌ষ্ট্রাক্ট্ অব্ বেলাডোনা ও গ্লিশরিণ্ কিংবা ১ ড্রাম টিংচার্ অব্ বেলাডোনা এবং ১ আউন্স অলিভ্-অয়েল্ অথবা ২ ড্রাম লিনিমেণ্ট্ অব্ বেলাডোনা ১ আউন্স লার্ড্ বা চর্ব্বির সহিত মিশ্রিত করিয়া স্তনের বোঁটার চতুষ্পার্শে প্রয়োগ করিলে উপকার হয়। ইহাতে লিনিমেণ্ট্ বিশেষ উপকারক। উক্ত প্রদাহিত স্থানে এক্‌ষ্ট্রাক্ট্ অব্ বেলাডোনা প্রয়োগ করিলেও ফল দর্শিয়া থাকে।

গলদেশের লিম্ফ্যাটিক্-গ্রন্থিদিগের প্রদাহিক স্ফীতি, মাড়ির স্ফোটক বশতঃ লোয়ার-জর-প্রদাহ, বেদনাযুক্ত লিম্ফ্যাটিক্-গ্রন্থি এবং সিম্প্যাথেটিক্ বা সহানু-ভৌতিক বিউবোতে সমপরিমাণ এক্‌ষ্ট্রাক্ট্ অব্ বেলাডোনা ও গ্লিশরিণ্ প্রয়োগ করিলে উপকার দর্শিয়া থাকে। বেলাডোনাদ্বারা কেবল দুগ্ধস্রাব বন্ধ হয় এমন নয়, ইহাতে ঘর্ম্মও বন্ধ হইয়া থাকে; অনেক সুস্থ যুবার হস্ত ও পদের-তলা ও অঙ্গুলি ঘর্ম্মসিক্ত হইয়া থাকে, এরূপ অবস্থায় লিনিমেণ্ট্ অব্ বেলা-ডোনা দিবসে ৩/৪ বার মালিস করিলে ক্রমশঃ ঘর্ম্ম বন্ধ হইয়া পীড়া দূরীভূত হয়। শরীরের যে কোন স্থানে ঘর্ম্ম হইলে এই উপায় দ্বারা নিবারিত হইয়া থাকে।

শরীরের কোন অংশের চর্ম্মে ইহা প্রয়োগ করিলে ঘর্ম্ম বন্ধ হইয়া থাকে। কোন কোন ব্যক্তির পদ হইতে দুর্গন্ধযুক্তঘর্ম্ম বহির্গত হইয়া থাকে, ইহাতে ইহার লিনিমেণ্ট, স্পিরিটের পরিবর্ত্তে ইউডি-কলন সহযোগে প্রস্তুত করিয়া প্রয়োগ করিলে উপকার হয়।

ডাং রিঙ্গার বলেন যে, রিকেটস্ (Rickets) রোগগ্রস্ত রোগীদের মস্তকের ঘর্ম্ম বন্ধজন্য ইহা ব্যবহার্য্য।

কথিত আছে যে, কার্ব্বাঙ্কলস্ (Carbuncles) এবং বয়েলস্ (Boils) রোগে ইহা ব্যবহারে উত্তম ফল পাওয়া যায়। বিশেষতঃ উক্তব্যাধির প্রদাহিত অবস্থার প্রারম্ভে প্রদাহিত স্থানে শীঘ্র প্রযুক্ত হইলে তাহাতে আর পূয়োৎপত্তি হইতে না পারিয়া রোগের উপশম হয়।

ফিসার্ অব্ দি এনাস্ অর্থাৎ গুহ্যদ্বারে বিদারণ হইলে ইহার এক্‌ষ্ট্রাক্ট প্রয়োগে স্ফিংটার্-পেশীর শৈথিল্যাবস্থা জন্মাইয়া উপকার দর্শায়; ইহাতে এক্‌ষ্ট্রাক্ট্ অব্ বেলাডোনা এবং প্লাম্বাই এসিটাস্ প্রত্যেকের ১ ড্রাম ও ৬ ড্রাম চর্ব্বি একত্র মিশ্রিতপূর্ব্বক মলম প্রস্তুত করতঃ আক্রান্ত স্থানে দিবসে ৩।৪ বার প্রয়োগ করিলে উপকার হইয়া থাকে।

লিউকোরিয়া (Leucorrhœa) বা শ্বেতপ্রদর রোগের সহিত জরায়ুমুখে ক্ষত থাকিলে ১।২ গ্রেণ ইহার এক্‌ষ্ট্রাক্ট্ ও ৬।৮ গ্রেণ ট্যানিন্ সংযুক্ত করিয়া আক্রান্তস্থানে প্রয়োগ করিলে উহার সিক্রিশন্ বন্ধ হইয়াযায়। নিউর‍্যাল্‌জিয়া-অব্-দি-ইউটিরাস্ রোগেও ইহাদ্বারা উপকার হয়।

ইহা নিম্নলিখিত উদ্দেশ্যে চক্ষুরোগের চিকিৎসায় ব্যবহৃত হইয়া থাকে।

(১) অপথ্যাল্‌মস্কোপ্ (Ophthalmoscope) নামক যন্ত্রদ্বারা চক্ষু পরীক্ষা জন্য কণীনিকা প্রসারিত করণার্থ।

(২) সেণ্ট্র্যাল-ক্যাটার‍্যাক্ট্ রোগের প্রথমাবস্থায় চক্ষুতে বেশী আলো যাওয়ার জন্য।

(৩) আইরাইটিস্ (Iritis) রোগে পোষ্টিরিয়ার-সাইনিকিয়া (Posterior-Synechiæ) নিবারণ জন্য।

(৪) ক্যালেবার্-বিন্ ব্যবহারে যে চক্ষুর কণীনিকা সঙ্কোচিত হয় তাহার প্রতিবন্ধকতার জন্য।

(৫) পূর্ব্বে গ্লকোমা (Glaucoma) রোগে চক্ষুস্থিত-চাপের লাঘব জন্ত ব্যবহৃত হইত ; কিন্তু এখন পরীক্ষাদ্বারা স্থিরীকৃত হইয়াছে যে, ইহা ব্যবহারে বিপরীত ফল প্রকাশিত হইয়া থাকে।

ইহা জানা নিতান্ত আবশ্যক যে, চক্ষুর কঞ্জাঙ্ক্টাইভাতে এট্রোপিয়া ব্যবহারে উহা শোষিত হইয়া কখন কখন সার্ব্বাঙ্গিক লক্ষণ প্রকাশ পাইতে পারে, কিন্তু ইহা অতি বিরল অবস্থায়ই ঘটিয়া থাকে।

আভ্যন্তরিক প্রয়োগজন্ত ইহার এক্‌ষ্ট্রাক্ট্, টিংচার্ এবং জুস্ সচরাচর ব্যবহৃত হয়।

সালফেট্ অব্ এট্রোপাইন্ সর্ব্বদা ত্বগন্তর্গত-পিচকারীদ্বারা ব্যবহৃত হয়।

নিম্নলিখিত পীড়ায় বেলাডোনা আভ্যন্তরিক ব্যবহৃত হইয়া থাকে।

(১) ওপিয়াম্, প্রুসিক্‌এসিড্ এবং ফাইজস্‌টিগ্‌মাইন দ্বারা বিষাক্ত হইলে ইহা বিষঘ্নস্বরূপ ব্যবহৃত হয়।

(২) পুরাতন কোষ্টবদ্ধ রোগে বেলাডোনা মৃদুবিরেচক স্বরূপ এলোজ্ সহিত ব্যবহার করা যায়।

(৩) শিশুদের এবং প্যারাপ্লিজিয়া-রোগগ্রস্ত রোগীদের ইন্‌কন্টিনেন্‌স্ অব্ ইউরিন্ (Incontinence of urine) বা মুহুর্ম্মুহু-প্রস্রাব নিবারণ জন্ত।

(৪) অত্যধিক ঘর্ম্ম নিবারণ জন্ত। ডাং রিঙ্গার দেখিয়াছেন যে, থাইসিস্ (Phthisis) রোগগ্রস্ত রোগীর সমস্ত রাত্রের ঘর্ম্ম নিবারণ জন্ত ১/১৮ গ্রেণ এট্রোপাইন্ হাইপোডার্ম্মিক্-ইন্‌জেক্‌শন্ দ্বারা বিশেষ ফল হইয়াছে।

(৫) ছোট ছোট শিশুদের ইডিওপ্যাথিক্ স্যালাইভেশন্ (Idiopathic salivation) বা আপনি মুখ আসিলে তাহা নিবারণ জন্ত।

(৬) এপিলেপ্‌সি (Epilepsy), কোরিয়া (Chorea), পার্টাসিস্, ল্যারিঞ্জিস্‌মাস-ষ্ট্রাইডিউলাস্, এজমা ইত্যাদি নানাবিধ স্নায়বীক পীড়া উপশম জন্ত।

(৭) নানাপ্রকার শূলবেদনা, গ্যাষ্ট্রোডিনিয়া, কলিক্, এবং জরায়ু, ব্লাডার ও রেক্টাম্ ইত্যাদির স্ফিংটার্-পেশীদিগের আক্ষেপ ও বেদনা উপশম জন্ত।

(৮) ডায়েবিটিস্-ইন্‌সিপিডাস্ এবং ডায়েবিটিস্-মেলিটাস্ রোগে প্রস্রাবের পরিমাণ কমাইবার জন্ত।

(৯) কেহ কেহ বলেন যে, ইহা স্কার্লেটিনা রোগের নিবারণকারী ঔষধ বলিয়া ব্যবহৃত হয়, কিন্তু ইহার ফল অনিশ্চিত।

স্পার্ম্মেটোরিয়া এবং নক্টারন্তাল ইমিশন্স্ (Nocturnal Emissions) বা স্বপ্নদোষ রোগে, ১½ গ্রেণ সাল্‌ফেট্ অব্ জিঙ্ক্, ½ গ্রেণ এক্‌ষ্ট্রাক্ট্ অব্ বেলা-ডোনা সহিত সংযুক্ত করতঃ বটিকা প্রস্তুত করিয়া দিবসে ৩। ৪ বার প্রয়োগ করিলে উত্তম ফল দর্শে। কর্ডি (Chordee) রোগে ২ গ্রেণ এক্‌ষ্ট্রাক্ট্ অব্ বেলাডোনা ও ১/৪ গ্রেণ মর্ফিয়া একত্র মিশ্রিতপূর্ব্বক সাপোজিটোরি প্রস্তুত করিয়া গুহ্যদেশে প্রয়োগ করিলে বিশেষ উপকার দর্শিয়া থাকে।

এট্রোপিন্ আভ্যন্তরিক প্রয়োগের উপযুক্ত নহে। কিন্তু ব্যবহার করা আবশ্যক হইলে ১/১০০ গ্রেণ হইতে আরম্ভ করিবে। বিশেষ সাবধানতার সহিত ঐ মাত্রা বৃদ্ধি করিবে। ডাং গ্যারড্ ১/২০ গ্রেণ মাত্রায় ব্যবহার দ্বারাও অশুভ ফল পাইয়া ছিলেন। চর্ম্মের নিম্নভাগে পিচকারী করিতে হইলে ১/২০০ গ্রেণ মাত্রায় পিচকারী ব্যবহার করা উচিত।

চক্ষু চিকিৎসায় সাল্‌ফেট্ অব্ এট্রোপিনের সলিউশন্ এবং ইহার চাক্তি ব্যবহৃত হইয়া থাকে; কারণ ইহাদের মধ্যে এল্‌কোহলের বিদ্যমানতা নাই। ঐ উদ্দেশ্যে ইহার এক্‌ষ্ট্রাক্ট্ কিংবা অয়েন্ট্‌মেন্ট্ চক্ষুর চারিদিকে লেপন করা যায়।

ডাং এ, ডি, উইলিয়মস্, ইয়ারয়েক্ (Earache) বা কর্ণে বেদনা হইলে এট্রোপিন স্পিসিফিক্ বা অমোঘ ঔষধ স্বরূপ বিবেচনা করেন। তিনি ৩ বৎসরের শিশুদের ১ গ্রেণ সাল্‌ফেট্ অব্ এট্রোপিন ১ আউন্স জল ও দশ বৎসরের উর্দ্ধ বয়স্ক হইলে ৪ গ্রেণ এট্রোপিন ১ আউন্স জলে সলিউশন্ প্রস্তুত করিয়া গরম করতঃ ইহার কয়েক ফোঁটা কর্ণে প্রয়োগ করিয়া ১০। ১৫ মিনিট রাখিতে বলেন।

INCOMPATIBLES.

অসংলগ্ন ঔষধ।

কষ্টিক্-পটাশ্ এবং সোডা যখন বেলাডোনা বা ইহার প্রয়োগরূপের সহিত মিলিত হয় তখন ইহার উপক্ষার (এট্রোপিন) বিকৃত হইয়া যায়।

সায়েটিকা, টিক্-ডলোরেঁা রোগে এক্‌ষ্ট্রাক্ট্ অব্ বেলাডোনা ১ ড্রাম, টিংচার্ ওপিয়াই ১ আউন্স, গ্লিশরিণ্ ৩ ড্রাম মিশ্রিত পূর্ব্বক এক খণ্ড লিন্ট্ তাহাতে ভিজাইয়া আক্রান্ত স্নায়ুর গতি অনুসারে প্রয়োগ করিয়া অয়েল্-সিল্ দ্বারা আবৃত করিয়া রাখিলে আশু উপশম হয়।

লিনিমেণ্টাম্ এট্রোপাইনি Linimentum Atropinæ.

℞	Atropine	gr.iv
	Oleic Acid	ʒi
	Castor Oil	℥i
	Oil of Lavender	m.v
	Rectified Spirit ad	℥i

M. ft. Liniment. ইহা লাম্বেগো এবং অন্যান্য প্রকার বাতজনিত ব্যাধিতে মালিষ করিলে বিশেষ উপকার দর্শে।

নিম্নলিখিত ব্যবস্থাপত্র হুপিং-কফে বিশেষ উপকারী।

℞	Zinc Sulphat	gr.viii
	Ext. Belladon	gr.vii
	Aqua ad	℥iv

M. ft. S. A teaspoonful four times daily, and increased by one dose daily to a child above three years old.

ল্যাটিন্	ইংরেজী
ষ্ট্র্যামোনিয়াই সেমিনা।	ষ্ট্র্যামোনিয়াম্ সিড্স্।
Stramonii Semina.	Stramonium Seeds.

ড্যাটুরা ষ্ট্র্যামোনিয়াম্ নামক বৃক্ষের শুষ্কপত্র ও পক্কফল।

প্রয়োগরূপ—

এক্‌ষ্ট্রাক্টাম্ ষ্ট্র্যামোনিয়াই।	এক্‌ষ্ট্রাক্ট্ অব্ ষ্ট্র্যামোনিয়াম্।
Extractum Stramonii.	Extract of Stramonium.
মাত্রা ¼—½ গ্রেণ	
টিংচুরা ষ্ট্র্যামোনিয়াই।	টিংচার্ অব্ ষ্ট্র্যামোনিয়াম্।
Tinctura Stramonii.	Tincture of Stramonium.

মাত্রা—১০—৩০ মিনিম।

ডেটুরিন্* (Daturine) নামক ইহার উপক্ষারের উপর ষ্ট্র্যামোনিয়ামের ক্রিয়া নির্ভর করিয়া থাকে ; ডেটুরিণের ক্রিয়া প্রায় এট্রোপাইনের ন্যায়।

ACTION AND USES.

ক্রিয়া ও ব্যবহার।

ষ্ট্র্যামোনিয়ামের ক্রিয়া অবিকল বেলাডোনার ন্যায় হইলেও দুইটী বিষয়ে পার্থক্য আছে।

(১) এক্‌ষ্ট্রাক্ট্ অব্ বেলাডোনা অপেক্ষা এক্‌ষ্ট্রাক্ট্ অব্ ষ্ট্র্যামোনিয়াম্ অধিক প্রবল।

(২) ষ্ট্র্যামোনিয়াম্ ব্রঙ্কাইর (শ্বাসনলীদিগের) উপর অধিক অবসাদন ক্রিয়া প্রকাশ করে।

ব্রঙ্কাইটিস্, এজ্‌মা ইত্যাদি শ্বাসপ্রশ্বাস-যন্ত্রের আক্ষেপজনক পীড়ার চিকিৎসায় ষ্ট্র্যামোনিয়াম্ অধিক ব্যবহৃত হয়। ½ গ্রেণ এক্‌ষ্ট্রাক্ট্ অব্ ষ্ট্র্যামোনিয়াম্ এজ্‌মার (হাফানি-কাশের) আক্রমণ নিবারণ বা উপশম জন্য ব্যবহার করা যাইতে পারে।

ষ্ট্র্যামোনিয়াম্ সেবনে গলার শুষ্কতা, কণীনিকার প্রসারণ, প্রলাপ, কোমা প্রভৃতি লক্ষণ জন্মে, কিন্তু বিষাক্ত মাত্রায় সেবন করিলে মৃত্যু ঘটিয়া থাকে।

বোধ হয় ইহা শ্বাসপ্রশ্বাস-যন্ত্রের উপর বিশেষরূপে এণ্টিস্প্যাজ্‌মডিক্ বা আক্ষেপনিবারক স্বরূপ ক্রিয়া প্রকাশ করে ; তামাকের ন্যায় ইহার পাতা বহুল পরিমাণে এজ্‌মাতে ধূমপানার্থ ব্যবহার্য্য ; এবং এনোডাইন্ বা বেদনা-নিবারক স্বরূপ গ্যাষ্ট্রোডিনিয়া এবং অন্যান্য বেদনাজনক ব্যাধিতে ব্যবহার হইয়া থাকে। ইহার অর্দ্ধপাউণ্ড সদ্যপাতা থেতলাইয়া ২ পাউণ্ড লার্ডের (চর্ব্বির) সহিত মিশ্রিত পূর্ব্বক উষ্ণকরিয়া মলম প্রস্তুত করতঃ ক্যান্সারজনিত ক্ষত রোগে দিবসে ২ বার প্রয়োগ করিলে বেদনা নিবারিত হইয়া থাকে।

বেলাডোনা এবং হায়োসায়েমাসের ন্যায় ইহার বীর্য্যের গুণ কষ্টিক-পটাশ্ এবং সোডাদ্বারা নষ্ট হইয়া থাকে।

ডাটুরা ট্যাটিউলা (Datura Tatula) নামক এক প্রকার ধুতরা আছে তাহা চুরুট স্বরূপ কিংবা পাইপে ধূমপান করিলে স্প্যাজ্‌মডিক্-এজ্‌মা রোগে বিশেষ উপকারী।

ল্যাটিন্	ইংরেজী
হাইয়োসায়েমাই ফোলিয়া।	হেন্‌বেন্ লিভস্।
Hyoscyami Folia.	Henbane Leaves.

হাইয়োসায়েমাস্-নাইগার্ বা হেন্‌বেন্ নামক বৃক্ষের সরস এবং শুষ্কপত্র ও তরুণ বৃন্ত।

এই বৃক্ষের সকল অংশেই হাইয়োসায়েমাইন্ আছে। ইহা উদ্বায়ী উপক্ষার ও এট্রোপিনের মত, কিন্তু অবিকল তাহা নহে। ইহার দুইটী উপক্ষার আছে যথা (১) হাইয়োসায়েমাইন্ (২) হাইয়োসিন্।

প্রয়োগরূপ—

একষ্ট্রাক্টাম্ হাইয়োসায়েমাই।	একষ্ট্রাক্ট্ অব্ হেন্‌বেন্।
Extractum Hyoscyami.	Extract of Henbane.
মাত্রা—৫—১০ গ্রেণ	
সাক্কাস্ হাইয়োসায়েমাই।	জুস্ অব্ হেন্‌বেন্।
Succus Hyoscyami.	Juice of Henbane.
মাত্রা—৩০ মিনিম—১ ড্রাম।	
টিংচুরা হাইয়োসায়েমাই।	টিংচার্ অব্ হেন্‌বেন্।
Tinctura Hyoscyami.	Tincture of Henbane.
মাত্রা—৩০ মিনিম—১ ড্রাম।	

ACTION AND USES.

ক্রিয়া ও ব্যবহার।

হেন্‌বেন্ বোধ হয় বেলাডোনা এবং ষ্ট্র্যামোনিয়ামের ন্যায় ক্রিয়া করে, কিন্তু নিম্নলিখিত প্রকার কিঞ্চিৎ বিভিন্নতা দৃষ্ট হয়।

(১) ইহার প্রয়োগরূপ সকল অধিক মৃদু এবং তাহাদিগকে অধিক মাত্রায় ব্যবহার করিতে হয়।

(২) মস্তিষ্কীয় কন্‌ভোলিউশনের উপর ইহার অধিক সিডেটিভ্-ক্রিয়া আছে বলিয়া পাগলদিগের উত্তেজিতাবস্থায় (Maniacal excitement) ব্যবহৃত হয়। এই ক্রিয়াটী ইহার বীর্য্য হাইয়োসিনের উপর নির্ভর করে। ইহা

ব্যবহারে উক্তরোগের অস্থিরতা নিবারিত ও রোগীর অনেক ঘণ্টা পর্য্যন্ত গভীর নিদ্রা হইয়া থাকে।

(৩) অন্ত্রের উপর ইহার ল্যাক্সেটিভ্ (Laxative) বা মৃদুবিরেচক এবং কার্ম্মিনেটিভ্ (Carminative) বা বায়ুনাশক ক্রিয়া অধিক আছে, এজন্য ইহা সচরাচর পার্গেটিভ্-পিলের (বিরেচক বটিকার) সহিত ব্যবহৃত হয়।

(৪) ইউরিনারি-অর্গ্যান্ (Urinary organ) বা মূত্রযন্ত্রের উপর ইহার দূরবর্ত্তী স্থানিক ক্রিয়া অতিউৎকৃষ্ট, এজন্য ইহার টিংচার্, ব্লাডারের (মূত্রাশয়ের) উত্তেজনা উপশম জন্য সচরাচর ব্যবহার হইয়া থাকে।

মস্তিষ্ক-মণ্ডলীর কোন কোন প্রকার উত্তেজিতাবস্থায় যখন ওপিয়াম্ ব্যবহার অবিধেয় তখন ইহা উক্ত যন্ত্রের অবসাদক স্বরূপ প্রধানতঃ ব্যবহার হয়। ব্ল্যাডারে উত্তেজনা এবং বেদনা হইলে তাহা উপশম, বিরেচক ঔষধাদি পেটকামরানি নিবারণ এবং কাশীর উপশম ও অনেক প্রকার পীড়ার আক্ষেপ নিবারণ জন্য ইহা ব্যবহার হইয়া থাকে।

ইহা এবং ষ্ট্র্যামোনিয়াম্, কনীনিকা প্রসারণ জন্য বেলাডোনার পরিবর্ত্তে ব্যবহার করা যাইতে পারে। কেহ কেহ বলেন যে, হেন্‌বেন্, হার্টের উপর সাক্ষাৎ অবসাদক স্বরূপ ক্রিয়া করে বলিয়া কেবলমাত্র এই সম্বন্ধে ইহা বেলাডোনাহইতে বিভিন্ন। ইহা অধিক মাত্রায় আভ্যন্তরিক ব্যবহৃত হইলে কনীনিকা প্রসারিত, প্রেস্‌বিওপিয়া, মুখ আরক্তিম, গলা শুষ্ক, ডিলিরিয়াম্, চর্ম্মে ইরাপ্‌শন্ এবং ব্লাডারের অক্ষমতা ইত্যাদি লক্ষণ বেলাডোনা ও ষ্ট্র্যামোনিয়ামের ন্যায় প্রকাশিত হইয়া থাকে।

ইহার গুণ কষ্টিক-পটাশ এবং সোডা দ্বারা বিনষ্ট হয়।

হাইয়োসাইন্।

HYOSCINE.

এট্রোপাইনের ন্যায় ইহা সেবনে প্রথমতঃ ডিলিরিয়াম্ তৎপর গভীর নিদ্রা হয়। ইহা সেবনে রোগীর গা ঘোরে, চলিতে পারেনা, মাথাধরে, মুখ আরক্তিম হয়।

ইহা কিয়ৎপরিমাণে শ্বাসপ্রশ্বাস-ক্রিয়ার লাঘব করে। এট্রোপিয়ার ন্যায়

ইহাদ্বারা মুখ শুষ্ক এবং কনীনিকা প্রসারিত হয়, কিন্তু তাহার ন্যায় ঘর্ম্ম বন্ধ হয় না। ইহা উন্মাদ-রোগে নিদ্রা আনয়ন জন্য প্রধানতঃ ব্যবহৃত হয়। মানসিক-পীড়া-জনিত প্রলাপ উপশম জন্য ইহা উৎকৃষ্ট ঔষধ। পিউয়ার্-পিরাল্-মেনিয়া বা সূতিকাক্ষেত্রজ-উন্মাদ রোগেও ইহা ব্যবহার্য্য। ইহা ১/২০০—১/১০০ গ্রেণ মাত্রায় ব্যবহারেই যথেষ্ট হয়, কিন্তু ১/৩০—১/৫০ গ্রেণ মাত্রায় আবশ্যক হইতে পারে। ইহা স্বাদহীন বশতঃ ব্যবহারে বিশেষ সুবিধা। মেনিয়া রোগের উপশম জন্য ১/১০০ গ্রেণ পরিমাণে ত্বগন্তর্গত পিচকারীদ্বারা ব্যবহার করা যাইতে পারে। অতিরিক্ত কর্ম্ম-জনিত বিরক্ততা ও মস্তিষ্কীয় চঞ্চলতা অথবা স্বপ্নদ্বারা নিদ্রার ব্যাঘাত হইলে এবং তাহাতে অন্যান্য নিদ্রা-কারক ঔষধে উপকার না দর্শিলে, ইহাদ্বারা সুনিদ্রা হইতে পারে। প্যারা-লিসিস্-এজিটান্স্ রোগে, কম্পন নিবারণ জন্য ইহা ব্যবস্থিত হইয়াছে। এই ব্যাধিতে ১/২০০ গ্রেণই যথেষ্ট। লালাস্রাব ও যক্ষ্মাকাশের ঘর্ম্ম ইহাদ্বারা বন্ধ হয়। স্পার্ম্মেটোরিয়া রোগেও ইহা ব্যবহার্য্য। বেদনা নিবারক গুণ ইহার নাই।

হায়োসায়েমাইন্।

HYOSCYAMINE.

নানাপ্রকার ইণ্টারমিটেণ্ট্-মেনিয়া বা পর্য্যায়-উন্মাদরোগে যখন রোগীকে স্থিরভাবে রাখাযায়না তখন ইহা বিশেষ ব্যবহার্য্য। ইহা মস্তিষ্ক-মণ্ডলীর উপর ক্রিয়া করতঃ রোগীকে সুস্থির করে।

প্যারালিসিস্-এজিট্যান্স্ এবং কোরিয়া রোগে ইহা ব্যবহারযোগ্য। ইহার ১/৬০ গ্রেণ প্রত্যহ একবারমাত্র ত্বগন্তর্গত পিচকারী দ্বারা ব্যবহার্য্য অথবা ১/৩০ গ্রেণ মাত্রায় দিবসে দুইবার সেব্য।

লাটিন্	ইংরেজী
লিউপিউলাস্।	হপ্।
Lupulus.	*Hop.*

ইহা হিউমিউলাস্-লিউপিউলাস্ নামক বৃক্ষের শুষ্ক পুষ্প গুচ্ছ। ঐ পুষ্পগুচ্ছ হইতে যে পীতবর্ণ গুঁড়া পাওয়া যায় তাহা লিউপিউলিনাম্ বা লিউপিউলিন (Lupulinum or Lupulin) নামে অভিহিত। মাত্রা ২—৫ গ্রেণ।

প্রয়োগরূপ—

ইন্‌ফিউসাম্ লিউপিউলাই। — ইন্‌ফিউশন্ অব্ হপ্।

Infusum Lupuli. — Infusion of Hop.

মাত্রা—১—২ আউন্স।

টিংচুরা লিউপিউলাই। — টিংচার্ অব্ হপ্।

Tinctura Lupuli. — Tincture of Hop.

মাত্রা ১—২ ড্রাম।

একষ্ট্রাক্টাম্ লিউপিউলাই। — একষ্ট্রাক্ট্ অব্ হপ্।

Extractum Lupuli. — Extract of Hop.

মাত্রা—৫—১৫ গ্রেণ

ACTION AND USES.

ক্রিয়া ও ব্যবহার।

টনিক্, ষ্টমাকিক্ বা আগ্নেয়, ডায়ুরেটিক্ এবং অল্প নার্কটিক্।

ইহা, বিটার-বিয়ার আকারে আহারের সহিত সেবন করাইলে পরিপাক ক্রিয়ার সাহায্য করিয়া থাকে, এজন্য এটনিক্-ডিস্‌পেপ্‌সিয়া রোগে ব্যবহৃত হয়।

ইহাতে যে উদ্বায়ী তৈল আছে, তাহার উপরই উহার মাদক-ক্রিয়া নির্ভর করে। কখন কখন ইহার বালিস শয়নার্থ এনোডাইন্ এবং নার্কটিক্ স্বরূপ ব্যবহার করা যায়। ইহা স্বপ্নদোষে উৎকৃষ্ট ঔষধ বলিয়া পরিগণিত। কর্ডি উপশমার্থ ও ইহা ব্যবহার করা যাইতে পারে।

লিউপিউলিনাম্। — লিউপিউলিন্।

Lupulinum. — Lupulin.

মাত্রা—২—৫ গ্রেণ। চিনির সহিত পাউডার্ বা পিল্ আকারে ব্যবহৃত হয়।

ক্রিয়া—টনিক্, সিডেটিভ্, কামনাশক এবং নিদ্রাকারক।

আময়িকপ্রয়োগ—মস্তিষ্ক সম্বন্ধীয় পীড়াতে যখন অহিফেণ সহ্য হয়না তখন লিউপিউলিন্ বিশেষ ব্যবহার্য্য। ক্রনিক্-হিষ্টিরিয়া রোগে ১০ গ্রেণ মাত্রায় প্রতি ৬ ঘণ্টা অন্তর ব্যবহার করিলে তাহা উপশমিত হয়।

জননেন্দ্রিয়ের কোন কোন প্রকার উত্তেজিতাবস্থায় ইহা উত্তম ঔষধ। গণোরিয়া রোগে ইহাদ্বারা যে কেবল কর্ডি উপশমিত হয় এমন নহে, তৎসঙ্গে ইউরিথ্রার্ বা মূত্রনালীর শ্লৈষ্মিকঝিল্লির উত্তেজনা ও উপশমিত হইয়া থাকে।

শ্যাঙ্কার্ এবং ফাইমোসিস্ অপারেশনের পর, ষ্ট্রিক্চারের চিকিৎসার সময় পুরুষাঙ্গ সুস্থির ভাবে রাখিবার জন্য ৫—১০ কিংবা ১৫ গ্রেণ মাত্রায় লিউপিউলিন্ ব্যবহার করিলে উপকার পাওয়া যায়।

স্পার্ম্মেটোরিয়া রোগে শয়নকালে ইহার ১৫ গ্রেণ ব্যবহার করিলে উত্তম ফল দর্শে।

ভিনিরিয়েল্-একসেসেস্ বা অতিরিক্ত কুব্যবহারদ্বারা ইউরিথ্রার্ উত্তেজনা এবং তাহা হইতে অতিরিক্ত নিস্রাবণ বহির্গত হইলে কুইনাইন কিংবা লৌহ-ঘটিত ঔষধ অপেক্ষা লিউপিউলিন্ উৎকৃষ্ট।

নিম্ফোমেনিয়া (Nymphomania) রোগে এবং নক্টার্ন্যাল্-ইন্কন্টিনেন্স্ অব্ ইউরিণ (Nocturnal incontinence of urine) বা রাত্রে অজ্ঞাতসারে প্রস্রাবত্যাগে ইহা সাদরে ব্যবহার করা যায়।

ল্যাটিন্।	ইংরেজী।
পটাশিয়াই ব্রোমাইডাম্।	ব্রোমাইড্ অব্ পটাশিয়াম্।
Potassii Bromidum.	Bromide of Potassium.

মাত্রা ৫—৩০ গ্রেণ।

ক্রিয়া—সিডেটিভ্, এনাফ্রোডিজিয়্যাক্ বা কামনাশক, এণ্টিস্প্যাজ্মডিক্, সপরিফিক্, এবসর্বেণ্ট্, অল্টারেটিভ্, এনিস্থেটিক্। আভ্যন্তরিক ব্যবহার করিলে শরীরে আচোষিত হইয়া রক্ত, প্রস্রাব, দুগ্ধ এবং ঘর্ম্ম দ্বারা বহির্গত হয়।

ফিজিওলজিক্যাল্ ক্রিয়া—

(১) স্নায়ু মণ্ডলীর উপর—অনেক দিন পটাশি ব্রোমাইড্ ব্যবহার করিলে ক্লান্তি বোধ, পৈশিক দুর্ব্বলতা, শিরঃঘূর্ণন এবং ষ্ট্যাগারিং (Staggering) বা

থিরাপিউটিক্যাল্ ব্যবহার—

(১) পটাশি ব্রোমাইড্ অধিক প্রকার আক্ষেপজনক পীড়ায় ব্যবহৃত হয়। কিন্তু ইহা সকল প্রকার কনভল্শনে অতি আদরের সহিত ব্যব-

চলচ্ছক্তির ব্যাঘাত প্রভৃতি নানাবিধ লক্ষণ প্রকাশ পাইয়া থাকে।

(ক) মস্তিষ্ক—মস্তিষ্কের ক্রিয়ার ন্যূনতা এবং উহার রক্তাল্পতা বশতঃ নিদ্রা হয়।

(খ) স্পাইন্যাল-কর্ড—পরীক্ষা দ্বারা স্থিরীকৃত হইয়াছে যে, ইহা প্রথমতঃ স্পাইন্যাল-কর্ডের প্রত্যাবর্ত্তন-ক্রিয়া ন্যূন করে, অবশেষে তাহা বিলুপ্ত হইয়া থাকে। ঐচ্ছিক গতি (Voluntary movement) প্রথমে আক্রান্ত হয় না, অবশেষে তাহার পক্ষাঘাত হইয়া থাকে। পটাশি ব্রোমাইড্ সেন্সরি-নার্ভদিগের উত্তেজনার হ্রাস করে।

(গ) সিম্প্যাথেটিক্ সিষ্টেম—পটাশি ব্রোমাইড্ বোধ হয় ইহার উপর অবসাদন ক্রিয়া প্রকাশ করিয়া থাকে। কিন্তু এবিষয়ে এখনও মীমাংসা হয় নাই।

হৃত হইয়া থাকে। বিশেষতঃ এপিলেপ্সি, ব্রাইটস্-ডিজিজ্ জনিত কন্ভল্শন্ এবং শিশুদের কনভল্শনাদি রোগে ইহা অধিক ফলদায়ক।

মৃদুপ্রকার এপিলেপ্সি রোগে ১০-গ্রেণ মাত্রায় দিবসে ৩ বার প্রয়োগ করিলেই যথেষ্ট হয়, কিন্তু যখন ইহার আক্রমণ কেবল রাত্রেই হয় তখন শয়নকালে ৩০ গ্রেণ মাত্রায় ইহা ব্যবহার করিলে উপকার হইয়া থাকে। হট্-মল্ (Haut mal) বা যে প্রকার মৃগী রোগে আক্ষেপান্তে রোগীর অচেতন নিদ্রা হয় তাহাতে ইহা বিশেষ উপকারী। এপিলেপ্সি, মস্তিষ্কের যে অংশের ক্রিয়ার ব্যাঘাত হইয়া উৎপন্ন হয় তাহাতে তথাকার রক্তবাহ নাড়ীর আক্ষেপ দূর করিয়া ইহা কার্য্যকারী হইয়া থাকে। শিশুদিগের নানাপ্রকার আক্ষেপজনক পীড়াতে ও ইহা অতিশয় উপকারী ; যথা ল্যারিঞ্জিস্মাস্, ষ্ট্রাইডিউলাস্, নাইট-টেরারস্ (Night terrors) বা ভয় পাইয়া চীৎকার করা, চমকে উঠা, মিনিঞ্জাইটিস্ কিংবা মস্তিষ্কের যান্ত্রিক ব্যাধি বশতঃ যে আক্ষেপ হইয়া থাকে তাহা ও বয়স্ক ব্যক্তিদের বোবায় ধরা (Nightmare) ইহা দ্বারা আরোগ্য হইয়া থাকে। ডিলিরিয়াম-ট্রিমেন্স্ রোগে ওপিয়াম্-দ্বারা উপকার না হইলে ইহা দ্বারা উপকার হইয়া থাকে। স্ত্রীলোকদিগের ঋতুবন্ধ হইবার সময় মানসিক নিস্তেজতা, শিরঃপীড়া ইত্যাদি লক্ষণ প্রকাশ পাইলে ব্রোমাইড্ অব্ পটাশিয়াম্ দ্বারা উপকার হয়। শিশুদের টিথিং (Teething) বা দন্তোদ্গম-কালে মাড়িতে যে বেদনা, অস্থিরতা, উত্তেজনা

এবং কন্‌ভলশন্‌ ইত্যাদি লক্ষণ হয় ইহা ব্যবহারে তাহা উপশমিত হইয়া থাকে। নিম্ন অঙ্গের খেঁচুনি এবং কোরিয়া ইত্যাদি রোগেও ইহা ব্যবহার্য্য।

সি-সিক্‌নেস্‌ রোগেও ইহা ব্যবস্থেয়; ইহাতে উক্ত ঔষধ দিবসে ৩ বার ব্যবহার করিতে হয়; জাহাজে যাত্রা করিবার কিছুদিন পূর্ব্বহইতে ই ব্যবহার করা উচিত।

হাইড্রোব্রোমিক্‌-এসিডের ন্যায়, ব্রোমাইডস্‌ ব্যবহারে স্যালিসিলেট্‌ অব্‌ সোডা এবং কুইনাইনদ্বারা যে বধিরতা এবং কানে অলীক শব্দ হয় তাহা নিবারিত হইয়া থাকে।

নানাপ্রকার হাইপারিস্থিসিয়া রোগ ইহা ব্যবহারে উপশমিত হয়।

(২) রক্ত সঞ্চালনের উপর— রক্ত সঞ্চালনের উপর কিঞ্চিৎ অবসাদ ক্রিয়া ব্যতীত আর কিছুই হয় না। ক্ষুদ্র ক্ষুদ্র ধমনী সকলসঙ্কুচিত হওয়া বশতঃ নাড়ী ক্ষুদ্রতর হয়।

(২) ইহা উত্তম নার্কটিক্‌ এবং হিপ্‌নটিক্‌। ইহা ব্যবহারে সুনিদ্রা হইয়া থাকে। বিশেষতঃ যখন মানসিক চিন্তা, অতিরিক্ত কার্য্য এবং বিরক্তি বশতঃ নিদ্রার ব্যাঘাত হয় তখন ইহা বিশেষ উপকারী।

ইহা ওপিয়ামের ক্রিয়া বৃদ্ধি করে, কিন্তু উক্ত ঔষধ সেবনে যে কখন কখন বিবমিষা, শিরঃঘূর্ণন এবং মূর্চ্ছা হয়,ইহাদ্বারা তাহার লাঘব হইয়া থাকে, এরূপ অবস্থায় একপূর্ণ মাত্রা পটাশি-ব্রোমাইড্‌ প্রয়োগ করিলে বিশেষ উপকার হয়। একিউট্‌-মেনিয়া (Acute-mania) বা তরুণ-উন্মাদ রোগে পটাশিব্রোমাইড্‌, ক্লোর‍্যালের সহিত ব্যবস্থা করিলে সুফল লাভ হইয়া থাকে।

(৩) পরিপাকের উপর—ইহা দ্বারা কখন কখন ক্ষুধার লাঘব হয়।

(৩) ইহার প্রত্যাবর্ত্তন-ক্রিয়ার উপর অবসাদন ক্রিয়া থাকা প্রযুক্ত কোন কোন প্রকার ডিস্‌পেপ্‌সিয়া রোগে ব্যবহার্য্য।

(৪) মূত্র-যন্ত্রের উপর—ইহার কি ক্রিয়া তাহা জানা যায় নাই।

(৪) কেহ কেহ ইহা ডায়েবিটিস্‌ রোগে উপকারী মনেকরেন।

(৫) জননেন্দ্রিয়ের উপর—জননেন্দ্রিয়ের উপর পটাশি ব্রোমাইডের

(৫) তজ্জন্য ইহা প্রায়েপিজ্‌ম্‌ (Priapism) এবং ওভেরির উত্তেজনা-

ক্রিয়া আছে। ইহা উক্ত যন্ত্রের উত্তেজনার লাঘব করে এবং অধিক মাত্রায় প্রয়োগ করিলে একেবারে দমন করিয়া থাকে।

জনিত মেনোরেজিয়া বা রজঃআধিক্য গণোরিয়ার তরুণাবস্থায়, স্প্যাজমডিক্‌ ষ্ট্রিক্‌চার এবং নিম্ফোমেনিয়া ইত্যাদি ব্যাধিতে ব্যবহার্য্য। ইহা ব্যবহারে স্পার্ম্মেটোরিয়া রোগে উপকার হইয়া থাকে।

DISADVANTAGES·

অসুবিধা।

উপরোক্ত মস্তিষ্ক সম্বন্ধীয় লক্ষণ ভিন্ন ইহা ব্যবহারে একনির ন্যায় এক প্রকার উদ্ভেদ্ (Eruption) কথন কথন অত্যল্প মাত্রাতেও বহির্গত হইয়া থাকে। উক্ত ইরাপ্‌শন্‌ প্রকাশিত হইবার পর ইহা ব্যবহার করিলে বড় বড় কদাকার উদ্ভেদ্ সর্ব্বাঙ্গে বহির্গত হয়। উক্ত ঔষধের প্রত্যেক মাত্রার সঙ্গে অত্যল্প লাইকর্‌ আর্সেনিকেলিস্‌ সংযোগ করিয়া ব্যবস্থা করিলে উক্তপ্রকার ইরাপ্‌শন্‌ কিয়ৎ পরিমাণে বাধাপায় এবং নিম্নলিখিত লোশন্‌ বাহ্যিক প্রয়োগ করিলে আরোগ্য করাযায়।

℞

Sulph. Præcipitat	℥iii
Spt. Camph	ℨi
Aqua Calcis ad	℥iii

M. ft. Lotion.

ল্যাটিন্‌	ইংরেজী
সোডিয়াই ব্রোমাইডাম্‌।	ব্রোমাইড্‌ অব্‌ সোডিয়াম্‌।
Sodii Bromidum.	Bromide of Sodium.

মাত্রা—১০—৩০ গ্রেণ।

ইহার ক্রিয়া ও ব্যবহার ব্রোমাইড্‌ অব্‌ পটাশিয়ামের ন্যায়।

নানাপ্রকার ব্রোমাইড্‌সের ক্রিয়ার তারতম্য।

ব্রোমাইডস্ অব্ পটাশিয়াম্, সোডিয়াম্, এমোনিয়াম্ এবং লিথিয়াম্ লবণ সকলে ব্রোমিন্ আছে বলিয়া, ইহারা সকলেই প্রত্যাবর্ত্তন-কেন্দ্রকে (Reflex-centre) দমনকরে। পটাশি-ব্রোমাইডের মস্তিষ্ক-মণ্ডলীর এবং মাস্‌কিউলার্-সিষ্টেমের উপর অবসাদক ক্রিয়া আছে বলিয়া, ইহা নিউরো-মাস্‌কিউলার্-এজেণ্ট্ (Neuro-muscular-agent); ব্রোমাইড্ অব্ সোডিয়ামের মস্তিষ্ক-মণ্ডলীর উপর অবসাদক ক্রিয়া আছে; কিন্তু মাস্‌কিউলার্-সিষ্টেমের উপর কোন ক্রিয়া নাই, এজন্য ইহা কেবল প্রত্যাবর্ত্তন-ক্রিয়ার ন্যূনতা জন্মায়:

ল্যাটিন্	ইংরেজী
এমোনিয়াই ব্রোমাইডাম্।	ব্রোমাইড্ অব্ এমোনিয়াম্।
Ammonii Bromidum.	Bromide of Ammonium.

মাত্রা—২—২০ গ্রেণ।

উপরোক্ত দুইটী ঔষধের ন্যায় ইহার ও মস্তিষ্ক-মণ্ডলীর উপর অবসাদক ক্রিয়া আছে; কিন্তু ইহাতে এমোনিয়া থাকা প্রযুক্ত উত্তেজক, এজন্য যখন প্রত্যাবর্ত্তন-ক্রিয়া এবং মাস্‌কিউলার্ সিষ্টেম্ দমন করিবার ইচ্ছাহয় তখন পটাশি ব্রোমাইড্ ব্যবহার করা উচিত। যখন কেবল প্রত্যাবর্ত্তন-ক্রিয়া দমন ও (Peripheral-excitant) অন্তস্থিত ধমনী উত্তেজিত করিতে হয় তখন ইহা ব্যবহার করিবে।

ব্রোমাইড্ অব্ পটাশিয়াম্ দ্বারা হার্ট এবং টিস্যুজ্ আক্রান্ত হয়, এজন্য ডাক্তার রিঙ্গার তৎপরিবর্ত্তে সোডিয়াম্ সল্ট্ ব্যবহার করিতে বলেন।

ল্যাটিন্	ইংরেজী
(১) একোনাইটি ফোলিয়া।	একোনাইট্ লিভস্।
Aconiti Folia.	Aconite Leaves.

প্রয়োগরূপ—

এক্‌ষ্ট্রাক্টাম্ একোনিটাই।	এক্‌ষ্ট্রাক্ট্-অব্ একোনাইট্।
Extractum Aconiti.	Extract of Aconite.

মাত্রা—½—১ গ্রেণ।

(২) একোনাইটি রেডিক্স্। একোনাইট্ রুট্।

Aconiti Radix. Aconite Root.

প্রয়োগরূপ—

টিংচুরা একোনিটাই। টিংচার্ অব্ একোনাইট্।

Tinctura Aconiti. Tincture of Aconite.

মাত্রা—৫—১৫ মিনিম।

লিনিমেণ্টাম্ একোনিটাই। লিনিমেণ্ট্ অব্ একোনাইট্।

Linimentum Aconiti. Liniment of Aconite.

একোনাইটিনা। একোনিটাইন্।

Aconitina. Aconitine.

ইহার অপরনাম একোনিশিয়া (Aconitia)। এই ঔষধটী একোনাইটের মূল হইতে প্রাপ্ত উপক্ষার।

প্রয়োগরূপ—

আঙ্গুয়েণ্টাম্ একোনিটাইনি। অয়েণ্টমেণ্ট্ অব্ একোনিটাইন্।

Unguentum Aconitinæ. Ointment of Aconitine.

ইহার ১ আউন্সে ৮ গ্রেণ একোনিটাইন্ আছে।

LOCAL ACTION.

স্থানিক ক্রিয়া।

ফিজিওলজিক্যাল্ ক্রিয়া—

একোনাইট্ যখন স্থানিক ব্যবহার করা হয় তখন প্রযুক্ত স্থানে ঝিন ঝিন, অবশেষে সেই স্থান অবশ হইয়া পড়ে, তৎস্থানের সেন্সরি বা জ্ঞানজনন স্নায়ু-দিগের পক্ষাঘাত বশতঃ এরূপ ঘটিয়া থাকে। ইহাতে আরও সেই স্থানের ভ্যাসোমোটার্ প্যারালিসিস্ হইয়া থাকে।

থিরাপিউটিক্যাল্ ব্যবহার—

নানাবিধ বেদনাযুক্ত স্নায়বীয় পীড়াতে ইহা স্থানিক অবসাদক বলিয়া ব্যবহৃত হয়, বিশেষতঃ ফেসিয়্যাল্ নিউর‍্যাল্‌জিয়াতে ইহার টিংচার্ কিংবা লিনিমেণ্ট্ আক্রান্ত স্নায়ুর গতি অনুসারে প্রয়োগ করিলে যন্ত্রণা উপ-শমিত এবং কখন কখন আরোগ্য হইয়া থাকে।

CONSTITUTIONAL ACTION AND USES.

সার্ব্বাঙ্গিক ক্রিয়া ও ব্যবহার।

একোনাইট্ সেবন করিলে প্রথমতঃ আমাশয়ে একপ্রকার উষ্ণতানুভব এবং কখন কখন বিবমিষা ও বমন হইয়া থাকে। এই উষ্ণতানুভব সমস্ত শরীরে বিস্তৃত হয়, এবং ওষ্ঠ জিহ্বা ও ইহাদের নিকটবর্ত্তী অংশ সকল ঝিন ঝিন করে। ইউভেলা বা কোমলতালু এবং জিহ্বা স্ফীত ও বড় বোধ হয়, এবং বার বার গলাধঃকরণ করিবার চেষ্টা করে। অধিক মাত্রায় সেবনে অঙ্গুলিদিগের অগ্রভাগ ঝিন ঝিন করে ও অসাড় হয়, এবং সর্ব্বাঙ্গে সেইরূপ হইয়া থাকে; এবং উহাদের চেতনাশক্তির লাঘব এবং পৈশিক দুর্ব্বলতা হয়।

ফিজিওলজিক্যাল্ ক্রিয়া—

(১) মস্তিষ্ক-মণ্ডলীর উপর—

(ক) ব্রেইন—একোনাইট্দ্বারা বিষাক্ত হইলে মানসিক-শক্তি (Intellectual Faculty) অক্ষুণ্ণভাবে থাকে, কিন্তু কোন কোন অবস্থায় ঝিমনি হইতে দেখা গিয়াছে।

(খ) কশেরুকা-মজ্জার উপর— একোনাইট্ স্পাইন্যাল্কর্ডের উভয় রিফ্লেক্স্-একশন্ এবং গতি-শক্তির (Motor activity) পক্ষাঘাত করিয়া থাকে। তজ্জন্য পৈশিক ক্রিয়ার সঞ্চালন ব্যাঘাত প্রায়ই লক্ষিত হইয়া থাকে।

অবশেষে শ্বাস প্রশ্বাস কেন্দ্রের পক্ষাঘাত হইয়া থাকে এবং শ্বাসরোধদ্বারা মৃত্যু ঘটিতে পারে।

থিরাপিউটিক্যাল্ ব্যবহার—

(গ হার্টের উপর—হৃদ্‌পিণ্ডের ইন্‌হিবিটরি-গ্যাংগ্লিয়াকে প্রথমতঃ উত্তেজিত, পরে অবসাদিত এবং তৎপর সেন্সরি-নার্ভের উপর সিডেটিভ্ ক্রিয়া প্রকাশ করে। ইহা ব্যবহারে প্রথমতঃ ওষ্ঠ এবং কণ্ঠনালী ঝিন ঝিন করে তৎপর অবশ হয়।

(২) রক্তসঞ্চালন যন্ত্রের উপর—একোনাইট্ কার্ডিয়েক্ সিডেটিভ অর্থাৎ হৃদ্‌পিণ্ডের অবসাদক্, নিউমোগ্যাষ্ট্রিকের ইন্‌হিবিটরি শাখাকে উত্তেজিত করিয়া হার্টের ক্রিয়া প্রথমতঃ মন্দতর করে (১ মিনিটে ৪০—৩৬ বার হইতে পারে) তৎপর ইহার স্পন্দন, দ্রুত, দুর্ব্বল এবং অনিয়মিত হইয়া হৃদ্‌পিণ্ডের প্রসারণের সময় উহার গতিরোধ হইয়া মৃত্যু ঘটে, এবং সেই সময় আর্টিরিয়াল্‌প্রেসার্ কম হয়। মধ্যবিৎ মাত্রায় সেবনে নাড়ীর সংখ্যা কম হয় অর্থাৎ মিনিটে ৪০—৩৬ বার হইতে পারে। অধিক কিংবা বিষাক্ত মাত্রায় সেবনে ইহার সংখ্যা দ্রুতগামী এবং অনিয়মিত অথবা মন্দতর বা চঞ্চল হয়, উভয় অবস্থাতেই উহার বল কম হইয়া থাকে; রক্ত সঞ্চালনের বাধা প্রাপ্ত হওয়াই ইহার কারণ বলিয়া সিদ্ধান্ত হইয়াছে।

(গ) একোনাইট্ ফেসিয়াল্ নিউর‍্যালজিয়াতে (Facial Neuralgia) বেশ উপকারী, একোনাইট্ অথবা উহা কুইনাইনের সহিত মিশ্রিত করিয়া ব্যবস্থা করা যায়। সিক্-হেডেক্ (Sick headache) রোগে ইহা আরও উপকারী, এরূপ অবস্থায় টিংচার্ অব্ ইণ্ডিয়েন্ হেম্পের সহিত ব্যবহার করা যাইতে পারে।

(২) একোনাইট্ একটী উৎকৃষ্ট এণ্টিফ্লোজিষ্টিক্ বা প্রদাহনিবারক ঔষধ বিধায় নানাপ্রকার প্রদাহিক ব্যাধির প্রথমাবস্থায় ব্যবহার করিলে উপকার দর্শায়। এজন্য নিউমোনিয়া, প্লুরিসি, পেরিটোনাইটিস, ইরিসিপেলাস্, রিউম্যাটিক-ফিবার, এবং শিশুদের সহসা প্রবল জ্বর হইলে ইহা ব্যবহারদ্বারা বেশ উপকার হয়। কোরাইজা (Coryza) বা সর্দ্দি এবং টন্সিলের প্রদাহে ইহা অতি আদরের সহিত ব্যবহৃত হয়। অল্প মাত্রায় ইহা অতি অল্প সময় অন্তর অন্তর দেওয়া যায়। ক্যাথিটার্ ব্যবহারের পর কম্পন হইবার আশঙ্কা থাকিলে ইহার টিংচার্ ২ মিনিম্ মাত্রায় ব্যবহারে উপকার হইয়া থাকে। পেরিকার্ডাইটিস রোগের সহিত থ্‌বিং বা দব্‌দব্ এবং অধিক বেদনা থাকিলে একোনাইট্ ব্যবহারে

হৃদ্‌পিণ্ডের উত্তেজিত অবস্থা এবং বেদনা উপশমিত হয়। 'স্কার্লেটিনা, মিজলস্‌ ইত্যাদি তরুণ স্পিসিফিক্‌ পীড়াদিতে ইহা ব্যবহার করিলে জ্বর কম হয় না, কিন্তু মস্তিষ্ক-মণ্ডলীকে স্নিগ্ধ এবং ঘর্ম্মকরাইয়া নিদ্রা আনয়ন করিয়া থাকে। গভিটেও ইহা দ্বারা উপকার হয়।

(৩) শ্বাসপ্রশ্বাস এবং উত্তাপের উপর—যথাবিৎ মাত্রায় ব্যবহারে শ্বাস-প্রশ্বাস-গতি মন্দগামী হয়, কিন্তু অধিক কিংবা বিষাক্ত মাত্রায় সচরাচর ইহা অনিয়মিত এবং দ্রুতহয়, অবশেষে কোন কোন অবস্থায় শ্বাসপ্রশ্বাস বন্ধ হওতঃ মৃত্যু ঘটে। ইহা ব্যবহারে শারীরিক উত্তাপ কমহয়।

(৩) ইহা ব্যবহারে শ্বাসপ্রশ্বাস ধীর এবং উত্তাপ হ্রাস হওয়া প্রযুক্ত জ্বরাদিতে উপকার হয়।

(৪) পরিপাক এবং নিস্রাবণ-যন্ত্রের উপর—পরিপাক-ক্রিয়ার উপর একোনাইটের কোন ক্ষমতাই নাই। ইহা কিয়ৎপরিমাণে লালা-নিঃসারণ এবং অধিক পরিমাণে ঘর্ম্ম নিস্রাবণ বৃদ্ধি করিয়া থাকে।

(৪) এজন্য একোনাইট্‌ অতিউৎ-কৃষ্ট ঘর্ম্মকারক ঔষধ। এই ঘর্ম্মকরণ-ক্রিয়ার উপর ইহার উত্তাপনাশক গুণ কিয়ৎপরিমাণে নির্ভর করে।

অন্যান্য ব্যবহার।

ঠাণ্ডা লাগিয়া ঋতু কালীন শোণিত বন্ধ হইলে একোনাইট্‌ ব্যবহারদ্বারা উক্ত শোণিত পুনঃ স্থাপিত হইয়া উহার কুফল ঘটিতে দেয়না।

ওটাইটিস্‌ (Otitis) বা কর্ণশূলে ইহাদ্বারা উহার বেদনা উপশমিত হইয়া থাকে। শিশু এবং শ্লেষোরাগ্রস্ত ব্যাক্তিদিগের নাসিকা হইতে রক্তস্রাব হইলে অল্পমাত্রায় একোনাইট্‌ বারম্বার ব্যবহারে উক্ত স্রাব বন্ধহইয়া থাকে।

ABSORPTION AND MODE OF ELIMINATION.

শোষণ এবং বহির্গমণ প্রণালী।

*অতিসত্বর একোনাইট্ শরীরে শোষিত হইয়া সম্ভবতঃ প্রস্রাবদ্বারা বাহির হইয়া যায়। ইহার উপক্ষার একোনাইটিন্ যদি হঠাৎ চক্ষুতে কি শ্বাসপথে লাগে তবে যথাক্রমে কঞ্জংটাইভা এবং শ্বাসনলীর উত্তেজনা উৎপন্ন হয়।

CAUTIONS AND MODES OF ADMINISTRATION.

সতর্কতা এবং ব্যবহার প্রণালী।

একোনাইটের বিষাক্ত গুণথাকা জন্য সতর্কতার সহিত ব্যবহার করিবে এবং বৃদ্ধব্যক্তিদের কিংবা কাহারও হৃদ্‌পিণ্ডের দুর্ব্বলতা থাকার সন্দেহ উপস্থিত হইলে, ইহা ব্যবহারে বিশেষ সতর্কতা লইবে। সুস্থশরীরে বিশেষতঃ শিশুদের জ্বররোগে একোনাইট্‌দ্বারা সন্তোষজনক ফল পাওয়া যায়।

প্রদাহের প্রথমাবস্থায় একোনাইট্ ব্যবহারকরা উচিত অর্থাৎ বিধানের পরিবর্ত্তন হইবার পূর্ব্বে ইহা ব্যবহার করা বিধেয়, এবং ইহার সহিত কিছু ষ্টিমিউল্যান্ট্ ব্যবস্থা করিলে ভালহয়। তরুন ব্যাধিতে ইহার টিংচার্ অতিঅল্প মাত্রায় শীঘ্র শীঘ্র ব্যবহারে বেশ ফল পাওয়া যায়। একমিনিম্ মাত্রায় ইহার টিংচার্ ১০ মিনিট্ অথবা অর্দ্ধঘণ্টা কিংবা একঘণ্টা অন্তর অন্তর ১ম দিনে প্রয়োগ করিলে বেশ উপকার হয়। তাহারপর ২ ঘণ্টা অন্তরই যথেষ্ট হইয়া থাকে। ঐসময় নাড়ী এবং উত্তাপের প্রতি দৃষ্টিরাখা কর্ত্তব্য। ফেসিয়েল্ নিউর‍্যালজিয়াতে ১ মিনিম মাত্রায় উপকার হয়, কোন অবস্থায়ই ৫ মিনিমের অধিক ব্যবস্থা করিবেনা।

একোনাইটিন্ কখন কখন অয়েন্টমেণ্ট্ আকারে (*gr.i—ii to ℥i*) ব্যবহার হয়, কিন্তু ইহা মূল্যবান এবং বিপদজনক বলিয়া সচরাচর ব্যবহার হয় না। ইহার লিনিমেণ্ট্ নিউর‍্যালজিয়া ও রিউম্যাটিজমে বাহ্যিক ব্যবহার করিলে উত্তম ফল পাওয়া যায়।

Poisonous properties.

একোনাইট্,কার্ডিয়াক্-সিন্‌কোপ্ কিংবা ইহার ক্রিয়া অল্প দ্রুত হইলে শ্বাসপ্রশ্বাস অবরোধদ্বারা মৃত্যু ঘটা-

Antidotes.

বিষঘ্ন।

একোনাইট্ দ্বারা বিষাক্ত হইলে হৃদ্‌পিণ্ডের-ক্রিয়া রক্ষাকরিবার জন্য

হইতে পারে। ইহাতে নিম্নলিখিত লক্ষণ হয়। অধিক পৈশিকদুর্ব্বলতা, হৃদ্‌পিণ্ডের ক্রিয়া দুর্ব্বল এবং অনিয়মিত,মুখ মলিন, শরীর ঘর্ম্মাভিষিক্ত, কণিনিকা সঙ্কোচিত এবং মৃত্যুরপূর্ব্বে ইহা প্রসারিত হইয়া থাকে।

ষ্টিমিউল্যাণ্ট্‌স্‌ ব্যবহার এবং রোগীকে স্থিরভাবে চিত্তকরাইয়া শয়ন করাইবে, কারণ উঠিলে সিন্‌কোপ্‌ দ্বারা মৃত্যু ঘটিতে পারে।

ডিজিটেলিস্‌ ইহার ফিজিওলজিক্যাল্‌ বিষয়, ইহার টিংচার্‌ ২০ মিনিম মাত্রায় ত্বগন্তর্গত-পিচকারীদ্বারা ব্যবহার করিবে।

দশম অধ্যায়।

প্রথমবিভাগীয় দ্বিতীয়শ্রেণীস্থ দ্বিতীয়উপশ্রেণী।

যে সকল ঔষধ স্পাইনাল্‌-কর্ডের উপর বিশেষরূপে কার্য্যকরিয়া থাকে তাহারা এই শ্রেণীভুক্ত। ইহারা তিনভাগে বিভক্ত।

কশেরুকামজ্জের উত্তেজক।

I. SPINAL STIMULANTS.

যে সকল ঔষধ স্পাইন্যাল্‌-কর্ডকে উত্তেজিত করিয়া উহার ক্রিয়ার আধিক্য জন্মায় তাহাদিগকে স্পাইন্যাল্‌-ষ্টিমিউল্যাণ্টস্‌ বা কশেরুকামজ্জের উত্তেজক ঔষধবলে।

(১) নক্স্‌ভমিকা (Nux Vomica)

(২) ষ্ট্রিক্‌নাইন্‌ (Strychnine)

(৩) ব্রুসিন্‌ (Brucine ?)

(৪) থিবেইন্‌ (Thebaine)

(৫) ক্যান্থারাইডিস্‌ (Cantharides)

(৬) ফস্‌ফরাস্‌ (Phosphorus)

(৭) আর্ণিকা (Arnica)

(৮) আর্গট্ (Ergot)

(৯) ওপিয়াম্ (Opium)

(১০) মর্ফাইন্ (Morphine)

(১১) বেলাডোনা (Belladonna)

(১২) ইণ্ডিয়েন্ হেম্প্ (Indian hemp)

ACTION OF SPINAL STIMULANTS.

কশেরুকামজ্জার উত্তেজক ঔষধ সকলের ক্রিয়া।

ষ্ট্রিক্নাইনের ক্রিয়ার বর্ণনা করিলেই এই শ্রেণীস্থ ঔষধের ক্রিয়া স্পষ্টরূপে বুঝা যায়।

আময়িকপ্রয়োগ—(ক) প্যারাপ্লিজিয়া রোগে যখন কোন প্রদাহিক লক্ষণ বর্ত্তমান থাকেনা।

(খ) *স্থানিক পক্ষাঘাতে, যেমন ফেসিয়্যাল্-পল্সি রোগে।*

(গ) কোনপ্রকার হেমিপ্লিজিয়া বা অর্দ্ধাঙ্গ-পক্ষাঘাত রোগে।

(ঘ) স্পাইন্যাল্-কর্ডের ফাংসান্তাল্ ডিবিলিটি (Functional debility) বা কোন প্রকার উহার ক্রিয়ার দুর্ব্বলতা থাকিলে।

ল্যাটিন।	ইংরেজী।
নক্স্ভমিকা।	নক্স্ভমিকা।
Nux vomica.	Nux vomica.

ইহা ষ্ট্রিক্নস্ নক্স্ভমিকা নামক বৃক্ষের বীজ; সাধারণ ভাষায় ইহা কুচিলা নামে পরিচিত।

চূর্ণের মাত্রা—২—৫ গ্রেণ।

প্রয়োগরূপ—

এক্ষ্ট্রাক্টাম্ নিউসিস্ ভমিসি।	এক্ষ্ট্রাক্ট্ অব্ নক্স্ ভমিকা।
Extractum Nucis Vomicæ.	Extract of Nux Vomica.

মাত্রা—½—১ গ্রেণ।

ইহাতে শতকরা ১৫ ভাগ নক্স্ভমিকার এল্কেলয়েড্স্ বা উপক্ষার আছে।

টিংচুরানিউসিস্ ভমিসি — টিংচার্ অব্ নক্স্ ভমিকা।

Tinctura Nucis Vomicæ. — Tincture of Nux Vomica.

ইহার প্রত্যেক আউন্সে ১ গ্রেণ উপক্ষার আছে।

মাত্রা—১০—২০ মিনিম্।

ষ্ট্রিক্নাইনা। — ষ্ট্রিক্নাইন্।

Strychnina. — Strychnine.

ইহা নক্স্ ভমিকার উপক্ষার।

মাত্রা—১/৬৪—১/১৬ গ্রেণ।

প্রয়োগরূপ—

লাইকর্ ষ্ট্রিক্নাইনি হাইড্রোক্লোরেটিস্। — সলিউশন্ অব্ হাইড্রোক্লোরেট্ অব্ ষ্ট্রিক্নাইন্।

Liquor Strychninæ Hydrochloratis. — Solution of Hydrochlorate of Strychnine.

মাত্রা—৫—১০ মিনিম।

ইহাতে শতকরা ১ ভাগ ষ্ট্রিক্নাইন্ আছে।

ACTION AND USES.

ক্রিয়া ও ব্যবহার।

ফিজিওলজিক্যাল্ ক্রিয়া—

(১) মস্তিষ্ক-মণ্ডলীর উপর—মস্তিষ্কের উপর ইহার কোন ক্রিয়ানাই, কারণ এতদ্দ্বটিত বিষাক্ততার শেষাবস্থায় মস্তিষ্কের ক্রিয়া অক্ষুণ্ণ থাকে। কিন্তু ইহাদ্বারা স্পাইন্যাল্-কর্ড শীঘ্র আক্রান্ত হয় এবং উহা উত্তেজিত হয় বলিয়া ধনুষ্টঙ্কারবৎ আক্ষেপ জন্মিয়া থাকে। অধিক মাত্রায় ব্যবহারে ষ্ট্রিক্নাইন্ এফারেণ্ট্-মোটার স্নায়ু সমূহের পক্ষাঘাত করে বলিয়া চলচ্ছক্তি রহিত হয়, ইহারসঙ্গে সিম্প্যাথেটিক্ সিষ্টেম্

থিরাপিউটিক্যাল্ ব্যবহার।—

(১) নক্স্ ভমিকা বিশেষতঃ ষ্ট্রিক্নাইন্ উৎকৃষ্ট নার্ভাইন্ টনিক্। উহা সামন্য দুর্ব্বলতা, স্নায়বিক অবসাদ, ঘন ঘন প্রস্রাব নির্গমন এবং কোন কোন প্রকার পক্ষাঘাত প্রভৃতি অবস্থায় ব্যবহৃত হয়। যখন সকল প্রকার প্রদাহিক লক্ষণ দূরীভূত হয় তখন ষ্ট্রিক্নাইন্ ব্যবহারে স্পাইন্যাল্-কর্ডের ক্রিয়া আনয়ন এবং মাংসপেশী সমূহের বলবিধান করে বলিয়া প্যারাপ্লিজিয়া, হেমিপ্লিজিয়া, ডিপ্থিরেটিক্-প্যারালিসিস্,

উত্তেজিত হইয়া থাকে। সম্ভবতঃ উহা ভ্যাসোমোটার-স্নায়ু-কেন্দ্রকে উত্তেজিত করিয়া রক্তেরচাপ বৃদ্ধিকরে এবং দাহন ক্রিয়ার সাহায্যে শরীরের ক্ষয়িত পদার্থ বহির্গত করিয়া থাকে। ইহাতে শ্বাস প্রশ্বাসের গতি গভীরতর ও চঞ্চল হয়, এবং পচনক্রিয়া বিলম্বে সম্পাদিত হইয়া থাকে।

(২) হৃদ্‌পিণ্ড এবং রক্তসঞ্চালন যন্ত্রের উপর—কৈশিক-নাড়ী সমূহের সঙ্কোচন করিয়া ধামণিক-চাপ (Arterial tension) বৃদ্ধি করে।

(৩) শ্বাসপ্রশ্বাসের উপর—ইহা দ্বারা বিষাক্ত হইলে নিশ্বাসপ্রশ্বাস আক্রান্ত হইতে দেখা যায় এবং ডায়াফ্রাম্ ও শ্বাসপ্রশ্বাস সম্বন্ধীয় পেশীর (Respiratory muscles) আক্ষেপ হইয়া মৃত্যু ঘটিয়া থাকে।

(৪) পরিপাক যন্ত্রের উপর—ইহা পরিপাক শক্তির উপর টনিক্ ক্রিয়া-

রিষ্ট্-ড্রপ্ প্রভৃতি ব্যাধিতে ব্যবহৃত হয়। ইহার সঙ্গে গ্যালভেনিজম্ ব্যবহারে বিশেষ উপকার প্রাপ্ত হওয়া যায়। শৈশবকালের পক্ষাঘাত (Infantile paralysis) রোগে ডাং বারউয়েল্ (Dr. Barwell) ১/৬০ হইতে ১/৩০ গ্রেণ মাত্রায় ষ্ট্রিকনিয়া মাংসপেশী মধ্যে পিচকারীদ্বারা ব্যবহার করিতে বলেন। এডিনবরা নগরীর ডাক্তার এনান্‌ডেল্, রাইটারস্-পল্‌সি (Writer's Palsy) রোগে ৬ মিনিম্ সমপরিমান লাইকর্ ষ্ট্রিকনাইন্ ও জল মিশ্রিতপূর্ব্বক ত্বগন্তর্গত-পিচকারীদ্বারা এক দিবস অন্তর অন্তর ব্যবহার করিয়া ক্রমশঃ মোট ১২ মিনিম পর্য্যন্ত বৃদ্ধি করতঃ বেশ উপকার লাভ করিয়াছেন।

(২) এই জন্য ইহা উৎকৃষ্ট কার্ডিয়্যাক্-টনিক্ (Cardiac tonic)

(৩) প্যারালিটিক্ এবং এম্ফিজিমেটাস্ এজ্‌মা (Paralytic and Emphysematous asthma) অর্থাৎ এই দুইপ্রকার হাফানী রোগে ইহা ব্যবহার করিতে কেহ কেহ অনুমোদন করেন।

(৪) ষ্ট্রিকনাইন্, বিশেষতঃ নক্স্-ভমিকা উৎকৃষ্ট টনিক্ অর্থাৎ বল-

প্রকাশ এবং দাহন-ক্রিয়ার সাহায্যে শরীর হইতে ক্ষয়িত পদার্থ বহির্গত করে এবং শীঘ্র পচিতে (Putrefaction) দেয় না।

কারক, উহা দ্বারা ক্ষুধা বৃদ্ধি হয়। এতদ্ভিন্ন নক্স্‌ভমিকা অনেক প্রকার অজীর্ণতাতে, বুকজ্বালা, বিবমিষা এবং পেটফাঁপা ইত্যাদি উপশম করিয়া উপকার দর্শায়। গর্ভের প্রথমাবস্থায় যে বমন হয়, তাহাতে উহা প্রয়োগ করিলে অতি উৎকৃষ্ট ফল পাওয়া যায়। উহা অন্ত্রের পৈশিক-গঠনের টোন্ (Tone) বৃদ্ধি করে, এবং উহার কোষ্ঠ-পরিষ্কার ক গুণ আছে বলিয়া বিরেচক বটিকা সহযোগে ব্যবস্থা করা যায়।

Poisonous effects

বিষময়ফল।

ইহাদ্বারা বিষাক্ত হইলে স্পাইন্যাল্‌-কর্ডের প্রত্যাবর্ত্তন-ক্রিয়ার আধিক্য-বশতঃ টেটেনিক্‌-স্প্যাজম্ অর্থাৎ ধনু-ষ্টঙ্কারবৎ আক্ষেপ জন্মে এবং অবসাদ কিম্বা শ্বাসরোধদ্বারা মৃত্যু ঘটে। অধিক মাত্রায় সেবন করিলে কয়েক মুহূর্ত্ত মধ্যেই মৃত্যু হওয়ার সম্ভাবনা, এবং ½ গ্রেণ পরিমাণ সেবন করিলে অনায়াসে এক জনের প্রাণ বিনষ্ট হইতে পারে। ইহা গুহ্যদ্বারে পিচকারীদ্বারা ব্যবহার করিলে এই উপায়ে ব্যবহৃত অন্যান্য বিষাক্ত ঔষধ অপেক্ষা অতি সত্বর ক্রিয়াপ্রকাশপূর্ব্বক বিষাক্ত লক্ষণ প্রকাশিত করে।

Antidotes.

বিষঘ্ন।

ইহাদ্বারা বিষাক্ত হইলে প্রথমতঃ ট্যানিন্ ব্যবহার করিবে, কারণ উহা-দ্বারা উক্ত বিষ অদ্রবণীয় হইয়া থাকে, এবং তৎপর উদর শূন্য করিয়া ক্লোর‍্যাল, ব্রোমাইড্ অব্ পটাশিয়াম, চারকোল্ (Charcoal), ক্যালেবার্‌-বীন, নিকটীন্ এবং টোব্যাকো-এনিমেটা ইত্যাদি ফিজিওলজিক্যাল্‌-এন্টিডোট্ ব্যবহার করিবে। উপরোক্ত ঔষধ সমূহের মধ্যে শেষোক্ত ঔষধ অতি সাবধানে ব্যবহার করিবে, নতুবা সর্ব্বনাশ ঘটিতে পারে। ঐ সকল উপায়ে কোন উপ-কার না হইলে কৃত্রিম-শ্বাসপ্রশ্বাস অবলম্বনে ফল পাওয়া যাইতে পারে।

MODE OF ADMINISTRATION.

ব্যবহার প্রণালী।

লাইকর্ ষ্ট্রিক্‌নাইন্ একটী উত্তম প্রয়োগরূপ, ইহা ৫—১০ মিনিম মাত্রায় অন্যান্য টনিক-মিক্‌শ্চারের সহিত ব্যবহার করিতে হয়। উহা ব্যবহারে অসুখ-

জনক খেঁচুনী এবং চুয়ালের সন্নিকটস্থ প্রদেশের কাঠিন্য জন্মিলেই জানা যায় যে, উক্ত ঔষধ ব্যবহার স্থগিত করিতে হইবে। ষ্ট্রিক্‌নাইন্ ত্বগন্তর্গত-পিচকারীদ্বারা $\frac{1}{30}$ গ্রেণ মাত্রায় ব্যবহার করা যায়।

ষ্ট্রিক্‌নাইন্ গঠিত একটী বলকারক বটিকা।

TONIC PILL.

℞

Ferri Sulph Exsicc.	℈ii
Quininæ Sulph.	℈ii
Strychninæ Sulph.	gr.ss
Mannæ	q.s

M. ft. Pilulæ xx.

S. One pill to be taken three times a day.

℞

Tinct. Nucis Vomicæ	ʒi
Acidi Nitro-hydrochlorici Diluti	ʒii
Spiritus Chloroformi	ʒi
Infusi Gentianæ ad	℥vi

M. ft. S. One ℥i to be taken three times a day.

আহারের পর সেব্য। ফ্ল্যাটিউলেণ্ট্-কলিক্ রোগে ব্যবহৃত হয়। ইহাকে ডিনার্‌পিল্ (Dinner pill.) বলে।

℞

Ferri Sulph. Ext.	gr.$\frac{1}{2}$
Ext. Nucis vom.	gr.$\frac{1}{2}$
Ext. Aloes Barb.	gr.iii

M. ft. pill, one pill to be taken after meal.

ল্যাটিন্।	ইংরেজী।
আর্নিসি রাইজোমা।	আর্নিকা রাইজোম্।
Arnicæ Rhizoma	Arnica Rhizome.

ইহা, একপ্রকার বৃক্ষের শুষ্ক কন্দ ও উপমূল।

প্রয়োগরূপ—

টিংচুরা আর্নিসি। টিংচার্ অব্ আর্নিকা।

Tinctura Arnicæ. Tincture of Arnica.

মাত্রা—৩০ মিনিম—১ ড্রাম্।

ACTION AND USES.

ক্রিয়া ও ব্যবহার।

ইহা, চর্ম্মে অধিকক্ষণ প্রযুক্ত হইলে প্রথমে সেই স্থানের আরক্তিমতা এবং উত্তেজনা আরম্ভ হয় ও কোন কোন স্থলে প্রবল বিস্তারিত-প্রদাহ হইয়া অবশেষে মৃত্যু পর্য্যন্ত সংঘটিত হইতে পারে। ইহা অতি সতর্কতার সহিত ব্যবহার করা উচিত। ক্রজেস্ এবং স্প্রেইনস্ ইত্যাদিতে উহার লোশন্ প্রয়োগে বিশেষ উপকার পাওয়া যায়।

আভ্যন্তরিক ব্যবহারে ইহা ইরিট্যাণ্ট্ এবং ষ্টিমিউলাণ্ট্ স্বরূপ কার্য্য করে।

---

2. SPINAL SEDATIVES.

কশেরুকামজ্জেয় অবসাদক।

যে সকল ঔষধ স্পাইন্যাল্-কর্ডের ক্রিয়ার অবসাদন উৎপাদন করে তাহা-দিগকে স্পাইন্যাল্-সিডেটিভ্স্ বা কশেরুকামজ্জেয় অবসাদক কহে।

(১) কোনিয়াম্ (হেম্লক্) Conium (Hemlock.)

(২) জেল্সিমিয়াম্ (Gelsemium.)

(৩) ব্রোমাইড্ অব্ পটাশিয়াম্ (Bromide of Potassium.)

(৪) ব্রোমাইড্ অব্ এমোনিয়াম্ (Bromide of Ammonium.)

(৫) ব্রোমাইড্ অব্ সোডিয়াম্ (Bromide of Sodium.)

(৬) ক্যালেবার্-বিন্ (Calabar-bean.)

*(৭) হাইড্রোসিয়ানিক্ এসিড্ (Hydrocyanic Acid ?)

ACTION OF SPINAL SEDATIVES.

কশেরুকামজ্জেয় অবসাদক ঔষধ সকলের ক্রিয়া।

কোনিয়াম্ এবং উহার বীর্য্যের ক্রিয়া ষ্ট্রিক্নাইনের ক্রিয়ার বিপরীত,

উহাদ্বারা অঙ্গপ্রত্যঙ্গের পক্ষাঘাত হয়, কিন্তু মস্তিষ্কের ক্রিয়া অক্ষুণ্ণ থাকে। বোধ হয় ব্রোমাইড্‌স্‌, স্পাইন্যাল্‌-কর্ডের উপর ক্রিয়া প্রকাশ করে, এবং হাই-ড্রোসিয়ানিক্‌ এসিড্‌ সমস্ত মস্তিষ্ক-মণ্ডলীর উপর ক্রিয়া করিয়া থাকে।

স্পাইন্যাল্‌ সিডেটীভ্‌ ঔষধ সকল নিম্নলিখিত অবস্থাতে ব্যবহার্য্য।

(১) প্যারাপ্লিজিয়ার সহিত প্রদাহিত অবস্থার বর্ত্তমানতা প্রভৃতি স্প্যাইন্যাল্‌-কর্ডের উত্তেজিত অবস্থায়।

(২) পৈশিক আক্ষেপ এবং কম্পন ও হুপিং কফ আদি আক্ষেপিক পীড়া সমূহে।

(৩) জননেন্দ্রিয়ের যে সকল ব্যাধিতে অধিক উত্তেজনা হয়।

ল্যাটিন্‌।	ইংরেজী।
কোনিয়াই ফোলিয়া।	হেম্‌লক্‌-লিভস্‌।
Conii Folia.	Hemlock Leaves.

কোনিয়াম্‌-ম্যাকিউলেটাম্‌ নামক বৃক্ষের সরস পত্র ও শাখাগ্র।

প্রয়োগরূপ—

ক্যাটাপ্লাজ্‌মা কোনিয়াই।	হেমলক্‌ পুল্টিশ্‌।
Cataplasma Conii.	Hemlock Poultice.
এক্‌ষ্ট্রাক্টাম্‌ কোনিয়াই।	এক্‌ষ্ট্রাক্ট্‌ অব্‌ হেম্‌লক্‌।
Extractum Conii.	Extract of Hemlock.
মাত্রা—২—৬ গ্রেণ।	
পাইলিউলা কোনিয়াই কম্পজিটা।	কম্পাউণ্ড্‌ পিল্‌ অব্‌ হেম্‌লক্‌।
Pilula Conii Composita.	Compound Pill of Hemlock.
মাত্র—৫—১০ গ্রেণ।	
সাকাস্‌ কোনিয়াই।	জুস্‌ অব্‌ হেম্‌লক্‌।
Succus Conii.	Juice of Hemlock.
মাত্রা—½—১ ড্রাম।	
ভেপার্‌ কোনাইনি।	ইন্‌হেলেশন্‌ অব্‌ কোনাইন্‌।
Vapor Coninæ.	Inhalation of Conine.

কোনিয়াই ফ্রাক্‌টাস্। হেম্‌লক্‌ ফ্রুট্‌।
Conii Fructus. Hemlock Fruit.

প্রয়োগরূপ—

টিংচ্যুরা কোনিয়াই। টিংচার্‌ অব্‌ হেম্‌লক্‌।
Tinctura Conii. Tincture of Hemlock.

মাত্রা—২০—৬০ মিনিম।

ইহার প্রত্যেক আউন্সে ৫৪২ গ্রেণ হেম্‌লকের ফল আছে।

ক্রিয়া—মাদক, বেদনানিবারক, আক্ষেপনিবারক, স্পাইন্যাল্‌-অবসাদক, পরিবর্ত্তক, শোষক।

স্থানিক ক্রিয়া—ঈষৎ উত্তেজক, পরে স্পর্শহারক।

ফিজিওল্যাজিক্যাল্‌ ক্রিয়া—

(১) মস্তিষ্ক-মণ্ডলীর উপর ইহার কোন ক্রিয়া নাই।

(২) স্পাইন্যাল্‌-কর্ডের উপর ইহার কোন বিশেষ ক্রিয়া নাই, কিন্তু উহার উপক্ষার (মিথাইল্‌কোনাইন্‌) প্রথমতঃ স্পাইন্যাল্‌-কর্ডের প্রত্যাবর্ত্তন-ক্রিয়াকে উত্তেজিত এবং তৎপর অবসাদিত করিয়া থাকে।

(৩) স্নায়ু-মণ্ডলের উপর উহার ক্রিয়ার বিদ্যমানতা সহজেই অনুভূত হয়। তৃতীয় যুগল স্নায়ুর উপর উহার বিশেষ ক্রিয়া আছে বলিয়া, টোসিস্‌ (Ptosis) বা চক্ষুপাতার পক্ষাঘাত, কণীনিকার প্রসারণ এবং চক্ষু গোলকের গতির ব্যাঘাত জন্মে, তৎপর অন্যান্য এফারেণ্ট্‌ (Afferent) অথবা মোটার-স্নায়ু সমূহ আক্রান্ত হয়। পা ভারি ও দুর্ব্বল, যাতায়াতের কষ্ট এবং অবশেষে পক্ষাঘাত হইয়া চলৎশক্তি রহিত হয়। ইহার অবসাদন-ক্রিয়া প্রথমতঃ স্নায়ুদিগের অন্তহইতে আরম্ভ হইয়া অবশেষে কশেরুকামজ্জাকে আক্রান্ত করিয়া থাকে। ইহাদ্বারা মাংশপেশী সমূহের শিথিলতা সম্পাদিত হয় বলিয়া, ইহা একটী উত্তম আক্ষেপনিবারক ঔষধ। এই জন্য ইহা নানাপ্রকার আক্ষেপিক পীড়া সমূহে ব্যবহৃত হয়।

(৪) নিশ্বাসপ্রশ্বাস প্রথমতঃ আক্রান্ত হয়না, কিন্তু যখন ইহা বিষাক্ত মাত্রায় ব্যবহার করাযায়, তখন শ্বাসপ্রশ্বাস-কেন্দ্রের পক্ষাঘাত হইয়া শ্বাসরোধ-দ্বারা মৃত্যু ঘটে। ইহাদ্বারা শারীরিক উত্তাপের লাঘব হয়।

MODE OF ELIMINATION.

বহির্গমণ প্রণালী।

ইহা প্রশ্বাসিত বায়ু এবং প্রস্রাবের সহিত শরীর হইতে বহির্গত হইয়া থাকে।

আময়িকপ্রয়োগ—কোনিয়াম্ কখন কখন নানাপ্রকার অর্ব্বুদ এবং ক্যান্সার্‌জনিত ক্ষত প্রভৃতিতে পুল্‌টীশ-আকারে ব্যবহৃত হয়। ইহা কথিত আছে যে,ঐ সকল ব্যাধির বেদনা কোনিয়াম্ ব্যবহারে নিশ্চয়ই উপশমিত হয়।

ইহা মাংশপেশীদিগকে শিথিল করে বলিয়া, ল্যাবিঞ্জিস্‌মাস্-ষ্ট্রাইডিউলাস্, ষ্ট্রিসমাস্, রাই-নেক্, স্প্যাজ্‌মডিক্-ষ্টিকচার্, কোরিয়া, প্যারালিসিস্-এজিট্যান্স্ ইত্যাদি আক্ষেপিক পীড়াতে ব্যবহার করা যাইতে পারে। যখন অন্যান্য এনিস্থেটিক্ বা স্পর্শহারক ঔষধ ব্যবহার নিষেধ, তখন ইহা হার্নিয়া এবং ডিস্‌লোকেশন্ ইত্যাদি রিডিউস্ জন্য ব্যবস্থাকরা যাইতে পারে। হেমিপ্লিজিয়া এবং প্যারাপ্লিজিয়া রোগে যখন পায়ের অত্যন্ত আক্ষেপ হয় তখন উহা ব্যবহার্য্য। ইহার বাষ্পআঘ্রাণে ব্রঙ্কাইটিস্, পার্‌টাসিস্ এবং ক্ষয়কাশ ইত্যাদি রোগ কথঞ্চিৎ উপশমিত হইয়া উপকার দর্শায়। ২০ ফোটা ভেপার্-কোনিয়াই স্পঞ্জে রাখিয়া ইন্‌হেলারস্থিত উষ্ণজলের উপর স্থাপন পূর্ব্বক আঘ্রাণ করিতে হয়। ইহা একিউট্ মেনিয়াতে বিশেষ উপকারী।

ব্যবহার প্রণালী।

কোনাইন্ কখন কখন ত্বগন্তর্গত-পিচকারীদ্বারা ব্যবহৃত হয়; হাইড্রোক্লোরিক্ এসিড্ কিম্বা এসিটিক্ এসিড্ সহযোগে উক্ত প্রকারে ব্যবহার করিলে উপকার হইয়া থাকে। আভ্যন্তরিক ব্যবহারে সহজেই বিষাক্ত লক্ষণ প্রকাশিত হয়; কখন কখন ১০ হইতে ১৫ মিনিম সেবনে প্রাণত্যাগ হইতে দেখা গিয়াছে।

℞	Coninæ	ʒiii., mxii
	Acidi Acetici Fort.	m.iiss
	Spt. Vin. Rect.	ʒi
	Aqua Destillat. ad.	℥iii

উহার প্রত্যেক ৭॥ মিনিমে একমিনিম পরিমিত কোনাইন্ আছে, উহার মাত্রা ১/১০ মিনিম।

লাটিন্।	ইংরেজী।
জেল্‌সিমিয়াম্।	ইয়েলো জ্যাস্‌মিন্।
Gelsimium.	Yellow Jasmine.

মাত্রা—৫—৩০ গ্রেণ।

প্রয়োগরূপ—

এক্‌ষ্ট্রাক্টাম্ জেলসিমিয়াই এল্‌কোহলিকাম্।	এল্‌কোহলিক্ এক্‌ষ্ট্রাক্ট্ অব্ জেল্‌সিমিয়াম্।
Extractum Gelsimii Alcoholicum.	Alcoholic Extract of Gelsimium.

মাত্রা—½—২ গ্রেণ।

টিংচুারা জেল্‌সিমিয়াই।	টিংচার্ অব্ জেল্‌সিমিয়াম্।
Tinctura Gelsimii.	Tincture of Gelsimium.

মাত্রা—৫—২০ মিনিম।

ACTION AND USES.

ক্রিয়া ও ব্যবহার।

ফিজিওলজিকাল্ ক্রিয়া—

(১) স্নায়ুমণ্ডলীর উপর—ইহা মধ্যবিৎমাত্রায় ব্যবহার করিলে কঞ্জংটাইভা আরক্তিম, চক্ষু-পাতায় বেদনা এবং কণীনিকার সঙ্কোচন হইয়া টোসিস (Ptosis) অর্থাৎ চক্ষু-পাতার পক্ষাঘাত হয়,এবং অধিক মাত্রায় সেবনে শিরঃঘূর্ণন (Vertigo) এবং Double Vision অর্থাৎ একটী বস্তুকে দুইটী বলিয়া ভ্রমজন্মে; তৎপরে স্পাইন্তালকর্ড আক্রান্ত হয় বলিয়া ঐচ্ছিক গতি থাকেনা এবং অঙ্গের অবসন্নতা (Numbness) হয়, এবং রোগী

থিরাপিউটিক্যাল্ ব্যবহার—

(১) ৫ম যুগ্ম স্নায়ুর (Trifacial nerve) নিউর্‌্যালজিয়া হইলে ইহাদ্বারা উপকার হয়। উক্ত স্নায়ুর যে সকল শাখা ঊর্দ্ধ এবং নিম্ন চুয়ালে পর্য্যবসিত হইয়াছে, তাহাদের নিউর‍্যালজিয়া হইলে উহাদ্বারা বিশেষ উপকার দর্শিয়া থাকে। উহার টিংচার্ ২০ মিনিম মাত্রায় ব্যবহার্ করিবে, আবশ্যক হইলে উহা ১॥ ঘণ্টা অন্তর ব্যবহার করা যাইতে পারে। ইণ্টারকষ্ট্যাল্ (Intercostal) এবং ওভেরীয়েন্ (Ovarian) নিউর‍্যাল্-

হেলিয়া দুলিয়া গমন করে (Staggers), স্পাইন্তাল-কর্ডের রিফ্লেক্স্ ইরিটেবিলিটী (Reflex irritability) বন্ধ, কণীনিকা প্রসারিত এবং অবশেষে স্পাইন্যাল্-কর্ডের সেন্সারী কলমের (Sensory Column) পক্ষাঘাত হইয়া অঙ্গ অসাড় হয়। ষষ্ঠ যুগ্ম স্নায়ুর অন্ত প্রথমে আক্রান্ত হওয়া প্রযুক্ত চক্ষুর একষ্টার্ন্যাল-রেক্টাস্নামক মাংসপেশীর প্রথমে পক্ষাঘাত হয় এবং তৎপরে তৃতীয় স্নায়ু-যুগ্ম ও ঐ প্রকারে আক্রান্ত হইয়া থাকে।

ইহার ক্রিয়া সম্বন্ধে আশ্চর্য্যের বিষয় এই যে, ইহা যখন সেবন করাযায় তখন কণীনিকা সঙ্কোচিত এবং স্থানিক প্রয়োগ করিলে তাহা প্রসারিত হয়; শেষোক্ত ক্রিয়াটী ৫০ হইতে ৭০ মিনিট মধ্যে সম্পাদিত হইয়া থাকে। এসম্বন্ধে এট্রোপিয়া অপেক্ষা ইহার বিশেষ পার্থক্য আছে, অর্থাৎ এট্রোপিয়াদ্বারা নিকটস্থ বস্তু দর্শন করতঃ চক্ষুর দৃষ্টি-শক্তি যেরূপে হ্রাস হয়, ইহাতে তদনুরূপ নহে এবং ১০। ১৫ ঘন্টার মধ্যে দৃষ্টির বৈলক্ষণ্য আংশিকরূপে অন্তর্হিত হয়, ৩০ ঘণ্টা মধ্যে দৃষ্টির ব্যাঘাত একবারে কিছুই থাকে না, এবং ইহা এট্রোপিয়া অপেক্ষা অধিক দ্রুত ক্রিয়া করিয়া থাকে। ডাক্তার রিঙ্গার বলেন যে, জেল্সিমাইন্ (Jelsemine) নামক উহার বীর্য্য ১/২ গ্রেণ ব্যবহারে মৃত্যু হয়, প্রথমতঃ পক্ষাঘাত হইয়া তদনন্তর ধনুষ্টঙ্কারবৎ খেচুনি, অবশেষে পুনর্ব্বার পক্ষাঘাত হইয়া থাকে।

জিয়া ও মায়্যাল্জিয়া (Myalgia) রোগেও ইহা উপকারী। দন্তের কেরিজ্ (Caries) বা ক্ষয়বশতঃ দন্তশূল হইলে উহা ব্যবহারে বেশ উপকার পাওয়া যায়।

(২) হৃদ্পিণ্ড এবং রক্তসঞ্চালন-যন্ত্রের উপর—ইহা হৃৎপিণ্ডকে অল্প দুর্ব্বল করে, উহার এক্সাইটো-মোটার্-গ্যাংগ্লিয়ার (Excito-motor-Ganglia) ক্রিয়া অবসাদিত করে বলিয়া নাড়ীর সংখ্যার হ্রাস এবং ধামনিক চাপের ন্যূনতা হইয়া থাকে।

(৩) শ্বাসপ্রশ্বাস যন্ত্রের উপর—ডায়াফ্রাম্-পেশীর পক্ষাঘাত বশতঃ শ্বাসপ্রশ্বাস কষ্টদায়ক, অগভীর এবং অনিয়মিত হইয়া শ্বাসরোধদ্বারা মৃত্যু ঘটে, এবং অপর্য্যাপ্ত ঘর্ম্ম জন্ত শারীরিক তাপের লাঘব হয়।

(৩) কনভাল্শিভ্ (Convulsive) এবং আক্ষেপ-জনক কাশি ইত্যাদিতে ব্যবহৃত হয়।

প্রয়োগ প্রণালী।

ইহার টিংচার, চক্ষুপাতার পতন এবং মাংশপেশী-সমূহের দুর্ব্বলতা প্রকাশ না পাওয়া পর্য্যন্ত প্রত্যেক ৩ ঘণ্টা অন্তর ব্যবহার করা যাইতে পারে। উহা ব্যবহার করিতে বিশেষ সতর্ক হওয়া উচিত এবং প্রথমতঃ ২ মিনিম হইতে আরম্ভ করিয়া মাত্রা ক্রমশঃ ২০ বা ৩০ মিনিম পর্য্যন্ত বৃদ্ধি করা যায়।

ল্যাটিন্।	ইংরেজী।
ফাইজস্টিগ্মেটিস্ সিমেন্।	ক্যালেবার-বিন্।
Physostigmatis Semen.	Calabar Bean.

চূর্ণের মাত্রা—১—৪ গ্রেণ।

ফাইজস্টিগ্মিনা।	ফাইজস্টিগ্মাইন্।
Physostigmina.	Physostigmine.

ইহার অপর নাম ইসিরিন্ (Eserine)। ইহা ক্যালেবার-বিনের একটী বীর্য্য।

মাত্রা—১/১০০—১/৬০ গ্রেণ।

প্রয়োগরূপ—

একৃষ্ট্রাক্টাম্ ফাইজস্টিগ্মেটিস্।	একৃষ্ট্রাক্ট্ অব্ ক্যালেবার বিন্।
Extractum Physostigmatis.	Extract of Calabar Bean

মাত্রা—১/১৬—১/৪ গ্রেণ।

ল্যামিলি ফাইজস্টিগ্মাইনি।	ডিস্কস্ অব্ ফাইজস্টিগ্মাইন্।
Lamellæ Physostigminæ.	Discs of Physostigmine.

প্রত্যেক ল্যামিলিতে ১/১০০০ গ্রেণ ফাইজস্টিগমাইন্ আছে।

LOCAL ACTION AND USES.

স্থানিক ক্রিয়া ও ব্যবহার।

ফিজিওলজিকাল্ ক্রিয়া।	থিরাপিউটিক্যাল্ ব্যবহার।
চক্ষুতে প্রয়োগ করিলে ১৫ মিনিট মধ্যে কণীনিকা সম্পূর্ণ সঙ্কোচিত হয়	ইহা এক্ষণ অপ্থ্যাল্মিক্-সার্জ্জেরিতে (Ophthalmic surgery)-অর্থাৎ চক্ষু-

এবং এই অবস্থা প্রায় ৮ ঘণ্টা বিদ্য-মান থাকে, সেই সঙ্কোচনের সহিত চক্ষুপাতায় কিঞ্চিৎ খেচুনী, চক্ষু প্রদেশে বেদনা, দৃষ্টির ব্যাঘাত ইত্যাদি লক্ষণ প্রকাশিত হয়। তৃতীয় স্নায়ুর উত্তেজনার জন্য কণীনিকা সঙ্কোচিত হয়।

সম্বন্ধীয় অস্ত্র-চিকিৎসাতে ব্যবহৃত হয়। বেলাডোনা প্রয়োগে চক্ষুর কণীনিকা প্রসারিত হইয়া অসুবিধা ঘটাইলে, ক্যালাবার-বিন্‌দ্বারা নিবারিত হইয়া থাকে, এবং চক্ষুর কোন ক্ষত স্থানহইতে আইরিস্‌নামক গঠন বহির্গত হইতে না পারে তজ্জন্য ক্যালেবার-বিন্ ব্যবহৃত হয়। ২ গ্রেণ সাল্‌ফেট্ অব্ ইসিরিন্ এক আউন্স জলের সহিত মিশ্রিত করিয়া উহার এক ফোঁটা চক্ষুতে প্রয়োগ করিতে হয়। ইহাদ্বারা ষ্ট্রুমাস্ (Stramous) এবং ফ্লিক্‌টিনিউলার (Phlyctenular), অপ্‌থ্যালমিয়া (Ophthalmia) এবং কর্নিয়ার (Cornea) ক্ষতে কণীনিকা সঙ্কুচিত হইয়া আলোক চক্ষুতে প্রবিষ্ট হইতে বাধা দেয়, সুতরাং চক্ষুপাতার আক্ষেপিক সঙ্কোচন হয় না।

আভ্যন্তরিক ক্রিয়া ও ব্যবহার।

(১) স্নায়ু-মণ্ডলীর উপর—মস্তিষ্কের উপর ক্যালেবার-বিনের কোন ক্রিয়া নাই। ইহাদ্বারা বিষাক্ত হইলে মন অক্ষুণ্ণভাবে থাকে।

(২) স্পাইন্যাল্‌-কর্ড বিশেষরূপ আক্রান্ত হওয়ার জন্য পৈশিক দুর্ব্বলতা এবং অবশেষে পক্ষাঘাত হয়। উহার প্রত্যাবর্ত্তন-শক্তি একবারে বিলুপ্ত হইয়া থাকে।

(২) ক্যালেবার-বিন্‌দ্বারা স্পাই-ন্যাল্‌-কর্ডের প্রত্যাবর্ত্তন-ক্রিয়ার ন্যূনতা জন্মে বলিয়া ফ্রেজার (Fraser) সাহেব উহা ধনুষ্টঙ্কার রোগে ব্যবস্থা করিতে বলেন। ইহা ব্যবহারে ধনুষ্টঙ্কা-রের লক্ষণ-সমূহ উপশমিত এবং ব্যাধির গতি দমন হয়। উক্তব্যাধির প্রথমাবস্থায় ইহা ব্যবহার করা উচিত, কারণ সেইসময় কর্ডের কোনপ্রকার বৈধানিক পরিবর্ত্তন থাকেনা; এবং যখন ধনুষ্টঙ্কার রোগে রোগীগণ গলাধঃকরণ করিতে অসমর্থ হয় তখন ইহার ½ গ্রেণ এক্‌ষ্ট্রাক্ট্ ১০।১৫ মিনিম জলে দ্রব করতঃ অত্যম্ল কার্ব্বনেট্

অব্ সোডিয়াম্দ্বারা সমক্ষারায় করিয়া প্রত্যেক ২।৩ ঘণ্টা অন্তর ত্বগন্তর্গত পিচকারীদ্বারা ব্যবহার করা যাইতে পারে। ক্যালেবার-বিন্ মৃগী এবং অন্যান্য প্রকার স্নায়বীয় পীড়া-সমূহে ব্যবহৃত হইয়া থাকে। ডাঃ বুসাট্ (Dr. Bouchat) বলেন যে, তিনি কোরিয়া রোগে ইসিরিন্ (Eserine) ১/৬০ হইতে ১/২০ গ্রেণ মাত্রায় ত্বগন্তর্গত পিচকারীদ্বারা উত্তম ফল পাইয়াছেন।

ইহা জেনারেল্ প্যারালিসিস্ অব্ দি ইন্সেন্ (General Paralysis of the insane) অর্থাৎ উন্মাদদের পক্ষাঘাতরোগে ব্যবহার করা যাইতে পারে।

লকোমোটার-এটাক্সি (Locomotor ataxy) এবং রাইটারস্ ক্রাম্প্ (Writers' cramp) রোগে ক্যালেবার-বিন ব্যবহারে বেশ উপকার পাওয়া যায়।

ষ্ট্রিক্নাইন্দ্বারা বিষাক্ত হইলে, ইহা বিষঘ্ন স্বরূপ ব্যবহৃত হয়।

(৩) যদিও ক্যালেবার-বিন্দ্বারা মোটার্-স্নায়ুসমূহ প্রথমতঃ আক্রান্ত হয়না তথাপি দ্বিতীয় অবস্থাতে উহার পরিচালনা-শক্তি কম হয়। সিম্প্যাথেটিক্-সিষ্টাম্ প্রথমে উত্তেজিত পরে অবসাদিত হয়। সালফেট্ অব্ ইসিরিন্ সলিউশন্ (একআউন্স জলে ২ গ্রেণ) কয়েকফোঁটা ১৫ মিনিট অন্তর চক্ষুতে প্রয়োগ করিলে একিউট্-গ্লকোমা পীড়াতে বেশ ফল পাওয়া যায়, উহাতে আইরিশের সঙ্কোচন হয়, কারণ উহা ব্যবহারে ভ্যাসোমোটার্-স্নায়ুসূত্রসমূহের পক্ষাঘাত এবং তৃতীয় স্নায়ুসূত্র-সমূহের উত্তেজনা হয়।

(৪) রক্তসঞ্চালন যন্ত্রের উপর—ক্যালেবার-বিন্ অল্পমাত্রায় হৃদ্পিণ্ডের ক্রিয়া মন্দগামী এবং সবল করে, উহাতে ধামনিক চাপ বৃদ্ধিপায়, কিন্তু উহাদ্বারা বিষাক্ত হইলে হৃদ্পিণ্ডের গতি দুর্ব্বল ও অনিয়মিত হইয়া অবশেষে বন্ধ হইয়া থাকে। নিউমোগ্যাষ্ট্রিক্-স্নায়ুর যে সকল সূত্র হৃদ্পিণ্ডকে পরিপোষণ করে তাহাদিগকে প্রথমতঃ উত্তেজিত এবং পরে অবসাদিত করে বলিয়া ধমনীসকল প্রথমতঃ সঙ্কোচিত এবং তৎপরে প্রসারিত হইয়া থাকে।

(৫) শ্বাসপ্রশ্বাসের উপর—নিশ্বাসপ্রশ্বাস সচরাচর মৃদু এবং অনিয়মিত হয়। স্বাভাবিক অপেক্ষা শারীরিক উত্তাপের অল্প লাঘব হয়।

(৬) নিঃস্রাবণ যন্ত্রের উপর— ক্যালেবার-বিন্দ্বারা বমন হয় এবং তৎসঙ্গে পাকাশয়ের বেদনাজনক

উহা বিষাক্ত মাত্রায় হিপেটিক্ ষ্টিমিউলান্ট, কিন্তু এতদর্থে উহা কচিৎ ব্যবহৃত হয়।

সঙ্কোচন এবং অন্ত্রের কৃমিবৎ গতি বৃদ্ধি হয়। তৎসঙ্গে লালাস্রাব এবং ঘর্ম্মের বৃদ্ধি হইয়া থাকে।

Poisonous Action.

বিষময়ফল।

অল্পমাত্রায় ক্যালেবার-বিন্ ব্যবহারে, শ্বাসপ্রশ্বাস-কেন্দ্রের পক্ষাঘাত বশতঃ শ্বাসরোধদ্বারা মৃত্যু ঘটিয়া থাকে। অধিকমাত্রায় সেবনে কার্ডিয়্যাক্-সিন্-কোপ্দ্বারা শীঘ্র মৃত্যু হইয়া থাকে।

Antidotes.

বিষঘ্ন।

(১) এট্রোপিয়া রেশ্পিরেটরি-ডিপ্রেশন্ বা শ্বাসপ্রশ্বাসের অবসাদ একবারে দূর করিয়া দেয় বলিয়া তাহাতে উত্তেজনা হয়।

(২) ষ্ট্রিক্নিয়া, স্পাইন্যাল্-কর্ডকে উত্তেজিত করে। এজন্য ইহারা উহার বিষঘ্ন স্বরূপ ব্যবহৃত হয়।

ব্যবহার প্রণালী।

ইহা প্রায়ই আভ্যন্তরিক ব্যবহৃত হয়না। উহার এক্ষ্ট্রাক্ট্ ⅙ হইতে ⅙ গ্রেণ, অল্প সোডার সহিত সমক্ষারায় করিয়া ত্বগন্তর্গত পিচকারী ব্যবহারে উত্তম ফল পাওয়া যায়, ইহা পূর্ব্বে উল্লিখিত হইয়াছে। ইহার ১ গ্রেণ এক্ষ্ট্রাক্ট্ অত্যল্প মৃদু স্পিরিটের সহিত মিশ্রিত করিয়া আভ্যন্তরিক ব্যবহার করিবে। ইহার বীর্য্য ফাইজসটিগমাইন্ বা ইসিরিন্ (Physostigmine or Escrine) ত্বগন্তর্গত পিচকারীদ্বারা ব্যবহৃত হয়। ইহার ল্যামিলি অথবা ডিস্ক্ ব্রিটিশফার্ম্মাকোপিয়াতে গৃহীত আছে।

একাদশ অধ্যায়।

প্রথমবিভাগীয় দ্বিতীয়শ্রেণীস্থ তৃতীয় উপশ্রেণী।

যে সকল ঔষধ মস্তিক-মণ্ডলীর কোন কোন অংশ এবং গ্যাংগ্লিয়নিক্-সিষ্টেমের (Ganglionic system.) বা স্পন্দচেতনিক-মণ্ডলীর উপর কার্য্যকরে তাহারা এই শ্রেণীভুক্ত।

প্রথম উপশ্রেণী।

আক্ষেপ নিবারক ঔষধ সমূহ (Antispasmodics.)

যে সকল ঔষধ সম্ভবতঃ স্পাইন্যাল্-কর্ডকে বলবিধান করিয়া আক্ষেপ-নিবারণ ক্ষমতা প্রকাশকরে তাহাদিগকে এণ্টিস্প্যাজ্‌মডিক্ বা আক্ষেপ-নিবারক ঔষধ কহে। ইহারা ডাইরেক্ট্ ও ইন্‌ডাইরেক্ট্ নামক দুই ভাগে বিভক্ত।

ডাইরেক্ট্ এণ্টিস্প্যাজ্-মডিকস্ (Direct Antispasmodics.)
ইহাদের অপর নাম স্পাইন্যাল্ টনিকস্। (Spinal tonics.)

(১) এসাফিটিডা (Asafœtida.)
(২) গ্যাল্‌বেনাম্ (Galbanum.)
(৩) এমোনায়েকাম্ (Ammoniacum.)
(৪) ভেলিরিয়েন্ (Valerian.)
(৫) সাম্বল্ (Sumbul.)
(৬) মাস্ক্ (Musk.)
(৭) অয়েল্ অব্ রিউ (Oil of Rue.)
(৮) " " টার্পেণ্টাইন্ (Oil of Turpentine.)
(৯) অয়েল্ অব্ ক্যাজুপুট্ (Oil of Cajuput.)
(১০) ক্যাম্ফর্ (Camphor.)
(১১) এমোনিয়া (Ammonia.)
(১২) কার্ব্বনেট্ অব্ এমোনিয়াম্ (Carbonate of Ammonium.)

ইন্‌ডাইরেক্ট্‌ এন্টিস্প্যাজমডিকস্‌।

INDIRECT ANTISPASMODICS.

১ (ক) স্পাইন্যাল্‌ সিডেটিভস্‌ (Spinal Sedatives) যথাঃ—কোনায়াম্‌ ইত্যাদি।

(খ) ব্রোমাইড্‌ অব্‌ পটাশিয়াম্‌ (Bromide of Potassium.

(গ) " " এমোনিয়াম্‌ (" " Ammonium.)

(ঘ) " " সোডিয়াম্‌ (" " Sodium.)

২ (ক) নার্ভাইন্‌ টনিকস্‌ (Nervine tonics) যথা সল্টস্‌ অব্‌ জিঙ্ক্‌ (Salts of Zinc.)

(খ) সল্টস্‌ অব্‌ সিল্‌ভার্‌ (Salts of Silver.)

৩ (ক) হাইড্রোসিয়ানিক্‌ এসিড্‌ (Hydrocyanic Acid.)

(খ) বেলাডোনা (Belladonna.)

(গ) ষ্ট্র্যামোনিয়াম্‌ (Stramonium.)

(ঘ) হেন্‌বেন্‌ (Henbane.)

(ঙ) ইণ্ডিয়ান্‌ হেম্প্‌ (Indian Hemp.)

(চ) ওপিয়াম্‌ (Opium.)

(ছ) ক্লোরোফর্ম্‌ (Chloroform.)

(জ) ইথার্‌ (Ether)

(ঝ) এসিটিক্‌ ইথার্‌ (Acetic Ether.)

এন্টিস্প্যাজমডিকস্‌ বা আক্ষেপনিবারক ঔষধদিগের ক্রিয়া।

১। ডাইরেক্ট্‌ এন্টিস্প্যাজমডিক্‌ ঔষধগুলি স্পাইন্যাল-কর্ড এবং স্নায়ু-মণ্ডলের অন্যান্য অংশের বলবিধান করিয়া মাস্‌কিউলার্‌সিষ্টেমের (Muscular system) উপর ক্রিয়াকরে এজন্যই ইহাদিগদ্বারা আক্ষেপের উপশম হয়।

ইন্‌ডাইরেক্ট্‌-এন্টিস্প্যাজমডিক্‌ ঔষধসকল বিভিন্নরূপে কার্য্য করে, উহাদের মধ্যে কোনিয়াম্‌আদি কতকগুলি ঔষধ স্পাইন্যাল্‌-কর্ডকে সাক্ষাৎ

অবসন্ন, জিঙ্ক্‌সল্টস্ ও নার্ভাইন্ টনিকস্‌আদি কতকগুলি ঔষধ স্নায়ু-মণ্ডলের বলবিধান-পূর্ব্বক কার্য্য করিয়া থাকে, এবং বেলাডোনাআদি নানাবিধ মাদক ঔষধ-সমূহ মস্তিষ্কের উপর ক্রিয়া প্রকাশ করে।

আময়িকপ্রয়োগ—ডাইরেক্ট্ এণ্টিস্প্যাজ্‌মডিক্ ঔষধসমূহ নিম্নলিখিত অবস্থায় ব্যবহৃত হয়।

(১) হিষ্টিরিয়া (Hysteria) কিম্বা মস্তিষ্ক-মণ্ডলীর দুর্ব্বলতা বশতঃ যে আক্ষেপ জন্মে।

(২) অন্যান্য সকলপ্রকার আক্ষেপিক পীড়াসমূহে যদ্দারা আক্ষেপের কারণ নিবারিত হয় এরূপ অন্য কোন ঔষধ সহযোগে ব্যবহার করিতে হয়।

এসাফিটিডা। — এসাফিটিডা।

Asafœtida. — Asafœtida.

ফের্‌য়্যুলা-নার্থেক্স্‌নামক বৃক্ষের গঁদ ও ধূনাযুক্ত নির্য্যাস। ইহা বঙ্গদেশে হিঙ্‌নামে অভিহিত।

মাত্র—৫—২০ গ্রেণ।

প্রয়োগরূপ—

এনিমা এসাফিটিডি। — এনিমা অব্ এসাফিটিডা।

Enema Asafœtidæ. — Enema of Asafœtida.

পাইলিউলা এলোজ্ এট্ এসাফিটিডি। — পিল্ অব্ এলোজ্ এণ্ড্ এসাফিটিডা।

Pilula Aloes et Asafœtidæ. — Pill of Aloes and Asafœtida.

মাত্রা—৫—১০ গ্রেণ।

স্পিরিটাস্ এমোণিয়ী ফিটিডাস্ — ফিটিড্ স্প্রিট্ অব্ এমোনিয়া।

Spiritus Ammoniæ Fœtidus. — Fœtid Spirit of Ammonia

মাত্র—½—১ ড্রাম।

টিংচুারা এসাফিটিডি। — টিংচার্ অব্ এসাফিটিডা।

Tinctura Asafœtidæ. — Tincture of Asafœtida.

মাত্রা—½—১ ড্রাম।

পাইলিউলা এসাফিটিডি কম্পজিটা। কম্পাউণ্ড্ পিল্ অব্ এসাফিটিডা।
Pilula Asafœtidæ Composita. Compound Pill of Asafœtida.

মাত্রা—৫—১০ গ্রেণ।

ক্রিয়া—উত্তেজক, আক্ষেপনিবারক, কফনিঃসারক এবং ক্রিমিনাশক। ইহা মস্তিষ্ক-মণ্ডলীর উপর উত্তেজকের ন্যায় ক্রিয়া করে। ইহার আক্ষেপ-নিবারক গুণ আছে বলিয়া হিষ্টিরিক্যাল্ (Hysterical) বা হিষ্টিরিয়াজনিত খেচুনি রোগে অতি উৎকৃষ্ট ঔষধরূপে পরিগণিত।

উক্তরোগে সচরাচর নিম্নলিখিত ব্যবস্থা-পত্রের যে কোনটী ব্যবহারে ফল পাওয়া যায়।

℞

Tinct. Asafœtid.
Tinct. Castorei.
Tinct. Valerian Ammon. *āā* ʒii
Mist. Camph. *ad* ℥vii

M. ft. Dose, one or two tablespoonfuls every hour.

℞

Tinct. Valerian
„ Asafœtid *āā* ʒii
„ Lavender co. ʒiss
Aqua ℥vi

M. A tablespoonful every 3 hours.

ইহা পার্টাসিস্, এজ্‌মা এবং অন্যান্য স্নায়বিক ব্যাধিতে ব্যবহার্য্য। টিম্পে-নাইটিস্ বা বায়ুদ্বারা পেটফাঁপা রোগে ইহা, পিচকারীদ্বারা ব্যবহারে বিশেষ উপকার দর্শায়। কোন কোন প্রকার ক্রনিক্-ব্রঙ্কাইটিস্ রোগে ইহা কফনিঃসারক ঔষধ বলিয়া ব্যবহারে যথেষ্ট উপকার পাওয়া যাইতে পারে। রাউণ্ড্-ওয়ারম্‌স্ (Round Worms) বা মহীলতার ন্যায় ক্রিমিরোগে, যখন এপিলেপ্‌সি ও কোরিয়া আদি স্নায়বীয় লক্ষণ প্রকাশিত হয় তখন এসাফিটিডা ব্যবহারে অন্ত্রস্থক্রিমি বহির্গত হইয়া যায়; এবং রোগ ও আরোগ্য হইবার সম্ভাবনা থাকে।

আরব বাসীরা বলে যে, উহার কামোদ্দীপক গুণ আছে। ইহা গর্ভবতী স্ত্রীলোকদিগকে সেবন করাইলে ভ্রূণ নষ্ট হয়। আক্ষেপিকহাপানী রোগ ইহা ব্যবহারে কখন কখন উপশমিত হইয়া থাকে। এরূপ অবস্থায় অন্যান্য আক্ষেপনিবারক ও মাদক ঔষধের সহিত ব্যবস্থা করা যাইতে পারে।

উল্লিখিত রোগে নিম্নলিখিত ব্যবস্থাদ্বারা উত্তম ফল পাওয়া যায়।

℞

Tinct. Asafœtida	ʒss
Tinct. Opii	♏xx
Spt. Æther Sulph. co.	ʒss
Mist. Camphor ad	℥iss

M. ft. one dose. এক মাত্রা, দিবসে তিন বার সেব্য।

ক্রনিক্-ব্রঙ্কাইটিস্ রোগে ডিস্প্নিয়া (Dyspnœa) অর্থাৎ শ্বাস-কৃচ্ছ্র বর্ত্তমান থাকিলে বিশেষতঃ বৃদ্ধ দিগের এই ব্যাধিতে উল্লিখিত প্রিস্ক্রিপসন্ (ব্যবস্থা) অতি উৎকৃষ্ট ; ইহাতে আক্ষেপ দূরীভূত এবং কফ বহির্গত হইয়া যায়।

জ্বর রোগে টিম্পেনাইটিস্ (Tympanitis) এবং হিষ্টিরিয়াগ্রস্ত স্ত্রীলোকদের ফ্ল্যাটিউলেণ্ট্ কলিক্ (Flatulent colic) বা পেটফাঁপাজনিত বেদনারোগে এসাফিটিডাদ্বারা বিশেষ উপকার হয়। শেষোক্ত ব্যাধিতে ইহার কম্পাউণ্ড্ পিল্, কম্পাউণ্ড্-রুবার্ব-পিল্ এবং এক্‌ষ্ট্রাক্ট-অব্-হাইয়োসায়েমাসের সহিত ব্যবহার করিলে উত্তম ফল দর্শে।

গিনি-ওয়ারম্ জনিত ক্ষতরোগে এসাফিটিডা স্থানিক প্রয়োগ করিলে উক্ত ক্রিমি বহির্গত হইয়া থাকে।

বহির্গমণপ্রণালী—সেবনান্তে ইহা, শরীরে শীঘ্র আচোষিত হয়; ইহার গন্ধ, দুগ্ধ ও ঘর্ম্ম এবং মলে পাওয়া যায়।

এমোনায়েকাম্। এমোনায়েকাম্।

Ammoniacum. Ammoniacum.

ইহা ডোরেমা-এমোনায়েকাম্ নামক বৃক্ষের গাম্-রেজিন্ (Gum-resin) বা গঁদ ও ধূনাযুক্ত নির্য্যাস।

মাত্রা—৫—২০ গ্রেণ।

প্রয়োগরূপ—

এম্‌প্লাষ্ট্রাম্ এমোনায়েসাই কাম্-হাইড্রারজিরো। এমোনায়েকাম্ এণ্ড্ মার্কিউরি-প্লাষ্টার্।
Emplastrum Ammoniaci cum-Hydrargyro. Ammoniacum and Mercury Plaster.

মিশ্চুরা এমোনায়েসাই। এমোনায়েকাম্ মিক্‌শ্চার্।
Mistura Ammoniaci. Ammoniacum Mixture.

মাত্রা—½—১ আউন্স্।

ক্রিয়া—উত্তেজক এবং কফনিঃসারক।

আময়িক প্রয়োগ—এস্থেনিক্-পাল্‌মোনারি-ডিজিজেস্ (Asthenic pulmonary diseases) অর্থাৎ দুর্ব্বলতাকারক লাংসের পীড়াসমূহে এমোনায়েকাম্ অতি উৎকৃষ্ট। যখন রোগী দুর্ব্বল থাকে এবং কফ বহির্গত করিতে অসমর্থ হয়, তখন ইহা কফনিঃসারক ঔষধের ন্যায় ক্রিয়া-প্রকাশপূর্ব্বক উপকার দর্শায়। ইহা মিক্‌শ্চার্ আকারেই সচরাচর ব্যবহৃত হয়। বাহ্যিক ব্যবহারে ইহার প্লাষ্টার্ উত্তেজকের ন্যায় কার্য্যকরে।

এমোনায়েকাম্ প্রধানতঃ ব্রঙ্কিয়্যাল্-টিউব্‌সের (Bronchial tubes) বা শ্বাসনলীর শ্লৈষ্মিকঝিল্লির উপর কার্য্যকরে, ইহাদ্বারাই উহার উত্তেজক-কফ-নিঃসারক গুণের উপলব্ধি হয়। ইহার উত্তেজক-কফনিঃসারক গুণ থাকাতে কোন কোন প্রকার ক্রনিক্-ব্রঙ্কাইটিস্ রোগে বিশেষতঃ যখন উক্তরোগে জ্বরের বিদ্যমানতা না থাকে তখন বিশেষ ব্যবহার্য্য।

আক্ষেপিকহাপানী রোগেও ইহা ব্যবহারে রোগের লক্ষণ সকল শীঘ্র উপশমিত হয়; ইহা, টিংচার্-সিলি এবং অল্প পরিমাণে হাইয়োসায়েমাস্ (Hyoscyamus) কিম্বা কোনিয়ামের (Conium) সহিত ব্যবস্থা করিলে বিশেষ উপকার হয়। বক্ষে ইহার প্লাষ্টার অতি উৎকৃষ্ট। রিউমেটিজম্ এবং রিউমেটিক্-গাউট রোগের স্ফীত-সন্ধিতে এম্‌প্লাষ্ট্রাম্-এমোনায়কাম্ এট্-হাইড্রারজিরাই (Emplastrum Ammoniacum et Hydrogyri.) স্থানিক প্রয়োগ করিলে উপকার হইয়া থাকে। এবং টেণ্ডন্, পেরিয়ষ্টিয়াম্ ও বার্সা ইত্যাদি যখন আক্রান্ত হয় তখন ও ইহাদ্বারা উপকার লব্ধ হয়। কোন

কোন প্রকার ইন্‌ডোলেণ্ট্‌ টিউমার্‌ (Indolent Tumour) ইহার বাহ্যিক প্রয়োগ দ্বারা অদৃশ্য হইয়া যাইতে দেখা গিয়াছে।

ল্যাটিন্।	ইংরেজী।
গ্যাল্‌বেনাম্।	গ্যাল্‌বেনাম্।
Galbanum.	Galbanum.

ইহা ফেরুলা-গ্যাল্‌বেনিফ্লুয়া এবং ফেরুলা রুব্রিকলিস্‌ ও সম্ভবতঃ অন্যান্য এই শ্রেণীজাতীয় বৃক্ষের গাম্‌-রেজিন্‌ বা গঁদও ধূনাযুক্ত নির্য্যাস।

গাম্‌-রেজিনের মাত্রা—১০—৩০ গ্রেণ।

প্রয়োগরূপ—

এম্‌প্লাষ্ট্রাম্ গ্যাল্‌বেনাই।	গ্যাল্‌বেনাম্ প্লাষ্টার্।
Emplastrum Galbani.	Galbanum Plaster.

ক্রিয়া—উত্তেজক (Stimulant), আক্ষেপনিবারক (Antispasmodic); রজঃনিসারক (Emmenagogue); আক্ষেপনিবারক গুণ সম্বন্ধে ইহা এসাফিটিডা অপেক্ষা নিকৃষ্ট, ইহার রজঃনিসারক গুণ আছে বলিয়া লৌহ-গঠিত ঔষধ সহযোগে এমিনোরিয়া (Amenorrhœa) রোগে ব্যবহৃত হয়, বাহ্যিক ব্যবহার জন্য উহার প্লাষ্টার সচরাচর ডিস্‌কিউটীয়েণ্ট্‌ এবং ষ্টিমিউল্যাণ্ট্‌ স্বরূপ ব্যবহৃত হয়। উহার থিরাপিউটিক্যাল্ ব্যবহার এমোনায়েকামের ন্যায়, ইন্‌ডোলেণ্ট্-টিউমারস্‌ (Indolent Tumours) বা অসাংঘাতিক অর্ব্বুদে উহার প্লাষ্টার প্রয়োগ করিলে উক্ত টিউমার্‌স্‌ ক্ষুদ্র আকার ও শোষিত হইয়া যায়। উহার প্লাষ্টার কখন কখন ক্রনিক-আর্‌থ্রাইটিস্‌ (Chronic Arthritis) রোগে ব্যবহৃত হয়। হিষ্টিরিয়া (Hysteria) রোগের সহিত যখন ডিস্‌মেনোরিয়া (Dysmenorrhœa) বর্ত্তমান থাকে, তখন কটিদেশে উহার প্লাষ্টার প্রয়োগ করিলে উপকার হইয়া থাকে। জরায়ুর উপর উহার উত্তেজক ক্রিয়া থাকা প্রযুক্ত এমিনোরিয়া রোগে কেহ কেহ ব্যবহার করেন।

ল্যাটিন্।	ইংরেজী।
ভেলিরিয়েনী রাইজোমা।	ভেলিরিয়েন্ রাইজোম্।
Valerianæ Rhizoma.	Valerian Rhizome.

ইহা ভেলিরিয়েনা-অফিসিনেলিস্ নামক বৃক্ষের শুষ্ক নিরেট কন্দ ও ক্ষুদ্র মূলসকল।

চূর্ণের মাত্রা—১০—৩০ গ্রেণ।

প্রয়োগরূপ—

ইন্‌ফিউজাম্ ভেলিরিয়েনী।	ইন্‌ফিউসন্ অব্ ভেলিরিয়েন্।
Infusum Valerianæ.	Infusion of Valerian.

মাত্রা—১—২ আউন্স।

টিংচুরা ভেলিরিয়েনী।	টিংচার্ অব্ ভেলিরিয়েন্।
Tinctura Valerianæ.	Tincture of Valerian.

মাত্রা—১—২ ড্রাম।

টিংচুরা ভেলিরিয়েনী এমোনিয়েটা।	এমোনিয়েটেড্ টিংচার্ অব্ ভেলিরিয়েন্।
Tinctura Valerianæ Ammoniata.	Ammoniated Tincture of Valerian.

মাত্র—½—১ ড্রাম।

ক্রিয়া—উত্তেজক, আক্ষেপনিবারক, এবং ক্রিমিনাশক। ভেলিরিয়েন-রাইজোমে একপ্রকার উদ্বায়ী তৈল বর্ত্তমান আছে, এই তৈলের উপরই ইহার গুণ নির্ভর করে।

আক্ষেপনিবারক গুণ সম্বন্ধে ইহা এসাফিটিডা হইতে নিকৃষ্ট, উহা নিতান্ত দুর্গন্ধ কিন্তু সিনামনের (Cinnamon) সহিত ব্যবহার করিলে উহার দুর্গন্ধ অনুভব করা যায় না। হিষ্টিরিয়া (Hysteria) রোগে উহা বিশেষ উপকারী, রোগের আক্রমণ এবং বিরামে (উভয় অবস্থায়ই) ইহা ব্যবস্থা করা যায়। হিষ্টিরিয়া রোগজনিত শিরঃপীড়া এবং হৃদ্‌কম্প রোগে ইহা বিশেষ উপযোগী—

নিম্নলিখিত ব্যবস্থাপত্রদ্বয় উক্ত রোগে ব্যবহার করা যাইতে পারে।

℞

Tinct. Valerian Ammon.	℥ss
Spt. Æther Sulph. co.	ʒss
Mist. Camphor	℥iss

M. ft. A draught to be taken twice a three times a day.

℞

Tinct. Valerian	ʒss
Spt. Æther Sulph. co.	ʒss
Spt. Lavender co.	ʒss
Tinct. Hyoscyam.	mxx
Mist. Camphor	℥i

M. ft. A draught to be taken twice or 3 times a day.

মাস্কি ভলিট্যান্টিস্ (Muscæ volitantes) অর্থাৎ যখন রোগের আক্রমণে, উঠিতে বসিতে চক্ষে সর্ষপফুলের ন্যায় দৃষ্ট হয় তখন নিম্নলিখিত ব্যবস্থাপত্র বিশেষ উপকারী।

℞	Tinct. Valerian Ammon.	ʒii
	,, Castor	ʒii
	Aqua Camph.	℥vi

M. ft. Two tablespoonfuls to be taken three time a day.

শিশুদের এবং হিষ্টিরিয়াগ্রস্ত স্ত্রীলোকদের ফ্ল্যাটিউলেণ্ট-ডিস্টেনশন্ অর্থাৎ বায়ু দ্বারা পেটফাঁপা ও তৎসঙ্গে বেদনা থাকিলে ভেলিরিয়েন্ ব্যবহারে উপকার দর্শে।

ল্যাটিন্।	ইংরেজী।
সাম্বল্ রেডিক্স্।	সাম্বল্রুট্।
Sumbul Radix.	Sumbul Root.

প্রয়োগরূপ—

টিংচ্যুরা সাম্বল্।	টিংচার্ অব্ সাম্বল্।
Tinctura Sumbul.	Tincture of Sumbul.

মাত্রা—১০—৩০ মিনিম।

ক্রিয়া ও ব্যবহার—ইহার ক্রিয়া ভেলিরিয়েনের ন্যায় স্নায়বীয় উত্তেজক। রুসিয়া দেশে বিসূচিকা রোগে এবং কোন কোন প্রকার এডাইনেমিক্ (Adynamic) বা দুর্ব্বলকারী জ্বরে ইহা ব্যবহৃত হইয়া থাকে। এপিলেপ্সি, কোরিয়া, এবং অন্যান্যপ্রকার মস্তিষ্ক সম্বন্ধীয় ব্যাধিতে ইহা ব্যবহার করিতে অনেকে অনুমোদন করিয়া থাকেন।

ল্যাটিন্।	ইংরেজী।
মসকাস্।	মাস্ক্।
Moschus.	Musk.

মস্কাস-মস্কিফিরাস্ (Moschus moschiferus) নামক মৃগ বিশেষের প্রিপিউসে যে গ্রন্থিনিচয় আছে তাহাহইতে যে একপ্রকার শুষ্ক স্রাবণ বহির্গত হয় তাহাকে মাস্ক্ বা মৃগনাভি কহে।

মাত্রা—৫—১০ গ্রেণ।

ইহার টিংচার্ ১০ হইতে ৩০ মিনিম মাত্রায় সচরাচর ব্যবহার হয়।

ক্রিয়া—উত্তেজক এবং আক্ষেপনিবারক।

আময়িকপ্রয়োগ—ইহার আক্ষেপনিবারক গুণ থাকা বশতঃ হিষ্টিরিয়া, এপিলেপ্সি এবং টাইফয়েড্-নিউমোনিয়া ইত্যাদি দুর্ব্বলকারী ব্যাধিতে উত্তেজক বলিয়া ব্যবহৃত হয়; কিন্তু উহা মূল্যবান বলিয়া সচরাচর ব্যবহৃত হয় না। হিক্কা এবং বিসূচিকা রোগের পতনাবস্থায় ইহা ব্যবহারে বিশেষ ফল পাওয়া যায়।

℞

Tinct. Musk	m.x
Spt. Ammon. Aromat.	℥ss
,, Chloroform	m.x
Aqua Camph. ad	℥i

M. ft. One dose to be taken every 4 hours.

ইহা সকল প্রকার দুর্ব্বলকারী ব্যাধিতে শরীরকে সতেজ করিবার জন্য অতি সাদরে ব্যবহার্য্য।

লাটিন্।	ইংরেজী।
Camphora.	Camphor.
ক্যাম্ফোরা।	ক্যাম্ফার্।

ইহা একপ্রকার সংযত বায়ী তৈল। বঙ্গভাষায় ইহাকে কর্পূর বলে।

মাত্রা—১—১০ গ্রেণ।

প্রয়োগরূপ—

একোয়া ক্যাম্ফরি।	ক্যাম্ফার্ ওয়াটার্।
Aqua Camphoræ.	Camphor Water.

মাত্রা—১—২ আউন্স।

লিনিমেণ্টাম্ ক্যাম্ফরি।	ক্যাম্ফার্ লিনিমেণ্ট্।
Linimentum Camphoræ.	Camphor Liniment.
লিনিমেণ্টাম্ ক্যাম্ফরি কম্পজিটাম্।	কম্পাউণ্ড্ লিনিমেণ্ট্ অব্ ক্যাম্ফার্।
Linimentum Camphoræ Compositum.	Compound Liniment of Camphor.
স্পিরিটাস্ ক্যাম্ফরি।	স্পিরিট্ অব্ ক্যাম্ফার্।
Spiritus Camphoræ.	Spirit of Camphor.

মাত্রা—১০—৩০—মিনিম।

টিংচ্যুরা ক্যাম্ফরি কম্পজিটা।	কম্পাউণ্ড্ টিংচার্ অব্ ক্যাম্ফার্।
Tinctura Camphoræ Composita.	Compound Tincture of Camphor.

মাত্রা—১৫ মিনিম—১ ড্রাম।

ক্রিয়া—উত্তেজক, আক্ষেপনিবারক, বেদনানিবারক ও নিদ্রাকারক; অধিক মাত্রায় অবসাদক।

আময়িকপ্রয়োগ—ইহা ৪—১০ গ্রেণ মাত্রায় উত্তেজক; ইহাতে হৃৎপিণ্ডের এবং ধমনীসকলের ক্রিয়া বর্দ্ধিত, মনের স্ফূর্ত্তি উৎপাদিত, শারীরিক উত্তাপ এবং ঘর্ম্ম বর্দ্ধিত, নাড়ী কোমল এবং পূর্ণ হইয়া থাকে। এই সকল লক্ষণ অল্পকাল মাত্র স্থায়ী; তৎপর অবসাদন হয়। অপেক্ষাকৃত অধিক মাত্রায় বেদনা এবং আক্ষেপ উপশমিত এবং নিদ্রা আনয়ন করে। অধিক মাত্রায়

সেবন করিলে পাকাশয়ে বেদনা, বিবমিষা এবং বমন হইয়া ইরিট্যাণ্ট্ বিষের ন্যায় সাংঘাতিক লক্ষণ প্রকাশিত হয়। ঐ সকল লক্ষণ ব্যতীত শিরঃঘূর্ণন, মাতালের ন্যায় গমনাগমন, দৃষ্টিশক্তির ব্যাঘাত, প্রলাপ তৎপর ষ্টুপার্ (ঝিমনি) এবং কনভাল্শন্ (খেচুনি) হইয়া থাকে। ইহা স্নায়ু-মণ্ডলীর উপর বিশেষরূপে কার্য্য করে এবং উত্তম ডিফিউজেবল্-ষ্টিমিউল্যাণ্ট্ (ব্যাপক উত্তেজক)। ইহার ক্রিয়া অতি শীঘ্র দেখিতে পাওয়া যায়। ইহার উত্তেজক ক্রিয়া আছে বলিয়া অল্পমাত্রায় অল্পকাল পরে পুনঃপুনঃ ব্যবহার করিতে হয়।

RASPAIL'S "EAU SEDATIVE."

ইহা বাহ্যিক ব্যবহৃত হয়।

℞

Solution of Ammonia	100	Parts.
Water	900	,,
Common Salt	20	,,
Camphor	2	,,
Oil of Roses.	q.s	
M. ft. Lotion.		

ইহা রিউম্যাটিক্ এবং নার্ভাস্-হেডেক্ বা শিরঃপীড়ায় স্থানিক প্রয়োগ করিলে কখন কখন শীঘ্র ফলোৎপাদন করিয়া থাকে।

অতি সূক্ষ্ম কীটাণু ও ক্ষুদ্র উদ্ভিদ সমূহের উপর কর্পুরের বিষাক্ত ক্রিয়া উপলক্ষিত হয়। অনেক প্রকার কীটাণু এবং জন্তুদের পক্ষে ইহা মাদক বিষের ন্যায় কার্য্য করে। সেপ্টিসিমিয়া জ্বরে ইহাদ্বারা শারিরীক উত্তাপ এবং নাড়ীর বেগ কমিয়া যায়। ইহা কখন কখন বাথ্ স্বরূপ ব্যবহৃত হয়। টাইফাস্, এবং টাইফয়েড্ এবং অন্যান্য দুর্ব্বলকারী জ্বরের বর্দ্ধিতাবস্থায় যখন অবসাদ, অনিদ্রা, ঝিমনি, লো-মাটারিং-ডিলিরিয়াম্ বর্ত্তমান থাকে তখন ইহা অন্যান্য ষ্টিমিউল্যাণ্ট্ এবং সিডেটিভ্ ঔষধের সহিত ব্যবস্থা করিলে বিশেষ উপকার হয়।

℞

Camphor	gr.ii
Quininæ Sulph.	gr.ii
Ammon. Carb.	gr.v
Musk	gr.ii

M. ft. Powder one, to be taken every 2 or 3 hours.

ইন্‌স্যানিটী (উন্মাদ) রোগে ইহা অবসাদক বলিয়া উপকার হয়। ইহাদ্বারা ধামনিকক্রিয়া বৃদ্ধি এবং স্নায়বিক উত্তেজনার হ্রাস হয়,তজ্জন্য মেনিয়া রোগে যখন ওপিয়াম্‌দ্বারা উপকার হয় না তখন কর্পূর ব্যবহারে উৎকৃষ্ট ফল পাওয়া যায়। প্রুরিটাস্‌-পিউডেণ্ডাই রোগে কর্পূরের চূর্ণ সম-পরিমাণ শ্বেতসারের সহিত মিশ্রিত করিয়া উক্ত আক্রান্ত স্থানে প্রক্ষেপ করিলে অধিক উপকার লাভ হইয়া থাকে। অবসাদন ক্রিয়ার জন্য অধিকমাত্রায় অনেকক্ষণপর বারংবার প্রয়োগ করিতে হয়। জননেন্দ্রিয় ও প্রস্রাব-যন্ত্রের উপর উহার ক্রিয়ার বিদ্যমানতা হেতু ইহা কামনাশক ঔষধ স্বরূপ ব্যবহৃত হয়। ইহা ব্যবহারে কখন কখন প্রস্রাবকালে ক্লেশ বোধ হয়। ইহা তৈলে দ্রব করিয়া বাহ্যিক ব্যবহার জন্য, বেদনানিবারক লিনিমেণ্ট্‌ প্রস্তুত হয়। সচরাচর ইহা দন্তমঞ্জন স্বরূপও ব্যবহৃত হইয়া থাকে। ১০ গ্রেণ মাত্রায় কর্পূর বটিকা অথবা মিউসিলেজের সহিত ইমাল্‌শন্‌ আকারে সচরাচর ব্যবহৃত হইয়া থাকে।

উল্লিখিত ব্যবহার ভিন্ন ইহার ধূম কখন কখন কোরাইজা ও ক্যাটারের প্রথমাবস্থায় ব্যবহার করিলে উপকার হয়। স্থানিক বেদনা নিবারণ জন্য পুল্‌টিশে কর্পূর ছড়াইয়া দিলে বেশ উপকার করে। স্তনের রক্তাধিক্য এবং স্ফোটক হওয়ার উপক্রম হইলে ক্যাম্ফার্‌ স্থানিক প্রয়োগে উপকার দর্শে। সামার্‌ ডায়েরিয়া (Summer Diarrhœa) এবং বিসূচিকা রোগের প্রথমাবস্থায় ইহা ব্যবহারে উৎকৃষ্ট ফল পাওয়া যায়। উল্লিখিত রোগদ্বয়ে ইহা অপেক্ষা উৎকৃষ্ট ঔষধ আর নাই। ইহা প্রয়োগে বমন এবং ভেদ ইত্যাদি উপশমিত অথবা নিবারিত হয়। ক্র্যাম্পস্‌ (Cramps) বা খিঁকবেদনা হইলে তাহাও ইহা ব্যবহারে হ্রাস হয় এবং শরীর ক্রমশঃ উষ্ণ হইতে থাকে। উক্ত অবস্থাতে ৬ ফোটা ষ্ট্রং-এল্‌কোহলিক্‌-সলিউশন্‌ অব্‌ ক্যাম্ফার্‌ প্রত্যেক ১০ মিনিট অন্তর ব্যবহার করিতে হয়; কিন্তু লক্ষণ সমূহ উপশমিত হইতে আরম্ভ হইলে ক্রমশঃ অধিক সময় অন্তর অন্তর ব্যবস্থা করা বিধেয়। ডাং রুবিনী (Dr. Rubini) স্বয়ং দেখিয়াছেন যে, ৫৯২ টী বিসূচিকাগ্রস্ত রোগীকে ইহা ব্যবহার করা হইয়াছিল, তন্মধ্যে একটী রোগীরও মৃত্যু হয় নাই। ক্যাম্ফার্‌ বিসূচিকা রোগের নিবারণকারী (Preventive) বলিয়া প্রত্যহ ৪ মিনিম স্পিরিট অব্‌ ক্যাম্ফার্‌ চিনির সহিত সেবন করিলে উৎকৃষ্ট ফল পাওয়া যায়। জলের সহিত

স্পিরিট্ অব্ ক্যাম্ফার্ কখনই ব্যবস্থা করা উচিত নহে, কারণ ইহাতে কর্পূর জমিয়া যায়। উক্তরোগে ইহা ব্যবহারের সময় রোগীকে শয্যায় শয়ন করাইয়া কম্বল দ্বারা ঢাকিয়া রাখিবে।

শয্যাক্ষত (Bedsore) হওয়ার উপক্রম হইলে তাহা নিবারণ জন্য ক্যাম্ফারেটেড্-স্পিরিট্-অব্-ওয়াইন্ দ্বারা আক্রান্ত স্থান ধৌত করিলে উপকার হয়। বয়েল্সের (বিষস্ফোটকের) প্রথমাবস্থায় ক্যাম্ফারেটেড্-এল্কোহল্ ব্যবহার করিলে বিশেষ ফল দর্শে। একৃজিমা এবং অন্যান্য প্রকার চর্ম্মরোগে ক্যাম্ফার্ স্থানিক স্নিগ্ধকারক বলিয়া ব্যবহৃত হয়।

ইহার আক্ষেপনিবারক গুণ থাকাতে, হুপিং-কফ্, কোরিয়া, এপিলেপ্সি আদি নানাপ্রকার আক্ষেপজনক ব্যাধিতে এবং অন্যান্য প্রকার হিষ্টিরিয়া রোগে ব্যবহার্য্য। কর্ডি (Chordee) লিঙ্গোচ্ছ্বাসে ইহা বেলাডোনা বা ওপিয়ামের সহিত ব্যবহার করিয়া অতি উৎকৃষ্ট ফল পাইতে দেখা গিয়াছে। ১০ গ্রেণ ক্যাম্ফার্ এবং ১ গ্রেণ ওপিয়াম্ কিম্বা ½ গ্রেণ এক্‌ষ্ট্রাক্ট্ অব্ বেলা-ডোনার সহিত একত্র মিশ্রিত করিয়া সাপোজিটরী আকারে গুহ্যদ্বারে প্রয়োগ করিলে উক্ত রোগে উৎকৃষ্ট ফল দর্শে। অথবা ৩—৫ গ্রেণ ক্যাম্ফার্ ১ গ্রেণ অপিয়াম্সহ বটিকাকারে শয়ন সময় ব্যবস্থা করা যাইতে পারে।

কোন ক্ষতে ম্যাগট্স্ (Maggots) বা পোকা জন্মিলে কর্পূরের চূর্ণ প্রক্ষেপ করিলে উক্ত পোকাসকল মরিয়া যায়।

"CHOLERA PILLS."

℞

Camphor
Black Pepper
Asafœtida *ää* gri

M. ft. One Pill, to be taken every 3 or 4 hours.

বিসূচিকা রোগের প্রথমাবস্থায় উক্ত ২।৩ টী বটিকার সহিত ¼—½ গ্রেণ অহিফেণ যোগকরা যাইতে পারে। ভারতবর্ষের কোন প্রদেশে কলেরা এপি-ডেমিক্ বা বহুব্যাপক হইলে, এই পিল পুলিশকর্ম্মচারী কর্ত্তৃক বিতরিত হইয়া থাকে।

ক্যাম্ফরেটেড্ চক্।

CAMPHORATED CHALK.

℞

Flowers of Camphor	1 Part.
Precipitated Carbonate of Calcium	7 Parts.

কয়েকফোটা রেক্টিফাইড-স্পিরিট্ দ্বারা মর্দ্দন করিয়া প্রস্তুত করিতে হয়। ইহা ডেন্টিফ্রিস্ (Dentifrice) বা দন্তমঞ্জন চূর্ণ স্বরূপ ব্যবহৃত হইয়া থাকে।

স্পিরিটাস্ ক্যাম্ফরি ফর্সিয়র।

SPIRITUS CAMPHORÆ FORTIOR.

ইহা রিউবিনিস্ সলিউশন্-অব্-ক্যাম্ফাবের (Rubini's Solution of Camphor) ন্যায়।

মাত্রা—২—৫ ফোঁটা, চিনির সহিত প্রত্যেক ৫। ১০। ১৫ মিনিট অন্তর অন্তর কলেরার প্রথমাবস্থায় যে উদরাময় হয় তাহার উগ্রতানুসারে ব্যবহৃত হইয়া থাকে।

ল্যাটিন্।	ইংরেজী।
ক্যাম্ফোরা মনোব্রোমেটা।	মনোব্রোমেটেড্ ক্যাম্ফার্।
Camphora Monobromata.	Monobromated Camphor.

ইহাকে মনোব্রোমাইড্ অব্ ক্যাম্ফার্ (Monobromide of Camphor) ও বলে।

মাত্রা—২—১০ গ্রেণ।

সমপরিমিত সোপ্ এবং ক্রেফ্-স্পিরিট্ সহ বটিকাকারে ব্যবহৃত হয়।

ক্রিয়া ও ব্যবহার—পরীক্ষা দ্বারা দেখা গিয়াছে যে ইহা ব্যবহারে রক্তসঞ্চালন ও শ্বাসপ্রশ্বাস ক্রিয়া এবং শারীরিক উত্তাপ কম হইয়া থাকে। ডিলিরিয়ম্-ট্রিমেন্স, ইন্সম্নিয়া, কোরিয়া এবং হিষ্টিরিয়া ইত্যাদি নানাপ্রকার নার্ভাস্-ডিজিজে ইহা ব্যবহারানুমোদিত হইয়াছে। শিশুদের হুপিং-কফ রোগে ৫ গ্রেণ মাত্রায় ব্যবহারে উপকার হয়। এক্‌জিমা রোগেও ইহা ব্যবহার্য্য।

শিশুদিগের দন্তোদগম-কালীন কন্‌ভাল্‌শন্ (তরকা) এবং স্ত্রীলোকদিগের হিষ্টিরিয়া রোগের অনিদ্রাতে ইহা ব্যবহার করাযায়।

ইনিউরিসিস্ (Enuresis) বা মুহুর্মুহু প্রস্রাবত্যাগ রোগে পটাশিয়াম্-ব্রোমাইড্ যদি অব্যবহার্য্য হয়, তাহা হইলে ইহা বেলাডোনা সহযোগে ব্যবহার করিলে উপকার হইয়া থাকে।

লাটিন্।	ইংরেজী।
ক্যাম্ফোরা স্যালিসিলেটা।	স্যালিসিলেটেড্ ক্যাম্ফার্।
Camphora Salicylata.	Salicylated Camphor.

ইহার অপর নাম স্যালিসিলেট্-অব্ ক্যাম্ফার্ (Salicylate of Camphor)

মাত্রা ১—৫ গ্রেণ। মাত্রার ½ ভাগ চর্ব্বির্ সহিত বটিকাকারে ব্যবহার্য্য।

ক্রিয়া ও ব্যবহার—কোন কোন প্রকার ডায়েরিয়া রোগে ইহা ব্যবহারে উপকার দর্শিয়া থাকে। এবং ইহাদ্বারা প্রস্তুত স্যালিসিলেট্-অব্ ক্যাম্ফার-উল্ এণ্টিসেপ্‌টিক্-সার্জ্জারিতে ব্যবহার হয়।

দ্বাদশ অধ্যায়।

দ্বিতীয়ভাগ।

স্নায়বীয় বলকারক এবং পর্য্যায়নিবারক।

NERVINE TONICS AND ANTIPERIODICS.

যে সকল ঔষধ স্নায়ু-মণ্ডলকে বলবিধান করে তাহাদিগকে নার্ভাইন্-টনিক্‌স্ (Nervine tonics) কহে এবং উহাদের মধ্যে যাহাদের পর্য্যায়িক পীড়া সকলকে বাধা দিবার ক্ষমতা আছে তাহাদিগকে এণ্টিপিরিয়ডিক্‌স্ (Antiperiodics) বা পর্য্যানিবারক ঔষধ বলে।

সর্ব্বপ্রকার সিন্‌কোনা বার্কস্ (All Cinchona Barks)
সল্ট্‌স্ অব্ কুইনাইন্ (Salts of Quinine)
" " কুইনিডাইন্ (Salts of Quinidine)
সল্ট্‌স্ অব্ সিন্‌কোনাইন্ (Salts of Cinchonine)
" " সিঙ্কোনিডাইন্ (Salts of Cinchonidine.)
আর্‌সেনিক্যাল্ সল্ট্‌স্ (Arsenical Salts)
সাল্‌ফেট্ অব্ বিবিরিন্ (Sulphate of Beberine)
ইউকেলিপ্‌টাস্ গ্লবিউলাস্ (Eucalyptus Globulus)

} পর্য্যায়-নিবারক ঔষধ সমূহ। Antiperiodics.

দেশীয় ঔষধসমূহ যথা—আতিশ, নাটাফল, গুলঞ্চ।
ক্যামোমাইল্ (Chamomile)
কলম্বা (Calumba)
কোয়াসিয়া (Quassia)
স্যালিসিন্ (Salicine)

নাইট্রেট্ অব্ সিল্‌ভার্ (Nitrate of Silver)
অক্‌সাইড্ অব্ সিল্‌ভার্ (Oxide of Silver)
সাল্‌ফেট্ অব্ জিঙ্ক্ (Salphate of Zinc)
অক্‌সাইড্ " " (Oxide of Zinc)
সাল্‌ফেট্ অব্ কপার (Sulphate of Copper)
সল্ট্‌স্ অব্ আয়রণ (Salts of Iron)
নক্স্-ভমিকা (Nux-Vomica)
ষ্ট্রিক্‌নাইন্ (Strychnine)
ব্রুসিন্ (Brucine)
ক্যাস্‌পেরীয়া (Casparia)

} স্নায়বীয়-বলকারক ঔষধ সমূহ Nervine Tonics

উপরে যে সকল এণ্টিপিরিয়ডিক্ বা পর্য্যায়নিবারক ঔষধের নাম উল্লিখিত হইল, তাহারা প্রত্যেকে স্নায়ুমণ্ডলীর উপর বল বিধান করে; কিন্তু উহাদের মধ্যে অনেকের পর্য্যায়নিবারক গুণ নাই, এজন্য ইহাদিগকে নার্ভাইন্-টনিক্‌স্ ও এণ্টিপিরিয়ডিক্‌স্ এই দুই শ্রেণীতে বিভক্ত করা গেল।

নিম্নলিখিত অবস্থা সমূহে এণ্টিপিরিয়ডিক্ টনিকস্ ব্যবহার করা যায়।

(১) সর্ব্ব প্রকার সবিরাম জ্বরে (Intermittent fevers)।

(২) সর্ব্ব প্রকার সবিরাম স্নায়ুশূলে (Intermittent forms of neuarlgia)

(৩) নার্ভাইন্ টনিকস্ সমূহ—কোরিয়া (Chorea), এপিলেপ্সি (Epilepsy), হিষ্টিরিয়া (Hysteria) ইত্যাদি নানা প্রকার স্নায়ু-মণ্ডলীর আক্ষেপিক পীড়া ও অন্যান্য ব্যাধিতে ও নার্ভাস্-ডিবিলিটি বা স্নায়বীয় দুর্ব্বলতাতে ইহারা ব্যবহৃত হইয়া থাকে।

সিঙ্কোনি কর্টেক্স্। সিঙ্কোনা বার্ক।

Cinchonæ Cortex. Cinchona Bark.

সিঙ্কোনা-বার্ক সচরাচর তিন প্রকার যথা :—

(১) সিঙ্কোনি ফ্লেভা (Cinchonæ Flava) অর্থাৎ পীতবর্ণ সিন্‌কোনা।

(২) সিঙ্কোনি প্যালিডা (Cinchonæ Palida) অর্থাৎ পাণ্ডুবর্ণ সিন্‌কোনা।

(৩) সিঙ্কোনি রুব্রা (Cinchonæ Rubra) অর্থাৎ রক্তবর্ণ সিন্‌কোনা।

সিঙ্কোনার উপক্ষার সকল।

(১) কুইনাইনা। কুইনাইন্।

Quinina. Quinine.

মাত্রা—১—৪ গ্রেণ।

ইহার ৩ ভাগ, ৪ ভাগ সালফেট্ অব্ কুইনাইনের ন্যায়।

ইহার সাল্‌ফেট্ এবং হাইড্রোক্লোরেটের মাত্রা—১—১০ গ্রেণ।

(২) সিঙ্কোনাইনা। সিঙ্কোনাইন্।

Cinchonina. Cinchonine.

মাত্রা—১—১০ গ্রেণ।

ইহার সাল্‌ফেট্ এবং হাইড্রোক্লোরেটের মাত্রা—১—১০ গ্রেণ।

(৩) কুইনিডাইনা। কুইনিডাইন্।

Quinidina. Quinidine.

মাত্রা—১—৫ গ্রেণ।

ইহার সাল্‌ফেটের মাত্রা—১—২০ গ্রেণ।

(৪) সিঙ্কোনিডাইনা।	সিঙ্কোনিডাইন্।
Cinchonidina.	Cinchonidine.

ইহার সালফেটের মাত্রা—১—১০ গ্রেণ।

সিনকোনাবার্কের প্রয়োগরূপ—

ইহার চূর্ণের মাত্রা—১০—৬০ গ্রেণ।

ডিকক্টাম্ সিঙ্কোনি।	ডিকক্‌শন্ অব্ সিঙ্কোনা।
Decoctum Cinchonæ.	Decoction of Cinchona.

মাত্রা—১—২ আউন্স্।

এক্‌ষ্ট্রাক্টাম্ সিঙ্কোনি লিকুইডাম্।	লিকুইড্ এক্‌ষ্ট্রাক্ট্ অব্ সিঙ্কোনা।
Extractum Cinchonæ Liquidum.	Liquid Extract of Cinchona.

মাত্রা—৫—১৫ মিনিম।

ইন্‌ফিউজাম্ সিঙ্কোনি এসিডাম্।	এসিড্ ইন্‌ফিউশন্ অব্ সিঙ্কোনা।
Infusum Cinchonæ Acidum.	Acid Infusion of Cinchona.

মাত্রা—১—২ আউন্স্।

টিংচুরা সিঙ্কোনি।	টিংচার্ অব্ সিঙ্কোনা।
Tinctura Cinchonæ.	Tincture of Cinchona.

মাত্রা—½—২ ড্রাম।

টিংচুরা সিনকোনি কম্পোজিটা।	কম্পাউণ্ড্ টিংচার্ অব্ সিঙ্কোনা।
Tinctura Cinchonæ Composita.	Compound Tincture of *Cinchona.*

মাত্রা—½—২ ড্রাম।

কুইনাইনি সাল্‌ফাস্।	সাল্‌ফেট্ অব্ কুইনাইন্।
Quininæ Sulphas.	Sulphate of Quinine.

মাত্রা—১—১০ বা ২০ গ্রেণ।

প্রয়োগরূপ—

টিংচ্যুরা কুইনাইনি এমোনিয়েটা। — এমোনিয়েটেড্ টিংচার্ অব্ কুইনাইন্।

Tinctura Quininæ Ammoniata. — Ammoniated Tincture of Quinine.

মাত্রা—½—২ ড্রাম।

ভাইনাম্ কুইনাইনি। — কুইনাইন্ ওয়াইন্।

Vinum Quininæ. — Quinine Wine.

মাত্রা—½—১ আউন্স্।

কুইনাইনি হাইড্রোক্লোরাস্। — হাইড্রোক্লোরেট্ অব্ কুইনাইন্।

Quininæ Hydrochloras. — Hydrochlorate of Quinine.

মাত্রা—১—১০ গ্রেণ।

প্রয়োগরূপ—

টিংচ্যুরা কুইনাইনি। — টিংচার্ অব্ কুইনাইন্।

Tinctura Quininæ. — Tincture of Quinine.

মাত্রা—½—২ ড্রাম।

সিঙ্কোনা বার্কের ক্রিয়া।

ACTION OF CINCHONÆ BARK.

সিঙ্কোনাতে যেসকল কুইনাইন্ আদি উপক্ষার আছে তাহাদের উপর ইহার গুণ নির্ভর করে, কিন্তু ইহাতে সিঙ্কোনা-রেড্ ও সিঙ্কো-ট্যানিক্ এসিড্ আছে বলিয়া উপক্ষারের গুণহইতে অল্পপরিমাণে ইহার গুণের বিভিন্নতা দৃষ্ট হয়। উহা ট্যানিক্ ও গ্যালিক্ এসিডের ন্যায় ধারক।

যেসকল অবস্থাতে কুইনাইন্ ব্যবহার করাযায় সেই সেই অবস্থায় সিঙ্কোনা-বার্ক ও প্রয়োগ করা যাইতে পারে। কিন্তু যে যে স্থলে সিঙ্কোনা অধিক মাত্রায় ব্যবহার করা আবশ্যক; সেই অবস্থাতে কুইনাইন্ ব্যবহারই ভাল; যেহেতু কোনপ্রকার কম্পজ্বরে যত পরিমাণ সিঙ্কোনা দেওয়া আবশ্যক হয় তাহাতে কোনপ্রকার পেটের পীড়া হওয়া অসম্ভব নহে; এমতাবস্থায় উহার অল্পপরি-

মাণ উপকার (কুইনাইন্) ব্যবহার করিলে বেশ ফল পাওয়া যায়। বিশেষতঃ ইহা সলিউশন্ বা দ্রবাকারে ব্যবহার করিলে শরীরে আচোষিত হইয়া দ্রুত কার্য্য করিয়া থাকে। পক্ষান্তরে ধারকগুণের বিদ্যমানতাহেতু সিঙ্কোনাবার্ক শিথিলধাতু-গ্রস্ত লোকদের পক্ষে কুইনাইন্ হইতে বেশ উপকারী। কোন প্রকার শারীরিক দুর্ব্বলতাতে হৃদ্‌পিণ্ড দুর্ব্বল থাকিলে উহা কুইনাইন্ অপেক্ষা ভাল টনিকের ন্যায় কার্য্য করে। ইহা ব্যবহারে সিন্‌কোনিজ্‌ম্ বা কুইনিজ্‌মের লক্ষণ (Cinchonism or Quinism) হইতে পারে।

PHYSIOLOGICAL ACTION OF QUININE.

ফিজিওলজিক্যাল ক্রিয়া।

কুইনাইন্ অতি উৎকৃষ্ট টনিক্ এবং এণ্টিপিরিয়ডিক্। ধারক গুণ ব্যতীত ইহার অন্যান্য সমস্ত গুণ অবিকল সিঙ্কোনার ন্যায়।

মস্তিষ্কমণ্ডলের উপর ক্রিয়া (Action on Nervous system)—কুইনাইন্ অধিক মাত্রায় ব্যবহার করিলে দৃষ্টির ব্যাঘাত, বধিরতা, কানে ঝন্ ঝন্ শব্দ, শিরোঘূর্ণন, কপালে বেদনা, আকৃতি ভারী ইত্যাদি মস্তিষ্ক সম্বন্ধীয় লক্ষণ বর্ত্তমান থাকিলে উহাকে সিঙ্কোনিজম্ বা কুইনিজ্‌ম্ (Cinchonism or Quinism) কহে। কুইনাইন্ হাইড্রোব্রোমিক্ এসিডের সহিত ব্যবহার করিলে উল্লিখিত কুলক্ষণ সমূহের লাঘব হইয়া থাকে। ডাঃ বিন্‌জ্ (Binz) বলেন যে, কুইনাইন্‌দ্বারা হৃদ্‌পিণ্ডের ক্রিয়ার অবসাদ প্রযুক্ত মস্তিকের কিয়ৎপরিমাণে এনিমিয়া (Anæmia) হয় বলিয়া ঐপ্রকার অসুখজনক লক্ষণ উপস্থিত হয়। ডাঃ হেমণ্ড্ সাহেব (Dr. Hammond) বলেন যে, কুইনাইন্ দ্বারা মস্তিকের কনজেস্‌সন্ (Congestion) বা রক্তাধিক্য হইয়া থাকে। ডাঃ গব্‌লার (Dr. Gubler) বলেন যে, কুইনাইন্‌দ্বারা গ্রেট সিম্প্যাথেটিক্ (Sympathetic) স্নায়ু এবং অডিটরী (Auditory) স্নায়ু উত্তেজিত হইয়া ঐ প্রকার লক্ষণ উৎপন্ন হইয়া থাকে।

(২) রক্তসঞ্চালনযন্ত্রের উপর (Vascular system)—কুইনাইন্ মধ্যবিৎমাত্রায় ব্যবহারে নাড়ীর সংখ্যা বৃদ্ধি হয়, কিন্তু অধিক মাত্রায় ব্যবহারে উহার সংখ্যার হ্রাস, ধামনিক চাপ কম এবং কনভাল্‌শন্ (Convulsion) দ্বারা মৃত্যু হইতে পারে, কিম্বা হৃৎপিণ্ডের ক্রিয়া অবসাদিত হইয়া হঠাৎ

কোল্যাপ্স্ (Collapse) দ্বারা কখন কখন মৃত্যু হইতে পারে। রক্তের হোয়াইট্ কর্পাস্কোল্স্ (White corpuscles) বা শ্বেত-কণিকা সমূহের উপর উহার সাক্ষাৎ ক্রিয়া আছে বিধায় উহাদের এমিবয়েড্-মুভ্মেন্ট্স্ (Amœboid movements) বা গতি বন্ধ করে, এবং নানাবিধ প্রদাহিত অবস্থাতে তাহাদিগকে ক্যাপিলারী (Capillary) অর্থাৎ কৈশিকনারীহইতে স্থানান্তরিত হইতে দেয়না। ইহা লোহিত-কণিকাদিগের অক্সিজেন্ প্রদানক্রিয়া কিয়ৎপরিমাণে বাধা দেয়, তজ্জন্য বিধানসকল অক্সিজেন্ গ্রহণ করিতে পারেনা, সুতরাং দাহনক্রিয়া নিষ্পন্ন হয় না।

(৩) শ্বাসপ্রশ্বাস এবং উত্তাপের উপর (Respiration and Temperature)—শ্বাসপ্রশ্বাসের উপর ইহার কোন ক্রিয়া লক্ষিত হয় না। সুস্থাবস্থায় কুইনাইন্দ্বারা শারীরিক উত্তাপের প্রায় কিছুই হ্রাস হয় না, কিন্তু জ্বরীয় অবস্থায় অধিকমাত্রায় কুইনাইন্ ব্যবহারে শারীরিক উত্তাপ হ্রাস পায়।

(৪) Secretion বা স্রাবণের উপর—মধ্যবিৎ মাত্রায় ইহা লালাস্রাব বৃদ্ধি করে, এবং অন্যান্য অধিকাংশ তিক্ত ঔষধের ন্যায় গ্যাষ্ট্রিক-জুস্ (Gastric-juice) নিঃসারণ বৃদ্ধি করিয়া ক্ষুধা অধিক বৃদ্ধি করিয়া থাকে। অধিকমাত্রায় ব্যবহারে বিপরীত ফল হইতে দেখা যায় অর্থাৎ ক্ষুধামান্দ্য এবং পাকাশয়ের শ্লৈষ্মিকঝিল্লীর উত্তেজনা বশতঃ গ্যাষ্ট্রিক-জুসের নিঃসারণ বন্ধ করে। প্রস্রাবের পরিমাণ স্বাভাবিক থাকে, কিন্তু ইউরিক্-এসিড্ এবং সম্ভবতঃ ইউরিয়ার পরিমাণ কম হইয়া থাকে।

(৫) কুইনাইনের পচননিবারক ক্রিয়া আছে, কারণ ইহা সূক্ষ্ম সূক্ষ্ম কীটাণু মাইক্রোজিম্স্ (Microzymes) সমূহের উপর বিষাক্ত ক্রিয়াপ্রকাশ করিয়া তাহাদিগকে নষ্ট করে; এই জন্য কুইনাইন্ অল্প মাত্রায় তাহাদিগকে অবসন্ন করে এবং অধিক মাত্রায় তাহাদিগকে নষ্ট করে ও তাহাদের অনিষ্টকারীক্রিয়াকে বাধা প্রদান করে। অনেক মহাত্মারা বলিয়া থাকেন যে, কুইনাইনের ম্যালেরিয়া নষ্ট করার ক্ষমতা উহার পচননিবারক (Antiseptic) গুণের উপর নির্ভর করে এবং তদনুসারে এখন প্রচুর পরিমাণে কুইনাইন্ ম্যালেরিয়া জ্বরে ব্যবহৃত হয়। অনেকে বলেন যে, কুইনাইনের অক্সিটক্সিক্ (Oxytocic) বা গর্ভস্রাব করিবার গুণ আছে, উহাদ্বারা জরায়ুর সঙ্কোচন বৃদ্ধি

হয় এবং তন্মধ্যস্থ আধেয় পদার্থ বহিস্কৃত হইয়া যায়, এই জন্যই উহাকে অক্সি-টক্সিক্ (Oxytocic) অর্থাৎ জরায়ুসঙ্কোচক বলে। উহার উক্ত গুণ সম্বন্ধে অনেক তর্ক বিতর্ক হইয়া যাহা মীমাংসা হইয়াছে তাহা নিম্নে দেওয়া গেল।

১। সুস্থকায় যুবতীর গর্ভাবস্থায় যে কুইনাইন্ ব্যবহারদ্বারা গর্ভস্রাব হয়, তাহার কোন প্রমাণ নাই।

২। যে সকল গর্ভবতী স্ত্রীলোক কম্প-জ্বরে আক্রান্ত হয় কুইনাইন ব্যবহারে তাহাদের গর্ভস্রাব হওয়া অনিশ্চিত। বহুকালযাবৎ গর্ভবতীস্ত্রীলোকদিগকে কুইনাইন্ ব্যবহার করা যাইতেছে, যদি কুইনাইনের গর্ভস্রাবশক্তি থাকিত তবে অনেকদিন পূর্ব্বেই কুইনাইনের এই গুণ অবগত হওয়া যাইত।

৩। প্রসবের বেদনার সময় (During labour) ১০ হইতে ২০ গ্রেণ মাত্রায় কুইনাইন্ ব্যবহারে জরায়ু-সঙ্কোচন নিশ্চয়ই বৃদ্ধি হয়। উহাদ্বারা যে বেদনা হয় তাহা স্বাভাবিক প্রসববেদনা হইতে কোন প্রকারে ন্যূন নহে। জরায়ুর সঙ্কোচনাল্পতা (Uterine inertia) জন্য প্রসব বিলম্বে হইলে উহার উপর নির্ভর করা যায়। Exhaustion বা অবসাদ বশতঃ (Inertia) বা জরায়ুর নিশ্চেষ্টতা হইলে কুইনাইন্দ্বারা বিশেষ উপকার হইয়া থাকে। কোন কোন সুবিজ্ঞ চিকিৎসক বলেন যে, উহাদ্বারা প্রসূতি এবং ভ্রূণের কোন অনিষ্ট হয় না, স্বাভাবিক বেদনার ন্যায় উহাদ্বারা প্রসব-বেদনা উপস্থিত হয়। উহার ক্রিয়া নিশ্চিত, তজ্জন্য উহা আর্গট্ অপেক্ষা উৎকৃষ্ট। ইহা সেবনের অর্দ্ধ ঘণ্টার মধ্যে নিষ্পীড়ক জরায়ু-সঙ্কোচন হয়, তাহা ক্রমে ক্রমে অধিকক্ষণ স্থায়ী এবং প্রবল হইয়া স্বাভাবিক প্রসববেদনার ন্যায় থাকিয়া থাকিয়া হয় এবং দুই ঘণ্টা স্থায়ী হইয়া থাকে। গর্ভাবস্থায় জরায়ু হইতে রক্তস্রাব, জরায়ুর দুর্ব্বলতা বশতঃ এমিনোরিয়া এবং পিউয়ারপিরাল্-জ্বরে ইহা ব্যবহার্য্য। ইউনাইটেড্ ষ্টেটস্ প্রদেশে কুইনাইন্ (Parturifacient) বা ভ্রূণ বহিষ্করণার্থ ১০।১৫ গ্রেণ মাত্রায় ব্যবহৃত হইয়া থাকে।

ACTION OF CINCHONA ALKALOIDS.

অনেক পরীক্ষা-দ্বারা অবগত হওয়া গিয়াছে যে, কুইনাইনের নিম্নলিখিত গুণ আছে।

(১) উহা নিম্নশ্রেণীস্থ জান্তব ও উদ্ভিদ জীবের উপর সাংঘাতিক ক্রিয়া প্রকাশ করে, এবং উহার, বাক্টেরিয়ার উপর বিষাক্ত ক্রিয়া থাকাপ্রযুক্ত উহাদ্বারা পচন-ক্রিয়া নিবারিত হয়।

(২) নানাবিধ উৎসেচন-ক্রিয়ার (Fermentations) উপর উহার উপরোক্ত ক্ষমতা আছে, এজন্য ইহা গ্যাষ্ট্রিক-জুসের দ্রবকারী ক্রিয়ার বাঁধা প্রদান করে।

(৩) কুইনাইন্ বর্ণহীন-রক্তকণিকা সমূহের গতিরোধ করিয়া তাহাদিগকে রক্তবাহনাড়ী হইতে স্থানান্তরিত হইতে দেয় না।

(৪) অধিক মাত্রায় কুইনাইন্ ব্যবহারে হৃদ্‌পিণ্ডের পক্ষাঘাত, রক্তচাপেরহ্রাসতা এবং কন্‌ভাল্‌শন্ (Convulsion) হইয়া মৃত্যু হয়।

(৫) স্পাইন্যাল্-কর্ড এবং মস্তিকের উপর কুইনাইন্ প্রবল অবসাদক ক্রিয়া প্রকাশ করে, এবং অবশেষে প্রত্যাবর্ত্তন-ক্রিয়া প্রথমতঃ হ্রাস হইয়া পরে বিলুপ্ত হইয়া যায়।

(৬) কুইন্যাইন্ ব্যবহারে সুস্থাবস্থায় দৈহিক তাপ অল্পমাত্রায় হ্রাস পায়, কিন্তু কোন পীড়াতে দৈহিক তাপ বৃদ্ধি হইলে উক্ত ক্রিয়া বিশেষরূপে উপলক্ষিত হয়। শরীরে দাহণ ক্রিয়াকে কথঞ্চিৎ নিবারিত করিয়াই উত্তাপনিবারণ ক্রিয়া প্রকাশ করে।

কুইনাইন্ নিম্নলিখিত উদ্দেশ্যে ঔষধাকারে ব্যবহৃত হয়।

(১) টনিক্ (Tonic) বা বলকারক। উহা অল্প মাত্রায় টনিক বা বলকারক বলিয়া সকলের বিশেষতঃ দুর্ব্বল ব্যক্তিদের ক্ষুধা বৃদ্ধি করে, এই জন্য উহা সাধারণ স্বাস্থ্য এবং পৈশিক-বলের উন্নতি সাধন করিয়া থাকে। ইহা ব্যবহারে দুর্ব্বলাবস্থায় অপর্য্যাপ্ত ঘর্ম্ম (Colliquative sweating) বন্ধ করিয়া থাকে, আহারীয় দ্রব্যের সহিত ইহা কখনই ব্যবস্থা করা উচিত নহে।

(২) এণ্টিপিরিয়ডিক্ বা পর্য্যায়নিবারক বলিয়া কুইনাইন্, কোটিডিয়েন্ (Quotidian) বা ঐহিক,টার্সিয়েন্ (Tertian) বা দৈহিক এবং কোয়ার্টান্

(Quartan) বা ত্র্যাহিক এগিউ (Ague) বা কম্পজ্বর, ম্যালেরিয়াস্ রিমিটেণ্টস্ (Malarious-remittents) বা ম্যালেরিয়াজনিত সবিরামজ্বর, মাইয়েস্‌মেটীক্-নিউরাল্‌জিয়া (Miasmatic Neuralgia) বা ম্যালেরিয়া-জনিত স্নায়ুশূল, হিপেটিক্ এবং স্প্লিনিক্ এন্‌লার্জমেণ্টস্ (Hepatic and Splenic enlargements) বা যকৃৎ ও প্লীহার বিবৃদ্ধি ইত্যাদিতে স্পিসিফিক্ বা আমোঘ ঔষধ।

(৩) কোন কোন প্রকার নিউরাল্‌জিয়া ম্যালেরিয়াদ্বারা উৎপন্ন না হইলেও কুইনাইন্‌দ্বারা উপশমিত বা আরোগ্য হয়। বিশেষতঃ যখন বেদনা পর্য্যায়ক্রমে হয় তখন উহাদ্বারা উৎকৃষ্ট ফল পাওয়া যায়। উহা এল্‌কেলাইজ্ (Alkalies) বা ক্ষার ঔষধ এবং পটাশ-আইওডাইড্ সঙ্গে ব্যবস্থা করা যাইতে পারে। কিম্বা ইহার সহিত স্থানিক প্রত্যুগ্রতা সাধক উপায় প্রয়োগ করা যায়।

(৪) এণ্টিপাইরেটিক্‌স্ অর্থাৎ উত্তাপনাশক বলিয়া, যে কোন কারণ বশতঃ (Pyrexia) পাইরেক্‌সিয়া বা উত্তাপাধিক্য হউক না কেন, তাহাতে ৫—২০ গ্রেণ মাত্রায় কুইনাইন প্রয়োগ করিলে নিশ্চয়ই হ্রাস হয়। কিন্তু উক্ত উত্তাপ চিরস্থায়ীরূপে হ্রাস হয় না, এক ঘণ্টা হইতে ৪৮ ঘণ্টা পর্য্যন্ত উক্ত অবস্থা বর্ত্তমান থাকিতে পারে। Quinine, এন্‌টেরিক্ (Enteric), টাইফাস্ (Typhus) এবং রিউমেটিক্ ফিবার (Rheumatic fever) নিউমোনিয়া (Pneumonia), থাইসিস্ (Phthysis), স্কার্‌লেটিনা (Scarlatina) এবং হেক্‌টিক্-ফিবার (Hectic fever) ইত্যাদিতে ব্যবস্থা করা হইয়া থাকে।

(৫) নানাবিধ শারীরিক টিসু (Tissue) বিধান এবং অরগ্যান্ (Organ) ইন্দ্রিয়াদির তরুণ প্রদাহিত অবস্থায় উহা ব্যবহার করিলে তথায় পূযোৎপাদন হইতে পারেনা।

(৬) রক্তের নানাপ্রকার (Septic-conditions) বিষাক্ত অবস্থাতে উহা অধিক মাত্রায় খুব আবশ্যকীয়। সেপ্টিসিমিয়া (Septicæmia), পাইমিয়া (Pyæmia), পিউয়ারপিরাল্ ফিবার (Puerperal fever) ইত্যাদিতে উহা অধিকমাত্রায় ব্যবস্থা করা আবশ্যক।

(৭) কণ্টিনিউড্ ফিবারে (Continued fever) বা অবিরাম জ্বরে কুইনাইন্ ব্যবহার করা যাইতে পারে, উহাদ্বারা কতকগুলি লক্ষণের উপশম হয়,

কিন্তু উক্ত রোগের গতির বাধাদিতে পারেনা, যেমন আমরা সচরাচর রিলাপ্‌সিংফিবার বা পৌনঃপৌনিক জ্বরে কুইনাইন্‌ প্রয়োগ করিয়া থাকি, কিন্তু উহাতে রোগের গতির কোন পরিবর্ত্তন হয়না।

(৮) উহা অস্বাস্থ্যকর ক্ষতাদিতে উত্তেজক এবং পচননিবারক স্বরূপ বাহ্যিক ব্যবহৃত করা যাইতে পারে। উহা পিউট্রিড্‌ সোরথ্রোট্‌ (Putrid Sorethroat) বা পচাকণ্ঠক্ষতে গার্গল্‌ অর্থাৎ কুল্লিস্বরূপ এবং (Spongy gums) দন্তমাড়ী স্পঞ্জিভূত হইলে ডেণ্টিফ্রিস্‌ (Dentifrice) দন্তমর্জ্জন স্বরূপ ব্যবহার করা যাইতে পারে।

কুইনাইন্‌ ১ হইতে ৩ গ্রেণ মাত্রায় ব্যবহারে বলকারক, এবং ৩ হইতে ১০ গ্রেণ অথবা ততোধিক মাত্রায় পর্য্যায়নিবারক গুণ প্রকাশিত হয়। হাইড্রোক্লোরেট্‌ অব্‌ কুইনাইন্‌, ১ হইতে ১০ গ্রেণ মাত্রায় সর্ব্বদা ব্যবস্থা করা হয়।

ল্যাটিন্‌।	ইংরেজী।
কুইনাইনি আর্সেনিয়াস্‌।	আর্সেনিয়েট্‌ অব্‌ কুইনাইন্‌।
Quininæ Arsenias.	Arseniate of Quinine.

মাত্রা—½—১½ গ্রেণ ২৪ ঘণ্টান্তর বিভাজিত মাত্রায়।

ইহাতে কুইনাইন্‌ এবং আর্সেনিক্‌ আছে, উহার পর্য্যায়নিবারক গুণ থাকা প্রযুক্ত সচরাচর ব্যবহৃত হয়। ½ হইতে ১½ গ্রেণ মাত্রায় ২৪ ঘণ্টাতে উহা বিভিন্ন মাত্রায় দেওয়া যায়।

ল্যাটিন্‌।	ইংরেজী।
কুইনাইনি ভেলিরিয়েনাস্‌।	ভেলিরিয়েনেট্‌ অব্‌ কুইনাইন্‌।
Quininæ Valerianas.	Valerianate of Quinine.

মাত্রা—১—৫ গ্রেণ।

উহার পর্য্যায়নিবারক এবং আক্ষেপনিবারক ক্রিয়া আছে, উহা স্নায়ুশূলে সচরাচর ব্যবস্থা করাযায়। ১ হইতে ৪ গ্রেণ মাত্রায় পিল্‌ আকারে অথবা মিউসিলেজ্‌ সংযুক্তমিশ্রন আকারে ব্যবহৃত হয়। ইহা মনেরাখা উচিত যে, উক্ত ঔষধ কোনপ্রকার এসিড্‌ সহিত সংযুক্ত হইলে উহা শীঘ্র বিকৃত হইয়া থাকে।

টার্টেট্ (Tartrate), ফস্ফেট্ (Phosphate), সাইট্রেট্ (Citrate), ট্যানেট্ (Tannate), এসিটেট্ (Acetate), ফেরোসায়ানেট্ (Ferrocyanate), নাইট্রেট্ (Nitrate) এবং ক্লোরেট্ (Chlorate) অব্ কুইনাইন্ (of Quinine) ঔষধ রূপে ব্যবহৃত হয়, কিন্তু কুইনাইন্ অপেক্ষা তাহারা অধিক ফলদায়ক নহে।

REMARKS ON THE ADMINISTRATION OF SULPHATE OF "QUININE."

কুইনাইন্ ব্যবহার কালে নিম্নলিখিত বিষয়গুলি জ্ঞাতব্য।

(১) সকল অবস্থাতেই কুইনাইন্ ব্যবহার করার পূর্ব্বে বিরেচক (Purgative) কিম্বা বমনকারক (Emetic) ঔষধদ্বারা অন্ত্র এবং পাকাশয় পরিষ্কার করা আবশ্যক।

(২) উহা তরল আকারে ব্যবস্থা করা অত্যুত্তম। এবং ইহার সহিত কয়েক ফোটা ডাইলিউটেড্ সাল্ফিউরিক্ এসিড্ যোগ করিলেই নিশ্চয় এবং শীঘ্র কার্য্যকারী হয়। এক গ্রেণ কুইনাইন্ একমিনিম ডাইলিউটেড্ সাল্ফিউরিক্ এসিডে দিলে দ্রব হয়। ডাং স্কোয়ার (Dr. Squire) বলেন যে, অধিক মাত্রায় অর্থাৎ ১০ গ্রেণ বা ততোধিক মাত্রায় ব্যবহার করিতে হইলে, উহা জলেতে ভাসান অবস্থায় সেবন করাইলে উহার তিক্তাস্বাদ অপেক্ষাকৃত কম অনুভব হইয়া থাকে।

(৩) উহা শুষ্কউদরে সেবন করিলে তাহার ক্রিয়া নিশ্চিত ও দ্রুত প্রকাশ পায়।

(৪) উহার আস্বাদ তিক্তবলিয়া ছোট ছোট শিশুরা উহা সেবন করিতে অনিচ্ছুক হইলে, এমরফাশ্ কুইনাইন্ (Amorphous quinine) ইহার বদলে ব্যবহার করা উচিত, কারণ উহা লালারসে অদ্রবণীয় বলিয়া উহার তিক্তাস্বাদ অনুভব করিতে পারা যায় না। কিন্তু উহা পাকাশয়ে গ্যাষ্ট্রিক্-জুস দ্বারা দ্রব হইয়া কার্য্য করে।

(৫) উহার তিক্তাস্বাদ লাঘব করিবার জন্য উহা এসিড্ ইন্ফিউশন্ অব্ রোজেসের (Acid Infusion of Roses) সহিত ব্যবস্থা করিলে ট্যানেট্ অব্ আয়রণ্ (Tannate of Iron) অধঃস্থ হইয়া উহা ঘোলা দেখাযায় কিন্তু

তাহার ক্রিয়ার কোনরকম ব্যতিক্রম হয়না। কাফির সহিত দিলেও ঐপ্রকার হইয়া থাকে।

(৬) পাকাশয়ের কোনপ্রকার উত্তেজনা থাকিলে উহা সেবন করিতে না দিয়া এনিমা (Enema) অথবা ত্বগন্তর্গত পিচকারীদ্বারা (Hypodermically) ব্যবহার করা যাইতে পারে।

(৭) কোন কোন ঔষধ যেমন সাল্‌ফেট্ অব্ আয়রণ্, ওপিয়াম্ (Opium) কিম্বা আর্সেনিকের সহিত ব্যবহার করিলে উহার ক্রিয়া বৃদ্ধি হইয়া থাকে।

(৮) উহা অনেক দিন ব্যবহারে মস্তিষ্ক ভার, কান ভোঁ ভোঁ ইত্যাদি লক্ষণ প্রকাশ পাইলে ব্যবহার বন্ধ করিবে, অথবা তাহা হাইড্রোব্রোমিক্ এসিডের সহিত ব্যবস্থা করিবে।

(৯) কুইনাইন্ দ্বারা উপকার না হইলে সিঙ্কোনা দ্বারা কখন কখন উপকার হইতে পারে, অথবা আর্সেনিক্, সাল্‌ফেট্ অব্ আয়রণ্ কিম্বা অন্যান্য কোন পর্য্যায়নিবারক ঔষধ উহার পরিবর্ত্তে ব্যবস্থা করা যাইতে পারে।

(১০) রোগ আরোগ্য হওয়ার পরেও কিছুদিন পর্য্যন্ত কুইনাইন্ টনিক্ (Tonic) মাত্রায় ব্যবস্থা করিবে।

আময়িকপ্রয়োগ—Intermittent fever বা সবিরাম জ্বরে কুইনাইন্ একটী বিশেষ ঔষধ (Specific) স্বরূপ কার্য্য করে। কিন্তু ইহাদ্বারা উপকার না হইলে প্লীহা, স্প্লিনের রক্তাধিক্য কিম্বা আমাশয়ের ক্রিয়ার ব্যতিক্রম দেখাযায়, সুতরাং কুইনাইন্ ব্যবহারে উপকার হয় না। এরূপ অবস্থায় পারদঘটিত কিম্বা অন্য প্রকার বিরেচক ইত্যাদি ঔষধ, তৎপর ট্যারাক্সেকাম্ তৎসঙ্গে অল্পমাত্রায় পডফিলিন্ ও নাইট্রেট্ কিম্বা এসিটেট্ আদি পটাশ্‌ঘটিত লবণ কিম্বা ক্লোরাইড্ অব্ এমোনিয়াম্ অথবা অন্য কোন উপযুক্ত লাবণিক ঔষধ ব্যবস্থা করিবে; যখন এই সকল ব্যবহারে উপসর্গ দূর হয়, তখন্ কুইনাইনের ক্রিয়া লক্ষিত হইয়া থাকে। ডাক্তার ম্যাক্‌লিন্ (Dr. Maclean) উক্ত পীড়ার বিরাম অবস্থায় ৩০ গ্রেণ কুইনাইন্ তিনটী সম অংশেতে বিভক্ত করিয়া ইণ্টার্‌মিশন্ (Intermission) বা বিরামাবস্থায় নিম্নলিখিতরূপে রোগীকে সেবন করিতে আদেশ দেন।

(ক) প্রথম মাত্রা কয়েকফোঁটা ডাইলিউটেড্ সাল্ফিউরিক্ এসিডের সহিত দ্রব করিয়া ঘর্ম্মাবস্থার শেষ সময়ে সেবন করিতে বলেন।

(খ) তৃতীয় মাত্রা (Paroxysm) বা জ্বর আক্রমণের এক ঘণ্টা পূর্ব্বে এবং দ্বিতীয় মাত্রা উক্ত উভয় মাত্রার (Doses) মধ্যবর্ত্তী সময়ে সেবন করাইতে বলেন।

পাকাশয়ের উত্তেজনা থাকিলে, কুইনাইন্ ১০ গ্রেণ স্থলে ১৫ গ্রেণ মাত্রায় এনিমা (Enema) দ্বারা ব্যবস্থা করিতে হয়।

উক্তপ্রণালীমতে (Paroxysm) অর্থাৎ পর্য্যায় নিবারিত হইলে পরও কতক দিবস পর্য্যন্ত কুইনাইন্ প্রত্যহ ৩। ৪ গ্রেণ মাত্রায় দ্রব আকারে ৪ ঘণ্টান্তর ব্যবহার করা আবশ্যক।

প্রথমচান্দ্রমাসে জ্বর হইলে দ্বিতীয়চান্দ্রমাসের দুই এক দিন পূর্ব্বহইতে কুইনাইন্ ব্যবহার করা উচিত। উহাতে জ্বর আরোগ্য না হইলে, আভ্যন্তরিক যন্ত্রসমূহ পরীক্ষা করিয়া দেখা কর্ত্তব্য।

Dr. W. J. Moore বলেন যে, তিনি নিম্নলিখিত ত্বগন্তর্গত পিচকারীদ্বারা পর্য্যায় জ্বরে উৎকৃষ্ট ফল পাইয়াছেন।

℞

Quininæ Sulph.		gr.xxx.
Acid Sulph. dil.		gutt.viii to x.
Aqua	ad	℥ss

উক্ত মিশ্রণের অর্দ্ধ হইতে একড্রাম মাত্রায় কোল্ড-ষ্টেজের (Cold Stage) পূর্ব্বে ব্যবহার করিতে বলেন, তিনি বিশ্বাস করেন যে, ৪। ৫ গ্রেণ কুইনাইন্ উপরোক্ত প্রকারে পিচকারী দিলে যে প্রকার উপকার দর্শে, তাহা ২০। ৩০ গ্রেণ কুইনাইন্ সেবনের ন্যায় কার্য্যকারী হইয়া থাকে।

স্বল্পবিরাম জ্বরে (Remittent Fever) কুইনাইন্ বেশ উপকারী। ডাক্তার ম্যাক্লিন্ প্রথমতঃ একটী বিরেচক ঔষধ ব্যবহার করিয়া জ্বরের লাঘব-অবস্থায় (Remission) পূর্ণমাত্রায় ১০ হইতে ১৫ গ্রেণ, কখন কখন ২০ গ্রেণ মাত্রায় কুইনাইন্ ব্যবহার করিয়া থাকেন। জ্বর বৃদ্ধি (Exacerbation) হওয়ার এক ঘণ্টা পূর্ব্বে তিনি দুইঘণ্টা অন্তর অন্তর উক্ত মাত্রায়, ৩০ হইতে ৩৫

গ্রেণ পর্য্যন্ত ব্যবহার করিয়া ক্ষান্ত থাকেন। শিরঃপীড়া কিম্বা খারাপ জিহ্বা থাকিলেও তিনি (Quinine) দিয়া থাকেন।

পাকাশয়ের উত্তেজনা থাকিলে, কুইনাইন্ ২০ গ্রেণ মাত্রায় (Enema) দ্বারা ব্যবহার করান যাইতে পারে।

এইপ্রকারে দ্বিতীয়বার জ্বরের বিরাম লক্ষিত হইলে,পূর্ব্বোক্ত প্রকারে কুই-নাইন্ ব্যবহার করিতে আরম্ভ করিবে, এবং যখন রোগের সুস্পষ্ট লাঘব কিম্বা সিন্‌কোনিজ্‌মের লক্ষণ প্রকাশ পায় তখন উহার ব্যবহার ক্ষান্ত করিবে।

জ্বরের বিরামের সময় (Farinacious diet) মৃদু আহার যেমন এরারুট, সাগু, বার্লি ও দুগ্ধ, ব্রাণ্ডী, চিকেনব্রথ্, সুপ্ ইত্যাদি অল্প সময় অন্তর অন্তর অল্প অল্প খাইতে দেওয়া উচিত।

পাকাশয়ের উত্তেজনা কমিয়া গেলে বিফ্-টী,সুপ্ ইত্যাদি খাইতে দেওয়া বিধেয়। রোগী অত্যন্ত দুর্ব্বল হইলে পুষ্টিকর ও উত্তেজক আহার অল্প অল্প মাত্রায় বারংবার ব্যবহার করা উচিত।

কোন কোন অবস্থাতে জ্বর বর্ত্তমান থাকা সত্বেও কুইনাইন্ প্রয়োগ করা যায়। যে সকল জ্বর অবহেলা বশতঃ এডাইনেমিক্ (Adynamic) আকার ধারণ করে,তাহার জ্বরীয়বস্থাতেও কুইনাইন্ প্রয়োগ করা যাইতে পারে। উক্ত অবস্থাতে উত্তেজক ঔষধ ও আহারদ্বারা রোগীর স্বাস্থ্য এবং বল রক্ষা করা অত্যাবশ্যক।

১

QUINIXE MIXTURE.

℞

Quininæ Sulphatis	ʒi
Acid. Sulph. dil.	ʒiss
Syrup. Aurant.	
Tinct. Aurant. āā	℥iv
Aquæ ad	℥vi
M. ft. Mixture.	

Dose—A dessert-spoonful three times a day.

২

℞

Quininæ Sulphatis		gr.xlviii
Acidi Sulphurici dil.		q.s
Syr. Limonis		℥ii
Aquæ	ad	℥vi

ইহার প্রত্যেক ড্রামে ১ গ্রেণ কুইনাইন্ আছে।

৩

℞

Quininæ Sulphatis		gr.viii
Acidi Nitrici diluti		ʒss
Tincturæ Aurantii		℥ss
Syrupi Aurantii		℥i
Aquæ	ad	℥viii

S. Dose, ℥i three times a day.

উপরোক্ত ব্যবস্থা ডিবিলিটি সহ ক্ষুধামান্দ্য থাকিলে ব্যবস্থেয়।

৪

℞

Quininæ Sulphatis	gr.i
Ferri Tartarati	gr.ii
Morphinæ Acetatis	gr.$\frac{1}{12}$

Ft. pil i

ইহা, নিউর‍্যালজিয়াতে ব্যবহার্য্য।

৫

℞

Quininæ Sulphatis		gr.xxiv
Acidi Sulphurici dil.		ʒi
Tinct. Cardamomi Co.		ʒiii
Syrupi	ad	℥iii

S. Dose, a teaspoonful.

ইহা শিশুদিগের পক্ষে ব্যবস্থেয়।

৬

Or, in a cough mixture

℞

Quininæ Sulphatis	gr.xxiv
Acidi Sulphurici dil.	ʒss
Mist. Glycyrrhizæ ad	℥iii

S. Dose. a teaspoonful.

ইহা হুপিংকফের শেষাবস্থায় শিশুদিগের উপযোগী।

৭

Tonic Carminative Mixture.

℞

Quininæ Sulphatis	gr.xlviii
Acid Sulphurici dil	ʒi
Tinct. Gentianæ Comp.	℥iv
Syrupi Zingiberis ad	℥vi

S. Dose. A dessertspoonful.

ইহা পরিপাকক্রিয়ার দুর্ব্বলতায় ব্যবহার্য্য। উক্ত রোগের সহিত কোষ্টবদ্ধ থাকিলে ওয়াইন্ অব্ এলোজ্ (Wine of Aloes) যোগকরা যাইতে পারে।

কুইনিটাম্। Quinetum.

সিঙ্কোনা ফেব্রিফিউজ্। Cinchona Febrifuge.

সিঙ্কোনা-সাক্সিরুব্রা এবং অন্যান্য প্রকার সিঙ্কোনা যাহা ভারতবর্ষ, জাভা (Java) প্রভৃতি স্থানে জন্মে, তাহার মিশ্র-উপক্ষার কুইনিটাম্ নামে পরিচিত।

উহাতে কুইনাইন্-সাল্ফেট্ শতকরা ২৫ হইতে ৩০ ভাগ, সিঙ্কোনিডাইন্-সাল্ফেট্ ৫০ হইতে ৫১ ভাগ এবং সাল্ফেট্ অব্ সিঙ্কোনিন্ ২০ হইতে ২৫ ভাগ পাওয়া যায়।

উহা অম্লাক্ত জলে দ্রবণীয়, কুইনাইনের ন্যায় তিক্তাস্বাদবিশিষ্ট, এবং ব্যবহারে বিশেষ সুবিধা এই যে, উহার মূল্য অতি কম। গুণ সম্বন্ধে কুইনাইন্ অপেক্ষা নিকৃষ্ট নহে এবং উহার টনিক্ অর্থাৎ বলকারক ক্রিয়া আছে।

উহাদ্বারা Nausea (বমনেচ্ছা) এবং বমন (Vomiting) হইতে দেখা যায়, তজ্জন্য অনেক সময় উহা বিরক্তিজনক বোধ হয়।

কেহ কেহ বলেন যে, ইহা কুইনাইনের মত ব্যবহার করা যায়, সচরাচর ভারতবর্ষে ম্যালেরিয়াজ্বরে (Malarial Fever) উহা ব্যবহৃত হয়।

কেহ কেহ বলেন যে,উহার ১৫ হইতে ২০ গ্রেণ দ্বারা সবিরাম-জ্বর আরোগ্য হয়। এবং জ্বরের পরে ৩ গ্রেণ মাত্রায় কতক দিবস পর্য্যন্ত ব্যবস্থা করিলে আর পুনরায় জ্বর হওয়ার আশঙ্কা থাকে না।

শারীরিক দুর্ব্বলতার সহিত ক্ষুধামান্দ্য থাকিলে, উহা ব্যবহারে ক্ষুধা বৃদ্ধি হইয়া টনিকের ন্যায় কার্য্যকারী হয়। উহার অপরাপর ব্যবহার কুইনাইনের ন্যায়।

বেবীরিনী সাল্‌ফাস্।	সাল্‌ফেট্ অব্ বেবীরিন্।
Beberinæ Sulphas.	Sulphate of Beberine.

মাত্রা—১—৫ গ্রেণ (Tonic) বলকারক, ৫—১০ গ্রেণ পর্য্যায়নিবারক।

আময়িক প্রয়োগ—ইহার বার্ক কচিৎ ব্যবহার হয়, সাল্‌ফেট্ অব্ বেবীরিন্ কখন কখন কুইনাইনের পরিবর্ত্তে ব্যবহার করা যায়। উহার বলকারক (Tonic) এবং পর্য্যায়নিবারক (Antiperiodic) ক্রিয়া আছে, সিঙ্কোনা-এল্‌কেলয়েডের ন্যায় উহার পচননিবারক (Antiseptic) ক্রিয়া আছে। কুইনাইনের ন্যায় উহা রক্তস্থ শ্বেত-কণিকার গতি বন্ধ করে; উহা ইণ্টারমিটেণ্ট্ ফিভার (Intermittent Fever) এবং নিউর‍্যাল্‌জিয়া (Neuralgia) ইত্যাদি পীড়াতে ব্যবহৃত হয়। জ্বরাদি এবং অন্যান্য প্রকার দুর্ব্বলকারী ব্যাধির পর (Convalescence) অবস্থায় উহা ব্যবহারে বলকারকস্বরূপ কার্য্য করে। উহা ব্যবহার করিতে হইলে সল্‌ফিউরিক্ এসিড্ সহিত ব্যবস্থা করা উচিত।

লাটিন।	ইংরেজী।
কাস্পেরায়ী কর্টেক্স।	কাস্পেরিয়া বার্ক।
Cuspariæ Cortex.	Cusparia Bark.

চূর্ণের মাত্রা—১০ হইতে ৪০ গ্রেণ।

প্রয়োগরূপ—

ইন্‌ফিউজাম্ কাস্পেরায়ী। ইন্‌ফিউশন্ অব্ কাস্পেরিয়া।

Infusum Cuspariæ. Infusion of Cusparia.

মাত্রা—১—২ আউন্স।

ক্রিয়া—বলকারক (Tonic), পর্য্যায়নিবারক (Aubpariodic.)

আময়িক প্রয়োগ—উহার গন্ধ অতি উত্তম। একিউট্ ডিস্‌পেপ্‌সিয়া (Acute-Dyspepsia) এবং উদরাময় (Diarrhœa) রোগের পর (Convalescence) বা দুর্ব্বলাবস্থায় ব্যবহৃত হয়। দক্ষিণ আমেরিকায় উহা ম্যালিগ্‌ন্যাণ্ট্ ফিভারেতে (Malignant Fever) ব্যবহৃত হইয়া থাকে।

আর্জেণ্টাই নাইট্রাস্। নাইট্রেট্ অব্ সিল্‌ভার্।

Argenti Nitras. Nitrate of Silver.

মাত্রা—$\frac{1}{8}$—$\frac{1}{6}$ গ্রেণ।

প্রয়োগরূপ—

আর্জেণ্টাই এট্ পটাশিয়াই নাইট্রাস্। নাইট্রেট্ অব্ সিল্‌ভার এণ্ড পটাশিয়াম্।

Argenti et Potasii Nitras. Nitrate of Silver and Potassium.

ক্রিয়া—উহা প্রয়োগানুসারে সঙ্কোচক (Astringent), উগ্রতাসাধক (Irritant), ফোস্কাকারক (Vesicant) এবং দাহক (Escharotic)

উহা অর্দ্ধ হইতে একড্রাম মাত্রায় এক আং জলের সহিত মিশ্রিত করিয়া ব্যবহার করাযায়। কখন কখন উহা অদ্র (Solid) আকারে ও ব্যবহৃত হয়।

অল্প মাত্রায় আভ্যন্তরিক ব্যবহারে উহা পাকাশয় এবং ক্ষুদ্রান্ত্রের শ্লৈষ্মিক ঝিল্লীর উপর সঙ্কোচক এবং পরিবর্ত্তক স্বরূপ কার্য্যকরে। উহা শরীরে আচোষিত হওতঃ দূরবর্ত্তী সঙ্কোচক-ক্রিয়া-প্রকাশ করে, উহা স্নায়ু মণ্ডলের উপরও টনিক অর্থাৎ বলকারক ক্রিয়া প্রকাশ করিয়া থাকে, এবং অনেক দিন ব্যবহার করিলে উক্ত লবণ প্রকৃত চর্ম্মের নিম্নে জমা হইয়া চর্ম্মে নীলবর্ণ সীসের ন্যায় বর্ণ দৃষ্ট হয়। উহা তিনমাস কাল ক্রমান্বয়ে ব্যবহার না করিলে ঐরূপ হয়না।

কখন কখন বা এক বৎসর কাল ব্যবহারে ও উক্ত প্রকার অবস্থা দৃষ্ট না হইতে পারে।

বাহ্যিক উহা বিষাক্ত-ক্ষতাদি, ইরিসিপেলাস্ ইত্যাদিতে ব্যবহৃত হয়। উপদংশজনিত ক্ষতে উহা সচরাচর ব্যবহৃত হইয়া থাকে; এতদ্ব্যতীত নানাপ্রকার ক্যানসার্ (Cancer ,ইত্যাদি ধ্বংস করিতে ব্যবহৃত হয়। গ্র্যানিউলার-অপ্-থ্যাল্মিয়া (Granular Ophthalmia) রোগে কখন কখন মিটিগেটেড্-কষ্টিক্ (Mitigated caustic) ব্যবহার করা হইয়া থাকে। আবশ্যক অনুযায়ী উহার দ্রাবণ প্রস্তুত করিয়া বিভিন্ন প্রকার লোষণ বা (Collyrium) স্বরূপ উহা ব্যবহার করা যায়।

পাকাশয়ের পুরাতন প্রদাহিক অবস্থার সহিত গ্যাষ্ট্রোডিনিয়া (Gastrodynia), পাইরোসিস্ (Pyrosis) কিম্বা বমন (Vomiting) বর্ত্তমান থাকিলে, এমন কি উহা যান্ত্রিক বা সাংঘাতিক ব্যাধি বশতঃ হইলেও উহা দ্বারা অস্থায়ীরূপে রোগ উপশমিত হয়, উহা কোন কোন প্রকার উদরাময় রোগেও ব্যবহৃত হইয়া থাকে। স্নায়ুমণ্ডলের উপর উহার ক্ষমতা আছে বলিয়া এপিলেপ্সিতে ব্যবহৃত হইয়া থাকে, উহাদ্বারা উক্ত রোগের আক্রমণ অনেক পরিমাণে কমে।

ব্রোমাইড্স্ আবিষ্কার হওয়ার পূর্ব্বে উহা কখন কখন কোরিয়া (Chorea) রোগে ব্যবহৃত হইত, $\frac{1}{6}$ হইতে $\frac{1}{2}$ গ্রেণ মাত্রায় পিল্ আকারে পাঁউরুটীর শাস সহিত ব্যবস্থা করিতে হয়।

Incompatibles (অসম্মিলন) :—

পরিস্রুত জলদ্বারা উহার দ্রাবণ প্রস্তুত করা উচিত; অন্য কোন প্রকার জলের সহিত মিশ্রিত করা বিধেয় নহে, কারণ তাহাতে ক্লোরাইডস্ (Chlorides) থাকা প্রযুক্ত উহা বিকৃত হইয়া যায়।

আর্জেণ্টাই অক্সাইডাম্। — অক্সাইড্ অব্ সিল্ভার্।

Argenti Oxidum. — Oxide of Silver.

মাত্রা—$\frac{1}{2}$—২ গ্রেণ বটিকা আকারে ব্যবহার্য্য।

উহার ক্রিয়া নাইট্রেট্ অব্ সিল্ভারের ন্যায়, কিন্তু কথঞ্চিৎ মৃদু। শরীরে শোষিত হইলে নাইট্রেট্ অব্ সিল্ভারের ন্যায় উহার ক্রিয়া উপলক্ষিত হয়। নানা প্রকার রক্তস্রাবে উহা সঙ্কোচকের ন্যায় কার্য্য প্রকাশ করে। সিল্ভারের দূরবর্ত্তী-ক্রিয়ার জন্য উহা নানা প্রকার স্নায়ুমণ্ডলীর পীড়াতে টনিক্ (Tonic) স্বরূপ ব্যবহৃত হয়। পাকাশয়ের শ্লৈষ্মিক-ঝিল্লির উপর উহার ক্ষমতা আছে বলিয়া ডিস্পেপ্সিয়া (Dyspepsia) রোগে ব্যবহৃত হইয়া থাকে।

Incompatibles বা অসম্মিলনঃ—সমস্ত প্রকার যান্ত্রিক পদার্থের সহিত মিশ্রিত হইলে উহা বিকৃতি প্রাপ্ত হয়, বিশেষতঃ উহা ক্রিয়েসুটের (Creasote) সহিত মিশ্রিত হইলে হঠাৎ জ্বলিয়া উঠে।

ক্লোরাইড্ অব্ সিল্ভার্ (Chloride of Silver) ও সচরাচর ঔষধরূপে ব্যবহৃত হয়, উহার ক্রিয়া অক্সাইড্ অব্ সিল্ভারের সদৃশ।

ত্রয়োদশ অধ্যায়।

প্রথমবিভাগীয় তৃতীয়শ্রেণী।

যে সকল ঔষধ হৃৎপিণ্ড এবং রক্তসঞ্চালক-যন্ত্রসমূহের উপর বিশেষরূপে কার্য্য করে তাহারা এই শ্রেণীভুক্ত। ইহারা সম্ভবতঃ ভাসোমোটার-স্নায়ু-মণ্ডলের উপর ক্রিয়াপ্রকাশপূর্ব্বক হৃৎপিণ্ড ও স্নায়ু-মণ্ডলের উপর কার্য্য করিয়া থাকে। ইহারা তিন উপশ্রেণীতে বিভক্ত।

প্রথম উপশ্রেণী।

VASCULAR STIMULANTS.

ধামনিক উত্তেজক।

ইহারা দুই ভাগে বিভক্ত।

প্রথম ভাগ—যে সকল ঔষধ হৃৎপিণ্ড এবং বড় বড় রক্তবাহনাড়ীর উপর কার্য্য করে।

(১) সলিউশন্ অব্ এমোনিয়া (Solution of Ammonia.)

(২) কার্ব্বনেট্ অব্ এমোনিয়াম্ (Carbonate of Ammonium.)

(৩) এরোমেটিক্ স্পিরিট্ অব্ এমোনিয়া (Aromatic Spirit of Ammonia.)

(৪) ব্রাণ্ডি এবং ওয়াইন্ আদি এল্‌কোহল্ (Alcohol in the form of Brandy and Wine.)

(৫) ইথার্ (Ether.)

(৬) স্পিরিট্ অব্ ইথার্ (Spirit of Ether.)

(৭) অয়েল্ অব্ টার্পেন্‌টাইন্ (Oil of turpentine.)

(৮) এরোমেটিক্ ভলেটাইল্ অয়েলস্ (Aromatic volatile oils.)

(৯) ক্যাম্ফার্ (Camphor.)

(১০) এসাফিটিডা (Asafœtida.)

(১১) ভেলিরিয়েন্ (Valerian.)

(১২) সাম্বল্ (Sumbul.)

(১৩) ক্লোরোফরম্ (Chloroform.)

(১৪) এরোমেটিক্‌স্ (Aromatics.)

দ্বিতীয়ভাগ—যে সকল ঔষধ ক্ষুদ্র ক্ষুদ্র রক্তবাহক-নাড়ী সমূহের উপর কার্য্য করে।

(১) এসিটেট্ অব্ এমোনিয়াম (Acetate of Ammonium.)

(২) সাইট্রেট্ অব্ এমোনিয়াম্ (Citrate of Ammonium.)

(৩) গোয়াএকাম্ (Guaiacum.)

(৪) সার্পেণ্টারী (Serpentary.)

(৫) সাসাফ্রাস্ (Sassafras.)

(৬) মেজিরিয়ন্ (Mezereon.)

(৬) রেজিন্ (Resin.)

(৮) গ্যাল্‌বেনাম্ (Galbanum.)

(৯) এমোনায়েকাম্ (Ammoniacum.)

EFFECTS OF VASCULAR STIMULANTS.

ধামনিক উত্তেজক ঔষধ সকলের ক্রিয়া।

ইহাদের মধ্যে এরূপ কতকগুলি ঔষধ আছে যাহারা প্রধানতঃ হৃৎপিণ্ড এবং বৃহৎ রক্তবাহনাড়ীসমূহের উপর, এবং অপর কতকগুলি ঔষধ ক্ষুদ্র ক্ষুদ্র ধমনী ও কৈশিকনাড়ীসমূহের উপর উত্তেজকের ন্যায় ক্রিয়া প্রকাশ করিয়া থাকে। চিকিৎসার সুবিধা জন্য উহাদিগকে দুই ভাগে বিভক্ত করা হইয়াছে। হৃৎপিণ্ডকে উত্তেজিত করিবার আবশ্যকতা হইলে এমোনিয়া, কার্ব্বনেট্‌ অব্‌ এমোনিয়াম্‌ প্রভৃতি ঔষধ ব্যবহারে আমাদের উদ্দেশ্য সাধিত হইয়া থাকে। পক্ষান্তরে যে সকল এমোনিয়াঘটিত লবণে এসিটিক্‌-এসিড্‌ ও সাইট্রিক্‌-এসিড্‌ আদি উদ্ভিজ্জাম্ল বর্ত্তমান আছে, যদিও তাহাদিগদ্বারা উপরোক্ত উদ্দেশ্য সাধিত না হয়, তথাপি কৈশিক-রক্তসঞ্চালন বৃদ্ধি পাইয়া থাকে।

USES OF VASCULAR STIMULANTS.

ধামনিক-উত্তেজক ঔষধদিগের ব্যবহার।

উপরোক্ত ঔষধের মধ্যে যাহারা হৃৎপিণ্ডের উপব বিশেষরূপে কার্য্যকরে, তাহারা হৃৎপিণ্ডের ক্রিয়ার শিথিলতাবস্থায় ব্যবহৃত হয়। হৃৎপিণ্ডের শিথিলতাবস্থা, স্নায়বিক কারণ বশতঃ ক্ষণস্থায়ী ও হৃৎপিণ্ডের ব্যাধিহেতু চিরস্থায়ী হইয়া থাকে। এই শেষোক্তাবস্থায় উত্তেজক ঔষধের সঙ্গে ভ্যাস্‌কিউলার্‌-টনিক্‌ (ধামনিক বলকারক) ঔষধ ব্যবহার করিবে। অথবা প্রথমতঃ ধামনিক-উত্তেজক ঔষধ ব্যবহার করিয়া তৎপরে ধামনিক-বলকারক ঔষধ ব্যবস্থা করা বিধেয়।

USES OF VASCULAR STIMULANTS.

ধামনিক-উত্তেজক ঔষধদিগের ব্যবহার।

যে সকল ধামনিক উত্তেজক ঔষধ ক্ষুদ্র ক্ষুদ্র রক্তবাহনাড়ী এবং কৈশিক-রক্তসঞ্চালনের উপর কার্য্যকরে, তাহাদিগকে পুরাতন প্রদাহিত রোগে যখন আক্রান্ত স্থানের রক্তসঞ্চালন ধীরগামী তখন ব্যবহার করিতে হয়, কিম্বা

তরুণ প্রদাহিত অবস্থাতে যখন এক্স্‌জুডেশন্ জন্মে তখন উক্ত পদার্থ শোষণ জন্য ইহাদিগকে ব্যবহার করা আবশ্যক। ইহাদের মধ্যে এরূপ অধিকাংশ ঔষধ আছে যাহারা নানাবিধ যন্ত্রের কার্য্য বৃদ্ধি করিয়া থাকে।

ল্যাটিন্।	ইংরেজী।
ওলিয়াম্ টেরেবিন্থিনি।	অয়েল্ অব্ টার্পেণ্টাইন্।
Oleum Terebinthinæ.	Oil of Turpentine.

ইহাকে টার্পিন্ তৈল বলে। নানাবিধ পাইনা-জাতি বৃক্ষহইতে যে ওলিয়ো-রেজিন্ পাওয়া যায় তাহাহইতে ইহা চুয়ান তৈল মাত্র। ওলিয়ো-রেজিন্ হইতে তৈল চুয়াইয়া লইলে পর যাহা অবশিষ্ট থাকে তাহাকে রেজিন্ বলে।

মাত্রা—১০—৩০ মিনিম রক্তরোধক, উত্তেজক, আক্ষেপনিবারক ও মূত্রকারক; ২—৪—ড্রাম ক্রিমিনাশক ও বিরেচক।

প্রয়োগরূপ—

কন্‌ফেক্‌শিও টেরেবিন্থিনি।	কন্‌ফেক্‌শন্ অব্ টার্পেণ্টাইন্।
Confectio-Terebinthinæ.	Confection of Turpentine.
মাত্রা—৬০—১২০ গ্রেণ।	
এনিমা টেরিবিন্থিনি।	এনিমা অব্ টার্পেণ্টাইন্।
Enema Terebinthinæ.	Enema of Turpentine.
লিনিমেণ্টাম্ টেরিবিন্থিনি।	লিনিমেণ্ট্ অব্ টার্পেণ্টাইন্।
Linimentum Terebinthinæ.	Liniment of Turpentine.
লিনিমেণ্টাম্ টেরিবিন্থিনি এসিটিকাম্।	লিনিমেণ্ট্ অব্ টার্পেণ্টাইন্ এণ্ড এসিটিক্ এসিড্।
Linimentum Terebinthinæ Aceticum.	Liniment of Turpentine and Acetic Acid.
আঙ্গুয়েণ্টাম্ টেরিবিন্থিনি।	অয়েণ্ট্‌মেণ্ট্ অব্ টার্পেণ্টাইন্।
Unguentum Terebinthinæ.	Ointment of Turpentine.
রেজিনা।	রেজিন্।
Resina.	Resin.

ইহা টার্পেণ্টাইন্ হইতে পাওয়া যায়।

মাত্রা—১০—৩০ গ্রেণ।

প্রয়োগরূপ—

এমপ্লাষ্ট্রাম্ রেজিনি। রেজিন্ প্লাষ্টার্)

Emplastrum Resinæ. Resin Plaster.

ইহার অপর নাম এড হিসিভ্ প্লাষ্টার্।

আঙ্গুয়েণ্টাম্ রেজিনি। অয়েণ্ট মেণ্ট্ অব্ রেজিন্।

Unguentum Resinæ. Ointment of Resin.

ক্রিয়া—অল্প মাত্রায় অয়েল অব্ টার্পেণ্টাইন্ শরীরে শোষিত হইয়া উত্তেজক, আক্ষেপনিবারক এবং সঙ্কোচকের ন্যায় ক্রিয়া করে। মূত্রযন্ত্রের উপর ইহার ক্রিয়া বিশেষরূপে প্রকাশিত হয় বলিয়া ইহার মূত্রকারক গুণের উপলব্ধি হয়। টার্পেণ্টাইন্ জেনিটো-ইউরিনারী (Genito-urinary) যন্ত্রের শ্লৈষ্মিক-ঝিল্লির উপর কোপেবার ন্যায় কার্য্য করে। অধিক মাত্রায় সেবন করিলে ষ্ট্র্যাংগিউরি বা প্রস্রাব-কৃচ্ছ্র হইতে দেখা যায়। কৈশিকনাড়ীসমূহের উপর ইহার সঙ্কোচক ক্রিয়া থাকা প্রযুক্ত রক্তস্রাববন্ধ করণার্থ ব্যবহৃত হয়। কোন কোন প্রকার প্রদাহ দমন এবং রক্তস্রাব বন্ধ করিবার ক্ষমতাও দৃষ্ট হয়।

আময়িকপ্রয়োগ—টার্পিণ তৈল অধিক মাত্রায় বিরেচকের ন্যায় কার্য্য করে। এলিমেণ্টারী-কানালে (অন্ত্রে) ক্রিমি থাকিলে টার্পিণ তৈল-দ্বারা ঐ সমস্ত ক্রিমি নষ্ট হয়। অধিক মাত্রা ব্যবহারে উহার বিরেচন ক্রিয়ার সহিত সচরাচর বিবমিষা ও বমন হইয়া থাকে, এবং কখন কখন আচোষিত হইবার পরে নেশা হইতে দেখা যায়। টার্পেণ্টাইন্ হিষ্টেরিকাল্ (Hysterical) ব্যাধি সমূহে আক্ষেপনিবারক স্বরূপ আভ্যন্তরিক ব্যবহৃত হইয়া থাকে। কিন্তু অধিক সময় গুহ্যদ্বারে পিচকারী (Enema) স্বরূপ ব্যবস্থা করা হয়।

অন্ত্র এবং মূত্রযন্ত্র হইতে পেসিভ্-আকারের রক্তস্রাব হইলে, ইহা ব্যবস্থা করা হইয়া থাকে। কখন কখন পার্পিউরা রোগে উক্ত তৈল ব্যবহারদ্বারা উৎকৃষ্ট ফল পাওয়া গিয়াছে। ইহা নানা প্রকার আইরাইটিস্ (Iritis) রোগেও ব্যবহার করা হইয়া থাকে। ইহা সচরাচর আভ্যন্তরিক ক্রিমিনাশক স্বরূপ ব্যবহৃত হয়; টিনিয়া (Tænia) বা টেপ্ওয়ার্ম্ (ফিতারমত ক্রিমি)

ও এস্‌কারিডিস্‌ (Ascarides) বা সূত্রবৎ ক্রিমি এবং অন্যান্য প্রকার অন্ত্রস্থিত ক্রিমি-রোগে ইহা ব্যবহারদ্বারা বিশেষ উপকার পাওয়া যায়।

টার্পিণ তৈল বাহ্যিক প্রয়োগে উত্তম রুবিফেসিয়েন্ট্‌ বা প্রদাহউৎপাদকের ন্যায় ক্রিয়া প্রকাশ করে, উহার বাষ্প আবদ্ধ থাকিলে ফোস্কা পর্য্যন্ত উৎপাদিত হইতে পারে।

গুহ্যদ্বারে পিচকারী দ্বারা টার্পিণ তৈল ব্যবহার করিলে বিরেচক ও উত্তেজকের ন্যায় ফল পাওয়া যায়। ইহার লিনিমেণ্ট্‌ পুরাতন প্রাদাহিক বেদনাযুক্ত স্থানে ব্যবহৃত হয়। কখন কখন উষ্ণ ফ্লানেল কাপড়ে ইহা প্রক্ষেপ করিয়া ফোমেণ্টেশন্‌ আকারে টিম্পেনাইটিস্‌ (Tympanitis), পেরিটোনাইটিস্‌ (Peritonitis) এবং নানা প্রকার প্রদাহিত স্থানে ব্যবহৃত হয়। রেজিন্‌ এবং সাধারণ টার্পিণ কেবল মলম ও প্লাষ্টার আকারে বাহ্যিক উত্তেজক স্বরূপ ব্যবহৃত হয়, কদাচ আভ্যন্তরিক ব্যবহার করা যায় না।

আভ্যন্তরিক প্রদাহে উষ্ণ টার্পিণ তৈলের ফোমেণ্টেশনের ন্যায় ফলদায়ক ঔষধ আর নাই। ইহা নিম্নলিখিত অবস্থায় সাদরে ব্যবহৃত হইয়া থাকে।

(ক) নিউমোনিয়া, প্লুরাইটিস্‌, ব্রঙ্কাইটিস্‌ এবং প্যারিকার্ডাইটিস্‌ ইত্যাদি বক্ষোগহ্বরস্থিত প্রদাহে।

(খ) এণ্টেরাইটিস্‌, পেরিটোনাইটিস্‌, হিপেটাইটিস্‌ এবং গ্যাস্‌ট্রাইটিস্‌ ইত্যাদি উদরগহ্বরস্থ যন্ত্রাদির প্রদাহে। ইউট্রাস্‌, ওভেরি এবং ব্ল্যাডার ইত্যাদির প্রদাহে আক্রান্ত স্থানের উপর ইহা ব্যবহার করিলে উৎকৃষ্ট ফল পাওয়া যায়। ইহা উপরোক্ত ব্যাধির প্রথমাবস্থায় ব্লিষ্টার্‌ অপেক্ষা শীঘ্র ব্যবহার করা যায় এবং ইহা উপরোক্ত ঔষধ সহযোগে ব্যবস্থা করিলে রোগের বেদনা ও কষ্ট উপশমিত হয়।

(গ) অন্ত্রের নানা প্রকার আক্ষেপিক ব্যাধি সমূহে উষ্ণ টার্পিণ তৈলের (Epithem) এপিথেম্‌ ফোমেণ্টেশন্‌ দ্বারা আশ্চর্য্য উপকার পাওয়া যায়। ফ্ল্যাটিউলান্স্‌ (পেট ফাঁপা) এবং ফ্ল্যাটিউল্যাণ্ট্‌-কলিক্‌ রোগে টার্পেণ্টাইনের এনিমাদ্বারা উৎকৃষ্ট ফল পাওয়া যায়।

(ঘ) বিসূচিকা রোগে টার্পিণ তৈল মর্দ্দন করিলে অন্যান্য ঔষধের ক্রিয়ার সাহায্য হয়।

দুই ভাগ সাল্‌ফিউরিক্‌ ইথার্‌ এবং তিন ভাগ স্পিরিট্‌ অব্‌ টার্পেণ্টাইন্‌ একত্র করিয়া আভ্যন্তরিক সেবন করিলে বিলিয়ারী-ক্যালকিউলাস্‌ দ্রব হইয়া থাকে।

গণোরিয়া, গ্লিট্‌ এবং লিউকোরিয়া রোগের পুরাতনাবস্থায় যখন প্রাদাহিক লক্ষণ তিরোহিত হইয়া থাকে, তখন অল্পমাত্রায় টার্পেণ্টাইন্‌ বারংবার ব্যবহার করিলে উপকার হইয়া থাকে।

ডাং প্যারেরা (Dr. Pareira) দেখিয়াছেন যে, সাপ্রেশন্‌ অব্‌ ইউরিন্‌ অর্থাৎ প্রস্রাব প্রস্তুত বন্ধ হইলে যখন অন্যান্য সকল প্রকার মূত্রকারক ঔষধদ্বারাও প্রস্রাব জন্মেনা, তখন ইহা ব্যবহারে প্রস্রাব পুনঃ স্থাপিত হইয়া থাকে।

ব্রঙ্কাইটিস্‌ রোগের সহিত এম্ফিজিমা বর্ত্তমান থাকিলে, যখন শরীর শীতল, নাড়ী ক্ষুদ্র ও দুর্ব্বল এবং শ্বাস-নালীতে শ্লেষ্মা থাকা প্রযুক্ত রোগী শ্লেষ্মা বহির্গত করিতে অক্ষমহওয়াতে শ্বাসরোধ হওয়ার উপক্রম হয়, তখন সাধারণ ষ্টিমিউল্যাণ্টস্‌ দ্বারা কোন উপকার না হইলে অধিক পরিমাণ টার্পেণ্টাইন্‌ ব্যবস্থা করিলে উহার উপশম হইয়া থাকে। উক্ত অবস্থাতে ৩০ মিনিম হইতে ৬০ মিনিম মাত্রায় ২।৩ ঘণ্টা অন্তর ব্যবস্থা করা আবশ্যক এবং অবস্থানুসারে মাত্রা বৃদ্ধি করা যাইতে পারে।

লাংসের গ্যাংগ্রিন্‌ বা বিগলন হইলে টার্পেণ্টাইন্‌ উষ্ণ জলে প্রক্ষেপ পূর্ব্বক প্রতি দুই ঘণ্টান্তর উহার বাষ্প ১৫ মিনিট কাল আঘ্রাণ করিলে উৎকৃষ্ট ফল পাওয়া যায়।

ম্যালিনা (Malæna) রোগে নিম্নলিখিত ব্যবস্থা দ্বারা উপকার হয়।

℞

Ol. Terebinth.	gutt.xv
Syr. Aurant	ʒi
Aqua Cinnamon ad	℥i

M. ft. to be taken three times a day.

কোন সন্ধির পুরাতন বিবৃদ্ধি, ব্রুজেস্‌ এবং স্প্রেনস্‌ ইত্যাদিতে টার্পেণ্টাইন লিনিমেণ্ট্‌ মর্দ্দন করিলে উপকার হয়।

সিরিউমেন্‌ (Cerumen) বা কর্ণে খোল বশতঃ বধিরত্ব হইলে অয়েল্‌ অব্‌ এমেগ্‌ডেলি কিংবা গ্লিসরিণের অর্দ্ধ আউন্স লইয়া তাহার সহিত ৪০ ফোঁটা

টার্পিন তৈল মিশ্রিত করিয়া ইহার কয়েক ফোঁটা কর্ণে ব্যবহার করিলে কিংবা প্রক্ষেপ করিলে উপকার হইয়া থাকে।

টাইফাস্ এবং টাইফয়েড্ জ্বরে যদিও টার্পেন্টাইনের আরোগ্যকারী শক্তি নাই তথাপি টার্পেন্টাইন্ ফোমেণ্টেশন্ ব্যবহারে পেটবেদনাদি লক্ষণ সকল দূরীভূত হয়।

উক্তরোগে টিম্পেনাইটিস্ বা পেটফাঁপা বর্ত্তমান থাকিলে টার্পেন্টাইন্ এনিমা দ্বারা উপকার দর্শিয়া থাকে। টাইফয়েড্ জ্বরে অন্ত্র হইতে রক্তস্রাব হইলে টার্পেন্টাইন্ ১০—১৫ মিনিম মাত্রায় ½। ১ ঘণ্টান্তর ব্যবহার করিলে উপকার হয়, উপরোক্ত রোগের বৰ্দ্ধিতাবস্থায় প্রষ্ট্রেশন্ বা পতনাবস্থা, কোমা বা অচেতন নিদ্রা, ষ্টুপার বা ঝিমনি, প্রলাপ, সব্‌সাল্টাস্-টেণ্ডিনাম্ ইত্যাদি লক্ষণ বর্ত্তমান থাকিলে টার্পেন্টাইন্ আভ্যন্তরিক কিম্বা এনিমা আকারে ব্যবহার করিলে উপকার হইয়া থাকে।

দুর্ব্বলকারী জ্বরের সহিত ব্রঙ্কাইটিস্ থাকিলে ইহাদ্বারা আশ্চর্য্য উপকার লাভ হয়; বিশেষতঃ যখন শ্বাসনালী শ্লেষ্মা দ্বারা পরিপূরিত, মুখ নীলাভ, রোগী কফ প্রক্ষেপে অসমর্থ হয় তখন অন্যান্য ঔষধে উপকার না দর্শিলে টার্পেন্টাইন্ ব্যবহারে উপকার হইয়া থাকে।

এরূপ অবস্থায় নিম্নলিখিত ব্যবস্থাপত্র ব্যবহার করা যায়।

℞

Ol. Terebinth	m-xxx
Spt. Æther Sulphuris	mxv-xx.
Spt. Chloric	mxv-vxxx
Spt. Juniper Co.	mxxx
Mist. Acaciæ	℥iss

M. ft. one dose, to be repeated every 2 hours at first until the desired effect is produced.

এই ঔষধ কয়েক মাত্রা ব্যবহারের পর রোগী কাসিতে আরম্ভ করে এবং অধিক পরিমাণে চটচটে শ্লেষ্মা বহির্গত করে বলিয়া শ্বাসকৃচ্ছ্র উপশমিত হইয়া থাকে। ইহা ব্যবহারে প্রস্রাবের পরিমাণ ও বৰ্দ্ধিত হয়।

লাটিন্।	ইংরেজী।
গোয়েসাই লিগ্নাম্।	গোয়েকাম্ উড্।
Guaiaci Lignum.	Guaiacum Wood.
গোয়েসাই রেজিনা।	গোয়েকাম্ রেজিন্।
Guaiaci Resina.	Guaiacum Resin.

এই দুইটি গোয়েকাম-অফিসিনেলি নামক বৃক্ষ হইতে প্রাপ্ত হওয়া যায়।

রেজিনের মাত্রা—১০—৩০ গ্রেণ।

প্রয়োগরূপ—

মিশ্চ্যুরা গোয়েসাই।	গোয়েকাম্ মিক্শ্চার্।
Mistura Guaiaci.	Guaiacum Mixture.

মাত্রা—½—২ আউন্স।

টিংচ্যুরা গোয়েসাই এমোনিয়েটা।	এমোনিয়েটেড্ টিংচার্ অব্ গোয়েকাম্।
Tinctura Guaiaci Ammoniata.	Ammoniated Tincture of Guaiacum.

মাত্রা—½—১ ড্রাম।

ক্রিয়া—গোয়েকাম্-রেজিন্ সেবন করিলে সচরাচর পাকাশয়ে সুখজনক উষ্ণতানুভব এবং মুখ ও গলদেশ শুষ্ক হইয়া থাকে। এরূপ অবস্থায় ও যদি ব্যবহার করা যায় তবে অন্ত্রেও পাকাশয়ে প্রদাহ জন্মিয়া থাকে। ইহা শোষিত হইবার পর উত্তেজক, ঘর্ম্মকারক, বলকারক এবং পরিবর্ত্তকের ন্যায় ক্রিয়া প্রদর্শন করে।

কেহ কেহ বলেন যে, ইহার রজোঃনিঃসারক গুণও আছে। ইহার রেজিন্, মিক্শ্চার্ বা এমোনিয়েটেড্-টিংচার আকারে ব্যবহৃত হইতে পারে। গোয়েকাম্ চর্ম্মান্তর্গত কৈশিকনাড়ীসমূহের রক্ত-সঞ্চালনক্রিয়া বৃদ্ধি করিয়া চর্ম্মের ক্রিয়ার উন্নতি সাধন করে। ইহার ঘর্ম্মকারক ক্রিয়া প্রকাশিত করিতে হইলে, রোগীকে কম্বল দ্বারা ঢাকিয়া উষ্ণ রাখিবে এবং পানার্থ ঈষদুষ্ণ পানীয় প্রচুরপরিমাণে প্রদান করিবে ও অহিফেণ সহযোগে রেজিনের সূক্ষ্মচূর্ণ ব্যবস্থা করিবে। ইহাদ্বারা ঘর্ম্মকারক ক্রিয়া প্রকাশিত না হইলে মূত্রোৎপাদন ক্রিয়া প্রকাশিত হইয়া থাকে।

আময়িক প্রয়োগ—শ্লৈষ্মিক-প্রদেশ হইতে প্রচুর পরিমাণে স্রাব হইলে বোধহয় ইহা ব্যবহারে তাহার লাঘব হইয়া থাকে।

জরায়ুর পুরাতন প্রদাহের সহিত প্রচুর পরিমাণে স্রাব বর্ত্তমান থাকিলে ইহার এমোনিয়েটেড্-টিংচার্ দ্বারা বিশেষ উপকার হইয়া থাকে। এমিনোরিয়া এবং ডিস্‌মেনোরিয়া রোগে অনেকে ইহা ব্যবহারে সুফল পাইয়াছেন। ক্রনিক্ রিউমেটিজ্‌ম্ রোগে গোয়েকাম্ বিশেষ উপকারী। কোন কোন প্রকার নিউ-র‍্যাল্‌জিয়া রোগে এমোনিয়েটেড-টিংচার্, ২০ হইতে ৪০ মিনিম্ মাত্রায় প্রতি ৪ ঘণ্টান্তর ব্যবস্থা করিলে রোগের উপশম হয়।

ডাঃ গ্যারড্ বলেন যে, বৃদ্ধ ব্যক্তিদিগের গাউট্ রোগ হইলে ইহা ব্যবহারে উৎকৃষ্ট ফল পাওয়া যায়। যুবকদেরও ইহাদ্বারা উক্ত রোগ উপশম হইতে পারে। উক্ত ব্যাধিতে ইহা অধিক দিন ব্যবহার করা উচিত। ডাঃ ব্লে বেল্ টন্সিলাইটিস্ রোগে ½ ড্রাম গোয়েকাম্ কতক পরিমাণ মিউসিলেজের সহিত প্রত্যেক ৬ ঘণ্টান্তর ব্যবস্থা করিতে অনুমোদন করেন। উক্তরোগে ইহার লোজেঞ্জিস্ (যাহাতে ৩ গ্রেণ রেজিন্ থাকে) ব্যবহার করা যায়।

ল্যাটিন্।	ইংরেজী।
লিথিয়াই গোয়েকাস্।	গোয়েকেট্ অব্ লিথিয়াম্।
Lithii Guaiacas.	Guaiacate of Lithium.

মাত্রা—৫ গ্রেণ, দিবসে দুইবার সেব্য।

ইহাতে ১ গ্রেণ লিথিয়া ও ৩ গ্রেণ গোয়েকাম্ রেজিন্ আছে। ইহা পুরাতন গাউট্ এবং রিউমেটিজ্‌ম্ রোগে ব্যবহৃত হয়।

গোয়েকোল্।

GUAIACOL.

মাত্রা—½—২ মিনিম্।

ইহা গোয়েকাম্ রেজিন্ হইতে প্রাপ্ত হওয়া যায়। ইহা এল্‌কোহল, গ্লিসিরিন্, ইথার ইত্যাদিতে দ্রবণীয়, এবং জলে অল্প দ্রব হয়।

ইহার আস্বাদ ও গন্ধ ক্রিয়োসোটের ন্যায়, কিন্তু তদপেক্ষা অধিক প্রীতিকর। থাইসিস্ রোগে, বিশেষতঃ এই রোগের প্রথমাবস্থায়, ইহা ব্যবহার্য্য।

ইহা নিম্নলিখিতরূপে ব্যবহার করা যায় :—

গোয়েকোল্ ১ ভাগ, জল ১৮০ ভাগ, রেক্টিফাইড্ স্পিরিট্ ২০ ভাগ একত্র মিশ্রিত করিয়া ১ হইতে ৪ ড্রাম মাত্রায় জলের সহিত আহারান্তে ২। ৩ বার ব্যবহার করা যায়। ইহা কডলিভার্ অয়েলের সহিত ব্যবহার করা যাইতে পারে, ইহার সংমিশ্রনে কড্লিভার অয়েলের বিস্বাদ দূরীভূত হয়। ইহা নিম্নলিখিত রূপেও ব্যবস্থা করা যাইতে পারে। গোয়েকোল্ ১৩২ ভাগ, টিংচার অব্ জেন্সিয়েন্ ৩০ ভাগ, রেক্টিফাইড্ স্পিরিট্ ২৫০ ভাগ এবং শেরি মদ মিশাইয়া সর্ব্বসমেত ১০০০ ভাগ প্রস্তুত করিবে ; মাত্রা—২টী স্পুন্, আহারান্তে জলের সহিত প্রতিদিন সেবন করাইবে।

লাটিন্।	ইংরেজী।
সার্পেণ্টারিই রাইজোমা।	সার্পেণ্টারি রাইজোম্।
Serpentariæ Rhizoma.	Serpentary Rhizome.

ইহা, এরিষ্টোলোচিয়া-সার্পেণ্টেরিয়া নামক বৃক্ষের শুষ্ক কন্দ এবং সূক্ষ্ম সূক্ষ্ম মূল।

চূর্ণের মাত্রা—১০—২০ গ্রেণ।

প্রয়োগরূপ—

ইন্ফিউজাম্ সার্পেণ্টেরিই।	ইন্ফিউশন্ অব্ সার্পেণ্টারি।
Infusum Serpentariæ.	Infusion of Serpentary.

মাত্রা—১—২ আউন্স।

টিংচুরা সার্পেণ্টেরিই।	টিংচার্ অব্ সার্পেণ্টারি।
Tinctura Serpentariæ.	Tincture of Serpentary.

মাত্রা—½—২ ড্রাম।

ক্রিয়া—উত্তেজক, বলকারক, ঘর্ম্মকারক এবং মূত্রকারক।

আময়িক প্রয়োগ—এটনিক্ ডিস্পেপ্সিয়া, ক্রনিক্ রিউমেটিজম্, লো ফিবার বা দুর্ব্বলকারক জ্বর ইত্যাদি রোগে ইহা ব্যবহৃত হয়। হাম্ আদি

এক্জেন্থিমেটা রোগে ইরাপ্শন্ সুন্দররূপ বহির্গত হওয়ার জন্য উক্ত ঔষধ ব্যবহার্য্য।

লাটিন্। ইংরেজী।

সাসাফ্রাস্ রেডিক্স্। সাসাফ্রাস্ রুট্।

Sassafras Radix. Sassafras Root.

ইহা সাসাফ্রাস্-অফিসিনেলি নামক বৃক্ষের কর্ত্তিত শুষ্ক মূল।

বায়বী তৈলের মাত্রা—১—৪ মিনিম্।

ক্রিয়া—উত্তেজক, পরিবর্ত্তক এবং ঘর্ম্মকারক।

আময়িক প্রয়োগ—ইহা শুধু ব্যবহার হয়না। সার্সাপ্যারিলার সহিত ব্যবহৃত হয়। ক্রনিক্ রিউমেটিজম্, উপদংশ এবং নানাপ্রকার চর্ম্মরোগে ব্যবহৃত হইয়া থাকে।

লাটিন্। ইংরেজী।

মেজিরিয়াই কর্টেক্স্। মেজিরিয়ন্ বার্ক।

Mezerei Cortex. Mezerion Bark.

ইহা ডাফ্নি-মেজিরিয়াম্ এবং তজ্জাতীয় অন্যান্য বৃক্ষের শুষ্ক বল্কল।

প্রয়োগরূপ—

এক্ষ্ট্রাক্টাম্ মেজিরিয়াই ইথিরিয়াম্। ইথিরিয়েল্ এক্ষ্ট্রাক্ট্ অব্ মেজিরিয়ন্।

Extractum Mezerei Ætherium. Ethereal Extract of Mezerion.

ক্রিয়া—স্থানিক প্রয়োগে প্রবল উত্তেজক এবং কখন কখন ফোস্কা উৎপাদন করে; ইহা অল্পমাত্রায় সেবনে ঘর্ম্মকারক এবং মূত্রকারক; অধিকমাত্রায় ইহা সেবন করিলে ভেদ ও বমন হইয়া থাকে।

আময়িক প্রয়োগ—ক্রনিক্ রিউমেটিজম্, উপদংশ, স্ক্রফিউলা (গণ্ডমালা) এবং অন্যান্য প্রকার চর্ম্মরোগে ব্যবহৃত হয়। সার্সাপ্যারিলার কম্পাউণ্ড ডিকক্শনের আকারে ভিন্ন সচরাচর ইহার আভ্যন্তরিক ব্যবহার হয় না।

কম্পাউণ্ড্ মাষ্টার্ড্ লিনিমেণ্ট্ আকারে সর্ষপের সহযোগে বাহ্যিক উত্তেজক স্বরূপ ব্যবহৃত হইয়া থাকে।

চতুর্দ্দশ অধ্যায়।

প্রথমবিভাগীয় তৃতীয়শ্রেণীস্থ দ্বিতীয় উপশ্রেণী।

ধামনিক অবসাদক।

যে সকল ঔষধদ্বারা হৃৎপিণ্ড এবং রক্তসঞ্চালনযন্ত্রের অন্যান্য অংশের ক্রিয়ার লাঘব হয়, তাহাদিগকে ভ্যাস্‌কিউলার সিডেটিভ্‌স্ বা ধামনিক অবসাদক ঔষধ কহে। এই সকল দুই ভাগে বিভক্ত।

প্রথম ভাগ—যে সকল ঔষধ হৃৎপিণ্ডের উপর বিশেষরূপে ক্রিয়া করে।

(১) ডিজিটেলিস্ (Digitalis.)

(২) গ্রিন্ হেলিবোর্ (Green hellebore.)

(৩) টোব্যাকো (Tobacco.)

(৪) একোনাইট্ (Aconite.)

(৫) কল্‌চিকাম্ (Colchicum.)

(৬) হাইড্রোসিয়ানিক্ এসিড্ (Hydrocyanic acid.)

(৭) কেলেবার্ বিন্ (Calabar bean.)

(৮) ভেরেট্রিন্ (Veratrine.)

দ্বিতীয় ভাগ—যে সকল ঔষধ ক্ষুদ্র ক্ষুদ্র রক্তবাহিকা নাড়ী এবং কৈশিক-মণ্ডলীর উপর ক্রিয়া প্রকাশ করে।

(১) টার্টারেটেড্ এণ্টিমনি (Tartarated antimony.)

(২) অক্সাইড্ অব্ এণ্টিমনি (Oxide of antimony.)

(৩) নাইট্রেট্ অব্ পটাশিয়াম্ (Nitrate of potassium.)

(৪) এসিটেট্ অব্ লেড্ (Acetate of lead.)

(৫) ইপিকাকুয়ানা (Ipecacuanha.)

(৬) আর্গট্ (Ergot.)

(৭) এমাইল্ নাট্রাইট্ (Amyl nitrite.)

(৮) নাইট্রোগ্লিসিরিন্ (Nitroglycerine.)

EFFECTS OF VASCULAR SEDATIVES.

ধামনিক অবসাদক ঔষধ সকলের ক্রিয়া।

ইহাদের মধ্যে কতকগুলি ঔষধ বিশেষরূপে হৃৎপিণ্ডের উপর এবং অন্যান্য কতকগুলি ঔষধ ক্ষুদ্র ক্ষুদ্র রক্তবাহিকানাড়ীর উপর ক্রিয়া প্রকাশ করিয়া থাকে। সুবিধার জন্য ইহাদিগকে দুই ভাগে বিভক্ত করা হইয়াছে। ডিজিটেলিস্, কল্‌চিকাম্, একোনাইট্ ইত্যাদি যে সকল ঔষধ প্রধানতঃ হৃৎপিণ্ডের উপর কার্য্য করে সেই সকল দ্বারা নাড়ী সচরাচর ক্ষণবিলুপ্ত হইয়া থাকে।

USES OF VASCULAR SEDATIVES.

ধামনিক অবসাদক ঔষধ সকলের ব্যবহার।

যখন হৃৎপিণ্ডের ক্রিয়া অনিয়মিত হয় তখন সিডেটিভ্ শ্রেণীস্থ ঔষধ, বিশেষতঃ ডিজিটেলিস্ ব্যবহার্য্য। যদিও ইহা স্নায়ুপথে হৃৎপিণ্ডের ক্রিয়া উত্তেজিত করে বলিয়া বোধ হয়, তথাপি ইহার পরিণাম অবসাদক; কারণ ইহা দ্বারা হৃৎপিণ্ডের ক্রিয়া মৃদু হয় এবং রক্তসঞ্চালন সুচারুরূপে সম্পন্ন হইয়া থাকে। ইহা স্মরণ রাখা উচিত যে, হৃৎপিণ্ডের ক্রিয়া অনিয়মিত হইলে, তন্মধ্য দিয়া রক্ত যাতায়াত করিতে পারেনা। গ্রিন্-হেলিবোর, একোনাইট্, কল্‌চিকম্ প্রভৃতি এই শ্রেণীভুক্ত অন্যান্য ঔষধ সাক্ষাৎ সম্বন্ধে হৃৎপিণ্ডকে অবসন্ন করনার্থ ডাইরেক্ট্ কার্ডিয়েক্ সিডেটিভের ন্যায় কখন কখন ব্যবহৃত হয়।

এণ্টিমনির প্রয়োগরূপ সকল হৃৎপিণ্ড এবং রক্তসঞ্চালন-যন্ত্রকে অবসাদিত করে বলিয়া নানাবিধ যন্ত্রের প্রদাহে রক্তাধিক্য নিবারণার্থ ব্যবহৃত হইয়া থাকে। হাইড্রোসিয়ানিক্ এসিড্ রক্তসঞ্চালন যন্ত্রের উপর কেবল অসাক্ষাৎ ভাবে কার্য্য করিয়া থাকে। ডিস্‌পেপ্‌সিয়া বশতঃ হৃৎপিণ্ডের ক্রিয়াধিক্য হইলে হাইড্রোসিয়ানিক্-এসিড্ দ্বারা উপকার হইয়া থাকে। গাউট্ জনিত

প্রদাহে কম্‌চিকমের বিশেষ (স্পিসিফিক্) ক্ষমতা আছে। ইপিকাকুয়ানা অধিক মাত্রায় ব্যবহার করিলে সাকুলেশন্ বা রক্তসঞ্চালন ক্রিয়ার লাঘব হয়, ইহা এবং এসিটেট্ অব্ লেড্ নানাবিধ রক্তস্রাবে সাদরে ব্যবহার করা যাইতে পারে। আর্গট্ ও উক্ত উদ্দেশ্যে, বিশেষতঃ মেনোরেজিয়া (Menorrhagia) রোগে, ব্যবহৃত হয়।

তৃতীয় ভাগ।

VASCULAR TONICS.

ধামনিক বলকারক।

হৃৎপিণ্ড এবং রক্তসঞ্চালন-যন্ত্রের অন্যান্য অংশ পীড়িত হইয়া দুর্ব্বল হইলে যে সকল ঔষধ তাহাদিগের টোন্ (Tone) অর্থাৎ বল বিধান করে, তাহাদিগকে ভাস্‌কিউলার টনিক্ বা ধামনিক বলকারক ঔষধ কহে।

(১) লৌহের প্রয়োগরূপ সকল (Iron preparations)

(২) ডিজিটেলিস্ (Digitalis)

(৩) এসিড্ এবং এষ্ট্রিঞ্জেন্ট্ রেমেডিজ্ (Acid and astringent remedies)

(৪) নার্ভাইন্ টনিক্‌স্ (Nervine tonics)

(৫) ষ্টমাকিক্ টনিক্‌স্ (Stomachic tonics)

(৬) ব্লাড্ টনিক্‌স্ (Blood tonics)

EFFECTS OF VASCULAR TONICS.

ধামনিক বলকারক ঔষধ সকলের ক্রিয়া।

ইহাদিগদ্বারা শরীরের পোষণ ক্রিয়ারউন্নতি হয় বলিয়া হৃৎপিণ্ডের সবলতা এবং রক্তবাহিকা নাড়ীর বল সাধিত হইয়া থাকে। লৌহঘটিত ঔষধও মিনারেল্ এসিড্‌স্ বা ধাতবাম্ল হৃৎপিণ্ডের দুর্ব্বলতাতে সচরাচর ব্যবহৃত হয়।

USES OF VASCULAR TONIC.

ধামনিক বলকারক ঔষধের ব্যবহার।

হৃৎপিণ্ডের দুর্ব্বলতার সহিত যখন ভেণ্ট্রিকল্‌স্ (Ventricles) প্রসারিত থাকে তখন ডিজিটেলিস্ অতিউৎকৃষ্ট ফলপ্রদ, বিশেষতঃ যখন লৌহঘটিত ঔষধের সহিত ব্যবস্থা করা যায় তখন আরও অধিক ফলদায়ক হয়।

লাটিন্।	ইংরেজী।
ডিজিটেলিস্ ফোলিয়া।	ফক্স্‌গ্লোভ্‌লিভ্‌স্।
Digitalis Folia.	Foxglove Leaves.

ডিজিটেলিস্-পার্পিউরিয়া নামক বৃক্ষের শুষ্কপত্র।

চূর্ণের মাত্রা—½—১½ গ্রেণ।

প্রয়োগরূপ—

ইন্‌ফিউজম্ ডিজিটেলিস্।	ইন্‌ফিউশন্ অব্ ফক্স্‌গ্লোভ্।
Infusum Digitalis.	Infusion of Foxglove.

মাত্রা—২—৪ ড্রাম।

টিংচ্যুরা ডিজিটেলিস্।	টিংচার্ অব্ ফক্স্ গ্লোভ্।
Tinctura Digitalis.	Tincture of Foxglove.

মাত্রা—৫—৩০ মিনিম্।

POISONOUS EFFECTS.

বিষময় ফল।

ডিজিটেলিস্ (Digitalis) দ্বারা প্রথমতঃ হৃৎপিণ্ড সঙ্কুচিত (Tetanised) তদনন্তর ইহার গতি দ্রুত এবং অনিয়মিত হয়, অবশেষে উহার ক্রিয়া বন্ধ হইয়া মৃত্যু ঘটে। ইহাতে মুখমণ্ডল মলিন, কণীনিকা প্রসারিত, ভেদ এবং বমন হয় এবং সচরাচর সিন্‌কোপ্‌দ্বারা মৃত্যু ঘটিয়া থাকে।

Antidotes.

বিষঘ্ন।

পাকাশয় শূন্য করিয়া ট্যানিন্ ব্যবহার করিবে। ষ্টিমিউল্যাণ্ট্ বা উত্তেজক ঔষধ প্রয়োগ করিবে। রোগীকে বসাইবেনা, চিৎভাবে শয়ন করাইয়া রাখিবে।

কারণ হঠাৎ বসাইলে অকস্মাৎ মৃত্যু হইতে পারে। একোনাইট্ এবং এট্রোপিন্ ইহার ফিজিওলজিক্যাল্ এণ্টিডোট্ বা বিষঘ্ন। কিন্তু ইহাদের উপকারিতার বিশেষ কোন প্রমাণ নাই।

LOCAL ACTION.

স্থানিক ক্রিয়া।

ফিজিওলজিক্যাল্ ক্রিয়া—

ডিজিটেলিস্ স্থানিক ব্যবহারে অবসাদকের ন্যায় ক্রিয়া প্রকাশ করে। এবং ইহা যে চর্ম্মদ্বারা আচোষিত হয় তাহার কোন সন্দেহ নাই।

থিরাপিউটিক্যাল্ ব্যবহার—

সন্ধির প্রদাহে ডিজিটেলিস্ স্থানিক অবসাদক বলিয়া ব্যবহৃত হইয়া থাকে।

যখন অন্য কোন ঔষধ দ্বারা প্রস্রাব না হয় তখন ইহার উগ্র ইন্‌ফিউশনে স্পঞ্জিও-পিলিন্ (Spongio-piline) সিক্ত করিয়া পাদদেশে প্রয়োগ করিলে প্রস্রাব হইয়া থাকে।

CONSTITUTIONAL ACTION.

সার্ব্বাঙ্গিক ক্রিয়া।

ফিজিওলজিক্যাল ক্রিয়া—

(১) মস্তিষ্ক-মণ্ডলী ও কশেরুকামজ্জার উপর—মস্তিষ্কের উপর ইহার কোন সাক্ষাৎ ক্রিয়া নাই, কিন্তু ইহার বলকারক ক্রিয়া আছে বলিয়া স্পাইন্যাল্-কর্ডের প্রত্যাবর্ত্তন-ক্রিয়ার কিয়ৎপরিমাণে লাঘবকরে। সম্ভবতঃ ইহাদ্বারা ভ্যাসোমোটর (Vaso motor system) এবং নিউমোগ্যাষ্ট্রিক্ (Pneumogastric) স্নায়ুর কোনঅংশ উত্তেজিত হয়।

জন্তুদিগকে অধিক মাত্রায় ডিজি-

থিরাপিউটিক্যাল্ ব্যবহার—

যদিও মস্তিষ্কের উপর ডিজিটেলিসের কোন সাক্ষাৎ ক্রিয়া নাই তথাপি ইহা ভ্যাস্‌কিউলার্ সিষ্টামের (Vascular system) বা রক্তসঞ্চালন-যন্ত্রের পরিবর্ত্তন করে বলিয়া মস্তিষ্কের ক্রিয়া কথঞ্চিৎ পরিবর্ত্তিত হইয়া থাকে, এরূপ অনুমান করা যুক্তিযুক্ত এবং তজ্জন্যই বোধহয় ডিজিটেলিস্ ডিলিরিয়াম্-ট্রিমেন্স্ রোগে (Delirium tremens) ব্যবহৃত হয়। মিঃ জোন্স্ (Mr. Jones)

টেলিস্ প্রদান করিলে সেন্সরি এবং মোটার্ সিষ্টেম্ আক্রান্ত হইয়া সুষুপ্তি (Coma), পৈশিক দুর্ব্বলতা, চলচ্ছক্তি রাহিতা, পশ্চাৎ পদের পক্ষাঘাত ইত্যাদি ঘটিয়া থাকে, অল্প মাত্রায় উহা মনুষ্যকে প্রদান করিলে শিরঃপীড়া, শিরোঘূর্ণন (Tinitus aurium) বা কানে অলীক শব্দ, দৃষ্টির ব্যতিক্রম, ক্লান্তি, অবসন্নতা এবং কোন কোন অবস্থায় নেশার ন্যায় প্রলাপ কিম্বা একিউট্ মেনিয়া অর্থাৎ তরুণ উন্মাদের ন্যায় হইয়া থাকে, ইহা ক্বচিৎ নিদ্রাজনক ক্রিয়া করে।

বলেন যে উক্তরোগে অর্দ্ধ আউন্স্ টিংচার্ অব্ ডিজিটেলিস্ ব্যবহার করিলে ডিলিরিয়ামের (Delirium) ন্যূনতা, জ্বরের লাঘব এবং নিদ্রা হইয়া থাকে। কিন্তু এইরূপ চিকিৎসা সুবিধাজনক নহে, কারণ ইহাদ্বারা হঠাৎ মৃত্যু ঘটিতে পারে।

(২) হৃৎপিণ্ড এবং রক্তসঞ্চালনের উপর—ডিজেটিলিস্ হৃৎপিণ্ডের বল বিধান করিয়া উহাকে মৃদুগতি-বিশিষ্ট, এবং বলবান্ করিয়া থাকে। ইহাতে উহার সিষ্টোল্ (Systole) বা সঙ্কোচন অধিকক্ষণ ব্যাপিয়া হইয়া থাকে, এই জন্য ক্লান্ত হৃৎপিণ্ডকে যে ইহা কেবল বিশ্রাম দানকরে তাহা নহে কিন্তু উহা দ্বারা হৃৎপিণ্ডের পরিপোষণ ক্রিয়ার সহায়তা হইয়া থাকে, কারণ উহার ডায়াষ্টোল্ বা অধিককাল ব্যাপী বিস্তারণ হওয়া প্রযুক্ত করোনারি আর্টরি (Coronary Artery) হৃৎপিণ্ডে যথোপযুক্ত রক্ত প্রদান করিয়া মাংসপেশীর পরিপোষণের সহায়তা করে। হৃৎপিণ্ডের মাংসপেশীর গঠনের উপর ইহার সাক্ষাৎ ক্রিয়া দ্বারা কিয়ৎ-

ডিজিটেলিস্ হার্টের ক্রিয়াকে মন্দগামী ও তাহার বলবিধান করে বলিয়া উহা সচরাচর নানাবিধ হৃৎপিণ্ডের পীড়াতে (Cardiac tonic) স্বরূপ ব্যবহৃত হয়।

(১) যান্ত্রিক পীড়া অথবা অন্য কোন কারণ বশতঃ হৃৎপিণ্ডের প্যাল্পিটেশন্ এবং অনিয়মিত ক্রিয়া হইলেই Digitalis ব্যবহার্য্য। বিশেষতঃ যখন নাড়ী ক্ষণবিলুপ্ত হইয়া থাকে তখন ইহা ব্যবহার-যোগ্য।

(২) মাইট্র্যাল্-ডিজিজে যখন হৃৎপিণ্ড দুর্ব্বল ও রক্ত পরিচালনে অক্ষম হওয়াতে মুখ নীলবর্ণ এবং উদরী হইবার উপক্রম ও ফুস্ফুসে রক্তাধিক্য বশতঃ হৃৎপিণ্ডের দক্ষিণ পার্শ্ব রক্তে পরিপূরিত হয়, তখন মধ্যবিৎমাত্রায়

পরিমাণে উক্ত কার্য্য নির্ব্বাহিত হয়, এবং ভেগাস্-স্নায়ুর কার্ডিয়্যাক্ ইন্‌হিবিটোরি (Cardiac Inhibitory) শাখাকে উত্তেজিত করিয়া সিম্প্যাথেটিক্ স্নায়ু দ্বারা যে উক্ত যন্ত্রের দ্রুত ক্রিয়া হয় তাহা দমন করে। কিন্তু অধিক দিন (Digitalis) ব্যবহার করিলে নিউমোগ্যাষ্ট্রিক্ স্নায়ু অতিরিক্ত উত্তেজিত হইয়া অবসন্ন হয়, তখন পুনরায় হৃৎপিণ্ড সিম্প্যাথেটিক্ স্নায়ুর একাধিপত্যে আসে এবং তাহার গতি পুনরায় দ্রুত, এবং দুর্ব্বল হইয়া থাকে।

ইহার বলকারক ক্রিয়া থাকা প্রযুক্ত ধামনিক চাপ বর্দ্ধিত হয়। বোধ হয় সিম্প্যাথেটিক্ কেন্দ্র হইতে যে সকল স্নায়ু ক্ষুদ্র ক্ষুদ্র নাড়ীতে পর্য্যবসিত হইয়াছে উক্ত কেন্দ্র সহ তাহাদের উত্তেজনা বশতঃ উক্ত ক্রিয়া সম্পাদিত হইয়া থাকে, তৎকালে হৃৎপিণ্ড প্রবলরূপে কার্য্য করে বলিয়া উহার বিশেষ সুবিধা হয়।

লৌহ ঘটিত ঔষধের সহিত ডিজিটেলিস্ ব্যবস্থা করিলে বিশেষ উপকার হইয়া থাকে।

ডিজিটেলিসের আর্টিরিয়োল্‌স্ (Arterioles) বা ক্ষুদ্র ক্ষুদ্র ধমনী দিগকে সঙ্কোচিত করার ক্ষমতা আছে বলিয়া নানাপ্রকার রক্তস্রাবে যেমন হিমপ্‌টিসিস্ (Hœmoptysis), মেনোরেজিয়া (Menorrhagia) রোগে ব্যবহৃত হইলে সুফল লাভ হয়, কিন্তু উক্ত ব্যাধিদ্বয়ে ইহাদ্বারা আর্গটের সমান উপকার হয় না।

(৩) Dilatation of the heart বা হৃৎপিণ্ডের প্রসারণ রোগে যখন উক্তযন্ত্র দুর্ব্বল ও অনিয়মিত হওয়া প্রযুক্ত মাইট্র্যাল্ এবং ট্রাইকস্‌পিড্-ভ্যালভস্ সুন্দররূপে বন্ধ হইতে পারে না বলিয়া শ্বাসকৃচ্ছ্র এবং প্যাল্‌পিটেশন্ (হৃৎকম্প) হইয়া থাকে, এবং কর্ণকৃত পরীক্ষাদ্বারা হুহু শব্দ (*Bruits*) শুনা যায় ; তখন ইহা ব্যবহার্য্য।

(৪) এয়োর্টিক্ ডিজিজে (Aortic disease) যে পর্য্যন্ত হার্টের কম্পেন্সেটরি হাইপারট্রফি (Compensatory Hypertrophy) বা ক্ষতিপূরক বিবৃদ্ধি সংঘটিত না হয়, সেই পর্য্যন্ত ইহা ব্যবহার করা উচিত। সংক্ষেপতঃ

যখন হৃদ্‌পিণ্ডের ক্রিয়া দুর্ব্বল এবং অনিয়মিত হয় তখন ডিজিটেলেস্‌ ব্যবহার করা বিধেয়। হৃৎপিণ্ডের মেদাপকৃষ্টতাতে ইহা অব্যবহার্য্য।

(৫) ডাঃ রিঙ্গার (Dr. Ringer) বলেন যে, হৃৎপিণ্ডের বিবৃদ্ধি বশতঃ হৃদ্‌কম্প (Palpitation) হইলে ইহা ব্যবহারে উপশমিত হইয়া থাকে।

(৬) এনিউরিজ্‌ম্‌ (Aneurysm) বা নাড়ীস্ফীতি রোগে ইহা উৎকৃষ্ট ঔষধ, নাড়ীর স্পন্দন মিনিটে ৪৫ বার না হওয়া পর্য্যন্ত ডিজিটেলিস্‌ ব্যবহার করিতে পারা যায়।

(৭) ব্রঙ্কাইটিস্‌ (Bronchitis) রোগের সহিত হৃৎপিণ্ডের দক্ষিণ দিক্‌ দুর্ব্বল এবং বিস্তৃত থাকিলে, ডিজিটেলিস্‌ ব্যবহার্য্য। কারণ ইহা হৃৎপিণ্ডের বলবিধান করিয়া ফুস্‌ফুসের মধ্যে রক্ত সঞ্চালনের সুবিধা করে। টেম্পেরেচার্‌ বা উত্তাপের লাঘব জন্য এদেশে ইহা কদাচিৎ ব্যবহার হয়।

রক্তসঞ্চালন এবং উত্তাপের উপর—

(১) রেসপিরেশন্‌ বা শ্বাস-প্রশ্বাসের উপর ইহার কোন ক্রিয়া নাই। যদিও ডিজিটেলিস্‌ সুস্থ শরীরে শারীরিক উত্তাপ নিবারিত করে না, তথাপি জ্বরীয় অবস্থাতে ইহা দ্বারা উত্তাপের লাঘব হইয়া থাকে। এজন্য ইহার উত্তাপহারক গুণ আছে।

(৪) পরিপাক ও স্রাবক যন্ত্রের উপর—

(ক) পাকাশয় এবং অন্ত্রের উপর—ইহার তিক্ত আস্বাদ আছে বলিয়া উহাদের উপর ইহার বলকারক গুণের উপলব্ধি হইয়া থাকে। কিন্তু ইহাদ্বারা বমন হয় বলিয়া ক্ষুধা বৃদ্ধি না হইয়া পরিপাকের ব্যতিক্রম ঘটিয়া থাকে। অন্ত্রের উপর ইহার কোন বিশেষ ক্রিয়া নাই, কিন্তু ইহাদ্বারা বিষ-ক্রিয়ার শেষ অবস্থায় উদরাময় হইতে পারে।

(খ) মূত্রযন্ত্রের উপর—ডিজিটেলিস্ কোন কোন অবস্থায় প্রস্রাব বৃদ্ধি করে কিন্তু উহার ঘন উপাদানের কোন পরিবর্ত্তন হয় না। ইহা ক্ষুদ্র ক্ষুদ্র ধমনীদিগকে সঙ্কোচিত করিয়া কিড্‌নিস্থিত গ্লমেরিউলি (Glomeruli) দিগের মধ্যে রক্ত-চাপ বর্দ্ধিত এবং হৃৎপিণ্ডের বলবিধান করিয়া কিড্‌নির রক্ত সঞ্চালন ক্রিয়াব উন্নতি হওয়াতে কার্য্যকারী হইয়া থাকে। এজন্য ইহাকে ভ্যাসোমোটার ডায়ুরেটিক্ কহে।

(৫) Uterus বা জরায়ুরউপর—ডিজিটেলিসের ম্যানষ্ট্রাইপ্ট্ বা অচিহ্নিত মাংসপেশী সূত্রদের উপর ক্রিয়া থাকা প্রযুক্ত জরায়ুকে উত্তেজিত করিয়া সঙ্কোচিত করে।

ডিজিটেলিস্ অতি উৎকৃষ্ট ডায়ুরেটিক্, বিশেষতঃ কার্ডিয়্যাক্ এবং তরুণ রিন্যাল ড্রপসিতে, স্কুইল এবং মার্কুরীর সহিত ব্যবহার করিলে বিশেষ উপকার হয়। পূর্ব্বোল্লিখিত গাইজ্-পিল্ (Guy's pill) ইহার উদাহরণ স্বরূপ। পুরাতন ব্রাইট্‌স্-ডিজিজে ধমনীর চাপ বৃদ্ধি থাকে বলিয়া ডিজিটেলিস্ ব্যবহার দ্বারা কোন উপকার হয় না।

(৫) জরায়ুর সঙ্কোচন এবং মেনোরেজিয়া (Menorrhagia) রোগে রক্তস্রাব বন্ধকরিবার জন্য Digitalis ব্যবহৃত হয়। জরায়ুর ক্রিয়া বন্ধ হওয়া প্রযুক্ত এমিনোরিয়া (Amenorrhœa) রোগ হইলে ডিজিটেলিস্ ব্যবহারে ঋতু-ক্রিয়া পুনঃস্থাপিত হইয়া থাকে।

ব্যবহার প্রণালী।

ডিজেটেলিস্ ব্যবস্থা করার সময় ইহা কতক দিবস বন্ধ করিবে। কারণ ইহার সঞ্চিত (Accumulation) হওয়ার গুণ থাকা প্রযুক্ত হঠাৎ বিষাক্ততার লক্ষণ প্রকাশিত হয়। ব্যবহার কালে সর্ব্বদা মূত্র পরীক্ষা করিবে। এবং কিড্‌নির ক্রিয়া সুন্দররূপে হইতেছে কিনা তাহা দেখিবে। কিড্‌নির ধমনী সকল ইহাদ্বারা সঙ্কোচিত হয় বলিয়া ইহা শরীরে সঞ্চিত হইবার সম্ভাবনা।

হার্টের দুর্ব্বলতার সহিত অল্প প্রস্রাব হইলে নিম্নলিখিত ব্যবস্থাপত্র উত্তম।

℞

Tinct. digitalis	m.x
Spt. Æther nitrosi	ʒss
Inf. Buchu	℥i

M. ft S. দিবসে ৩ বার দিবে। হৃৎপিণ্ডের দুর্ব্বলতা এবং প্রসারে অল্পতা থাকিলে ইহা ব্যবহার্য্য।

CARDIAC TONIC MIXTURE.

℞

Tinct. Ferri Perchloridi	m.xv
Glycerini	ʒi
Infusi digitalis	ʒii
Syrupi Limonis	℥ii
Infusi Calumbæ	ad ℥i

M. ft. S. দিবসে ৩ বার দিবে। উহার সহিত ফস্‌ফরিক্ এসিড যোগ করিলে ট্যানেট্ অব্ আয়রন্ প্রস্তুত হইয়া অধঃস্থ হইতে পারে না। ইহা কর্ডিয়েক-টনিক্।

℞

Pulv. Digitalis	gr. xxx
Ferri sulph. Exsic.	gr. xv
Pulv. Capsici	gr. xl
Pil Aloes et Myrrhæ	℥i

M. ft. 60 pills ; one pill to be taken twice.

ইহা হৃৎপিণ্ডের দুর্ব্বলতার সহিত আমাশয়ের ক্যাটার্ এবং কোষ্ঠবদ্ধ থাকিলে ব্যবহার্য্য।

ডাক্তার মার্চিসন্ বলেন গাইজ্ বা বেলিজ্ পিলের সহিত নিম্নলিখিত মিক্শ্চার নানাপ্রকার ড্রপ্ সিতে ব্যবহার্য্য।

℞

Potassii Acetas	℥iss
Spt. Ætheris Nitrosi	℥ii
Decocti Scoparii	℥vi

M. ft. Mixture, dose ℥i every 4 hours.

ডাক্তার মার্চিসন্ লিভারের পীড়াজনিত উদরী রোগে উক্তরূপ চিকিৎসা করিতে পরামর্শ দেন, কিন্তু কার্ডিয়াক্ ড্রপ্‌সিতে ইহা তুল্যরূপে ফলপ্রদ।

কলেরাতে প্রস্রাব বন্ধ হইলে ডাক্তার ই, গুডিভ্ (Dr. E. Goodive) নিম্নলিখিত ব্যবস্থা দিতে আদেশ দেন।

℞

Tinct. digitalis	m.v—x
Spt. ether. nit.	m.xxx
Liquor Ammon. Acet.	m.lx
Aqua ad	℥i

M. ft. S. প্রতি ঘণ্টান্তর ব্যবস্থা করিবে।

ইহার সহিত যথেষ্ট পরিমাণে ডিলিউয়েণ্ট্ (যথা সোডাওয়াটার্, লেমনেড্ ও লিন্‌সিড্‌টি ইত্যাদি) দেওয়া যায়।

ল্যাটিন্।	ইংরেজী।
(১) কল্‌চিসাই করমাস্।	কল্‌চিকাম্ করম্।
Colchici Cormus.	Colchicum Corm.

কল্‌চিকাম্-অটাম্‌নেলি নামক বৃক্ষের টাট্‌কা কন্দ।

প্রয়োগরূপ—

এক্‌ষ্ট্রাক্টাম্ কল্‌চিসাই।	এক্‌ষ্ট্রাক্ট্ অব্ কল্‌চিকাম্।
Extractum Colchici.	Extract of Colchicum.
মাত্রা—½—২ গ্রেণ।	
এক্‌ষ্ট্রাক্টাম্ কল্‌চিসাই এসিটিকাম্।	এসিটিক্ এক্‌ষ্ট্রাক্ট্ অব্ কল্‌চিকাম্।
Extractum Colchici Aceticum.	Acetic Extract of Colchicum
মাত্রা—½—২ গ্রেণ।	
ভাইনাম্ কল্‌চিসাই।	ওয়াইন্ অব্ কল্‌চিকাম্।
Vinum Colchici.	Wine of Colchicum.
মাত্রা—১০—৩০ মিনিম্।	
(২) কল্‌চিসাই সেমিনা।	কল চিকাম্ সিড্‌স্।
Colchici Semina.	Colchicum Seeds

কল্‌চিকাম্‌-অটাম্‌নেলি নামক বৃক্ষের বীজ।

প্রয়োগরূপ—

টিংচ্যুরা কল্‌চিসাই সেমিনাম্‌। টিংচার্‌ অব্‌ কল্‌চিকাম্‌ সিড্‌স্‌।
Tinctura Colchici Seminum. Tincture of Colchicum Seeds.

মাত্রা—১০—৩০ মিনিম্‌।

ক্রিয়া ও ব্যবহার—ইহা ঔষধ মাত্রাতে ব্যবহার করিলে কোন কোন প্রকার স্রাবক যন্ত্রের ক্রিয়া বর্দ্ধিত, পিত্ত প্রচুর পরিমাণে বহির্গত, মল অধিক পরিমাণে বর্ণযুক্ত এবং কখন কখন প্রস্রাব বৃদ্ধি হইয়া থাকে। কথিত আছে যে ইহাদ্বারা ইউরিয়া এবং ইউরিক্‌ এসিড্‌ ও বৃদ্ধি হইয়া থাকে। চর্ম্মের ক্রিয়া বৃদ্ধি পায়, হৃৎপিণ্ডের ক্রিয়া অবসন্ন এবং কোন কোন অবস্থায় নাড়ী ক্ষণবিলুপ্ত হয়। অধিক মাত্রায় ব্যবহার করিলে বমন এবং ভেদ হইয়া রোগী দুর্ব্বল হইয়া পড়ে।

অল্প মাত্রায় পিত্তনিঃসারক, ঘর্ম্মকারক, মূত্রকারক, বেদনানিবারক এবং অবসাদক, অধিক মাত্রায় বিরেচক এবং বমনকারক।

গাউট্‌ (Gout) পীড়াতে রোগী যখন প্রদাহ এবং বেদনা জন্য অত্যন্ত কষ্টভোগ করে তখন কল্‌চিকাম্‌ দ্বারা ঐ সকল উপদ্রব উপশমিত হয়। ইহাকে গাউটের স্পিসিফিক্‌ ঔষধ বলা যাইতে পারে। নানাপ্রকার গাউট্‌ (Gout) পীড়াতে ইহা বহুল পরিমাণে ব্যবহৃত হইয়া থাকে।

একিউট্‌ রিউমেটিজ্‌ম্‌ (Acute Rheumatism) এবং অন্য অন্য প্রকার প্রাদাহিক পীড়াতে ইহাদ্বারা উপকার হয়। ইহাতে ইহার স্পিফিসিক্‌ ক্রিয়া নাই।

কল্‌চিকামের পিত্তনিঃসারক গুণ থাকা প্রযুক্ত লিভারের ক্রিয়া ভাল না থাকিলে ইহা নানাবিধ বিরেচক ঔষধ সহিত ব্যবহার করা যায়। যথা—

℞
Extracti Colchici Acetici gr.x
Pulveris Digitalis
Extracti Colocynthidis Co. *aa* ℈i
M. ft. pil xx. one pill twice a day.

কল্‌চিকাম্‌ কখন কখন ড্রপ্‌সি এবং চর্ম্ম রোগে ব্যবহৃত হয়।

নানাবিধ গাউট্ পীড়াতে নিম্নলিখিত ব্যবস্থা দুইটী উপকারী।

℞

Tincturæ Colchici Seminis	m.xv
Magnesii Carbonatis	gr.vi
Magnesii Sulphatis	gr.xxx
Aquæ Menthæ Piperitæ ad	℥i

M. ft. one dose দিবসে ৩ বার সেব্য।

℞

Potassii Iodidi	℈i
Ammonii Carbonatis	℈i
Vini Colchici	ʒi
Tincturæ Scillæ	ʒii
Tincturæ Hyoscyami	ʒii
Aquæ Camphoræ ad	℥iii

M. ft. S. অর্দ্ধ আউন্স্ মাত্রায় দিবসে ৩ বার সেব্য। গাউটি ব্রঙ্কাইটিসে ব্যবহার করিলে উপকার হয়।

ইহার বীর্য্য কল্‌চিসিন্ (Colchicin) $\frac{1}{60}$ গ্রেণ মাত্রায় ১৫ মিনিম্ জলের সহিত (Chronic Rheumatism) এবং (Gout) রোগে ত্বগন্তর্গত পীচকারি দ্বারা ব্যবস্থা করা যাইতে পারে। এবং কোন জয়েণ্টের নিউর‍্যাল্‌জিয়া হইলে ইহা $\frac{1}{40}$ গ্রেণ মাত্রায় উপরোক্ত প্রকারে ব্যবহার করিলে উপকার হইয়া থাকে।

মাত্রা—$\frac{1}{60}$—$\frac{1}{30}$ গ্রেণ, বটিকার আকারে।

ল্যাটিন্।	ইংরেজী।
ট্যাবেসাই ফোলিয়া।	লীফ্ টোব্যাকো।
Tabaci Folia.	Leaf Tobacco.

নিকোশিয়ানা-টেবাকাম্ নামক বৃক্ষের শুষ্কপত্র।

ইহার বিষাক্ত গুণ থাকায় ঔষধ রূপে ইহার ব্যবহার অতি বিরল, কিন্তু ইহা সচরাচর লোকে ব্যবহার করে বলিয়া ইহার ফিজিওলজিকেল্ ক্রিয়া জানা আবশ্যক।

ইহার উপক্ষারের নাম নিকোটাইন্ (Nicotine), ইহা বর্ণবিহীন উদ্বায়ী তরল পদার্থ; মাত্রা—১/৬—১ গ্রেণ। ইহা ষ্ট্রিক্নাইনের বিষয়।

LOCAL ACTION.

স্থানিকক্রিয়া।

ফিজিওলজিক্যাল্ ক্রিয়া—

ইহা চর্ম্মদ্বারা শীঘ্র শোষিত হয় বলিয়া ইহার উগ্র ইন্‌ফিউশন্ অক্ষুন্ন চর্ম্মে প্রয়োগ করিলে শোষিত হইয়া বিষাক্ত লক্ষণ প্রকাশ করে।

থিরাপিউটিক্যাল্ ব্যবহার—

ইহা বাহ্যিক প্ররাইগো (Prurigo) এবং অন্যান্য চর্ম্মরোগে ব্যবহৃত হইয়া থাকে। কিন্তু ইহা সহজে শোষিত হয় বলিয়া সচরাচর ব্যবহৃত হয় না।

INTERNAL ACTION.

আভ্যন্তরিক ক্রিয়া।

মস্তিষ্ক ও স্নায়ুমণ্ডলীর উপর—ইহা দ্বারা মস্তিষ্ক আক্রান্ত হয় না, কিন্তু স্পাইন্যাল্-কর্ড্ আক্রান্ত হওয়া প্রযুক্ত মাংসপেশীর শৈথিল্যাবস্থা এবং পক্ষাঘাত হইয়া থাকে।

ইহাতে সেন্সরি-নার্ভ্ আক্রান্ত হয় না, কিন্তু মোটার্-নার্ভের ক্রিয়ার ন্যূনতা হয় এবং কনীনিকা সংকোচিত হইয়া থাকে। ইহা ব্যবহারে দর্শন শক্তির ব্যাঘাত হয়; অপটিক্ স্নায়ুর এট্রফি হইয়া সম্পূর্ণ অন্ধতা হইয়া থাকে। যাহারা তামাক সেবন করে তাহাদের মধ্যে সচরাচর Amblyopia এবং Colour-blindness অর্থাৎ রঙ্গ

ক্লোরোফরম্ আবিষ্কার হওয়ার পূর্ব্বে ইহা এনিমা আকারে মাংসপেশীমণ্ডলীকে শিথিল করিবার জন্য, ষ্ট্রাংগিউলেটেড্-হার্নিয়া (Strangulated-hernia) এবং ডিস্‌লোকেশন্ (Dislocation) রিডিউস করিতে ব্যবহার হইত। কিন্তু ইহার বিষাক্ত ক্রিয়ার জন্য আজকাল ইহা ব্যবহৃত হয় না।

স্পাইন্যাল্-কর্ডের প্রত্যাবর্ত্তন-ক্রিয়ার (Reflex action) ন্যূনতা হয় বলিয়া টেটেনাসে (Tetanus) ব্যবহার করিতে কেহ কেহ আদেশ দেন।

চেষ্টার ক্ষমতা নষ্ট হইতে দেখা গিয়া থাকে।

ট্রিকনিয়ার দ্বারা বিষাক্ততায় কেহ কেহ ইহা বিষঘ্ন স্বরূপ ব্যবহার করিতে বলেন। উক্ত উদ্দেশ্যে উহার বীর্য্য নিকোটাইন্ (Nicotine) ব্যবহার্য্য।

(২) রক্তসঞ্চালন এবং শ্বাস-প্রশ্বাসের উপর—ইহাদের উপর টোব্যাকোর (Tobacco) অবসাদক ক্রিয়া আছে বলিয়া হৃৎপিণ্ড সচরাচর উত্তেজিত থাকে। ইহা দ্বারা বিষাক্ত হইলে টেম্পারেচার্ সচরাচর কম হয় এবং শ্বাসপ্রশ্বাস-কেন্দ্রের পক্ষাঘাত হইয়া মৃত্যু ঘটে।

(২) ইহার ধূমপান দ্বারা এজ্‌মা (Asthma) এবং ক্রনিক্ ব্রঙ্কাইটিস্ রোগ (Chronic Bronchitis), উপশমিত হয়।

(৩) পরিপাক এবং স্রাবক যন্ত্রের উপর—ইহাদ্বারা সচরাচর বিবমিষা এবং বমন হয়। কিন্তু অভ্যাস হইলে তত উপসর্গ ঘটে না, ইহার অল্প বিরেচক ক্রিয়া আছে। যাহারা সর্ব্বদা ইহার ধূম পান করে তাহাদের মধ্যে কথনো কথনো ক্ষুধামান্দ্য, জিহ্বার কাটাযুক্ত অবস্থা, ফেরিংসের উত্তেজনা ইত্যাদি ডিস্‌পেপ্‌সিয়ার লক্ষণ হয়।

(৩) মধ্যবিৎ মাত্রায় ইহার ধূমপান করিলে মৃদু বিরেচকের ন্যায় ক্রিয়া করিয়া পরিপাকের সাহায্য করিয়া থাকে।

নাইট্রাইট্ অব্ সোডিয়াম্।

NITRITE OF SODIUM.

মাত্রা—২—৫ গ্রেণ। ইহা ট্যাব্‌লেট্ আকারে ব্যবহার করা যাইতে পারে।

ইহার ক্রিয়া নাইট্রোগ্লিসিরিন্ ও নাইট্রাইট্ অব্ এ্যামাইলের ন্যায়। এ্যাঞ্জাইনা-পেক্টোরিস্ রোগে ইহা ব্যবহার্য্য, কিন্তু নাইট্রোগ্লিসিরিন্ কিম্বা

নাইট্রাইট্ অব্ এ্যামাইল্ অপেক্ষা নিকৃষ্ট। উক্তরোগে ১ গ্রেণ মাত্রায় দিনে কয়েক বার দিলে যথেষ্ট হয়। এপিলেপ্সি রোগে ইহা ১ গ্রেণ মাত্রায় দিবসে ৩ বার ব্যবহার করিলে ইহার আক্রমণ (Fits) কমিয়া থাকে। নার্ভাস্ ও ব্রঙ্কিয়্যাল্এ্যাজ্মারোগে ৩—৫ গ্রেণ মাত্রায় হাইয়োসায়েমাসের সহিত ব্যবস্থা করিলে বিশেষ উপকার হয়। ইহা মাইগ্রেইন্ রোগে ব্যবহারে উপকার হইয়া থাকে। নাইট্রাট্ অব্ এ্যামাইলের ন্যায় এগিউ বা কম্পজ্বরের কোল্ড্-ষ্টেজ্ বন্ধ করিয়া থাকে।

ল্যাটিন্।	ইংরেজী।
এ্যামাইল্ নাইট্রিস্।	নাইট্রাইট্ অব্ এ্যামাইল্।
Amyl Nitris.	Nitmite of Amyl.

মাত্রা—২—৫ মিনিম লইয়া সাবধানে ইহার বাষ্প আঘ্রাণ, কিম্বা ½ হইতে ১ মিনিম পর্য্যন্ত, শোধিত সুরার সহিত মিশ্রিত করিয়া সেবন করান যাইতে পারে।

Glycerine Mixture :—

Nitrite of Amyl		৩৬ মিনিম্।
Alcohol		৬ ড্রাম
Glycerine	ad	১½আউন্স্।

M. ft. dose—One teaspoonful in warm water, taken slowly.

ক্রিয়া ও ব্যবহার।

নাইট্রাইট্ অব্ এ্যামাইল্ সেবনে অথবা ইহার বাষ্প আঘ্রাণ করিলে অথবা ইহার ত্বগন্তর্গত-পিচকারী দিলে ৩০ হইতে ৪০ সেকেণ্ডের মধ্যে মুখমণ্ডল আরক্তিম এবং গলদেশ, মুখমণ্ডল এবং কপালে ঘর্ম্ম,ও তাহা উষ্ণ হয়, কখন কখন ঐ ঘর্ম্ম ও উষ্ণতা সমস্ত শরীরে ব্যাপৃত হইয়া থাকে। হস্ত এবং পদ অত্যন্ত শীতল, নাড়ী চঞ্চল, হৃৎপিণ্ড এবং ক্যারটিড্ আর্টরির স্পন্দন এবং মস্তক ভারী বোধ হয়। কখন কখন অল্প কাশী ও শ্বাসকৃচ্ছ্র হইয়া থাকে। কখন কখন ইহাদ্বারা শিরোঘূর্ণন ও মনের গোলযোগ ঘটে। কোন জন্তুদেহে অধিক মাত্রায় ব্যবহার করিলে নিশ্বাসপ্রশ্বাস চঞ্চল, দুর্ব্বলতা এবং শ্বাসপ্রশ্বাস রোধ

হইয়া মৃত্যু হইতে পারে। ভ্যাস্কিউলার্-সিষ্টেমের বা রক্তসঞ্চালন যন্ত্রের উপর ইহার ক্রিয়া অতি স্পষ্টরূপে প্রকাশ পায়। ইহা সমুদয় ধমনী-মণ্ডলীকে শিথিল করিয়া ধামনিক চাপ কম করে। ক্ষুদ্র ক্ষুদ্র ধমনীদিগের প্রসারণ হওয়া প্রযুক্ত এরূপ হইয়া থাকে। Dr. Brunton বিশ্বাস করেন যে ইহা সিম্প্যাথেটিক্-গ্যাঙ্গ্লিয়া এবং তাহাদিগের মোটার্-নার্ভ্দিগের পক্ষাঘাত করিয়া থাকে। নাইট্রাইট্ অব্ এ্যামাইল্ দাহন ক্রিয়া দমন করিয়া শারীরিক উত্তাপের লাঘব করে।

আময়িকপ্রয়োগ—এঞ্জাইনা-পেক্টোরিস্ রোগে নাইট্রাইট্ অব্ এ্যামাইল্ অতি উৎকৃষ্ট ঔষধ এবং Dr. Brunton ইহা ব্যতীত এই পীড়ায় অন্য কোন ঔষধ নাই বলিয়া বিবেচনা করেন।

স্প্যাজ্মডিক্-এজ্মা (Spasmodic Asthma) রোগের আক্রমণ সময়ে ইহা ব্রঙ্কিয়াল্ টিউবের মাস্কিউলার-ফাইবার্সকে শিথিল করে বলিয়া ইহা ব্যবহারে শ্বাসকৃচ্ছ্র কম হয়। কেহ কেহ মনে করেন যে, মস্তিষ্কের রক্তবহানাড়ীর স্প্যাজ্ম্ বা আক্ষেপ হইয়া এপিলেপ্সিরোগ হয়, সেই জন্য ইহা ঐ স্প্যাজ্ম্ কমাইবার জন্য অনেকে ব্যবস্থা করিয়া থাকেন। স্পাইন্যাল্-কর্ডের প্রত্যাবর্ত্তন-ক্রিয়া কম হয় বলিয়া ইহা টেটেনাস্ এবং ষ্ট্রিক্নিয়া দ্বারা বিষাক্ত হইলে ব্যবহার করা যাইতে পারে। নিউর্যাল্জিয়া রোগ ইহার আঘ্রাণদ্বারা উপশমিত হইয়া থাকে। ক্লোরোফর্ম্দ্বারা বিষাক্ত হইলে নাইট্রাইট্ অব্ এ্যামাইল্ বিষঘ্ন স্বরূপ ব্যবহৃত হইয়া থাকে। Dr. T. Jones সিন্কোপ্ বা মূর্চ্ছাতে এ্যামাইল্ নাইট্রাইট্ আঘ্রাণ করিতে আদেশ দেন, এবং হুপিং কফের (Whooping cough) আক্রমণ কালে ইহা ব্যবহার করিতে পরামর্শ দিয়া থাকেন। এ্যামাইল্ নাইট্রাইট্ আঘ্রাণ দ্বারাই বিশেষ উপকার হয়। সি-সিক্নেসেও এ্যামাইল্ নাইট্রাইট্ ব্যবহার্য্য।

ল্যাটিন্।	ইংরেজী।
নাইট্রোগ্লিসিরিনাম্।	নাইট্রোগ্লিসিরিন্।
Nitroglycerinum.	Nitroglycerine.

মাত্রা ১/১০০—১/৫০ গ্রেণ।

অয়েল্ অব্ থিওব্রমার সহিত বটিকা আকারে ব্যবহার করা যাইতে পারে।

প্রয়োগরূপ—

টেবেলি নাইট্রোগ্লিসিরিনি।	ট্যাবলেট্স্ অব্ নাইট্রোগ্লিসিরিন্।
Tabellæ Nitroglycerini.	Tablets of Nitroglycerine.

মাত্রা—১—২ চাক্তি।

প্রতিচাক্তির ওজন ২½ গ্রেণ এবং প্রতিচাক্তিতে $\frac{1}{100}$ গ্রেণ বিশুদ্ধ নাইট্রো-গ্লিসিরিন্ আছে।

লাইকর্ নাইট্রো-গ্লিসিরিনি।	সলিউশন্ অব্ নাইট্রোগ্লিসিরিন্।
Liquor Nitroglycerini,	1 per cent.
Nitroglycerine	1 part.
Rectified Spirit ad	100 parts.
Dissolve—	

মাত্রা—½—২ মিনিম্ ক্রমে ১০ মিনিম্ পর্য্যন্ত আবশ্যকানুসারে প্রতি ৩—৪ ঘণ্টান্তর কোন তরল পদার্থের সহিত ব্যবস্থা করা যায়।

ক্রিয়া ও ব্যবহার।

ইহার ক্রিয়া নাইট্রাইট্ অব্ এ্যামাইল্ ও অন্যান্য নাইট্রাইটের ন্যায়, কিন্তু অপেক্ষাকৃত অধিক ক্ষণ স্থায়ী। ইহা শরীরে আচোষিত হইলে পরে, রক্তে নাইট্রাস্-অক্সাইড্ প্রস্তুত হয়, নাইট্রাইট্ অব্ এ্যামাইলের ক্রিয়া শীঘ্র প্রকাশ পায় এবং নাইট্রোগ্লিসিরিন্ অপেক্ষা অল্পক্ষণ থাকে বলিয়া এ্যামাইলের ক্রিয়া ১৫ সেকেণ্ডের মধ্যে ও নাইট্রোগ্লিসিরিনের ক্রিয়া ৫ মিনিট্ বিলম্বে হয়। ইহা ঔষধ মাত্রায় ব্যবহারে শারীরিক উত্তাপের কোন ব্যতিক্রম হয় না।

এঞ্জাইনা-পেক্টোরিস্ রোগে যদি ইহা নাইট্রাইট্ অব্ এ্যামাইল্ অপেক্ষা উৎকৃষ্টও না হয় তথাপি ইহা উহার নিশ্চয়ই সমতুল্য। এ্যামাইল্ উক্ত রোগের কেবল আক্রমণ কালে ব্যবহার্য্য। কিন্তু নাইট্রোগ্লিসিরিন্ অন্য সময় ও ২।৩ ঘণ্টা অন্তর অন্তর দেওয়া যাইতে পারে। এরূপ ব্যবহারে উক্ত রোগের আক্রমণ বাধা পায়। নাইট্রোগ্লিসিরিন্ $\frac{1}{100}$ মিনিম্ মাত্রায় জলে দ্রব করিয়া অথবা ট্যাবলেট্ আকারে ৩।৪ ঘণ্টা অন্তর ব্যবস্থা করিলে উক্ত রোগের আক্রমণ উপশমিত বা নিবারিত হইয়া থাকে।

সি-সিক্‌নেসে নাইট্রোগ্লিসিরিন্ কেহ কেহ ব্যবহার করিতে বলেন। মাইগ্রেইন্‌রোগে ইহা উপকারী। ইহা ব্যবহারে কখন কখন হৃপিংকফ আরোগ্য হয়। এবং নাইট্রাইট্ অব্ এ্যামাইলের স্থায় এগিউ-জরের কোল্ড্ ষ্টেজে বা শীতলাবস্থায় ইহা ব্যবহৃত হয়।

কনট্রাক্টেড্ কিড্‌নিরোগে ধামনিক-চাপের লাঘব এবং ব্রাইট্‌স্ ডিজিজের কষ্টদায়ক শিরঃপীড়া উপশমিত করিবার জন্ম অন্যান্য ঔষধ অপেক্ষা নাট্রোগ্লিসিরিন্ উৎকৃষ্ট। পুরাতন প্যারাঙ্কাইমেটাস্-নিফ্রাইটিস্ রোগে ইহা ব্যবহারে প্রস্রাবের পরিমাণ বর্দ্ধিত হইয়া থাকে।

পিউয়ারপিরাল্ কন্‌ভাল্‌শন্ বা সূতিকাক্ষেপজ-আক্ষেপ রোগে ইহার $\frac{1}{100}$ গ্রেণ প্রতি ঘণ্টান্তর ৪।৫ বার ব্যবস্থা করিলে উক্ত রোগ নিবারিত হইয়া থাকে। কেরিজ্ বশতঃ দন্তশূল হইলে অত্যন্ন তুলা ইহার শতকরা ১ ভাগের এল্‌কহলিক্ সলিউশনে সিক্ত করিয়া আক্রান্ত দন্তগহ্বরে প্রয়োগ করিলে তাহা উপশমিত হইয়া থাকে।

পঞ্চদশ অধ্যায়।

প্রথমবিভাগীয় চতুর্থশ্রেণী।

MEDICINES ACTING UPON SPECIAL ORGANS.

সকল ঔষধ বিশেষ যন্ত্রের উপর কার্য্য করিয়া থাকে। ইহারা ছয় বিভক্ত।

শ্রেণী—যে সকল ঔষধ পরিপাকনালীর (Alimentary canal) বিশেষরূপে কার্য্য করে। ইহারা আবার সাত ভাগে

gogues বা লালানিঃসারক ঔষধ সমূহ।

য় দ্বারা লালা বৰ্দ্ধিত হয় তাহাদিগকে সায়ালেগগ্‌স্ হ। ইহারা মুখের স্নায়ু-মণ্ডলকে উত্তেজিত করে।

ধ্য প্রধান :—

(১) ডাইলিউটেড্ এসিড্ (মিনার‍্যাল্ এসিড্ সহ) Diluted acids (Including diluted mineral acids.)

(২) উচ্ছ্বসিত কার্ব্বণিক্ এসিড (Carbonic acid in Effervescence.)

(৩) ভেজিটেবল্ এসিড্ এবং তাহাদের লবণ (Vegetable acids and their salts.)

(৪) অম্ল ফল (Acid fruits.)

লেবুররস (Lemon juice.)

ইহা একটী ফিজিওলজিক্যাল্ নিয়ম যে এসিড্ সকল ক্ষারস্রাবের এবং ক্ষার সকল এসিড্-সিক্রিশনের বৃদ্ধি করে। এই ক্রিয়া সম্ভবতঃ স্থানিক, কারণ এই বস্তু সকল রক্তে শোষিত হয় এবং একেবারে গ্লাণ্ডের প্রটো-প্লাজ্‌মে যাইয়া উপস্থিত হয়।

আর কতকগুলি ঔষধ লালাস্রাবক গ্লাণ্ডস্থিত পোর্শিয়ো-ডিউরা স্নায়ুর শেষ শাখাদের উপর ক্রিয়া করিয়া লালা নিঃসারণ বৃদ্ধি করে যথা,—জেবরাণ্ডি ও ইহার বীর্য্য পাইলোকার্পিন্, টোব্যাকো, মার্কারী, আইয়োডিন্, ফাইজষ্টিগ্‌মা এণ্টিমনি এবং ইপিকাক্। ইহাদিগকে বিশেষ (Specific) সায়েলেগগ্ কহে।

জ্বররোগে লালার ন্যূনতা জনিত পিপাসা নিবারণার্থ মিনার‍্যাল্ এসিড্‌শ সহযোগে অম্লাক্ত জল কিম্বা সোডাওয়াটার, লেমনেড্ অম্লফল বা ইম্‌পিরিয়েলের ড্রিঙ্ক্ দেওয়া যায়। ধে হয়।

ইম্‌পিরিয়েল্-ড্রিঙ্ক্ তৈয়ার করিবার প্রণালী—৬০ কিম্বা ৯০ গ্রেণ। অব্ টার্টার্ ১ পাইণ্ট্ স্ফুটিত জলে দ্রব করিয়া উপযুক্ত পরিল্ অপেক্ষা ঘক্ এবং চিনি মিশাইয়া সুগন্ধি ও সুস্বাদ করিতে হয়।

উহাদের দ্বারা উপকার না হইলে তৎপরিবর্ত্তে বরফ জল

শ্রেণীস্থ ঔষধ ব্যবস্থেয়। যখন আমরা গ্যাষ্টেটারি স্নায়ু কিম্বা

উত্তেজিত করিতে ইচ্ছা করি (যেমন ডায়েবিটিস্ রোগ

তখন পাইরিথ্রি, টোবাকো, অল্প মাত্রায় পাইলোকার্পি

সায়েন্সাই বা বেলাডোনা দ্বারা মুখ শুষ্ক হইলে

স্থানিক বা সাক্ষাৎ লালানিঃসারক ঔষধ।

TOPICAL OR DIRECT SIALAGOGUES.

(১) পেলিটরি রুট্ (Pellitory root)

(২) হর্স্‌রেডিশ্ (Horseradish)

(৩) মাষ্টার্ড্ (Mustard)

(৪) চর্ব্বিত তামাক (Masticated tobacco)

দূরবর্ত্তী লালানিঃসারক ঔষধ।

REMOTE SIALAGOGUES.

(১) মার্কারীর লবণ (Mercurial Salts)

(২) আইয়োডাইড্ অব্ পটাশিয়াম্ (Iodide of Potassium)

(৩) অন্যান্য আইয়োডাইড্ ঔষধ (Other medicinal Iodides)

(৪) জেবোরাণ্ডি (Jaborandi)

যে সকল ঔষধ ব্যবহার করিলে লালানিঃসারণ বন্ধ হয় তাহাদিগকে লালা-নিবারক ঔষধ বা এণ্টিসায়েলেগগ্ (Antisialagogue) কহে। যথা—

(১) ন্বক্কারজনক ভক্ষ্যবস্তু—(Nauseous articles of food or medicine)।

(২) বিষাদজনক মানসিক উত্তেজনা—(Depressing emotions)।

(৩) দ্রব ক্ষারপদার্থ—(Dilute Alkaline substances.)। যেমন-পটাশ্, সোডা, লাইম্। শেষোক্ত দ্রব্যগুলি স্থানিকরূপে কার্য্য করে।

বিশেষ লালানিবারক ঔষধ।

SPECIFIC ANTISIALAGOGUES.

(১) বেলাডোনা এবং এট্রোপিন্—(Belladonna and Atropine.)

(২) হাইয়োসাইয়েমাইন্—(Hyoscyamine.)

(৩) ষ্ট্র্যামোনিয়াম্—(Stramonium.).

ল্যাটিন্।	ইংরেজী।
আর্ম্মোরেশিয়ী রেডিক্স্।	হর্স্‌রেডিশ্‌রুট্।
Armoraciæ Radix.	Horseradish Root.

ইহা কক্লেরিয়া-আর্ম্মোরেশিয়া নামক বৃক্ষের টাট্‌কা মূল।

প্রয়োগরূপ—

স্পিরিটাস্ আর্ম্মোরেশিয়ী কম্পজিটাস্। কম্পাউণ্ড্ স্পিরিট্ অব্ হর্স্‌রেডিশ্।
Spiritus Armoraciæ Compositus. Compound Spirit of Horseradish.

মাত্রা—১—২ ড্রাম্।

ক্রিয়া ও ব্যবহার—উত্তেজক, স্কার্ভিনাশক এবং মূত্রকারক। আভ্যন্তরিক ব্যবহারে পাকাশয়ের উত্তাপজনক, বায়ুনিঃসারক এবং পরিপাকশক্তি, রুচি, ঘর্ম্ম ও প্রস্রাবের বৃদ্ধিকারক। উষ্ণ ইন্‌ফিউশন্ আকারে ইহা আশু বমনকারক। স্থানিক প্রয়োগে ইহা উত্তেজক এবং ফোস্কাকারক। ইহা চিবাইলে প্রচুর পরিমাণে লালা নিঃসৃত হয়।

ইহাতে উদ্বায়ী তৈল (volatile oil) আছে, তাহা ঠিক সর্ষপ তৈলের ন্যায়। ইহার ক্রিয়া সর্ষপের ন্যায়। তাজা অবস্থায় মসলা ব্যতীত অন্য কিছুতে ইহার প্রায়ই ব্যবহার হয় না।

ইহার প্রয়োগরূপটী এটনিক্-ডিস্‌পেপ্‌সিয়াতে ব্যবহৃত হয়। ঘর্ম্মকারক বলিয়া পুরাতন বাত রোগে এবং মূত্রকারক বলিয়া ড্রপ্‌সিতেও ব্যবহৃত হইয়া থাকে। স্বরভঙ্গ হইলে উহার সিরাপ্ আস্তে আস্তে পান করিলে বিশেষ উপকার হয়। ইহার ইন্‌ফিউশন্ ও ঐ উদ্দেশ্যে ব্যবহৃত হয়। ইহার মূল চিবাইয়া লালা ধীরে ধীরে গিলিলেও উক্ত গুণ প্রকাশ পায়।

ল্যাটিন্।	ইংরেজী।
পাইরিথ্রাই রেডিক্স্।	পেলিটোরি রুট্।
Pyrethri Radix.	Pellitory Root.

ইহা এনাসাইক্লাস্-পাইরিথ্রাম্‌নামক বৃক্ষের শুষ্ক মূল।

প্রয়োগরূপ—

টিংচ্যুরা পাইরিথ্রাই। টিংচার্ অব্ পেলিটোরি।

Tinctura Pyrethri. Tincture of Pellitory.

ইহাতে পাইরিথ্রিক্ এসিড্ বা পাইরিথ্রিন্ আছে; এতদ্ব্যতীত ইহাতে এক প্রকার কটু তৈল এবং ট্যানিন্ আছে।

ইহা স্থানিক প্রয়োগে উত্তেজক। ইহা চিবাইলে লালাবৃদ্ধি ও মুখে সূচী-ভেদবৎ বেদনাবোধ হয়। মুখের নিকটস্থ স্থানে পক্ষাঘাত হইলে ইহা চর্ব্বণ-রূপে ব্যবহৃত হয়; স্থানিক উত্তেজক বলিয়া দন্তশূলে, কণ্ঠনালীর শৈথিল্যাব-স্থায় এবং স্বরভঙ্গে ব্যবহৃত হইয়া থাকে। ইহার টিংচার্ জলের সহিত ডাই-লিউট্ করিয়া কুল্লিস্বরূপ ব্যবহার করা যায়। টিংচ্যুরা পাইরিথ্রি ৩ ড্রাম ৮ আউন্স জলে মিশ্রিত করিয়া কুল্লি প্রস্তুত করিবে। পেলিটোরির কখনও আভ্যন্তরিক ব্যবহার হয় না।*

দ্বিতীয় ভাগ—Emetics বা বমনকারক ঔষধসমূহ।

*যে সকল ঔষধ পাকাশয়ের কার্ডিয়াক্-ছিদ্রকে শিথিল ও তৎসঙ্গে ডায়া-*ফ্রাম্ ও উদরের পেশীদিগকে সঙ্কুচিত করিয়া পাকাশয় খালি করতঃ বমি করায় তাহাদিগকে এমেটিক্ বা বমনকারক ঔষধ কহে।

এমেটিক্সকল, নিউমোগ্যাষ্ট্রিক্-স্নায়ুর উৎপত্তিস্থানের নিকট মেডালা-অব্লঙ্গেটাতে যে বমন-কেন্দ্র আছে তাহাকে উত্তেজিত করে। তদ্দ্বারা মাংস-পেশীর নানাবিধ জটিলক্রিয়া উৎপন্ন হওয়াতে পাকস্থালীর আধেয় বহির্গত হয়। ইহা দুই প্রকার (১) সাক্ষাৎ এবং (২) দূরবর্ত্তী।

Direct বা সাক্ষাৎ:—নিউমোগ্যাষ্ট্রিক্-স্নায়ুর যে সকল সূত্র ষ্টমাকের মিউকাস্প্রদেশে আছে, ইহারা তাহাদিগকে উত্তেজিত করে। এবং সেই উত্তেজনা বমন-কেন্দ্রে যাইয়া, নিউমোগ্যাষ্ট্রিক্, ফ্রেণিক্ এবং ইণ্টার্কষ্ট্যাল্-স্নায়ুদ্বারা প্রত্যাবর্ত্তিত হইয়া বমন করায়। ইহারা শীঘ্র কার্য্য করিয়া থাকে এবং ইহাদের দ্বারা বিবমিষা ও অবসাদ প্রায় হয় না।

সাক্ষাৎ বমনকারক ঔষধ সকল।

১। সাল্‌ফেট্‌ অব্‌ জিঙ্ক্‌ (Sulphate of zinc.)।

২। সাল্‌ফেট্‌ অব্‌ কপার্‌ (Sulphate of copper.)।

৩। কার্ব্বনেট্‌ অব্‌ এমোনিয়াম্‌ (Carbonate of ammonium.)।

৪। মাষ্টার্ড্‌ ফ্লাওয়ার্‌ (Mustard flour.)।

৫। কেমোমাইল্‌ (Chamomile.)।

৬। সাধারণ লবণ (Common salt.)।

Indirect বা এই দূরবর্ত্তী—শ্রেণীস্থ ঔষধ সকল রক্তে শোষিত ও বমনকেন্দ্রে নীত হইয়া বমন উৎপাদন করে, এবং ত্বগন্তর্গত-পিচকারীদ্বারা ব্যবহার করিলেও কার্য্যকারী হয়। ইহারা অপেক্ষাকৃত বিলম্বে কার্য্য করে এবং ইহাদের ব্যবহারে অপেক্ষাকৃত অধিক অবসাদ হয়। উহাদের মধ্যে এই গুলি প্রধান, যথা :—

১। ইপিকাকুয়ানা (Ipecacuanha.)।

২। টার্টারেটেড্‌ এণ্টিমনি (Tartarated antimony.)।

৩। এপোমর্ফাইন্‌ (Apomorphine.)।

EMETIC AGENTS.

বমনের সাহায্যকারী উপায়।

১। গলা শুঁড়্‌ শুঁড়্‌ করা (Titillation of the fauces.)।

২। গরম জল পান।

বমনের ফিজিওলজিক্যাল্‌ ক্রিয়া—

(১) পাকাশয়ের কার্ডিয়্যাক্‌-অন্তের স্ফিংটার্‌-পেশী শিথিল হওয়া আবশ্যক। তাহা না হইলে কষ্টজনক ওয়াক্‌ (retching) বা বমন করিবার চেষ্টা হইয়া থাকে।

(২) পাকাশয়ের এবং তৎসহ উদরের পেশীর সঙ্কোচন হওয়া আবশ্যক।

থিরাপিউটিক্যাল্‌ ব্যবহার—

(১) ডাইরেক্ট্‌-এমেটিক্‌সকল, (যথা সাল্‌ফেট্‌ অব্‌ জিঙ্ক্‌, মাষ্টার্ড্‌, সল্ট্‌, ইত্যাদি) নানাপ্রকার বিষাক্ততাতে পাকাশয়কে শূন্য করিবার জন্য ব্যবহৃত হইয়া থাকে।

(২) যে সকল রোগী ঔষধ সেবন করিতে অসমর্থ, তাহাদের বিষ নির্গত করিবার জন্য ত্বগন্তর্গত-পিচ-

(৩) ডায়াফ্রাম্ নিম্নগত হইয়া স্থির ভাবে থাকা আবশুক।

(৪) যে সকল পেশী পাকস্থালীতে চাপ দেয় তাহারা যেন দুইটী স্থির বিন্দুর মধ্যে কাজ করিতে পারে, তজ্জন্য গ্লটিশ্ বদ্ধ থাকা আবশ্যক।

কারীদ্বারা এপোমর্ফিয়া ব্যবহার করিয়া বমন করান যায়

এই শ্রেণীস্থ ঔষধসকল কোন কোন প্রকার ডিস্পেপ্সিয়াতে, সুরাদ্বারা বিষাক্ততায় পাকাশয় শূন্য করিবার জন্য, এবং শিশুদিগের উত্তেজক খাদ্যজনিত কন্ভাল্শন্ (Convulsion) বা তর্কারোগে উপকারী।

(১) মস্তিষ্ক এবং স্নায়ুমণ্ডলীর উপর ক্রিয়া—বমির সময় গলার শিরা দিয়া রক্ত ফিরিয়া আসিতে বাধা পায় বলিয়া মস্তিষ্কে রক্তাধিক্য হয়।

(১) এজন্য এপোপ্লেক্সি (Apoplexy) বা সন্ন্যাসরোগে ইহাদের ব্যবহার নিষিদ্ধ।

(২) রক্তসঞ্চালন এবং শ্বাসপ্রশ্বাসক্রিয়ার উপর—হৃৎপিণ্ডের উপর ইহাদের অবসাদক ক্রিয়া আছে।

শ্বাসপ্রশ্বাস-কেন্দ্র বমন-কেন্দ্রের নিকটবর্ত্তী বলিয়া বমন করিবার সময় শ্বাসপ্রশ্বাস দীর্ঘ এবং অনিয়মিতরূপে প্রবাহিত হয়। ইহা ব্যতীত এই সকল ঔষধ ব্যবহারে লাংসের শ্লৈষ্মিক-ঝিল্লির স্রাব বৃদ্ধি হয়; ফুস্ফুসে চাপ্ পড়াতে

(২) এই জন্য ব্রঙ্কাইটিস্ রোগে (Bronchitis) রোগে শ্লেষ্মা, এবং ক্রুপ্ ও ডিফ্থিরিয়া (Diphtheria) রোগে কৃত্রিম ঝিল্লি, বাহির করিবার জন্য ইহারা ব্যবহার্য্য। এজন্য ইহাদিগকে কফনিঃসারক বলা যাইতে পারে। এরূপ অবস্থায় ইপিকাকুয়ানা এবং টার্টারেটেড্-এণ্টিমনি সর্ব্বদা ব্যবহৃত হইয়া থাকে। কারণ ইহাদের

শ্বাসনালীতে আবদ্ধ শ্লেষ্মা বহির্গত হইয়া পড়ে।

(৩) স্রাবক-যন্ত্রের উপর— বমন কালে অন্ত্রের উপর চাপ পড়ায় কিয়ৎপরিমাণে বিরেচন হয় এবং অধিক বমন হইলে লিভার্ ও গল্-ব্ল্যাডার চাপিত হইয়া আমাশয়হইতে পিত্ত বহির্গত হইয়া থাকে।

(৪) চর্ম্মের উপর—যখন এমেটিকের ক্রিয়া হইতে থাকে, তখন প্রচুর পরিমাণে ঘর্ম্ম নিঃসৃত এবং লালাস্রাব বৃদ্ধিপ্রাপ্ত হয়।

এমেটিক্ ক্রিয়া ব্যতীত কফনিঃসারক গুণ ও আছে।

(৩) তজ্জন্যই ইহারা পিত্ত-নিঃসারকস্বরূপ ক্রিয়া করিতে পারে; এবং লিভারের ক্রিয়া বর্দ্ধিত, ও পিত্ত-রোধ হইলে গাঢ় পিত্ত বহির্গত, করিবার জন্য বিশেষ উপকারী।

(৪) এইজন্য ইহারা জ্বরের প্রথমাবস্থায় ব্যবহার্য্য।

ল্যাটিন্।	ইংরাজী।
কুপ্রাই সাল্ফাস্।	সাল্ফেট্ অব্ কপার্।
Cupri Sulphas.	Sulphate of Copper.

মাত্রা—$\frac{1}{4}$—২ গ্রেন্, সঙ্কোচক ও বলকারক।

৫—১০, গ্রেন্ বমনকারক।

LOCAL ACTION.

স্থানিকক্রিয়া।

ফিজিওলজিক্যাল্ ক্রিয়া—

ইহা নির্জ্জল অবস্থায় কিম্বা সলিউশন্ আকারে এষ্ট্রিন্জেন্ট্, ষ্টিমিউল্যান্ট্ এবং দাহক ক্রিয়া প্রকাশ করিয়া থাকে।

থিরাপিউটিক্যাল্ ব্যবহার—

ব্লুষ্টোন্ বা সাল্ফেট্ অব্ কপার্ নানাপ্রকার উপদংশজনিত ক্ষতে, কণ্ঠনালীর ক্ষতে, গ্রেনিউলার-লিড্সে, এবং অতিরিক্ত গ্র্যানিউলেশন্ বা মাংসাঙ্কুর দমনের জন্য, ব্যবহৃত হইয়া থাকে। ইহার সলিউশন্ (২) গ্রেন্ এক আউন্স্ জলে) নানাপ্রকার

ক্ষতাদি, গ্লিট্ এবং কন্জংটিভাইটিস্ বা চক্ষু উঠা রোগে ব্যবহৃত হয়।

INTERNAL ACTIONS AND USES.

আভ্যন্তরিক ক্রিয়া ও ব্যবহার।

মস্তিক এবং স্নায়ুমণ্ডলীর উপর— ইহা অল্প মাত্রায় নার্ভাইন্ টনিকের ন্যায় ক্রিয়া করে। অধিক মাত্রায় লেড্-পয়্জনিংয়ের (Lead-poisoning) ন্যায় এক প্রকার লক্ষণ হয়, যথা— শিরঃপীড়া, স্নায়বীয়-বেদনা, আক্ষেপ এবং কখন ২ পক্ষাঘাত।

(১) ইহা অল্প মাত্রায় কোরিয়া (Chorea), এপিলেপসি (Epilepsy) ইত্যাদি রোগে ব্যবহৃত হইয়াছে, কিন্তু তাহাতে বিশেষ ফল লক্ষিত হয় নাই।

রক্তসঞ্চালন এবং শ্বাসপ্রশ্বাসের উপর—কোন বিশেষ ক্রিয়া নাই।

(৩) স্রাবকযন্ত্রের উপর—ইহা ডাইরেক্ট্-এমেটিক্স্বরূপ কার্য্য করিয়া পাকাশয়ের আধেয়পদার্থ শীঘ্র এবং নিশ্চয়রূপে বহির্গত করিয়া দেয়।

পাকাশয় এবং অন্ত্রের উপর ইহার সঙ্কোচক ক্রিয়া আছে, এবং অধিক মাত্রায় ব্যবহার করিলে গ্যাষ্ট্রো-এণ্টেরাইটিস্ (Gastro-enteritis) বা পাকাশয় ও অন্ত্রের প্রদাহ উৎপন্ন হয়।

(৩) সাল্ফেট্ অব্ জিঙ্কের ন্যায় বমনকারকস্বরূপ ইহা সচরাচর ব্যবহৃত হয় না, কারণ ইহা বমিদ্বারা বহির্গত না হইলে, পাকাশয়ের প্রদাহ উৎপন্ন হইতে পারে। উদরাময়ের (Diarrhœa) বর্দ্ধিতাবস্থায় সাল্ফেট্ অব্ কপার্ অতিউৎকৃষ্ট সঙ্কোচকস্বরূপ ব্যবহৃত হয়।

MODE OF ELIMINATION.

বহির্গমনপ্রণালী।

ইহা প্রধানতঃ লিভ'র্, কিড্নি, অন্ত্র এবং লালানিঃসারকগ্রন্থিদ্বারা শরীর হইতে বহির্গত হয়।

Poisonous Effects.	Antidotes.
বিষময় ফল।	বিষঘ্ন।
ইহা দ্বারা পাকাশয় এবং অন্ত্র প্রদাহিত হয়; এবং দূরবর্ত্তী স্নায়বীয় লক্ষণ প্রকাশ পাইয়া থাকে।	এলবুমেন্, ফেরোসায়েনাইড্ অব্ পটাশিয়াম্ দেওয়ার পরে ষ্টমাক্-পাম্প্-দ্বারা পাকাশয় খালি করিতে হইবে।

সাল্ফেট্ অব্ কপার্ নিম্নলিখিতরূপে ব্যবস্থা করিতে হয়:—

℞

Cupri Sulphatis	gr.ss
Pulveris Opii	gr.ss
Ext. gentianæ	gr.iii

M. ft. pil. ১ বটিকা দিবসে ৩ বার সেব্য।

পুরাতন এবং অদমনীয় উদরাময়ে ব্যবহৃত হয়।

ল্যাটিন্।	ইংরেজী।
কুপ্রাই নাইট্রাস্।	নাইট্রেট্ অব্ কপার্।
Cupri Nitras.	Nitrate of Copper.

ইহার আভ্যন্তরিক ব্যবহার হয় না। ইহা উত্তম দাহক। জিহ্বা কিম্বা ফসেসের নানাপ্রকার ঔপদংশিক ক্ষতে ইহার বাহ্য প্রয়োগ হয়।

ল্যাটিন্।	ইংরেজী।
সিনাপিস্ এল্বি সেমিনা।	হোয়াইট্ মাষ্টার্ড্ সিড্স্।
Sinapis Albæ Semina	White Mustard Seeds.

ইহা সিনাপিস্-এল্বা নামক বৃক্ষের পক্ক শুষ্ক ফল।

সিনাপিস্ নাইগ্রি সেমিনা।	ব্ল্যাক্ মাষ্টার্ড্ সিড্স্।
Sinapis Nigræ Semina.	Black Mustard Seeds.

ইহা সিনাপিস্-নাইগ্রানামক বৃক্ষের পক্ক শুষ্ক ফল।

সিনাপিস্।	মাষ্টার্ড্।
Sinapis.	Mustard.

প্রয়োগরূপ—

কাটাপ্ল্যাজ্‌মা সিনাপিস্‌। — মাষ্টার্ড্‌ পোল্টিস্‌।
Cataplasma Sinapis. — Mustard Poultice.

চার্টা সিনাপিস্‌। — মাষ্টার্ড্‌ পেপার্‌।
Charta Sinapis. — Mustard paper.

ওলিয়াম্‌ সিনাপিস্‌। — অয়েল্‌ অব্‌ মাষ্টার্ড্‌।
Oleum Sinapis. — Oil of Mustard.

প্রয়োগরূপ—

লিনিমেণ্টাম্‌ সিনাপিস্‌ কম্পজিটাম্‌। — কম্পাউণ্ড্‌ লিনিমেণ্ট্‌ অব্‌ মাষ্টার্ড্‌।
Linimentum Sinapis Compositum. — Compound Liniment of Mustard.

LOCAL ACTION.

স্থানিক ক্রিয়া।

ফিজিওলজিকাল্‌ ক্রিয়া—

ইহার পোল্টিস্‌ চর্ম্মে লাগাইলে তৎস্থান রক্তিম হয়, চুলকায়, জ্বালা করে এবং অনেকক্ষণ রাখিলে ফোস্কা পড়িতে পারে, এমন কি কখন কখন ক্ষত হয়।

থিরাপিউটিকাল্‌ ব্যবহার—

মাষ্টার্ড্‌ প্রধানতঃ রিউমেটিক্‌, নার্ভাস্‌ এবং ইন্‌ফ্ল্যামেটরি পীড়াতে বেদনা নিবারণের জন্য ব্যবহৃত হয়। নিউর্যাল্‌জিয়া (Neuralgia), লাম্বেগো (Lumbago), সায়েটিকা (Sciatica), প্লুরোডিনিয়া (Pleurodynia), প্লুরিসি (Pleurisy), নিউমোনিয়া (Pneumonia), পেরিটোনাইটিস্‌ (Peritonitis), কলিক্‌ (Colic) এবং নানাবিধ যন্ত্রণাদায়ক পীড়ায় যন্ত্রণানিবারণের জন্য সিনাপিজ্‌ম্‌ ব্যবহৃত হইয়া থাকে।

কোন কোন অবস্থাতে আভ্যন্তরিক যন্ত্র হইতে চর্ম্মে রক্ত আকর্ষণ করিয়া নানাস্থানের রক্তাধিক্য দূর করিবার জন্য কাউণ্টারইরিট্যাণ্ট্‌স্বরূপ ইহার ব্যবহার হইয়া থাকে। কোন কোন ইন্দ্রিয়ের তরুণপ্রদাহকালে যে কখন কখন অচেতন অবস্থা হয় তাহা দূর করিবার জন্য মাষ্টার্ড্‌ প্লাষ্টার্‌ ব্যবহৃত হয়। মাদকসেবনজনিত বিষাক্ততায় এবং ইউরিমিক্‌ কোমাতে যে ঝিমুনি হয় সে অবস্থায় পায়ে এবং পায়ের ডিমেতে মাষ্টার্ড্‌ পোল্টিস্‌ লাগাইলে উপকার হইয়া থাকে।

হামাদি পীড়াতে উত্তমরূপে ইরাপ্‌শন্‌ বহির্গত না হইলে মাষ্টার্ড্‌ বাথ্‌ ব্যবহার করিলে ইরাপ্‌শন্‌ উত্তমরূপে প্রকাশ পায়। তদ্ব্যতীত একিউট্‌ ব্রঙ্কাইটিস্‌ (Acute Bronchitis) এবং শিশুদের কন্‌ভাল্‌শনে উহা ষ্টিমুল্যান্ট্‌-স্বরূপ ব্যবহৃত হয়।

CONSTITUTIONAL EFFECTS.

সার্ব্বাঙ্গিক ক্রিয়া।

ফিজিওলজিক্যাল্‌ ক্রিয়া—

পাকাশয়ের মিউকাস্‌ মেম্ব্রেন্‌কে উত্তেজিত করিয়া ক্ষুধা বৃদ্ধি করে। কিন্তু গ্যাষ্ট্রিক্‌ জুসের স্রাব বৃদ্ধি করে না। ইহা ডাইরেক্ট্‌ এমেটিকের ন্যায় সত্বর এবং সুন্দররূপে বমন উৎপাদন করে।

থিরাপিউটিক্যাল্‌ ব্যবহার—

মাষ্টার্ড্‌ খাইবার মসল্লাস্বরূপ ব্যবহৃত হয়। ইহা সুলভ বলিয়া নানাপ্রকার বিষাক্তাবস্থায় ইহাদ্বারা অনেক উপকার হয়।

MODE OF ADMINISTRATION.

ব্যবহারপ্রণালী।

মাষ্টার্ড্‌ প্লাষ্টার্‌ তৈয়ার করিতে ঠাণ্ডা জল মিশাইবে; কারণ গরম জল দিলে তাহার উদ্বায়ী তৈল উড়িয়া যায়, ভিনিগার্‌দ্বারা তৈয়ার করিলে উহা নষ্ট হয় এবং এল্‌কোহল্‌ দিলে সেই তৈল তৈয়ার হইতে পারে না; এবং উক্ত তৈলের উপর ইহার ক্রিয়া নির্ভর করিয়া থাকে। অবস্থানুসারে এই প্লাষ্টার্‌ ২০ হইতে ৩০ মিনিট্‌ পর্য্যন্ত লাগাইয়া রাখিতে হয়। কারণ ইহা অপেক্ষা অধিক সময় রাখিলে ফোকা পড়িতে পারে। ইহাদ্বারা অধিক যন্ত্রণা বোধ হইবামাত্রই ইহা উঠাইয়া ফেলিবে। শিশু এবং স্ত্রীলোকাদি যাহাদের চর্ম্ম কোমল, তাহাদের বেলায় পোল্‌টিস্‌ এবং ত্বকের মধ্যে একখণ্ড পাতলা নেকড়া স্থাপন করিবে।

ল্যাটিন্।	ইংরেজী।
সোডিয়াই ক্লোরাইডাম্।	ক্লোরাইড্ অব্ সোডিয়াম্।
Sodii Chloridum.	Chloride of Sodium.

ইহা সাধারণ লবণ।

মাত্রা ১০—২০ গ্রেণ, পরিবর্ত্তক ও বলকারক;

½—১ আং, বমনকারক ও বিরেচক।

ইহা আমাদের নিতান্ত দরকারী খাদ্য। ইহা রক্তে এবং অন্যান্য জান্তঃ রসে আছে বলিয়া, আহারের জন্য অতি আবশ্যক। ইহা শরীরে অল্প হইলে ব্যাধি হয়। অধিক মাত্রায় খাইলে বমনকারক ও বিরেচকের ন্যায় কাজ করে এবং অল্প মাত্রায় মৃদু ষ্টিমুল্যাণ্ট্ এবং অল্টারেটিভ্। বাহ্য প্রয়োগে ইহা ষ্টিমুল্যাণ্ট্ এবং রুবিফেসিয়েণ্ট্। কখন কখন ইহা সমুদ্রজলাকারে এমেটিক্, পার্গেটিভ্ এবং এন্থেল্মিণ্টিকস্বরূপ ব্যবহৃত হইয়া থাকে। পিচকারীদ্বারাও ইহা গুহ্যদ্বারে ব্যবহৃত হয়। খাওয়ার মসলাস্বরূপ ইহার আভ্যন্তরিক ব্যবহার হইয়া থাকে। ক্রনিক্ মাস্কুলার রিউমেটিজ্‌ম্ (Chronic Muscular Rheumatism), জয়েণ্টের ব্যাধি ইত্যাদি নানাবিধ পীড়াতে লবণাক্ত জলদ্বারা প্রক্ষালন বা স্পঞ্জিং করিলে বিশেষ উপকার দর্শে। ছেলেদের থ্রেড্-ওয়ার্ম্ বা সূত্রবৎ কৃমিরোগে ইহার পিচকারীদ্বারা উপকার হয়। ডাং মার্চিসন্ (Dr. Murchison) বলেন লিভারের ফ্যাটি-ডিজেনারেশন্ বা মেদাপকৃষ্টতাতে ইহা অধিক মাত্রায় ব্যবহার করিলে উপকার হয়।

ল্যাটিন্।	ইংরেজী।
ইপিকাকুয়ানা।	ইপিকাকুয়ানা।
Ipecacuanha.	Ipecacuanha.

ইহা সিফেলিস্-ইপিকাকুয়ানানামক লতার শুষ্ক মূল।

চূর্ণের মাত্রা ১৫—৩০ গ্রেণ, বমনকারক; ½—২ গ্রেণ, কফনিঃসারক ২০—৩০ গ্রেণ একিউট্ ডিসেণ্ট্রিতে ব্যবহৃত হয়।

প্রয়োগরূপ—

পাইলিউলা ইপিকাকুয়ানি কাম্ সিলা। পিল্ অব্ ইপিকাকুয়ানা।
Pilula Ipecacuanhæ cum Scilla. Pill of Ipecacuanha.
ইহার প্রায় ২৩ গ্রেণে ১ গ্রেণ অহিফেণ আছে।
মাত্রা ৫—১০ গ্রেণ।

পাল্‌ভিস্ ইপিকাকুয়ানি কম্পজিটাস্। কম্পাউণ্ড্ পাউডার্ অব্ ইপিকাকুয়ানা।
Pulvis Ipecacuanhæ Compositus. Compound Powder of Ipecacuanha.
ইহাকে ডোভার্স্ পাউডার্ "Dover's Powder" বলে।
ইহার ১০ গ্রেণে ১ গ্রেণ অহিফেণ ও ১ গ্রেণ ইপিকাকুয়ানা আছে।
মাত্রা ৫—১৫ গ্রেণ।

ট্রচিসাই ইপিকাকুয়ানি। ইপিকাকুয়ানা লোজেঞ্জিস্।
Trochisci Ipecacuanhæ. Ipecacuanha Lozenges.
প্রত্যেক চাক্তিতে $\frac{1}{4}$ গ্রেণ ইপিকাকুয়ানা আছে।
মাত্রা ১—৩ চাক্তি।

ভাইনাম্ ইপিকাকুয়ানি। ইপিকাকুয়ানা ওয়াইন্।
Vinum Ipecacuanhæ. Ipecacuanha Wine.
ইহার প্রত্যেক আউন্সে ২২ গ্রেণ ইপিকাকুয়ানার মূল আছে।
মাত্রা ৩—৬ ড্রাম্, বমনকারক; ৫—৪০ মিনিম্, কফনিঃসারক; ১ মিনিম্ মাত্রায় বমন নিবারণের জন্য ব্যবহৃত হয়।

LOCAL ACTION.

স্থানিকক্রিয়া।

ফিজিওলজিকাল্ ক্রিয়া—

ইপিকাকুয়ানা চর্ম্মের উপর অনেকক্ষণ লাগাইয়া রাখিলে উহার উত্তেজনা হয় এবং তৎপর ভেসিক্ল্ এবং পাষ্টিউল্ এবং কষ্টদায়ক ক্ষত ও উৎপন্ন হয়।

থিরাপিউটিকাল্ ব্যবহার—

ইহা কাউণ্টার্-ইরিট্যাণ্ট্ স্বরূপ এখন আর ব্যবহৃত হয় না। Professor Ringer ইপিকাকুয়ানা ওয়াইন্ কেবল নিম্নলিখিত পীড়াতে স্থানিক স্প্রে আকারে ব্যবহার করেন, যথা—

ইপিকাকুয়ানার চূর্ণ আঘ্রাণ করিলে কোন কোন ব্যক্তির শ্বাসপ্রশ্বাস পথের উত্তেজনা হইয়া হে-ফিবার্ কিম্বা স্প্যাজ্‌মডিক্ এজ্‌মার বা আক্ষেপ-জনক হাপানি রোগের ন্যায় লক্ষণ প্রকাশ পায়।

ক্রনিক্ ব্রঙ্কাইটিস্ (Chronic Bronchitis), উইণ্টার্-কফ্ (Winter Cough), এম্ফিজিমা সহ ব্রঙ্কিয়েল্ এজ্‌মা (Bronchial asthma with emphysema), এবং ফাইব্রয়েড্ থাইসিস্ (Fibroid phthisis)। কিন্তু প্রকৃত স্প্যাজ্‌মডিক্ এজ্‌মাতে ইহার ক্রিয়া অনিশ্চিত।

অমিশ্র ভাইনাম্ ইপিকাক্ দ্বারা বিবমিষা এবং উত্তেজনা হইয়া থাকে বলিয়া ইহার একভাগ, ১ কিম্বা ২ ভাগ জলের সহিত মিশ্রিত করিয়া স্প্রে-প্রডিউসার্‌যন্ত্রদ্বারা ব্যবহার করিতে হয়।

প্রথম দিন একবার মাত্র ২০ চাপ (Squeeze) প্রয়োগ করিতে হয়। তৎপর ক্রমে অধিক প্রয়োগ করা উচিত। প্রত্যেক বার প্রয়োগের পর মুখ ধোওয়া আবশ্যক। ইহা ব্যবহারে উইণ্টার্ কফ্ সচরাচর ১২ দিনে আরোগ্য হয়। বিছা ইত্যাদির দংশনে ইহার পেষ্ট্ (paste) বা প্রলেপ দ্বারা জ্বালা উপশমিত হইয়া থাকে।

CONSTITUTIONAL ACTION.

সার্ব্বাঙ্গিক ক্রিয়া।

ফিজিওলজিক্যাল্ ক্রিয়া—

মস্তিষ্ক এবং স্নায়ুমণ্ডলীর উপর—

(১) মস্তিষ্কের উপর ইহার কোন ক্রিয়া লক্ষিত হয় না।

(২) ইপিকাকুয়ানা মেডালা-অব্লেঙ্গেটার বমনকারক-কেন্দ্রকে উত্তেজিত করিয়া বমন উৎপাদন করে।

ত্বগন্তর্গত পিচকারীদ্বারা ইহার বীর্য্য এমেটিন্ ব্যবহার করিলে অথবা ইহা খাইলে বমন ক্রিয়া প্রকাশিত হয়

থিরাপিউটিক্যাল্ ব্যবহার—

কোন প্রকার বিষাক্ত রোগীতে ইহা ব্যবহার করা উচিত নহে। কারণ ইহা অতি মৃদুগতিতে কার্য্য করে; এবং ইহাদ্বারা বিবমিষা ও অবসাদ হয় বলিয়া ইহা অনিষ্টও ঘটাইতে পারে।

ব্রঙ্কাইটিস্, ক্রুপ্, ডিপ্‌থিরিয়া ইত্যাদি শ্বাসপ্রশ্বাসযন্ত্রের বা কণ্ঠনালীর কোন পীড়াতে লাংস্ খালি করিবার এবং

বলিয়া ইহাকে ডাইরেক্ট্ এবং ইন্‌ডাইরেক্ট্ উভয় প্রকার এমেটিক্ শ্রেণীর মধ্যে গণ্য করা যাইতে পারে। ত্বগন্তর্গত পিচকারীদ্বারা ব্যবহার করিলে এমেটিনের (Emetine) ক্রিয়া নিতান্ত মন্দ গতিতে হয় এবং সেবন অপেক্ষা ত্বগন্তর্গত পিচকারীতে ইহা অধিক মাত্রায় ব্যবহারের দরকার হয় বলিয়া প্রমাণিত হইতেছে যে ইহা প্রথমতঃ পাকাশয়ের শ্লৈষ্মিক ঝিল্লির উপর কার্য্য করে।

ইহা সাল্‌ফেট্ অব্ জিঙ্কের ন্যায় দ্রুত কার্য্যকারী নহে এবং টার্টার্ এমেটিকের ন্যায় ইহাতে তত বিবমিষা হয় না। এজন্য ইহা শেষোক্ত দুই ঔষধের মধ্যবর্ত্তী স্থান অধিকার করে, এরূপ বলা যাইতে পারে।

লেরিংস্ অথবা ট্রেকিয়া হইতে কৃত্রিম ঝিল্লি অথবা আগন্তুক বস্তু বাহির করিবার জন্য, ইহা বিশেষ উপকারী।

ইহার আশ্চর্য্য ক্রিয়া এই যে ইহা অল্প মাত্রায় দিলে বমন নিবারণ করে। সুতরাং গর্ভাবস্থায়, স্তন্যদান সময় বা ঋতুর সময় স্ত্রীলোকদের বমন, ছেলেদের পাকাশয়ের উত্তেজনা বশতঃ বমন, এবং অন্যান্য প্রকার যেসব অজীর্ণাবস্থাতে বমন এবং বিবমিষা রূপ উপসর্গ ঘটে তাহাতে, ১ মিনিম্ মাত্রায় ইপিকাকুয়ানা ওয়াইন্ ১ ঘণ্টা অন্তর দিলে নিশ্চয় উপকার হইয়া থাকে। মদ্যপায়ীদের প্রাতঃকালীন বমনেও ইহার দ্বারা উপকার হয় কিন্তু এরোগে অল্প মাত্রায় লাইকার্ আর্সেনিকেলিস্‌দ্বারা অধিক উপকার হইয়া থাকে। শারীরিক দুর্ব্বলতাবশতঃ কিম্বা তরুণ ব্যাধি হইতে আরোগ্য কালে কখন কখন প্রাতে যে বমন হয় তাহা, শিশুদের পাকাশয়ের (Acute Catarrh) বা তরুণ শর্দ্দি বশতঃ যে বমন হয় তাহা, এবং হুপিংককে কাশীর উগ্রতাবশতঃ যে বমি হয় তাহাও এরূপ চিকিৎসাদ্বারা ভাল হইয়া থাকে। হুপিংকফে ইহা দ্বারা বমির উপশম না হইলে এলাম্ বা ফট্‌কিরি দ্বারা উপকার হইয়া থাকে। অন্য যে এক প্রকার বমিদ্বারা, বিবমিষা, পাকাশয়ে বেদনা, কিম্বা অন্য কোন অসুখ না হইয়া অমনি আহারের পর খাদ্য দ্রব্য বহির্গত হয়, তাহাও ইহাদ্বারা আরোগ্য হইয়া থাকে। উক্ত অবস্থায় আর্সেনিক্ ইহা অপেক্ষা অধিক ফলপ্রদ।

(২) রক্তসঞ্চালনের উপর—

বিবমিষা বা বমনজনিত সচরাচর

যে অবসাদ হয়, তদ্ভিন্ন হৃৎপিণ্ড বা রক্তসঞ্চালনের উপর ইহার কোন ক্রিয়া হয় না।

(৩) শ্বাসপ্রশ্বাস এবং শারীরিক উত্তাপের উপর—বমন হেতু নিশ্বাস-প্রশ্বাসের যে ক্ষণিক চঞ্চলতা ঘটে তদ্ভিন্ন এ ঔষধের দ্বারা ইহার বেগের আর কোন ব্যতিক্রম হয় না। ব্রঙ্কিয়েল্ টিউবের শ্লৈষ্মিক ঝিল্লি হইতে স্রাব ইহাদ্বারা নিশ্চয়ই বৃদ্ধিপ্রাপ্ত হয়।

(৩) ইহা উৎকৃষ্ট কফনিঃসারক, ইহা ফুস্‌ফুসের শ্লেষ্মাকে তরল এবং দ্রব করিয়া, বহির্গত হইবার সুবিধা করিয়া দেয়। তজ্জন্য ইহা ব্রঙ্কাইটিস্ (Bronchitis), কমন্ ক্যাটার্ (Common Catarrh), উইণ্টার্ কফ্ (Winter Cough) ইত্যাদিতে সচরাচর ব্যবহৃত হয়। শিশুদের কাসিতে নিম্নলিখিত ব্যবস্থা দ্বারা উপকার হয়।

℞

Sodæ Bicarb.	gr.xvi
Spt. Æther Nit.	ʒi
Tinct. Camph. Co.	ʒss
Vin. Ipecac	m.xxxii
Aqua Anethi ad	℥ii

M. ft. Dose, two teaspoonful for a child 2 years old.

(৪) পরিপাক এবং স্রাবকযন্ত্রের উপর—

(ক) পাকস্থালী এবং অন্ত্রের ঔপর—পাকাশয়ে নিউমোগ্যাষ্ট্রিক্ স্নায়ুর যে সকল শেষ শাখা আছে, তাহাদিগকে উত্তেজিত করিয়া প্রত্যাবর্ত্তন ক্রিয়াদ্বারা বমি উৎপাদন করে। অন্ত্রের শ্লৈষ্মিক ঝিল্লির উপর ও প্রায় ঐরূপ ক্রিয়া করে।

(৪) (ক) অধিক পানভোজনবশতঃ পাকাশয় উৎপীড়িত হইয়া অসুখ জন্মিলে ইপিকাক্ বমনকারকস্বরূপ ব্যবহৃত হয়।

একিউট্ ডিসেণ্টেরিতে (Acute Dysentery) ইহা অব্যর্থ স্পিসিফিক্‌স্বরূপ কার্য্য করে। উক্ত রোগের প্রথমাবস্থায় যত শীঘ্র সম্ভব ১৫ হইতে ৩০ গ্রেণ মাত্রায় ইপিকাকুয়ানা দিতে হয়। ইহা যত অল্পপরিমাণ তরল

পদার্থের সহিত ব্যবহার করিতে পারা যায় ততই ভাল। তজ্জন্য মধু কিম্বা গ্লিসিরিণের সহিত লেহন করিয়া খাইলে সুবিধা হয়। ইহা ব্যবহারের অর্দ্ধ ঘণ্টা পূর্ব্বে রোগীকে ১৫—৩০ মিনিম্ মাত্রায় লডেনাম্ দিলে উপকার হয়। ইহা খাওয়ানের পরে রোগীকে সুস্থিরভাবে শয়ন করাইয়া রাখিবে, এবং অন্যূন ৩ ঘণ্টা পর্য্যন্ত কোন তরল পদার্থ খাইতে দিবেনা। পিপাসা হইলে অল্প বরফ কিম্বা এক টিস্পুন্ ঠাণ্ডা জল দেওয়া যাইতে পারে। এরূপ করিলে ২ ঘণ্টা পর্য্যন্ত বিবমিষা কিম্বা বমি হয় না। পেটে সিনাপিজম্ কিম্বা টার্পেণ্টাইনের ফোমেণ্টেশন্ ব্যবহার করা উচিত। লক্ষণের প্রবলতা এবং ঔষধের উপকারিতা অনুসারে ৮। ১০ ঘণ্টা পরে কিছু কম মাত্রায় উপরোক্তরূপ সতর্কতার সহিত পুনর্ব্বার ইহা ব্যবহার করা যাইতে পারে। এরূপ চিকিৎসায় পেটকামড়ানি (*tormina*) ও শূল (*tenesmus*) কম হয়, আর দাস্ত মলবৎ এবং শ্লেষ্মা ও রক্তশূন্য হয়, অপর্য্যাপ্ত ঘর্ম্ম হইয়া রোগী নিদ্রা যায় ও নিদ্রাবসানে স্বচ্ছন্দতা বোধ করে। কিছুদিন ব্যাপিয়া এরূপ চিকিৎসা করা আবশ্যক হইলে কিছু অল্প মাত্রায় উক্ত ঔষধ ব্যবস্থা করিবে, এবং এরূপ ভাবে দিবে যেন রোগীকে মধ্যে মধ্যে লঘু আহার দিতে পারা যায়। পীড়া যত কম হয় ঔষধ তত কম মাত্রায় দিবে। পেটে ক্লোরোফর্ম্ লিনিমেণ্ট্ মর্দ্দন কিম্বা ফোমেণ্টেশন্ বা টার্পেণ্টাইন্ ষ্টুপ্ প্রয়োগ করিলে পেট্‌কামড়ানি ইত্যাদি কষ্ট কম হয়। রোগারোগ্যের পর যদি অল্প উদরাময় থাকে তবে মৃদু এষ্ট্রিঞ্জেণ্ট্ মিক্শ্চার্ (যেমন চক্-মিক্-শ্চার্, ওপিয়ম্ সহ কিম্বা ব্যতীত এরোম্যাটিক্ পাউডার্ অব্ চক্ ইত্যাদি) দ্বারা উপকার হয়। ইহার তরুণাবস্থায় ধারক ঔষধ অনাবশ্যক ও বিপদজনক। এতৎ সম্বন্ধে ডাং ম্যাক্লিন্ (Dr. Maclean) সাহেবের মত নিম্নে বিবৃত হইল।

১। অধিক মাত্রায় ইপিকাকুয়ানাদ্বারা একিউট্ ডিসেণ্ট্রি যত শীঘ্র এবং সম্যক্‌রূপে আরোগ্য হয়, অন্য ঔষধদ্বারা তেমন হয়না।

২। ক্রনিক্ অপেক্ষা একিউট্ ডিসেণ্ট্রিতে ইহা অধিক ফলদায়ক।

৩। উল্লিখিতরূপ অধিক মাত্রায় ইহা অতি নিরাপদে দেওয়া যাইতে পারে; ইহা দ্বারা অতিরিক্ত বমন কিম্বা অন্য কোন মন্দ ফলের আশঙ্কা নাই।

৪। ইহাদ্বারা ইউরোপীয়দিগের যত উপকার হয়, ভারতবাসীদিগের তত হয় না।

ডিসেণ্টেরিক্ ডায়েরিয়াতে (বিশেষতঃ শিশুদের হইলে) ইপিকাকুয়ানা ¼ হইতে ½ গ্রেণ মাত্রায় অল্প চিনির সঙ্গে ১ হইতে ৩ ঘণ্টা অন্তর ব্যবহার করিলে উপকার হয়। কিন্তু আবশ্যক হইলে ইহার মাত্রা অধিক করিবে। উক্ত ব্যাধিতে মলে রক্ত ও শ্লেষ্মা এবং তৎসঙ্গে পেটবেদনা ও কুন্থন থাকিলে ইহা ব্যবহারে উত্তম ফল হয়। অন্যপ্রকার উদরাময়ে ইহাদ্বারা উপকার হয় না।

(খ) যকৃতের উপর—ইপিকাক্‌দ্বারা পিত্তনিঃসারণ বৃদ্ধি এবং সেই পিত্তের উপাদান স্বাভাবিক পিত্তের ন্যায় হয়। ইহাদ্বারা অন্ত্রের শ্লেষ্মা-স্রাব অল্প বৃদ্ধি পায়।

(খ) এটনিক্ ডিস্‌পেপ্‌সিয়া রোগে, বিশেষতঃ যখন পিত্তনিঃসরণ কম কিম্বা তাহা খারাপ হয়, তখন ইপিকাকুয়ানা ½—১ গ্রেণ মাত্রায়, ৩।৪ গ্রেণ রুবার্ব্বের সঙ্গে আহারের পূর্ব্বে বটিকাকারে দিলে উপকার হইয়া থাকে। ইহা ব্যবহারে অন্ত্রের বল বৰ্দ্ধিত এবং মল সাধারণ আকার প্রাপ্ত হয়। লিভারের ক্রিয়া খারাপ হইলে, ইহা অল্প মাত্রায় অনেক দিন ব্যবহার করিলে উপকার দর্শিতে পারে।

(গ) চর্ম্মের উপর—ইহা অল্প-পরিমাণে ঘর্ম্ম বৃদ্ধি করে।

(গ) ওপিয়ামের সহিত ডোভার্স্ পাওডার্ আকারে ক্রনিক্ রিউমেটিজ্‌ম্ (Chronic Rheumatism) এবং জ্বরাদিতে উত্তম ঘর্ম্মকারকস্বরূপ ইহার ব্যবহার হইয়া থাকে।

MODE OF ELIMINATION.

বহির্গমনপ্রণালী।

ইহা বমনদ্বারা বহির্গত হইয়া অবশিষ্ট থাকিলে, সম্ভবতঃ পৈত্রিক এবং আন্ত্রিক স্রাবদ্বারা শরীর হইতে বহির্গত হইয়া থাকে।

লাটিন্।	ইংরেজী।
এমেটিনা।	এমেটাইন্।
Emetina.	Emetine.

ইহা ইপিক্যাকের এল্‌কেলয়েড্‌ বা উপক্ষার।

মাত্রা ১/৬—১/২ গ্রেণ, বমনকারক ; ১/২০—১/৮ গ্রেণ, কফনিঃসারক।

ক্রিয়া—প্রবল বমনকারক এবং অবসাদক।

Emetin.

এমেটিন্।

ইহা ইপিকাকুয়ানার সার (extractive); মাত্রা ১/৩২—১/১৬ গ্রেণ, কফ-নিঃসারক ; ১/৪—১ গ্রেণ, বমনকারক ; সলিউশন্ বা বটিকাকারে ব্যবহার্য্য।

Ipecacuanhæ sine Emetina.

এমেটিন্ ব্যতীত ইপিকাকুয়ানা।

ইহা ডিসেণ্টেরিতে ব্যবহৃত হয়, কিন্তু ইপিক্যাকের ন্যায় ইহাতে বমন জন্মাইবার সম্ভাবনা নাই। মাত্রা ১০—২০ গ্রেণ।

Apomorphia.

ইহা একটী উপক্ষার এবং মর্ফিয়া হইতে প্রাপ্ত হওয়া যায়।

এপোমর্ফাইনি হাইড্রোক্লোরাস্। হাইড্রোক্লোরেট্ অব্ এপোমর্ফাইন্।

Apomorphinæ Hydrochloras. Hydrochlorate of Apomorphine.

মাত্রা ১/৩২—১/১৬ গ্রেণ, কফনিঃসারক ; ১/৮—১/৪ গ্রেণ সেবনে, এবং ১/২০—১/৮ গ্রেণ ত্বগন্তর্গতপিচকারীদ্বারা প্রয়োগে, বমনকারক।

প্রয়োগরূপ—

টেবেলি এপোমর্ফাইনি।

Tabellæ Apomorphinæ.

ইহার প্রত্যেক চাক্তিতে ১/৫০ গ্রেণ হাইড্রোক্লোরেট্ অব্ এপোমর্ফাইন্ আছে।

ইঞ্জেক্শিও এপোমর্ফাইনি হাইপোডার্মিকা।

Injectio Apomorphinæ Hypodermica.

ইহাতে শতকরা ২ ভাগ হাইড্রোক্লোরেট্ অব্ এপোমর্ফাইন্ আছে।

মাত্রা ২—৮ মিনিম্, কেবল ত্বগন্তর্গতপিচকারীদ্বারা ব্যবহৃত হয়।

সিরাপাস্ এপোমর্ফাইনি হাইড্রোক্লোরেটিস্।

Syrupus Apomorphinæ Hydrochloratis.

℞

Hydrochlorate of Apomorphine	5 grains.
Diluted Hydrochloric Acid	2 drachms.
Rectified Spirit	7 drachms.
Distilled water	7 drachms.
Syrup	18 ounces.

M. ft.

মাত্রা—½ হইতে ১ ড্রাম্।

ইহা ১/১০ গ্রেণ মাত্রায় ত্বগন্তর্গতপিচকারীদ্বারা ব্যবহার করিলে এক হইতে দুই মিনিটের মধ্যে বিবমিষা না হইয়া বমন হয়। ইহা নির্দ্দোষ, নিশ্চিত এবং আশু বমনকারক ঔষধ। সুরা, অহিফেণ ইত্যাদি মাদক ঔষধদ্বারা বিষাক্ত হইলে ইহার ১/৪ গ্রেণ ত্বগন্তর্গতপিচকারীদ্বারা ব্যবহার করিতে হয়।

শিশুদের ব্রঙ্কাইটিস্ (Bronchitis) এবং ক্যাটার‍্যাল্-নিউমোনিয়া রোগে ইহা কফনিঃসারকস্বরূপ ব্যবহার করিলে উপকার হয়। হিষ্টিরিয়া, কোরিয়া, এপিলেপ্‌সি ইত্যাদি রোগে ১/১৬—১/৮ গ্রেণ মাত্রায় ব্যবহার করিলে রোগীর আক্ষেপ (spasm) উপশমিত হইয়া থাকে।

যে সকল বমনকারক ঔষধ সচরাচর ব্যবহৃত হয় তাহাদের কয়েকটী ব্যবস্থাপত্র নিম্নে দেওয়া গেল।

STIMULANT EMETICS.

℞

Pulveris Sinapis	oz. ½
Aquæ	fl. oz. 3

Make a draught. To be taken immediately.

℞

Cupri Sulphatis	gr.10
Aquæ	fl. oz.3

Make an emetic draught.

℞

Zinci Sulphatis gr.20-30

Aquæ fl. oz.3 Mix.

উপরোক্ত ড্রাফ্‌ট্‌ সকল (draught) নানাপ্রকার বিষাক্ততাতে ব্যবহৃত হয়।

রোগী গলাধঃকরণ করিতে অসমর্থ হইলে—

℞

Apomorphinæ Hydrochloras ১/১৫—১/৮ গ্রেণ ত্বগন্তর্গতপিচকারীদ্বারা ব্যবহার করিলে দুই এক মিনিটের মধ্যে নিশ্চয়ই বমন হইয়া থাকে।

ষোড়শ অধ্যায়।

প্রথমবিভাগীয় চতুর্থশ্রেণীস্থ তৃতীয় উপশ্রেণী।

PURGATIVES OR CATHARTICS.

বিরেচক ঔষধসকল।

যে সকল ঔষধ অন্ত্রের ক্রিয়া বৃদ্ধি করিয়া ক্ষুদ্র ও বৃহৎ অন্ত্রকে পরিষ্কার করে এবং তদ্ভিন্ন ন্যূনাধিকরূপে মলের অবস্থার পরিবর্ত্তনসংঘটন ও করিয়া থাকে, তাহাদিগকে বিরেচক ঔষধ কহে। ইহাদিগকে ছয় ভাগে বিভক্ত করা হইয়াছে। যথা—

(১) LAXATIVE PURGATIVES.

মৃদুবিরেচক ঔষধ।

(১) ডুম্বুর (Figs)

(২) আলুবখেরা (Prunes)

(৩) মধু (Honey)

(৪) গুড় (Treacle)

(৫) ম্যানা (Manna)

(৬) তেঁতুল (Tamarinds)

(৭) ক্যাসিয়া পাল্প্ (Cassia pulp)
(৮) সাল্‌ফার্ (Sulphur)
(৯) অলিভ্ অয়েল্ (Olive oil)
(১০) ক্যাষ্টার্ অয়েল্ (Castor oil)
(১১) ম্যাগ্‌নেসিয়া (Magnesia)
(১২) কার্ব্বনেট্ অব্ ম্যাগ্নেসিয়াম্ (Carbonate of magnesium)

(২) SIMPLE PURGATIVES.

সাধারণ বিরেচক ঔষধ।

(১) রুবার্ব্ (Rhubarb)
(২) সেনা (Senna.)
(৩) বাক্‌থর্ণ্ জুস্ (Buckthorn juice)
(৪) এলোজ্ (Aloes)
(৫) জ্যালাপ্ (Jalap)
(৬) ক্যাস্কারা সাগ্রাডা (Cascara Sagrada)
(৭) রাম্‌নাস্ ফ্রাঙ্গুলা (Rhamnus Frangula.)

(৩) DRASTIC PURGATIVES.

প্রবল বিরেচক ঔষধ।

(১) জ্যালাপ্ (Jalap)
(২) স্কামনি (Scammony)
(৩) কলোসিন্থ্ (Colocynth)
(৪) ক্রোটন্ অয়েল্ (Croton oil)
(৫) পডোফাইলাম্ রেজিন্ (Podophyllum resin)
(৬) গ্যাম্বোজ্ (Gamboge)

(৪) HYDRAGOGUE PURGATIVES.

তরলভেদজনক বিরেচক ঔষধ।

(১) গ্যাম্বোজ্ (Gamboge)
(২) ইলেটিরিয়াম্ (Elaterium)

(৩) ইলেটিরিন্ (Elaterin)

(৪) অধিক মাত্রায় ক্রিম্ অব্ টার্টার্ (Cream of tartar in large doses.)

(৫) SALINE PURGATIVES.

লাবণিক বিরেচক ঔষধ।

(১) ফস্ফেট্ অব্ সোডিয়াম্ (Phosphate of sodium.)

(২) টার্ট্রেট্ অব্ পটাশিয়াম্ (Tartrate of potassium.)

(৩) টার্টারেটেড্ সোডা (টার্ট্রেট্ অব্ সোডিয়াম্ এবং পটাশিয়াম্) Tartarated soda. (Tartrate of sodium and potassium.)

(৪) সাল্ফেট্ অব্ সোডিয়াম্ (Sulphate of sodium.)

(৫) সাল্ফেট্ অব্ ম্যাগ্নেসিয়াম্ (Sulphate of magnesium)

(৬) সাইট্রেট্ অব্ ম্যাগ্নেসিয়াম্ (Citrate of magnesium)

(৭) সাল্ফেট্ অব্ পটাশিয়াম্ (Sulphate of potassium)

(৮) পরিমিত মাত্রায় ক্রিম্ অব্ টার্টার্ (Cream of tartar in moderate doses.

(৬) CHOLAGOGUE PURGATIVES.

পিত্তনিঃসারক বিরেচক ঔষধ।

(১) গ্রে-পাউডার্ (Grey powder)

(২) ব্লু পিল্ (Blue pill)

(৩) ক্যালোমেল্ (Calomel)

(৪) এলোজ্ (Aloes)

(৫) এলোইন্ (Aloin)

(৬) পডোফাইলাম্ রেজিন্ অথবা পডোফিলিন্ (Podophyllum resin or podophylline)

(৭) অধিক মাত্রায় টারাক্সেকাম্ (Taraxacum in large doses) ?

(৮) কল্চিকাম্ (Colchicum) ?

(৯) অল্পমাত্রায় সাল্ফার্ (Sulphur in small doses)

ADJUVANTS TO PURGATIVES.

বিরেচকের সহায়সমূহ।

(ক) এই শ্রেণীস্থ কতকগুলি ঔষধ অন্ত্রকে বল কিম্বা সঙ্কোচনশক্তি প্রদান করিয়া বিরেচক ঔষধদিগের ক্রিয়ার সাহায্য করে; যথা—নক্স্ ভমিকা, ষ্ট্রিক্নিন্, আর্গট্ এবং সালফেট্ অব্ আয়রন্।

(খ) অন্য কতকগুলি অন্ত্রের আকুঞ্চনের সমতা এবং আক্ষেপনিবারণ করে; যথা—সুগন্ধি এবং অন্যান্য উদ্বায়ীতৈল, হেন্‌বেন্, ষ্ট্র্যামোনিয়াম্, এবং বেলাডোনা।

(গ) অপর কতকগুলি অন্ত্রের শ্লেষ্মনিঃসরণ বৃদ্ধি এবং আক্ষেপ হ্রাস করে; যথা—অল্পমাত্রায় ইপিক্যাক্ এবং এণ্টিমোনিঘটিত ঔষধসমূহ।

(ঘ) এনিমেটা বা গুহ্যদ্বারের পিচকারী ব্যবহার, উদরে শৈত্যপ্রয়োগ এবং ঘর্ষণদ্বারাও এই কার্য্যের সহায়তা হয়।

বিরেচকঔষধ সমূহের ক্রিয়া।

এই শ্রেণীস্থ ঔষধ মাত্রেই অন্ত্রের ক্রিমিবৎ স্পন্দন (Peristaltic action) বৃদ্ধি করিয়া থাকে, কিন্তু এই সকল ঔষধ বিভিন্নপ্রকারে ক্রিয়া করে বলিয়া তাহাদিগকে নানা উপশ্রেণীতে বিভক্ত করা হইয়াছে। যাহা হউক, বিরেচক ঔষধের আর একটি সাধারণ ধর্ম্ম এই যে ইহারা মলের গাঢ়তার হ্রাস করিয়া থাকে। এরূপ হইবার কারণ এই যে, শীঘ্র শীঘ্র অন্ত্র হইতে মল নির্গত হওয়ায় বৃহৎ অন্ত্রে উহার জলীয়াংশ সম্পূর্ণ শোষিত হইতে পারে না।

(১) যে সকল ঔষধ প্রয়োগ করিলে কিয়ৎপরিমাণে অন্ত্রের পেরিষ্ট্যাল্টিক্ একশন্ বা ক্রমিবৎ স্পন্দন বৃদ্ধি পায়, আর মল অল্প কোমলতা প্রাপ্ত হয়, তাহাদিগকে মৃদুবিরেচক ঔষধ কহে।

ইহাদের মধ্যে কতকগুলি অন্যগুলি অপেক্ষা প্রবলরূপে কার্য্য করে এবং উপরোক্ত তালিকায় ক্রিয়ার তারতম্যানুসারে তাহাদের সন্নিবেশ হইয়াছে এবং অতি মৃদুটীকে সর্ব্বোচ্চ স্থান দেওয়া হইয়াছে।

(২) যে সকল ঔষধের ক্রিয়া মৃদুবিরেচক (laxative) অপেক্ষা কিঞ্চিৎ অধিক এবং প্রবলবিরেচক অপেক্ষা কিঞ্চিৎ কম তাহাদিগকে সিম্প্ল্ পার্গেটিভ্

(Simple Purgative) বা সাধারণ বিরেচক ঔষধ কহে। ইহারা অন্ত্রের ক্রমিবৎ স্পন্দন এবং স্রাব অল্প পরিমাণে বর্দ্ধিত করে। ইহাদের কার্য্যকারিতা ভিন্ন ভিন্ন, যথা—এলোজ্ বৃহৎ অন্ত্রে ক্রিয়া করে, এবং তথা হইতে স্রাব কদাচিৎ বৃদ্ধি করিয়া থাকে; জ্যালাপ্ অধিক স্রাব বৃদ্ধি করে এবং সেনা অন্ত্রের অধিক সংকোচন জন্মাইয়া পেটকামড়ানি উৎপত্তি করিয়া থাকে। কেবলমাত্র অন্ত্র পরিষ্কার করিবার উদ্দেশ্যে এই শ্রেণীস্থ বিরেচক ঔষধসকল ব্যবহৃত হয়।

(৩) সাধারণ বিরেচকঅপেক্ষা অধিক কার্য্যকর ঔষধদিগকে ড্রাষ্টিক্ পার্গেটিভ্ (Drastic Purgative) বা প্রবল বিরেচক ঔষধ কহে। এই শ্রেণীস্থ ঔষধসকল কোষ্ঠ বা অন্ত্র পরিষ্করণ, অন্ত্রের শ্লৈষ্মিক ঝিল্লিকে উত্তেজিত করতঃ ডেরিভেটিভ্ ক্রিয়া প্রকাশ, অন্ত্রের গ্রন্থিসমূহ হইতে স্রাব বর্দ্ধন এবং রক্ত হইতে জলীয়াংশের নিক্রামণের উদ্দেশ্যে ব্যবহৃত হইয়া থাকে।

এই শ্রেণীস্থ ঔষধ অধিক মাত্রায় সেবন করিলে অসুখ ও পতনাবস্থা হইতে এবং অন্ত্রের প্রদাহ হইয়া মৃত্যু পর্য্যন্ত ও ঘটিতে পারে।

(৪) Hydragogue Purgative বা তরলভেদজনক বিরেচক ঔষধ। এই শ্রেণীস্থ ঔষধসকল অন্ত্রের শ্লৈষ্মিক ঝিল্লিহইতে প্রচুর পরিমাণে জলীয় পদার্থ বহির্গত করিয়া থাকে এবং রক্ত হইতে জল বাহির করিয়া শিরাসমূহকে শূন্য করে। সমুদয় প্রবল বিরেচকই কিয়ৎপরিমাণে হাইড্রেগগ্ (Hydragogue) ক্রিয়া বিশিষ্ট, কিন্তু ইলেটিরিয়াম্ ও ক্রিম্ অব্ টার্টারের এই ক্রিয়া সর্ব্বাপেক্ষা প্রবল। বিরেচক ঔষধের অপরাপর ক্রিয়ার সহিত এই ক্রিয়ার বিশেষ কোন সম্বন্ধ নাই। অনেক সময় ক্রিম্ অব্ টার্টার্ প্রয়োগে বিরেচন হয় না। কিন্তু তাহা বলিয়া উহা যে হাইড্রেগগ্ ক্রিয়া প্রকাশ না করে তাহা নহে। তবে জল মলদ্বারদিয়া নির্গত না হইবার কারণ এই যে, ইহা অন্ত্রের মিউকাস্ মেম্ব্রেন্ হইতে নির্গত হয় বটে কিন্তু অপরাপর ঔষধের ন্যায় এই ঔষধ দ্বারা অন্ত্রের ক্রমিবৎ গতি উপযুক্তমতে বৃদ্ধি না হওয়াতে উহা পুনরায় আচোষিত হইয়া যায়। এই জন্য এই ঔষধ অপর কোন বিরেচক ঔষধসহ ব্যবস্থা করা আবশ্যক। কম্পাউণ্ড্ জ্যালাপ্ পাউডার্ এরূপ ব্যবহার উদাহরণ।

পোর্টাল্ ভেইনের রক্তাধিক্য হইলে এইশ্রেণীস্থ ঔষধ বিশেষ উপকার

করিয়া থাকে। প্রবল বিরেচক ঔষধের ন্যায় এই শ্রেণীস্থ ঔষধও ডেরিভেটিভ্ ক্রিয়া উৎপাদনার্থ ব্যবহৃত হইয়া থাকে।

(৫) Saline Purgative বা লাবণিক বিরেচক। ইহাদের বিস্তারণ-শক্তি কম বলিয়া ইহারা রক্তে অতি কষ্টে প্রবেশ করে ও অন্ত্রে থাকিয়া যায় এবং সেই সময় তাহারা অন্ত্রস্থ তরল পদার্থ শোষণ, ধারণ এবং নিষ্ক্রামণ করে। অধিকন্তু ইহারা রক্ত হইতে সাক্ষাৎরূপে জল বহির্গত করে।

(৬) কতকগুলি ঔষধ এইরূপ আছে যে, তাহারা অন্ত্রসংশ্লিষ্ট কতিপয় গ্রন্থির ক্রিয়া বৃদ্ধি করিয়া থাকে। এই ক্রিয়া যকৃতের উপর অধিক প্রকাশিত হয়। এই শ্রেণীস্থ ঔষধের প্রয়োগে পিত্তকোষ হইতে অন্ত্রে অধিকপরিমাণে পিত্তনিঃসৃত হয় বলিয়া ইহাদের কোলেগগ্ (Cholagogue) নাম দেওয়া হইয়াছে। ন্যূনাধিকরূপে সকল বিরেচকেরই পিত্তনিঃসারক গুণ আছে। এই শ্রেণীস্থ ঔষধগুলির মধ্যে পারদঘটিত ঔষধ এবং পডোফাইলিনের পিত্ত-নিঃসারণক্রিয়া অধিক।

নিম্নলিখিত উদ্দেশ্যে বিরেচক ঔষধসমূহ ব্যবহৃত হয়।

(১) যদি অন্ত্র ভালরূপ ক্রিয়া না করে তবে তাহাকে পরিষ্কার করা।

(২) অন্ত্রস্থিত উত্তেজিত পদার্থের দূরীকরণ।

(৩) যকৃত ও প্যাংক্রিয়াস্ এবং অন্ননালীর মিউকাস্ মেম্ব্রেণের গ্রন্থিদিগের স্রাব বৃদ্ধি করা।

(৪) অন্ত্রের শ্লৈষ্মিকঝিল্লিস্থ শিরাসমূহ হইতে জলীয় নিঃস্রাব বর্দ্ধিত করিয়া বৃক্ক প্রভৃতি আভ্যন্তরিক যন্ত্রের রক্তাধিক্য নিবারণ।

(৫) অন্ত্রের বিস্তৃত শ্লৈষ্মিক ঝিল্লির উত্তেজনা এবং তথা হইতে স্রাব বৃদ্ধি করিয়া কাউণ্টার্-ইরিটেশন্ কার্য্য করাইয়া মস্তক কিম্বা অন্যান্য ইন্দ্রিয়ের রক্তা-ধিক্যাদির উপশম করা।

লাটিন্।	ইংরেজী।
ওলিয়াম্ রিসিনি।	ক্যাষ্টার্ অয়েল্।
Oleum Ricini.	Castor oil.

ইহা রিসিনাস্-কমিউনিস্ নামক বৃক্ষের বীজ হইতে নিষ্পীড়িত তৈল।

EXTERNAL USES.

বাহ্য ব্যবহার।

ক্যাষ্টার্ অয়েল্ অনুত্তেজক। কিন্তু ইহা কম দুর্গন্ধযুক্ত হইলে বাহ্য কোন কোন অবস্থায় ব্যবহৃত হইত। যাহাহউক চক্ষুর কর্ণিয়ার এপিথিলিয়ামের, এবং ক্ষতপ্রযুক্ত চক্ষুর ক্ষণিক উত্তেজনা হইলে উহার বাহ্য প্রয়োগে স্নিগ্ধকারক ক্রিয়া প্রকাশিত হয়। অধিকন্তু বালুকা কণিকাদি আগন্তুক পদার্থ চক্ষে পড়িলে তাহা বহির্গত করার পরে চক্ষুতে ১। ২ ফোঁটা ক্যাষ্টার্ অয়েল্ দিলে তজ্জনিত উত্তেজনা উপশমিত হইয়া থাকে। ইহা চর্ম্মে মালিশ করিলে রেচন হইয়া থাকে।

INTERNAL USES.

আভ্যন্তরিক ব্যবহার।

ফিজিওলজিক্যাল্ ক্রিয়া—

ইহা অন্ত্রের কৃমিবৎ-গতি এবং তাহার সিক্রিশন্ অল্প বৃদ্ধি করে। ইহার বিরেচনক্রিয়ার পর কিছু ধারক ক্রিয়া প্রকাশিত হইয়া থাকে। ইহা অন্ত্রস্থ গ্রন্থি সমূহকে উত্তেজিত করে কিন্তু লিভার্‌কে উত্তেজিত করে না।

ইহার বীজ অত্যন্ত উত্তেজক, ইহা সেবনে গ্যাষ্ট্রো-ইন্টেষ্টিন্যাল্ ইরিটেশন্ বা পাকস্থালী ও অন্ত্রের উত্তেজনা হয়। ইহার ৩টী বীজ খাইয়া একটী যুবকের মৃত্যু হইয়াছিল।

থিরাপিউটিক্যাল্ ব্যবহার—

ইহা মৃদু এবং উত্তম বিরেচক বলিয়া ইহাদ্বারা কোন অসুখ কিম্বা পেটকামড়ানি না হইয়া অন্ত্র পরিষ্কার হইয়া থাকে। কেবল অন্ত্র পরিষ্কার উদ্দেশ্যেই ইহা ব্যবহৃত হয়। কিন্তু ইহা সচরাচর ব্যবহার করা উচিত নহে। কারণ ইহা ব্যবহারের পর কিছু কোষ্ঠবদ্ধ হইয়া থাকে। এই ধারক গুণ থাকা প্রযুক্ত ইহা সচরাচর উদরাময়ের চিকিৎসায় উত্তম। কারণ ইহা অন্ত্রের উত্তেজক পদার্থ বাহির করিয়া পরে সঙ্কোচন ক্রিয়া প্রকাশ করে।

কলিক্‌রোগে ক্যাষ্টার্ অয়েল্ সহ্য হইলে এক হইতে ২ ড্রাম্ মাত্রায় ১ কি ২ ফোঁটা অয়েল্ অব্ পিপার্মেন্ট্ এবং ১০ হইতে ২০ মিনিম্ টিংচার্ অব্ ওপিয়ামের সঙ্গে দিলে সচরাচর অধিক উপকার পাওয়া যায়।

হ্যাবিচুয়েল্ কনষ্টিপেশন্ বা আভ্যাসিক কোষ্ঠবদ্ধে ক্যাষ্টার্ অয়েলের ন্যায় বিরেচক ঔষধ আর নাই। ইহা শীঘ্র কার্য্য করে ও কোনপ্রকার বেদনা জন্মায় না এবং অন্যান্য বিরেচক ঔষধের ন্যায় ইহার বিরেচন ক্রিয়ার পর কোষ্ঠবদ্ধ কম হইয়া থাকে। ইহা শিশু এবং গর্ভবতী স্ত্রীলোকদিগের পক্ষে বিশেষ উপকারী।

CASTOR OIL DRAUGHT.

℞	Oleum Ricini	℥ss—℥i
	Mucilaginis Acaciæ	ʒii
	Syrupi Simplicis	ʒii
	Aquæ Cinnamomi	℥ii

M. ft. draught to be taken at once.

℞	Ol. Ricini	ʒiii
	Tinct. Opii	m.x
	Syrupi zingiberis	ʒi
	Aquæ menth. pip.	ad ℥ii

M. ft. একমাত্রা।

উত্তেজনা বশতঃ ডায়েরিয়া হইলে ইহা উত্তম।

MAGNESIUM AND ITS PREPARATIONS.

ম্যাগ্নেসিয়াম্ এবং তাহার প্রয়োগরূপসকল।

সাধারণ ফিজিওলজিক্যাল্ ক্রিয়া—ম্যাগ্নেসিয়া এবং ইহার কার্ব্বনেটের এসিড্কে সমক্ষারায় করার বেশ ক্ষমতা আছে এবং ইহারা অন্ত্রের কার্ব্বনিক্ এসিড্ দ্বারা বাইকার্ব্বনেটে পরিণত হইয়া মৃদু বিরেচকের ন্যায় কার্য্য করিয়া থাকে।

সাল্ফেট্ অব্ ম্যাগ্নেসিয়াম্ প্রবলরূপে কার্য্য করে এবং প্রচুরপরিমাণে জলবৎ ভেদ জন্মাইয়া থাকে।

থিরাপিউটিক্যাল্ ব্যবহার—

তজ্জন্য ম্যাগ্নেসিয়া এবং ম্যাগ্নেসিয়াম্ কার্ব্বনেট্, অম্লনাশক, বেদনা কিম্বা বুকজ্বালার উপশমক, মৃদু বিরেচক, এবং ছোট ছোট ছেলেদের পক্ষে ব্যবহার্য্য। অনেকদিন ব্যবহার করিলে পেটে পাথরের মত প্রস্তুত হইতে দেখা যায় বলিয়া ইহা বেশী দিন ব্যবহার করা উচিত নয়। ইহা ফ্লুইড্ ম্যাগ্নেসিয়া (Fluid Magnesia)

নিম্নলিখিতরূপে সাল্‌ফেট্‌ অব্‌ ম্যাগ্নেসিয়ার কার্য্য সাধিত হয়। ইহার বিস্তারণশক্তি অল্প বলিয়া সহজে রক্তে যাইতে পারে না। ইহা অন্ত্রে থাকে ও তথাকার জলীয় পদার্থকে আকর্ষণ করিয়া পুনর্ব্বার শোষিত হইতে দেয়না। অধিকন্তু আধুনিক পরীক্ষা দ্বারা স্থিরীকৃত হইয়াছে যে ইহা অন্ত্রস্থ শিরাসকল হইতে রক্তের জলীয় অংশ শোষণ করে।

আকারে ১—২ আউন্স্‌ মাত্রায় ব্যবস্থা করা যায়। ইহার ১আউন্সে ১৩ গ্রেণ কার্ব্বনেট্‌ অব্‌ ম্যাগ্নেসিয়াম্‌ আছে। ইহার ১ আউন্স্‌ ১৭ গ্রেণ সাইট্রিক্‌ এসিড্‌ অথবা অর্দ্ধ আউন্স্‌ টাট্‌কা লেবুররসের সহিত মিশ্রিত করিলে উত্তম উচ্ছ্বসিত বিরেচক প্রস্তুত হয়।

বালকদিগের জন্য—

Red mixture.

℞

Mag. carb.	gr.xii
Rhubarb	gr.x
Spt. ammon. aromat.	♏.x
Aquæ Anethi	℥vii

M. *ft.* এক ড্রাম্‌ মাত্রায় প্রতি দুইঘণ্টা অন্তর সেব্য। ইহা ছোট ছোট ছেলেদের কোষ্ঠবদ্ধে দেওয়া যায়। উক্ত ম্যাগ্নেসিয়ার পরিবর্ত্তে বাইকার্ব্বনেট্‌ অব্‌ সোডা দেওয়া যায়। সাল্‌ফেট্‌ অব্‌ ম্যাগ্নেসিয়াম্‌ ১ ড্রাম্‌ হইতে ৪ ড্রাম্‌ মাত্রায় সর্ব্বদা সামান্য কোষ্ঠবদ্ধতায়, বসন্ত ও জ্বরাদির প্রথমাবস্থায় এবং পুরাতন সীসধাতুর বিষাক্ততায় ব্যবহৃত হইয়া থাকে, আর দুর্ব্বলাবস্থায় ইহার ব্যবহার করিতে হইলে, সাল্‌ফেট্‌ অব্‌ আয়রণের সহিত দেওয়া উচিত। কেহ কেহ বলেন যে ইহার পিত্তনিঃসারক গুণও আছে। কিন্তু ডাং রাথার্ফোর্ড্‌ (Dr. Rutherford) দেখাইয়াছেন যে ইহা পিত্ত বদ্ধ করিয়া থাকে।

• পুল্‌না (Pullna), সিড্‌লিজ্‌ (Seidlitz), এবং ফ্রিড্রিক্‌শল্‌ (Friedrich-shall) নামক মিনার‍্যাল্‌ ওয়াটার্‌ বা ধাতবজলে ইহা বর্ত্তমান আছে।

সাল্‌ফেট্‌ অব্‌ ম্যাগ্নেসিয়া যে কেবল ন্যক্কারজনক তাহা নহে, ইহা সেবনে পেটকামড়ানি, কুন্থন এবং অসুখজনক পেটফাঁপা হইতে পারে বলিয়া,

ইহা সচরাচর সেনা, কার্ডেমন্ এবং লাইকারিসের সঙ্গে (যেমন Mist. Sennæ Co.), কিম্বা অম্ল এসিড্ এবং সাল্ফেট্ অব্ আয়রণের (যাহা সম্ভবতঃ উহার বিরেচক ক্রিয়া বৃদ্ধি করে) সহিত ব্যবস্থা করা হয়। নিম্নলিখিত ব্যবস্থাপত্র গুলি উদাহরণস্বরূপ দেওয়া গেল।

℞

Magnesii sulphatis		℥ii
Syrupi zingiberis		ʒss
Infusi rosæ acidi	ad	℥viii

M. ft. এক আউন্স্ মাত্রায় প্রতি ৩ ঘণ্টা অন্তর সেব্য।

℞

Magnesii Sulphatis		℥ii
Ferri Sulphatis		gr. xxiv
Acidi Sulphurici diluti		ʒii
Infusi Quassiæ	ad	℥viii

M. ft. mistura.

১ আউন্স্ মাত্রায় প্রতিদিন প্রাতে সেব্য।

℞ Magnesii sulphatis		℥ii
„ carbonatis		ʒii
Syrupi zingiberis		℥i
Aquæ menthæ piperitæ	ad	℥viii

M. ft. mistura.

১ আউন্স্ মাত্রায় প্রতি ৪ ঘণ্টা অন্তর। ইহা ব্যবহারের পূর্ব্বে শিশি নাড়িবে।

TTE WHITE MIXTURE OF HOSPITALS.

℞ Magnesiæ Sulphatis.	oz. 1½
Magnesiæ Carbonatis	gr. 120
Aquæ Menthæ Piperitæ	fl. oz. 8

M. ft. mixture. Dose—⅛ part early every morning.

উপরোক্ত ব্যবহার সহিত ২ ড্রাম্ কল্‌চিকাম্ ওয়াইন্ (বিশেষতঃ গাউট্‌গ্রস্ত রোগীদিগের পক্ষে) যোগ করিলে ভাল হয়।

ল্যাটিন্।	ইংরেজী।
রিয়াই রেডিক্স্।	রুবার্ব্ রুট্।
Rhei Radix.	Rhubarb Root.

রিয়াম্-পাল্‌মেটাম্ নামক বৃক্ষের এবং ঐ জাতীয় অন্যান্য বৃক্ষের শুষ্ক মূল।

চূর্ণের মাত্রা ১—৫ গ্রেণ, আমের ; ১০—৩০ গ্রেণ, বিরেচক।

প্রয়োগরূপ—

এক্‌ষ্ট্র্যাক্টাম্ রিয়াই।	এক্‌ষ্ট্র্যাক্ট্ অব্ রুবার্ব্।
Extractum Rhei.	Extract of Rhubarb.

মাত্রা ৫—১৫ গ্রেণ।

ইন্‌ফিউজাম্ রিয়াই।	ইন্‌ফিউশন্ অব্ রুবার্ব্।
Infusum Rhei.	Infusion of Rhubarb.

মাত্রা ১—২ আউন্স্।

পাইলিউলা রিয়াই কম্পজিটা।	কম্পাউণ্ড্ রুবার্ব্ পিল্।
Pilula Rhei Composita.	Compound Rhubarb Pill.

মাত্রা ৫—১০ গ্রেণ।

পাল্‌ভিস্ রিয়াই কম্পজিটাস্।	কম্পাউণ্ড্ পাউডার্ অব্ রুবার্ব্।
Pulvis Rhei Compositus.	Compound powder of Rhubarb.

ইহাকে গ্রিগরিজ্ পাউডার্ (Gregory's powder) বলে।

মাত্রা শিশুদের জন্য ৫—১০ গ্রেণ এবং প্রাপ্ত বয়স্কদিগের জন্য ২০—৬০ গ্রেণ।

সিরাপাস্ রিয়াই।	সিরাপ্ অব্ রুবার্ব্।
Syrupus Rhei.	Syrup of Rhubarb.

মাত্রা ১—৪ ড্রাম্।

টিংচুরা রিয়াই।	টিংচার্ অব্ রুবার্ব্।
Tinctura Rhei.	Tincture of Rhubarb.

মাত্রা ১—২ ড্রাম্ আমের ; ½—১ আউন্স্, বিরেচক।

ভাইনাম্ রিয়াই। ওয়াইন্ অব্ রুবার্ব্।

Vinum Rhei. Wine of Rhubarb.

মাত্রা ১—২ ড্রাম্।

CONSTITUTIONAL ACTION.

সার্ব্বাঙ্গিক ক্রিয়া।

ফিজিওলজিক্যাল্ ক্রিয়া—

ক্যাষ্টার্ অয়েলের ন্যায় ইহার বিরেচক এবং অন্ন সঙ্কোচক গুণ আছে। ইহার শেষোক্ত গুণটী ট্যানিনের উপর নির্ভর করিয়া থাকে কিন্তু প্রথমোক্তটি যে কিসের উপর নির্ভর করে তাহা স্থিরীকৃত হয় নাই।

অধিক মাত্রায় খাইলে ইহা ক্ষুদ্র অন্ত্রের, বিশেষতঃ ডিউয়োডিনামের পেরিষ্টাল্টিক্ একশন্ বা ক্রিমিবৎ-গতিকে উত্তেজিত করে এবং মলকে আর্দ্র ও কোমল এবং পিত্তনিঃসরণ ক্রিয়া নিশ্চয়রূপে বর্দ্ধিত করিয়া থাকে। ইহার ক্রিয়া ষ্টমাকিক্ বা আগ্নেয় এবং প্রথমতঃ ক্যাথার্টিক্, তৎপর এষ্ট্রিঞ্জেণ্ট্ এবং কোলেগগ্ ও টনিক্।

থিরাপিউটিক্যাল্ ব্যবহার—

ইহার এষ্ট্রিঞ্জেণ্ট্ গুণ আছে বলিয়া অন্নস্থিত অপাচ্য পদার্থ জনিত উদরাময়ে ইহা বিশেষ উপযোগী।

ইহা অনেক প্রকার ডিস্পেপ্সিয়াতে উত্তম টনিকের ন্যায় কার্য্য করে।

ছেলেদের পক্ষে ইহা একটী উৎকৃষ্ট বিরেচক, বিশেষতঃ যখন ম্যাগ্নেসিয়ার সহিত মিশাইয়া দেওয়া যায় (যেমন গ্রিগরিজ্ পাউডার্ আকারে)। ইহা উত্তম হিপ্যাটিক্ ষ্টিমুল্যাণ্ট্ বা পিত্ত-নিঃসারক। ইহা দ্বারা যে পিত্তনিঃসৃত হয় তাহা স্বাভাবিক পিত্তের ন্যায়। জণ্ডিস্ এবং পিত্তনিঃসরণের অল্পতা হইলে ইহা ব্যবহার করা উচিত।

রুবার্ব্বে যে ক্রাইসোফ্যানিক্ এসিড্ অথবা পীতবর্ণদ পদার্থ আছে তাহা শরীরে অতি সত্বর আচোষিত হয় এবং অন্ত্র, দুগ্ধ, ঘর্ম্ম ও প্রস্রাবদ্বারা শরীর হইতে বহির্গত হয় এবং প্রস্রাবকে পীতবর্ণ করে।

ইহার দুর্গন্ধ ও বিস্বাদ কমাইবার জন্য নিম্নলিখিত ব্যবস্থা অতি উত্তম।

℞

Infusi rhei	℥ii
Potassii bicarb.	ʒi
Tinct. cinnamomi	ʒii
Syrupi simplicis	ʒvi

M. ft. ১ ড্রাম্ মাত্রায় প্রতি চারিঘণ্টা অন্তর শিশুদের ডায়েরিয়ারোগে ব্যবহার্য্য।

℞

Pulveris rhei	gr.xxx
Sodii bicarbonatis	gr.xv
Spiritus myristicæ	m.xxx
Syrupi zingiberis	ʒi
Aquæ menthæ piperitæ	℥iss

M. ft. mistura.

প্রতি রাত্রে ১ মাত্রা খাইবে। ইহা পার্গেটিভ্ এবং এণ্টাসিড্।

হ্যাবিচুয়েল্ কন্ষ্টিপেশনে ইহার পিল্ ২।৩ গ্রেণ, ক্যাপ্‌সিসাই ১ গ্রেণ, আবশ্যকমত প্রত্যহ আহারের সঙ্গে খাইলে উপকার হয়। ডায়েরিয়াতে ইহা বিশেষ উপকারী। উক্ত রোগে ইহার বিরেচন ক্রিয়াদ্বারা অন্ত্র হইতে উত্তেজক পদার্থ বহির্গত হওয়ার পর ইহা এষ্ট্রিঞ্জেণ্ট্ এবং টনিক্‌স্বরূপ কার্য্য করিয়া পীড়া আরোগ্য করে, এতদর্থে নিম্নলিখিত ব্যবস্থা ভাল।

℞

Pulv. Rhei Co.	ʒi
Sodii Bicarb.	gr.xv
Tinct. Opii	m.x-xv
Aquæ Menth. Pip	ʒx

M. ft. draught to be taken at once.

১ মাত্রা দিবে। ইহার দ্বারা উদরাময় দমন না হইলে চক্-মিক্‌শ্চার্ এবং ওপিয়াম্ দেওয়া যাইতে পারে। Dr. West বলেন যে শিশুদের উদরাময় রোগে নিম্নলিখিত ব্যবস্থাদ্বারা অন্যান্য ঔষধ অপেক্ষা ভাল ফল পাইয়াছেন।

℞

Tinct. Rhei	ʒii
Magnes. Sulph.	ʒi
Syr. Zingib.	ʒi
Aqua Carui	ʒix

M. মাত্রা, ʒi. এক বৎসর বয়স্কশিশুর জন্য দিবসে ৩ বার সেব্য।

লাটিন্।	ইংরেজী।
সেনা।	সেনা।
Senna.	Senna.

ইহা ক্যাসিয়া-একিউটিফোলিয়া এবং ক্যাসিয়া-এঙ্গাষ্টিফোলিয়া নামক বৃক্ষের ক্ষুদ্র ক্ষুদ্র শুষ্ক পত্র। শেষোক্ত বৃক্ষের পত্রকে সোণামুখী বলে।

প্রয়োগরূপ—

কন্‌ফেক্‌শিয়ো সেনি।	কন্‌ফেক্‌শন্ অব্ সেনা।
Confectio Sennæ.	Confection of Senna.
মাত্রা ৬০—১২০ গ্রেণ।	
ইন্‌ফিউজাম্ সেনি।	ইন্‌ফিউশন্ অব্ সেনা।
Infusum Sennæ.	Infusion of Senna.
মাত্রা ১—২ আউন্স্।	
মিশ্চ্যুরা সেনি কম্পজিটা।	কম্পাউণ্ড্ মিক্‌শ্চার্ অব্ সেনা।
Mistura Sennæ Composita.	Compound mixture of Senna.
মাত্রা ১—১½ আউন্স্।	
সিরাপাস্ সেনি।	সিরাপ্ অব্ সেনা।
Syrupus Sennæ.	Syrup of Senna.
মাত্রা ১—৪ ড্রাম্।	
টিংচ্যুরা সেনি।	টিংচার্ অব্ সেনা।
Tinctura Sennæ.	Tincture of Senna.
মাত্রা ১ ড্রাম্—½ আউন্স্।	

ক্রিয়া ও ব্যবহার।

ফিজিওলজিক্যাল্ ক্রিয়া—

ইহা ক্ষুদ্র অন্ত্রকে উত্তেজিত করিয়া প্রচুরপরিমাণে তরল পীতবর্ণ ভেদ জন্মায় এবং অন্ত্রের কৃমিবৎ গতিকে (peristaltic action) উত্তেজিত করিয়া থাকে। ইহার অল্প ষ্টিমিউলাণ্ট্ ক্ষমতা আছে। ইহা পিত্তকে জলবৎ তরল করে।

থিরাপিউটিক্যাল্ ব্যবহার—

ইহা অতি প্রয়োজনীয় বিরেচক। সাধারণ কোষ্ঠবদ্ধ (Simple Constipation), ডিস্পেপ্সিয়া (Dyspepsia) এবং অন্যান্য অবস্থায় যখন অন্ত্রকে সত্বর সম্পূর্ণ শূন্য করিবার প্রয়োজন হয়, তখন ইহা ব্যবহার্য্য।

THE COMMON BLACK DRAUGHT.

℞

Magnesiæ Sulphatis .		gr. 120
Mannæ		gr. 160
Tincturæ Sennæ		fl. drs. 2
Infusi Sennæ	ad	fl. drs. 12

Make a draught. To be taken early in the morning.

ইহা, ১২ আউন্স্ কম্পাউণ্ড্ মিক্শ্চার্ অব্ সেনার সমতুল্য।

MODE OF ADMINISTRATION.

প্রয়োগপ্রণালী।

ইহা কচিৎ শুধু ব্যবহৃত হয়; কারণ, তাহাতে অন্ত্রের অনিয়মিত সঙ্কোচন এবং পেটকামড়ানি হয়। তজ্জন্য ইহা অন্য বিরেচক (যেমন সাল্ফেট্ অব্ ম্যাগ্নেসিয়া) অথবা নানাবিধ এরোম্যাটিকের সহিত দেওয়া যায়। কন্ফেক্‌শন্ অব্ সেনা, এবং কম্পাউণ্ড্ মিক্শ্চার্ অব্ সেনা এরূপ সংমিশ্রণের উদাহরণ।

পৈত্তিক ব্যাধিতে Sulphate of magnesia gr.120—360, Infusion of Senna ℥i-iii, Tincture of ginger ʒss সেবনে উত্তম বিরেচন হয়। রাত্রে পারদঘটিত মৃদু বিরেচক লইয়া প্রাতে ইহা সেবন করিলে ভাল হয়। এটনিক্ ডিস্পেপ্সিয়ার সহিত কোষ্ঠবদ্ধ থাকিলে সমান অংশ ইন্ফিউশন্ অব্ সেনা এবং ইন্ফিউশন্ অব্ জেন্শিয়েন্ দিলে বেশ উপকার হয়।

ক্যাসিয়া (Cassia) এবং ট্যামারিণ্ড্ (Tamarind) এই উভয়ের মৃদু বিরেচনক্রিয়া আছে। ইহাদিগকে কন্‌ফেক্‌শন্ অব্ সেনা প্রভৃতি অন্যান্য প্রয়োগরূপের উপাদানস্বরূপ দেওয়া যায়। ক্যাসিয়া পাল্‌পের মাত্রা ১২০ গ্রেণ কিম্বা ততোধিক।

ট্যামারিণ্ডের রিফ্রিজারেণ্ট্ গুণও আছে; এজন্য জ্বরাদিতে, সাধারণ পানীয় স্বরূপ ইহা ব্যবহার করা যাইতে পারে। ট্যামারিণ্ড্ ½ আউন্স্ বা ততোধিক মাত্রায় ব্যবহার্য্য।

ল্যাটিন্।	ইংরেজী।
রাম্নাই পার্শিয়ানি কর্টেক্স্।	সেক্রেড্ বার্ক্।
Rhamni Purshiani Cortex.	Sacred Bark.

ইহা রাম্নাস্-পার্শিয়ানাস্ নামক বৃক্ষের শুষ্ক বল্কল। ইহার অন্য নাম ক্যাস্কারা স্যাগ্রাডা (Cascara Sagrada)।

প্রয়োগরূপ—

এক্‌ষ্ট্রাক্টাম্ ক্যাস্কারি স্যাগ্রাডি।	এক্‌ষ্ট্রাক্ট্ অব্ ক্যাস্কারা স্যাগ্রাডা।
Extractum Cascaræ Sagradæ.	Extract of Cascara Sagrada.

মাত্রা ২—৮ গ্রেণ।

এক্‌ষ্ট্রাক্টাম্ ক্যাস্কারি স্যাগ্রাডি লিকুইডাম্।	লিকুইড্ এক্‌ষ্ট্রাক্ট্ অব্ ক্যাস্কারা স্যাগ্রাডা।
Extractum Cascaræ Sagradæ Liquidum.	Liquid Extract of Cascara Sagrada.

মাত্রা ½—২ ড্রাম্।

ইহা বলকারক ও আগ্নেয় এবং অধিক মাত্রায়, বিরেচক। ইহার বলকারক বিরেচক গুণ আছে এবং কিছুকাল যাবৎ পুরাতন কোষ্ঠবদ্ধে ইহা অতি প্রশংসার সহিত ব্যবহৃত হইয়া আসিতেছে। তৎসঙ্গে অর্শোরোগ থাকিলে ইহার ব্যবহারে সরলান্ত্রের কোনপ্রকার উত্তেজনা ব্যতীত অন্ত্র পরিষ্কার হইয়া থাকে। যে কোনপ্রকার ডিস্‌পেপ্‌সিয়ার সহিত লিভারের ক্রিয়ার অল্পতা ও কোষ্ঠবদ্ধ থাকিলে, প্রাপ্তবয়স্কদিগকে ২০—৩০ মিনিম্ মাত্রায় আরম্ভ করিয়া

আবশ্যক হইলে মাত্রা বৃদ্ধি করিয়া দেওয়া যায়। নক্স্-ভমিকার ন্যায় ইহা অন্ত্রের মাংসপেশীসূত্রসমূহের বলবিধান করে। তজ্জন্য অন্ত্রের পেরিষ্ট্যাল্টিক্ একশনের দুর্ব্বলতাপ্রযুক্ত যে কোষ্ঠবদ্ধ হয়, তাহাতে ইহা উপযোগী। হ্যাবিচুয়েল্ কন্ষ্টিপেশনে ইহার লিকুইড্ একৃষ্ট্রাক্ট্ ১৫—২০ মিনিম্ মাত্রায় আহারের পূর্ব্বে দিবসে ৩ বার দিলে উপকার দর্শে।

ল্যাটিন্।	ইংরেজী।
রাম্নাই ফ্রাঙ্গিউলি কর্টেক্স্।	ফ্রাঙ্গিউলা বার্ক্।
Rhamni Frangulæ Cortex.	Frangula Bark.

রাম্নাস্-ফ্রাঙ্গিউলা নামক বৃক্ষের শুষ্ক বল্কল।

প্রয়োগরূপ—

একৃষ্ট্রাক্টাম্ রাম্নাই ফ্রাঙ্গিউলি।	একৃষ্ট্রাক্ট্ অব্ রাম্নাস্ ফ্রাঙ্গিউলা।
Extractum Rhamni Frangulæ.	Extract of Rhamnus Frangula.

মাত্রা ১৫—৬০ গ্রেণ্।

একৃষ্ট্রাক্টাম্ রাম্নাই ফ্রাঙ্গিউলি লিকুইডাম্।	লিকুইড্ একৃষ্ট্রাক্ট্ অব্ রাম্নাস্ ফ্রাঙ্গিউলা।
Extractum Rhamni Frangulæ Liquidum.	Liquid Extract of Rhamnus Frangula.

মাত্রা ১—৪ ড্রাম্।

ইহাও একটী টনিক্ পার্গেটিভ্। ইহার ক্রিয়া পূর্ব্বোক্ত ঔষধের ন্যায়। এই ত্বক্ তাজা অবস্থায় ভেদ, বমি করাইয়া ইরিট্যাণ্ট্ পয়জনের ন্যায় কার্য্য করে। কিন্তু ইহা শুষ্কাবস্থায় বিরেচকস্বরূপ ক্রিয়া করিয়া থাকে, তত প্রবলরূপে কার্য্য করেনা এবং পুরাতন কোষ্ঠবদ্ধে ব্যবহার্য্য।

ল্যাটিন্।	ইংরেজী।
এলো।	এলোজ্।
Aloe.	Aloes.

ইহা এলো-ভারেরিস্‌নামক বৃক্ষের এবং ঐ জাতীয় অন্যান্য বৃক্ষের পত্রের ঘনীভূত রস।

ইহা দুইপ্রকার। (১) এলো বার্ব্বেডেন্‌সিস্ (Aloe Barbadensis)।
(২) এলো সকোট্রাইনা (Aloe Socotrina)।

মাত্রা—২—৬ গ্রেণ।

১। এলো বার্ব্বেডেন্‌সিস্। — বার্ব্বেডোজ্ এলোজ্।
Aloe Barbadensis. — Barbadoes Aloes.

প্রয়োগরূপ—

এনিমা এলোজ্। — এনিমা অব্ এলোজ্।
Enema Aloes. — Enema of Aloes.

ইহা বার্ব্বেডোজ্ ও সকোট্রাইন্ উভয়েরই প্রয়োগরূপ।

একৃষ্ট্রাক্টাম্ এলোজ্ বার্ব্বেডেন্‌সিস্। — একৃষ্ট্রাক্ট্ অব্ বার্ব্বেডোজ্ এলোজ্।
Extractum Aloes Barbadensis. — Extract of Barbadoes Aloes.

মাত্রা ২—৬ গ্রেণ।

পাইলিউলা এলোজ্ বার্ব্বেডেন্‌সিস্। — পিল্ অব্ বার্ব্বেডোজ্ এলোজ্।
Pilula Aloes Barbadensis. — Pill of Barbadoes Aloes.

মাত্রা ৫—১০ গ্রেণ।

পাইলিউলা এলোজ্ এট্ ফেরি। — পিল্ অব্ এলোজ্ এণ্ড্ আয়রন্।
Pilula Aloes et Ferri. — Pill of Aloes and Iron.

মাত্রা ৫—১০ গ্রেণ।

ভাইনাম্ এলোজ্। — ওয়াইন্ অব্ এলোজ্।
Vinum Aloes. — Wine of Aloes.

মাত্রা ১—২ ড্রাম্।

এলোইন্। — এলোইন্।
Aloin. — Aloin.

মাত্রা ½—২ গ্রেণ। সাবানের সঙ্গে বটিকাকারে ব্যবহার্য্য।

২। এলো সকোট্রাইনা। — সকোট্রাইন্ এলোজ্।
Aloe Socotrina. — Socotrine Aloes.

প্রয়োগরূপ—

ডিকক্টাম্ এলোজ্ কম্পজিটাম্। কম্পাউণ্ড্ ডিককৃশন্ অব্ এলোজ্।
Decoctum Aloes Compositum. Compound Decoction of Aloes.

মাত্রা ½—২ আউন্স্।

একষ্ট্রাক্টাম্ এলোজ্ সকোট্রাইনি। একষ্ট্রাক্ট্ অব্ সকোট্রাইন্ এলোজ্।
Extractum Aloes Socotrinæ. Extract of Socotrine Aloes.

মাত্রা ২—৬ গ্রেণ।

পাইলিউলা এলোজ্ সকোট্রাইনি। পিল্ অব্ সকোট্রাইন্ এলোজ্।
Pilula Aloes Socotrinæ. Pill of Socotrine Aloes.

মাত্রা ৫—১০ গ্রেণ।

পাইলিউলা এলোজ্ এট্ এসাফিটিডি। পিল্ অব্ এলোজ্ এণ্ড্ এসাফিটিডা।
Pilula Aloes et Asafœtidæ. Pill of Aloes and Asafœtida.

মাত্রা ৫—১০ গ্রেণ।

পাইলিউলা এলোজ্ এট্ মার্হি। পিল্ অব্ এলোজ্ এণ্ড্ মার্।
Pilula Aloes et Myrrhæ. Pill of Aloes and Myrrh.

মাত্রা ৫—১০ গ্রেণ।

টিংচ্যুরা এলোজ্। টিংচার্ অব্ এলোজ্।
Tinctura Aloes. Tincture of Aloes.

মাত্রা ১—২ ড্রাম্।

ক্রিয়া ও ব্যবহার।

ফিজিওলজিক্যাল ক্রিয়া—

ইহা বৃহৎ অন্ত্রের নিম্ন অংশের উপর ক্রিয়া প্রকাশ করে এবং উহার ক্রিমিবৎ গতি বৃদ্ধি করিয়া অল্প কোমল মল বহির্গত করায়, ইহা পিত্তঃনিঃসরণ বৃদ্ধি করে। অধিক মাত্রায়, প্রবল হিপ্যাটিক্ ষ্টিমিউল্যাণ্টের ন্যায় কার্য্য

থিরাপিউটিক্যাল ব্যবহার—

ইহা উত্তম মৃদু বিরেচক। ইহা ৬ হইতে ১২ ঘণ্টার পূর্ব্বে বিরেচন ক্রিয়া প্রকাশ করে না। ইহা সেবনে কখন কখন পেটকামড়ানি (griping) হয়, কিন্তু ইহা অন্যান্য ঔষধের সহিত ব্যবহার করিলে পেটকামড়ানি অল্প

করিয়া থাকে, পিত্তকে অধিক তরল করে, এবং বিলিয়ারি ম্যাটারের স্রাব বৃদ্ধি করে। ইহা ব্যবহারে রেক্টামে *রক্তাধিক্য হয় এবং নৈকট্যবশতঃ* জরায়ুতে উক্ত উত্তেজনা বিস্তারিত হইয়া উহার ক্রিয়া বৃদ্ধি করে।

ইহার ষ্টিমিউল্যান্ট্ ক্রিয়া থাকায় পুরাতন অর্শোরোগ ইহাতে উপশমিত হইতে পারে।

সংক্ষেপতঃ ইহা—অধিক মাত্রায়, (১) ষ্টিমিউলেটিং পার্গেটিভ্ ও (২) ইওাইরেক্ট্ এমিনেগগ্ এবং অল্পমাত্রায়, (৩) ষ্টমাকিক্, (৪) কোলেগগ্ ও (৫) টনিক্।

হয়। নিম্ন অন্ত্রে ইহার কার্য্য প্রকাশিত হয়, তজ্জন্য উক্ত স্থানের প্রাদাহিক অবস্থায় কিম্বা তরুণ অর্শোরোগে ইহা *ব্যবস্থা করা উচিত নহে। ডিস্পেপ্*সিয়াতে (Dyspepsia) ইহা ডিনার্ পিলের প্রধান উপাদান এবং ইহা আভ্যাসিক কোষ্ঠবদ্ধের উত্তম ঔষধ।

ইহার রজোনিঃসারক গুণ আছে, সেজন্য রজোরোধরোগে রজোদর্শনের নিরূপিত সময়ে ইহার পিল্ কিম্বা ডিককৃশন্ দিলে বিশেষ উপকার হইয়া থাকে।

হ্যাবিচুয়েল্ কন্‌ষ্টিপেশনে

℞

Aloes Socotrinæ	gr.i-iii
Ferri Sulph.	gr.½
Ext. Hyoscyami	gr.i

M. ft. one pill. দিবসে ৩ বার।

এমিনোরিয়া রোগে পিল্ এলোজ্ এট্ মার্ এবং মিষ্ট্ ফেরি কম্পাউণ্ড্ ঋতুর সময় ব্যবহার করিলে উপকার হইয়া থাকে।

An after-dinner pill in constipation.

℞

Ext. Aloes Socotr.	gr.i
Ext. Nucis Vomic.	gr.½
Ext. Gentian.	gr.i

M. pil i. আহারের পর সেব্য।

ইহার বীর্য্য এলোইন্ (Aloin)। ইহার ক্রিয়া অতি দ্রুত এবং উত্তম। এলোজের মত ইহাতে পেটকামড়ানি হয় না।

মাত্রা ½ হইতে ২ গ্রেণ। ডাক্তার সর্, এ, ক্লার্ক্ কোষ্ঠবদ্ধরোগে এলোইন্, এক্‌ট্রাক্ট্ অব্ নক্স্ ভমিকা, সাল্‌ফেট্ অব্ আয়রন্, মার্ এবং সাবান, প্রত্যেক অৰ্দ্ধ গ্রেণ একত্র করিয়া বটিকাকারে দিবসের শেষ আহারের অৰ্দ্ধঘণ্টা পূর্ব্বে ব্যবহার করিতে বলেন। উক্ত রোগে মল কঠিন এবং শুষ্ক হইলে ½ গ্রেণ ইপিক্যাক্, এবং উক্ত বটিকাদ্বারা পেটকামড়ানি হইলে ½ গ্রেণ এক্‌ট্রাক্ট্ অব্ বেলাডোনা, উক্ত বটিকার সহিত যোগ করিতে বলেন।

নিম্নলিখিত অবস্থায় এলোজ্ অতি সাবধানে ব্যবহার করিবেঃ—

(১) গর্ভাবস্থায় ; (২) ঋতুর সময় ; (৩) ডিস্‌মেনোরিয়া বা মেনোরেজিয়া রোগে এবং জরায়ুর নানাবিধ যান্ত্রিক পীড়ায় ; (৪) অর্শোরোগে, ইপিকাকুয়ানা ও হেন্‌বেনের সহযোগ ব্যতীত।

লাটিন্।	ইংরেজী।
জ্যালাপা।	জ্যালাপ্।
Jalapa.	Jalap.

ইহা আইপোমিয়া-পার্গা নামক বৃক্ষের শুষ্ক কন্দগ্রন্থি।

ইহার চূর্ণের মাত্রা ১০—৩০ গ্রেণ।

জ্যালাপি রেজিনা।	রেজিন্ অব্ জ্যালাপ্।
Jalapæ Resina.	Resin of Jalap.

মাত্রা ২—৫ গ্রেণ।

প্রয়োগরূপ—

এক্‌ট্রাক্টাম্ জ্যালাপি।	এক্‌ট্রাক্ট্ অব্ জ্যালাপ্।
Extractum Jalapæ.	Extract of Jalap.

মাত্রা ৫—১৫ গ্রেণ।

পাল্‌ভিস্ জ্যালাপি কম্পজিটাস্।	কম্পাউণ্ড্ পাউডার্ অব্ জ্যালাপ্।
Pulvis Jalapæ Compositus.	Compound powder of Jalap.

মাত্রা ২০—৬০ গ্রেণ।

টিংচুরা জ্যালাপি। টিংচার্ অব্ জ্যালাপ্।
Tinctura Jalapæ. Tincture of Jalap.

মাত্রা ½—২ ড্রাম্।

ক্রিয়া ও ব্যবহার।

ফিজিওলজিক্যাল্ ক্রিয়া—

ইহার ক্রিয়া স্ক্যামনির ন্যায়। ইহা স্ক্যামনি হইতে কম উত্তেজক, কিন্তু ইহা অন্ত্র হইতে অধিকতর জলীয় দ্রব বহির্গত করিয়া দিতে পারে। ইহা পরিমিত হিপ্যাটিক্ এবং প্রবল ইণ্টে-ষ্টিন্যাল্ ইরিট্যাণ্ট্।

থিরাপিউটিক্যাল্ ব্যবহার—

যত প্রকার হাইড্রেগগ্ বিরেচক আছে তন্মধ্যে ইহাও একটী উৎকৃষ্ট। মস্তিকের ব্যাধিতে, এবং কিড্নীর পীড়ায় যখন দূষিত পদার্থ শরীরে আবদ্ধ হইবার উপক্রম এবং ড্রপ্সি বা শোথ হইতে আরম্ভ হয়, তখন ইহা ব্যবহার্য্য। এরূপ অবস্থায় পাল্ভিস্ জ্যালাপি কম্পজিটাস্ অর্দ্ধ হইতে এক ড্রাম্ মাত্রায় দিলে উৎকৃষ্ট ফল হইয়া থাকে। হৃৎপিণ্ডের ব্যাধিতে (Cardiac disease) এম্ফিজিমা (Emphysema) কিম্বা ব্রঙ্কাইটিস্ (Bronchitis) বশতঃ হৃৎপিণ্ডের দক্ষিণ দিক স্ফীত হইয়া শ্বাসকৃচ্ছ্র ইত্যাদি দুর্লক্ষণ প্রকাশ পাইলে ইহা ব্যবহারে অতিশয় ভেদ হইয়া উপকার হয়। ইহা সাধারণ বিরেচকস্বরূপও উত্তম ক্রিয়া করে।

শিশুদের কৃমি রোগে জ্যালাপের সঙ্গে ক্যালোমেল্, দিলে কৃমিনাশক-স্বরূপ ক্রিয়া করিয়া থাকে।

AN ACTIVE PURGATIVE.

℞

Hydrarg. Subchlor.	gr. v
Pulv. Jalapæ.	gr. xv
M. ft. powder.	

To be taken immediately.

A GOOD HYDRAGOGUE CATHARTIC.

℞

Hydrargyri Subchloridi gr. 5

Pulveris Jalapæ Compositi gr. 20-40

Make a powder. To be taken at bedtime or morning. ইহা নানাবিধ ড্রপ্‌সিতে ব্যবহৃত হয়।

ল্যাটিন্।	ইংরেজী।
(১) স্ক্যামোনিয়ী রেডিক্স্।	স্ক্যামোনি রূট্।
Scammoniæ Radix.	Scammony Root.

ইহা কন্‌ভল্‌ভিউলাস্‌-স্ক্যামোনিয়া নামক বৃক্ষের শুষ্ক মূল।

প্রয়োগরূপ—

স্ক্যামোনিয়ী রেজিনা।	রেজিন্ অব্ স্ক্যামোনি।
Scammoniæ Resina.	Resin of Scammony.

মাত্রা ৩—৮ গ্রেণ।

(২) স্ক্যামোনিয়াম্	স্ক্যামোনি।
Scammonium.	Scammony.

ইহা কন্‌ভল্‌ভিউলাস্‌-স্ক্যামোনিয়া নামক বৃক্ষের কর্ত্তিত জীবিত মূল হইতে প্রাপ্ত গঁদ।

চূর্ণের মাত্রা ৫—১০ গ্রেণ।

প্রয়োগরূপ—

মিশ্‌চ্যুরা স্ক্যামোনিয়াই।	স্ক্যামোনি মিক্‌শ্চার্।
Mistura Scammonii.	Scammony Mixture.

মাত্রা ১—৩ আউন্স্।

(৩) স্ক্যামোনিয়ী রেজিনা।	রেজিন্ অব্ স্ক্যামোনি।
Scammoniæ Resina.	Resin of Scammony.

প্রয়োগরূপ—

কন্‌ফেক্‌শিও স্ক্যামোনিয়াই — কন্‌ফেক্‌শন্‌ অব্‌ স্ক্যামোনি।
Confectio Scammonii. — Confection of Scammony.

মাত্রা ১০—৩০ গ্রেণ।

পাইলিউলা স্ক্যামোনিয়াই কম্পজিটা। — কম্পাউণ্ড্‌ স্ক্যামোনি পিল্‌।
Pilula Scammonii Composita. — Compound Scammony Pill.

মাত্রা ৫—১৫ গ্রেণ।

পাল্‌ভিস স্ক্যামোনিয়াই কম্পজিটাস্‌। — কম্পাউণ্ড্‌ স্ক্যামোনি পাউডার্‌।
Pulvis Scammonii Compositus. — Compound Scammone Powder.

মাত্রা ১০—২০ গ্রেণ।

ক্রিয়া ও ব্যবহার।

ফিজিওলজিক্যাল্‌ ক্রিয়া—

ইহা পাকনালীর উত্তেজনা অত্যন্ত বৃদ্ধি করিয়া অপর্য্যাপ্ত জলীয় ভেদ উৎপাদন করে। ভেদের সহিত প্রায়ই পেটকামড়ানি হইয়া থাকে। ইহা কার্য্যকারী হইবার পূর্ব্বে পিত্তে যে সোডা আছে তাহার সহিত সংযুক্ত এবং পিত্তে দ্রব হওয়া আবশ্যক।

Dr. Rutherford প্রমাণ করিয়াছেন যে স্ক্যামোনি প্রবল ইণ্টেষ্টাইন্যাল্‌ এবং মৃদু হিপ্যাটিক্‌ ষ্টিমিউল্যাণ্ট্‌।

থিরাপিউটিক্যাল্‌ ব্যবহার—

ইহা মস্তিষ্ক সম্বন্ধীয় পীড়াতে এবং নানাপ্রকার ড্রপ্‌সিতে বিরেচকস্বরূপ ব্যবহৃত হয়। ইহা অপেক্ষাকৃত আস্বাদহীন বলিয়া শিশুদের সূত্রবৎ কৃমি রোগে বিরেচকস্বরূপ ব্যবহার্য্য।

ল্যাটিন্‌। — ইংরেজী।

কলসিন্থিডিস্‌ পাল্‌প্‌। — কলসিন্থ্‌ পাল্‌প্‌।
Colocynthidis Pulp. — Colocynth Pulp.

ইহা সাইট্রালাস্‌-কলসিন্থিস্‌ নামক বৃক্ষের বীজবিহীন শুষ্ক ফল।

চূর্ণের মাত্রা ২—৮ গ্রেণ।

প্রয়োগরূপ—

এক্‌ষ্ট্রাক্টাম্ কলসিন্থিডিস্ কম্পজিটাম্। কম্পাউণ্ড্ একষ্ট্রাক্ট্ অব্ কলসিন্থ্।

Extractum Colocynthidis Compositum. Compound Extract of Colocynth.

মাত্রা ৩—১০ গ্রেণ।

পাইলিউলা কলসিন্থিডিস্ কম্পজিটাস্। কম্পাউণ্ড্ কলসিন্থ্ পিল্।

Pilula Colocynthidis Compositus. Compound Colocynth Pill.

মাত্রা ৫—১০ গ্রেণ।

পাইলিউলা কলসিন্থিডিস্ এট্ হাইয়োসায়েমাই। পিল্ অব্ কলসিন্থ্ এণ্ড্ হেন্‌বেন্।

Pilula Colocynthidis et Hyoscyami. Pill of Colocynth and Henbane.

মাত্রা ৫— ১০ গ্রেণ।

ক্রিয়া ও ব্যবহার।

ফিজিওলজিক্যাল্ ক্রিয়া—

ইহা বৃহৎ অন্ত্রের অতিশয় উত্তেজনা ঘটাইয়া প্রচুরপরিমাণে জলীয় মল বহির্গত করে; এবং ইহা অধিক মাত্রায় ব্যবহৃত হইলে অন্ত্রে প্রদাহ এবং ক্ষত জন্মাইয়া সাংঘাতিক ও হইতে পারে। কিন্তু দেখা গিয়াছে যে, এরোম্যাটিক্ কিম্বা অন্যান্য বিরেচক ঔষধের সহিত ব্যবস্থা করিলে ইহা-দ্বারা প্রবল বিরেচন কিম্বা পেটকাম-ড়ানি হয় না।

থিরাপিউটিক্যাল্ ব্যবহার—

ইহা একটী ড্র্যাষ্টিক্ পার্গেটিভ্, ইহার ক্রিয়া সত্বর এবং ফলজনক। ইহা পুরাতন কোষ্ঠবদ্ধে এবং নানাবিধ ডিস্পেপ্‌টিক্ অবস্থায় সচরাচর ব্যবহৃত হয়। অধিক মাত্রায় ইহা প্রবল হিপ্যাটিক্ এবং ইণ্টেষ্টিন্যাল্ ষ্টিমিউ-ল্যাণ্ট্, ইহা পিত্তকে অধিকতর তরল করে, কিন্তু বিলিয়ারি ম্যাটারের স্রাব বৃদ্ধি করে।

প্রয়োগ প্রণালী।

কলসিন্থ্ কখনই শুধু ব্যবহার করা হয় না। ইহার কম্পাউণ্ড্ এক্‌ষ্ট্রাক্টে, এলোজ্ এবং স্ক্যামোনি আছে বলিয়া তাহা অতি উত্তম প্রয়োগরূপ ; কিন্তু হাইয়োসায়েমাস্ কিম্বা বেলাডোনার সহিতই ইহার ব্যবহার সর্ব্বাপেক্ষা ভাল।

CATHARTIC PILLS.

℞

Pil. Hydrarg. gr.iii

Ext. Colocynth. Co. gr.v

Ext. Hyoscyami gr.iii

M. ft. 2 pills. রাত্রে শয়নকালে সেব্য।

ল্যাটিন্।	ইংরেজী।
একবেলিয়াই ফ্রাক্টাস্।	স্কুয়ার্টিং কিউকাম্বার্ ফ্রুট্।
Ecballii Fructus.	Squirting Cucumber Fruit.

অপর নাম ইলেটিরিয়াই ফ্রাক্টাস্।

ইলেটিরিয়াম—Elaterium.

ইহা স্কুয়ার্টিং কিউকাম্বার নামক ফলের রসের গাদ।

মাত্রা $\frac{1}{16}$—$\frac{1}{2}$ গ্রেণ।

ইলেটিরিনাম (Elaterinum), ইহাকে ইলেটিরিন্ ও বলে। ইহা ইলেটিরিয়ামের বীর্য্য।

মাত্রা $\frac{1}{40}$—$\frac{1}{10}$ গ্রেণ।

প্রয়োগরূপ—

পালভিস্ ইলেটিরিনাই কম্পজিটাস্।	কম্পাউণ্ড্ পাউডার্ অব্ ইলেটিরিন্।
Pulvis Elaterini Compositus.	Compound Powder of Elaterin.

মাত্রা ১—৫ গ্রেণ।

ক্রিয়া ও ব্যবহার।

ফিজিওলজিক্যাল্ ক্রিয়া—

ইহা অন্ত্রের উত্তেজনা বৃদ্ধি করে, এবং অসতর্কতার সহিত ব্যবহৃত হইলে প্রদাহ জন্মাইতে পারে। ইহা জলবৎ তরল মল নির্গত করে। চর্ম্মের নিম্নে ইহার পিচকারী দিলে অথবা ইহা খাইতে দিলে সমান রূপেই বিরেচন ক্রিয়া প্রকাশিত হয়। ইহার সম্পূর্ণ ক্রিয়া প্রকাশের জন্য ইহা পিত্তে দ্রব হওয়া আবশ্যক।

থিরাপিউটিক্যাল্ ব্যবহার—

ইহা অত্যন্ত প্রবল হাইড্রেগগ্ ক্যাথার্টিক্ এবং সেই জন্ত নানাবিধ কার্ডিয়্যাক্ পীড়াতে অন্ত্র হইতে জলীয় পদার্থের নিষ্ক্রামণ পূর্ব্বক রক্তের পরিমাণ কমাইয়া হার্টের পরিশ্রমের লাঘব করে এবং সেলুলার টিস্যুকে ও শরীরস্থ অন্যান্য যেসব গহ্বরে জল সঞ্চিত থাকে তাহাদিগকে বিরাম প্রদান করে। ইহা অবসাদক এবং ইহার ক্রিয়া অনিশ্চিত, এজন্ত কম্পাউণ্ড্ জ্যালাপ্ পাউডার্ অপেক্ষা ইহার কম ব্যবহার হয়, কারণ শেষোক্তটী দ্বারাও ইহার মত ক্রিয়া হয়, অথচ রোগী তত দুর্ব্বল হয় না।

℞

Elaterii	gr.i
Ext. Colocynth. Co.	ʒss
Ext. Hyoscyami	gr.xii

Mix. and divide into 12 pills.

One, night and morning.

ইহা হৃৎপিণ্ডের ব্যাধিজনিত বা অন্যান্য প্রকার ড্রপ্‌সিতে ব্যবহার্য্য।

ল্যাটিন্। — ইংরেজী।

পডফিলাই রাইজোমা। — পডফিলাম্ রাইজোম্।

Podophylli Rhizoma. — Podophyllum Rhizome.

ইহা পডফিলাম্-পেল্টেটাম্ নামক বৃক্ষের শুষ্ক কন্দ এবং ক্ষুদ্র ২ মূল।

পডফিলাই রেজিনা। রেজিন্ অব্ পডফিলাম্।

Podophylli Resina. Resin of Podophyllum.

ইহা পডফিলাম্ রাইজোম্ হইতে প্রাপ্য।

মাত্রা ¼—১ গ্রেণ।

প্রয়োগরূপ—

টিংচ্যুরা পডফিলাই। টিংচার্ অব্ পডফিলাম্।

Tinctura Podophylli. Tincture of Podophyllum.

মাত্রা ½ ড্রাম্ হইতে ১ ড্রাম্।

ইহার প্রত্যেক ড্রামে ১ গ্রেণ পডফিলাম্ রেজিন্ আছে।

LOCAL ACTION.

স্থানিক ক্রিয়া।

ইহা অক্ষুণ্ণ চর্ম্মকে ভেদ করিতে পারেনা; কিন্তু ইহা ক্ষুণ্ণ চর্ম্মে লাগাইলে বিরেচন-ক্রিয়া প্রকাশিত হয়।

CONSTITUTIONAL ACTION.

সার্ব্বাঙ্গিক ক্রিয়া।

ফিজিওলজিক্যাল্ ক্রিয়া—

ইহা ডিউওডিনাম্ এবং অন্ত্রের গ্রন্থিদিগকে উত্তেজিত করিয়া প্রচুর পিত্তমিশ্রিত জলবৎ তরল মল অধিক পরিমাণে বহির্গত করে।

থিরাপিউটিক্যাল্ ব্যবহার—

কেহ কেহ বলেন যে ইহা কোলেগগ্ বা পিত্তনিঃসারক নহে, সম্ভবতঃ গলব্লাডার্কে সঙ্কোচিত করিয়া ডিউওডিনামে অধিক পিত্ত চালিত করে, এবং ডিউওডিনাম্কে উত্তেজিত করে বলিয়া পিত্ত তাহা হইতে বহির্গত হইয়া যায়। সে যাহাহউক ডাং রাথার্ফোর্ড্ (Dr. Rutherford) দেখাইয়াছেন যে, ইহা হিপ্যাটিক্ ষ্টিমিউল্যাণ্ট্, এবং জণ্ডিস্ ও লিভারের নানাপ্রকার ফাংশন্যাল্ ব্যাধিতে উত্তম ঔষধ।

পুরাতন কোষ্ঠবদ্ধে, শিশুদিগের যে কোষ্ঠবদ্ধে শুষ্ক মল অতি কষ্টে বহির্গত হয় তাহাতে, এবং যে ডায়েরিয়াতে মল ফেকাশে বর্ণ এবং ফেণযুক্ত হয় তাহাতে ইহা ব্যবহারে উপকার হইতে পারে।

শিরঃ-পীড়ায় (Sick headache) ইহা ব্যবহার্য্য।

Caution and Mode of Administration.

সতর্কতা ও ব্যবহার প্রণালী।

ইহা স্মরণ রাখা উচিত যে পডফিলিন্ একটী অনিশ্চিত ঔষধ। ইহা কোন অবস্থায় উত্তমরূপে কার্য্যকারী হয়, কোন অবস্থায় অসুখ এবং পেটকামড়ানি জন্মায় এবং কখনও বা কোন উপকার করে না। প্রথমতঃ অল্প মাত্রায় ($\frac{1}{4}$ কি $\frac{1}{2}$ গ্রেণ হইতে) পিল্ আকারে এমন ঔষধের সহিত দিতে হয়, যেন উহার উত্তেজনা কম হয়।

℞	Podophylli Resinæ	gr.ii
	Extracti Belladonnæ	gr.iii
	Pilulæ Colocynthidis Compositæ	gr.xxxvi

M. ft. ১২টী বটিকা প্রস্তুত করিবে, রাত্রে শয়নের সময় একটী করিয়া ব্যবস্থা করিবে।

ডাক্তার্ রিঙ্গার্ (Dr. Ringer) বলেন যে, শিশুদিগের জন্য নিম্নলিখিত প্রকারে পডফিলিন্ ব্যবস্থা করা যায়। এক গ্রেণ পডফিলিন্ ১ ড্রাম্ রেক্টিফাইড্ স্পিরিটে দ্রব করিয়া তাহার ৫ কি ৬ ফোঁটা কিছু চিনির সহিত মিশ্রিত করিয়া দিবসে তিন চারি বার দিবে।

℞

Podophylli Resinæ	gr.$\frac{1}{2}$
Pulveris Rhei	gr.v
Extracti Hyoscyami	gr.iii

Make two pills. To be taken every night at bedtime.

জণ্ডিস্, টর্পিড্ লিভার্, এবং নানাপ্রকার ড্রপ্সিতে ব্যবহার্য্য।

℞

Podophylli Resinæ	gr.$\frac{1}{2}$-$\frac{1}{3}$
Pulveris Ipecacuanhæ	gr.$\frac{1}{2}$
Extracti Gentianæ	gr.3

Mix. Make a pill, to be taken twice or thrice daily.

ইহা সিফিলিস্, স্ক্রোফিউলা, জণ্ডিস্ এবং চর্ম্মরোগে পারদের পরিবর্ত্তে পরিবর্ত্তকস্বরূপ ব্যবহার করা যাইতে পারে। অধিক দুর্ব্বলতা থাকিলে প্রত্যেক বটিকার সহিত এক বা দুই গ্রেণ কুইনাইন্ যোগ করা যাইতে পারে।

ল্যাটিন্। ইংরেজী।

ক্যাম্বোজিয়া। গ্যাম্বোজ্।
Cambogia. Gamboge.

ইহা গার্সিনিয়া-হ্যান্‌বিউরিয়াই নামক বৃক্ষের ধুনাবৎ গঁদ।

গ্যাম্বোজ-চূর্ণের মাত্রা ১—৪ গ্রেণ।

প্রয়োগরূপ—

পাইলিউলা ক্যাম্বোজিয়ী কম্পজিটা। কম্পাউণ্ড্ গ্যাম্বোজ্ পিল্।
Pilula Cambogiæ Composita. Compound Gamboge Pill.

মাত্রা ৫—১০ গ্রেণ।

LOCAL ACTION.

স্থানিক ক্রিয়া।

ইহার কোন স্থানিক ক্রিয়া নাই এবং সমশ্রেণীস্থ অন্য কোন কোন ঔষধের সহিত ইহার পার্থক্য এই যে, ইহা অক্ষুণ্ণ স্থানে লাগাইলে কিম্বা সেলুলার্ টিস্যুতে ইহার পিচকারী দিলে বিরেচনক্রিয়া প্রকাশিত হয় না।

CONSTITUTIONAL ACTION.

সার্ব্বাঙ্গিক ক্রিয়া।

ফিজিওলজিকাল্ ক্রিয়া—

পরিপাক এবং স্রাবযন্ত্রের উপর—ইহা ক্ষুদ্র অন্ত্রকে অধিক উত্তেজিত করে এবং তাহাতে প্রচুরপরিমাণে তরল ভেদ হয়। ইহা অধিক পরিমাণে দিলে, পাকাশয় এবং অন্ত্রের প্রদাহ এবং ক্ষত হইতে পারে। ইহার এক ড্রাম্ পাউডার্ খাইয়া একজনের মৃত্যু হইয়াছিল। কেহ কেহ বলেন যে, ইহার মূত্রকারক গুণ আছে, কিন্তু তদ্বিষয়ে কোন প্রমাণ নাই।

থিরাপিউটিক্যাল্ ব্যবহার—

ইহা একটী ড্রাষ্টিক্ হাইড্রেগগ্ ক্যাথার্টিক্। পূর্ব্বে অনেক পরিমাণে জলীয় তরল ভেদ করাইবার প্রয়োজন হইলে (যেমন কার্ডিয়াক্ ড্রপ্‌সিতে), ইহার অনেক ব্যবহার হইত। কিন্তু ইহার ক্রিয়া অনিশ্চিত, এবং ইহা উত্তেজক, এজন্য আজকাল ইহার পরিবর্ত্তে অন্যান্য ঔষধ ব্যবহৃত হইয়া থাকে। ডাং রাথার্ফোর্ড্ সপ্রমাণ করিয়াছেন যে, ইহা অন্ত্রের গ্রন্থিসমূহকে উত্তেজিত করে, কিন্তু লিভার্‌কে উত্তেজিত করে না।

Absorption, Mode of Elimination &c.

শোষণ এবং বহির্গমনপ্রণালী।

ইহা শোষিত হওয়ার পূর্ব্বে পিত্তে দ্রব হওয়া আবশ্যক। সেইজন্য ক্ষুণ্ণ চর্ম্মে লাগাইলে ইহার বিরেচনক্রিয়া হয়না। ইহা অন্ত্রদ্বারা অধিকপরিমাণে বহির্গত হয়, এবং প্রস্রাবকে উজ্জ্বল পীতবর্ণ করে। ইহা ব্যবহার করিতে হইলে কম্পাউণ্ড্ পিল্ অব্ গ্যাম্বোজ্ ব্যবহার করিবে।

℞

Pilulæ Cambogiæ Compositæ	gr. 5
Pilulæ Hydrargyri	gr. 3

Make 2 pills. To be taken night and morning.

কার্ডিয়াক্ এবং হিপ্যাটিক্ ড্রপ্‌সিতে প্রবল বিরেচন আবশ্যক হইলে ইহা ব্যবহার্য্য।

ল্যাটিন্।	ইংরেজী।
ওলিয়াম্ ক্রোটনিস্।	ক্রোটন্ অয়েল্।
Oleum Crotonis.	Croton Oil.

ইহা ক্রোটন্-টিগ্লিয়াম্ নামক বৃক্ষের বীজ হইতে নিষ্পেষিত তৈল। বাঙ্গালায় ইহাকে জয়পালতৈল বলে।

মাত্রা ½—১ মিনিম্।

প্রয়োগরূপ—

লিনিমেণ্টাম্ ক্রোটনিস্।	লিনিমেণ্ট্ অব্ ক্রোটন্ অয়েল্।
Linimentum Cortonis.	Liniment of Croton Oil.

Local Action.

স্থানিক ক্রিয়া।

ফিজিওলজিক্যাল্ ক্রিয়া—

ইহা চর্ম্মে লাগাইলে অধিক উত্তেজনা হয় এবং প্যাপিউল্ উৎপন্ন হইয়া ক্রমে পূর্ষ-বটিকায় পরিণত হয়।

থিরাপিউটিক্যাল্ ব্যবহার—

পুরাকালে লিনিমেণ্ট্ অব্ ক্রোটন্ অয়েল্ লাংসের পুরাতন ব্যাধিতে কাউণ্টার্-ইরিট্যাণ্ট্ স্বরূপ ব্যবহৃত হইত

ডাং টিফক্স (Dr. T. Fox) বলেন যে, ইহার স্থানিক প্রয়োগে মুখে ইরিথিমা (Erythema) হয়। কথিত আছে যে, ইহার সঙ্গে এল্‌কেলাইন্ বা ক্ষারঔষধের সংযোগ করিলে ইহার কাউণ্টার্-ইরিট্যাণ্ট্ ক্রিয়া প্রকাশিত হয়। দদ্রুতে লাগাইলে সেই স্থান কেরিয়নের (Kerion) ন্যায় উচ্চ, স্ফীত ও লাল হয়, কিন্তু উহা কেরিয়ন্ নহে।

কিন্তু আজকাল ইহার তত ব্যবহার হয় না, কারণ ইহা উত্তেজিত এবং কোমল চর্ম্মে লাগাইলে পূয-বটিকা ইত্যাদি জন্মিয়া সিকেট্রিক্স্ বা ক্ষত-চিহ্ন থাকে। ক্রোটন্ অয়েল্ রিং-ওয়ার্ম্মে অতিশয় ফলপ্রদ; কিন্তু নিম্নলিখিত বিষয়ে সতর্কতা আবশ্যক। ৬ বা ৭ বৎসরের ন্যূন বয়স্ক বালকের দদ্রুতে ইহার ব্যবহার করিবেনা। স্থানিক প্রয়োগে এক সময়ে একটা টাকার আয়তন অপেক্ষা অধিক স্থানে লাগাইবে না। কেবল পুরাতন দদ্রুতেই ইহা ব্যবহার করা উচিত।

INTERNAL ACTION.

আভ্যন্তরিক ক্রিয়া।

ক্রোটন্ অয়েল্ সেবনে অন্ত্রে অধিক উত্তেজনা জন্মে; এবং অধিক মাত্রায় সেবনে, ভেদ, বমন, কোল্যাপ্‌স্ ইত্যাদি বিসূচিকালক্ষণ, অন্ত্রের প্রবল প্রদাহ, ইত্যাদি প্রকাশ পায়। অপিচ ইহা মৃদু হিপ্যাটিক্ ষ্টিমিউল্যাণ্ট্।

ইহা ড্রাষ্টিক্ পার্গেটিভ্, এবং শীঘ্রও প্রবলরূপে কার্য্য করে বলিয়া কোন কোন অবস্থায় অত্যন্ত ফলপ্রদ। এপোপ্লেক্‌সি (Apoplexy) এবং অন্যান্য মস্তিষ্কের পীড়াতে যখন অন্ত্রকে সত্বর সম্পূর্ণ খালি করিবার প্রয়োজন হয় তখন, এবং কোন কোন প্রকার দুর্দ্দম্য কোষ্ঠবদ্ধে, ইহা সাবধানে ব্যবহার করিলে বেশ উপকার হয়।

MODE OF ADMINISTRATION.

ব্যবহারপ্রণালী।

ক্রোটন্ অয়েলের আস্বাদ কটু, এজন্য ইহা বটিকাকারে দেওয়াই ভাল। ইহা কখন কখন ক্যাষ্টার্ অয়েলের সহিত দেওয়া যায়।

যদি রোগী গিলিতে অসমর্থ হয়, তবে ইহা জিহ্বার পশ্চাদ্‌ভাগে লাগাইয়া দিবে। উপায়ান্তর না থাকিলে ইহা চর্ম্মে মালিশ করিবে; তাহাতেও কিছু বিরেচনক্রিয়া আশা করা যায়, কারণ ইহা চর্ম্মদ্বারা শোষিত হইয়া থাকে।

ইহার উত্তেজকগুণ নিবারণের জন্য নিম্নলিখিতরূপে ইহা দেওয়া যায়।

℞

Ol. Crotonis	m. iii
Ext. Colocynth. Comp.	℈.i
Ext. Belladonnæ	gr. iii

M. ft. ৬টী বটিকা করিবে। প্রতি রাত্রে শয়নকালে ১টী ব্যবস্থা করিবে।

ল্যাটিন্।	ইংরেজী।
পোটাসিয়াই টার্ট্রাস্।	টার্ট্রেট্ অব্ পোটাসিয়াম্।
Potassii Tartras.	Tartrate of Potassium.

মাত্রা—৬০ গ্রেণ হইতে অর্দ্ধ আউন্স্।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—ইহাদ্বারা তরল ভেদ হয়। অল্প মাত্রায় (৬০ হইতে ১২০ গ্রেণ) অধিক ডাইলিউট্ করিয়া দিলে মূত্রকারক, এবং ৬০ গ্রেণ হইতে অর্দ্ধ আউন্স্ মাত্রায়,বিরেচকের ন্যায় কার্য্য করিয়া জলবৎ ভেদ জন্মায়। ইহা সমস্ত অন্ত্রের উপর কার্য্য করে। ইহাতে বড় পেটকামড়ানি হয় না। সেনা এবং স্ক্যামনির সহিত দিলে উহাদের পেটকামড়ানক্রিয়ার লাঘব হয়। ইহা খাইলে রক্তে আচোষিত হয় এবং প্রস্রাবে কার্ব্বনেট্-আকারে দৃষ্ট হয়। ইহা প্রধানতঃ জ্বরসম্বলিত ডিস্পেপ্সিয়া এবং যকৃতের পীড়ায় মৃদু বিরেচকস্বরূপ ব্যবহৃত হয়। ডাঃ ব্রায়েণ্ট্ (Dr. Bryant) ইহা ২০ হইতে ৩০ গ্রেণ মাত্রায় গনোরিয়ার তরুণ অবস্থায় ৩। ৪ ঘণ্টা অন্তর ব্যবস্থা করিয়া থাকেন এবং উক্ত রোগের তরুণাবস্থা গত হইলে তিনি Potassio Tartrate of Iron এর সহিত ব্যবস্থা করেন।

ল্যাটিন্।	ইংরেজী।
সোডা টার্টারেটা।	টার্টারেটেড্ সোডা।
Soda Tartarata.	Tartarated Soda.

ইহাকে রোসেল্ সল্ট্ (Rochelle Salt) ও কহে। ইহার অপর নাম সোডি এট্ পোটাশিয়ো টার্ট্রাস্।

মাত্রা—১২০ গ্রেণ হইতে অর্দ্ধ আউন্স্, বিরেচক; ৩০ হইতে ৬০ গ্রেণ, মূত্রকারক।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—ইহা অধিক মাত্রায় মৃদু বিরেচক, এবং অল্প মাত্রায় মূত্রকারক, অম্লনাশক ও প্রস্রাবের ক্ষারগুণ উৎপাদক। লিভারের উপর ইহার অল্প ক্রিয়া আছে। ইহা সচরাচর নানাবিধ জ্বরীয় অবস্থাতে (বিশেষতঃ তৎসহ কোষ্ঠবদ্ধ, প্রস্রাবের অল্পতা এবং প্রস্রাবে লিথেট্স্ থাকিলে) ব্যবহৃত হইয়া থাকে। বিরেচকস্বরূপ ইহা এপ্সম্ সল্ট্ অপেক্ষা মৃদু ক্রিয়া প্রকাশ করে কিন্তু তদপেক্ষা অধিক সুস্বাদ। ইহা প্রস্রাবকে ক্ষারগুণবিশিষ্ট করে। তজ্জন্য প্রস্রাবে এসিডের আধিক্যপ্রযুক্ত, মূত্রনালীতে জ্বালা হইলে (যেমন গাউট্ আক্রান্ত রোগীদের হয়,) ইহাদ্বারা উপকার হয়। অন্যান্য লাবণিক-বিরেচকের ন্যায় ইহাকে ডাইলিউট্ করিয়া দিলে ভাল হয়। ইহা সচরাচর সিড্লিজ্ পাউডার্ (Seidlitz powder) আকারে ব্যবহৃত হয়। ইহা নিম্ন-লিখিতরূপে প্রস্তুত হইয়া থাকে। সোডি টার্টারেটা ১২০ গ্রেণ, বাইকার্ব্বনেট্ অব্ সোডিয়াম্ ৪০ গ্রেণ একত্র মিশ্রিত করিয়া নীলরঙ্গের কাগজে একটী পুরিয়া করিবে এবং ৩৭ গ্রেণ টার্টারিক্ এসিড্ সাদা কাগজে মুড়িবে। সেবন-সময়ে প্রথম চূর্ণকে ৪ বা ৬ আউন্স্ শীতল জলে দ্রব করিবে; পরে অপর চূর্ণ তাহাতে সংযোগ করিবে। উচ্ছ্বসিত অবস্থায় পান করিতে হইবে।

ল্যাটিন্।	ইংরেজী।
সোডিয়াই ফস্ফাস্।	ফস্ফেট্ অব্ সোডিয়াম্।
Sodii Phosphas.	Phosphate of Sodium.

মাত্রা—½ হইতে ১ আউন্স্, বিরেচক; ৩০ হইতে ১২০ গ্রেণ, মূত্রকারক।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—২ ড্রাম্ হইতে ১ আউন্স্ মাত্রায় মৃদু বিরেচকের ন্যায় কার্য্য করে। ইহার আস্বাদ লবণের ন্যায়, সুপ্ অথবা ব্রথের সঙ্গে দিলে রোগী জানিতে পারে না। ইহা শরীরের একটী আবশ্যক লাবণিক উপাদান এবং শিশুদের খাদ্যে ইহা অনেক সময়ে অল্প থাকে। ইহা রক্তের ক্ষারগুণ বর্দ্ধিত করে।

প্রস্রাবে ইউরিক্ এসিড্ সঞ্চিত হইলে তাহাকে দ্রব করিবার জন্য ইহা ২০ হইতে ৩০ গ্রেণ মাত্রায় দ্রবের সহিত দেওয়া যাইতে পারে। শিশুদের কোন ইন্দ্রিয়ের ব্যাধিবশতঃ মলের বর্ণ বিকৃত হইলে ইহা ব্যবহারে তাহা সংশোধিত হইয়া থাকে। শিশুদিগের রিকেট্স্ কিম্বা ট্রুমাস্-ডায়াথিসিস্ থাকিলে অথবা পোষণ ক্রিয়ার অভাব হইলে ফস্ফেট্ (পেরিশেজ্ কেমিক্যাল্ ফুড্) উত্তম ঔষধ। সকল ফস্ফেট্ই টনিক্। ইহাদের দ্বারা টিস্যুর নির্ম্মাণ রক্ষণ হয়। লিভারের সিরোসিস্ রোগে ইহা ব্যবহার করিলে উপকার দর্শে। লিভারের নানাপ্রকার ব্যাধিতে ফস্ফেট্ অব্ সোডা পিত্তনিঃসারকস্বরূপ ক্রিয়া করিয়া থাকে। অধিকন্তু ইহা পিত্তাশ্মরী এবং শিশুদিগের জণ্ডিসে উপকারী। ইহা সুরুয়ার (broth) সহিত ব্যবস্থা করা যায়।

লাটিন্।	ইংরেজী।
সোডিয়াই সাল্ফাস্।	সাল্ফেট্ অব্ সোডিয়াম্।
Sodii Sulphas.	Sulphate of Sodium.

মাত্রা ½—১ আউন্স্, বিরেচক; ৬০—১২০ গ্রেণ, মূত্রকারক।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—অর্দ্ধ হইতে এক আউন্স্ মাত্রায়, বিরেচক। কিন্তু শুষ্কাবস্থায় ইহার অর্দ্ধ মাত্রায় যথেষ্ট হয়। লেবুর রসের সহিত দিলে, ইহার মন্দ আস্বাদ কিয়ৎপরিমাণে কমিতে পারে। ইহা নানাপ্রকার জ্বরীয় এবং প্রাদাহিক অবস্থাতে ক্রিম্ অব্ টার্টারের সহিত ব্যবস্থা করা যায়। অল্পমাত্রায় ডাইলিউট্ করিয়া দিলে মূত্রকারকের ন্যায় কার্য্য করে। সম্ভবতঃ ইহার পিত্তনিঃসারক গুণ আছে। ইহা কার্ল্স্ব্যাড্ ওয়াটারের (Carlsbad waters) প্রধান উপাদান। ইহার আময়িক প্রয়োগ সাল্ফেট্ অব্ ম্যাগ্নেসিয়ার ন্যায়। কর্ণিয়া অস্বচ্ছ হইলে ইহা চূর্ণ করিয়া ১ হইতে ২ গ্রেণ মাত্রায় চক্ষের পাতা উল্টাইয়া স্থানিক প্রয়োগ করিলে বিলক্ষণ উপকার হয়।

℞	Sodæ Sulphatis	gr. 240
	Acidi Sulphurici Diluti	fl.ʒi.
	Infusi Gentianæ Compositi	fl.℥vi.

Mix. Dose—three tablespoonfuls, to be taken daily after dinner.

আভ্যাসিক কোষ্ঠবদ্ধের সহিত পেটফাঁপা থাকিলে ইহা ব্যবস্থেয়।

℞

Sodæ Sulphatis	gr. 120
Succi. Taraxaci	ʒi
Infusi Gentianæ	℥ii

Make a draught, to be taken every morning, before breakfast.

পিত্তের অল্পতাবশতঃ কোষ্ঠবদ্ধে ইহা ব্যবহার্য্য।

ইউঅনিমিন্।

EUONYMIN. (Non-official)

ইহা ইউঅনিমাস্-এট্রোপার্পিউরিয়াস্ নামক বৃক্ষের মূলের বল্কল হইতে প্রাপ্ত চূর্ণসার (extractive)।

মাত্রা ২—৫ গ্রেণ। বটিকাকারে এক্‌ষ্ট্রাক্ট্ অব্ হেন্‌বেন্ কিম্বা গ্লিসিরিন্ অব্ ট্র্যাগাকান্থের সহিতে দিবে।

প্রয়োগরূপ—

ল্যাটিন্।	ইংরেজী।
টিংচ্যুরা ইউঅনিমাই।	টিংচার্ অব্ ইউঅনিমিন্।
Tinctura Euonimi.	Tincture of Euonimin.

মাত্রা ১০—৪০ মিনিম্।

প্রয়োগরূপ—

এক্‌ষ্ট্র্যাক্টাম্ ইউঅনিমাই লিকুউডাম্।	লিকুইড্ এক্‌ষ্ট্র্যাক্ট্ অব্ ইউ-অনিমিন্।
Extractum Euonimi Liquidum.	Liquid Extract of Euonimin.

মাত্রা ১০—৬০ মিনিম্।

পাইলিউলা ইউঅনিমিন্।	পিল্ অব্ ইউঅনিমিন্।
Pilula Euonimin.	Pill of Euonimin.

ইহাতে ইউঅনিমিন্ ২ গ্রেণ এবং যথা প্রয়োজন এক্‌ষ্ট্রাক্ট্ অব্ হেন্‌বেন্ আছে। শয়নের সময় সেবনীয়। পরদিন প্রাতে কোন লাবণিক বিরেচক ব্যবহার আবশ্যক।

ক্রিয়া ও ব্যবহার—ইহা টনিক্, এণ্টিপিরিয়ডিক্, হাইড্রেগগ্-ক্যাথার্টিক্, এবং ডায়ুরেটিক্। ইহা প্রধানতঃ লিভারের উপর ক্রিয়া প্রকাশ-

করতঃ পিত্তনিঃসারণ বৃদ্ধিকরে এবং অন্ত্রের উপর ক্রিয়া করিয়া বিরেচকের ন্যায় কার্য্য করিয়া থাকে। লিভারের টর্পিডিটি (torpidity) বা ক্রিয়ামান্দ্য এবং যে সকল অবস্থায় পিত্তনিঃসরণ মন্দ কিম্বা বন্ধ থাকে, সেইসকল অবস্থায় ইহা বিশেষ উপযোগী। লিভারের ক্রিয়াবৈলক্ষণ্যবশতঃ শিরঃপীড়া হইলে ইহার দুই গ্রেণ শুইবার সময় দিলে বিশেষ উপকার হয়। ইহা সচরাচর এক্‌ষ্ট্রাক্ট্ অব্ হাইয়োসায়েমাসের সহিত ব্যবহার করা হয়। ইহা যকৃতের প্রবল উত্তেজক কিন্তু পডফিলিনের ন্যায় অন্ত্রের তত উত্তেজক নয়। ইহার ১ গ্রেণ, ৪ গ্রেণ, ইরিডিনের সঙ্গে দিলে যথেষ্ট বিরেচন হয়।

সপ্তদশ অধ্যায়।

চতুর্থভাগ—Anthelmintics বা ক্রিমিনাশক ঔষধসমূহ।

যে সকল ঔষধ অন্ত্রস্থ কৃমিসমূহকে নষ্ট ও বহির্গত করিয়া ফেলে তাহাদিগকে Anthelmintic বা কৃমিনাশক ঔষধ কহে।

ইহারা দুইপ্রকার।

(১) যাহারা ক্রিমিসমূহকে নষ্ট করে, তাহাদিগকে ভার্ম্মিসাইড্ (Vermicide) বা কৃমিঘ্ন কহে। যথা—অয়েল্ অব্ মেল্ ফার্ন্, কসো ইত্যাদি।

(২) যাহারা ক্রিমিসমূহকে বহির্গত করিয়া ফেলে তাহাদিগকে ভার্ম্মিফিউজ্ (Vermifuge) বা ক্রিমিনিঃসারক কহে। যথা—জ্যালাপ্, কামলি ইত্যাদি।

ক্রিমিনাশক ঔষধ সকল নিম্নলিখিত ৪ শ্রেণীতে বিভক্ত—

(১) সাক্ষাৎ অথবা বিশেষ ক্রিমিনাশক (Direct or Specific Anthelmintic)—অর্থাৎ যে সমস্ত ঔষধ স্বকীয় বিষাক্ত শক্তিদ্বারা অন্ত্রস্থ কৃমিদিগকে নষ্ট করে ; যথা কুসো, স্যাণ্টোনিন্, ফিলিক্স্ম্যাস্ ইত্যাদি। ইহাদিগকে Vermicide,ও কহে। ইহাদের ব্যবহারের পর বিরেচক ঔষধ দেওয়া কর্ত্তব্য ; কারণ ইহাদের মধ্যে অনেকেরই বিরেচক গুণ নাই।

(২) যান্ত্রিক কৃমিনাশক (Mechanical Anthelmintics)—অর্থাৎ যে সমস্ত ঔষধ ক্রিমিসমূহকে উত্তেজিত ও ক্ষতবিক্ষত করিয়া অন্ত্র হইতে বহির্গত করিয়া দেয়। যেমন—কাউহেজ্ (Cowhage) এবং টিন্-ফাইলিংস্ (Tin-filings) । এই শ্রেণীস্থ ঔষধ আজ কাল ব্যবহৃত হয় না।

(৩) অসাক্ষাৎ বা বিরেচক ক্রিমিনাশক (Indirect or Purgative Anthelmintics)—অর্থাৎ যে সমস্ত ঔষধদ্বারা অন্ত্রস্থিত কৃমিসকল বহির্গত হইয়া পড়ে। ইহাদেরদ্বারা অন্ত্রের কৃমিবৎ গতি বৃদ্ধি পায়। ইহাদের মধ্যে স্ক্যামনি, জ্যালাপ্, ক্যালোমেল্, গ্যাম্বোজ্ ইত্যাদি প্রধান। ইহাদিগকে (Vermifuge) ও বলে।

(৪) বলবিধায়ক ক্রিমিনাশক বা ক্রিমিনিবারক (Corroborant Anthelmintics or Worm-preventives)—অর্থাৎ যে সকল ঔষধের প্রয়োগে শরীর সবল হয় এবং ক্রিমিসকল অন্ত্রমধ্যে জন্মিতে পারেনা। ইহাদের মধ্যে বলকারক ঔষধ, লঘু আহার, সাল্ফেট্ অব্ আয়রন্ আদি লৌহ ঘটিত ঔষধ এবং কোয়াশিয়া, নক্স্‌ভমিকা ইত্যাদি বিটার্ প্রধান।

আময়িক প্রয়োগ।

Anthelmintics বা কৃমিনাশক ঔষধ নিম্নলিখিত উদ্দেশ্যে ব্যবহৃত হয় :—

১। সাক্ষাৎ বা ক্রিমিঘ্নসমূহ (Direct or Vermicides)—পরিপাক-নালীতে কোনপ্রকার কৃমি থাকিলে তাহাদিগকে নষ্ট করিবার জন্ম।

(২) অসাক্ষাৎ বা ক্রিমিনিঃসারক সমূহ (Indirect or Vermifuges)—মৃত বা জীবিত কৃমিদিগকে অন্ত্রহইতে বহিস্কৃত করিবার উদ্দেশ্যে।

(৩) ক্রিমিনিবারক সমূহ (Worm-preventives)—কৃমিদিগকে অন্ত্র হইতে বহির্গত করার পর তাহাদের পুনরুৎপত্তি নিবারণের উদ্দেশ্যে।

DIRECT ANTHELMINTICS OR VERMICIDES.

সাক্ষাৎ ক্রিমিনাশক বা ক্রিমিঘ্নবর্গ।

(১) অয়েল্ অব্ মেল্ ফার্ন্—Oil of male fern (ethereal extract)

(২) অয়েল্ অব্ টার্পেণ্টাইন্ (Oil of turpentine)

(৩) কুসো (Kousso)

(৪) কামালা (Kamala)

(৫) ওয়ার্ম্ সিড্ এবং স্যাণ্টোনিন্ (Worm seed and santonin)

(৬) দাড়িম্ব (মূলের ত্বক্ গ্রহনীয়)—Pomegranate (bark of root)

(৭) টিনের গুঁড়া (Tin in fine powder)

(৮) কাউহেজ—Cowhage (mucuna)

INDIRECT ANTHELMINTICS OR VERMIFUGES.

অসাক্ষাৎ ক্রিমিনাশক বা ক্রিমিনিঃসারকবর্গ।

(৯) ক্যালোমেল্ (Calomel)

স্কামনি (Scammony)

জ্যালাপ্ (Jalap)

গ্যাম্বোজ্ (Gamboge)

ক্যাষ্টার্ অয়েল্ (Castor Oil)

WORM-PREVENTIVES.

ক্রিমিনিবারকবর্গ।

সাল্‌ফেট্ অব্ আয়রন্ (Sulphate of iron)

পার্ক্লোরাইড্ অব্ আয়রন্ (Perchloride of iron)

অন্যান্য ফেরিউজিনাস্ সল্ট্ (Other ferruginous salts)

কোয়াসিয়া (Quassia)

নক্স্ ভমিকা (Nux vomica)

EFFECTS OF ANTHELMINTICS.

ক্রিমিনাশক ঔষধের ফল।

মনুষ্যশরীরের অন্ননালীতে সচরাচর ৩ প্রকার কৃমি (Entozoa) দেখিতে পাওয়া যায় ; যথা—

Tape worm (tænia solium and medio-canellata) অর্থাৎ ফিতার ন্যায় ক্রিমি, Round worm (ascaris lumbricoides) অর্থাৎ মহী লতার ন্যায় ক্রিমি, এবং Thread-worm (oxyuris vermicularis) অর্থাৎ সূত্রবৎ কৃমি। প্রথম শ্রেণীর ক্রিমি ক্ষুদ্র অন্ত্রে, দ্বিতীয় প্রকারের কৃমি বৃহৎ অন্ত্রের সিকাম্ এবং এসেণ্ডিং কোলনে এবং তৃতীয় শ্রেণীর কৃমি রেক্টাম্ এবং ডিসেণ্ডিং কোলনে অবস্থিতি করে।

(ক) Tape worm বা ফিতাবৎ কৃমিঃ—ইহারা ক্ষুদ্রঅন্ত্রে থাকে। ইহাদের দ্বারা নানাপ্রকার অসুখজনক লক্ষণ প্রকাশ পায়। অয়েল্ অব্ মেল্ ফার্ন্ এই প্রকার কৃমির অতি উৎকৃষ্ট ঔষধ ; ইহা খালি পেটে খাইতে দিবে। ইহাদ্বারা কোন উপকার না হইলে কুসো, টার্পেণ্টাইন্, দাড়িম্বমূলের ত্বক্ ইত্যাদি ব্যবস্থা করা যাইতে পারে।

ইহা স্মরণ রাখা উচিত যে, এই সকল ঔষধদ্বারা কৃমি নষ্ট হয় বটে, কিন্তু অন্ত্র হইতে বহির্গত হয় না। সেজন্য এই সকল ঔষধ দেওয়ার পর একমাত্রা বিরেচক্ (যেমন ক্যাষ্টার্ অয়েল্) দেওয়া কর্ত্তব্য। টেপ্ওয়ার্ম্মের মুণ্ড বহির্গত না হওয়া পর্য্যন্ত আমরা নিশ্চয় করিয়া বলিতে পারিনা যে রোগী আরোগ্য লাভ করিয়াছে। এইপ্রকার কৃমির মধ্যে টিনিয়া সোলিয়াম্ পীড়াযুক্ত শূকরের মাংস (measly pork) ভক্ষণে, টিনিয়া মিডিওক্যানেল্যাটা বাছুরের মাংস (veal) কিম্বা গোমাংস (beef) ভোজনে, এবং টিনিয়ালেটা স্যাল্‌মন্ মৎস্য খাওয়াতে, উৎপন্ন হইয়া থাকে।

(খ) *Round worm বা মহীলতার ন্যায় ক্রিমিঃ—ইহারা সিকাম্,* এসেণ্ডিং কোলন্ এবং ক্ষুদ্র অন্ত্রে থাকে। ইহাদিগের দ্বারা নানাপ্রকার স্নায়বীয় লক্ষণ (বিশেষতঃ শিশুদিগের) দেখিতে পাওয়া যায়। বোধ হয়, ইহারা অপরিষ্কৃত জলের সহিত শরীরে প্রবেশ করে। স্যাণ্টোনিন্ ইহাদের অব্যর্থ (specific) ঔষধ। ইহা সেবনে এই জাতীয় ক্রিমি একেবারে মরিয়া যায়।

(গ) Thread worm বা সূত্রবৎ কৃমিঃ—ইহারা রেক্টাম্ ও ডিসেণ্ডিং কোলনে অবস্থিত করে এবং মল দ্বারের নিকট কণ্ডুয়ন ও উত্তেজনা উৎপাদন করে। এই ক্রিমি গরীব লোকের ছেলেদের প্রায়ই হয়। তাহাদের দুর্ব্বলতা হেতুই এই ক্রিমি জন্মিয়া থাকে, কি এই ক্রিমি জন্মে বলিয়াই তাহারা দুর্ব্বল হয়, এই বিষয় এপর্য্যন্ত স্থিরীকৃত হয় নাই।

এই প্রকার কৃমিতে ঔষধ সেবন করিলে বিশেষ ফল হয় না ; কারণ ইহারা অন্ত্রের নিম্নাংশে অবস্থিত করে, এবং যদিও স্ক্যামনি, ক্যালোমেল্ জ্যালাপ্ ইত্যাদি বিরেচকঔষধদ্বারা উপকার হইয়া থাকে, তথাপি গুহ্যদ্বারে কোয়াশিয়া, টিংচার্ অব্ আয়রন্, কমন্ সল্ট্, চুণের জল ইত্যাদির পিচকারীর দ্বারা বিশেষ উপকার হইয়া থাকে।

শরীরের নানা বিধানে অন্যান্য প্রকার পরাঙ্গপুষ্ট আছে; যথা—ট্রিচিনা স্পাইরেলিস্ (Trichina spiralis), নানাপ্রকার হাইডেটিড্ (Hydatid) ইত্যাদি। কিন্তু সচরাচর ইহারা অপ্রতিকার্য্য।

কৃমির সাধারণ চিকিৎসাতে কোন কৃমিনাশক ঔষধের উপর সম্পূর্ণ নির্ভর করা উচিত নহে। রোগীকে কাঁচা কিম্বা অল্প সিদ্ধ মাংস অথবা মৎস্য এবং অপরিষ্কার জল খাইতে দিবেনা; কারণ ইহাদের সঙ্গে কৃমি শরীরে প্রবেশ করিয়া থাকে। এতদ্ব্যতীত রোগীকে পরিষ্কৃত পরিচ্ছন্ন রাখিবে এবং অন্ত্রের শ্লৈষ্মিক ঝিল্লির অসুস্থতা নিবারণার্থ ক্ষার ঔষধ এবং তিক্ত বলকারক ঔষধ খাইতে দিবে; তাহাতে পুনরায় কৃমি উৎপন্ন হইতে পারিবেনা।

টেপ্‌ওয়ার্ম্ বহির্গত করার জন্য কোন ঔষধ ব্যবস্থা করার সময়, অন্ত্র পরিষ্কার আছে কিনা তাহা জানা আবশ্যক। রোগীকে প্রথমতঃ একমাত্রা বিরেচক দিয়া কিছু খাইতে দিবে না এবং অতি প্রত্যূষে কিম্বা শুইবার সময় অয়েল্ অব্ মেল্ ফার্ন্, দুগ্ধ কিম্বা মিউসিলেজ্ অব্ একেসিয়ার সহিত খাইতে দিবে।

ল্যাটিন্।	ইংরেজী।
ফিলিক্স্ মাস্।	মেল্ ফার্ন্।
Filix Mas.	Male Fern.

ইহা এস্পিডিয়াম্-ফিলিক্স্-মাস্ নামক বৃক্ষের শুষ্ক কন্দ।

চূর্ণের মাত্রা ৬০ হইতে ১৮০ গ্রেণ।

প্রয়োগরূপ—

এক্‌ষ্ট্রাক্টাম্ ফিলিসিস্ লিকুইডাম্।	লিকুইড্ এক্‌ষ্ট্রাক্ট্ অব্ মেল্ ফার্ন্।
Extractum Filicis Liquidum.	Liquid Extract of Male Fern.

মাত্রা ১৫—৩০ মিনিম্ বা ১ ড্রাম্।

ইহার স্থানিক ক্রিয়া কিছুই নাই।

Constitutional Action:

সার্ব্বাঙ্গিক ক্রিয়া।

ফিজিওলজিক্যাল্ ক্রিয়া—

টেপ্-ওয়ার্ম্‌কে মারিয়া ফেলা ইহার একটী বিশেষ কার্য্য। ইহাদ্বারা কখন কখন অল্প বিবমিষা এবং উদরাময় হয় বটে, কিন্তু অধিকাংশ অবস্থায় কোন অসুখ হয় না।

থিরাপিউটিক্যাল্ ব্যবহার—

কেবল ক্রিমিনাশক গুণের জন্যই ইহা ঔষধস্বরূপ ব্যবহৃত হয়। ইহার যে সর্ব্বপ্রকার টিনিয়া (tænia) ধ্বংশ করার ক্ষমতা আছে তাহা প্রমাণিত হইয়াছে। সচরাচর ইহার এক কি দুই মাত্রা দিলে, সম্পূর্ণ কৃমিটী বহির্গত হইয়া থাকে। ইহা খালি পেটে খাওয়া উচিত।

প্রথমতঃ পার্গেটিভ্ দ্বারা অন্ত্র পরিষ্কার করিয়া, শুইবার পূর্ব্বে রোগীকে কয়েক ঘণ্টা উপবাস রাখিয়া, পরে ইহার এক ড্রাম্ লিকুইড্ একষ্ট্র্যাক্ট্, দুগ্ধের সহিত খাইতে দিবে। দুগ্ধের সহিত খাইলে ইহার দুর্গন্ধ থাকে না। পক্ষান্তরে দুর্গন্ধনিবারণের জন্য এই ঔষধ নিম্ন লিখিত ব্যবস্থা দ্বারা দেওয়া যায়।

℞

Extracti Filicis Liquidi		ʒi
Mucilaginis Tragacanthæ		℥ss
Syrupi Zingiberis		ʒi
Aquæ	ad	℥iss

M. ft. draught. প্রত্যূষে খালি পেটে সেব্য।

লাটিন্।	ইংরেজী।
কাসো।	কুসো।
Cusso.	Kousso.

ইহা হেজিনিয়া-এবিসিনিকা নামক বৃক্ষের শুষ্ক প্যানিক্ল্ বা শরপুষ্প।

মাত্রা ¼—½ আং। শিশুদের জন্য ⅛—¼ আউন্স্।

প্রয়োগরূপ—

ইন্‌ফিউজাম্ কাসো।

Infusum Cusso.

ইন্‌ফিউশন্ অব্ কুসো।

Infusion of Kousso.

মাত্রা ৪—৮ আউন্স্।

ফিজিওলজিক্যাল্ ক্রিয়া—

টেপ্‌ওয়ার্ম্মের পক্ষে ইহা বিষতুল্য। ইহাদ্বারা কোন উত্তেজনা হয় না। ইহা টেপ্‌ওয়ার্ম্ সমূহকে নষ্ট করে।

থিরাপিউটিক্যাল্ ব্যবহার—

এজন্য ইহা কখন কখন ক্রমিনাশকস্বরূপ ব্যবহৃত হয়, এবং খালি পেটে দিলে বেশ উপকার করে। ইহার বিরেচক গুণ নাই, এজন্য ইহা ব্যবহারের পর পার্গেটিভ্ দিতে হয়। তাহাতে ক্রমি বাহির হইয়া যায়।

MODE OF ADMINISTRATION.

ব্যবহার প্রণালী

তিন কি চারি আউন্স্ জলে লেবুর রস সহযোগ করতঃ তাহাতে ইহার তাজা ফুল অর্দ্ধ আউন্স্ মিশাইয়া সিদ্ধ করতঃ তাহার সমস্ত, রোগীকে খাইতে দিবে। ইহাতে কখন কখন অল্প বমন হয়, কিন্তু তাহা প্রায়ই কষ্টদায়ক হয় না।

ল্যাটিন্।

কামালা।

Kamala.

ইংরেজী।

কামালা।

Kamala.

ইহা রট্‌লিরা-টিংটোরিয়া নামক বৃক্ষের ফলের গাত্রসংলগ্ন লোহিত বর্ণ গ্রন্থি ও চূর্ণ।

মাত্রা ৩০—১২০ গ্রেণ; মধু অথবা ঘন মিউসিলেজের সহিত দেওয়া যায়।

ফিজিওলজিক্যাল্ ক্রিয়া—

ইহা ক্রমিঘ্ন, এবং টেপ্‌ওয়ার্ম্‌কে অতি শীঘ্র এবং সম্পূর্ণরূপে নষ্ট করে। ইহার বিরেচক গুণ আছে।

থিরাপিউটিক্যাল্ ব্যবহার—

ইহা উত্তম এন্থেল্‌মিণ্টিক্। এই শ্রেণীস্থ অন্যান্য ঔষধের সহিত ইহার প্রভেদ এই যে, ইহার বিরেচক গুণ আছে।

ল্যাটিন্।	ইংরেজী।
গ্র্যানেটাই রেডিসিস্ কর্টেক্স্।	পোম্গ্র্যানেট্ রুট্ বার্ক্।
Granati Radicis Cortex.	Pomegranate Root Bark.

ইহা পিউনিকা-গ্র্যানেটাম্নামক বৃক্ষের মূলের শুষ্ক বল্কল।

বাঙ্গলায় ইহাকে দাড়িম্বমূলের বল্কল কহে।

প্রয়োগরূপ—

ডিকক্টাম্ গ্র্যানেটাই রেডিসিস্।	ডিককৃশন্ অব্ পোম্গ্র্যানেট্ রুট্।
Decoctum Granati Radicis.	Decoction of Pomegranate Root.

মাত্রা ২—৪ আউন্স্।

ক্রিয়া ও আময়িক প্রয়োগ—ইহা উত্তম টিনিয়াক্রিমিনাশক। ইহার গুণ ইহার এল্কেলয়েড্ পেলেটিরিনের (Pelleterine) উপর নির্ভর করে। সাল্‌ফেট্ এবং ট্যানেট্ অব্ পেলেটিরিন্, ইহার পরিবর্ত্তে ব্যবহার করা যাইতে পারে।

দাড়িম্বফলের ত্বকে ট্যানিন্ এবং মিউসিলেজ্ আছে বলিয়া, ইহা উত্তম এষ্ট্রিঞ্জেণ্ট্। ইহা ডিককৃশন্আকারে ব্যবহৃত হয়। ইহা এষ্ট্রিঞ্জেণ্ট্ বলিয়া অনেক সময় কুল্লি এবং ইঞ্জেক্‌শন্স্বরূপ ইহার ব্যবহার করা যায়। টেপ্ওয়ার্ম্ নষ্ট করিবার জন্য পোম্গ্র্যানেট্ রুট্বার্ক্ অনেক দিন যাবৎ ব্যবহৃত হই-তেছে, কিন্তু ইহা মেল্ ফার্ন্ অপেক্ষা নিকৃষ্ট। ইহার ডিককৃশন্ ২ আউন্স্ মাত্রায়, উপবাসের পর প্রতি অর্দ্ধ ঘণ্টা অন্তর চারি মাত্রা দিয়া, পরে এক মাত্রা ক্যাষ্টার্ অয়েল্ দিলে, কয়েক ঘণ্টার মধ্যে সমস্ত ক্রিমি মরিয়া বাহির হইয়া আইসে। সেইরূপ সাল্‌ফেট্ অব্ পেলেটিরিন্ ৫—৮ গ্রেণ, অথবা ট্যানেট্ অব্ পেলেটিরিন্ ৮ গ্রেণ, খালিপেটে খাওয়াইয়া, ক্যাষ্টার্ অয়েল্ কিম্বা অন্য কোন বিরেচক দেওয়া উচিত।

ক্রনিক্ ডায়েরিয়া এবং ডিসেণ্টেরিতে অন্য কোন এষ্ট্রিঞ্জেণ্ট্দ্বারা উপকার না হইলে, ইহার ফলের ত্বকের ডিককৃশন্ দ্বারা উৎকৃষ্ট ফল লাভ করা যায়।

ডিককৃশন্ প্রস্তুত করিবার প্রণালী—দাড়িম্ব ফলের ত্বক্ ২ আউন্স্, লবঙ্গচূর্ণ ৪০ গ্রেণ এবং জল ১½ পাইণ্ট্ একত্র সিদ্ধ করিয়া এক পাইণ্ট্ থাকিতে নামাইবে। মাত্রা ১—২ আউন্স্।

রিল্যাক্স্ড্ সোর থ্রোটে, ৬০ গ্রেণ এলামের সহিত এই ডিককৃশন্ ১ পাইণ্ট্ পরিমাণে লইয়া কুল্লি করিলে উপকার হয়।

ইউটিরাসের ক্যান্সার্ রোগে অধিক স্রাব হেতু রোগী অতিশয় দুর্ব্বল হইলে, ইহার ১ পাইণ্ট লইয়া অর্দ্ধ আউন্স্ এলাম্‌সহ পিচকারী দিলে উপকার হইয়া থাকে।

ল্যাটিন্।	ইংরেজী।
মিউকিউনা প্রুরিয়েন্স্।	কাউহেজ্।
Mucuna Pruriens.	Cowhage.

ইহা মিউকিউনা-প্রুরিয়েন্স্‌নামক বৃক্ষের ফলসংলগ্ন লোম। কাউহেজ্ সম্ভবতঃ কৃমি সমূহকে ক্ষতবিক্ষত করিয়া দিয়া, এন্থেলমিণ্টিকের ন্যায় ক্রিয়া করে।

ইহা মধু, গুড় কিম্বা সিরাপের সহিত অবলেহআকারে ১ টিস্পুন্ হইতে ১ টেব্ল্‌স্পুন্ মাত্রায় দিলে বিরেচনক্রিয়া হয়।

ইহা আজকাল ব্যবহৃত হয় না, এবং ব্রিটিশ্ ফার্মাকোপিয়াতে গৃহীত হয় নাই।

ল্যাটিন্।	ইংরেজী।
টেরেবিন্থিনি ওলিয়াম্।	অয়েল্ অব্ টার্পেণ্টাইন্।
Terebinthinæ Oleum,	Oil of Turpentine.

ইহার বিষয়ে পূর্ব্বেই উল্লেখ হইয়াছে। ইহার কৃমিনাশক গুণ সম্বন্ধে এস্থলে কিছু বলা যাইতেছে। নানাপ্রকার কৃমিতে, বিশেষতঃ মহীলতার ন্যায় এবং ফিতার ন্যায় ক্রিমিতে, অয়েল্ অব্ টার্পেণ্টাইন্ বিশেষ ফলদায়ক, কারণ ইহাতে কৃমিগুলি মরিয়া বহির্গত হয়। ইহা আহারের ২। ৩ ঘণ্টা পরে সেবন করিতে হয়। খালি পেটে খাইলে বমি হইতে পারে। ইহা সেবনের পর রোগীকে সুস্থির-ভাবে রাখিবে, যেন ষ্টমাকের উত্তেজনা না হয়। ইহার ক্রিয়ার সময় সুরুয়া এবং পানীয় দেওয়া উচিত। ইহা উত্তম ভার্ম্মিফিউজ্। ইহার ৩ ড্রাম্, সমপরিমাণ ক্যাষ্টার্ অয়েলের সহিত মিশাইয়া দিলে উপকার হয়। থ্রেড্‌ওয়ার্ম্ বহির্গত করিবার জন্য টার্পেণ্টাইনের এনিমা ব্যবহার্য্য।

R

Ol. Terebinth.	ʒii
,, Ricini	ʒiv
Mucilago Acaciæ	ʒss
Aqua Menthæ pip. ad	ʒii

M. ft. draught, to be given at once.

ল্যাটিন্।	ইংরেজী।
স্যাণ্টোনিকা।	স্যাণ্টোনিকা।
Santonica.	Santonica.

ইহা আর্টেমিসিয়া-মেরিটিমা নামক বৃক্ষের অপ্রস্ফুটিত মঞ্জুরী।

ইহার প্রধান বীর্য্য স্যাণ্টোনিন্ ((Santonin)।

মাত্রা ২—৬ গ্রেণ; শিশুদিগের পক্ষে ১—৩ গ্রেণ; চিনি কিম্বা দুগ্ধের সহিত।

প্রয়োগরূপ—

ট্রোচিসাই স্যাণ্টোনাইনাই।	স্যাণ্টোনিন্ লোজেঞ্জিস্।
Trochisci Santonini.	Santonin Lozenges.

ইহার প্রত্যেক চাক্তিতে ১ গ্রেণ স্যাণ্টোনিন্ আছে।

মাত্রা ১—৬ চাক্তি। ইহার ১ খানি কয়েক রাত্রিতে ব্যবহার করিয়া, তৎপর একদিবস প্রত্যূষে ১ মাত্রা কোন মৃদু বিরেচক (যেমন ক্যাষ্টার্ অয়েল) দিবে।

স্থানিক ক্রিয়া।

ইহার কোন স্থানিক ক্রিয়া নাই।

আভ্যন্তরিক ক্রিয়া।

ফিজিওলজিক্যাল্ ক্রিয়া—	থিরাপিউটিক্যাল্ ব্যবহার—
(১) মস্তিষ্ক এবং স্নায়ুমণ্ডলীর উপর—ইহা খাইলে কখন কখন দৃষ্টির ব্যাঘাত হয়, এবং রেটিনায় অল্প রক্তাধিক্য	(১) অপ্টিক্ নার্ভের কোন কোন ব্যাধিতে সেণ্টোনিন্ দেওয়া হইয়াছে; কিন্তু ইহাদ্বারা যে কোন উপকার হই-

দেখা যায়। এতদ্দ্বারা অনুমান হয় যে, ইহা মস্তিষ্কের উপর ক্রিয়া করে। ইহাতে ক্লান্তিবোধ এবং মানসিক অবসাদ হয়। এজন্য ইহা সতর্কতার সহিত ব্যবহার করিবে। অধিক মাত্রায় দিলে ইহাদ্বারা টেটেনিক্ স্প্যাজ্‌ম্ এবং কোমা হইয়া মৃত্যু ঘটিতে পারে।

২। স্নায়ুযন্ত্রের উপর—

ইহাদ্বারা কথন কথন পরিপাকের ব্যাঘাতসূচক বিবমিষা, শিরোবেদনা, গ্লানি, ইত্যাদি হইয়া থাকে।

৩। মূত্রযন্ত্রের উপর—

ইহা খাইলে প্রস্রাব পীতবর্ণ, কিন্তু ক্ষারগুণবিশিষ্ট প্রস্রাব, রক্তবর্ণ হয়, প্রস্রাব বৃদ্ধিপায়, বারংবার প্রস্রাব করিতে ইচ্ছা জন্মে এবং শিশুদিগের ক্ষণকালের জন্য ইন্‌কন্টিনেন্স্ অব্ ইউরিন্ হইতে পারে।

যাছে, তাহার বিশ্বাসযোগ্য প্রমাণ পাওয়া যায় নাই। ইহাদ্বারা বর্ণ-চিনিবার অক্ষমতায় (Colour blindness) উপকার হইবার সম্ভাবনা।

(২) রাউণ্ড্ ওয়ার্মে ইহার বিস্তর ব্যবহার আছে। ইহা এই কৃমিকে আশু বিনষ্ট করিয়া থাকে, এবং সম্ভবতঃ থ্রেড্ ও টেপ্‌ওয়ার্মের উপর কোন ক্রিয়া করেনা।

(৩) ইন্‌কন্টিনেন্স্ অব্ ইউরিণে ইহা কথন কথন ব্যবহৃত হয়, কিন্তু তাহাতে ইহাদ্বারা উপকার হয় কিনা সে বিষয়ে সন্দেহ আছে।

১২ গ্রেণ স্যাণ্টোনিন্‌দ্বারা ২ বৎসরের একটী বালকের কন্‌ভাল্‌শন্ ও ডিস্‌প্নিয়া বা শ্বাসকৃচ্ছ্র হইয়াছিল, সুতরাং ইহা সাবধানে ব্যবহার করিবে। ক্লোরোফর্ম ইহার বিষঘ্ন।

ইহার আস্বাদ মন্দ নহে। কিন্তু ইহা জলে দ্রব হয়না বলিয়া রুটি, মাখন, কিম্বা গুড়ের সহিত দিলে খাইবার সুবিধা হয়।

HAUSTUS SANTONINI ET OLEI RICINI (*non-official.*)

Santonin in powder.	4 grains.
Castor Oil	3 drachms.

মিশ্রিত করিয়া,

Mucilage of Acacia 4 drachms.
Syrup 1 drachm.
Peppermint water সর্ব্বসমেত 1½ ounces.

এর সহিত ইমাল্শন্ প্রস্তুত কর।

ইহা ৬ হইতে ১২ বৎসরের শিশুর জন্ম প্রাতে খালি পেটে সেবনীয়।

Suppositorium Santonini—
Santonin in powder 3 grains, or more, if ordered.
Oil of Theobroma. q. s.

সাপোজিটরি প্রস্তুত কর।

প্রতি দ্বিতীয় কিম্বা তৃতীয় রাত্রিতে ১ বার; সমুদয়ে ৩ মাত্রা দেওয়া উচিত। শিশুদের সূত্রবৎ ক্রমির জন্ম নিদ্রার ব্যাঘাত হইলে, ইহা উত্তম ক্রমিনাশকস্বরূপ কার্য্য করে।

বিড়ঙ্গ, পলাশ পাঁপড়া, ইন্দ্রযব, সোমরাজ, গুবাক ইত্যাদি দেশীয় ঔষধ ক্রমিনাশকস্বরূপ ব্যবহৃত হইয়া থাকে।

অষ্টাদশ অধ্যায়।

পঞ্চম ভাগ—STOMACHIC TONICS OR STOMACHICS.

পাকাশয়িক বলকারক বা আগ্নেয়।

যে সকল ঔষধ সাক্ষাৎরূপে পাকস্থালীর উপর কার্য্য করিয়া ক্ষুধাবৃদ্ধি করতঃ পরিপাকক্রিয়ার সাহায্য করিয়া থাকে, তাহাদিগকে আগ্নেয় ঔষধ কহে।

নিম্নলিখিত ঔষধ সকল আগ্নেয়:—

ক। (১) ক্যালাম্বা (Calumba)
(২) জেন্‌শিয়েন্ (Gentian)
(৩) ক্যাস্কারিলা (Cascarilla)
(৪) কাস্পেরিয়া (Cusparia)
(৫) চিরতা (Chiretta)
(৬) কোয়াশিয়া (Quassia)

(৭) হপ্স্ (Hops)

(৮) নাইট্রিক্ এসিড্ (Nitric acid)

(৯) হাইড্রোক্লোরিক্ এসিড্ (Hydrochloric acid)

(১০) নাইট্রো-হাইড্রোক্লোরিক্ এসিড্ (Nitro-Hydrochloric acid)

খ। (১১) নক্স্ ভমিকা (Nux vomica)

(১২) ষ্ট্রিক্নাইন্ (Strychnine)

(১৩) সিঙ্কোনা বার্ক্ (Cinchona bark)

(১৪) সাল্ফেট্ অব্ কুইনাইন্ (Sulphate of quinine)

(১৫) হাইড্রোক্লোরেট্ অব্ কুইনাইন্ (Hydrochlorate of quinine)

(১৬) সালফেট্ অব্ সিঙ্কোনাইন্ (Sulphate of cinchonine)

(১৭) সাল্ফেট্ অব্ সিঙ্কোনিডাইন্ (Sulphate of cinchonidine)

(১৮) সাল্ফেট্ অব্ বেবীরিন্ (Sulphate of beberine)

(১৯) লৌহঘটিত লবণ (Salts of iron)

গ। (২০) পেপ্সিন্ (Pepsin)

(২১) অক্স্-গল্ (Ox-gall)

(২২) প্যাঙ্ক্রিয়েটিন্ (Pancreatin)

ঘ। (২৩) এলোজ্ (Aloes)

(২৪) রুবার্ব্ (Rhubarb)

(২৫) ট্যারাক্সেকাম্ (Taraxacum)

EFFECTS OF STOMACHIC TONICS.

আগ্নেয় ঔষধের ফল।

উপরোক্ত ঔষধসমূহকে যে চারি শ্রেণীতে বিভক্ত করা হইয়াছে, তাহার বিশেষ উদ্দেশ্য আছে। কতকগুলি আগ্নেয় ঔষধ পাকাশয়ের শ্লৈষ্মিক ঝিল্লির রক্তাধিক্যের পরিবর্ত্তন ঘটায়; অন্য কতকগুলি স্নায়ুমণ্ডলীর উপর ক্রিয়া করিয়া পাকস্থালীর বলবিধান করে; তৃতীয় শ্রেণীর ঔষধ সকল কেবল পাচক পদার্থ যোগাইয়া থাকে; এবং ৪র্থ শ্রেণীর ঔষধসমূহ অন্ত্রের নিম্ন অংশের অবস্থার পরিবর্ত্তন করিয়া পাকাশয়ের অসুস্থতার উপশম করে।

THERAPEUTICAL APPLICATION.

আময়িক প্রয়োগ।

(১) বহুকালস্থায়ী অজীর্ণরোগ (Dyspepsia) কিম্বা অতিরিক্ত মদ্যপানদ্বারা পাকাশয়ের শ্লৈষ্মিক ঝিল্লির দুর্ব্বলতা হইলে, উপরোক্ত প্রথম-শ্রেণীস্থ ঔষধ ব্যবহার্য্য।

(২) স্নায়ুমণ্ডলীর দুর্ব্বলতা এবং এনিমিয়াবশতঃ এটনিক্ ডিস্পেপ্‌সিয়া হইলে, দ্বিতীয়শ্রেণীস্থ ঔষধসকল ব্যবহার্য্য, এবং উহার সহিত এনিমিয়া বর্ত্তমান থাকিলে, লৌহঘটিত ঔষধ প্রয়োজ্য।

(৩) বার্দ্ধক্য বা অন্য কোন কারণবশতঃ সাধারণ এটনিক্ ডিস্পেপ্‌-সিয়া হইলে, পেপ্‌সিন্ প্রভৃতি দ্বারা উৎকৃষ্ট ফল পাওয়া যায়।

(৪) যখন এটনিক্ ডিস্পেপ্‌সিয়ার সঙ্গে যকৃৎ এবং অন্ত্রের ক্রিয়ায় দৌর্ব্বল্য বর্ত্তমান থাকে, তখন ট্যারাক্সেকাম্ এবং রুবার্ব্ ইত্যাদি শুধু অথবা অন্য কোন আগ্নেয় ঔষধের সহিত দিলে বিশেষ উপকার সাধিত হয়।

লাটিন।	ইংরেজী।
ক্যালাম্বি রেডিক্স্।	ক্যালাম্বা রুট্।
Calumbæ Radix.	Calumba Root.

ইহা জেটিয়োরাইজা-ক্যালাম্বা নামক লতার কর্ত্তিত শুষ্ক মূল।

চূর্ণের মাত্রা ৫—২০ গ্রেণ।

প্রয়োগরূপ—

এক্‌ষ্ট্রাক্টাম্ ক্যালাম্বি।	এক্‌ষ্ট্রাক্ট্ অব্ ক্যালাম্বা।
Extractum Calumbæ.	Extract of Calumba.

মাত্রা ২—১০ গ্রেণ।

ইন্‌ফিউজাম্ ক্যালাম্বি।	ইন্‌ফিউশন্ অব্ ক্যালাম্বা।
Infusum Calumbæ.	Infusion of Calumba.

মাত্রা ১—২ আং

টিংচ্যুরা ক্যালাম্বি	টিংচার্ অব্ ক্যালাম্বা।
Tinctura Calumbæ.	Tincture of Calumba.

মাত্রা ½—২ ড্রাম্।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—ইহা তিক্ত, আগ্নের ও বলকারক, এবং পরিপাকযন্ত্রের দুর্ব্বলতায় উপকারী, এইজন্য প্রদাহবিহীন গ্যাষ্ট্রোডিনিয়া, পাইরোসিস্, বমন ইত্যাদিতে ব্যবহৃত হইয়া থাকে। ষ্টমাকের প্রাদাহিক ব্যাধি হইতে আরোগ্য কালে ইহা অন্যান্য টনিক্ অপেক্ষা অধিক সহ্য হয়। সাধারণ বলকারক বলিয়া, তরুণ পীড়াহইতে আরোগ্যকালে ইহা ব্যবস্থা করা যায়। ষ্টমাকের ব্যাধিতে ইহাকে এল্‌কালাই, এল্‌কালাইন্ বাইকার্ব্বনেট্, সাব্‌নাইট্রেট্ অব্ বিস্‌মাথ্ কিম্বা হাইড্রোসিয়ানিক্ এসিডের সহিত দেওয়া যায়। ইহা মিনারেল্ এসিডের সহিত ও দেওয়া যাইতে পারে। ইহাতে ট্যানিন্ নাই বলিয়া, ইহা লৌহঘটিত ঔষধের সহিত ব্যবস্থা করা যাইতে পারে।

ল্যাটিন্।	ইংরেজী।
জেন্সিয়েনি রেডিক্স্।	জেন্সিয়েন্ রুট্।
Gentianæ Radix.	Gentian Root.

ইহা জেন্সিয়ানা-লিউটিয়ানামক বৃক্ষের শুষ্ক মূল।

চূর্ণের মাত্রা—১০ হইতে ৩০ গ্রেণ।

প্রয়োগরূপ—

এক্‌ষ্ট্রাক্টাম্ জেন্সিয়েনি।	এক্‌ষ্ট্রাক্ট্ অব্ জেন্সিয়েন্।
Extractum Gentianæ.	Extract of Gentian.

মাত্রা ২—১০ গ্রেণ।

ইন্‌ফিউজাম্ জেন্সিয়েনি কম্পজিটাম্।	কম্পাউণ্ড্ ইন্‌ফিউশন্ অব্ জেন্সিয়েন্।
Infusum Gentianæ Compositum.	Compound Infusion of Gentian.

মাত্রা ১—২ আউন্স্।

টিংচ্যুরা জেন্সিয়েনি কম্পজিটা।	কম্পাউণ্ড্ টিংচার্ অব্ জেন্সিয়েন্।
Tinctura Gentianæ Composita.	*Compound Tincture of Gentian.*

মাত্রা ½—২ ড্রাম্।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—ইহা অল্প তিক্ত, আগ্নেয় ও বলকারক। ইহা ক্ষুধাবৃদ্ধি এবং পাকাশয়ের বলবিধান করে বলিয়া, তরুণ পীড়ার আরোগ্যান্তে, এবং পাকাশয়ের দুর্ব্বলতা-বশতঃ নানাপ্রকার ডিস্পেপ্‌সিয়ায় ব্যবহৃত হইয়া থাকে।

ল্যাটিন্।	ইংরেজী।
ক্যাস্কারিলি কর্টেক্স্।	ক্যাস্কারিলা বার্ক্।
Cascarillæ Cortex.	Cascarilla Bark.

ইহা ক্রোটন্-ইলিউটেরিয়ানামক বৃক্ষের শুষ্ক বল্কল।

চূর্ণের মাত্রা ১০—৩০ গ্রেণ।

প্রয়োগরূপ—

(১) ইন্‌ফিউজাম্ ক্যাস্কারিলি।	ইন্‌ফিউশন্ অব্ ক্যাস্কারিলা।
Infusum Cascarillæ.	Infusion of Cascarilla.

মাত্রা ১—২ আউন্স্।

টিংচ্যুরা ক্যাস্কারিলি।	টিংচার্ অব্ ক্যাস্কারিলা।
Tinctura Cascarillæ.	Tincture of Cascarilla.

মাত্রা ½—২ ড্রাম্।

ইহাতে ক্যাস্কারেলিন্ নামক বীর্য্য, ট্যানিক্ এসিড্ এবং ভলেটাইল্ অয়েল্ আছে।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—ইহা তিক্ত টনিক্, এরোম্যাটিক্, আগ্নেয়, বলকারক এবং সম্ভবতঃ উত্তেজক কফনিঃসারক। তরুণ ব্যাধির আরোগ্যাবস্থায়, এটনিক্ ডিস্পেপ্‌সিয়ায় এবং ক্রনিক্ ব্রঙ্কাইটিসে যখন অত্যধিক কফ নিঃসৃত হয় তখন, ইহা ব্যবস্থা করা যায়। কেহ কেহ বলেন যে ইহার এণ্টি-পিরিয়ডিক্ গুণ আছে। যদি এই গুণ থাকিয়া থাকে তবে সিঙ্কোনা হইতে অনেক অল্প আছে। অধুনা ইহা পর্য্যায়জ্বরে ব্যবহৃত হয়না।

ল্যাটিন্।	ইংরেজী।
চিরাটা।	চিরেটা।
Chirata.	Chiretta.

ইহা অকেলিয়া-চিরেতানামক বৃক্ষের সমস্ত অংশ।

প্রয়োগরূপ—

ইন্‌ফিউজাম্ চিরাটি।	ইন্‌ফিউশন্ অব্ চিরেটা।
Infusum Chiratæ.	Infusion of Chiretta.
মাত্রা ১—২ আউন্স্।	
টিংচুরা চিরাটি।	টিংচার্ অব্ চিরেটা।
Tinctura Chiratæ.	Tincture of Chiretta.
মাত্রা ½—২ ড্রাম্।	

ক্রিয়া ও আময়িক প্রয়োগ—ইহা তিক্ত আগ্নেয়, বলকারক এবং ঈষৎ পর্য্যায়নিবারক; জেন্সিয়েনের পরিবর্ত্তে ব্যবহৃত হয়; সকল প্রকার দুর্ব্বলতা (বিশেষতঃ জ্বরের পর), অজীর্ণ, ক্ষুধামান্দ্য, ইত্যাদিতে ব্যবহৃত হইয়া থাকে; এবং মৃদু প্রকারের ইণ্টার্মিটেণ্ট্ জ্বরে ব্যবহৃত হইতে পারে।

ল্যাটিন্।	ইংরেজী।
কোয়াসিয়ী লিগ্নাম্।	কোয়াসিয়া উড্।
Quassiæ Lignum.	Quassia Wood.

ইহা পাইক্রিণা-এক্সেল্সানামক বৃক্ষের কর্ত্তিত অংশ।

ইহার বীর্য্য "কোয়াসিন্"। ইহাতে ট্যানিক্ অথবা গ্যালিক্ এসিড্ নাই বলিয়া, ইহা লৌহঘটিত ঔষধের সহিত দেওয়া যায়, কারণ তাহাতে ইহার কাল কিম্বা নীলাভ রং হয় না। অন্যান্য ভেজিটেব্ল্ টনিকের সহিত ইহার প্রভেদ এই যে, ইহা ব্যবহারে শারীরিক উত্তাপ, ধামনিক উত্তেজনা বা কোষ্ঠবদ্ধ হয় না।

প্রয়োগরূপ—

(১) এক্‌ষ্ট্রাক্টাম্ কোয়াসিয়ী।	এক্‌ষ্ট্রাক্ট্ অব্ কোয়াসিয়া।
Extractum Quassiæ.	Extract of Quassia.
মাত্রা ৩—৫ গ্রেণ।	

(২) ইন্‌ফিউজাম্‌ কোয়াসিয়ী। Infusum Quassiæ. — ইন্‌ফিউশন্‌ অব্‌ কোয়াসিয়া। Infusion of Quassia.

মাত্রা ১—২ আউন্স্‌।

(৩) টিংচুয়া কোয়াসিয়ী। Tinctura Quassiæ. — টিংচার্‌ অব্‌ কোয়াসিয়া। Tincture of Quassia.

মাত্রা ½—২ ড্রাম্‌।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—ইহা তিক্ত, আগ্নেয় ও বলকারক। ইহা বলকারক বলিয়া তরুণ ব্যাধির পর, এবং পর্য্যায়নিবারক বলিয়া ম্যালেরিয়াস্‌ ফিবারে, ব্যবহৃত হইয়া থাকে। জ্বর ও দুর্ব্বলকারী পীড়ার পর দুর্ব্বলাবস্থায় মিন্সারেল্‌ এসিড্‌ সহ দিলে, ইহা টনিকের ন্যায় কার্য্য করে। ইহা অধিক মাত্রায় দিলে, সম্ভবতঃ স্নায়ুমণ্ডলীর উপর ক্রিয়া হয়।

ইহা কোন কোন প্রাণীর পক্ষে সাঙ্ঘাতিক এবং থেড্‌ওয়ার্ম্মের চিকিৎসায় এনিমাআকারে ব্যবহৃত হইয়া থাকে।

ডিস্পেপ্‌সিয়ার সঙ্গে অম্লোদ্গার এবং শিরোঘূর্ণন থাকিলে, কার্ব্বনেট্‌ অব্‌ সোডার সহিত ইন্‌ফিউশুন্‌ অব্‌ কোয়াসিয়া দিলে বিশেষ উপকার হয়। মদ্যপায়ীদিগের ডিস্পেপ্‌সিয়াতে ইহাদ্বারা বিশেষ উপকার দর্শে। শিশুদিগের কৃমিরোগে (Round worm) ইহার ইন্‌ফিউশন্‌ ক্রমাগত ৩। ৪ দিন দিয়া, তৎপর প্রবল বিরেচক দিলে কখন কখন বেশ উপকার পাওয়া যায়।

ল্যাটিন্‌।	ইংরেজী।
পেপ্সিনা।	পেপ্সিন্‌।
Pepsina.	Pepsin.

* ইহা শূকর, মেষ বা বাছুরের তাজা, সুস্থ পাকাশয়ের শ্লৈষ্মিক ঝিল্লি হইতে প্রস্তুত হয়।

মাত্রা ২—৫ গ্রেণ। গ্লিসিরিণের সহিত বটিকাকারে আহারের সহিত, কিম্বা অব্যবহিত পূর্ব্বে বা পরে, সেব্য।

ইহা দুইপ্রকার—(১) বোডল্টস্‌ (Boudault's) পেপ্সিন্‌, এবং (২) পেপ্সিন্‌ পোর্সাই।

ক্রিয়া ও আময়িক প্রয়োগ—ইহা পাচক, বলকারক, ও পচন-নিবারক। ইহা পাকস্থালীর পাচক রসের (gastric juice) প্রধান উপাদান, এবং এটনিক্ ডিস্পেপ্‌সিয়াতে ইহার প্রচুর ব্যবহার আছে। পরীক্ষাদ্বারা স্থিরীকৃত হইয়াছে যে, ইহা ডাইলিউট্ হাইড্রোক্লোরিক্ এসিডের সহিত দিলে অধিকতর উপকার হয়। এনিমিয়াবশতঃ পাকস্থালীর ক্রিয়া মন্দ হইলে, লৌহঘটিত ঔষধের সহিত পেপ্সিন্ ব্যবহারে শীঘ্র উপকার দর্শে। কোন কোন প্রকার স্প্যাজ্‌মডিক্ এজ্‌মা রোগে (বিশেষতঃ তাহা ষ্টমাকের বৈলক্ষণ্যবশতঃ হইলে) ইহা ডাইলিউট্ এসিডের সহিত ব্যবহারে উপকার হইয়া থাকে। এই ঔষধ শিশুদিগের নানাপ্রকার ক্ষয়কারী পীড়াতে এবং সকলপ্রকার ডিস্পেপ্‌সিয়াতে শরীরের পোষণক্রিয়া বর্দ্ধিত করিয়া উপকার দর্শায়। ষ্টমাকের কোন কোন অর্গেনিক্ পীড়াতে প্যাঙ্ক্রিয়েটাইজ্‌ড্ মিল্কের পিচকারী দিলে উপকার দর্শে।

প্যাঙ্ক্রিয়েটাইজ্‌ড্ মিল্ক্ নিম্নলিখিতরূপে তৈয়ার করিতে হয়ঃ—

১ পাইণ্ট্ দুগ্ধে ¼ পাইণ্ট্ জল মিশাইয়া তাহা ১৫০ ডিগ্রি (ফরেনাইট্) উত্তপ্ত করতঃ একটী আবৃত পাত্রে রাখিয়া, তাহাতে ১ ড্রাম্ লাইকার্ প্যাঙ্ক্রিয়েটিকাস্ এবং ২০ গ্রেণ বাইকার্ব্বনেট্ অব্ সোডা যোগ করতঃ সেই পাত্রকে উত্তমরূপে আবৃত করিয়া একঘণ্টা কাল উষ্ণ স্থানে রাখিয়া দিবে। এইরূপে প্রস্তুত করা দুগ্ধ অতি সুস্বাদ, কিন্তু ১২ ঘণ্টার অধিক সময় ভাল থাকে না।

গ্যাষ্ট্রিক্‌জুস্‌স্রাবের অল্পতা হেতু ডিস্পেপ্‌সিয়া হইলে, পেপ্সিন্ ব্যবহারে উৎকৃষ্ট ফল হয়। গর্ভাবস্থায় অদমনীয় বমন হইলে, পেপ্সিন্ ব্যবহারে উত্তম ফল পাওয়া যায়। অন্যান্য প্রকার বমন ও ইহাদ্বারা উপশমিত হইয়া থাকে। শিশুদিগের ডায়েরিয়াতে সাধারণ চিকিৎসাদ্বারা উপকার না হইলে, পেপ্সিন্ ওয়াইন্ ১ টিস্পুন্ মাত্রায় দিবসে ৩ কিম্বা ৪ বার ব্যবহারে উপকার হইতে পারে।

পেপ্সিনের কয়েকটী প্রয়োগরূপ (non-official) নিম্নে দেওয়া গেল।

পেপ্সিনা সেকারেটা।

Pepsina Saccharata.

মাত্রা ৫—১৫ গ্রেণ।

গ্লিসিরিণাম্ পেপ্সিনী এসিডাম্।

Glycerinum Pepsinæ Acidum.

মাত্রা ১—২ ড্রাম্, জলের সহিত।

ডিফ্‌থিরিয়া রোগে আক্রান্ত স্থানের কৃত্রিম ঝিল্লি দ্রব করণার্থ ইহা ব্যবহৃত হয়।

ল্যাক্টোপেপ্টিন্।

Lactopeptine.

মাত্রা ১০—১৫ গ্রেণ, আহারের পর সেবনীয়।

ইহা এমেরিকাদেশীয় প্রয়োগরূপ, এবং অজীর্ণরোগে অনুমোদিত। ইহাতে Sugar of milk ৩২০ ভাগ, Pepsin ৬৪ ভাগ, Pancreatine ৪৮ ভাগ, Diastase ৪ ভাগ, এবং Lactic ও Hydrochloric Acid প্রত্যেক ৫ তরল ভাগ, আছে।

পেপ্সিন্ ট্যাব্লেট্স্।

Pepsin Tablets.

মাত্রা ১—২ চাক্তি; আহারের সহিত সেবনীয়।

ইহার প্রত্যেক চাক্তিতে ৩ গ্রেণ পেপ্সিন্ আছে।

পেপ্সিন্ এণ্ড্ বিস্মাথ্ ট্যাব্লেট্স্।

Pepsin and Bismuth Tablets.

মাত্রা ১—২ চাক্তি।

ইহার প্রত্যেক চাক্তিতে ৩ গ্রেণ পেপ্সিন্ এবং ৩ গ্রেণ সাব্‌নাইট্রেট্ অব্ বিস্মাথ্ আছে।

ভাইনাম্ পেপ্সিনী।

Vinum Pepsinæ.

মাত্রা ১—২ ড্রাম্; আহারের সহিত সেবনীয়।

Pancreatine.

ইহা প্যাঙ্ক্রিয়াস্ ও মল্ট্ চূর্ণঘটিত প্রয়োগ রূপ বিশেষ।

মাত্রা ২—৪ গ্রেণ।

প্রয়োগরূপ—

লাইকার্ প্যাঙ্ক্রিয়েটিকাস্।

Liquor Pancreaticus.

মাত্রা ১—২ ড্রাম্; অল্প জলের সহিত কিম্বা এরোরুট্, দুগ্ধ ইত্যাদি খাদ্যের সহিত ব্যবহার করিবে।

PEPTONISED MILK.

Peptonised milk তৈয়ার করিবার প্রণালী ;—

১ পাইন্ট্ দুগ্ধে ¼ পাইন্ট্ জল মিশাইয়া তাহাকে ঈষদুষ্ণ (১৪০ ডিগ্রি ফরেনাইট্) কর। অথবা উক্তরূপে মিশ্রিত দুগ্ধকে সমান দুইভাগ করতঃ তাহার একভাগ যে পর্য্যন্ত ফুটিতে আরম্ভ নাকরে সেই পর্যান্ত উত্তপ্ত করিয়া, অপর (শীতল) ভাগের সহিত মিশাও, তাহা হইলেই উক্ত মিশ্রিত দ্রব ১৪০ ডিগ্রি উত্তপ্ত হইবে। তৎপর তাহাতে দুই টিস্পুন্‌পরিমিত লাইকার্ প্যাঙ্ক্রিয়েটিকাস্ এবং কিঞ্চিৎ (এক চিম্‌টি) বাইকার্ব্বনেট্ অব্ সোডিয়াম্ যোগ কর এবং সমস্ত এক আবৃত পাত্রে (কুঁজো) ঢালিয়া উষ্ণ স্থানে রাখিয়া দাও। এক কি দেড় ঘণ্টা অন্তর, অথবা সেই দ্রব অল্প তিক্ত হইবামাত্রই, তাহাকে পুনরায় ফুটাও। তৎপর ইহা সাধারণ দুগ্ধের ন্যায় ব্যবহৃত হইতে পারে।

Pancreatic Emulsion.

মাত্রা ১—৩ ড্রাম্; অতি অল্প দুগ্ধ কিম্বা জলের সহিত মিশ্রিত করিয়া, আবশ্যক হইলে অল্প স্পিরিট্ যোগ করতঃ প্রত্যেক দিন ১ কিম্বা ২ বার আহারের ১ কি ২ ঘণ্টা পরে সেব্য।

যক্ষ্মা এবং অন্যান্য প্রকার ক্ষয়রোগে পরিপাকশক্তির অভাব হইলে (বিশেষতঃ যখন কড্‌লিভার্ অয়েল্ এবং মেদ সহ্য না হয়, তখন) ইহা ব্যবহার্য্য।

ল্যাটিন্।	ইংরেজী।
ফেল্ বভিনাম্ পিউরিফিকেটাম্।	পিউরিফাইড্ অক্স্‌বাইল্।
Fel Bovinum Purificatum.	Purified Ox-Bile.

ইহা শোধিত বৃষপিত্ত। মাত্রা ৫—১০ গ্রেণ।

ইহা পিত্তময় পদার্থ। ইহাতে গ্লাইকো-কোলেট্ এবং টরো-কোলেট্ অব. সোডা আছে।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—ইহা বিরেচক। ইহা অন্ত্রস্থ মলকে দ্রব ও তরল করিয়া বহির্গত করিয়া দেয়। এতদ্ব্যতীত ইহার মূত্রকারক, কৃমি-নাশক ও আগ্নেয় গুণ আছে। পিত্তনিঃসরণের অল্পতা হইলে ইহা ব্যবহার্য্য। মলের বিবর্ণতা পিত্তনিঃসরণের অল্পতার লক্ষণ।

ডিস্পেপ্সিয়ারোগে আহারান্তে বমন হইলে, ইহা ব্যবহারে উপকার হয়।

ইহা বটিকাকারে বা ছোট ছোট জিলাটিনের ক্যাপ্সুলের ভিতরে দেওয়া যায়। যখন অন্ত্রে কার্য্য করাইবার প্রয়োজন হয় তখন ক্যাপ্সুলের ভিতরে দেওয়া সঙ্গত।

পিত্তনিঃসরণের ন্যূনতাবশতঃ অজীর্ণ এবং কোষ্ঠবদ্ধ হইলে, অক্স্ বাইল্ ব্যবহারে তাহার ক্ষতিপূরণ হইয়া উপকার দর্শিয়া থাকে।

Purified Ox-Bile ʒii, Ol. Carui m x, Magnesia Carb. যথা প্রয়োজন, একত্র করিয়া ৩৬টী পিল্ প্রস্তুত করিয়া, দিনে ২টী করিয়া খাইতে দিবে।

পিত্তনালীর অবরোধজনিত জণ্ডিস্ রোগে পরিপাকক্রিয়ার সাহায্যের জন্য বাইলের অভাব হইলে ৫—১০ গ্রেণ মাত্রায় অক্স্ বাইল্ আহারের ৩ ঘণ্টা পরে দেওয়া উচিত; তাহা হইলে ইহা যথাসময়ে পিত্তের কাজ করিয়া থাকে। হাইপোকণ্ড্রিয়েসিস্ রোগের সহিত ডিস্পেপ্সিয়া বর্ত্তমান থাকিলে, ইহা এসাফিটিডা ও এলোজের সহিত দিলে উপকার হইয়া থাকে।

উনবিংশ অধ্যায়।

STOMACHIC STIMULANTS OR CARMINATIVES.

পাকাশয়ের উত্তেজক বা বায়ুনাশক ঔষধসমূহ।

যে সকল ঔষধ পাকাশয়কে উত্তেজিত করিয়া তাহার বায়ু বহির্গত করতঃ অন্ত্রের বেদনা এবং আক্ষেপ উপশমিত করে, তাহাদিগকে কার্ম্মিনেটিভ্ ঔষধ (Carminatives) কহে।

ইহাদের সেবনে পাকাশয়ে উষ্ণতাঅনুভূত, ধমনীর গতি দ্রুত এবং সমুদয় শরীর উষ্ণ হয়। ইহারা পাকাশয়ের শ্লৈষ্মিক ঝিল্লিকে উত্তেজিত করে বলিয়া অধিক পরিমাণে গ্যাষ্ট্রিক্ জুস্ বা পাচক রস নিঃসৃত হয়, এবং তন্নিবন্ধন পরিপাকশক্তি বৃদ্ধি পায়। এজন্য ইহাদিগকে বলকারক বলা যাইতে পারে।

ইহারা আমাশয় এবং অন্ত্রের শ্লৈষ্মিক ঝিল্লিকে উত্তেজিত এবং তাহাদের পেশীময় গঠনের আক্ষেপ উপশমিত করে বলিয়া, উহাদের কৃমিবৎ গতি সুচারু রূপে সম্পন্ন হইয়া থাকে এবং আবদ্ধ বায়ু বহির্গত হয়; এজন্য ইহাদিগকে বায়ুনাশক বা কার্ম্মিনেটিভ্ (Carminatives) বলা যায়। এই সকল ঔষধ অধিক মাত্রায় সেবনে পাকাশয়ে প্রদাহ জন্মায় এবং শরীরের কোন স্থানে প্রয়োগে কাউণ্টার্-ইরিটেশন্ বা উগ্রতা সাধন করে, ও অধিক ক্ষণ থাকিলে প্রদাহ উপস্থিত করে।

১। আর্দ্রক (Ginger)।

২। লঙ্কামরিচ (Capsicum and chillies)।

৩। ছোট এলাচ্ (Cardamoms)।

৪। সর্ষপ (Mustard)।

৫। হর্স্‌রেডিশ্ (Horseradish)।

৬। গোলমরিচ (Pepper)।

৭। দারুচিনির তৈল (Cinnamon oil)।

৮। জায়ফল এবং তাহার তৈল (Nutmeg and oil)।

৯। লবঙ্গ এবং তাহার তৈল (Cloves and oil)।

১০। অল্‌স্পাইস্ এবং তাহার তৈল (Allspice and oil)।

১১। অয়েল্ অব্ কাজুপুট্ (Oil of Cajuput)।

১২। ভেলেরিয়েন্ (Valerian)।

১৩। মধুরিকা (মৌরী) এবং তাহার তৈল—(Anise and oil)।

১৪। বিলাতী জিরা এবং তাহার তৈল (Caraway and oil)।

১৫। ধনিয়া এবং তাহার তৈল (Coriander and oil)।

১৬। ডিল্ এবং তাহার তৈল—(Dill and oil)।

১৭। ফেনেল্ (Fennel)।

১৮। অয়েল্ অব্ পেপার্মিণ্ট্ (Oil of peppermint)।

১৯। অয়েল্ অব্ স্পিয়ার্মিণ্ট্ (Oil of spearmint)।

২০। ইথার্ এবং এসেটিক্ ইথার্ (Ether and acetic ether)।

ইহাদের মধ্যে অনেকগুলিরই সুগন্ধি বায়বী তৈল বা ভলেটাইল্ অয়েল্ (volatile oil) আছে; এবং কতকগুলি সাধারণ মসলাস্বরূপ ব্যবহৃত হয়। ইহারা পাকস্থালী এবং অন্ত্রের শ্লৈষ্মিক ঝিল্লিকে উত্তেজিত ও তাহাদের মাস্কিউলার্ কোটের আক্ষেপ উপশমিত করে এবং তজ্জন্য তাহাদের কৃমিবৎ গতিকে অধিক নিয়মিত করিয়া থাকে।

THERAPEUTICAL APPLICATIONS.

আময়িকপ্রয়োগ।

(১) ফ্ল্যাটিউলেন্স্ (বায়ু) বশতঃ পাকস্থালী কিম্বা অন্ত্র বিস্তৃত হইয় শূলবেদনা হইলে, অন্যান্য ঔষধের সহিত এই সকল ঔষধ ব্যবহার্য্য।

(২) এইগুলিকে বিরেচক ঔষধের সহিত দিলে, তাহাদের ক্রিয়ার সহায়তা এবং তাহাদিগদ্বারা পেটকামড়ানি হইবার সম্ভাবনার হ্রাস হয়।

(৩) ইহাদের মধ্যে অনেকগুলি নানাপ্রকার এটনিক্ ডিস্পেপ্সিয়াতে পরিপাকক্রিয়ার সহায়তার জন্য ব্যবহৃত হয়। সর্ষপ, লঙ্কা, আর্দ্রক, গোলমরিচ, হর্স্‌রেডিশ্ ইত্যাদি এই প্রকারের ঔষধ।

(৪) মন্দ আস্বাদ এবং দুর্গন্ধযুক্ত ঔষধের আস্বাদের পরিবর্ত্তনার্থ ও দুর্গন্ধ নিবারণের জন্য ইহাদিগের ব্যবহার করা যায়।

(৫) খাদ্যদ্রব্যের সহিত ইহাদের ব্যবহার করিলে, আহার শীঘ্র পরিপাক পায়। এতন্নিবন্ধন ইহারা সর্ব্বকালে সর্ব্বদেশে আহার্য্যবস্তুর সহিত ব্যবহৃত হইয়া আসিতেছে। কিন্তু ইহাদিগের অপরিমিত ব্যবহারে পাকস্থালীর পুরাতন প্রদাহ আদি বিবিধ রোগ উৎপন্ন হইতে পারে।

ল্যাটিন্।	ইংরেজী।
জিঞ্জিবার্।	জিঞ্জার্।
Zingiber.	Ginger.

ইহা জিঞ্জিবার্-অফিসিনেলি-নামক উদ্ভিদের শুষ্ক রাইজোম্ বা কন্দ। ইহা শুণ্ঠী নামে পরিচিত।

চূর্ণের মাত্রা ১০—২০ গ্রেণ।

প্রয়োগরূপ—

(১) সিরাপাস্ জিঞ্জিবারিস্। — সিরাপ্ অব্ জিঞ্জার্।

Syrupus Zingiberis. — Syrup of Ginger.

মাত্রা—১ ড্রাম্।

(২) টিংচ্যুরা জিঞ্জিবারিস্। — টিংচার্ অব্ জিঞ্জার্।

Tinctura Zingiberis. — Tincture of Ginger.

মাত্রা ১৫ মিনিম্—১ ড্রাম্।

(৩) টিংচ্যুরা জিঞ্জিবারিস্ ফর্শিয়র্। — ষ্ট্রং টিংচার্ অব্ জিঞ্জার্।

Tinctura Zingiberis Fortior. — Strong Tincture of Ginger.

মাত্রা ৫—২০ মিনিম্।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—ইহা এরোম্যাটিক্ ষ্টিমিউল্যাণ্ট্ এবং কার্ম্মিনেটিভ্। ইহা খাইলে আমাশয়িক প্রদেশে সুখজনক অনুভূতি এবং পাকাশয় সুস্থাবস্থায় আনীত হইয়া পরিপাকের সহায়তা ঘটে। এজন্য ইহা এটনিক্ ডিস্পেপ্সিয়াতে (বিশেষতঃ যখন তৎসহ অধিক ফ্ল্যাটিউলেন্স্ থাকে) ব্যবহৃত হয়। নানাবিধ বিরেচক ঔষধে যে পেটকামড়ানি হয়, এই ঔষধ তাহা নিবারণ করে।

ইহা চর্ব্বিত হইলে লালানিঃসারকের ন্যায় ক্রিয়া করে এবং কখন কখন অলজিহ্বার (uvula) ও টন্সিলের শিথিলাবস্থায় এবং জিহ্বার পক্ষাঘাত ইত্যাদিতে ব্যবহৃত হয়। ফ্ল্যাটিউলেন্স, কলিক্, এবং আক্ষেপজনক ব্যাধিতে টিংচার্ কিম্বা ইন্ফিউশন্ অব্ জিঞ্জার্, কার্ব্বনেট্ অব্ সোডা এবং এরোম্যাটিক্ স্পিরিট্ অব্ এমোনিয়ার সহিত দিলে অনেক সময় উপকার পাওয়া যায়।

বাহ্যপ্রয়োগে ইহা উত্তেজক এবং প্রদাহোৎপাদক। উষ্ণ জল দিয়া ইহার চূর্ণের প্ল্যাষ্টার্ প্রস্তুত করিতে হয়।

ল্যাটিন্।	ইংরেজী।
ক্যাপ্সিসাই ফ্রাক্টাস্।	ক্যাপ্সিকাম্ ফ্রুট্।
Capsici Fructus.	Capsicum Fruit.

ইহা ক্যাপ্সিকাম্-ফ্যাষ্টিজিয়েটাম্-নামক বৃক্ষের পক্ক শুষ্ক ফল।

ইহাকে লঙ্কামরিচ কহে।

মাত্রা ½—১ গ্রেণ।

প্রয়োগরূপ—

টিংচুরা ক্যাপ্সিসাই।	টিংচার্ অব্ ক্যাপ্সিকাম্।
Tinctura Capsici.	Tincture of Capsicum.

মাত্রা ১০—২০ মিনিম্।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—ইহা উত্তেজক এবং আগ্নেয়। অল্প মাত্রায় ইহা ব্যবহার করিলে আমাশয়ে উষ্ণতানুভব, পরিপাকক্রিয়ার বৃদ্ধি এবং মূত্রযন্ত্রের উত্তেজনা হইয়া থাকে। অধিক মাত্রায় ইহা উত্তেজকবিষতুল্য। বাহ্যপ্রয়োগে ইহা প্রদাহজনক। নানাপ্রকার সোর্‌থ্রোটে এবং ভোক্যাল্ কর্ডের শৈথিল্যপ্রযুক্ত স্বরভঙ্গে (hoarseness) টিংচার্ অব্ ক্যাপ্সিকাম্ ১ ড্রাম্ এবং ডিককশন্ অব্ সিঙ্কোনা ৬ আউন্স্ হইতে ৮ আউন্স্, অল্প মধুদ্বারা মিষ্ট করিয়া তদ্দ্বারা কুল্লি করিলে বিশেষ ফল হয়। ডিলিরিয়াম্ ট্রিমেন্স্ রোগে ইহার টিংচার্ ৩ ঘণ্টা অন্তর অর্দ্ধ ড্রাম্ মাত্রায় দিলে উপকার হয়।

ডাং রিঙ্গার্ (Dr. Ringer) বলেন যে, মদ্যপায়ীদিগকে টিংচুরা ক্যাপ্সিসাই ১০ মিনিম্ মাত্রায় দিলে, প্রাতর্বমন, উদরের অসুখ ও মদ্যপানেচ্ছা (Dipsomania) নিবারিত হয় এবং ক্ষুধা ও পরিপাকশক্তি বর্দ্ধিত হয়। ইহা আহারের পূর্ব্বে দেওয়া উচিত।

জ্বরগ্রস্ত রোগীর কোমা ও প্রলাপ হইলে, এবং সন্ন্যাস রোগে (Apoplexy), পায়ের ডিমে ইহার প্লাষ্টার্ লাগাইলে বিশেষ উপকার হয়। সাব্‌একিউট্ ও ক্রনিক্ রিউম্যাটিজ্‌মে ক্যাপ্সিকাম্ চূর্ণ ২ ড্রাম্ এবং চর্ব্বি ১ আউন্স্ একত্র করিয়া প্রাতে ও সন্ধ্যায় কিম্বা শয়নের পূর্ব্বে ১০ মিনিট্ কাল আক্রান্ত সন্ধিতে মর্দ্দন করিলে উপকার হয়।

এটনিক্ ডিস্পেপ্‌সিয়াতে (বিশেষতঃ মদ্যপায়ীদের হইলে) পাল্‌ভ্ ক্যাপ্সি-

সাই ২—৩ গ্রেণ, পিল্ রিয়াই কম্পাউণ্ড্ ৫ গ্রেণ, পাল্ভ্ ইপিক্যাক্ রেডিক্স্ ½ গ্রেণ মিশ্রিত করতঃ ২ বটিকা প্রস্তুত করিয়া মধ্যাহ্নভোজনের ১ ঘণ্টা পূর্ব্বে ব্যবহার করিলে উপকার হয়। পঁচা পদার্থ (বিশেষতঃ মৎস্য) ভোজনজনিত উদরাময়ে ডাং কোপ্ল্যাণ্ড্ (Dr. Copland) ক্যাপ্সিকামকে, প্রায় অমোঘ ঔষধ (Specific) বিবেচনা করেন।

দন্তশূলে (Toothache) কিঞ্চিৎ তুলা ইহার টিংচারে সিক্ত করিয়া দন্তে লাগাইলে বিশেষ ফল হয়।

Nyctalopia বা রাত্র্যন্ধতা রোগে ১০ মিনিম্ টিংচার্ অব্ ক্যাপ্সিকাম্ ১ আউন্স্ জলে মিশ্রিত করিয়া তাহার কয়েক বিন্দু চক্ষে দিলে বিশেষ ফললাভ হয়। সম্ভবতঃ ইহা রেটিনাকে উত্তেজিত করিয়া কার্য্য করিয়া থাকে। গ্রন্থকার উক্ত রোগে এই ঔষধ ব্যবহারে উত্তম ফল লাভ করিয়াছেন।

ল্যাটিন্।	ইংরেজী।
কার্ডেমোমাই সেমিনা।	কার্ডেমমস্।
Cardamomi Semina.	Cardamoms.

ইহা এলিটেরিয়া-কার্ডেমোমাম্-নামক বৃক্ষের পক্ব শুষ্ক বীজ। বাঙ্গালায় ইহাকে ছোট এলাচ বলে।

চূর্ণের মাত্রা ৫—২০ গ্রেণ।

প্রয়োগরূপ—

টিংচ্যুরা কার্ডেমোমাই কম্পজিটা।	কম্পাউণ্ড্ টিংচার্ অব্ কার্ডেমমস্।
Tinctura Cardamomi Composita.	Compound Tincture of Cardamoms.

মাত্রা ½—২ ড্রাম্।

ইহা এরোম্যাটিক্ ষ্টিমিউল্যাণ্ট্, কার্মিনেটিভ্ ও ষ্টমাকিক্। ইহা মসলা-স্বরূপ ব্যবহৃত হয়; অপিচ বিরেচক ও অন্যান্য ঔষধের সঙ্গে তাহাদিগকে সুগন্ধি ও সুদৃশ্য করিবার জন্য, এবং বিরেচক ঔষধের সহিত পেটকামড়ানি নিবারণের জন্য, ব্যবহৃত হয়। কার্মিনেটিভ্ বলিয়া ইহা ফ্ল্যাটিউলেন্স্, কলিক্ ইত্যাদিতে ও ব্যবহার্য্য।

ল্যাটিন্।	ইংরেজী।
পাইপার্ নাইগ্রাম্।	ব্ল্যাক্ পেপার্।
Piper Nigrum.	Black Pepper.

ইহা পাইপার্-নাইগ্রাম্-নামক বৃক্ষের অপক্ক শুষ্ক ফল। বাঙ্গালায় ইহাকে গোলমরিচ বলে।

মাত্রা ৫—২০ গ্রেণ।

প্রয়োগরূপ—

কন্‌ফেক্‌শিয়ো পাইপারিস্।	কন্‌ফেকশন্ অব্ পেপার্।
Confectio Piperis.	Confection of Pepper.

মাত্রা ৬০—১২০ গ্রেণ।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—সাধারণতঃ ইহা মসলাস্বরূপে ব্যবহৃত হয়। ইহা উত্তেজক, আগ্নেয় ও কার্ম্মিনেটিভ্। সম্ভবতঃ ইহা রেক্টামের শ্লৈষ্মিক ঝিল্লির উপর কার্য্য করে বলিয়া অর্শোরোগে, এবং ইউরিথ্রার্ শ্লৈষ্মিক ঝিল্লির উপর ক্রিয়া করে বলিয়া কিউবেবের পরিবর্ত্তে গনোরিয়াতে (Gonorrhœa) ব্যবহৃত হয়।

ইহার বীর্য্য পাইপারিণের (Piperine) পর্য্যায়নিবারক গুণ আছে বলিয়া এগিউতে (Ague) ব্যবহৃত হইয়া থাকে। মাত্রা ১ হইতে ১০ গ্রেণ। ইহার বায়বী তৈল কখন কখন প্রদাহজনক বলিয়া তাহার বাহ্য ব্যবহার হয়। কখন কখন রিল্যাক্স্‌ট্ সোর্‌থ্রোটে (Relaxed sorethroat) ইহার তৈলের স্থানিক ব্যবহার হয়। কলেরা রোগেও ইহার তৈল ব্যবহারে উপকার হইয়া থাকে।

℞

Black Pepper powder	gr.i
Camphor	gr.ii
Assafœtida	gr.i

M. ft. একত্র করতঃ ১টী বটিকা প্রস্তুত করিয়া প্রতি ২। ৩ ঘণ্টা অন্তর দিতে হয়। উক্ত রোগের প্রারম্ভেই ইহা ব্যবহার করিলে উপকার হইয়া থাকে।

ইহা "কলেরা পিল্" বলিয়া সচরাচর সর্ব্বত্র ব্যবহৃত হইয়া থাকে। এই পিল্ উক্ত ব্যাধির প্রথমাবস্থায় ব্যবহার করিলে রোগী আরোগ্যলাভ করিয়া থাকে। অল্প মাত্রায় ওপিয়াম্ প্রথম কয়েক বটিকার সহিত দেওয়া যায়।

বৃদ্ধ ব্যক্তিদিগের, কিম্বা দৌর্ব্বল্যবশতঃ, অর্শোরোগ হইলে, অথবা রেক্টামের শৈথিল্যবশতঃ প্রোল্যাপ্সাস্ হইলে, ইহার কন্ফেক্শন্ ১ হইতে ২ ড্রাম্ মাত্রায় ৩। ৪ মাস ব্যবহার করিলে সচরাচর রোগের উপশম এবং কখন কখন নিরাকরণ হইয়া থাকে।

ল্যাটিন্।	ইংরেজী।
সিনেমোমাই কর্টেক্স্।	সিনেমন্ বার্ক্।
Cinnamomi Cortex.	Cinnamon Bark.

ইহা সিনেমোমাম্-জিলানিকাম্ নামক বৃক্ষের বল্কলের আভ্যন্তরিক অংশ। বাঙ্গালায় ইহাকে দারুচিনি বলে।

চূর্ণের মাত্রা ১০—৩০ গ্রেণ।

(১) ওলিয়াম্ সিনেমোমাই।	অয়েল্ অব্ সিনেমন্।
Oleum Cinnamomi.	Oil of Cinnamon.

মাত্রা ১—৪ মিনিম।

প্রয়োগরূপ—

(১) একোয়া সিনেমোমাই।	সিনেমন্ ওয়াটার্।
Aqua Cinnamomi.	Cinnamon Water.

মাত্রা ১—২ আউন্স্।

(৩) পাল্ভিস্ সিনেমোমাই কম্পজিটাস্।	কম্পাউণ্ড্ পাউডার্ অব্ সিনেমন্।
Pulvis Cinnamomi Compositus.	Compound Powder of Cinnamon.

মাত্রা ৩—১০ গ্রেণ।

(৪) টিংচুরা সিনেমোমাই।	টিংচার্ অব্ সিনেমন্।
Tinctura Cinnamomi.	Tincture of Cinnamon.

মাত্রা ½—১ ড্রাম্।

(৫) স্পিরিটাস্ সিনেমোমাই। স্পিরিট্ অব্ সিনেমন্।

Spiritus Cinnamomi. Spirit of Cinnamon.

মাত্রা ½—১ ড্রাম্।

ক্রিয়া ও আময়িক প্রয়োগ—ইহার গুণ ইহার অয়েলের উপর নির্ভর করে; কিন্তু ইহাতে রেজিন্, ট্যানিক্ এসিড্ এবং সিনেমিক্ এসিড্ ও আছে।

ইহা এরোম্যাটিক্ ষ্টিমিউলান্ট্, কার্মিনেটিভ্ এবং কিঞ্চিৎ এ্যাষ্ট্রিঞ্জেন্ট্। ডায়েরিয়াতে ইহা অন্যান্য ঔষধের সহকারিস্বরূপ ব্যবহৃত হয়। ইহা সম্ভবতঃ জরায়ুর মাংসপেশীসূত্রসমূহের উপর বিশেষরূপে কার্য্য করিয়া থাকে। ফ্ল্যাটিউলেন্স্, কলিক্ এবং অন্ত্রের আক্ষেপজনক ব্যাধিতে কম্পাউণ্ড্ টিংচার্ অব্ সিনেমন্ (লণ্ডন ফার্ম্মাকোপিয়া) ½ হইতে ২ ড্রাম্ মাত্রায় ব্যবহৃত হইলে, বায়ুনাশকের ন্যায় ক্রিয়া করিয়া উপকার দর্শায়। জরায়ু হইতে রক্তস্রাবে ইহা আর্গটের সহিত ব্যবহার করিলে উপকার হয়। এটনিক্ ডায়েরিয়া রোগে ইহা চক্ এবং ওপিয়ামের সহিত ব্যবহার করিলে বিশেষ ফল পাওয়া যায়।

ল্যাটিন্।	ইংরেজী।
মাইরিষ্টিকা।	নাট্মেগ্।
Myristica.	Nutmeg.

ইহা মাইরিষ্টিকা-ফ্রেগ্র্যান্স্-নামক বৃক্ষের শুষ্ক বীজ। ইহাকে জায়ফল বলে।

চূর্ণের মাত্রা ৫—১৫ গ্রেণ।

প্রয়োগরূপ—

(১) ওলিয়াম্ মাইরিষ্টিসি এক্স্প্রেসাম্। এক্স্প্রেষ্ট্ অয়েল্ অব্ নাট্মেগ্।

Oleum Myristicæ Expressum. Expressed Oil of Nutmeg

ইহা প্ল্যাষ্টার্ প্রস্তুত করণার্থ ব্যবহৃত হয়।

(২) ওলিয়াম্ মাইরিষ্টিসি। ভলেটাইল্ অয়েল্ অব্ নাট্মেগ্।

Oleum Myristicæ. Volatile Oil of Nutmeg.

মাত্রা ১—৪ মিনিম্।

(৩) স্পিরিটাস্ মাইরিষ্টিসি। স্পিরিট্ অব্ নাট্মেগ্।
Spiritus Myristicæ. Spirit of Nutmeg.
মাত্রা ৩০—৬০ মিনিম্।

ক্রিয়া ও আময়িক প্রয়োগ—ইহা এরোম্যাটিক্ ষ্টিমিউলাণ্ট্ ও কার্ম্মিনেটিভ। অধিক মাত্রায় ইহার ব্যবহারে মাদক গুণ প্রকাশ পায়। তাহাতে ঝিমুনি, অজ্ঞানতা, শিরোঘূর্ণন, প্রলাপ ইত্যাদি লক্ষণ হইয়া থাকে।

ইহার অয়েল্ স্থানিক উত্তেজকস্বরূপ ক্রণিক্ রিউম্যাটিজ্‌মে উপকার করে। দন্তের কেরিজ্‌বশতঃ দন্তশূল হইলে ইহার ১ কিম্বা দুই ফোঁটা তৈল উক্ত দন্তের গহ্বরে লাগাইলে কোন কোন অবস্থায় আশু ফল হয়।

লাটিন্। ইংরেজী।
ক্যারিওফাইলাম্। ক্লোভ্‌স্।
Caryophyllum. Cloves.

লবঙ্গ। ইহা ইউজিনিয়া-ক্যারিওফাইলাম্-নামক বৃক্ষের শুষ্ক কলিকা। ইহাতে ভলেটাইল্ অয়েল্ ব্যতীত রেজিন্, ট্যানিন্ ইত্যাদি আছে।

চূর্ণের মাত্রা ৫—২০ গ্রেণ।

প্রয়োগরূপ—

(১) ওলিয়াম্ ক্যারিওফাইলি। অয়েল্ অব্ ক্লোভ্‌স্।
Oleum Caryophylli. Oil of Cloves.
মাত্রা ১—৪ মিনিম্।

(২) ইন্‌ফিউজাম্ ক্যারিওফাইলি। ইন্‌ফিউশন্ অব্ ক্লোভ্‌স্।
Infusum Caryophylli. Infusion of Cloves.
মাত্রা ১—৪ আউন্স্।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—ইহার তৈল ষ্টিমিউল্যাণ্ট্, এরোম্যাটিক্ এবং কার্ম্মিনেটিভ্। এটনিক্ ডিস্পেপ্‌সিয়া (Atonic Dyspepsia), গর্ভাবস্থায় বমন এবং ফ্ল্যাটিউলেন্স্ ইত্যাদি নিবারণার্থ ইহার ব্যবহার হয়। ইহার তৈল বিরেচক ঔষধের অনুপানস্বরূপ ব্যবহার করা যায়। ইহা দন্তমূলে লাগাইলে দন্তশূল উপশমিত হয়।

ইহাতে ট্যানিন্ আছে বলিয়া ইহা লৌহঘটিত ঔষধের সহিত অব্যবহার্য্য।

ল্যাটিন্।	ইংরেজী।
পাইমেণ্টা।	পাইমেণ্টো।
Pimeuta.	Pimento.

ইহাকে সাধারণতঃ অল্‌স্পাইস্ বা সর্ব্বগন্ধি বলে।

ইহা পাইমেণ্টা-অফিসিনেলিস্-নামক বৃক্ষের অপক্ক ফল।

মাত্রা ৪—২০ গ্রেণ।

প্রয়োগরূপ—

(১) ওলিয়াম্ পাইমেণ্টি।	অয়েল অব্ পাইমেণ্টো।
Oleum Pimentæ.	Oil of Pimento.
মাত্রা ১—৪ মিনিম্।	
(২) একোয়া পাইমেণ্টি।	পাইমেণ্টো ওয়াটার্।
Aqua Pimentæ.	Pimento Water.
মাত্রা ১—২ আউন্স্।	

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—ইহা কার্ম্মিনেটিভ্ এবং সম্ভবতঃ এণ্টিস্প্যাজ্‌মডিক্। ইহা অন্যান্য ঔষধের অনুপানস্বরূপ ব্যবহৃত হয়। ফ্ল্যাটিউলেন্স্, কলিক্, হিষ্টিরিয়া-ইত্যাদিতে ইহার ব্যবহার হইয়া থাকে।

ইহার অন্যান্য ক্রিয়া ও ব্যবহার লবঙ্গের ন্যায়।

ল্যাটিন্।	ইংরেজী।
ওলিয়াম্ ক্যাজুপুটি।	অয়েল্ অব্ ক্যাজুপুট্।
Oleum Cajuputi.	Oil of Cajuput.

ইহা ম্যালোলিউকা-মাইনার্-নামক বৃক্ষের পত্র হইতে চুয়ান বায়ী তৈল।

মাত্রা ১—৪ মিনিম্।

প্রয়োগরূপ—

স্পিরিটাস্ ক্যাজুপুটি।	স্পিরিট্ অব্ ক্যাজুপুট্।
Spiritus Cajuputi.	Spirit of Cajuput.
মাত্রা ½—১ ড্রাম্।	

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—ইহা ব্যাপক উত্তেজক, ঘর্ম্মকারক, এবং আক্ষেপনিবারক। ইহার আভ্যন্তরিক প্রয়োগে পাকস্থালীতে উষ্ণতানুভব,

হৃৎপিণ্ডের ক্রিয়ার উত্তেজনা এবং তৎপর ঘর্ম্ম হইয়া থাকে। সমপরিমাণ সোপ্‌লিনিমেণ্টের সহিত বাহ্যপ্রয়োগে ইহা প্রদাহজনক ও বলকারক মর্দ্দন। ফ্ল্যাটিউলেন্স্ ও ফ্ল্যাটিউলেণ্ট্ কলিকে ইহার তৈল ৩—৫ ফোঁটা আভ্যন্তরিক ব্যবহার করিলে আশু উপকার হয়। কেরিজ্‌বশতঃ দন্তশূলে এক টুকরা লিণ্ট্ ইহাতে ভিজাইয়া দন্তগহ্বরে প্রবেশিত করিয়া দিলে বেদনার উপশম হয়। লাম্বেগো এবং অন্যান্য প্রকার পুরাতন বাতরোগে আক্রান্ত স্থানে অয়েল্ অব্ ক্যাজুপুট্ ৫ ড্রাম্, অয়েল্ অব্ টার্পেণ্টাইন্ ৫ ড্রাম্, এবং লিনিমেণ্ট্ অব্ এমোনিয়া কিম্বা লিনিমেণ্ট্ অব্ একোনাইট্ ৬ ড্রাম একত্র করিয়া মর্দ্দন করিলে উপকার হয়।

স্প্রেইন্, কণ্টিউশন্ এবং পক্ষাঘাত দ্বারা আক্রান্ত অঙ্গে অয়েল্ অব্ ক্যাজুপুট্ মর্দ্দন করিলে, মর্দ্দিত স্থান উত্তেজিত ও বেদনা উপশমিত হইয়া থাকে।

লাটিন্।	ইংরেজী।
ক্যারুই ফ্রাক্টাস্।	ক্যারাওয়ে ফ্রুট্।
Carui Fructus.	Caraway Fruit.

বিলাতি জিরা। ইহা ক্যারাম্-ক্যারুই-নামক বৃক্ষের পক্ক শুষ্ক ফল।

চূর্ণের মাত্রা ১০—৩০ গ্রেণ।

প্রয়োগরূপ—

(১) ওলিয়াম্ ক্যারুই।	অয়েল্ অব্ ক্যারাওয়ে।
Oleum Carui.	Oil of Caraway.
মাত্রা ১—৪ মিনিম্।	
(২) একোয়া ক্যারুই।	ক্যারাওয়ে ওয়াটার্।
Aqua Carui.	Caraway Water.
মাত্রা ১—২ আউন্স্।	

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—ইহা এরোমাটিক্, ষ্টমাকিক্ ও কার্ম্মিনেটিভ্। ইহা ফ্ল্যাটিউলেন্স্ দূর করিবার জন্য এবং অন্যান্য ঔষধের অনুপান-স্বরূপ ব্যবহৃত হয়। ইহার তৈল বিরেচক ঔষধের সহিত ব্যবহার করিলে পেটকামড়ানি উপশমিত হয়।

ল্যাটিন্।	ইংরেজী।
এনিসাই ফ্রাক্টাস্।	এনিস্ ফ্রুট্।
Anisi Fructus,	Anise Fruit.

মৌরী। ইহা পিম্পিনেলা-এনিসাম্-নামক বৃক্ষের শুষ্ক ফল।

ওলিয়াম্ এনিসাই।	অয়েল্ অব্ এনিস্।
Oleum Anisi.	Oil of Anise.

ইহা মৌরী হইতে চুয়ান তৈল।

প্রয়োগরূপ—

(১) একোয়া এনিসাই।	এনিস্ ওয়াটার্।
Aqua Anisi.	Anise Water.

মাত্রা ১—২ আউন্স্।

(২) এসেন্সিয়া এনিসাই।	এসেন্স্ অব্ এনিস্।
Essentia Anisi.	Essence of Anise.

মাত্রা ১০—২০ মিনিম্।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—উত্তেজক, সুগন্ধি, আগ্নেয় ও বায়ু-নাশক। ইহা কাশ, উদরাধ্মান এবং বিরেচক ঔষধজনিত পেটকামড়ানি নিবারণের জন্য ব্যবহৃত হয়।

ল্যাটিন্।	ইংরেজী।
কোরিয়াণ্ড্রাই ফ্রাক্টাস্।	কোরিয়াণ্ডার্ ফ্রুট্।
Coriandri Fructus,	Coriander Fruit.

ধনিয়া। ইহা কোরিয়াণ্ড্রাম্-সেটাইভাম্-নামক উদ্ভিদের পক্ব শুষ্ক ফল।

চূর্ণের মাত্রা ১০—৩০ গ্রেণ।

প্রয়োগরূপ—

ওলিয়াম্ কোরিয়াণ্ড্রাই।	অয়েল্ অব্ কোরিয়াণ্ডার্।
Oleum Coriandri.	Oil of Coriander.

মাত্রা ১—৪ মিনিম্।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—ইহা ষ্টিমিউলাণ্ট, এরোম্যাটিক্ এবং কার্ম্মিনেটিভ্; অমিশ্রাবস্থায় কচিৎ ব্যবহৃত হয়; এবং মসল্লাকারে সচরাচর ব্যবহৃত হইয়া থাকে।

ল্যাটিন্।	ইংরেজী।
এনিথাই ফ্রাক্টাস্।	ডিল্ ফ্রুট্।
Anethi Fructus.	Dill Fruit,

ইহা পিউসিডেনিয়াম্-গ্র্যাভিয়োলেন্স্-নামক বৃক্ষের শুষ্ক ফল।

চূর্ণের মাত্রা ১০—৬০ গ্রেণ।

প্রয়োগরূপ—

(১) ওলিয়াম্ এনিথাই। — অয়েল্ অব্ ডিল্।

Oleum Anethi, — Oil of Dill,

মাত্রা ১—৪ মিনিম্।

(২) একোয়া এনিথাই। — ডিল্ ওয়াটার্।

Aqua Anethi, — *Dill Water,*

মাত্রা ১—২ আউন্স্।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—ইহা ষ্টিমিউল্যাণ্ট্, এরোম্যাটিক্ ও কার্ম্মিনেটিভ্; এবং শিশুদিগের উদরাধ্মানরোগে সচরাচর ব্যবহৃত হয়।

ল্যাটিন্।	ইংরেজী।
ফিনিকিউলাই ফ্রাক্টাস্।	ফেনেল্ ফ্রুট্।
Fœniculi Fructus,	Fennel Fruit,

ইহা ফিনিকিউলাম্-ক্যাপিলেসিয়াম্-নামক উদ্ভিদের শুষ্ক ফল। ইহাতে ভলেটাইল্ অয়েল্ আছে।

প্রয়োগরূপ—

(১) একোয়া ফিনিকিউলাই। — ফেনেল্ ওয়াটার্।

Aqua Fœniculi, — Fennel Water,

মাত্রা ১—২ আউন্স্।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—ইহা ষ্টিমিউল্যাণ্ট, এরোম্যাটিক্ ও কার্ম্মিনেটিভ্; এবং উদরাধ্মানের নিবারণ ও পেটকামড়ানির হ্রাস করিবার জন্ম ব্যবহৃত হয়।

ল্যাটিন্।	ইংরেজী।
ওলিয়াম্ মেন্থি পিপারিটি।	অয়েল্ অব্ পেপার্মিণ্ট্।
Oleum Menthæ Piperitæ,	Oil of Peppermint,

ইহা মেন্থা-পিপারিটা-নামক তাজা পুষ্পিত বৃক্ষহইতে চুয়ান তৈল।

মাত্রা ১—৪ মিনিম্।

প্রয়োগরূপ—

(১) একোয়া মেন্থি পিপারিটি।	পেপ্যার্মিণ্ট্ ওয়াটার্।
Aqua Menthæ Piperitæ.	Peppermint Water,
মাত্রা ১—২ আউন্স্।	
(২) এসেন্সিয়া মেন্থি পিপারিটি।	এসেন্স্ অব পেপার্মিণ্ট্।
Essentia Menthæ Piperitæ,	Essence of Peppermint,
মাত্রা ১০—২০ মিনিম্।	
(৩) স্পিরিটাস্ মেন্থি পিপারিটি।	স্পিরিট্ অব্ পেপার্মিণ্ট্।
Spiritus Menthæ Piperitæ,	Spirit of Peppermint,
মাত্রা ½—১ ড্রাম্।	

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—ইহা এরোম্যাটিক্, ষ্টিমিউল্যাণ্ট্, ষ্টমাকিক্, এবং কার্ম্মিনেটিভ্; এবং অন্যান্য ঔষধের অনুপানস্বরূপ ব্যবহৃত হয়। উদরাধ্মান, কলিক্, নসিয়া এবং অন্ত্রের আক্ষেপজনক ব্যাধিতে ইহা ১—৫ মিনিম্ মাত্রায় ব্যবহার্য্য।

নিউর্যাল্জিয়া-রোগে অয়েল্ অব্ পেপার্মিণ্ট্ লাগাইলে আশু উপকার হয়। হার্পিজ্-জষ্টার্-রোগে নিউর্যাল্জিক্ পেইনে আক্রান্ত স্থানে ইহা লাগাইলে বেদনার আশু উপশম হয়।

ল্যাটিন্।	ইংরেজী।
ওলিয়াম্ মেন্থি ভিরিডিস্।	অয়েল্ অব্ স্পিয়ার্মিণ্ট্।
Oleum Menthæ Viridis,	Oil of Spearmint,

ইহা মেন্থা-ভিরিডিস্-নামক তাজা পুষ্পিত গুল্ম হইতে চুয়ান তৈল।

মাত্রা ১—৪ মিনিম্।

প্রয়োগরূপ—

(১) একোয়া মেন্থি ভিরিডিস্।	স্পিয়ার্মিণ্ট্ ওয়াটার্।
Aqua Menthæ Viridis,	Spearmint Water,

মাত্রা ১—২ আউন্স্।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—ইহা ষ্টিমিউল্যাণ্ট্ এবং কার্ম্মিনেটিভ্; এবং ফ্ল্যাটিউলেন্স্ ইত্যাদি নিবারণার্থ বিরেচক ঔষধের অনুপানস্বরূপ ব্যবহৃত হয়।

ল্যাটিন্।	ইংরেজী।
ওলিয়াম্ ল্যাভাণ্ডিউলি।	অয়েল্ অব্ ল্যাভেণ্ডার্।
Oleum Lavadulæ,	Oil of Lavender,

ইহা ল্যাভাণ্ডিউলা-ভিরা-নামক বৃক্ষের পুষ্প হইতে চুঁয়ান তৈল।

মাত্রা ১—৪ মিনিম্।

প্রয়োগরূপ—

(১) স্পিরিটাস্ ল্যাভাণ্ডিউলি।	স্পিরিট্ অব্ ল্যাভেণ্ডার্।
Spiritus Lavandulæ.	Spirit of Lavender.

মাত্রা ৩০—৬০ মিনিম্।

(২) টিংচ্যুরা ল্যাভাণ্ডিউলি কম্পজিটা।	কম্পাউণ্ড্ টিংচার্ অব্ ল্যাভেণ্ডার্।
Tinctura Lavandulæ Composita,	Compound Tincture of Lavender,

মাত্রা ½—২ ড্রাম্।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—ইহা ষ্টিমিউল্যাণ্ট্ এবং কার্ম্মিনেটিভ্; এবং হিষ্টিরিয়া, হাইড্রোকণ্ড্রিয়েসিস্, নানাপ্রকার স্নায়বীয় ব্যাধি, ফ্ল্যাটিউলেন্স্ এবং কলিক্ রোগে ব্যবহৃত হইয়া থাকে।

নিম্নলিখিত ব্যবস্থাপত্র কলেরা এবং উদরাময়রোগের কোল্যাপ্‌স্‌ অবস্থায় রিএক্‌শন্‌ (reaction) আনয়নের জন্য ব্যবহৃত হয়।

℞

Ol. Anisi,

Ol. Cajuputi,

Ol. Juniperi ää ʒss

Æther ℥ss

Liq. Acid Halleri ʒss

Tinct. Cinnamon ℥ii

M. Ten drops, every quarter of an hour, in a little water.

প্রথম এবং দ্বিতীয় মাত্রার সহিত অত্যল্প পরিমাণে কোন অহিফেণঘটিত ঔষধ দেওয়া যাইতে পারে।

লাইকর্‌ হ্যালেরীতে (Liquor Halleri) একভাগ কন্‌সেণ্ট্রেটেড্‌ সাল্‌ফিউরিক্‌ এসিড্‌ এবং তিনভাগ রেক্টিফাইড্‌ স্পিরিট্‌ আছে।

ল্যাটিন্‌।	ইংরেজী।
ইথার্‌ এসিটিকাস্‌।	এসেটিক্‌ ইথার্‌।
Æther Aceticus.	Acetic Ether,

মাত্রা ২০—৬০ মিনিম্‌।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—ইহাতে ইথারের ষ্টিমিউল্যাণ্ট্‌ এবং এণ্টিস্প্যাজ্‌মডিক্‌ গুণ অপেক্ষাকৃত অল্প পরিমাণে আছে। পক্ষান্তরে ইহার আস্বাদ এবং গন্ধ উত্তম। ইহা এনিস্থেটিক্‌ (স্পর্শহারক) রূপে ব্যবহৃত হয় না। জ্বর, উদরাময় ইত্যাদিতে ইহার ব্যবহার হইতে পারে।

বিংশ অধ্যায়।

সপ্তম ভাগ—STOMACHIC SEDATIVES.

পাকাশয়িক অবসাদক।

যে সকল ঔষধ শ্লৈষ্মিক ঝিল্লির উপর ক্রিয়া প্রকাশ করতঃ, ষ্টমাক্ এবং ইণ্টেষ্টিন্যাল্ ক্যানেলের ঊর্দ্ধ অংশের উত্তেজনা উপশমিত করিয়া ক্রিয়া করে, তাহাদিগকে ষ্টমাকিক্ সিডেটিভ্ ঔষধ কহে।

(১) ডাইলিউট্ হাইড্রোসিয়ানিক্ এসিড্ (Dilute hydrocyanic acid)।

(২) কার্ব্বনেট্, সাব্নাইট্রেট্ এবং অক্সাইড্ অব্ বিস্মাথ্ (Carbonate, subnitrate and oxide of bismuth)।

(৩) সাইট্রেট্ অব্ এমোনিয়াম্ এবং বিস্মাথ্ (Citrate of ammonium and bismuth)।

(৪) নাইট্রেট্ অব্ সিল্ভার্ (Nitrate of silver)।

(৫) অক্সাইড্ অব্ সিল্ভার্ (Oxide of silver)।

(৬) অগ্জেলেট্ অব্ সিরিয়াম্ (Oxalate of cerium)।

(৭) ক্রিয়েসোট্ (Creasote)।

(৮) কার্ব্বলিক্ এসিড্ (Carbolic acid)।

(৯) সলিউশন্ অব্ সোডা (Solution of soda)।

(১০) সলিউশন্ অব্ পটাশ্ (Solution of potash)।

(১১) বাইকার্ব্বনেট্ অব্ সোডিয়াম্ (Bicarbonate of sodium)।

(১২) বাইকার্ব্বনেট্ অব্ পটাশিয়াম্ (Bicarbonate of potassium)।

(১৩) বেলাডোনা (Belladonna)।

(১৪) ষ্ট্র্যামোনিয়াম্ (Stramonium)।

(১৫) হেন্বেন্ (Henbane)।

(১৬) ওপিয়াম্ (Opium)।

যদিও উপরোক্ত ঔষধ সকলের ক্রিয়া বিভিন্ন, তথাচ কোন বিশেষ অবস্থায় তাহাদের সকলগুলিকেই বেদনানিবারণের জন্য ব্যবহার করা যায়। ইহাদের

মধ্যে কতকগুলি মিউকাস্ মেম্ব্রেণের নার্ভের উপর সাক্ষাৎ সিডেটিভ্ ক্রিয়া করে। অপর কতকগুলি সেণ্ট্র্যাল্ নার্ভাস্ সিষ্টেমের উপর ক্রিয়া করিয়া থাকে। তন্মধ্যে বিস্মাথ্ এবং সিল্ভারের সল্ট্স্, ক্ষারীয় প্রয়োগরূপসকল ও হাইড্রোসিয়ানিক্ এসিড্ প্রথমশ্রেণীভুক্ত, এবং বেলাডোনা, ওপিয়াম্, হেন্‌বেন্ ও ষ্ট্র্যামোনিয়াম্ দ্বিতীয়শ্রেণীভুক্ত।

ইহারা নিম্নলিখিত রোগে ব্যবহৃত হয়ঃ—

(১) ষ্টমাক্ এবং ডিউওডিনামের বেদনাযুক্ত ব্যাধিতে (যেমন গ্যাষ্ট্রো-ডিনিয়া ও এণ্টেরোডিনিয়া রোগে); এরূপস্থলে হাইড্রোসিয়ানিক্ এসিড্ এবং বেলাডোনা অতি উৎকৃষ্ট।

(২) ষ্টমাকের যেসকল ব্যাধির সহিত পাইরোসিস্ (*Pyrosis*) অর্থাৎ মুখ দিয়া জল উঠা বর্ত্তমান থাকে, তাহাতে; এরূপস্থলে বিস্মাথ্ঘটিত লবণসকল বিশেষ ফলপ্রদ।

(৩) বমনে; ষ্টমাকের রক্তাধিক্য এবং অল্প প্রদাহবশতঃ বমন হইলে প্রুসিক্ এসিড্ ও এল্‌কেলাই দেওয়া যাইতে পারে; ইহার পুরাতন ব্যাধিতে, ক্রিয়েসোট্, কার্ব্বলিক্ এসিড্ কিম্বা নাইট্রেট্ অব্ সিল্ভারদ্বারা উপকার হয়; এবং গর্ভাবস্থায় বমন হইলে সিরিয়াম্ ঘটিত লবণসকল ব্যবহার্য্য।

লাটিন্।	ইংরেজী।
এসিডাম্ হাইড্রোসিয়ানিকাম্ ডাইলিউটাম্।	ডাইলিউট্ হাইড্রোসিয়ানিক্ এসিড্।
Acidum Hydrocyanicum Dilutum.	Dilute Hydrocyanic Acid.

ইহাকে প্রুসিক্ এসিড্ কহে।

মাত্রা ২— ৮মিনিম্।

প্রয়োগরূপ—

(১) ভেপার্ এসিডাই হাইড্রোসিয়ানিসাই।	ইন্‌হেলেশন্ অব্ হাইড্রোসিয়ানিক্ এসিড্।
Vapor Acidi Hydrocyanici.	Inhalation of Hydrocyanic Acid.

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—ইহা সকল প্রকার বিষ অপেক্ষা উগ্র এবং শীঘ্র কার্য্যকারী। ইহা আঘ্রাণ করিলে অথবা ইহা পিচকারীদ্বারা রক্তে সংযোজিত কিম্বা শ্লৈষ্মিক প্রদেশে সংলগ্ন হইলে একইপ্রকার ফল উৎপন্ন হয়। ইহাতে ২ প্রকারে মৃত্যু ঘটে। প্রথমতঃ—অধিক মাত্রায় খাইলে কয়েক সেকেণ্ডের মধ্যে (ঠিক যেন বজ্রাঘাতেই) মৃত্যু ঘটে; পিউপিল্ প্রসারিত হয়, বোধ হয় যেন হার্ট্ এবং নার্ভ্ সেণ্টারের ক্রিয়া সর্ব্বতোভাবে স্থগিত হইয়া যায়। দ্বিতীয়তঃ—অল্প অথচ মারাত্মক মাত্রায় দিলে শ্বাসরোধদ্বারা মৃত্যু হয়। নিশ্বাসপ্রশ্বাস মন্দ এবং হাফিকা (হাই) বিশিষ্ট হয়। হার্টের ক্রিয়া অননুভবনীয় থাকে। মৃত্যুর পূর্ব্বে সচরাচর কন্‌ভাল্‌শন্ হইয়া থাকে। মেডেলা-অব্লঙ্গেটায় যে রেস্পিরেটরি সেণ্টার্ আছে, সম্ভবতঃ তাহার পক্ষাঘাত হইয়া শ্বাসকষ্ট হয়। অপিচ ঐ এসিড্ রক্তের লোহিত কণিকাসকলের হিমোগ্লবিনের সহিত মিশ্রিত হইয়া টিস্যুসমূহে অক্সিজেন্ প্রদানের বাধা জন্মায়। তথাপি এই প্রকারের বিষাক্ততায় রোগীর আরোগ্য-লাভ সম্ভব। এরূপ বিষাক্ততায় কৃত্রিম শ্বাসপ্রশ্বাস এবং সাব্‌কিউটেনিয়াস্ ইঞ্জেক্‌শন্ অব্ এট্রোপিন্ ইত্যাদি দ্বারা চিকিৎসা করিলে উপকার হয়। যখন অত্যন্ত ডাইলিউট্ করিয়া ঔষধ মাত্রায় দেওয়া যায়, তখন ইহা বেদনা ও আক্ষেপ উপশমিত এবং অধিক মাত্রায় দিলে শিরোঘূর্ণন ইত্যাদি লক্ষণ প্রকাশিত করে।

গ্যাষ্ট্রোডিনিয়া (Gastrodynia), এণ্টেরোডিনিয়া (Enterodynia), পাইরোসিস্ (Pyrosis), বমন প্রভৃতি ষ্টমাক্ এবং ইণ্টেষ্টাইনের নানাপ্রকার ক্লেশকর ব্যাধিতে ইহা ব্যবহৃত হয়। পার্টাসিস্ (Pertusis), এজ্‌মা (Asthma) ইত্যাদি চেষ্ট্-ডিজিজে ও ইহার ব্যবহার হইয়া থাকে। অন্যান্য অবস্থায় যখন কাশী হয়, তখনও ইহা দেওয়া যায়। কখন কখন হৃৎকম্প (বিশেষতঃ ডিস্পেপ্‌সিয়াবশতঃ ইহা হইলে) উপশমিত করিবার জন্ম ও ইহা ব্যবহৃত হয়।

ক্রনিক্ কার্ডিয়্যাক্-ডিজিজে ইহা উপকারী নহে। হিষ্টিরিয়া (Hysteria), কোরিয়া (Chorea), এপিলেপ্সি (Epilepsy), নিউর্যাল্‌জিয়া (Neuralgia), ইত্যাদি রোগে ও হাইড্রোসিয়ানিক্ এসিড্ দ্বারা উপকার হয়।

ল্যাংসের ব্যাধিতে ইহার ধূম (vapor) আভ্রাণস্বরূপ ব্যবহৃত হয় এবং চর্ম্মের কণ্ডূয়ন ও কোন কোন প্রকার স্নায়ুশূল উপশমিত করিবার জন্য ইহার লোশনের বাহ্যপ্রয়োগ হইয়া থাকে। কিন্তু চর্ম্মে কোনপ্রকার উত্তেজনা থাকিলে তদ্দারা অনিষ্ট হইতে পারে, এজন্য সতর্ক হওয়া উচিত। এক ড্রাম্ বা ততোধিক হাইড্রোসিয়ানিক্ এসিড্, ১০ আউন্স্ জল, লেড্ লোশন্, কিম্বা আমণ্ড্ ইমাল্শনের সঙ্গে সংযুক্ত করিয়া লোশন্ প্রস্তুত করিবে। ইহাতে গ্লিসিরিন্ মিশাইলে ইহা উড়িয়া যাইতে পারেনা, এজন্য ইহাদ্বারা স্থানিক ক্রিয়া উত্তমরূপে হইতে পারে। কষ্টজনক কণ্ডূয়নে নিম্নলিখিত ব্যবস্থা উপকারী।

℞

Acidi hydrocyanici diluti	ʒii
Glycerini	℥i
Aquæ rosæ.	℥viii

M. ft. lotion. বাহ্য প্রয়োগ করিবে।

℞

Acidi hydrocyanici diluti		m. xxv
Bismuthi subnitratis		ʒiss
Syrupi aurantii		℥i
Infusi gentianæ co.	ad	℥viii

১ আউন্স্ মাত্রায়, কোন কোন প্রকার বমনে এবং ইরিটেটিভ্ ডিস্পেপ্-সিয়াতে, দিবসে ৩ বার, আহারের পূর্ব্বে ব্যবহার্য্য।

কয়েক ফোঁটা ডাইলিউট্ প্রুসিক্ এসিড্, সাধারণ এফার্ভেসিং ড্রাফ্টের সঙ্গে দিলে তাহা বিশেষ উপকারী হয়।

℞

Acidi hydrocyanici diluti	m.xii
Misturæ amygdalæ	℥vi

M. ft. mistura.

ইহা উত্তেজক কাশিতে ব্যবহার্য্য। যখন কাশির আধিক্য হয় তখন অর্দ্ধ আউন্স্ মাত্রায় সেব্য।

ল্যাটিন্।	ইংরেজী।
বিস্মাথাই কার্ব্বনাস্।	কার্ব্বনেট্ অব্ বিস্মাথ্।
Bismuthi Carbonas.	Carbonate of Bismuth.

মাত্রা ৫—২০ গ্রেণ।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—ইহা সাব্‌নাইট্রেট্ অব্ বিস্মাথের ন্যায় ক্রিয়া করে, এবং উহার পরিবর্ত্তে ব্যবহৃত হইয়া থাকে। কেহ কেহ বলেন যে ইহা গ্যাষ্ট্রিক্ জুসে শীঘ্র দ্রব হয় বলিয়া, ইহার ক্রিয়া দ্রুততর। ইহাতে সাব্‌নাইট্রেট্ অব্ বিস্মাথের ন্যায় কোষ্ঠবদ্ধ বা মলের বর্ণ কাল হয় না এবং পাকাশয়ে এসিড্ থাকিলে ইহা তাহাকে সমক্ষারায় করিতে পারে।

ল্যাটিন্।	ইংরেজী।
বিস্মাথাই স্যালিসিলাস্।	স্যালিসিলেট্ অব্ বিস্মাথ্।
Bismuthi Salicylas.	Salicylate of Bismuth.

মাত্রা ৫—২০ গ্রেণ।

ইহা গ্যাষ্ট্রিক্ ক্যাটার্, কোন কোন প্রকার উদরাময়, টাইফয়েড্ জ্বর ইত্যাদিতে ব্যবস্থেয়।

সিরিয়াই অগ্‌জেলাস্।	অগ্‌জেলেট্ অব্ সিরিয়াম্।
Cerii Oxalas.	Oxalate of Cerium.

মাত্রা ১—২ গ্রেণ।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—ইহা স্থানিক অবসাদকস্বরূপ ক্রিয়া করতঃ তৎপর শরীরে আচোষিত হইয়া নার্ভাইন্ টনিকের ন্যায় ক্রিয়া দর্শায়। ইহা গ্যাষ্ট্রোডিনিয়া (Gastrodynia), পাইরোসিস্ (Pyrosis), বমন ইত্যাদি পাকাশয়ের উত্তেজিতাবস্থায় নাইট্রেট্ অব্ সিল্‌ভার্ এবং সাব্‌নাইট্রেট্ অব্ বিস্মাথের ন্যায় ব্যবহৃত হইয়া থাকে। ইহা গর্ভাবস্থার বমনে অত্যন্ত উপকারী এবং নানাপ্রকার স্নায়বীয় পীড়ায় নার্ভাইন্ টনিকস্বরূপ ব্যবহৃত হয়। অপিচ ইহা নানাপ্রকার আক্ষেপজনক কফরোগে এবং নার্ভাস্ প্যাল্পিটেশন্ অব্ দি হার্টে ব্যবহৃত হইয়া থাকে। ইহাতে নাইট্রেট্ অব্ সিল্‌ভারের ন্যায় অধিকদিন ব্যবহারে চর্ম্মে কাল দাগ পড়েনা। ইহা সচরাচর বটিকাকারে ব্যবহৃত হয়।

℞

Cerii Oxalatis gr.xxiv

Extracti Gentianæ gr.xxxvi

একত্র মিশ্রিত করতঃ ১২টী বটিকা করিয়া, এক একটী দিবসে ২ বার খাইতে দিবে।

লাটিন্।	ইংরেজী।
ক্রিয়েসোটাম্।	ক্রিয়েসোট্।
Creasotum.	Creasote.

মাত্রা ১—৩ মিনিম্; গঁদের মণ্ড বা গন্ধদ্রব্যের জল সহযোগে ব্যবস্থা করিবে।

প্রয়োগরূপ—

(১) মিশ্চ্যুরা ক্রিয়েসোটাই।	ক্রিয়েসোট্ মিক্শ্চার্।
Mistura Creasoti.	Creasote Mixture.
মাত্রা ১—২ আউন্স্।	
(২) আঙ্গুয়েণ্টাম্ ক্রিয়েসোটাই।	অয়েণ্ট্মেণ্ট্ অব্ ক্রিয়েসোট্।
Unguentum Creasoti.	Ointment of Creasote.
(৩) ভেপার্ ক্রিয়েসোটাই।	ইন্হেলেশন্ অব্ ক্রিয়েসোট্।
Vapor Creasoti.	Inhalation of Creasote.

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—ষ্টিমিউল্যাণ্ট্, সিডেটিভ্, কবিকেসিয়েণ্ট্, এণ্টিসেপ্টিক্ এবং ষ্টিপ্টিক্। ইহা অধিক মাত্রায় সেবন করিলে ষ্টুপার্, মুখ রক্তিম বর্ণ, চক্ষু স্পন্দহীন, পিউপিল্ প্রসারিত কিম্বা সঙ্কোচিত, নাড়ীর গতি মন্দ, হার্টের ক্রিয়া দুর্ব্বল ও ধীর, ষ্টমাক্ উত্তেজিত এবং মলাদিতে ক্রিয়েসোটের গন্ধ হয়। এরূপ অবস্থা হইলে ষ্টিমিউল্যাণ্ট্ ঔষধ, কোল্ড্ ডুস্ ও মাষ্টার্ড্ এমেটিক্ দিলে উপকার দর্শে।

ইহা অল্প মাত্রায় সেবিত হইলে পাকাশয়ের উপর অবসাদকের ন্যায় ক্রিয়া করে। এজন্য ইহা কোন কোন প্রকার বমন নিবারণের জন্য ব্যবহৃত হইয়া থাকে। ইহা ডায়েবেটিস্রোগে এবং ডায়েরিয়াতে কখন কখন বেশ উপকার

করে, এবং নানাপ্রকার ক্ষত ও চর্ম্মরোগে আক্রান্ত স্থানে লাগাইলে স্থানিক উত্তেজকস্বরূপ কার্য্য করিয়া থাকে। পারদদ্বারা মুখ আসিলে (mercurial salivation) ইহা কুল্লিস্বরূপ ব্যবহার করা যাইতে পারে। রক্তস্রাবে ইহা রক্তরোধক (styptic) স্বরূপ ব্যবহৃত হয়। পাল্মোন্যারি এব্‌সেস্ ও গ্যাঙ্গ্রিন্ এবং ক্রণিক্ ব্রঙ্কাইটিসে ইহার ধূম আঘ্রাণ করিলে প্রচুর শ্লেষ্মাস্রাব দমন এবং শ্লেষ্মার দুর্গন্ধ দূর হয়। কেরিজ্‌বশতঃ দন্তশূল হইলে এক টুকরা তুলা ইহাতে সিক্ত করিয়া দন্তগহ্বরে লাগাইলে আশু উপকার দর্শে। আভ্যন্তরিক প্রয়োগে ইহা ১—৩ মিনিম্ মাত্রায় পিল্ আকারে দিতে হয়। ইহা অক্সাইড্ অব্ সিল্‌ভারের সহিত মিশ্রিত করিলে এত উত্তপ্ত হয় যে জলিয়া উঠে, এজন্য ইহা তৎসহ দিবেনা। ক্রিয়েসোট্ ½ ড্রাম্ ও জল এক পাইণ্ট্ মিশ্রিত করিয়া গার্গ্‌ল্ বা কুল্লি প্রস্তুত করিবে।

ইহা সিকি হইতে অর্দ্ধ মিনিম্ মাত্রায় বটিকাকারে প্রতি আহারের পর দিলে দুর্গন্ধযুক্ত উদ্গার উপশমিত হয়। হাইপোকণ্ড্রিয়েসিস্ রোগের সহিত ফ্ল্যাটিউলেন্স্ থাকিলে ক্রিয়েসোট্ এক ফোঁটা মাত্রায় ২। ৩ বার পিল্ আকারে সেবনে উপকার হয়।

কোন কোন প্রকার চর্ম্মরোগে ক্রিয়েসোট্ অয়েণ্ট্‌মেণ্ট্ প্রয়োগ করিলে উপকার দর্শে। প্রুরাইগো-সেনাইলিস্, লেপ্রা, সোরিয়েসিস্, ইম্পেটিগো ইত্যাদি চর্ম্মরোগে ক্রিয়েসোট্ ২ ভাগ এবং হোয়াইট্‌ওয়্যাক্স্ ১ ভাগ দ্বারা প্রস্তুত মলম বিশেষ ফলপ্রদ। বেড্‌সোর্ বা শয্যাক্ষতে ১ ভাগ ক্রিয়েসোট্ ও ৮০ ভাগ জল দ্বারা লোশন্ প্রস্তুত করিয়া লাগাইলে উপকার হয়।

অজীর্ণের সহিত পেটফাঁপা থাকিলে ½ মিনিম্ মাত্রায় ক্রিয়েসোট্ ১০।১৫ গ্রেণ বাইকার্বনেট্ অব্ সোডিয়ামের সহিত আহারের পরে ব্যবস্থা করিলে উপকার হয় এবং পাকাশয়ের দুর্ব্বলতাবশতঃ বমন হইলে ২ গ্রেণ বিস্মাথ্ কার্ব্বনেট্ এবং ১ গ্রেণ পেপ্সিন্ উহার সহিত যোগ করা যাইতে পারে। ক্রিয়েসোট্‌দ্বারা যক্ষ্মা রোগে কাশি এবং শ্লেষ্মার হ্রাস হয়। ইহা রেক্টিফাইড্ স্পিরিট্-সহযোগে (১ ভাগ ৪০ ভাগে) ১ টিস্পুন্ মাত্রায় দিবসে দুইবার দিবে।

ডায়েবেটিস্ মেলিটাস্ (Diabetes Mellitus) রোগে নিম্নলিখিত ব্যবস্থা-দ্বারা বেশ উপকার হইয়া থাকে।

℞

Creasotum	m.i
Opii	gr.i
Ferri et Quininæ Citras	gr.iii

M. ft. pil. দিনে ৩ বার দিবে।

কিন্তু উক্তরোগে, ক্রণিক্ ফেরিঞ্জাইটিসে ও যক্ষ্মার কাশিতে কোডিইন্ এবং গ্লিসিরিন্ জেলিদ্বারা অধিকতর উপকার হয়।

Codcine and Glycerine Jellyতে নিম্নলিখিত উপাদান আছে।

Codeine	72	grains.
Citric Acid	720	grains.
Refined Gelatine	6	ounces.
Glycerine	36	ounces.
Oil of Lemon	1	drachm:

Balsam of Tolu and Distilled Water, of each q. s.

মাত্রা ১ ড্রাম্।

একবিংশ অধ্যায়।

প্রথমবিভাগীয় চতুর্থশ্রেণীস্থ দ্বিতীয় উপশ্রেণী।

যে সকল ঔষধ শ্বাসপ্রশ্বাসের যন্ত্র এবং পথে কার্য্য করিয়া থাকে। ইহারা তিন ভাগে বিভক্ত।

১ম ভাগ—ERRHINES OR STERNUTATORIES.

ক্ষুৎকারক (যাহাতে হাঁচি জন্মায়) ঔষধসমূহ।

যে সকল ঔষধ নাসিকার শ্লৈষ্মিক ঝিল্লিকে উত্তেজিত করিয়া তন্মধ্যস্থ শ্লেষ্মা বর্দ্ধিত করে, তাহাদিগকে এর্হিন্ বা ক্ষুৎকারক ঔষধ কহে।

এই সকল ঔষধ নাসারন্ধ্রে প্রয়োগ করিতে হয়; তাহাতে হাঁচি হইয়া থাকে।

(১) তাম্রকূট—Tobacco (snuff)।

(২) সাব্‌সাল্‌ফেট্‌ অব্‌ মার্কিউরী (Subsulphate of mercury)।

(৩) ভিরেট্রাম্‌ ভিরিডি (Veratrum viride)

ক্ষুৎকারক ঔষধসমূহের ফল।

ইহাদের ফল সংজ্ঞাতেই একরূপ বলা হইয়াছে। ইহাদের মধ্যে অনেকগুলি যে স্থানে লাগান যায় তথায় উত্তেজনা জন্মায়, কিন্তু অপর কতকগুলি (বিশেষতঃ তীব্র তামাক) অবশেষে শোষিত হইয়া শরীরের উপর গৌণ ক্রিয়া প্রকাশ করিয়া থাকে।

ইহারা নিম্নলিখিত উদ্দেশ্যে ব্যবহৃত হয়:—

(১) নাসিকারন্ধ্রের শ্লৈষ্মিক ঝিল্লি শুষ্ক হইলে তাহা সরস করিবার জন্য;

(২) ঘ্রাণশক্তির হ্রাস হইলে তাহার প্রতীকারের জন্য;

(৩) বিবিধ শিরঃপীড়া নিবারণের জন্য; অধিক শ্লেষ্মনিঃসারণদ্বারা নাসিকার শ্লৈষ্মিক ঝিল্লির রক্তবাহিকা নাড়ীসমূহকে শূন্য এবং উক্ত ঝিল্লির উত্তেজনা ও হাঁচিদ্বারা ডেরিভেটিভ্‌ এফেক্ট্‌ প্রকাশ করাতে এই রোগ আরাম হয়। মূর্চ্ছাবস্থায় ইহাদের প্রয়োগে চৈতন্যলাভ হয়। শ্বাসরোধের উপক্রম হইলেও এইসকল ঔষধে উপকার দর্শে।

২ ভাগ—EXPECTORANTS

কফনিঃসারক ঔষধসমূহ।

যে সকল ঔষধ নানাপ্রকার উপায়ে শ্বাসনালী এবং ফুস্‌ফুস্‌ হইতে শ্লেষ্মা নিঃসরণের সুবিধা করিয়া দেয়, তাহাদিগকে এক্সপেক্টোর‍্যাণ্ট্‌স্‌ (Expectorants) বা কফনিঃসারক ঔষধ কহে। ইহাদিগকে নিম্নলিখিতপ্রকারে বিভক্ত করা যাইতে পারে;—

ফিজিওলজিক্যাল্‌ ক্রিয়া—	থিরাপিউটিক্যাল্‌ ব্যবহার—
(১) The Emetic class বা বমনকারক ঔষধসমূহ উৎকৃষ্ট কফনিঃসারক। ইহারা শ্লেষ্মাকে তরল করতঃ বহির্গত করে, এবং ব্রঙ্কিয়্যাল্‌	(১) ব্রঙ্কাইটিস্‌ (Bronchitis), হুপিংকফ্‌ (Whooping cough) ইত্যাদি রোগে লাংস্‌ যখন শ্লেষ্মাদ্বারা অবরুদ্ধ হয়, তখন একমাত্রা বমনকারক

টিউবের মাংসপেশীসূত্রদিগকে শিথিল করিয়া থাকে।

ঔষধদ্বারা মহোপকার সাধিত হইয়া থাকে। এতদর্থে কার্ব্বনেট্ অব্ এমোনিয়াম্, ইপিকাকুয়ানা ইত্যাদি ডাইরেক্ট্ এমেটিক্ ব্যবহার্য্য।

(২) Nauseants বা ন্যক্কার-জনক ঔষধসমূহ ও কফনিঃসারক-স্বরূপ ব্যবহৃত হইতে পারে।

(২) এণ্টিমনি, ইপিকাকুয়ানা ইত্যাদি ইণ্ডাইরেক্ট্ বমনকারকঔষধ এতদর্থে অল্পমাত্রায় ব্যবহৃত হইয়া থাকে।

(৩) Stimulating expectorants বা উত্তেজক কফনিঃসারক ঔষধ-সমূহ সমস্ত রক্তসঞ্চালনযন্ত্রের উপর, কিম্বা কেবল ফুস্ফুসের স্নায়বিক অথবা পেশীসম্বন্ধীয় গঠনের উপর, কার্য্য করিয়া থাকে।

(৩) সেনেগা, এমন্-কার্ব্ব্ ইত্যাদি এই শ্রেণীভুক্ত। কিন্তু ইহা স্মরণ রাখা উচিত যে, বলকারক এবং উত্তেজক ঔষধমাত্রই রক্তসঞ্চালনক্রিয়ার সাহায্য এবং রোগীকে বলপ্রদান করতঃ অসাক্ষাৎরূপে কফনিঃসারকের ন্যায় ক্রিয়া করে। এই শ্রেণীস্থ ঔষধসকল পাল্মোনারি ডিজিজের শেষ অবস্থায় (অর্থাৎ প্রদাহ হ্রাস হইবার পর শিরাসকল শিথিল হইলে যখন যথেষ্টপরিমাণে কফ শ্বাসযন্ত্রমধ্যে জমিতে থাকে, তখন) এই শ্রেণীস্থঔষধসকল বিশেষরূপে ব্যবহার্য্য।

(৪) যে সকল ঔষধ শ্বাসপ্রণালীর শুষ্ক ও স্ফীত শ্লৈষ্মিক ঝিল্লি-হইতে শ্লেষ্মা বহির্গত করিয়া উপকার করে।

(৪) ব্রঙ্কাইটিসের (Bronchitis) প্রথমাবস্থায় ব্রঙ্কিয়্যাল্ মিউকাস্ মেম্ব্রেন্ স্ফীত এবং শুষ্ক হওয়া প্রযুক্ত শ্বাসকৃচ্ছ্র এবং অতিশয় শুষ্ক কাশিবশতঃ অসুখ-বোধ হইলে, এই শ্রেণীস্থ ঔষধসকল শ্লেষ্মা বহির্গত করিয়া অতিশয় উপকারসাধন করে। এতদর্থে লাইকর্ এমোনিয়া এসিটেটিস্, লোবিলিয়া, জলীয় বাষ্প আঘ্রাণ, (inhalation of steam) এবং ন্যক্কারজনক ঔষধ সমূহ ব্যবহৃত হয়।

(৫) কফ কখন কখন আঠাল হয় বলিয়া রোগীর শ্লেষ্মা অতি কষ্টের

(৫) ক্ষার ঔষধসকল, বিশেষতঃ আইয়োডাইড্ অব্ পটাশিয়াম্, মিউ-

সহিত নির্গত হয় এবং তখন যেসকল ঔষধ উহাকে তরল করে তাহাদিগদ্বারা বিশেষ উপকার হইয়া থাকে।

(৬) কখন কখন ছোট ছোট ব্রঙ্কিয়্যাল্ টিউব্সমূহের আক্ষেপিক সঙ্কোচন হয় বলিয়া শ্লেষ্মা সহজে বহির্গত হইতে পারেনা।

ব্রিয়েট্ অব্ এমোনিয়াম্ ইত্যাদি, শ্লেষ্মার গাঢ়ত্ব দূর করতঃ কফনিঃসারক ঔষধের উদ্দেশ্য সাধন করিয়া থাকে।

(৬) এই অবস্থাতে ওপিয়াম্, বেলাডোনা, তামাক, ষ্ট্র্যামোনিয়াম্ ইত্যাদি ব্যবহার করিলে রোগের উপশম হইয়া থাকে।

ক (১) এমোনিয়া (Ammonia)।
(২) কার্ব্বনেট্ অব্ এমোনিয়াম্ (Carbonate of ammonium)।
(৩) সেনেগা (Senega)
(৪) স্কুইল্ (Squill)।
(৫) বেঞ্জোয়িক্ এসিড্ (Benzoic acid)।
(৬) বেঞ্জোয়েট্ অব্ এমোনিয়াম্ (Benzoate of ammonium)।
(৭) বেঞ্জোয়িন্ (Benzoin)।
(৮) বাল্সাম্ অব্ পেরু (Balsam of peru)।
(৯) বাল্সাম্ অব্ টলু (Balsam of tolu)।
(১০) ষ্টোরাক্স্ (Storax)।
(১১) এমোনিয়াকাম্ (Ammoniacum)।
(১২) গ্যাল্বেনাম্ (Galbanum)।
(১৩) এসাফিটিডা (Assafœtida)।
(১৪) মার্ (Myrrh)।
(১৫) কোপেবা (Copaiba)।
(১৬) লার্চ্ বার্ক্ (Larch bark)।
(১৭) টার্ (Tar)।

খ (১) ইপিকাকুয়ানা (Ipecacuanha)।
(২) টার্টারেটেড্ এণ্টিমনি (Tartarated antimony)।
(৩) অক্সাইড্ অব্ এণ্টিমনি (Oxide of antimony)।

গ (১) ভেপার্ অব্ ওয়াটার্ (Vapour of water)।

(২) ক্লোরিন্ (Chlorine)।
(৩) আইয়োডিন্ (Iodine)।
(৪) ক্রিয়েসোট্ (Creasote)।
(৫) কার্ব্বলিক্ এসিড্ (Carbolic acid)।

কফনিঃসারক ঔষধসমূহের ফল।

চিকিৎসার সুবিধার জন্য কফনিঃসারক ঔষধসমূহকে উপরোক্ত তালিকা-দ্বারা ভিন্ন ভিন্ন শ্রেণীতে বিভক্ত করা হইয়াছে। প্রথম শ্রেণীর ঔষধসকল রক্তসঞ্চালনযন্ত্রের উপর ন্যূনাধিকরূপে উত্তেজকের ন্যায় কার্য্য করিয়া থাকে। দ্বিতীয় শ্রেণীর ঔষধসকল উক্ত যন্ত্রের উপর অবসাদকের ন্যায় কার্য্য প্রকাশ করে। কোন কোন অবস্থায় ইহাদের প্রত্যেকেই ব্রঙ্কিয়্যাল্ টিউবের শ্লেষ্মার পরিবর্ত্তন করিয়া থাকে। জলীয় বাষ্পদ্বারা উক্ত ঝিল্লি শিথিল হয়। ক্লোরিন্ এবং এমোনিয়ার বাষ্প তৎপ্রতি সাক্ষাৎ উত্তেজকের ন্যায় ক্রিয়া প্রকাশ করে।

আময়িকপ্রয়োগ—নানাপ্রকার পুরাতন ব্রঙ্কাইটিসে, জ্বর না থাকিলে, প্রথমশ্রেণীস্থ ঔষধসকল ব্যবহার করা উচিত। জ্বরীয় অবস্থায় উহাদের ব্যবস্থা করিলে কাশি ও অসুখ বৃদ্ধি পায়। ব্রঙ্কাইটিসের প্রথমাবস্থায় যখন জ্বর থাকে, তখন দ্বিতীয়শ্রেণীস্থ ঔষধসকল উপযোগী। অনেক অবস্থায় জলীয় বাষ্পের আঘ্রাণদ্বারা উপকার হইয়া থাকে।

ক্লোরিন্ এবং এমোনিয়ার বাষ্প পুরাতন ব্যাধিতে আঘ্রাণস্বরূপ ব্যবহৃত হয়। ক্রিয়েসোট্ এবং কার্ব্বলিক্ এসিডের ধূমও উক্তপ্রকারে ব্যবহৃত হইয়া থাকে। এইসকল ঔষধকে টপিক্যাল্ বা স্থানিক কফনিঃসারক ঔষধ কহে।

লাটিন্।	ইংরেজী।
সেনেগি রেডিক্স্।	সেনেগা রুট্।
Senegæ Radix.	Senega Root.

ইহা পলিগ্যালা-সেনেগা-নামক উদ্ভিদের শুষ্ক মূল।

চূর্ণের মাত্রা ২০—৬০ গ্রেণ।

প্রয়োগরূপ—

ইন্‌ফিউজাম্ সেনেগি। Infusum Senegæ.
মাত্রা ১—২ আউন্স্।

ইন্‌ফিউশন্ অব্ সেনেগা। Infusion of Senega.

টিংচুরা সেনেগি। Tinctura Senegæ,
মাত্রা ½—২ ড্রাম্।

টিংচার্ অব্ সেনেগা। Tincture of Senega.

স্থানিক ক্রিয়া।

ইহার কোন স্থানিক ক্রিয়া নাই।

সার্ব্বাঙ্গিক ক্রিয়া।

ফিজিওলজিক্যাল্ ক্রিয়া—

ব্রঙ্কিয়াল্ টিউব্ সকলের শ্লৈষ্মিক ঝিল্লিকে উত্তেজিত করা সেনেগার প্রধান ক্রিয়া; এবং সম্ভবতঃ ইহা তাহাদের পৈশিক বিধানকে বলপ্রদান করতঃ তাহাদের আধেয় পদার্থের বহির্গমনের সুবিধা করিয়া দেয়। কেহ কেহ বলেন যে ইহার ঘর্ম্মকারক, মূত্রকারক এবং রজোনিঃসারক গুণও আছে; কিন্তু কফনিঃসারণ ভিন্ন অন্য কোন উদ্দেশ্যে ইহার ব্যবহার হয় না। অধিক মাত্রায় ইহা বমনকারক এবং বিরেচকের ন্যায় ক্রিয়া করিয়া থাকে। ইহাদ্বারা শোষণক্রিয়ার আধিক্য হয় এবং সকলপ্রকার স্রাব (বিশেষতঃ প্রস্রাব এবং লালাস্রাব) বৃদ্ধি পাইয়া থাকে। বস্তুতঃ ইহা অধিক দিন ব্যবহার করিলে তৎকালে লালানিঃসরণ হইয়া থাকে। ইহা সকলপ্রকার তরুণ

থিরাপিউটিক্যাল্ ব্যবহার—

নিউমোনিয়া (Pneumonia) এবং ব্রঙ্কাইটিসের (Bronchitis) পুরাতন অবস্থায় ইহা ব্যবহৃত হয় এবং তখন ফুস্‌ফুসে অনেক শ্লেষ্মা জমা হইলে তাহার ত্যাগবিষয়ে রোগীকে সাহায্য করে।

ইহার ইন্‌ফিউশন্ই সচরাচর ব্যবহৃত হয়; এবং ইহা প্রায়ই কার্ব্বনেট্ অব্ এমোনিয়াম্ এবং অন্যান্য কফনিঃসারক ঔষধের সহিত ব্যবহৃত হয়; ইহার দৃষ্টান্তস্বরূপ নিম্নলিখিত ব্যবস্থা দেওয়া গেল:—

℞

Ammonii Carbonatis	gr.iv
Tincturæ Scillæ	m.xv
Tincturæ Camphoræ co.	m.xxv
Extracti Glycyrrhizæ	gr.v
Infusi Senegæ	℥i

M. ft. mistura, দিবসে ৩ বার সেব্য;

প্রদাহিক অবস্থায় (বিশেষতঃ লাং-সের প্রদাহে) অব্যবহার্য্য। ক্রণিক্ ব্রঙ্কাইটিসে ব্যবহার্য্য। নানা-প্রকার জ্বর এবং অন্যান্যপ্রকার দুর্ব্বল-কারী ব্যাধির পর উদরী এবং শোথ-রোগে ইহা ব্যবহারে উপকার দর্শে।

ডিফ্থিরিয়ার দ্বিতীয় কিম্বা বর্দ্ধিত অবস্থায় ডাঃ ওয়েষ্ট্ (Dr. West) নিম্নলিখিত ঔষধ দিতে বলেন ;—

℞

Decoct. Senegæ	℥iiss
Ammon. carb.	gr.viii
Tinct. Scillæ	m.xvi
Syr. Tolu	ʒiii

M. ft. mistura.

২।৩ বৎসরের শিশুকে ৩ ড্রাম্ মাত্রায় প্রতি ৪ ঘণ্টা অন্তর দেওয়া উচিত।

লাটিন্। ইংরেজী।

সিলা। স্কুইল্।

Scilla. Squill.

ইহা আর্গিনিয়া-সিলা-নামক বৃক্ষের শুষ্ক এবং কর্ত্তিত কন্দ (বাল্ব্)।

চূর্ণের মাত্রা ১—৩ গ্রেণ।

প্রয়োগরূপ—

(১) এসিটাম্ সিলি। ভিনিগার্ অব্ স্কুইল্।
Acetum Scillæ. Vinegar of Squill.

মাত্রা ১৫—৪০ মিনিম্।

(২) অক্সিমেল্ সিলি। অক্সিমেল্ অব্ স্কুইল্।
Oxymel Scillæ. Oxymel of Squill.

মাত্রা ½—১ ড্রাম্।

(৩) পাইলিউলা সিলি কম্পজিটা। কম্পাউণ্ড্ স্কুইল্ পিল্।
Pilula Scillæ Composita. Compound Squill Pill.

মাত্রা ৫—১০ গ্রেণ।

(৪) পাইলিউলা ইপিকাকুয়ানি কাম্ সিলা। পিল্ অব্ ইপিকাকুয়ানা উইথ্ স্কুইল্।

Pilula Ipecacuanhæ cum Scilla. Pill of Ipecacuanha with Squill.

মাত্রা ৫—১০ গ্রেণ।

(৫) সিরাপাস্ সিলি। সিরাপ্ অব্ স্কুইল্।

Syrupus Scillæ. Syrup of Squill.

মাত্রা ½—১ ড্রাম্।

(৬) টিংচুরা সিলি। টিংচার্ অব্ স্কুইল্।

Tinctura Scillæ. Tincture of Squill.

মাত্রা ১০—৩০ মিনিম্।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ।

ফিজিওলজিকাল্ ক্রিয়া—

স্কুইল্ অধিকমাত্রায় বমনকারক এবং বিরেচকের ন্যায় কার্য্য করিয়া ভয়ানক ভেদ এবং বমন উৎপাদন করে। অধিকন্তু, ইহা শ্বাসনালীর শ্লৈষ্মিক ঝিল্লিকে উত্তেজিত করিয়া শ্লেষ্মা বর্দ্ধিত করে। ইহার মূত্রকারক গুণও আছে। ইহা ১ গ্রেণ মাত্রায় উত্তেজক-কফনিঃসারক এবং মূত্রকারক। ইহাদ্বারা ভেদ কিম্বা বমন হইলে, ইহার মূত্রকারক ক্রিয়া লক্ষিত হয় না। সুতরাং শেষোক্ত ক্রিয়ার জন্য ইহা অল্প মাত্রায়, অন্যান্য মূত্রকারক ঔষধের সঙ্গে দেওয়া উচিত। অধিক মাত্রায় ইহা এক্রো-নার্কটিক্ (acro-narcotic) বা উগ্রমাদকবিষের ন্যায় কার্য্য করে।

থিরাপিউটিকাল্ ব্যবহার—

ইহা কখনও বমনকারকস্বরূপ ব্যবহৃত হয় না। যাহা হউক, ইহা উত্তম কফনিঃসারকের ন্যায় ক্রিয়া করিয়া শ্বাসনালীর নিস্রাব বৃদ্ধি করে, এবং ব্রঙ্কাইটিস্ (Bronchitis), হুপিংকফ্ (Whooping cough) ইত্যাদি লাংসের পুরাতন ব্যাধিতে সচরাচর ব্যবহৃত হইয়া থাকে। অধিকন্তু ইহা উৎকৃষ্ট মূত্রকারক ঔষধ। কিড্নির উত্তেজনা না থাকিলে ইহা ব্যবহার্য্য। মূত্রকারকস্বরূপ 'ব্লু পিল্' এবং ডিজিটেলিসের সহিত ইহার ব্যবস্থা করা হয়। ইহার উত্তেজকগুণ থাকায় তরুণ প্রাদাহিক অবস্থায় ইহা দেওয়া নিষিদ্ধ। ড্রপ্সি এবং এনাসার্কা (Anasarca)

ইহার চূর্ণ ২৪ গ্রেণ মাত্রায় সেবনে মৃত্যু ঘটিতে দেখা গিয়াছে। রোগে স্কুইল্ অন্যান্য ঔষধের সহিত দিলে উপকার হইয়া থাকে। যথা ঃ—

℞

Pulv. Scillæ gr.i

Pil. Hydrarg. gr.iii

Pulv. Digitalis gr i-iss

M. ft. pii.

এক একটি পিল্ দিবসে ৩ বার সেব্য। ইহা বেলিজ্ পিল্ (Baillie's piil) নামে খ্যাত। ইহা এসিটেট্ কিম্বা টার্ট্রেট্ অব্ পটাশের সহিত এক সময়ে ব্যবস্থা করিলে বিশেষ উপকার হয়। কিড্নির্ গ্র্যানিউলার-ডিজিজ্ বশতঃ উদরী হইলে কিম্বা উদরীর সহিত তরুণ প্রাদাহিক অবস্থা বর্ত্তমান থাকিলে ইহা অব্যবহার্য্য।

লাটিন্।	ইংরেজী।
বেঞ্জোয়িনাম্।	বেঞ্জোয়িন্।
Benzoinum.	Benzoin.

ইহা ষ্টাইর্যাক্স্-বেঞ্জোয়িন্ নামক বৃক্ষের কর্ত্তিত বল্কলনিঃসৃত সুগন্ধি ধুনা। ইহা দগ্ধ করিলে সুগন্ধযুক্ত ধূম নির্গত হয়।

ইহার বীর্য্যের নাম বেঞ্জোয়িক্ এসিড্।

বেঞ্জোয়িন্ চূর্ণের মাত্রা ১০—৩০ গ্রেণ।

প্রয়োগরূপ—

টিংচ্যুরা বেঞ্জোয়িনি কম্পজিটা।	কম্পাউণ্ড্ টিংচার্ অব্ বেঞ্জোয়িন্।
Tinctura Benzoini Composita.	Compound Tincture of Benzoin.

মাত্রা ½—১ ড্রাম্।

এসিডাম্ বেঞ্জোয়িকাম্।	বেঞ্জোয়িক্ এসিড্।
Acidum Benzoicum.	Benzoic Acid.

মাত্রা ১০—১৫ গ্রেণ।

ট্রোচিসাই এসিডাই বেঞ্জোয়িসি। বেঞ্জোয়িক্ এসিড্ লোজেঞ্জিস্।
Trochisci Acidi Benzoici. Benzoic Acid Lozenges.

ইহার প্রত্যেক চাক্তিতে ½ গ্রেণ বেঞ্জোয়িক্ এসিড্ আছে।

স্থানিক ক্রিয়া।

ফিজিওলজিক্যাল্ ক্রিয়া—

টিংচ্যুরা বেঞ্জোয়িনি কোন সরস স্থানে লাগাইলে উত্তেজকের ন্যায় ক্রিয়া করে।

থিরাপিউটিকাল্ ব্যবহার—

এজন্য ইহা কখন কখন দুর্গন্ধযুক্ত, নিস্তেজ ক্ষতে ব্যবহৃত হয়।

আভ্যন্তরিক ক্রিয়া।

ফিজিওলজিক্যাল্ ক্রিয়া—

বেঞ্জোয়িন্ শ্লৈষ্মিক্ ঝিল্লির উপর, অন্যান্য প্রায় সমস্ত সুগন্ধিগঁদের ন্যায়, উত্তেজনাক্রিয়া প্রকাশ করিয়া থাকে। রক্তের মধ্যদিয়া গমনকালে ইহা হিপিউরিক্ এসিডে পরিবর্ত্তিত হইয়া প্রস্রাবের অম্লত্ব বর্দ্ধিত করে। বেঞ্জোয়েট্ অব্ সোডিয়াম্ উৎকৃষ্ট পিত্তনিঃসারক।

থিরাপিউটিকাল্ ব্যবহার—

বেঞ্জোয়িক্ এসিড্ ব্রঙ্কাইটিসের বর্দ্ধিতাবস্থায় এবং ব্ল্যাডারের পুরাতন প্রদাহে (বিশেষতঃ প্রস্রাব ক্ষারগুণবিশিষ্ট হইলে এবং ফস্ফেট্ সঞ্চিত হইবার উপক্রম হইলে) ইহা ব্যবহার করা যাইতে পারে। এতদর্থে বেঞ্জোয়েট্ অব্ এমোনিয়ামের ব্যবহার হয়।

পুরাতন লেরিঞ্জাইটিস্-রোগে বেঞ্জোয়িনের ফিউমিগেশনে, কিম্বা ১ ড্রাম্ কম্পাউণ্ড্ টিংচার্ অব্ বেঞ্জোয়িন্ জলে মিশ্রিত করিয়া তাহার ঘ্রাণ লইলে, উপকার হইয়া থাকে।

℞

Tincturæ Benzoini Compositæ	ʒvi
Mucilaginis Acaciæ	℥i
Syrupi Zingiberis	℥ss
Aquæ Menthæ Piperitæ	℥vi

M. ft. mistura.

ক্রণিক্ ব্রঙ্কাইটিসে ১ আউন্স্ মাত্রায় ৪ ঘণ্টা অন্তর দিবে।

ল্যাটিন্।	ইংরেজী।
বাল্‌সেমাম্ পেরুভিয়ানাম্।	বাল্‌সাম্ অব্ পেরু।
Balsamum Peruvianum.	Balsam of Peru.

ইহা মাইরক্সাইলন্-প্যারেরি-নামক বৃক্ষের বাল্‌সাম্ বা সুগন্ধি ঘনীভূত রস।

মাত্রা ১০—১৫ মিনিম্।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—ষ্টিমিউল্যাণ্ট্ এবং এক্স্‌পেক্টোর‍্যাণ্ট্; প্রধানতঃ ক্রণিক্ ব্রঙ্কাইটিস্ এবং রিউম্যাটিজ্‌মে ব্যবহৃত হইয়া থাকে। অধিকন্তু ইহা মিউকাস্ মেম্ব্রেণের উপর ক্রিয়া করে; এবং গ্লিট্ (Gleet), লিউকোরিয়া (Leucorrhœa) ইত্যাদি রোগে স্রাবের আধিক্য কমাইবার জন্য ব্যবহৃত হইয়া থাকে।

ব্ল্যাডারের অধিকাংশ ব্যাধিতে, অধিক দুর্গন্ধযুক্ত শ্লেষ্মা বহির্গত হইলে, ইহা আদরের সহিত ব্যবহার করা যাইতে পারে। অতি বৃদ্ধ ব্যক্তিদিগের ব্রঙ্কাইটিস্ রোগেও ইহা ব্যবহৃত হয়।

ইহা স্থানিক ব্যবহারে উত্তেজকের ন্যায় ক্রিয়া করে; এবং শয্যাক্ষতে (bed-sore) ও অস্বাস্থ্যকর ক্ষতে ব্যবহার্য্য। ইহা ডিম্বের কুসুমের সহিত একত্র করিয়া কোন স্থানে লাগাইতে বিশেষ সুবিধা হয়। ইন্‌ফ্ল্যামেশন্ থাকিলে ইহা অব্যবহার্য্য। ক্রণিক্ লেরিঞ্জাইটিসে কিম্বা লেরিঞ্জিয়েল্ থাইসিস্ রোগে, বাল্‌সাম্ অব্ পেরু ১০ মিনিম্ ও ফুটিত জল ১৮ আউন্স্ একত্র মিশ্রিত করিয়া প্রতিদিন ৩।৪ বার, ৫ মিনিট্ করিয়া আঘ্রাণ করিলে উপকার দর্শে। অটোরিয়া (Otorrhœa) রোগে ১ ড্রাম্ বাল্‌সাম্ অব্ পেরু, ২ ড্রাম্ অল্মণ্ড্-গলের সঙ্গে মিশ্রিত করিয়া, প্রতিদিন কর্ণে লাগাইলে উপকার দর্শে।

ল্যাটিন্।	ইংরেজী।
বাল্‌সেমাম্ টলুটেনাম্।	বাল্‌সাম্ অব্ টলু।
Balsamum Tolutanum.	Balsam of Tolu.

ইহা মাইরক্সাইলন্-টলুইফেরা-নামক বৃক্ষের ঘনীভূত শুষ্ক রস।

মাত্রা ১০—২০ গ্রেণ।

প্রয়োগরূপ—

(১) সিরাপাস্ টলুটেনাস্। Syrupus Tolutanus. — সিরাপ্ অব্ টলু। Syrup of Tolu.
মাত্রা ১—৩ ড্রাম্।

টিংচুরা টলুটেনা। Tinctura Tolutana. — টিংচার অব্ টলু। Tincture of Tolu.
মাত্রা ২০—৪০ মিনিম্।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—ষ্টিমিউলেটিং এক্স্পেক্টোর্যাণ্ট্; ইহার ক্রিয়া ও ব্যবহার ঠিক বাল্সাম্ অব্ পেরুর ন্যায়; ব্রঙ্কাইটিসের সহিত প্রচুরপরিমাণে শ্লেষ্মাস্রাব থাকিলে তাহা নিবারণার্থ ইহা ব্যবহৃত হয়।

ল্যাটিন্।	ইংরেজী।
ষ্টাইর্যাক্স্।	ষ্টোর্যাক্স্।
Styrax.	Storax.

ইহা লিকুইডাম্বার্-ওরিয়েণ্টেলিস্-নামক বৃক্ষের রস।

মাত্রা ৫—২০ গ্রেণ; পিল্ কিম্বা ইমাল্শন্ আকারে দিতে হয়।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—উত্তেজক ও কফনিঃসারক; শ্লৈষ্মিক ঝিল্লির (বিশেষতঃ শ্বাসপ্রশ্বাস যন্ত্রের এবং মূত্র ও জননেন্দ্রিয়ের) উপর ইহার ক্রিয়া আছে। শ্লৈষ্মিক ঝিল্লির সর্ব্বপ্রকার প্রাদাহিক অবস্থাতেই ইহার ব্যবহার নিষিদ্ধ। ক্রণিক্ ব্রঙ্কাইটিস্ (Chronic Bronchitis), ক্যাটার্ (Catarrh) এবং এজ্মাতে (Asthma) কম্পাউণ্ড্ ষ্টোর্যাক্স্ পিল্ ব্যবহার করিলে কখন কখন উপকার দর্শে; কিন্তু আজকাল তাহার বড় ব্যবহার হয়না। ষ্টোর্যাক্স্ নিস্তেজ এবং দুষ্ট ক্ষতাদিতে লাগাইলে উহাদের নিস্রাব বন্ধ ও রোগ দূরীভূত হয়। ইহার অন্যান্য ক্রিয়া বাল্সাম্ অব্ পেরু ও টলুর ন্যায়।

ল্যাটিন্।	ইংরেজী।
মার্হা।	মার্।
Myrrha.	Myrrh.

ইহা ব্যাল্স্যামোডেণ্ড্রন্-মার্হা-নামক বৃক্ষের বল্কল হইতে প্রাপ্ত একপ্রকার ধুনাবৎ গঁদ।

মাত্রা ১০—২০ গ্রেণ।

প্রয়োগরূপ—

পাইলিউলা এলোজ্ এট্ মার্হি। | পিল্ অব্ এলোজ এণ্ড্ মার্।
Pilula Aloes et Myrrhæ. | Pill of Aloes and Myrrh.

মাত্রা ৫—১০ গ্রেণ।

টিংচ্যুরা মার্হি। | টিংচার্ অব্ মার্।
Tinctura Myrrhæ. | Tincture of Myrrh.

মাত্রা ½—১ ড্রাম্।

স্থানিক ক্রিয়া।

ফিজিওলজিক্যাল্ ক্রিয়া—

মার্ এষ্ট্রিঞ্জেণ্ট্; এবং শ্লৈষ্মিক ঝিল্লিহইতে অতিরিক্ত স্রাব নিবারণ করে।

থিরাপিউটিক্যাল্ ব্যবহার—

কণ্ঠনালীর শৈথিল্য কিম্বা উহার ক্ষতাবস্থায় মার্ অন্যান্য ঔষধের সহিত মিলিত করিয়া কুল্লিস্বরূপ ব্যবস্থা করিলে উপকার হয়। পারদদ্বারা মুখ আসিলে, কিম্বা মাঢ়ি স্পঞ্জের ন্যায় হইলে, ইহা ব্যবহারে উপকার হইয়া থাকে; এবং দুষ্ট ক্ষতে ইহা লোশন্‌স্বরূপ ব্যবহার করিলে উত্তেজক এবং দুর্গন্ধহারকের ন্যায় ক্রিয়া করিয়া উপকার দর্শায়। নিক্রোসিস্ এবং কেরিজ্‌রোগে টিংচার্ অব্ মার্, লোশন্ আকারে স্থানিক ব্যবহার করিলে উপকার দর্শিয়া থাকে।

আভ্যন্তরিক ক্রিয়া।

মার্ ১০ হইতে ২০ গ্রেণ মাত্রায় উত্তেজক, আগ্নেয়, কফনিঃসারক ও রজোনিঃসারক।

মার্ কখন কখন ক্রণিক্ ব্রঙ্কাইটিসে ব্যবহৃত হইয়াছে; কিন্তু আজকাল এলোজ্ এবং লৌহঘটিত ঔষধের সহিত, পাইলিউলা এলোজ্ এট্ ফেরি, পাইলিউলা এলোজ্ এট্ এসাফিটিডা, ইত্যাদি আকারে কেবল এমিনোরিয়ারোগে ব্যবহৃত হইয়া থাকে।

℞

Aluminis	ʒii
Tinct. Myrrhæ	ʒii
Infusi. Rosæ Acidi ad	℥x

কুল্লিস্বরূপ ব্যবহার করিবে।

ল্যাটিন্।	ইংরেজী।
ল্যারিসিস্ কর্টেক্স্।	লার্চ্ বার্ক্।
Laricis Cortex.	Larch Bark.

ইহা পাইনাস্-ল্যারিক্স্-নামক বৃক্ষের আভ্যন্তরিক বল্কল।

প্রয়োগরূপ—

টিংচুরা ল্যারিসিস্।	টিংচার্ অব্ লার্চ্।
Tinctura Laricis.	Ticture of Larch.

মাত্রা ২০—৩০ মিনিম্।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—ব্রঙ্কাইটিসের সঙ্গে প্রচুরপরিমাণে শ্লেষ্মা থাকিলে টিংচার্ অব্ লার্চ্ বার্ক্ উত্তেজক-কফনিঃসারকস্বরূপ ব্যবহার্য্য। সিষ্টাইটিস্ (Cystitis) এবং পার্পিউরা (Purpura) রোগে ও ইহা ব্যবহার করা যাইতে পারে। ইহার ক্রিয়া তার্পিণতৈল এবং অন্যান্য বাসল্যামের ন্যায়।

ল্যাটিন্।	ইংরেজী।
পিক্স্ লিকুইডা।	টার্।
Pix Liquida.	Tar.

আলকাতরা। পাইনাস্-সিল্‌ভেষ্ট্রিস্ এবং পাইন্‌জাতীয় অন্যান্য বৃক্ষের কাষ্ঠ আবৃত স্থানে দগ্ধ করিলে ইহা প্রস্তুত হয়।

মাত্রা ২—১০ গ্রেণ।

প্রয়োগরূপ—

আঙ্গুয়েণ্টাম্ পাইসিস্ লিকুইডি।	অয়েণ্ট্‌মেণ্ট্ অব্ টার্।
Unguentum Picis Liquidæ.	Ointment of Tar.

স্থানিক ক্রিয়া।

ফিজিওলজিক্যাল্ ক্রিয়া—

টার্ চর্ম্মে লাগাইলে উত্তেজকের ন্যায় ক্রিয়া করিয়া প্যাপিউলার্ ইরাপ্‌শন্ বহির্গত করিতে পারে। ইহা শীঘ্র শোষিত হয়, এবং অধিকক্ষণ শরীরে

থিরাপিউটিক্যাল্ ব্যবহার—

পুরাতন সোরিয়েসিস্‌প্রভৃতি শল্কবৎ চর্ম্মরোগে টার্ ব্যবহারে উপকার হয়। লেপ্রা, সোরিয়েসিস্ ইত্যাদি চর্ম্মরোগে ইহা আভ্যন্তরিক

সংলগ্ন থাকিলে ইহাদ্বারা অরীয় লক্ষণ উপস্থিত হয় এবং প্রচুরপরিমাণে আলকাতরার গন্ধযুক্ত ঈষৎ কৃষ্ণবর্ণ প্রস্রাব হইয়া থাকে। ইহার পচন-নিবারক এবং দুর্গন্ধনাশক গুণ আছে। এবং স্থানিক উভয়রূপে ব্যবহার করিলে অধিক ফল পাওয়া যায়। Dr. Mc-Call Anderson ইহা ২মিনিম্ মাত্রায় দিবসে ৩ বার এবক্রমে অধিক মাত্রায় ৩০ মিনিম্ পর্য্যন্ত দিতে বলেন। তিনি বলেন উক্ত রোগসমূহে আর্সেনিক্দ্বারা উপকারনাহইলে ইহা ব্যবহারে উপকার হইয়া থাকে। হেব্রাজ্ টিংচার্ (Lin. Picis. Co.) অনেক সময় এইসকল রোগে ব্যবহৃত হয়। ইহাতে pitch, soft soap এবং methylated spirit সমপরিমাণে আছে। এক্জিমা (Eczema), ইম্পেটিগো (Impetigo), দদ্রু (Ringworm) ইত্যাদি চর্ম্মরোগে টার্ অয়েন্ট্মেণ্ট্দ্বারা উপকার না হইলে, ইহাদ্বারা উপকার হইয়া থাকে। চর্ম্মের উত্তেজনা না হওয়ার জন্য প্রত্যেকবার ব্যবহার করার পূর্ব্বে আক্রান্ত স্থান উত্তমরূপে ধৌত করতঃ তথায় এরূপভাবে মালিস করিবে যেন ইহা অদৃশ্য হইয়া যায়।

আভ্যন্তরিক ক্রিয়া।

ফিজিওলজিক্যাল্ ক্রিয়া—

ইহা আভ্যন্তরিক সেবনে শ্লৈষ্মিক ঝিল্লিকে উত্তেজিত করিয়া থাকে। ইহার উত্তেজক এবং মূত্রকারক গুণ আছে। ইহার ক্রিয়া তার্পিণতৈলের ন্যায়, কিন্তু তদপেক্ষা মৃদু। ইহা অল্প আঘ্রাণ করিলে শ্বাসপ্রশ্বাসের শ্লৈষ্মিক ঝিল্লির উপর উত্তেজকের ন্যায় ক্রিয়া করিয়া থাকে।

থিরাপিউটিক্যাল্ ব্যবহার—

ক্রণিক্ ব্রঙ্কাইটিসে টারের ধূম আঘ্রাণ অতিশয় উপকারী। Dr. Ringer বলেন যে উইণ্টার্ কফে (Winter cough) টার্ ২ গ্রেণ মাত্রায় বটিকাকারে দিবসে ৩ বার খাইতে দিলে বেশ উপকার হয়।

℞	Picis mineralis	ʒii
	Spt. rectificati	℥iii
	Liq. ammon. fort.	m vi
	Glycerini	℥vi
	Aquæ destillata	℥xii

M. ft. ointment.

ক্রণিক্ একজিমায় স্থানিক ব্যবহারে উপকারী।

ল্যাটিন্।	ইংরেজী।
লরোসিরেসাই ফোলিয়া।	চেরি-লরেল্ লিভ্স্।
Laurocerasi Folia.	Cherry-Laurel Leaves.

ইহা প্রুনাস্-লরোসিরেসাস্-নামক বৃক্ষের নবীন পত্র।

প্রয়োগরূপ—

একোয়া লরোসিরেসাই।	লরেল্ ওয়াটার্।
Aqua Laurocerasi.	Laurel Water.

মাত্রা ½—২ ড্রাম্।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—ইহার ক্রিয়া হাইড্রোসিয়ানিক্ এসিডের ন্যায়। কেহ কেহ বিবেচনা করেন যে, হাইড্রোসিয়ানিক্ এসিড্ ব্যবহার করিতে হইলে, ইহা একটি উত্তম প্রয়োগরূপ। ইহা জলের সহিত দ্রব করিলে একপ্রকার বায়ী তৈল এবং হাইড্রোসিয়ানিক্ এসিড্ উৎপন্ন হয়।

দ্বাবিংশ অধ্যায়।

তৃতীয় ভাগ—PULMONARY SEDATIVES.

ফুস্ফুসীয় অবসাদক ঔষধসমূহ।

যে সকল ঔষধ শ্বাসপ্রশ্বাসযন্ত্রের উপর সাক্ষাৎ অবসাদনক্রিয়া প্রকাশ করিয়া ব্রঙ্কিয়াল্ টিউবের শ্লৈষ্মিক ঝিল্লির স্রাব হ্রাস করিয়া থাকে, তাহাদিগকে পাল্মোন্যারি সিডেটিভ্ কহে।

(১) ওপিয়াম্ (Opium)।

(২) মর্ফাইন্ (Morphine)।

(৩) কোনিয়াম্ (Conium)।

(৪) বেলাডোনা (Belladonna)।

(৫) ষ্ট্র্যামোনিয়াম্ (Stramonium)।

(৬) হাইড্রোসিয়ানিক্ এসিড্ (Hydrocyanic acid)।

(৭) এসিটেট্ অব্ লেড্ (Acetate of lead)।

(৮) তাম্রকূট (ধূম্রাকারে)—Tobacco (in smoke)।

(৯) ষ্ট্র্যামোনিয়াম্ (ধূম্রাকারে)—Stramonium (in smoke)।

(১০) কোনাইন্ (বাষ্প)—Conine (vapour of)।

(১১) হাইড্রোসিয়ানিক্ এসিড্ (বাষ্প)—Hydrocyanic acid (vapour of)।

THERAPEUTICAL APPLICATIONS.

আময়িকপ্রয়োগ।

(১) যখন কাশি উত্তেজক এবং আক্ষেপজনক হয়, তখন হাইড্রোসিয়া-নিক্ এসিড, কোনিয়াম্, বেলাডোনা ও ষ্ট্র্যামোনিয়াম্ ব্যবহার্য্য; তদ্ভিন্ন অনেক স্থলে ওপিয়াম্ এবং মর্ফাইন্ ব্যবহার করা যাইতে পারে।

২। যখন শ্লৈষ্মিক ঝিল্লির স্রাব অধিক হয় তখন ওপিয়াম্, মর্ফাইন্ এবং এসিটেট্ অব্ লেড্ দেওয়া যায়। এই ঔষধগুলি এণ্টিমনি কিম্বা ইপিক্যাক্ আদি অবসাদক কফনিঃসারক ঔষধের সহিত ব্যবস্থা করিলে অতিউৎকৃষ্ট ফল পাওয়া যায়। এইসকল ঔষধ আঘ্রাণ বা ধূম্রাকারে ব্যবহার করিলে কাশি এবং আক্ষেপজনক শ্বাসকষ্ট উপশমিত হয়; এবং ইহাদের ক্রিয়া প্রথমতঃই বিশেষরূপে আক্রান্ত স্থানে প্রকাশিত হওয়ায় এরূপ অবস্থায় সচরাচর অল্প-পরিমাণ ঔষধেই প্রয়োজনসিদ্ধি হইয়া থাকে।

প্রথম বিভাগীয় চতুর্থশ্রেণীস্থ তৃতীয় উপশ্রেণী।

যে সকল ঔষধ চর্ম্মের ক্রিয়ার উপর কার্য্য করে।

প্রথম ভাগ—SUDORIFICS OR DIAPHORETICS.

ঘর্ম্মকারক সমূহ।

যে সকল ঔষধ কিম্বা উপায়দ্বারা চর্ম্মের ক্রিয়া বর্দ্ধিত হয়, তাহাদিগকে ঘর্ম্মকারক কহে। ইহারা দুই ভাগে বিভক্ত;—

(ক) STIMULANT SUDORIFICS.

উত্তেজক ঘর্ম্মকারক ঔষধসমূহ।

(১) ফ্রি এমোনিয়া (Free ammonia)।

(২) কার্ব্বনেট্ অব্ এমোনিয়াম্ (Carbonate of ammonium)।

(৩) এসিটেট্‌ অব্‌ এমোনিয়াম্‌ (Acetate of ammonium) ।
(৪) সাইট্রেট্‌ অব্‌ এমোনিয়াম্‌ (Citrate of ammonium) ।
(৫) নাইট্রাইট্‌ অব্‌ ইথাইল্‌ (Nitrite of ethyl) ।
(৬) এল্‌কোহল্‌—Alcohol (as wine or distilled spirits) ।
(৭) ইথার্‌ (Ether) ।
(৮) ক্লোরোফর্ম্‌ (Chloroform) ।
(৯) জেবরাণ্ডি (Jaborandi) ।
(১০) গুয়েকাম্‌ (Guaicum) ।
(১১) সার্পেণ্ট্যারি (Serpentary) ।
(১২) সাসাফ্রাস্‌ (Sassafras) ।
(১৩) মেজেরিয়ন্‌ (Mezerion) ।
(১৪) সার্সাপেরিলা (Sarsaparilla) ।
(১৫) ডাল্‌কামারা (Dulcamara) ।
(১৬) সেনেগা (Senega) ।
(১৭) কর্পূর (Camphor) ।
(১৮) গন্ধক (Sulphur) ।
(১৯) অহিফেণের প্রয়োগরূপ (Opium preparations) ।
(২০) মর্ফাইনের লবণসকল (Salts of morphine) ।

(খ) SEDATIVE SUDORIFICS.

অবসাদক ঘর্ম্মকারক ঔষধ ।

(১) অক্সাইড্‌ অব্‌ এণ্টিমনি (Oxide of antimony) ।
(২) টার্টারেটেড্‌ এণ্টিমনি (Tartarated antimony) ।
(৩) ইপিকাকুয়ানা (Ipecacuanha) ।

ASSISTANT SUDORIFICS.

সহকারী ঘর্ম্মকারসমূহ ।

শরীরের উপরিভাগে উষ্ণত্ব প্রদান (Warmth to the surface) ।
চর্ম্মে উষ্ণ বাষ্প প্রয়োগ (Hot vapour to the skin) ।
উষ্ণ পানীয় সেবন (Warm diluents) ।

ঘর্ম্মকারক ঔষধের ফল।

চর্ম্মের ক্রিয়ার উৎকর্ষসাধনের জন্য স্পষ্টতঃ বিপরীতগুণাক্রান্ত দুইপ্রকার ঔষধ ব্যবহৃত হয়; তন্মধ্যে কতকগুলি রক্তবাহিনীনাড়ীসমূহকে উত্তেজিত করে, এবং অপর কতকগুলি তাহাদের উপর অবসাদনক্রিয়া প্রকাশ করিয়া থাকে। এজন্য তাহাদিগকে 'উত্তেজক' এবং 'অবসাদক' এই দুই উপশ্রেণীতে বিভক্ত করা হইয়াছে।

১। উত্তেজকঘর্ম্মকারকসমূহ ত্বগন্তর্গত রক্তসঞ্চালনক্রিয়া (cutaneous circulation) বর্দ্ধিত করিয়া কার্য্য করে, এজন্য তাহাদেরদ্বারা ত্বকের স্রাববৃদ্ধি অর্থাৎ ঘর্ম্ম হইয়া থাকে। ইহাদের মধ্যে এমোনিয়া, এল্‌কোহল, কোল্ড্ বাথ্, ইত্যাদি প্রধান।

২। অবসাদকঘর্ম্মকারকসমূহ ভেসোমোটার্ নার্ভের প্যারালিসিস্ উৎপাদন করতঃ সুপার্ফিশিয়্যাল্ কিউটেনিয়াস্ ভেস্‌ল্‌স্‌সমূহকে প্রসারিত করিয়া ঘর্ম্ম উৎপাদন করে। ইহাদের মধ্যে ইপিকাকুয়ানা, টার্টার্ এমেটিক্, জেবরাণ্ডি, একোনাইট্, ওয়ার্ম্ম্ এণ্ড্ হট্ এয়ার্ বাথ্ ইত্যাদি প্রধান।

THERAPEUTICAL APPLICATIONS OF SUDORIFICS

ঘর্ম্মকারক ঔষধের ব্যবহার।

১। ঘর্ম্মকারক ঔষধসমূহ তরুণ জ্বর, নিউমোনিয়া, ইত্যাদি ব্যাধির প্রথমাবস্থায় ব্যবহার্য্য। ইহারা সঙ্কোচিত রক্তবাহিনীনাড়ীসমূহকে শিথিল করিয়া শুষ্ক ও উষ্ণ চর্ম্মকে শীতল এবং শরীরহইতে দূষিত পদার্থ বহির্গত করিয়া থাকে। এতদুদ্দেশ্যে সিডেটিভ্ সিউডোরিফিক্‌সমূহ ব্যবহৃত হইয়া থাকে। অন্যান্য দেশে এতদর্থে কোল্ড্ বাথ্ অনেক ব্যবহৃত হইয়াছে।

২। শৈত্য কিম্বা অন্য কোন কারণে চর্ম্মের ক্রিয়া স্থগিত হইলে, ইহাদের ব্যবহারদ্বারা উক্ত ক্রিয়া পুনঃ সংস্থাপিত হয়।

৩। হাম ইত্যাদি ইরাপ্‌টিভ্ জ্বরে (Eruptive Fever) ইরাপ্‌শন্‌গুলি ভাল করিয়া বাহির করিবারজন্য, আমরা ওয়ার্ম্ম্ বাথ্, কোল্ড্‌প্যাকিং এবং সম্ভবতঃ ফস্‌ফরাস্ দিয়া থাকি।

৪। নানাবিধ শোথরোগে (Dropsy) জল শোষণ করিবার জন্য ঘর্ম্মকারকঔষধ ব্যবহৃত হইয়া থাকে।

৫। জণ্ডিসে (Jaundice) পিত্তজ পদার্থ (biliary products), এবং ব্রাইট্‌স্ ডিজিজে (Bright's disease) ইউরিয়া, শরীরহইতে বহির্গত করিবার জন্য ইহাদের ব্যবহার হইয়া থাকে।

৬। কিড্‌নি প্রভৃতি ব্যাধিগ্রস্ত হইলে, উহাদিগকে বিশ্রাম দিবার এবং চর্ম্মদ্বারা অতিরিক্ত ক্রিয়া করাইবার জন্য ঘর্ম্মকারকঔষধ ব্যবহৃত হয়। যখন অন্যান্য স্রাবকযন্ত্রের ক্রিয়া অত্যধিক হয়, (যেমন ডায়েবেটিস্ ইন্‌সিপিডাস্ ও ডায়েরিয়া রোগে), তখন চর্ম্মের ক্রিয়াবর্দ্ধনের জন্য ঘর্ম্মকারক ঔষধ দেওয়া হয়। ইহারা পুরাতন চর্ম্মরোগেও ব্যবহৃত হইয়া থাকে।

ল্যাটিন্।	ইংরেজী।
লাইকর্ এমোনিয়াই এসিটেটিস্ ফর্শিয়র্।	ষ্ট্রং সলিউশন্ অব্ এসিটেট্ অব্ এমোনিয়াম্।
Liquor Ammonii Acetatis Fortior.	Strong Solution of Acetate of Ammonium.

মাত্রা ২৫—৭৫ মিনিম্।

প্রয়োগরূপ—

লাইকর্ এমোনিয়াই এসিটেটিস্।	সলিউশন্ অব্ এসিটেট্ অব্ এমোনিয়াম্।
Liquor Ammonii Acetatis.	Solution of Acetate of Ammonium.

মাত্রা ২—৬ ড্রাম্।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—ইহা শৈত্যকারক (refrigerant) এবং ঘর্ম্মকারক (diaphoretic)। এইশ্রেণীস্থ অন্যান্য ঔষধের সহিত ব্যবহার করিলে ইহার ক্রিয়া বর্দ্ধিত হয়। কখন কখন ইহার লোশন্ স্প্রেইন্‌স্ (Sprains) প্রভৃতিতে স্থানিক ব্যবহৃত হইয়া থাকে।

এগ্‌জেন্থিমেটারোগ, জ্বরাদি, ও প্রাদাহিক ব্যাধিতে কোন ঔষধই লাইকর্ এমোনিয়াই এসিটেটিস্ অপেক্ষা অধিক ব্যবহৃত হয় না। ইহা নাইট্রিক্ ইথার্, পটাশি নাইট্রাস্, টার্টার্ এমেটিক্, ইত্যাদির সহিত ব্যবহৃত হয় এবং সচরাচর

উপকার দর্শাইয়া থাকে। Catarrh এবং Influenza রোগে লাইকর্ এমোনিয়াই এসিটেটিস্ এবং নাইট্রিক্ বা ক্লোরিক্ ইথার্ অতিশয় ফলপ্রদ। Dr. Broadbent এর মতে, উক্তপ্রকার draught, Catarrh বা সর্দ্দির প্রারম্ভে, রাত্রে ৮। ৯। ১০ টার সময় প্রতিঘণ্টায় সেবন করাইলে, উক্ত পীড়া আরোগ্য হয়। শিশুদের Coryza রোগে ডাক্তার ওয়েষ্ট্ (Dr. West) নিম্নলিখিত ব্যবস্থাপত্র ব্যবহার করিতে অনুমোদন করেন।

℞

Liq. Ammon. Acet.	℥i
Vin. Ipecac.	m. xvi
Potassii Nitras	gr. viii
Mist. Amygd.	℥vii

M. Dose, one drachm every four hours, for a child aged 6 months.

স্প্রেইন্স্, ব্রুজেস্ এবং গ্রন্থির বিবৃদ্ধিতে ইহা কখন কখন লোশন্স্বরূপ স্থানিক ব্যবহৃত হয়।

ল্যাটিন্।	ইংরেজী।
লাইকর্ এমোনিয়াই সাইট্রেটিস্ ফর্শিয়র্।	ষ্ট্রং সলিউশন্ অব্ সাইট্রেট্ অব্ এমোনিয়াম্।
Liquor Ammonii Citratis Fortior.	Strong Solution of Citrate of Ammonium.

মাত্রা—½ হইতে ১½ ড্রাম্।

প্রয়োগরূপ—

লাইকর্ এমোনিয়াই সাইট্রেটিস্। সলিউশন্ অব্ সাইট্রেট্ অব্ এমোনিয়াম্।
Liquor Ammonii Citratis. Solution of Citrate of Ammonium.

মাত্রা—২ হইতে ৬ ড্রাম্।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—শৈত্যকারক (refrigerant), ঘর্ম্মকারক (diaphoretic) এবং জ্বরঘ্ন (febrifuge)। ইহা নিম্নলিখিতরূপে উচ্ছলিতাবস্থায় ব্যবহার করিলে বিশেষ উপকার পাওয়া যায়:—২০ গ্রেণ

কার্ব্বনেট্ অব্ এমোনিয়াম্ এবং ৬ ড্রাম্ লেমনজুস্ অথবা ২৪ গ্রেণ সাইট্রিক্ এসিড্ পৃথক পৃথক রাখিয়া, প্রত্যেকের সঙ্গে ২ আউন্স্ জল মিশ্রিত করতঃ সেবনের সময় একত্র করিবে। অন্য কোন ঔষধ উদরে থাকিতে না পারিলেও ইহা খাইলে প্রায়ই বমন হয় না।

পাকাশয়ের শ্লৈষ্মিক গ্রন্থির দুর্ব্বলতাহেতু তাহার উত্তেজনা হইলে, উপরোক্ত ঔষধদ্বারা উৎকৃষ্ট ফল পাওয়া যায়। প্রাদাহিক এবং জ্বরাদি পীড়ার শেষাবস্থায় ইহা উচ্ছ্বসিতাবস্থায় ব্যবস্থা করিলে, রোগীর পক্ষে প্রীতি ও আরামজনক হয় এবং স্নিগ্ধকারক ও মূত্রকারক গুণ প্রকাশ করে।

THE DIAPHORETIC OR FEVER MIXTURE.

℞

Potassæ Nitratis		ʒss-i
Liquoris Ammoniæ Acetatis		℥iss
Spiritus Ætheris Nitrosi		ʒiii
Aquæ Camphoræ	ad	℥vi

Mix. One-sixth part every 3 or 4 hours.

অনেক প্রকার জ্বরীয় ও প্রাদাহিক ব্যাধির প্রথমাবস্থায় ব্যবস্থেয়।

℞

Vini. Ipecac.		ʒiss
Syrupi		℥ss
Tinct. Camph. Co.		ʒiii
Liquor Ammon. Citrat.		℥ss
Aquæ	ad	℥ii

M. A teaspoonful every 2 hours.

শিশুদিগের সর্দ্দিসম্বলিত (Catarrhal) এবং জ্বরীয় ব্যাধিতে ব্যবহার্য্য।

লাটিন্।	ইংরেজী।
জেবরাণ্ডি।	জেবরাণ্ডি।
Jaborandi.	Jaborandi.

ইহা পাইলোকার্পাস্-পেনাটিফোলিয়াস্-নামক বৃক্ষের শুষ্ক ক্ষুদ্রপত্র।
ইহার অপর নাম পাইলোকার্পাই ফোলিওলা।
চূর্ণের মাত্রা ৫—৬০ গ্রেণ।

পাইলোকার্পিনি নাইট্রাস্। — নাইট্রেট্ অব্ পাইলোকার্পিন্।
Pilocarpinæ Nitras, — Nitrate of Pilocarpine.

ইহা এক্‌ষ্ট্রাক্ট্ অব্ জেবরাণ্ডি হইতে প্রাপ্ত।

প্রয়োগরূপ—

(১) এক্‌ষ্ট্রাক্টাম্ জেবরাণ্ডি। — এক্‌ষ্ট্রাক্ট্ অব্ জেবরাণ্ডি।
Extractum Jaborandi. — Extract of Jaborandi.

মাত্রা ২—১০ গ্রেণ।

(২) ইন্‌ফিউজাম্ জেবরাণ্ডি। — ইন্‌ফিউশন্ অব্ জেবরাণ্ডি।
Infusum Jaborandi. — Infusion of Jaborandi.

মাত্রা ১—২ আউন্স্।

(৩) টিংচ্যুরা জেবরাণ্ডি। — টিংচার্ অব্ জেবরাণ্ডি।
Tinctura Jaborandi. — Tincture of Jaborandi.

মাত্রা ½—১ ড্রাম্।

Constitutional Action.

সার্ব্বাঙ্গিক ক্রিয়া।

ফিজিওলজিক্যাল্ ক্রিয়া—

জেবরাণ্ডি সেবনের পর ১০।১২ মিনিটের মধ্যেই মুখ রক্তিমাকার ধারণ করে, এবং প্রচুরপরিমাণে ঘর্ম্ম ও লালানিঃসরণ এবং বিবমিষা, অবসাদ প্রভৃতি প্রকাশ পাইয়া, ২ হইতে ৪ ঘণ্টার মধ্যে এই সকল লক্ষণ দূরীভূত হয়। এইপ্রকারে প্রচুর জলীয় পদার্থ বহির্গত হয়,এবং ঘর্ম্মে অনেকপরিমাণে ইউরিয়া থাকে। ভেসোমোটার্ প্যারালিসিস্ এবং তদ্ধেতু ত্বগন্তর্গত ক্ষুদ্রধমনী-সকলের প্রসারণবশতঃ, চর্ম্মের উক্ত-প্রকার ক্রিয়া হইয়া থাকে; এবং

থিরাপিউটিক্যাল্ ব্যবহার—

ইহার ঘর্ম্মকারক গুণ এবং ইউরিয়া বহির্গত করিবার শক্তি আছে বলিয়া, ইহা কিড্‌নির নানাপ্রকার পুরাতন পীড়াতে এবং জ্বরাদিতে ব্যবহৃত হইয়া থাকে। ইহা ইউরিমিক্ কন্‌ভাল্‌শনে ও ব্যবহার্য্য। ইহার ক্রিয়া অতি অল্প-ক্ষণস্থায়ী, এবং ইহাতে অত্যন্ত অসুবিধা ও অবসাদ হয়, এজন্ম ইহার ব্যবহার অতি অল্প।

ডায়েবেটিস্ ইন্‌সিপিডাসে, এবং দুগ্ধ-স্রাবের অল্পতায়, ইহার ব্যবহার হইয়া থাকে। ইহা ব্যবহার করিতে হইলে

লালানিঃসারকগ্রন্থিতে যে সকল স্নায়ু পর্য্যবসিত হইয়াছে, তাহাদের উত্তেজনাবশতঃ লালাস্রাব হয়। জেবরাণ্ডি ব্যবহারে হৃৎপিণ্ডের ক্রিয়া কিঞ্চিৎ বর্দ্ধিত হয় এবং কনীনিকা সঙ্কুচিত, ও তাহার একমোডেটরি পাওয়ার (Accommodatory power) হ্রাসপ্রাপ্ত হয়।

মাস্কেরিন্ (Muscarine) এবং এট্রোপিন্ (Atropine) ইহার ফিজিওলজিক্যাল্ এণ্টিডোট্, বা বিষঘ্ন ঔষধ।

ইহার বীর্য্য পাইলোকার্পিন্ ব্যবহার করিবে। নাইট্রেট্ অব্ পাইলোকার্পিন্ $\frac{১}{১২}$—$\frac{১}{৬}$ গ্রেণ মাত্রায় সচরাচর হাইপোডার্ম্মিক্ ইঞ্জেক্শন্ আকারে ব্যবহৃত হয়। ইহা ডিফ্থিরিয়া এবং অন্যান্য পুরাতন চর্ম্মরোগে ব্যবহার্য্য বলিয়া কথিত আছে। ডায়েবেটিসে পিপাসানিবারণ জন্য, অনেকে পাইলোকার্পিন্ নাইট্রাস্ মুখে রাখিতে বলেন।

পাইলোকার্পিন্ $\frac{১}{৮}$ গ্রেণ মাত্রায় ত্বগন্তর্গত পিচকারীদ্বারা দিবসে ৩ বার দিলে, থাইসিসের অপর্য্যাপ্ত ঘর্ম্ম নিবারিত হইয়া থাকে। Dr. Bartholow বল্ড্নেস্ (Baldness) বা টাকরোগে জেবরাণ্ডি স্থানিক প্রয়োগ করিতে বলেন। এতদর্থে এক্‌ষ্ট্রাক্ট্ অব্ পাইলোকার্পিন্ ১ আউন্স্, টিংচার্ অব্ ক্যান্থারাইটিস্ $\frac{১}{২}$ আউন্স্, এবং সোপ্ লিনিমেণ্ট্ ১$\frac{১}{২}$ আউন্স্ একত্র করিয়া মস্তকে লাগাইতে হয়।

ইহার অল্পমাত্রায় ঘর্ম্মনিবারণ হয় এবং অধিক মাত্রায় ঘর্ম্ম হইয়া থাকে। কেহ কেহ বলেন, ইহার মাদক গুণ আছে।

ব্রাইট্স্ ডিজিজের সহিত ইউরিমিয়ার লক্ষণ থাকিলে, জেবরাণ্ডিদ্বারা বিশেষ উপকার হইয়া থাকে। ১ ড্রাম্ মাত্রায় লিকুইড্ এক্‌ষ্ট্রাক্ট্ অব্ জেবরাণ্ডি দিবসে কয়েকবার দিতে হয়। ইউরিমিয়ার লক্ষণ প্রবল হইলে, পাইলোকার্পিনের ত্বগন্তর্গত পিচকারী দেওয়া কর্ত্তব্য।

ল্যাটিন্।	ইংরেজী।
পাইলোকার্পিনি নাইট্রাস্।	নাইট্রেট্ অব্ পাইলোকার্পিন্।
Pilocarpinæ Nitras.	Nitrate of Pilocarpine.

মাত্রা $\frac{১}{২০}$—$\frac{১}{২}$ গ্রেণ।

ইহা অধিক মাত্রায় প্রবল ঘর্ম্মকারক; এবং অল্প মাত্রায় ($\frac{1}{60}$ গ্রেণ) থাইসিসের রাত্রিকালীন প্রচুর ঘর্ম্ম নিবারণ করিয়া থাকে।

Injectio Pilocarpinæ Nitratis Hypodermica (non-official).

Nitrate of Pilocarpine	1 grain.
Distilled water	20 minims.

Dissolve. মাত্রা ২ হইতে ৬ মিনিম্।

Lotio Pilocarpinæ.

Nitrate of Pilocarpine	2 grains.
Hydrochlorate of Quinine	8 grains.
Glycerine	2 drachms.
Rose-water	6 drachms

টাকরোগে (Alopecia) চুল জন্মাইবার জন্ম পাইলোকার্পিন্ স্থানিক, ত্বগন্তর্গত পিচকারীস্বরূপ ও আভ্যন্তরিক, এই তিনপ্রকারে ব্যবহৃত হয়।

Pilula Pilocarpinæ Nitratis.

Nitrate of Pilocarpine	gr. $\frac{1}{2}$.
Sugar of Milk,	
Glycerine of Tragacanth	*āā* q. s.

মিশ্রিত করিয়া একটি বটিকা প্রস্তুত করিবে। কম্পজ্বরের কোল্ড্ ষ্টেজে $\frac{1}{4}$—$\frac{1}{2}$ গ্রেণ নাইট্রেট্ অব্ পাইলোকার্পিন্ ব্যবহার করিলে প্রচুর ঘর্ম্ম হইয়া হট্ষ্টেজ্ বাধাপ্রাপ্ত হয়। কোমাসংযুক্ত ইউরিমিয়া (Uræmia) ও এল্-বিউমিনিউরিয়া (Albuminuria) রোগের সহিত কন্‌ভাল্‌শন্ বা খেঁচুনী হইলে, ইহার ত্বগন্তর্গত পিচকারীদ্বারা উপকার হয়।

সূতিকাক্ষেত্রজ কন্‌ভাল্‌শনে ও উপরোক্ত প্রকার চিকিৎসাদ্বারা উপকার পাওয়া যায়।

বেলাডোনা এবং তাহার বীর্য্য এট্রোপিন্দ্বারা বিষাক্ত হইলে, ইহার ত্বগন্ত-র্গত পিচকারী সাক্ষাৎ বিষয়ের ন্যায় ক্রিয়া করিয়া উপকার দর্শায়। মর্ফাইন্দ্বারা বিষাক্ত হইলেও ইহাদ্বারা উপকারলাভ হইয়া থাকে। স্তন্যদুগ্ধ-স্রাব স্থগিত হইলে ইহা $\frac{1}{4}$ গ্রেণ মাত্রায় ব্যবহারে উপকার পাওয়া যায়।

লাটিন্।	ইংরেজী।
ডাল্‌কামারা।	ডাল্‌কামারা।
Dulcamara.	Dulcamara.

ইহা ব্রিটিশ ফার্ম্মাকোপিয়াহইতে পরিত্যক্ত হইয়াছে। ইহার ইন্‌ফিউ-শন্‌ ব্যবহৃত হইত।

মাত্রা—১ হইতে ৪ আউন্স্‌।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—পরিবর্ত্তক, ঘর্ম্মকারক এবং মূত্র-কারক। পুরাতন বাত এবং চর্ম্মরোগে ব্যবহৃত হইত।

ANHIDROTICS.

ঘর্ম্মনিবারক ঔষধসমূহ।

এইশ্রেণীস্থ ঔষধসকল ঘর্ম্মকারকের বিপরীত ক্রিয়া প্রকাশ করিয়া ঘর্ম্ম-নিবারণ করে। ইহাদের মধ্যে এট্রোপিন্‌, এক্‌ষ্ট্রাক্ট্‌ অব্‌ বেলাডোনা, হাইয়ো-সায়েমাস্‌ প্রভৃতি কতকগুলি, ঘর্ম্মনিঃসারক গ্রন্থির (sudoriparous glands) স্নায়ুদিগকে উত্তেজিত করিয়া থাকে; এবং অক্সাইড্‌ অব্‌ জিঙ্ক্‌, ধাতবাম্ল, কোল্ড্‌ স্পঞ্জিং ইত্যাদি অপর কতকগুলি, ত্বগন্তর্গত্‌ রক্তবাহিনীনাড়ীদিগকে সঙ্কোচিত করিয়া উক্ত কার্য্য সমাধা করিয়া থাকে।

যখন দুর্ব্বলতাবশতঃ ঘর্ম্ম হয়, তখন শুইবার পূর্ব্বে রোগীকে ডিম্ব ও দুগ্ধ কিম্বা অল্প ব্রাণ্ডি খাওয়াইয়া দিলে ঘর্ম্ম বন্ধ হয়। নিউমোনিয়া (Pneumonia), টাই-ফাস্‌ ফিবার্‌, (Typhus Fever), এগিউ (Ague), একিউট্‌ রিউম্যাটিজ্‌ম্‌ (Acute Rheumatism) ইত্যাদি পীড়ার পরিণাম (resolution) স্বরূপ যে ঘর্ম্ম হয় তাহা দমন করা উচিত নহে, কারণ তাহা উপকারী। থাইসিস্‌ রোগে যে দুর্ব্বলকারী ঘর্ম্ম হয়, কেবল তাহা নিবারণার্থই এইসকল ঔষধ ব্যবহৃত হইয়া থাকে। এরূপ অবস্থায় এট্রোপিন্‌, অক্সাইড্‌ অব্‌ জিঙ্ক্‌ এবং ধাতবাম্ল উত্তম কার্য্য করে।

ত্রয়োবিংশ অধ্যায়।

প্রথমবিভাগীয় চতুর্থশ্রেণীস্থ চতুর্থ উপশ্রেণী।

যেসকল ঔষধ কিড্‌নি এবং মূত্রযন্ত্রের ক্রিয়ার উপর কার্য্য করিয়া থাকে।

১ম এবং ২য় ভাগ—DIURETICS AND LITHONTRIPTICS.

মূত্রকারক এবং অশ্মরীনাশক ঔষধসমূহ।

যেসকল ঔষধ কিড্‌নির ক্রিয়াবৃদ্ধি করতঃ মূত্রের পরিমাণ বর্দ্ধিত করে, তাহাদিগকে ডায়ুরেটিক্ বা মূত্রকারক ঔষধ বলে; এবং যেসকল ঔষধ প্রস্রাবের গুণপরিবর্ত্তন করিয়া তাহাতে গ্রাভেল্ (gravel) এবং ক্যাল্‌কিউলাই (Calculi) অর্থাৎ অশ্মরী হইতে দেয়না, তাহাদিগকে লিথণ্‌ট্রিপ্টিক্ বা অশ্মরীনাশক ঔষধ কহে।

(১) উত্তেজক মূত্রকারক (Stimulant Diuretics):—ইহারা কিড্‌নির গ্রন্থিময় স্রাবকবিধানকে (glandular secreting structure) সাক্ষাৎরূপে উত্তেজিত করিয়া উহার ক্রিয়া বর্দ্ধিত করে। ইহাদের মধ্যে তার্পিণতৈল, ক্যান্থারিডিস্, স্কুইল্, কল্‌চিকাম্, নাইট্রেট্ অব্ পটাশিয়াম্ ইত্যাদি প্রধান। কিন্তু এইশ্রেণীস্থ ঔষধ সচরাচর ব্যবহৃত হয়না; কারণ, ইহাদের দ্বারা কখন কখন বেদনা, প্রস্রাবে কষ্ট এবং রক্তপ্রস্রাবও হইয়া থাকে।

(২) ভ্যাসোমোটার্ মূত্রকারক (Vasomotor Diuretics):—এইসকল রক্তসঞ্চালন ক্রিয়া উত্তেজিত করিয়া ধামনিক চাপ (arterial tension) বর্দ্ধিত করে, এবং তদ্দ্বারা কিড্‌নিস্থিত ম্যাল্‌পিঘিয়ান্ বডিসমূহের (malpighian bodies) ওয়ালের উপর চাপ দিয়া তথা হইতে তরলপদার্থ বাহির হইবার সহায়তা করে। ইহাদের মধ্যে ডিজিটেলিস্, বেলাডোনা, স্কুইল্ এবং আর্গট্ প্রধান।

এইগুলি নানাপ্রকার শোথরোগে (বিশেষতঃ হৃৎপিণ্ডের ব্যাধিজনিত শোথে) বিশেষ ব্যবহার্য্য।

(৩) লাবণিকমূত্রকারক (Saline Diuretics):—ইহারা জলীয় পদার্থ সমূহকে শোষণ ও ধারণ করে, এবং নিজে শরীরহইতে বাহির হইবার সময়

উহাদিগকে বাহির করিয়া লয়। ইহারাও কিড্‌নির স্রাবকবিধানকে সামান্য পরিমাণে উত্তেজিত করিয়া থাকে। লিথিয়াম্‌, সোডিয়াম্‌, এবং পটাশিয়াম্‌ লবণসকল এই শ্রেণীভুক্ত। ইহাদের মধ্যে অনেকেরই অল্পমাত্রায় মূত্রকারক ও অধিকমাত্রায় বিরেচক গুণ আছে। ইহারা এনাসার্কা (Anasarca) ও ড্রপ্‌সিতে (Dropsy) অতিশয় উপকারী।

(৪) যান্ত্রিকমূত্রকারক (Mechanical Diuretics):—ইহাদের মধ্যে জলই প্রধান। টিউবিউলি-ইউরিনিফেরাইয়ের মধ্যে যেসকল ইপিথিলিয়াম্‌ বা কাষ্ট্‌ (cast) থাকে, ইহা তাহাদিগকে ধৌত করিয়া দিয়া মূত্রস্রাবক্রিয়া পুনঃ সংস্থাপিত করিয়া থাকে।

(৫) অসাক্ষাৎ মূত্রকারক (Indirect Diuretics):—কতকগুলি উপায় কিড্‌নির সাহায্যকরতঃ অসাক্ষাৎরূপে মূত্রকারকের ন্যায় ক্রিয়া করে; উদাহরণ—কিড্‌নির রক্তাধিক্য থাকিলে স্থানিক রক্তমোক্ষণ, ড্রাই কাপিং, গরম ফোমেণ্টেশন্‌ ইত্যাদি উপরোক্ত প্রকারে ডায়ুরেটিকের ন্যায় কার্য্যসাধন করে। এইরূপে যখন কিড্‌নিদ্বয়, উদরীর জল (ascitic fluid) দ্বারা চাপিত হওয়াতে তাহাদের কার্য্য স্থগিত হয়, তখন ট্যাপিং (tapping) দ্বারা উক্ত তরলপদার্থ বাহির করিয়া দিলে, উহাদের ক্রিয়া পুনঃস্থাপিত হইয়া থাকে; সুতরাং এরূপ স্থলে ট্যাপিং অসাক্ষাৎরূপে মূত্রকারকের ন্যায় ক্রিয়া করে।

ইহাদের ব্যবহারসম্বন্ধে নিম্নলিখিত বিষয়গুলি স্মরণ রাখা উচিত।

(১) এইসকল ঔষধ অধিক ডাইলিউট্‌ করিয়া, অর্থাৎ অনেক জলের সহিত, দিতে হয়।

(২) অনেকগুলি মূত্রকারক ঔষধ একত্র করিয়া দেওয়া উচিত। বেলিজ্‌ পিল্‌ এরূপ সংমিশ্রণের উদাহরণ।

(৩) রোগীকে ঠাণ্ডা রাখা উচিত; কারণ, তাহা না করিলে ঘর্ম্ম হইয়া মূত্রক্রিয়া বাধাপ্রাপ্ত হয়।

(৪) অন্ত্রের ক্রিয়ার আধিক্য হইতে দেওয়া উচিত নহে।

Diuretic Medicines

মূত্রকারক ঔষধসকল।

Direct বা সাক্ষাৎ মূত্রকারক সমূহ।

Sedative:
- স্কুইল্ (Squill)।
- স্কোপেরিয়াম্ (Scoparium)।
- তাম্রকূট্ (Tobacco)।
- কল্‌চিকাম্ (Colchicum)।

Stimulant:
- জুনিপার্ (Juniper)।
- তার্পিণতৈল (Turpentine)।
- কোপেবা (Copaiba)।
- ক্যান্থারিডিস্ (Cantharides)।
- নাইট্রাইট্ অব্ ইথাইল্ (Nitrite of ethyl)।
- এল্‌কোহল্ (Alcohol)।

পটাসিয়াম্, সোডিয়াম্ এবং লিথিয়াম্ লবণসকল অশ্মরীনাশক ঔষধ।

জল (Water)।

Indirect Diuretics.

অসাক্ষাৎ মূত্রকারকসমূহ।

ইলেটিরিয়াম্ এবং ইলেটিরিন্ প্রভৃতি হাইড্রেগগ্ বিরেচক, (Hydragogue purgatives, as elaterium and elaterin)।

ক্রিম্ অব্ টার্টার্ (Cream of tartar)।

গ্যাম্বোজ্ (Gamboge)।

ডিজিটেলিস্ (Digitalis)।

কটিদেশের প্রত্যুগ্রতাসাধন (Counter-irritation to loins)।

কটিদেশ হইতে রক্তমোক্ষণ (Depletion from loins)।

Lithontriptics.

অশ্মরীনাশক সমূহ।

(১) কার্ব্বনেট্ অব্ লিথিয়াম্ (Carbonate of lithium)।

(২) সাইট্রেট্ অব্ লিথিয়াম্ (Citrate of lithium)।

(৩) বাইকার্ব্বনেট্ অব্ পটাশিয়াম্ (Bicarbonate of potassium)।

(৪) সাইট্রেট্ অব্ পটাশিয়াম্ (Citrate of potassium)।

(৫) এসিটেট্ অব্ পটাশিয়াম্ (Acetate of potassium)।

(৬) বাইকার্ব্বনেট্ অব্ সোডিয়াম্ (Bicarbonate of sodium)।

(৭) ফস্ফেট্ অব্ সোডিয়াম্ (Phosphate of sodium)।

(৮) সোহাগা (Borax)।

ভিচি, ভাল্স্ এবং কণ্ট্রেক্সেভিল্ নামক জল (Vichy, vals and Contrexeville waters)।

---

(১) ফস্ফরিক্ এসিড্ (Phosphoric acid)।

(২) সাইট্রিক্ এসিড্ (Citric acid)।

(৩) বেঞ্জোয়িক্ এসিড্ (Benzoic acid)।

(৪) বেঞ্জোয়েট্ অব্ এমোনিয়াম্ (Benzoate of ammonium)।

মূত্রকারক ও অশ্মরীনাশক ঔষধসকল একত্র বর্ণিত হইল; কারণ যে সকল ঔষধ মূত্রের স্রাব বর্দ্ধিত করে, তাহারা প্রায়ই মূত্রের উপাদানকেও পরিবর্ত্তিত করে, এবং যাহারা মূত্রের উপাদানকে পরিবর্ত্তিত করে তাহারা উহার স্রাব ও বর্দ্ধিত করিয়া থাকে। সুতরাং এই দুইশ্রেণীস্থ ঔষধকে বিভিন্নশ্রেণীভুক্ত করিতে পারা যায় না।

অশ্মরীনাশক ঔষধ দুই প্রকার। ইহাদের প্রথমশ্রেণীস্থ ঔষধগুলিই প্রধান। ইহারা প্রস্রাবকে অল্প অম্ল কিম্বা ক্ষারগুণবিশিষ্ট করে এবং ইউরেট্ (Urate) ও ইউরিক্ এসিড্কে (Uric acid) দ্রব রাখিতে ইহাকে (urine) সক্ষম করিয়া থাকে; এমন কি, ঐসকল পদার্থ স্ফটিকাকারে প্রস্রাবে জমা হইলে, তাহা দ্রব করিতেও ইহাকে শক্তিপ্রদান করে। ইহাদের মধ্যে সোডিয়াম্ অপেক্ষা পটাশিয়াম্ এবং পটাশিয়াম্ অপেক্ষা লিথিয়াম্ লবণসকল অধিক দ্রাবক (solvent) এবং মূত্রকারক। কিন্তু ইহা স্মরণ রাখা উচিত যে ইহাদিগের মধ্যে সাইট্রেট্ অব্ লিথিয়াম্ এবং পটাশিয়াম্ প্রভৃতি যে গুলি উদ্ভিজ্জাম্ল-মিশ্রিত ক্ষারলবণ, সেগুলি শরীরে মূলপদার্থে বিভক্ত (decomposed) হইয়া কার্ব্বনেট্ এবং বাইকার্ব্বনেট্ এর ন্যায় প্রস্রাবকে ক্ষারগুণবিশিষ্ট করে। এই

জন্য সাইট্রেট্ অব্ লিথিয়াম্ এবং সাইট্রেট্ অব্ পটাশিয়াম্ সচরাচর কার্ব্বনেটের পরিবর্ত্তে ব্যবহৃত হয়। তাহাতে ইহারা পাকস্থালীতে ক্ষারের ন্যায় কার্য্য প্রকাশ করে না।

দ্বিতীয় শ্রেণীতে যে সকল এসিড্ আছে, উহারা ক্ষারযুক্ত প্রস্রাবে ব্যবহার্য্য। বেঞ্জোয়িক্ এসিড্ এবং বেঞ্জোয়েট্ অব্ এমোনিয়াম্, প্রস্রাবে হিপিউরিক্ এসিড্ আকারে প্রকাশ পায়। বেঞ্জোয়িক্ এসিড্ প্রস্রাবের ক্ষার গুণ কমাইবার জন্য অন্যান্য এসিড্ অপেক্ষা অধিক উপযোগী।

ধাতবাম্লসমূহের মধ্যে কেবল ফস্ফরিক্ এসিড্ প্রস্রাবের প্রতিক্রিয়ার উপর কার্য্যকরণার্থ ব্যবহৃত হয়। কারণ, অন্যান্য এসিড্গুলি এত পরিমাণে দেওয়া যায়না যে তাহাতে মূত্রের রিএক্শন্ (reaction) পরিবর্ত্তিত হইতে পারে। কারণ, সেরূপে দিলে ব্লাডারের উত্তেজনা হয়। ইউরিক্ এসিড্ সঞ্চিত হওয়ার প্রবণতা থাকিলে, বেঞ্জোয়েট্ অব্ সোডিয়াম্ অতি উৎকৃষ্ট ঔষধ।

THERAPEUTICAL APPLICATIONS.

আময়িকপ্রয়োগ।

(১) মূত্র কোন কারণে অল্প হইলে, তাহা বর্দ্ধিত করিবার জন্য ইহারা ব্যবহৃত হয়। স্রাবের অল্পতার কারণানুসারে কখনও ষ্টিমিউল্যান্ট্ এবংকখনও বা সিডেটিভ্ ডায়ুরেটিক্ দিতে হয়। ড্রপ্সিতে সিডেটিভ্শ্রেণীস্থ ঔষধসকল নিতান্ত আবশ্যক।

(২) রক্তহইতে কোন বিষ অথবা পীড়াজনিত দূষিতপদার্থ বহির্গত করণার্থ ইহাদের ব্যবহার হয়।

(৩) ইউরেট্, অক্সেলেট্ প্রভৃতিকে দ্রব অবস্থায় রাখিতে প্রস্রাবকে সমর্থ করিবার উদ্দেশ্যে, কিড্নি হইতে অনেক প্রস্রাব উৎপাদনকরণার্থ ইহারা ব্যবহৃত হয়। যদি ঐসকল পদার্থ দ্রব না থাকে, তবে সঞ্চিত হইয়া অশ্মরীতে পরিণত হয়। ঐসকল পদার্থের দ্রাবকসমূহকে লিথণ্ট্রিপ্টিক্ বা অশ্মরী-নাশক ঔষধ কহে।

গ্র্যাভেল্ (gravel) এবং ক্যাল্কিউলাস্ (Calculus) অর্থাৎ অশ্মরী-রোগে প্রস্রাবের গুণপরিবর্ত্তন করিবার জন্য লিথণ্ট্রিপ্টিক্ ঔষধসকল ব্যবহার্য্য। যে সকল ঔষধ প্রস্রাবকে ক্ষারগুণবিশিষ্ট করে, তাহারা ইউরিক্

এসিড্ ধাতুপ্রকৃতিতে ব্যবহৃত হয়; এবং যেসকল ঔষধ প্রস্রাবকে অধিক, অম্ল করে, তাহারা ফস্কেটিক্ ডিপজিটে ব্যবহৃত হয়; কারণ, তখন প্রস্রাব ক্ষারগুণবিশিষ্ট থাকে।

ল্যাটিন্।	ইংরেজী।
স্কোপেরিয়াই কাকিউমিনা।	ব্রুম্ টপ্স্।
Scoparii Cacumina.	Broom tops.
প্রয়োগরূপঃ—	
ডিকক্টাম্ স্কোপেরিয়াই।	ডিকক্‌শন্ অব্ ব্রুম্।
Decoctum Scoparii.	Decoction of Broom
মাত্রা ২—৪ আউন্স্।	
সাকাস্ স্কোপেরিয়াই।	জুস্ অব্ ব্রুম্।
Succus Scoparii	Juice of Broom
মাত্রা ১—২ ড্রাম্।	

স্থানিক ক্রিয়া।

ইহার কোন স্থানিক ক্রিয়া নাই।

CONSTITUTIONAL ACTION.

সার্ব্বাঙ্গিক ক্রিয়া।

ফিজিওলজিক্যাল্ ক্রিয়া—

পরিপাকযন্ত্র এবং স্রাবযন্ত্রের উপর ইহার কিছু ক্রিয়া আছে বলিয়া, ইহা অধিক মাত্রায় সেবন করিলে বমন এবং ভেদ হইয়া থাকে; কিন্তু ইহা অল্প মাত্রায়, প্রচুরপরিমাণে প্রস্রাববৃদ্ধি করে; ইহার স্কোপেরিন্ (Scoparine) এবং স্পার্টিন্ (Sparteine)নামে দুইটী বীর্য্য আছে। অনেকে বলেন যে স্কোপেরিণের উপরই ইহার মূত্রকারক

থিরাপিউটিক্যাল্ ব্যবহার—

ইহা উৎকৃষ্ট মূত্রকারক। শোথজনিত জল বহির্গতকরণার্থ ইহার অনেক ব্যবহার আছে। যদি ইহা অন্যান্য ঔষধের সহিত দিয়া কিড্‌নিকে উত্তেজিত করিতে পারা যায়, তাহা হইলে হৃৎপিণ্ডসম্বন্ধীয় (cardiac) পীড়া এবং কিড্‌নির পুরাতন পীড়াবশতঃ শোথ (Anasarca) নিবারণও আরোগ্য হয় এবং হাইড্রোথোরাক্স

গুণ নির্ভর করে; কিন্তু কেহ কেহ বলেন যে স্পার্টিনের উপর তাহা নির্ভর করিয়া থাকে। স্পার্টিনের বিষাক্ত গুণ আছে। ইহা অধিক খাইলে, স্পাইন্যাল্ কর্ডের প্রত্যাবর্ত্তনক্রিয়ার হ্রাস, মোটার্ নার্ভের পক্ষাঘাত, ও ভেগাস্‌স্নায়ুর প্যারালিসিস্ হয় এবং অবশেষে শ্বাসবন্ধ হইয়া মৃত্যু ঘটে। স্পার্টিন্, মস্তিষ্কের উপর অল্প ক্রিয়া করে।

(Hydrothorax) ও এসাইটিস্ (Ascites) রোগে যে জলীয় পদার্থ সঞ্চিত হয়, তাহা দূরীভূত হইয়া থাকে।

Mode of Administration.

বহির্গমনপ্রণালী।

ইহা কদাচিৎ একক ব্যবহৃত হয়; অন্যান্য মূত্রকারক ঔষধের সহিত ব্যবহৃত হইয়া থাকে; কারণ, অনেকগুলি মূত্রকারক ঔষধ একত্র ব্যবস্থা করিলে বিশেষ ফল পাওয়া যায়।

℞

Potassii Acetatis ʒiss

Aceti Scillæ ℥ii

Decocti Scoparii ad ℥vi

M. ft. mistura. নানাপ্রকার শোথরোগে, এক আউন্স্ মাত্রায় প্রতি ৪ ঘণ্টা অন্তর সেব্য।

℞

Tincturæ Digitalis m.x

Spiritus Ætheris Nitrosi,

Spiritus Juniperi āā ʒss

Succi Scoparii ʒi

Aquæ ad ℥i

M. ft. mistura. নানাপ্রকার শোথরোগে, দিবসে ৩ বার সেব্য।

ল্যাটিন্।	ইংরেজী।
স্পার্টিনি সাল্ফাস্।	সাল্ফেট্ অব্ স্পার্টিন্।
Sparteinæ Sulphas.	Sulphate of Sparteine.

মাত্রা—½ হইতে ১ গ্রেণ, ক্রমে বৃদ্ধি করিয়া।

ইহা ব্রুমের শাখা এবং পত্র হইতে প্রাপ্ত উপক্ষার। হৃৎপিণ্ডের উপর ইহার বলকারক ক্রিয়া আছে এবং তাহার দুর্ব্বলাবস্থায় তদীয় গতি (rythm) নিয়মিত, এবং সংখ্যা বর্দ্ধিত করে। ডিজিটেলিসের ন্যায় ইহার সঞ্চিত হওয়ার (cumulative) গুণ নাই। ইহা উত্তম মূত্রকারক। ডিজিটেলিস্দ্বারা উপকার না হইলে ইহা ব্যবহার করা উচিত।

শিশুদিগের ডিপ্থিরিয়ারোগে ইহার ১/১০ গ্রেণ, শুধু বা ডিজিটেলিসের সহিত দিনে ৫ বার দিলে উপকার দর্শে।

এঞ্জাইনা-পেক্টোরিস্ রোগে ইহা ব্যবহার করা যাইতে পারে।

ইহার ক্রিয়া সত্বর. কিন্তু ডিজিটেলিসের ক্রিয়া হইতে নিকৃষ্ট। উপসর্গবিহীন হৃৎপিণ্ডের ব্যাধিতে ইহাদ্বারা উপকার হয়।

ল্যাটিন্।	ইংরেজী।
ওলিয়াম্ জুনিপারি।	অয়েল্ অব্ জুনিপার্।
Oleum Juniperi.	Oil of Juniper.

মাত্রা ১—৪ মিনিম্।

জুনিপেরাস্-কমিউনিস্ নামক বৃক্ষের অপক্ক ফলহইতে পরিস্রুত তৈল।

প্রয়োগরূপ—

স্পিরিটাস্ জুনিপারি।	স্পিরিট্ অব্ জুনিপার্।
Spiritus Juniperi.	Spirit of Juniper.

মাত্রা ৩০ মিনিম্—১ ড্রাম্।

ফিজিওলজিক্যাল্ ক্রিয়া—

ইহা কিড্নির ক্রিয়া উত্তেজিত করে, কিন্তু এইশ্রেণীস্থ অন্যান্য ঔষধের ন্যায় কেবল ড্রপ্সি থাকিলে প্রস্রাব বর্দ্ধিত করিয়া থাকে। দেখা গিয়াছে

থিরাপিউটিক্যাল্ ব্যবহার—

ইহা উত্তম মূত্রকারক; সচরাচর অন্যান্য ঔষধের সহিত দেওয়া হয়; এবং ইহা সেবনে, ও ইহার ধূম আঘ্রাণে উপকার হইয়া থাকে।

যে, সুস্থশরীরে ইহাদ্বারা প্রস্রাবের হ্রাস হয়, এবং ইউরিয়া বর্দ্ধিত হইয়া থাকে।

Diuretic mixture.

℞

Spiritus Juniperi	℥ss
Potassii Acetatis	ʒiss
Spiritus Ætheris Nitrosi	℥i
Decocti Scoparii	℥viii

M. ft, mistura. ১ আউন্স্ মাত্রায় দিবসে ৩ বার সেব্য।

ল্যাটিন্।	ইংরেজী।
ইথারিস্ নাইট্রোসাই স্পিরিটাস্।	স্পিরিট্ অব্ নাইট্রাস্ ইথার্।
Ætheris Nitrosi Spiritus	Spirit of Nitrous Ether.

ইহাকে সুইট্ স্পিরিট্ অব্ নাইটার্ (Sweet Spirit of Nitre) কহে।

মাত্রা ½—২ ড্রাম্; যথেষ্ট জল সহযোগে প্রয়োগ করিবে।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—স্নিগ্ধকারক, মূত্রকারক এবং ঘর্ম্ম-কারক। ইহাপ্রধানতঃ সমশ্রেণীস্থ অন্যান্য ঔষধেরসঙ্গে ব্যবহৃত হইয়া থাকে। লাইকর্ এমোনিয়াই এসিটেটিসের সহিত প্রয়োগ করিলে ইহার ঘর্ম্মকারক ও স্নিগ্ধকারক গুণ প্রাপ্ত হওয়া যায়; এবং স্কুইল্ ইত্যাদির সহিত দিলে মূত্রকারক ক্রিয়া হইয়া থাকে। ঘর্ম্মকারক বলিয়া নানাপ্রকার জ্বরীয় অবস্থায়, এবং মূত্রকারক বলিয়া ড্রপ্সি ইত্যাদিতে, ব্যবস্থা করা হয়। ড্রপ্সিরোগে ডিজিটেলিস্, স্কুইল্, এসিটেট্ অব্ পটাশ্ ইত্যাদি অন্যান্য মূত্রকারক ঔষধের সহিত ইহা ব্যবহারে উপকার হইয়া থাকে।

℞

Potassæ Acetatis	ʒii
Syrupi Scillæ	fl.ʒiii
Spiritus Ætheris Nitrosi	fl.ʒiii
Tincturæ Digitalis	ʒss
Succi Scoparii	fl.ʒvi
Aquæ	ad ℥viii

M. One-sixth part every 6 or 8 hours.

হৃৎপিণ্ড, যকৃত কিম্বা পেরিটোনিয়ামের ব্যাধিবশতঃ শোথ হইলে, ইহা মূত্রকারকের ন্যায় ক্রিয়া করিয়া উপকার দর্শায়।

তৃতীয়ভাগ—যে সকল ঔষধ মূত্রযন্ত্রের শ্লৈষ্মিক ঝিল্লির উপর বিশেষরূপে ক্রিয়া করিয়া থাকে।

(১) প্যারেরা ব্রেভা (Pareira brava)।
(২) ইউভা আর্সাই (Uva ursi)
(৩) বকু (Buchu)।
(৪) বেঞ্জোয়িক্ এসিড্ (Benzoic acid)।
(৫) বেঞ্জোয়েট্ অব্ এমোনিয়াম্ (Benzoate of ammonium)।
(৬) বাল্‌সাম্ অব্ পেরু (Balsam of peru)।

} ইহারা প্রধানতঃ ব্লাডারের উপর কার্য্য করিয়া থাকে।

(৭) কোপেবা (Copaiba)।
(৮) কিউবেব্স্ (Cubebs)।
(৯) চন্দনতৈল (Oil of Sandal Wood)।
(১০) তার্পিণ তৈল (Turpentine)।

} ইহারা প্রধানতঃ মূত্রনালীর উপর ক্রিয়া প্রকাশ করে।

আময়িকপ্রয়োগ।

এই সকল ঔষধ ব্লাডার্ এবং ইউরিথ্রার ব্যাধিতে ব্যবহৃত হয়। যে সকল ঔষধ ব্লাডারের উপর কার্য্য করে, উক্ত যন্ত্রের শ্লৈষ্মিক ঝিল্লির পুরাতন প্রদাহের সহিত ক্ষারযুক্ত প্রস্রাব হইলে, তাহারা ব্যবহৃত হয়; এবং যে সকল ঔষধ ইউরিথ্রার উপর ক্রিয়া করে, তাহারা গনোরিয়া (Gonorrhœa) ও গ্লিট্ (Gleet) রোগে ব্যবহৃত হইয়া থাকে।

ল্যাটিন্।	ইংরেজী।
প্যারেরি রেডিক্স্।	প্যারেরা রুট্।
Pareiræ Radix.	Pareira Root.

ইহা কণ্ডোডেণ্ড্রন্-টোমেণ্টোসাম্-নামক বৃক্ষের শুষ্ক মূল।

চূর্ণের মাত্রা ৩০—৬০ গ্রেণ।

প্রয়োগরূপ—

ডিক্‌ক্টাম্ প্যারেরি। ডিকক্‌শন্ অব্ প্যারেরা।
Decoctum Pareiræ. Decoction of Pareira.

মাত্রা ১½—২ আউন্স্।

এক্‌ষ্ট্রাক্টাম্ প্যারেরি। এক্‌ষ্ট্রাক্ট্ অব্ প্যারেরা।
Extractum Pareiræ. Extract of Pareira.

মাত্রা ১০—৩০ গ্রেণ।

এক্‌ষ্ট্রাক্টাম্ প্যারেরি লিকুইডাম্। লিকুইড্ এক্‌ষ্ট্রাক্ট্ অব্ প্যারেরা।
Extractum Pareiræ Liquidum. Liquid Extract of Pareira.

মাত্রা ½—২ ড্রাম্।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—প্যারেরা, কলম্বার ন্যায় তিক্ত বলকারক, কিন্তু তৎস্বরূপ কচিৎ ব্যবহৃত হইয়া থাকে। বোধ হয়, ইহা মূত্রকারক। ব্লাডারের শ্লৈষ্মিক ঝিল্লির উপর ইহার ক্রিয়া আছে। সম্ভবতঃ ইহা ব্লাডারের উত্তেজনা ও বলবিধান করে এবং তাহার শ্লৈষ্মিক ঝিল্লির টোন্ (tone) বৃদ্ধি করিয়া উহার অস্বাস্থ্যকর স্রাবের ন্যূনতা ঘটায়। ইহা প্রধানতঃ ব্লাডারের পুরাতন প্রদাহে শ্লৈষ্মিক স্রাবের হ্রাস এবং উত্তেজনার উপশমকরণার্থ ব্যবহৃত হয়। প্রস্রাবের অবস্থানুসারে ইহা নাইট্রিক্-এসিড্ বা ক্ষার ঔষধের সহযোগে দেওয়া যাইতে পারে; এবং আবশ্যক হইলে ইহার সঙ্গে হাইয়োসায়েমাস্ যোগকরা যায়। ইহা পুরাতন পাইলাইটিসে (Pyelitis) ও ব্যবহৃত হয়। ব্লাডারের পীড়াতে ইহার ব্যবহার সম্বন্ধে ভিন্ন ভিন্ন লোকের ভিন্ন ভিন্ন মত আছে। সিষ্টাইটিস্ (Cystitis) রোগ কিছুকাল স্থায়ী হইলে ডাং ওয়েষ্ট্ (Dr. West) নিম্নলিখিত ব্যবস্থাপত্র দিতে উপদেশ দেন।

℞

Ext. Pareiræ	gr.xlviii
Acid. Hydrochlor. Dil.	m.xl
Morphinæ Hydrochlor.	gr.ss
Decoct. Pareiræ	℥vi

M. ft. mistura. ১½ আউন্স্ মাত্রায় প্রতি ৬ ঘণ্টা অন্তর সেবা।

ল্যাটিন্।	ইংরেজী।
ইউভি আর্সাই ফোলিয়া।	বেয়ার্‌বেরি লিভ্‌স্।
Uvæ Ursi Folia.	Bearberry Leaves.

ইহা আর্ক্টোষ্টেফাইলস্-ইউভা-আর্সাই নামক বৃক্ষের পত্র।

চূর্ণের মাত্রা ১০—৩০ গ্রেণ।

প্রয়োগরূপ—

ইন্‌ফিউজাম্ ইউভি আর্সাই।	ইন্‌ফিউশন্ অব্ বেয়ার্‌বেরি।
Infusum Uvæ Ursi.	Infusion of Bearberry.

মাত্রা ১—২ আউন্স্।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—সঙ্কোচক ও মূত্রকারক; ব্লাডারের পুরাতন ক্যাটার্ প্রভৃতি, ব্লাডার্ এবং ইউরিথ্রার্ ব্যাধিতে শ্লৈষ্মিক ঝিল্লির উত্তেজনার হ্রাসকরণার্থ ব্যবহার্য্য; গ্লিট্ (Gleet) ও পুরাতন গনোরিয়া (Gonorrhœa) রোগেও ব্যবহৃত হয়। কখন কখন কিড্‌নির ব্যাধিতেও ইহা ব্যবহৃত হইয়া থাকে। ইহা অম্ল কিম্বা ক্ষার ঔষধের সহিত দেওয়া যাইতে পারে। ক্রণিক্ সিষ্টাইটিস্ (Cystitis) এবং সিষ্টিরিয়া (Cystirrhœa) রোগে যখন ব্লাডারের শ্লৈষ্মিক স্রাব হয়, তখন ইহার ডিকক্‌শন্ ব্যবহারে উপকার হইয়া থাকে।

ল্যাটিন্।	ইংরেজী।
বকু ফোলিয়া।	বকু লিভ্‌স্।
Buchu Folia.	Buchu Leaves.

ইহা ব্যারোস্মা-বেটিউলিনা এবং তজ্জাতীয় অন্যান্য বৃক্ষের শুষ্ক পত্র।

প্রয়োগরূপ—

ইন্‌ফিউজাম্ বকু।	ইন্‌ফিউশন্ অব্ বকু।
Infusum Buchu.	Infusion of Buchu.

মাত্রা ১—২ আউন্স্।

টিংচ্যুরা বকু।	টিংচার্ অব্ বকু।
Tinctura Buchu.	Tincture of Buchu.

মাত্রা ১—২ ড্রাম্।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—বলকারক, আগ্নেয়, ঘর্ম্মকারক এবং মূত্রকারক। জনন-মূত্রযন্ত্রের উপর ইহার বিশেষ স্নিগ্ধকারক গুণ আছে। ইহার বলকারক গুণ থাকাপ্রযুক্ত, ইহা ব্যবহারে ক্ষুধা এবং বল বৃদ্ধি পাইয়া থাকে। ব্লাডারের পুরাতন ক্যাটার্ এবং জনন-মূত্রযন্ত্রহইতে আক্রান্তস্থানের শৈথিল্যজনিত নানাপ্রকার স্রাবে, ইহা অতি আদরের সহিত ব্যবহৃত হইয়া থাকে। ব্লাডারের উত্তেজনাবশতঃ প্রস্রাব অতিরিক্ত অম্লগুণবিশিষ্ট হইলে এবং বারংবার প্রস্রাব করিতে ইচ্ছা জন্মিলে, নিম্নলিখিত ব্যবস্থাপত্রদ্বারা উৎকৃষ্ট ফল পাওয়া যায়।

℞	Liq. Potassæ	m.xv
	Tinct. Hyoscyami	m.xv
	Mucilago Acaciæ	℥i
	Infusi Buchu	℥i

M ft. mistura. S. এক এক মাত্রা দিবসে ৩ বার সেব্য।

সিষ্টাইটিস্ রোগে এবং কিড্নির ব্যাধিতে, ইহার ব্যবহারে উপকার হইয়া থাকে।

লাটিন্।	ইংরেজী।
কোপেবা।	কোপেবা।
Copaiba.	Copaiba.

ইহা কোপেফেরা-ল্যাংস্ডর্ফিয়াই এবং কোপেফেরাজাতীয় অন্যান্য প্রকার বৃক্ষের ওলিয়ো-রেজিন্ বা ধূনাবৎ তৈল।

মাত্রা ½—১ ড্রাম্।

ওলিয়াম্ কোপেবা।	অয়েল্ অব্ কোপেবা।
Oleum Copaibæ.	Oil of Copaiba.

ইহা পূর্ব্বোক্ত ওলিয়ো-রেজিন্হইতে পরিস্রুত তৈল।

মাত্রা ৫—২০ মিনিম্।

ইহাতে রেজিন্ ও ভলেটাইল্ অয়েল্ আছে। শ্লৈষ্মিক ঝিল্লির (বিশেষতঃ জনন-মূত্রযন্ত্রের মিউকাস্ মেম্ব্রেনের) উপর ইহার ক্রিয়া প্রকাশ পায়। ইহা খাইলে শীঘ্র শোষিত হয় এবং প্রশ্বাসবায়ু ও প্রস্রাবের সহিত বহির্গত হইয়া যায়।

ইউরিথ্রার্ উপর ইহার অল্প স্থানিক ক্রিয়া আছে। কিন্তু কোপেবা খাইলে যত উপকার হয়, তাহার ইঞ্জেক্শনে তত উপকার হয় না। এতদ্দ্বারা অনুমিত হয় যে, ইহা সার্ব্বাঙ্গিক ক্রিয়া করে। ইহা অল্প দিন ব্যবহার করিলে, অল্প ভেদ হইয়া থাকে ; তাহাতে জানা যায় যে শরীরে ইহার গুণ প্রকাশ পাইয়াছে। ইহার ব্যবহারে প্রস্রাবের পরিমাণ অধিক বৃদ্ধি পায় ও প্রস্রাবে ইহার গন্ধ বর্ত্তমান থাকে। ইথারদ্বারা ইহা প্রস্রাবহইতে পৃথক করা যাইতে পারে। সম্ভবতঃ ইহা আক্রান্ত শ্লৈষ্মিক প্রদেশে নূতন ক্রিয়া উৎপাদন করিয়া কার্য্যকারী হয়।

ইহা ব্যবহারে কখন কখন শরীরে হামের মত একপ্রকার ইরাপ্শন্ বাহির হইয়া থাকে। ইহা স্থানিক উত্তেজকের ন্যায় ক্রিয়া করে বলিয়া সোরিয়েসিস্, লেপ্রোসি ও লুপাস্ প্রভৃতি নানাবিধ চর্ম্মরোগে ব্যবহৃত হইয়া থাকে। কিন্তু ইহা দুর্গন্ধযুক্ত বলিয়া সচরাচর ব্যবহৃত হয় না।

পুরাতন সিষ্টাইটিস্ (Chronic Cystitis), গনোরিয়া (Gonorrhœa), গ্লিট্ (Gleet) প্রভৃতি ব্লাডার্ এবং ইউরিথ্রার ব্যাধিতে ইহা আদরের সহিত ব্যবহৃত হয়।

অধিক শ্লৈষ্মিকস্রাবসংযুক্ত ব্রঙ্কাইটিসে এবং বস্তীমের শ্লৈষ্মিক ঝিল্লির পুরাতন ব্যাধিতে ইহার ব্যবহার হইতে পারে ; কিন্তু জ্বর বর্ত্তমান থাকিলে তাহা নিষিদ্ধ।

ইহা প্রবল মূত্রকারক বলিয়া, কিড্নির রক্তাধিক্য থাকিলে, ইহার ব্যবহার করা উচিত নয়। যকৃতের সিরোসিস্ রোগ (Cirrhosis of Liver) বশতঃ এসাইটিস্ (Ascites) হইলে, এবং তৎসঙ্গে মূত্রে এল্বুমেন্ না থাকিলে, ইহা ব্যবহারে ফল দর্শে।

গনোরিয়াতে ইহা অমোঘ ঔষধ। নিম্নলিখিত ব্যবস্থাপত্র সচরাচর ব্যবহৃত হয়।

℞	Copaiba	ʒii
	Spt. Ether Nitrosi	ʒii
	Liq. Potas.	ʒi
	Tinct. Hyoscyami	m.xl
	Aqua Menth. Pip.	℥iv
	Mucilago Acaciæ	℥ii

M, ft. এক আউন্স্ মাত্রায় দিবসে ৩ বার সেব্য।

কোন কোন চিকিৎসক উক্ত রোগে অয়েল্ অব্ কোপেবা অত্যন্ত উপকারী বলিয়া মনে করেন।

℞ Oil of Copaiba ℥i
Oil of Cubebs ʒi
Sweet Spirits of Nitre ℥i

M. ft. মাত্রা—২০ হইতে ৩০ ফোঁটা।

ইহার ফল শ্লৈষ্মিক ঝিল্লির অবস্থার উপর নির্ভর করে। ইহা উক্ত রোগের (Gonorrhœa) প্রথম অবস্থায় দিলে উপকার না হইয়া বরং ক্ষতি হয়। কটিতে বেদনা কিম্বা এল্‌বিউমিনিউরিয়া (Albuminuria) থাকিলে ইহার ব্যবহার নিষিদ্ধ। যখন প্রস্রাবে কোন যন্ত্রণা বা কর্ডি না থাকে এবং স্রাব চট্‌চটে, পীতবর্ণ ও পরিমাণে অল্প হয়, তখন ইহা ব্যবহার করিবার উপযুক্ত সময়। প্রস্রাবে অতিশয় যন্ত্রণা, শ্লৈষ্মিক ঝিল্লির উত্তেজনা এবং অধিক পরিমাণে পূয়বৎ স্রাব থাকিলে, ইহা ব্যবহারে হানি হইতে পারে। রোগী যে পরিমাণে সহ্য করিতে পারে, সকল অবস্থায়ই সেই পরিমাণে দিবে। সচরাচর দিবসের মধ্যে ½ হইতে ২ ড্রাম্ পর্য্যন্ত ভিন্ন ভিন্ন মাত্রায় দিলে উপকার হইয়া থাকে। দুইবার ভোজনের মধ্যবর্ত্তী সময়ে, পাকস্থালী খালি হওয়ার পূর্ব্বে, কোপেবা খাওয়া উচিত। কোপেবা খাওয়ার সময় রোগীকে অধিক জল খাইতে দিবেনা; কারণ, প্রস্রাব অধিক তরল হইলে কোপেবার গুণ নষ্ট হয়। গ্লিট্ রোগে কোপেবা বুজিতে (bougie) লাগাইয়া ব্যবহার করিলে বেশ উপকার হয়।

লিউকোরিয়ারোগে কোপেবা ১৫ মিনিম্ মাত্রায় দিবসে ৩ বার দিলে কখন কখন ফল দর্শে। হৃৎপিণ্ডের কপাটের (valve) পীড়াতে, Dr. Hilton Fagge ইহা ব্যবহার করিতে বলেন।

কখন কখন শিশুদিগের স্কেবিজ্ রোগে (Scabies) বাল্সাম্ অব্ কোপেবা লাগাইলে উত্তম ফল হয়। ইহা ব্যবহারে উক্ত ব্যাধির কীটাণুসকল নষ্ট হইয়া থাকে। Dr. Macnamara বলেন যে তিনি শিশুদের পিউরিউলেণ্ট্ অপথ্যালমিয়ারোগে চক্ষের নিম্ন পাতা, গণ্ডদেশ এবং কপালে ইহা লাগাইয়া ৩০ টী রোগীকে নিরাময় করিয়াছেন।

ল্যাটিন্।	ইংরেজী।
কিউবেবা।	কিউবেব্স্।
Cubeba.	Cubebs.

কাবাব চিনি। ইহা কিউবেবি-অফিসিনেলিস্ নামক বৃক্ষের অপক্ক শুষ্ক ফল। চূর্ণের মাত্রা ৩০—১২০ গ্রেণ।

ওলিয়াম্ কিউবেবি।	অয়েল্ অব্ কিউবেবস্।
Oleum Cubebæ.	Oil of Cubebs.

মাত্রা ৫—২০ মিনিম্।

ওলিয়োরেজিনা কিউবেবি।	ওলিয়োরেজিন্ অব্ কিউবেব্স্।
Oleo-resina Cubebæ.	Oleo-resin of Cubebs.

মাত্রা ৫—৩০ মিনিম্।

প্রয়োগরূপ—

টিংচুরা কিউবেবি।	টিংচার্ অব্ কিউবেব্স্।
Tinctura Cubebæ.	Tincture of Cubebs.

মাত্রা ½—২ ড্রাম্।

ক্রিয়া ও আময়িক প্রয়োগ—ইহা ১০—৪০ গ্রেণ মাত্রায় বায়ুনাশক ও উত্তেজক, এবং পরিপাকযন্ত্রের বল বিধান করে; ১৪০ গ্রেণ হইতে ১ আউন্স্ মাত্রায় পেটকামড়ানি, ভেদ এবং জ্বরীয় লক্ষণ উপস্থিত করে। কোন কোন ব্যক্তির ইহা কিছুমাত্র সহ্য হয় না। ইহা ব্যবহার করিলে তাহাদের স্নায়বিক উত্তেজনা, শিরঃপীড়া এবং আর্টিকেরিয়ার ন্যায় ইরাপ্শন্ বাহির হয়। কিউবেব্ দ্বারা যে ইরাপ্শন্ বাহির হয়, তাহার বর্ণ কমলালেবুর মত ও আকৃতি প্যাপিউলের ন্যায় এবং কোপেবার ইরাপ্শন্ অপেক্ষা ছোট। ইহার বীর্য্য কিউবেবিন্ (Cubebin)। তদ্ভিন্ন ইহাতে কিউবেবিক্ এসিড্ আছে। ইহা জননেন্দ্রিয়ের উপর বিশেষরূপে ক্রিয়া করে এবং মূত্রের পরিমাণ বর্দ্ধিত করিয়া থাকে।

ইহা গনোরিয়ার (Gonorrhœa) উৎকৃষ্ট ঔষধ; কোপেবার ন্যায় ব্যবহার করিতে হয়। ইহার সদা চূর্ণ ব্যবহার করা উচিত; এবং কখন ও বা ইলেক্টুয়েরিস্বরূপ (৩ ভাগ কিউবেব্, ১ ভাগ কোপেবা, ২ ভাগ ম্যাগ্নেসিয়া)

উপযুক্ত মাত্রায় ব্যবহার করা যাইতে পারে। রোগী এনিমিক্ হইলে, ইহা কার্ব্বনেট্ অব্ আয়রণের সহিত ব্যবহার করা উচিত। উক্ত চূর্ণের ১ আউন্সে, ১ ড্রাম্ কার্ব্বনেট্ অব্ আয়রন্ যোগ করা যায়। কোন কোন সময় ইহা কট্‌কিরি চূর্ণের সহিত ব্যবস্থা করা হয়।

অয়েল্ অব্ কিউবেব, মিউসিলেজের সঙ্গে কিম্বা টিংচার্ ফেরি এবং টিংচার্ বেলাডোনার সঙ্গে মিক্শ্চার্ আকারে, কিম্বা কোপেবা এবং টারের সঙ্গে ক্যাপ্‌সিউল্ আকারে, ব্যবস্থা করা যাইতে পারে। ব্লাডারের পুরাতন প্রদাহে ইহা ১৫ হইতে ২০ গ্রেণ মাত্রায় দিনে তিন বার দিলে, উত্তম ফল পাওয়া যায়। প্রষ্টেট্ গ্ল্যাণ্ডের পুরাতন প্রদাহে, ইহা ২০ গ্রেণ মাত্রায় দিবসে ৩ বার দিলে, মৃদু উত্তেজকের ন্যায় ক্রিয়া করিয়া অত্যন্ত উপকার দর্শায়। ইহা অর্শোরোগে (Piles) বেশ উপকারী।

℞

Pulv. Cubeb	gr.x
Sulphur. Sublimat.	gr.x
Cream of Tartar	gr.x

M. ft. powder. দিবসে ২ বার খাইতে দিবে।

রিল্যাক্স্‌ট্ সোর্‌থ্রোটে ইহা লোজেঞ্জিস্ আকারে দিলে উপকার হয়। বৃদ্ধ ব্যক্তিদিগের পুরাতন ব্রঙ্কাইটিস্‌রোগের সহিত প্রচুর শ্লেষ্মা এবং দুর্ব্বলতা থাকিলে, কিউবেব্ অল্প মাত্রায় দিলে স্রাব হ্রাস পায় এবং রোগী বলপ্রাপ্ত হয়। যদি অল্প ঠাণ্ডা কিম্বা অতিরিক্ত কথাদ্বারা লেরিংসের শৈথিল্যাবস্থা ঘটিয়া স্বরভঙ্গ জন্মে, তবে কাবাবচিনি চিবাইলে উপকার হয়।

ল্যাটিন্।	ইংরেজী।
ওলিয়াম্ স্যাণ্টেলি।	অয়েল্ অব্ স্যাণ্ডেল্‌উড্।
Oleum Santali.	Oil of Sandal Wood.

চন্দনতৈল। ইহা শ্বেত চন্দনকাষ্ঠ হইতে চুয়াইয়া লওয়া হয়।

মাত্রা ১০—৩০ মিনিম্।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—ইহা অনৈচ্ছিক মাংসপেশীসমূহের উপর উত্তেজকস্বরূপ, এবং শ্লৈষ্মিক ঝিল্লির উপর দূরবর্ত্তী সঙ্কোচকস্বরূপ, কার্য্য করিয়া থাকে।

জনন-মূত্রযন্ত্রহইতে শ্লেষ্মামিশ্রিত পূযস্রাব হইলে, (গনোরিয়া, লিউকোরিয়া, গ্লিট্ ইত্যাদিতে যেরূপ হইয়া থাকে), বিশেষতঃ স্রাব পুরাতন হইলে, ইহা ব্যবহার্য্য। মূত্রসহ বহির্গত হইবার সময়, ইহার প্রধান ক্রিয়া জনন-মূত্রযন্ত্রের উপর প্রকাশ পায়। ক্যাপ্‌সিউল্ আকারে, অথবা মিউসিলেজ্, লাইকর্ পটাশি ইত্যাদির সহিত কোপেবার ন্যায় মিক্শ্চার আকারে, ব্যবহার করা যাইতে পারে।

MISTURA OLEI SANTALI.

Oil of Sandal wood	2 drachms.
Tragacanth, in powder	30 grains
Mix. add quickly	
Water to	8 ounces.

Shake well. জলের পরিবর্ত্তে কোন এরোম্যাটিক্ ওয়াটার্ বা সিরাপ্ ব্যবহার করা যাইতে পারে।

মাত্রা ১ আউন্স্।

লাটিন্।	ইংরেজী।
এমোনিয়াই বেঞ্জোয়াস্।	বেঞ্জোয়েট্ অব্ এমোনিয়াম্।
Ammonii Benzoas	*Benzoate of Ammonium.*

মাত্রা ১০—১৫ গ্রেণ।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—ইহা মূত্রকারক, এবং মূত্রযন্ত্রের শ্লৈষ্মিক ঝিল্লির উত্তেজক। ইহার ক্রিয়া বেঞ্জোয়িক্ এসিডের ন্যায়; ইহা অধিক দ্রবণীয় বলিয়া সর্ব্বদা ব্যবহৃত হয়। ইহাদ্বারা মূত্র অম্লাক্ত হয় এবং ইহার বেঞ্জোয়িক্ এসিড্, হিপিউরিক্ এসিডে পরিবর্ত্তিত হইয়া, কিড্‌নি (kidney) দ্বারা বহির্গত হইয়া যায়। ইউরিক্ এসিড্ প্রস্তুত বা বহির্গত করণসম্বন্ধে ইহার কোন ক্ষমতা নাই। মূত্রাশয়ের পুরাতন প্রদাহে, ইহা ব্যবহার করিয়া, ডাঃ গ্যারড্

(Dr. Garrod) উৎকৃষ্ট ফল পাইয়াছেন। ফস্ফেটিক্ ডিপজিট্ হইয়া ক্যাল কিউলাই হইবার উপক্রম হইলে, ইহা বিশেষ উপকারী। যকৃতের এট্রফি (Atrophy) সংসৃষ্ট উদরী রোগে বেঞ্জোয়েট্ অব্ এমোনিয়াম্ ১০—১৫ গ্রেণ মাত্রায়, শুধু অথবা মিউরিয়েট্ অব্ এমোনিয়ার সহিত ব্যবস্থা করিলে, মূত্রকারকের ন্যায় কার্য্য করিয়া উপকার দর্শায়। ইহার সহিত ট্যারেক্সেকাম ব্যবস্থা করিলে, অতিউৎকৃষ্ট ফল পাওয়া যায়।

ল্যাটিন্।	ইংরেজী।
ক্যাফিনা।	ক্যাফিন্।
Caffeina.	Caffeine.

ইহা চা এবং কাফি হইতে প্রাপ্ত উপক্ষার।

Theina, Guaranina.—তুল্যার্থক শব্দ।

মাত্রা ১—৫ গ্রেণ।

প্রয়োগরূপ—

ক্যাফিনী সাইট্রাস্।	সাইট্রেট্ অব্ ক্যাফিন্।
Caffeinæ Citras.	Citrate of Caffeine.

মাত্রা ২—১০ গ্রেণ।

ইহা ডিজিটেলিসের ন্যায়, হৃৎপিণ্ডের বলবিধান এবং ধামনিক চাপের বৃদ্ধিসাধন করে। ইহা ডিজিটেলিসের পরিবর্ত্তে, অথবা তাহার সহিত, ব্যবহার করা যায়। কিন্তু ইহা তদপেক্ষা নিকৃষ্ট।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—ইহা হৃৎপিণ্ডের বলকারক, আগ্নেয়, উত্তেজক ও মূত্রকারক। মাইট্র্যাল্ ডিজিজের সহিত ড্রপ্সি থাকিলে, ইহা ৩—৫ গ্রেণ মাত্রায় ব্যবহার করিলে, উপকার হয়। ক্যাফিন্, কার্ডিয়্যাক্ ও রিন্যাল্ ড্রপ্সি এবং নিউর‍্যালজিয়া ও এমিনোরিয়া রোগে উপকারী। ইহা বিষাক্তমাত্রায় খাইলে স্প্যাইন্যাল্ কর্ডের প্রত্যাবর্ত্তন ক্রিয়া প্রথমতঃ বর্দ্ধিত ও তৎপর হ্রাসপ্রাপ্ত হয়, আক্ষেপ ও মাংসপেশীর কাঠিন্য হইয়া থাকে, হৃৎপিণ্ডের ক্রিয়া প্রথমে চঞ্চল ও তৎপর স্থগিত হয়; ইউরিয়া অল্প বহির্গত হয় এবং কোন কোন লোকের মস্তিষ্ক সম্বন্ধীয় লক্ষণ, অনিদ্রা, অবশতা,

হৃৎপিণ্ডের উত্তেজনা, ক্ষুধামান্দ্য ও অজীর্ণ প্রভৃতি লক্ষণ প্রকাশ পায়। পরিশ্রমের পরে চা এবং কাফি খাইলে শ্রান্তিবোধ হয়। এপিলেপ্টিক্ ভার্টিগোতে (Epileptic vertigo) ইহা ১—৩ গ্রেণ মাত্রায় দিবসে ৩বার দিলে সেই রোগের আক্রমণ নিবারিত হইয়া থাকে। ইহা বলকারক ও সংস্কারক (restorative) বলিয়া, হৃৎকম্পেউপকারী; এবং নিউর‍্যাল্জিয়া ও হেমিক্রেণিয়ারোগে ১ গ্রেণ মাত্রায়, দিবসে ৩ বার দিলে, বিশেষ উপকার হইয়া থাকে। সাধারণ এক পেয়ালা চাতে সম্ভবতঃ ১/৮ গ্রেণ ক্যাফিন্ আছে।

ডায়ুরেটিন্।

DIURETIN (*non-official*)

ইহা থিওব্রোমিনের সোডিয়ো-স্যালিসিলিক্-কম্পাউণ্ড্। এই শুভ্র চূর্ণ জলে দ্রবণীয়, ইহা উত্তম মূত্রকারক ইহাদ্বারা স্নায়ুমণ্ডল আক্রান্ত হয় না।

মাত্রা—১৫ গ্রেণ; দিবসে ৬ বার দেওয়া যাইতে পারে।

লাটিন্।	ইংরেজী।
ইথাইল্ নাইট্রিস্।	নাইট্রাইট্ অব্ ইথাইল্।
Æthyl Nitris.	Nitrite of Ethyl (non-official)

ইহা আঘ্রাণস্বরূপ ব্যবহৃত হয়।

প্রয়োগরূপ—

লাইকর্ ইথাইল্ নাইট্রাইটিস্।	সলিউশন্ অব্ নাইট্রাইট্ অব্ ইথাইল্।
Liquor Æthyl Nitritis.	Solution of Nitrite of Ethyl.

ইহাতে একশত ভাগ এল্কোহল্ এবং ২ ভাগ নাইট্রাইট্ অব্ ইথাইল্ আছে।

মাত্রা ১০—৬০ মিনিম্।

সিম্ফরল্।

SYMPHOROL.

ইহা ক্যাফিন্ সাল্ফোনিক্ এসিড্। ইহা ক্ষার ঔষধের সহিত লিথিয়াম্ ক্যাফিন্ সাল্ফোনেট্, সোডিয়াম্ ক্যাফিন্ সাল্ফোনেট্ প্রভৃতি লবণ প্রস্তুত

করিয়া থাকে। উভয়ের মাত্রা ১৫ গ্রেণ, দিবসে চারি বার দেয়। এই নূতন মূত্রকারক ঔষধ কেবল কিড্‌নির উপর ক্রিয়া প্রকাশ করে। ইহা হৃৎপিণ্ড কিম্বা রক্তসঞ্চালনক্রিয়ার উপর কোন ক্রিয়া করেনা এবং পরিপাক-ক্রিয়ার কোন ব্যতিক্রম ঘটায়না; সুতরাং ইহা প্রকৃত মূত্রকারক ঔষধ।

মাত্রা—১৫ গ্রেণ, দিবসে চারি বার ব্যবস্থেয়।

ইহাদিগকে ক্যাপ্সিউল্‌ আকারে, কিম্বা জলে দ্রব করিয়া, কোন উপায়ে আস্বাদের সংশোধনকরতঃ ব্যবহার করিবে। লিথিয়াম্ ক্যাফিন্ সাল্‌ফোনেট্, ইউরিক্ এসিড্ জনিত অশ্মরীকে দ্রব করিতে পারে বলিয়া, গাউট্, ইউ-রিক্ এসিড্ ধাতুপ্রকৃতি, গ্র্যাভেল্ ইত্যাদিতে বিশেষ ব্যবহার্য্য।

গাউট্‌রোগে নিম্নলিখিত ব্যবস্থাদ্বারা উপকার দর্শিয়া থাকে।

℞

Quinine Sulphate,
Ext. Colchicum,
Pulv. Squill,
Pulv. Digitalis *āā* gr.i

M. ft. one pill, to be taken 3 times a day.

℞

Asparagin,
Lithii Guaiacate *āā* gr.1½

M. ft. one pill, to be taken every 4 hours.

ল্যাটিন্।	ইংরেজী।
পটাসিয়াই এসিটাস্।	এসিটেট্ অব্ পটাসিয়াম্।
Potassii Acetas.	Acetate of Potassium.

মাত্রা ১০—৪০ গ্রেণ, মূত্রকারক; ১২০ গ্রেণ ও তদূর্দ্ধ বিরেচক।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—ইহা ১০—৪০ গ্রেণ মাত্রায় মৃদু এবং উত্তম মূত্রকারক; ১২০—২৪০ গ্রেণ মাত্রায় বিরেচক ক্রিয়া প্রকাশ করে। কিন্তু শেষোক্ত গুণ সম্বন্ধে, ইহা অন্যান্য লাবণিক বিরেচক অপেক্ষা নিকৃষ্ট, কারণ, ইহার ব্যবহারদ্বারা পেটকামড়ানি ও উদরাধ্মান জন্মে। ক্রমাগত

মাত্রায় ব্যবহৃত হইলে ইহা শরীরে শোষিত হয়, এবং রক্তে বিকৃত হইয়া প্রস্রাবে কার্ব্বনেট্ আকারে প্রকাশ পায়, প্রস্রাবকে ক্ষারগুণবিশিষ্ট করে ও সচরাচর ইহার পরিমাণ বর্দ্ধিত করিয়া থাকে। পরীক্ষাদ্বারা স্থিরীকৃত হইয়াছে যে, সাইট্রেট্ এবং এসিটেট্ অব্ পটাশ্ ব্যবহারে, কিড্নি হইতে অধিকপরিমাণে জল নিঃসৃত হয়, এবং প্রস্রাবের ইউরিয়া ও অন্যান্য ঘন পদার্থের পরিমাণ হ্রাস পায়। ইহা অধিকপরিমাণ জলের সহিত দিলে, মূত্রস্রাবক্রিয়া বৃদ্ধি পায়। নানাপ্রকার ড্রপ্সিরোগে এসিটেট্ অব্ পটাশ্ অধিক ডাইলিউট্ করিয়া ব্যবহার করিলে, উত্তম মূত্রকারক গুণ প্রকাশ পায়। এতদুদ্দেশ্যে ইহা, স্কুইল, ডিজিটেলিস্ এবং সম শ্রেণীস্থ অন্যান্য ঔষধের সহিত দেওয়া যাইতে পারে। ইহা তিন কিম্বা চারি ঘণ্টা অন্তর ৩০ গ্রেণ অপেক্ষা অধিক মাত্রায় ব্যবহার করিবে না; কারণ তাহা হইলে, ইহা বিরেচকের ন্যায় কার্য্য করে। একিউট্ রিউম্যাটিজম্, গ্রন্থিসমূহের পুরাতন বিবৃদ্ধি এবং চর্ম্মরোগে, ইহা কখন কখন ব্যবহৃত হয়। ইহা প্রস্রাবের ইউরিক্ এসিড্‌কে দ্রবাবস্থায় রাখিতে সক্ষম বলিয়া, কখন কখন এণ্টিলিথিক্‌স্বরূপ ব্যবহৃত হয়।

ল্যাটিন্।	ইংরেজী।
পটাসিয়াই সাইট্রাস্।	সাইট্রেট্ অব্ পটাসিয়াম্।
Potassii Citras.	Citrate of Potassium.

মাত্রা ২০—৬০ গ্রেণ।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—ইহা চর্ম্ম, অন্ত্র এবং কিড্নির উপর মৃদু ক্রিয়া প্রকাশ করিয়া, তাহাদের স্রাব বর্দ্ধিত করে। নানাপ্রকার জ্বরে, ইহা উৎকৃষ্ট স্নিগ্ধকারক ও অবসাদকের ন্যায় ক্রিয়া করে। ইহা এসিটেট্ বা টার্ট্রেট্ অব্ পটাসিয়ামের ন্যায়, অন্ত্রের উপর ক্রিয়া করেনা। পাকাশয় উত্তেজিত অবস্থায় থাকিলে, ইহা বিশেষ উপযোগী। উদরাময়ের প্রবণতা থাকিলে কোন অহিফেণঘটিত ঔষধের সহিত ইহা ব্যবস্থা করা যাইতে পারে। পটাসের অন্যান্য উদ্ভিজ্জলবণের ন্যায় ইহাও আভ্যন্তরিক ব্যবহার করিলে, শরীরে শোষিত, বিকৃত এবং মূত্রে কার্ব্বনেট্ আকারে প্রকাশিত হয়।

পরীক্ষাদ্বারা স্থিরীকৃত হইয়াছে যে, ইহা ব্যবহারে প্রস্রাবের পরিমাণ অল্প বৃদ্ধি পায় এবং উহার ইউরিয়া ও অন্যান্য ঘন পদার্থের পরিমাণ হ্রাস হয়। কেহ কেহ বলেন, ইহার স্কার্ভিনাশক গুণ আছে; প্রস্রাবে ইউরিক্ এসিড্ সঞ্চিত হওয়ায় মূত্রপথের উত্তেজনা হইলে, এবং তৎসঙ্গে পরিপাকযন্ত্রের ব্যতিক্রম থাকিলে, অল্প দিন সাইট্রেট্ অব্ পটাস্ ব্যবহারে উপকার দর্শে। একিউট্ সিষ্টাইটিস্ রোগে, প্রস্রাবকে সমক্ষারায় রাখিবার জন্য, ডাং জি জন্‌সন্ (Dr. G. Johnson) প্রতি ৬ ঘণ্টা অন্তর সাইট্রেট্ ব্যবহার করিতে উপদেশ দেন।

চতুর্ব্বিংশ অধ্যায়।

প্রথমবিভাগীয় চতুর্থশ্রেণীস্থ পঞ্চম উপশ্রেণী।

MEDICINES ACTING UPON GENERATIVE ORGANS.

ঔষধসকল জননেন্দ্রিয়ের উপর ক্রিয়াপ্রকাশক।

১ম ভাগ— EMMENAGOGUES AND ECBOLICS.

রজোনিঃসারক এবং গর্ভস্রাবক ঔষধসমূহ।

কোন কারণবশতঃ ঋতুক্রিয়া স্থগিত হইলে, যে সকল ঔষধদ্বারা পুনরায় ঋতু হয়, তাহাদিগকে এমেনেগগ্ বা রজোনিঃসারক কহে; এবং যে সকল ঔষধ সগর্ভ জরায়ুকে এরূপ সঙ্কোচিত করে যে, তন্মধ্যস্থ পদার্থ বহির্গত হইয়া যায়, তাহাদিগকে এক্‌বলিক্ বা গর্ভস্রাবক কহে।

DIRECT EMMENAGOGUES.

সাক্ষাৎ রজোনিঃসারক ঔষধসমূহ।

(১) আর্গট্ (Ergot)।

(২) স্যাভিন্ (Savin)।

(৩) রিউ (Rue)।

(৪) এসাফিটিডা (Asafœtida)।

(৫) ক্যাষ্টর্ (Castor)।

INDIRECT EMMENAGOGUES.

অসাক্ষাৎ রজোনিঃসারক ঔষধসমূহ।

(৬) ফেরুজিনাস্ লবণ (Ferruginous salts)।

(৭) এলোজ্ (Aloes)।

(৮) কলোসিন্থ্ (Colocynth)।

(৯) অন্যান্য প্রবলবিরেচক (Other strong purgatives)।

ECBOLICS.

গর্ভস্রাবক ঔষধসমূহ।

(১) আর্গট্ (Ergot)।

(২) ডিজিটেলিস্ (Digitalis)।

(৩) স্যাভিন্ (Savin)।

(৪) সোহাগা (Borax)।

রজোনিঃসারক এবং গর্ভস্রাবক ঔষধের ফল।

রজোনিঃসারক ঔষধদিগকে দুইশ্রেণীতে বিভক্ত করা হইয়াছে। যাহারা সাক্ষাৎরূপে জরায়ুর উপর ক্রিয়া করে, তাহারা প্রথমশ্রেণীভুক্ত, এবং যে সকল ঔষধ শরীরের স্বাস্থ্যোন্নতি করিয়া রজোনিঃসরণের সুবিধা করিয়া দেয়, তাহারা দ্বিতীয়শ্রেণীভুক্ত। যাহারা সাক্ষাৎ রজোনিঃসারক, তাহাদের দ্বারাই প্রথমোক্ত ক্রিয়া সাধিত হয়, এবং যাহারা অসাক্ষাৎ রজোনিঃসারক (Indirect Emmenagogues) তাহাদের ক্রিয়া স্বতন্ত্র। এনিমিয়া থাকিলে লৌহঘটিত ঔষধ অতি উপকারক। ইহারা রক্তসংশোধন করিয়া উপকার দর্শায়। অন্যান্যগুলি প্রথমতঃ বৃহৎঅন্ত্রকে উত্তেজিত করে, এবং সম্ভবতঃ তাহার ভিতরদিয়া জরায়ুর উপর ক্রিয়া করিয়া থাকে।

সাধারণতঃ ডাইরেক্ট্ এবং ইণ্ডাইরেক্ট্ রজোনিঃসারক ঔষধসকল একত্রিত করিয়া ব্যবস্থা করা হয়। কারণ, এনিমোরিয়া এবং রজঃস্রাবের অল্পতা, সচরাচর একত্র থাকিতে পারে।

গর্ভস্রাবক ঔষধসমূহ জরায়ুতে বিশেষরূপে ক্রিয়া করিয়া গর্ভস্থ ভ্রূণাদি বহির্গত করে। প্রবল বিরেচক ঔষধসকল জরায়ুকে সঙ্কোচিত করিতে পারে।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ।

জরায়ুর শৈথিল্যপ্রযুক্ত রজঃশোণিতের স্বল্পতা হইলে, সাক্ষাৎ রজোনিঃসারক ঔষধ ব্যবস্থা করা উচিত। দূরবর্ত্তী রজোনিঃসারক ঔষধসকল, বিশেষতঃ লৌহঘটিত ঔষধসকল, এমিনোরিয়ারোগে প্রায়ই উপকার দর্শায়; কারণ, সচরাচর রক্তাল্পতাবশতঃ উক্ত পীড়া হইয়া থাকে। এরূপ অবস্থায়, এলোজ্‌আদি যেসকল বিরেচক ঔষধ কোলন্ এবং রেক্টামের উপর ক্রিয়া করে, সেগুলি লৌহঘটিত ঔষধের সহিত ব্যবস্থা করিলে বিশেষ ফলদায়ক হয়; কারণ, দূষিত রক্তদ্বারা শীঘ্র জরায়ুর জড়তা ঘটিয়া থাকে। এরূপ স্থলে লৌহদ্বারা রক্তোন্নতি এবং এলোজ্‌দ্বারা জরায়ু অসাক্ষাৎরূপে উত্তেজিত হইয়া থাকে। সংক্ষেপতঃ ইহারা, রজঃস্রাব বন্ধ হইলে তাহা পুনঃস্থাপিত, রজঃশোণিতের পরিমাণ অল্প হইলে তাহা বর্দ্ধিত এবং রজঃ বিকৃত হইলে তাহা প্রকৃতাবস্থায় আনীত করে। জরায়ুর আধেয় পদার্থ বহির্গত করার উদ্দেশ্যে গর্ভস্রাবক ঔষধসকল ব্যবহৃত হয়। বাধির চিকিৎসার জন্য ও ইহাদের ব্যবহার আবশ্যক হইয়া থাকে। এই শ্রেণীস্থ ঔষধসকল কখন কখন গর্ভস্রাব করিবার জন্য অসদভিপ্রায়ে ব্যবহৃত হইয়া থাকে।

যে যে অবস্থায় রজোনিঃসারক ঔষধ নিষিদ্ধ তাহা নিম্নে লিখিত হইল :—

(১) গর্ভাবস্থায়, (২) জরায়ুতে ক্যান্‌সার্ রোগ হইলে স্বাভাবিক রজঃ প্রকাশার্থ, এবং (৩) বয়োধিক্যবশতঃ যখন রজোলুপ্তি হয়।

ল্যাটিন্।	ইংরেজী।
আর্গটা।	আর্গট্।
Ergota.	Ergot.

সাধারণ রাই শস্যের আবরণের মধ্যে কখন কখন ক্ল্যাভিসেপ্স্ পার্পিউরা নামক একপ্রকার কীট জন্মিয়া তথায় অণ্ড প্রসব করে; সেই অণ্ড রাইয়ের স্থান অধিকার করে। তাহাকেই আর্গট্ কহে।

প্রয়োগরূপ—

(১) এক্‌ষ্ট্রাক্টাম্ আর্গটি লিকুইডাম্।	লিকুইড্ এক্‌ষ্ট্রাক্ট্ অব্ আর্গট্।
Extractum Ergotæ Liquidum.	Liquid Extract of Ergot.

মাত্রা ১০—৩০ মিনিম্।

(২) ইন্‌ফিউজাম্ আর্গটি। — ইন্‌কিউশন্ অব্ আর্গট্।
Infusum Ergotæ. — Infusion of Ergot,
মাত্রা ১—২ আউন্স্।

(৩) টিংচুরা আর্গটি। — টিংচার্ অব্ আর্গট্।
Tinctura Ergotæ, — Tinchure of Eagot.
মাত্রা ৫—৩০ মিনিম্।

(৪) আর্গটিনাম্। — আর্গটিন্।
Ergotinum, — Ergotin.
মাত্রা ২—৫ গ্রেণ।

আর্গটিনের প্রয়োগরূপ—

(৫) ইঞ্জেক্‌শিও আর্গটিনি হাইপোডার্ম্মিকা। — হাইপোডার্ম্মিক্ ইঞ্জেক্‌শন্ অব্ আর্গটিন্।
Injectio Frgotini Hypodermica, — Hypodermic Injection of Ergotin.
মাত্রা ৩—১০ মিনিম্।

স্থানিক ক্রিয়া।

ইহার কোন স্থানিক ক্রিয়া নাই।

সার্ব্বাঙ্গিক ক্রিয়া।

ফিজিওলজিক্যাল্ ক্রিয়া—

(১) স্নায়ুমণ্ডলীর উপর—ইহার কোন অংশের উপর আর্গট্ কোন বিশেষ ক্রিয়া করেনা; কেবল মস্তিষ্কের রক্তবাহিনীনাড়ীসমূহকে সঙ্কোচিত করতঃ কিঞ্চিৎ এনিমিয়া উৎপাদন করে।

থিরাপিউটিক্যাল্ ব্যবহার—

(১) Dr. Brown-Sequard কোন কোন প্রকার প্যারাপ্লিজিয়ার (Paraplegia) সহিত উত্তেজনা না থাকিলে,ও প্রাদাহিক লক্ষণ তিরোহিত হইলে, আর্গট্ দিতে উপদেশ দেন। তাঁহার বিশ্বাস এই যে, আর্গট্ প্রসারিত রক্তবাহিনীনাড়ীসকলকে সঙ্কোচিত করিয়া ফল দর্শায়। কোন কোন

প্রকার পুরাতন মেনিয়ারোগে ইহা দ্বারা উপকার পাওয়া যায়।

(২) রক্তসঞ্চালন যন্ত্রসমূহের উপর— আর্গট্ হৃৎপিণ্ডের ক্রিয়াকে অল্পপরিমাণে অবসন্ন করে ও উহার স্পন্দনসংখ্যার হ্রাস করিয়া থাকে; এবং ধামনিক চাপ কমাইয়া তৎপর বর্দ্ধিত করে, ও অবশেষে ক্ষুদ্রধমনীসমূহকে সঙ্কোচিত করিয়া ধামনিক চাপ স্পষ্টরূপে বর্দ্ধিত করিয়া থাকে।

(২) আভ্যন্তরিক রক্তস্রাবে আর্গট সর্ব্বোৎকৃষ্ট সঙ্কোচকস্বরূপ ব্যবহৃত হয়; বিশেষতঃ মেনোরেজিয়া (Menorrhagia), হিমপ্‌টিসিস্ (Hæmoptysis), এপিষ্টাক্সিস্ (Epistaxis) ইত্যাদি পীড়াতে লিকুইড্ এক্‌ষ্ট্রাক্ট্ অব্ আর্গট্ দ্বারা অন্যান্য চিকিৎসা অপেক্ষা অধিক উপকার হইয়া থাকে। পূর্ব্বে গ্যালিক্ এসিড্ এবং এসিড্‌স্ দ্বারা যে চিকিৎসা হইত, তাহা আর্গট্‌দ্বারা পরাজিত হইয়াছে। আশুক্রিয়া প্রকাশের আবশ্যক হইলে, আর্গটিন্ ত্বগন্তর্গত পিচ্‌কারীস্বরূপ ব্যবহার করা যায়।

ইহা পার্পিউরারোগের উত্তম ঔষধ। ধামনিকঅর্ব্বুদ (Aneurism) আরোগ্যকরণার্থ আর্গটিনের পিচকারী ব্যবহৃত হইয়া থাকে। উক্ত পীড়ার থলি (Aneurysmal sac) সঙ্কোচিত হইয়া ব্যাধি আরোগ্য হইতে পারে; কিন্তু এই ঔষধ কতদূর কার্য্যকারী হয়, বলা যায়না। ইহা পুরাতন শিরাবৃদ্ধিতে (Varicose veins) ও অনুমোদিত হইয়া থাকে। আর্গট্ অধিক দিন খাদ্যস্বরূপ ব্যবহার করিলে নিম্নাঙ্গের ধমনীসকল সঙ্কোচিত হওয়ায়, তথাকার রক্তসঞ্চালন স্থগিত হয়, এজন্য একপ্রকার গ্যাংগ্রিন্ জন্মে।

ডায়েবেটিস্ ইন্‌সিপিডাস্ এবং এল্‌বিউমিনিউরিয়ারোগে আর্গট্ ব্যবহার দ্বারা Dr. Da Costa বিশেষ ফল পাইয়াছেন। থাইসিস্‌রোগে রাত্রে যে ঘর্ম্ম হইয়া থাকে, ২ গ্রেণ মাত্রায় আর্গটিন্ দিলে তাহা নিবারিত হয়।

(৩) শ্বাসপ্রশ্বাসক্রিয়া এবং শারীরিক উত্তাপের উপর—ইহার বিশেষ কোন ক্রিয়া নাই।

(৪) মূত্রযন্ত্রের উপর—অচিহ্নিত মাংসপেশীসূত্রসমূহের (Unstriped

(৫) ইহা ইন্‌কন্‌টিনেন্স্ অব্ ইউরিন্ রোগে (Incontinence of

muscular fibres) উপর আর্গটের বিশেষ ক্রিয়া থাকা বশতঃ,ইহা ব্লাডার্-কে সঙ্কোচিত করে এবং কিড্নির ম্যাল্পিঘিয়ান্ বডিসমূহের চাপ বর্দ্ধিত করিয়া মূত্রের পরিমাণ বর্দ্ধিত করে। সুতরাং ইহা ভ্যাসোমোটার্ মূত্রকারকের মধ্যে পরিগণিত।

urine) লৌহঘটিত ঔষধের সহিত দিলে বিশেষ উপকার হয়,কিন্তু ডাক্তার ফার্কুহার্সনের (Dr. Furquherson) মতে উক্ত ব্যাধিতে আর্গট্ অপেক্ষা বেলাডোনা অধিক ফল-প্রদ। বৃদ্ধব্যক্তিদিগের এন্লার্জ্ড্ প্রষ্টেট্ (Enlarged Prostate) এবং এটনি অব্ দি ব্লাডার্ (Atony of the Bladder) রোগে আর্গটিন্ ত্বগন্তর্গত পিচকারীস্বরূপ ব্যবহার করিলে মূত্রকারকেরন্যায় ক্রিয়া করিয়া উপকারী হয়।

(৫) পরিপাকযন্ত্রের উপর—আর্গট্ ব্যবহারে কখন কখন বমন, বিবমিষা এবং উদরাময় হয়; কিন্তু অন্ত্রের কৈশিক নাড়ীসমূহ সঙ্কোচিত হয় বলিয়া কোষ্ঠবদ্ধ জন্মিবার অধিক সম্ভাবনা থাকে।

(৫) কোন কোন প্রকার ডায়েরিয়া (Diarrhœa) এবং ডিসেণ্টেরিতে (Dysentery) আর্গট্ ব্যবস্থা করিয়া উৎকৃষ্ট ফল পাওয়া গিয়াছে।

(৬) জরায়ুর উপর—জরায়ুর উপর আর্গট্ বিশেষ ক্রিয়া প্রকাশ করে, উহার পেশীসূত্রদিগকে সঙ্কোচিত করিয়া উহার ক্রিয়া উন্নত ও তন্মধ্যস্থ আধেয় পদার্থকে বহির্গত করিয়া দেয়।

(৬) আর্গট্ জরায়ুকে সঙ্কোচিত করে এবং তাহার মধ্যস্থ পদার্থ বহির্গত করিয়া দিয়া একবলিকের ন্যায় কার্য্য করিয়া থাকে।

ডাক্তার ডাব্লিউ, এস্, প্লেফেয়ার্ (Dr. W. S. Playfair) প্রসবকালে আর্গট্ ব্যবহার সম্বন্ধে যে মত প্রকাশ করিয়াছেন তাহা নিম্নে বিবৃত হইল।

তিনি বলেন জরায়ুর ক্রিয়ামান্দ্যাবস্থায় আর্গট্ উত্তম ঔষধ; কারণ, ইহা জরায়ুর সূত্রদিগকে নিশ্চয়রূপে সঙ্কোচিত করিয়া থাকে। যাহা হউক, ইহাতে অনেক অসুবিধা আছে। ইহাতে মাতাও সন্তানের উপকার অপেক্ষা

অপকারের অধিক সম্ভাবনা থাকে। আর্গট্ চূর্ণ ১৫—২০ গ্রেণ, গরম জলে ফাণ্ট্ (infused) করিয়া, অথবা ২০—৩০ গ্রেণ মাত্রায় লিকুইড্ এক্‌ষ্ট্রাক্ট্ অব্ আর্গট্ দেওয়া হয়। ইহা প্রয়োগের পর ১৫ মিনিটের মধ্যে প্রসববেদনা উগ্র ও তাহার পৌনঃপুন্য বর্দ্ধিত হয় এবং যদি মস্তক বস্তিগহ্বরের নিম্নে থাকে ও কোমলাংশে কোন প্রতিবন্ধক না থাকে, তবে শীঘ্র প্রসবকার্য্য সমাধা হইয়া থাকে। যদি সকল সময় এই প্রকার ফল ঘটিত, তবে ইহা ব্যবহারে কোন বাধা থাকিত না। যাহা হউক, ইহাতে যে বেদনা হয়, তাহা স্বাভাবিক প্রসববেদনা অপেক্ষা অধিক প্রবল এবং বিরামশূন্য হয়, অর্থাৎ ইহাদ্বারা জরায়ুর টনিক্ কণ্ট্র্যাক্‌শন্ হইয়া থাকে। সুতরাং যদি আর্গট্ প্রয়োগের পর শীঘ্র প্রসব না হয়, তবে জরায়ুর সঙ্কোচনদ্বারা ইউটেরো-প্ল্যাসেণ্ট্যাল্ সার্কুলেশন্ বাধা প্রাপ্ত হওয়া প্রযুক্ত প্রসূতির এবং ভ্রূণের অনিষ্ট হইয়া থাকে। Dr. Hardy বলেন যে আর্গট্ ব্যবহারের পর মৃত ভ্রূণ (Stillborn) প্রসূত হইবার সম্ভাবনাই অধিক। ইহা অসতর্কভাবে ব্যবহার করিলে প্রসূতির জরায়ু বিদীর্ণ হইতে পারে, এজন্য আর্গট্ অতি বিবেচনা করিয়া ব্যবহার করা আবশ্যক। লিকুইড্ এক্‌ষ্ট্রাক্ট্ অব্ আর্গট্ ৫ হইতে ১০ মিনিম্ মাত্রায় ১০ মিনিট্ অন্তর প্রবলতর ক্রিয়া আরম্ভ না হওয়া পর্য্যন্ত দিলে, উপরোক্ত দুর্ঘটনা হইবার অল্প সম্ভাবনা থাকে।

Dr. Playfair বলেন যে প্রসবান্তে ১ ড্রাম্ কি ততোধিক লিকুইড্ এক্‌ষ্ট্রাক্ট্ অব্ আর্গট্ ব্যবস্থা করিলে প্রসবের পর রক্তস্রাব এবং বেদনা হয় না।

প্রসবান্তে জরায়ুহইতে রক্তস্রাবে (Post-partum Hæmorrhage) আর্গট্ মহোপকারী, কিন্তু ইহার ফল আশু প্রাপ্ত হওয়ার জন্য আর্গটিনের ত্বগন্তর্গত পিচকারী দেওয়া আবশ্যক। এরূপ অবস্থায় ২ গ্রেণ আর্গটিন্ সলিউশন্ করিয়া বস্তি কিম্বা অন্য স্থানের বিধানে ত্বগন্তর্গত পিচকারীদ্বারা ব্যবহার করিলে শীঘ্র কার্য্যকারী হয়।

প্রসবের কয়েক দিন পর জরায়ুহইতে রক্তস্রাব (Secondary uterine Hæmorrhage) হইলে, লিকুইড্ এক্‌ষ্ট্রাক্ট্ অব্ আর্গট্ ১ ড্রাম্ মাত্রায় প্রতি ৬ ঘণ্টা অন্তর ব্যবহারে সচরাচর উত্তম ফল হইয়া থাকে। উহার পুরাতনাবস্থায় রক্তস্রাব প্যাসিভ্ আকারের হইলে, সাল্‌ফেট্ অব্ আয়রন্

এবং অল্পপরিমাণ সাল্‌ফেট্‌ অব্‌ ম্যাগ্নেসিয়ার সহিত মিক্‌শ্চার্‌ করিয়া উক্ত ঔষধ দিলে উপকার হইয়া থাকে। আর্গট্‌ মেনোরেজিয়া (Menorrhagia) বা রজাধিক্যরোগের মহৌষধ। কিন্তু অগর্ভ জরায়ুতে এরূপ হইলে ইহার কার্য্য ধীরে হইয়া থাকে।

Dr. West বলেন যে গর্ভস্রাব (abortion) এবং প্রসবের পর জরায়ু উত্তমরূপে সঙ্কোচিত না হওয়া প্রযুক্ত কিম্বা সার্ব্বাঙ্গিক দুর্ব্বলতাপ্রযুক্ত জরায়ু-হইতে রক্তস্রাব হইলে, লিকুইড্‌ এক্‌ষ্ট্রাক্ট্‌ অব্‌ আর্গট্‌ ১ ড্রাম্‌ মাত্রায় ব্যবস্থা করিলে উত্তম ফল পাওয়া যায়; রক্তস্রাবের সহিত জরায়ুতে অধিক বেদনা থাকিলে, কয়েক ফোটা টিংচার্‌ কেনাবিস্‌ যোগ করিলে আরও উপকার হয়।

আর্গটিন্‌ ত্বগস্তর্গত পিচকারীদ্বারা ব্যবহার করিলে জরায়ুর সূত্রার্ব্বুদ (Fibroid tumour) বাড়িতে পারেনা। এরূপ অবস্থায় সমপরিমাণ জলের সহিত ১৫ হইতে ২০ মিনিম্‌ মাত্রায় লিকুইড্‌ এক্‌ষ্ট্রাক্ট্‌ অব্‌ আর্গটের ত্বগন্তর্গত পিচকারী নিতম্বপ্রদেশে দিতে হয়। ইহা ব্যবহারে উক্ত অর্ব্বুদ্‌ ছোট এবং রক্তস্রাব স্থগিত হইয়া থাকে। জরায়ুর পলিপাস্‌রোগে উক্ত প্রকার চিকিৎসাদ্বারা উপকার হইয়া থাকে। ব্রঙ্কোসিল্‌ বা গলগণ্ডরোগে আর্গ-টিনের ত্বগন্তর্গত পিচকারী ব্যবহার করিলে উপকার হয়।

INDICATION OF THE USES OF ERGOT.

নিম্নলিখিত অবস্থায় আর্গট্‌ দ্বারা উপকার হয়।

(১) কোন বিশেষ কারণ ব্যতীত প্রসববেদনা মৃদু এবং প্রসবকার্য্য সাধনে অক্ষম হইলে।

(২) জরায়ুমুখ (Os uteri) কোমল ও প্রসারণশীল থাকিলে।

(৩) স্বভাবতঃ প্রসব হওয়ার কোন প্রতিবন্ধকতা না থাকিলে।

(৪) মস্তক কিম্বা নিতম্ব (breech) পূর্ব্বে আসিয়া যথেষ্ট অগ্রসর হইলে।

(৫) শিরঃপীড়া অথবা অধিক সার্ব্বাঙ্গিক দুর্ব্বলতা না থাকিলে।

CONTRA-INDICATION.

নিম্নলিখিত অবস্থায় আর্গট্ ব্যবহার নিষিদ্ধ।

(১) জরায়ু দৃঢ় এবং অনমনীয় থাকিলে।

(২) সন্তানের অগ্রবর্ত্তী অংশ প্রসাবয়িতা অঙ্গুলিদ্বারা অনুভব করিতে না পারিলে।

(৩) মস্তক কিম্বা নিতম্ব ভিন্ন অন্য অংশ অগ্রবর্ত্তী হইলে (mal-presentation)।

(৪) বস্তিগহ্বরের বিকৃতি থাকিলে।

(৫) বস্তিগহ্বরের কোমলাংশে প্রসব হওয়ার কোন গুরুতর প্রতিবন্ধকতা থাকিলে।

(৬) শিরঃপীড়া এবং অন্যান্য শারীরিক উত্তেজনা বর্ত্তমান থাকিলে।

(৭) প্রসবের প্রথম অবস্থায় (stage)।

MODE OF ELIMINATION, DANGERS, CAUTIONS.

বহির্গমনপ্রণালী, আশঙ্কা ও সতর্কতা।

যে সকল দেশে আর্গটে পরিণত রাই (ergotised rye) প্রচুরপরিমাণে ব্যবহৃত হয়, তথায় নিম্নলিখিত দুইপ্রকার পীড়া জন্মে।

(১) বিগলনবিশিষ্ট আর্গটিজ্‌ম্ (Gangrenous form of Ergotism)। ইহাতে নাক, মুখ ও অঙ্গপ্রত্যঙ্গের শুষ্ক বিগলন (dry gangrene) হইয়া থাকে।

(২) আক্ষেপবিশিষ্ট আর্গটিজ্‌ম্ (Spasmodic Ergotism)। ইহাতে সেরিব্রো-স্পাইন্যাল্ সিষ্টেম্ আক্রান্ত হয়, এবং প্রবল যন্ত্রণাদায়ক আক্ষেপ হইয়া থাকে। ইহা ঔষধমাত্রায় ব্যবহার করিলে, উপরোক্ত প্রকার লক্ষণ সকল হয় না, কিন্তু পরিপাকক্রিয়ার কোনরূপ বৈলক্ষণ্য এবং পেটে কলিকের (Colic) ন্যায় বেদনা হইতে পারে।

ইঞ্জেক্‌শিও আর্গটিনি হাইপোডার্ম্মিকা ৩ হইতে ১০ মিনিম্ মাত্রায় ত্বগন্তর্গত পিচকারীদ্বারা ব্যবহৃত হইতে পারে। কিন্তু ইহার অসুবিধা এই যে বিদ্ধ স্থানে একটী বেদনাজনক, কুৎসিৎ ও কৃষ্ণবর্ণ মাংসপিণ্ড উৎপন্ন হয়।

কিন্তু উহার বীর্য্য স্ক্লেরোটিক্ এসিড্ (Sclerotic acid) উপরোক্ত প্রকারে সুবিধার সহিত ব্যবহৃত হইতে পারে।

মাত্রা ½—⅓ গ্রেণ।

Dr, Simpson's formula.

℞

Ergotini	ʒiii
Chloral Hydratis	℥ss
Aquæ Destillatæ	ʒvi

M. ft. injection. ১৬ মিনিম্ মাত্রায় স্কুটিয়েল্ মাস্লে পিচকারী দিবে।

℞

Ext. Ergotæ Luquidi	ʒii
Decoc. Aloes Compositi ad	℥viii

M. ft. mistura. ১ আউন্স্ মাত্রায় দিবসে দুই বার এমিনোরিয়ারোগে ব্যবহার্য্য।

℞

Pulveris Ergotæ	ʒi
Sacchari	ʒiv
Aquæ Bullientis	℥iii

M. ft. mistura ১ আউন্স্ মাত্রায় প্রতি ২ ঘণ্টা অন্তর সেব্য। মেনোরেজিয়াতে প্রযোজ্য।

এনিমিয়াবশতঃ এমিনোরিয়া হইলে কোন লৌহঘটিত মিকশ্চারে একটু আর্গট্ মিশাইয়া দিলে বেশ উপকার হয়।

ল্যাটিন্।	ইংরেজী।
সেবাইনি কাকিউমিনা।	স্যাভিন্ টপস্।
Sabinæ Cacumina.	Savin Tops.

ইহা জুনিপেরাস্-সেবাইনা নামক বৃক্ষের সরস এবং শুষ্ক শাখাগ্র।

চূর্ণের মাত্রা ৪—১০ গ্রেণ।

ওলিয়াম্ সেবাইনি।	অয়েল্ অব্ স্যাভিন্।
Oleum Sabinæ,	Oil of Savin.

মাত্রা ১—৪ মিনিম্।

প্রয়োগরূপ—

(১) টিংচুরা সেবাইনি — টিংচার্ অব্ স্যাভিন্।

Tinctura Sabinæ. — Tincture of Savin.

মাত্রা—২০ মিনিম্ হইতে ১ ড্রাম্।

(২) আঙ্গুয়েন্টাম্ সেবাইনি। — অয়েন্ট্‌মেন্ট্ অব্ স্যাভিন্।

Unguentum Sabinæ. — Ointment of Savin.

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—ইহা আভ্যন্তরিক ও স্থানিক প্রয়োগে উত্তেজক ও উগ্রতাসাধক। জরায়ুর উপর ইহার উত্তেজনক্রিয়া বিশেষরূপে প্রকাশ পাইয়া রজোনিঃসারণ করে। ব্লিষ্টারের পর সেই স্থান সরস রাখিবার জন্য, ইহার অয়েন্ট্‌মেন্ট্ স্থানিক ব্যবহৃত হয়। কোন কোন প্রকার রজোল্পতায় ইহা ব্যবহৃত হইতে পারে। কিন্তু গর্ভাবস্থায়, রজঃস্বলাবস্থায়, জরায়ুতে রক্তাধিক্য থাকিলে, এবং জর ও প্রদাহ বর্ত্তমান ইহা নিষিদ্ধ। ইহা অধিক মাত্রায় খাইলে ষ্টমাক্ এবং অন্ত্রের প্রদাহ জন্মাইয়া, উত্তেজক বিষের ন্যায় ক্রিয়া প্রকাশ করিয়া থাকে। ইহা কচিৎ আভ্যন্তরিক ব্যবহৃত হয়।

ল্যাটিন্। — ইংরেজী।

রিউটা। — রিউ।

Ruta. — Rue.

ইহা রিউটা-গ্র্যাভিয়োলেন্স্ নামক বৃক্ষের পত্র।

প্রয়োগরূপ—

ওলিয়াম্ রিউটি। — অয়েল্ অব্ রিউটা।

Oleum Rutæ — Oil of Ruta.

মাত্রা ১—৪ মিনিম্।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—রিউ কিম্বা তাহার তৈল স্থানিক প্রয়োগে, উত্তেজক ও ফোস্কাকারক; আভ্যন্তরিক প্রয়োগে, আক্ষেপনিবারক, ও রজোনিঃসারক। কেহ কেহ বলেন, যে ইহার ক্রিমিনাশক গুণও আছে।

এমিনোরিয়া (Amenorrhœa), ক্লোরোসিস্ (Chlorosis), এবং জরায়ুর অন্যান্য ব্যাধিতে ইহা ব্যবহৃত হয়। ইহা অন্যান্য রজোনিঃসারক ঔষধের

সহিত ব্যবহার করা হয়। হিষ্টিরিয়া এবং ফ্ল্যাটিউলেণ্ট্ কলিকে ২ মিনিম্ অয়েল্ অব্ রিউ দিলে উত্তম ফল পাওয়া যায়।

লাটিন্।	ইংরেজী।
বোর‍্যাক্স্।	বোর‍্যাক্স্।
Borax.	Borax.

সোহাগা। ইহার অপর নাম Biborate of Sodium।

মাত্রা ৫—৪০ গ্রেণ।

প্রয়োগরূপ—

মেল্ বোরেসিস্।	হানি অব্ বোর‍্যাক্স্।
Mel Boracis.	Honey of Borax.
গ্লিসিরিনাম্ বোরেসিস্।	গ্লিসিরিন্ অব্ বোর‍্যাক্স্।
Glycerinum Boracis.	Glycerine of Borax.।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—ইহা পরিপাকযন্ত্রের উপর অম্লনাশকের ন্যায় ক্রিয়া প্রকাশ করে, প্রস্রাবাধিক্য জন্মায়, এবং কেহ কেহ বলেন, যে জরায়ুর উপর ইহার বিশেষ ক্রিয়া থাকা প্রযুক্ত উহার সংকোচ উৎপাদন করে। কিন্তু ইহার শেষোক্ত গুণ সন্দেহজনক। কখন কখন ইহা মূত্রকারক এবং অম্লনাশক ক্রিয়ার জন্য ব্যবহৃত হয়, কখন বা জরায়ুকুসুম (placenta) বহির্গত করার জন্য ইহা আর্গটের সহিত দেওয়া যায়, এবং কখন ও ইহা রজোনিসারকস্বরূপও ব্যবহৃত হয়। ইহা কোন স্থানের শ্লৈষ্মিক ঝিল্লির উপর লাগাইলে অবসাদন ক্রিয়া প্রকাশিত করে। ইহা মধু বা গ্লিসিরিণের সহিত কিম্বা কুল্লিস্বরূপ, জিহ্বা ও গলার এপ্‌থিরোগে এবং পারাঘারা মুখ আসা রোগে ব্যবহৃত হয়।

যোনি এবং জরায়ুর উত্তেজিতাবস্থাতে ইহা পিচকারীস্বরূপ ব্যবহারে, এবং স্ক্রোটাম্, এনাস্ কিম্বা পিউডেণ্ডামে চুলকানি হইলে ইহা লোশন্‌আকারে ব্যবহার করিলে, উপকার দর্শে। এতদর্থে Dr. West নিম্নলিখিত লোশন্ ব্যবস্থা করেন।

℞ Sodæ Bibor, ʒiv
Morphinæ Hydrochlor. gr.viii
Aqua Laurocerus ℥i
Aqua Rosæ ℥x
M. ft. lotion.

জরায়ুর নিস্তেজস্কতাবশতঃ প্রসবে বিলম্ব হইলে ডাক্তার রিগ্বি নিম্নলিখিত রূপে ইহা প্রয়োগ করিতে ব্যবস্থা দেন।

℞
Ergotæ gr.xx-xl
Sodæ bibor. gr.x
Cinnamon water ℥iiss
M. ft. mistura.

এমিনোরিয়া এবং ক্লোরোসিস্ রোগেও আর্গট্ ব্যবহৃত হইয়া থাকে। লিউকোরিয়ারোগে জরায়ুনিস্রাব কটু হইয়া বাহ্য উত্তেজনা জন্মাইলে বাইবোরেট্ অথবা কার্ব্বনেট্ অব্ সোডাদ্বারা উত্তেজিত স্থান বারংবার ধৌত করিলে উপকার দর্শে।

ডিস্মেনোরিয়া বা কষ্টরজঃ-রোগে ইহা একষ্ট্রাক্ট্ অব্ বেলাডোনার সহিত প্রয়োগ করিলে উপকার হয়।

ক্রণিক্ সিষ্টাইটিস্রোগে Sir H. Thompson নিম্নলিখিত পিচকারী ব্যবহার করিতে উপদেশ দেন।

℞
Sodæ bibor. ʒi
Glycerini ℥ii
M. ft.

ইহার ২ কি ৩ টিস্পুন্ ৪ আউন্স্ গরম জলে মিশ্রিত করিয়া ব্যবহার করিতে হয়। গনোরিয়ারোগে ইহার পিচকারীদ্বারা কখন কখন উপকার হইয়া থাকে।

সোর্ এবং কুচাগ্রবিদারণে সোডি বাইবোর্ ১ ড্রাম্, রেক্টিফাইড্ স্পিরিট্ অর্দ্ধ আউন্স্ এবং একোয়া ১ আউন্স্, শিশুকে স্তন্য দিবার অগ্রে এবং পরে লোশনস্বরূপ প্রয়োগ করিতে হয়।

ডিফ্‌থিরিয়াতে ইহার কুল্লি করিলে উপকার হইয়া থাকে।

লাটিন্।	ইংরেজী।
সিমিসিফিউগি রাইজোমা।	সিমিসিফিউগা।
Cimicifugæ Rhizoma.	Cimicifuga.

ইহা সিমিসিফিউগা-বেসিমোসা নামক বৃক্ষের শুষ্ক কন্দ এবং ক্ষুদ্রশিকড়।

মাত্রা ১৫—৬০ মিনিম্।

প্রয়োগরূপ—

একষ্ট্রাক্টাম্ সিমিসিফিউগি লিকুইডাম্।	লিকুইড্ এক্‌ষ্ট্রাক্ট্ অব্ সিমিসিফিউগা।
Extractum Cimicifugæ Liquidum.	Liquid Extract of Cimicifuga.

মাত্রা ৩—৩০ মিনিম্।

টিংচ্যুরা সিমিসিফিউগি।	টিংচার্ অব্ সিমিসিফিউগা।
Tinctura Cimicifugæ.	Tincture of Cimicifuga.

মাত্রা ২৫—৬০ মিনিম্।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—ইহা বলকারক, কফনিঃসারক এবং ধামনিক ও স্নায়বীয় অবসাদক। ইহা হৃৎপিণ্ডকে ধীরগতি করে, কিন্তু উহার ক্রিয়ার বল বর্দ্ধিত করিয়া থাকে; নাড়ীর স্পন্দনের সংখ্যা এবং বলের লাঘব করে কিন্তু ধামনিক চাপ বর্দ্ধিত করিয়া থাকে; অধিক মাত্রায় ব্যবহারে, শিরোঃঘূর্ণন, দৃষ্টিবৈলক্ষণ্য, কনীনিকার প্রসারণ, বিবমিষা, বমন এবং নাড়ীর সংখ্যার দুর্ব্বলতা ঘটাইয়া থাকে। ইহার ক্রিয়া কেহ কেহ একোনাইটের সদৃশ, ও কেহ কেহ কলচিকামের সদৃশ বলিয়া কহেন। কিন্তু ইহার বিশেষ ক্রিয়া জরায়ুর উপর দর্শে; এসম্বন্ধে ইহার ক্রিয়া আর্গটের ন্যায়, কিন্তু মৃদুতর; ইহা ব্যবহারে সগর্ভ জরায়ু সঙ্কোচিত হওয়ায়, তন্মধ্যস্থ ভ্রূণ বহির্গত হয়; গর্ভস্থ ভ্রূণের ও প্রসূতির কোমলাংশের আঘাত পাইবার বড় আশঙ্কা থাকে না। থাইসিস্ রোগে ইহা ব্যবহার করিলে কাশির উপশম, ক্ষুধাবৃদ্ধি এবং ব্রঙ্কাইটিশ্ হইবার আশঙ্কাহীন হওয়ায়, রোগীর স্বাস্থ্যোন্নতি হইয়া থাকে। ক্যাটার্

রোগে ইহা ব্যবহার্য্য। ব্রঙ্কাইটিস্ রোগে ও ইহা কফনিঃসারণ ক্রিয়া করিয়া উপকার দর্শায়। শেষোক্ত রোগে, ডাঃ বার্থোলো (D. Barthołow) নিম্নলিখিত ব্যবস্থা অনুমোদন করেন।

℞

Extr. Cimicifugæ	℥ss
Tinct. Opii	ʒi
Syr. Tolu	℥xi

M. Dose, one teaspoonful every four hours.

ইহা পুরাতন বাতরোগে অতি উৎকৃষ্ট ঔষধ; ডাঃ রিঙ্গার্ বলেন, যে রিউমেটয়েড্ আর্থ্রাইটিস (Rheumatoid Arthritis) রোগে, যখন সন্ধিসকল স্ফীত এবং ষ্টিফ্ (শক্ত) হয়, তখন তিনি ইহা ব্যবহার করিয়া উত্তম ফল পাইয়াছেন। লাম্বেগো ও সায়েটিকা রোগে, ইহা ব্যবহারে উত্তম ফল দর্শে। জরায়ুর রোগসম্বলিত প্লুরোডিনিয়া (Pleurodynia) ইহা ব্যবহারে ক্ষণকালের মধ্যে উপশমিত হয়। নানাপ্রকার নিউর‍্যালজিয়া রোগে ইহা ব্যবহার্য্য। কোরিয়া রোগে ইহা ব্যবহারে কখন ২ উপকার হয়। এমিনোরিয়া, মেনোরেজিয়া এবং ডিস্মেনোরিয়াদি জরায়ুর পীড়াতে ইহা ব্যবহার করিয়া, কেহ কেহ উত্তম ফল পাইয়াছেন। ঋতুবৈলক্ষণ্যবশতঃ উষ্ণতা, মুখের আরক্তিমতা এবং মস্তক, পীঠ ও অঙ্গপ্রত্যঙ্গে বেদনা হইলে, ইহা ব্যবহারে, উত্তম ফল দর্শিয়া থাকে। স্পার্মেটোরিয়া এবং স্বপ্নদোষ (Nocternal Emissions) হইলে, ইহা স্নায়ুমণ্ডলের বলবর্দ্ধন, উত্তেজনা দূরীকরণ এবং সুনিদ্রা উৎপাদন করিয়া ফল দর্শায়। ডাঃ বার্থোলো (Dr. Bartholow) ইহাকে উত্তম কামোদ্দীপক বিবেচনা করেন। এটনিক্ ডিস্পেপ্সিয়া রোগে (বিশেষতঃ মদ্যপায়ীদের হইলে) ইহা ব্যবহারে বিশেষ উপকার হইয়া থাকে।

২য় এবং ৩য় ভাগ—APHRODISIACS AND ANAPHRODISIACS.

কামোদ্দীপক এবং কামনাশক ঔষধসমূহ।

যে সকল ঔষধ স্ত্রী ও পুরুষ উভয় জাতিরই কামদ্দীপন এবং রতিশক্তি বৃদ্ধি করে, তাহাদিগকে এফ্রডিজিয়াক্ বা কামোদ্দীপক, এবং যেসকল ঔষধ কাম প্রবৃত্তির দমন এবং জননেন্দ্রিয়ের উত্তেজনার হ্রাস করে, তাহাদিগকে

এনাফ্রডিজিয়্যাক্ বা কামনাশক ঔষধ কহে। ইহারা প্রত্যেকে সাক্ষাৎ এবং অসাক্ষাৎ এই দুই উপশ্রেণীতে বিভক্ত।

DIRECT APHRODISIACS.

সাক্ষাৎ কামোদ্দীপক ঔষধসমূহ।

(১) নক্স্ ভমিকা (Nux vomica)।

(২) ষ্ট্রিক্‌নিন্ (Strychnine)।

(৩) ক্যান্থারিডিস্ (Cantharides)।

(৪) ফস্ফরাস্ (Phosphorus)।

(৫) গাঞ্জা (Indian hemp)।

(৬) অল্পমাত্রায় অহিফেন (Opium in small doses)।

INDIRECT APHRODISIACS.

অসাক্ষাৎ কামোদ্দীপক ঔষধসকল।

(৭) রক্তসংস্কারক ঔষধসকল (Blood tonics)।

(৮) স্নায়বীয় বলকারকসমূহ (Nervine tonics)।

(৯) সাক্ষাৎ আক্ষেপনিবারকসমূহ (Direct antispasmodics)।

DIRECT ANAPHRODISIACS.

সাক্ষাৎ কামনাশক ঔষধবর্গ।

(১) ব্রোমাইড্ অব্ পটাশিয়াম্ (Bromide of Potassium)।

(২) ব্রোমাইড্ অব্ এমোনিয়াম্ (Bromide of Ammonium)।

(৩) ব্রোমাইড্ অব্ সোডিয়াম্ (Bromide of Sodium)।

(৪) হেম্লক্ (কোনিয়াম্) Hemlock (Conium)।

(৫) কর্পূর (Camphor)।

অসাক্ষাৎ কামনাশক ঔষধবর্গ।

(৬) ক্ষার ঔষধসকল, (দীর্ঘকাল ব্যবহৃত হইলে) Alkaline medicines (the continued use of)।

(৭) সমস্ত ধামনিক এবং স্নায়বীয় অবসাদক ঔষধ (All vascular and nervine sedatives)।

কামোদ্দীপক এবং কামনাশক ঔষধসমূহের ফল।

সাক্ষাৎ কামোদ্দীপক ঔষধসমূহ সম্ভবতঃ স্পাইন্যাল্ কর্ডের উপর সাক্ষাৎরূপে উত্তেজকের ন্যায় ক্রিয়া করে; এবং অসাক্ষাৎ কামোদ্দীপক ঔষধসমূহ সমস্ত শরীরের বলবিধান করিয়া কার্য্যকারী হয়। অবস্থাভেদে সাক্ষাৎ এবং অসাক্ষাৎ কামোদ্দীপক ঔষধসমূহ ব্যবহার করা যায়। কামনাশক ঔষধসমূহ কামোদ্দীপকের বিপরীত কার্য্য করিয়া থাকে। এই শ্রেণীস্থ ঔষধসকল কামনাশক গুণের জন্য কখনও ব্যবহৃত হয় না।

পঞ্চবিংশ অধ্যায়।

প্রথমবিভাগীয় চতুর্থশ্রেণীস্থ ষষ্ঠ উপশ্রেণী।

MEDICINES WHICH ACT UPON THE EYES.

চক্ষুর উপর কার্য্যকারী ঔষধসমূহ।

১ম ভাগ—Pupil Dilators কনীনিকাপ্রসারকসমূহ।

২য় ভাগ—Pupil Contractors কনীনিকাসঙ্কোচকসমূহ।

কনীনিকাপ্রসারক ঔষধসমূহ।

(১) বেলাডোনা (Belladonna)।

(২) এট্রোপিন্ (Atropine)।

(৩) ষ্ট্র্যামোনিয়াম্ (Stramonium)।

(৪) হেন্‌বেন্ (Henbane)।

(৫) কোকেন্ (Cocaine)।

কনীনিকাসঙ্কোচক ঔষধবর্গ।

(১) ক্যালেবার্ বীন্ (Calabar bean)।

(২) অহিফেন (Opium)।

(৩) মর্ফিনের লবণসকল (Salts of morphine)।

(৪) অহিফেনের অন্য কয়েকটী উপক্ষার (Some other alkaloids in opium)।

(৫) অহিফেনের রেজিন্ (resin of opium)।

উপরোক্ত ঔষধসমূহের ক্রিয়া।

উপরোক্ত তালিকাস্থ কনীনিকাপ্রসারক ঔষধসমূহ চক্ষুর প্রয়োজনানুযায়ি পরিবর্ত্তনক্ষমতাকে (adjusting power) অবসন্ন করিয়া ফেলে। ইহাদিগকে চক্ষুতে কিম্বা চক্ষুর নিকটবর্ত্তী স্থানে লাগাইলে অথবা খাইলে একই ফল উৎপন্ন হয়।

যেসকল ঔষধ কনীনিকাকে সঙ্কোচিত করে, তাহারা মাইওপিয়া (Myopia) বা দূরদর্শনাক্ষমতা (Short-sightedness) উৎপন্ন করে, কারণ ইহাতে সিলিয়ারি মাস্‌লের আক্ষেপ হইয়া থাকে।

ক্যালেবার্ বীন্ স্থানিক ও আভ্যন্তরিক ব্যবহারে একইপ্রকার ক্রিয়া প্রকাশিত করিয়া থাকে। পক্ষান্তরে ওপিয়াম্ চক্ষুতে লাগাইলে কোনপ্রকার ক্রিয়া প্রকাশিত হয় না। কিন্তু ইহা আভ্যন্তরিক ব্যবহার করিলে শরীরে শোষিত হইয়া ক্রিয়া প্রকাশ করে।

যে সকল ঔষধ স্থানিক লাগাইলে কনীনিকা সঙ্কোচিত হয়, তাহারা আই-রিসের সার্ক্যুলার্ মাস্‌লস্থিত ৩য় যুগ্মস্নায়ুর সূত্রগুলিকে উত্তেজিত করিয়া কার্য্যকারী হয়। ইহাদের মধ্যে ক্যালেবার্ বীন্ ও পাইলোকার্পিন্ প্রধান, এবং চক্ষুচিকিৎসায় ব্যবহৃত হয়।

ওপিয়াম্ এবং কোনিয়াম্ প্রভৃতি কোন কোন প্রকার ঔষধ আভ্যন্তরিক ব্যবহারে কনীনিকা সঙ্কোচিত করে। ইহাদের মধ্যে কোনিয়াম্ ৩য় যুগ্মস্নায়ুর উপর, এবং ওপিয়াম্ ব্রেইনের উপর ক্রিয়া করে।

জেল্‌সিমিয়াম্ এবং মাস্‌কেরিন্ স্থানিক ব্যবহারে কনীনিকা প্রসারিত করে। কিন্তু যখন আভ্যন্তরিক ব্যবহৃত হয়, তখন কনীনিকা সঙ্কোচিত করিয়া থাকে। এট্রোপিন্ এবং মাস্কেরিন্ ৩য় যুগ্মস্নায়ুর অবসাদ উৎপাদনপূর্ব্বক কনীনিকা প্রসারিত করিয়া থাকে।

ষ্ট্র্যামোনিয়াম্, হাইয়োসায়েমিন্ এবং জেল্‌সিমিয়াম্ ইত্যাদির ও উক্ত ক্রিয়া আছে।

কোকেন্, সিম্প্যাথেটিক্ স্নায়ুকে উত্তেজিত করতঃ কনীনিকা প্রসারিত করিয়া থাকে।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—এই সকল ঔষধ নেত্রপরীক্ষার জন্য কনীনিকা প্রসারিত করিতে, এবং আইরাইটিস্‌রোগে (Iritis) আইরিসের সংযোগ (adhesion) নিবারণ করিবার জন্য ব্যবহৃত হয়। ক্যালেবার্ বীন্, এট্রোপিনের উপরোক্ত ফলকে বাধা দিবার জন্য এবং কখন কখন অন্যান্য অভিপ্রায়ে ব্যবহৃত হইয়া থাকে। কোকেন্ চক্ষুর অস্ত্রচিকিৎসাকালে তথায় স্পর্শশক্তিহীনতা (Anæsthesia) উৎপাদনার্থ ব্যবহৃত হইয়া থাকে।

ল্যাটিন্।	ইংরেজী।
কোকা।	কোকা।
Coca.	Coca.

ইহা ইরিথ্রক্সিলন্-কোকা নামক বৃক্ষের শুষ্ক পত্র।

মাত্রা ½—১ ড্রাম্।

প্রয়োগরূপ—

এক্ষ্ট্রাক্টাম্ কোকি লিকুইডাম্।	লিকুইড্ এক্‌ষ্ট্রাক্ট্ অব্ কোকা।
Extractum Cocæ Liquidum.	Liquid Extract of Coca.

মাত্রা ½—২ ড্রাম্।

ল্যামেলি কোকেনি।	ডিস্ক্‌স্ অব্ কোকেন্।
Lamellæ Cocainæ.	Discs of Cocaine.

প্রত্যেক চাক্তিতে ১/২০০ গ্রেণ, হাইড্রোক্লোরেট্ অব্ কোকেন্ আছে। কোকার এতদ্ব্যতীত আরও প্রয়োগরূপ আছে. তাহা ফার্ম্মাকোপীয়ায় গৃহীত হয় নাই।

ইলিক্সার্ কোকি।

Elixir Cocæ,

মাত্রা ১—৪ ড্রাম্, জলের সহিত। ইহা সুস্বাদ।

এক্ষ্ট্রাক্টাম্ কোকি।	এক্‌ষ্ট্রাক্ট্ অব্ কোকা।
Extractum Cocæ.	Extract of Coca.

মাত্রা ২—১৫ গ্রেণ বা তদধিক, বটিকাকারে ব্যবহার্য্য।

ইন্‌ফিউজাম্ কোকি। ইন্‌ফিউশন্ অব্ কোকা।

Infusum Cocæ. Infusion of Coca.

ইহা দুগ্ধ ও চিনির সহিত, চার ন্যায় ব্যবহার্য্য।

টন্সিলাইটিস্ রোগে ইহা গরম থাকিতে, কুল্লিস্বরূপ ব্যবহার করা যাইতে পারে।

প্যাষ্টিলাস্ কোকি একষ্ট্রাক্টাই।

Pastillus Cocæ Extracti.

প্রতি প্যাষ্টিলে ইহার ২½ গ্রেণ একষ্ট্রাক্ট্ আছে।

মাত্রা—এক প্যাষ্টিল্, প্রতি ২। ৩ ঘণ্টা অন্তর ব্যবহার্য্য।

ভাইনাম্ কোকি। ওয়াইন্ অব্ কোকা।

Vinum Cocæ. Wine of Coca.

মাত্রা—½ আউন্স্ হইতে এক ওয়াইন্-গ্ল্যাস্।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—কোকা চর্ব্বিত হইলে নার্ভাইন্ এবং মাস্‌কিউলার্ টনিক্ স্বরূপ ক্রিয়া করে। ইহাতে টিস্যু ধ্বংস হয় না। আমেরিকা প্রদেশে ইহা চা এবং কাফির পরিবর্ত্তে ব্যবহৃত হইয়া থাকে। ইহা ব্যবহারে শ্রমপটুতা বৃদ্ধি পায় এবং ক্ষুধা, তৃষ্ণা ও ক্লান্তির লাঘব হয়। ইহা পরিপাক এবং শ্বাস-প্রশ্বাসযন্ত্রের নানা ব্যাধিতে ব্যবহার্য্য। ইহা এজ্‌মা, ক্রণিক্ ব্রঙ্কাইটিস্, থাইসিস্, জেনারেল ডিবিলিটি ও অজীর্ণ প্রভৃতি পীড়াসমূহে বিশেষরূপে ব্যবহৃত হয়। ইহা স্ফূর্ত্তিজনক; এবং বিষাদযুক্ত উন্মাদরোগে (Melancholia) ব্যবহার্য্য। বহুমূত্ররোগে অদম্য পিপাসা ও ক্ষুধার নিবারণার্থ এবং জননেন্দ্রিয়ের দুর্ব্বলাবস্থায় ও ইহা ব্যবহৃত হয়। লেরিংস্ ও ফেরিংসের উত্তেজিত, প্রদাহিত এবং গ্র্যানিউলার্ অবস্থায় ইহার একষ্ট্রাক্ট্ জলে দ্রব করিয়া, পিগ্‌মেণ্ট্‌স্বরূপ ব্যবহার করা হয়। ভোক্যাল্ কর্ডের দুর্ব্বলতা কিম্বা শিথিলতা প্রযুক্ত স্বরভঙ্গে ইহার প্যাষ্টিল্ পূর্ব্বোক্তরূপে ব্যবহৃত হয়। এজ্‌মা উপশমিত করিবার জন্য, ইহার পত্রের ধূম পান করা হয়।

ল্যাটিন্। ইংরেজী।

কোকেনা। কোকেন্।

Cocaina. Cocaine.

ইহা কোকা হইতে প্রাপ্ত উপক্ষার।

মাত্রা $\frac{1}{6}$—১ গ্রেণ, বটিকা কিম্বা ট্যাব্লেট্ আকারে ব্যবহার্য্য।

ইহার কতকগুলি প্রয়োগরূপ নিম্নে বর্ণিত হইল।

বুজিস্ অব্ কোকেন্।

Bougies of Cocaine.

ইহা মূত্রনালীর বেদনাজনক ব্যাধিতে, স্থানিকরূপে ব্যবহার্য্য। ইহার প্রতি বুজিতে ২ গ্রেণ কোকেন্ আছে।

সিরেটাম্ কোকেনি।

Ceratum Cocainæ.

ইহার ৩০ ভাগ পিট্রোলিয়াম্ সিরেটে ১ ভাগ কোকেন্ আছে। পোড়াঘা (burns), দ্রবদ্রব্যদ্বারা দাহ (scald), কণ্ডূয়ন (Pruritus) ও আমবাতে (Urticaria) ব্যবহৃত হয়।

কলোডিয়াম্ কোকেনি।

Collodium Cocainæ.

ফ্লেক্সিব্ল্ কলোডিয়ানে শতকরা ২ ভাগ কোকেন্ আছে। কণ্ডূয়ন উপশম এবং প্রাদাহিক চিল্ব্লেইন্ (Chilblain) আরোগ্যকরণার্থ ইহার ব্যবহার হয়।

এম্প্লাষ্ট্রাম্ কোকেনি।

Emplastrum Cocainæ.

৫০ ভাগ লেডপ্লাষ্টারে ১ ভাগ কোকেন্ দ্রবভাবে আছে। সায়েটিকা, ইণ্টার্কষ্ট্যাল্ নিউর্যাল্জিয়া, টেণ্ডার্ কর্ন্ এবং ব্রুজ্ ইত্যাদিতে ইহার স্থানিক ব্যবহার হয়।

ওলিয়াম্ কাম্ কোকেনা।

Oleum Cum Cocaina.

ইহা আমণ্ড্ অয়েল্দ্বারা প্রস্তুত। ইহাতে শতকরা ২ ভাগ কোকেন্ আছে। ইহা কর্ণশূলে (Earache) ব্যবহার্য্য। চক্ষে ব্যবহার করিতে হইলে বাদামতৈলের পরিবর্ত্তে ক্যাষ্টার্ অয়েল্ ব্যবহার করিবে।

টেবেলি কোকেনি।

Tebellæ Cocainæ.

মাত্রা—এক চাক্তি, প্রতি ১৫ মিনিট্ বা অর্দ্ধ ঘণ্টা অন্তর।

ইহার প্রতি চাক্তিতে ১/২০ গ্রেণ কোকেন্ আছে; কখন কখন ১/১০ গ্রেণ হইতে ২ গ্রেণ পর্য্যন্ত ও থাকে। ইহা ক্লোরোফর্ম্, কিম্বা এল্কোহল্ জনিত বমন বা গর্ভাবস্থায় বমন নিবারণার্থ ব্যবহৃত হয়।

এতদ্ব্যতীত ইহার সাপোজিটোরি ও পেসারি আছে। তাহাতে ১/২ বা ততোধিক গ্রেণ কোকেন্ আছে।

অংগুয়েণ্টাম্ কোকেনি।

Unguentum Cocainæ.

ইহা চর্ব্বি বা ল্যানোলিন্ দ্বারা প্রস্তত হয়; ইহার ৩০ ভাগে ১ ভাগ বা ততোধিক কোকেন্ থাকে। ফেশিয়্যাল্ নিউর‍্যাল্জিয়া, হার্পিজ্-জোষ্টার্, একজিমা, আর্টিকেরিয়া, প্রুরাইটাস্ ইত্যাদিতে ইহার স্থানিক ব্যবহার হয়। ঔষধের শোষণার্থ ইহা ব্যবহৃত হইয়া থাকে।

ভেসিলিনাম্ কোকেনি।

Vaselinum Cocainæ.

ইহাতে শতকরা ৪ ভাগ বা ততোধিক কোকেন্ আছে। ইহা চক্ষে ব্যবহারের উপযোগী; এবং কর্ন্স্, ক্লন্ড্ এবং ক্যাথিটারে লাগাইবার জন্য ব্যবহৃত হয়।

প্রয়োগরূপ—

কোকেনি সাইট্রাস্। সাইট্রেট্ অব্ কোকেন্।

Cocainæ Citras. Citrate of Cocaine.

মাত্রা ১/৮—১ গ্রেণ বা ততোধিক। ইহা দন্তচিকিৎসকগণকর্ত্তৃক ব্যবহৃত হইয়া থাকে।

কোকেনি হাইড্রোব্রোমাস্। হাইড্রোব্রোমেট্ অব্ কোকেন্।

Cocainæ Hydrobromas. Hydrobromate of Cocaine.

মাত্রা ১/২০—১ গ্রেণ, জলের সহিত ব্যবহার্য্য।

কোকেনি হাইড্রোক্লোরাস্।

Cocainæ Hydrochloras. (off.)

মাত্রা ১/৪—১ গ্রেণ।

কোকেনের এই লবণই সচরাচর ব্যবহৃত হয়।

ইঞ্জেক্শিও কোকেনি হাইড্রোক্লোরেটিস্‌ হাইপোডার্ম্মিকা।

Injectio Cocainæ Hydrochloratis Hypodermica,

মাত্রা ২—১০ মিনিম্‌।

ইহা সায়েটিকা এবং অনেকানেক স্থানিক রোগে মর্ফিয়া অপেক্ষা অধিক উপকারী।

ল্যামেলি কোকেনি। ডিস্ক্‌স্‌ অব্‌ কোকেন্‌।

Lamellæ Cocainæ, Discs of Cocaine.

ইহার বিষয় পূর্ব্বে উল্লিখিত হইয়াছে।

লাইকর্‌ কোকেনি হাইড্রোক্লোরেটিস্‌।

Liquor Cocainæ Hydrochloratis,

ইহাতে উত্তপ্ত জলে শতকরা ২—৫০ ভাগ হাইড্রোক্লোরেট্‌ অব্‌ কোকেন্‌ আছে।

প্যাষ্টিলাস্‌ কোকেনি হাইড্রোক্লোরেটিস্‌।

Pastillus Cocainæ Hydrochloratis,

প্রত্যেক প্যাষ্টিলে ১/২০ গ্রেণ আছে। কণ্ঠনালীর উত্তেজনা ও স্বরভঙ্গে (Hoarseness) ব্যবহৃত হয়।

পাইলিউলা কোকেনি হাইড্রোক্লোরেটিস্‌।

Pilula Cacainæ Hydrochloratis,

এই বটিকা স্থগার্‌ অব্‌ মিল্ক্‌ এবং সিরাপের সহিত প্রস্তুত করিতে হয়। প্রত্যোক বটিকায় ১/২ গ্রেণ বা ততোধিক আছে।

ট্যাব্লয়েড্‌স্‌ অব্‌ হাইড্রোক্লোরেট্‌ অব্‌ কোকেন্‌।

Tabloids of Hydrochlorate of Cocaine,

প্রত্যেক ট্যাব্লয়েডে ১/৬—১/২ গ্রেণ থাকে। ইহা ত্বগন্তর্গত পিচকারীর জন্য ব্যবহৃত হয়।

ট্রোচিসাই কোকেনি হাইড্রোক্লোরেটিস্‌।

Trochisci Cocainæ Hydrochloratis.

প্রত্যোক চাক্তিতে ১/২০ গ্রেণ আছে। ইহা স্বরভঙ্গ ও কণ্ঠনালীর উত্তেজনায় ব্যবহৃত হয়।

কোকেনি স্যাকেরিস্।

Cocaine Saccharis.

ইহাতে কোকেন্ এবং স্যাকেরিন্ আছে। ইহা মিষ্ট বলিয়া; শিশুদের কণ্ঠনালীর ব্যাধিতে স্থানিক প্রয়োগের বেশ উপযোগী।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—ইহা স্থানিক স্পর্শশক্তিহারক; অনেক পরীক্ষাদ্বারা স্থিরীকৃত হইয়াছে যে, ইহার ২ পার্সেণ্ট্ সলিউশনের ২ ফোঁটা, সুস্থ চক্ষুর কর্ণিয়ায় প্রয়োগ করিয়া, ১০ মিনিট্ পরে, পুনরায় প্রয়োগ করিলে, তাহার ১০ মিনিট পর, কর্ণিয়ার চেতনাশক্তি এত অল্প হয় যে, উহাকে প্রোব্ দ্বারা চাপিলে বেদনা অনুভূত হয় না। কর্ণিয়া এবং তন্নিকটবর্ত্তী চক্ষুগোলকের এবং পাতার ও কঞ্জাংটাইভার্ চেতনাশক্তি লোপ হয়। ফর্সেপ্স্দ্বারা, কঞ্জাংটাইভা ধরিলে ও কর্ত্তন করিলে, কিছুমাত্র কষ্ট হয়না; এজন্য আজ কাল ক্যাটারাক্ট্ অপারেশন্কালে, ইহা ব্যবহৃত হইয়া থাকে। ইহা ব্যবহারে, চক্ষের সুপার্ফিশিয়্যাল্ গঠনের স্পর্শ হরণ, চক্ষুর কনীনিকার প্রসারণ, এবং একোমোডেশনের পক্ষাঘাত হইয়া থাকে। চক্ষুর কনীনিকার প্রসারণ ১২ঘণ্টার অধিক থাকেনা। আইরিসের চেতনাশক্তিঅপেক্ষা চক্ষুর উপরিভাগের চেতনাশক্তি অধিক লোপ পায়। ইহাতে অনুমিত হইতেছে যে, ইহা যেস্থলে প্রয়োগ করা যায়, সেই জায়গারই চেতনাশক্তি লুপ্ত হয়। ইহা সেন্সরি নার্ভ্সকলের শেষান্তের পক্ষাঘাত উৎপাদন করিয়া, উক্তরূপ ক্রিয়া প্রকাশ করে। ইহা কোন শ্লৈষ্মিক প্রদেশে প্রয়োগ করিলে, তৎস্থানের রক্তবাহিনীনাড়ীসকল সঙ্কোচিত হয় ও তৎস্থান মলিন দেখায়, এবং তৎসঙ্গে স্নায়বীয় উত্তেজনা কমিয়া চেতনাশক্তি সম্পূর্ণ লোপ পায়। ইহার ক্রিয়া তন্নিম্নস্থ বিধানে ও অধিকক্ষণ থাকে না। কোন স্থানে দাহক ঔষধ প্রয়োগকালে কিম্বা ক্যাথিটার্, লিথোট্রাইট্ প্রভৃতি যন্ত্র ব্যবহার কালে, ইহা ব্যবহার করিলে রোগী যন্ত্রণা বড় অনুভব করে না। স্ফোটক এবং বিউবো চিড়িবার সময় ও কোন কোন ছোট ছোট অর্ব্বুদ দূরীভূত করিবার জন্য, ইহা $\frac{1}{8}$ গ্রেণ মাত্রায় ২।৩ বা ততোধিক বার তন্নিকটবর্ত্তী স্থানে, হাইপোডার্ম্মিক্ সিরিঞ্জ্দ্বারা প্রয়োগ করিবে।

পোড়াঘায়ের চিকিৎসায়, ইহার ৪ পার্সেণ্ট্ সলিউশন্দ্বারা ক্ষতস্থান ধৌত

করিয়া, ক্যারন্ অয়েল্, পিট্রোলিয়াম্ সিরেট্ বা বোরাসিক্ অয়েণ্টমেণ্টের সহিত হাইড্রোক্লোরেট্ অব্ কোকেন্ মিশ্রিত করিয়া, লিণ্ট্ কিম্বা তুলাদ্বারা প্রয়োগ করিবে। সর্দ্দি, লেরিঞ্জাইটিস্, ফেরিঞ্জাইটিস্ ইত্যাদি রোগে, প্রাদাহিক শ্লৈষ্মিক প্রদেশের উত্তেজনা উপশমিত করিবার জন্য, কোকেন্ লবণের সলিউশন্ স্প্রে-যন্ত্র-দ্বারা ব্যবহার করিবে। প্রসবচিকিৎসায়, জরায়ুমুখপ্রসারণকালে এবং পেরিনিয়াম্‌বিস্তৃতির সময় যে বেদনা উপস্থিত হয়, ইহার স্থানিক প্রয়োগে তাহা কিছু উপশমিত হইয়া থাকে। ডেণ্টিষ্ট্রি (Dentistry) বা দন্তচিকিৎসায় দন্তশূলে ইহা ব্যবহার্য্য। ইহা ব্যবহারে, অনাবৃত দান্তিকগঠনের (Dental pulp) চেতনাশক্তি নষ্ট হইয়া, উপকার দর্শে। এরূপ অবস্থায়, উহার লবণঅপেক্ষা উপক্ষার অধিক উপযোগী ; কারণ, তাহা জলে অপেক্ষাকৃত অল্প দ্রবণীয় বলিয়া স্যালাইভাদ্বারা বহির্গত হইয়া যায় না। ইহা অতি অল্প পরিমাণে লাগাইয়া, ম্যাষ্টিক্ সলিউশনের প্লাগ্ দ্বারা আবৃত করিলে, বেদনা অনেক সময়ের জন্য উপশমিত হইয়া থাকে। লবঙ্গতৈলের সহিত,ইহা অল্প পরিমাণে মিশ্রিত করিয়া, দন্তে লাগাইলেও বেদনার উপশম হইয়া থাকে। দন্তোৎপাটনকালে, আক্রান্ত দন্তের মাঢ়ীর উভয়পার্শ্বে ইহা ত্বগন্তর্গত পিচকারী-দ্বারা প্রয়োগ করিবার ৫ মিনিট্ অন্তর দন্ত উঠাইয়া ফেলিলে কোন কষ্টবোধ হয় না। হাইড্রোক্লোরেট্ অব্ কোকেনের ৫০ পার্সেণ্ট্ সলিউশন্,আক্রান্ত দন্তের মাঢ়ীতে প্রয়োগ করিলে,ফর্সেপস্ লাগাইবার,যন্ত্রণা অনুভূত হয় না। ইহাদ্বারা ভেজাইনা চক্ষু, কর্ণ, কণ্ঠনালী, মুখগহ্বর, জিহ্বা, এনাস্, রেক্টাম্ ইত্যাদি এবং সমুদায় শ্লৈষ্মিক প্রদেশ আক্রান্ত হইয়া থাকে, কিন্তু প্রকৃত ত্বক্ তত হয় না।

সলিউশন্ অব্ হাইড্রোক্লোরেট্ অব্ কোকেন্, এক্সিশন্ অব্ টন্সিল্, ওপেনিং অব্ এব্সেস্, রিমুভ্যাল্ অব্ পলিপাস্, ইরিডেক্টমী, ক্যাটারাক্ট্ অপারেশন্ এবং চক্ষুহইতে আগন্তুক বস্তু বহির্গতকরণ ইত্যাদি নানাপ্রকার অপারেশনে ব্যবহৃত হয়। চক্ষের জন্য, ২—৪ পার্সেণ্ট্ সলিউশন্ অব্ হাইড্রোক্লোরেট্ অব্ কোকেন্ ব্যবহৃত হইয়া থাকে ; এবং ৪—২০ এমন কি ৫০ পার্সেণ্ট্ পর্য্যন্ত অন্যান্য স্থলে ব্যবহৃত হইয়া থাকে। ইহার মৃদু সলিউশন্ ব্যবহার করিতে হইলে, ৩—৫ মিনিট্ অন্তর ৩—৪ বার প্রয়োগ করা আবশ্যক। প্রথম প্রয়োগের অন্ততঃ ১০ মিনিট্ পর ভিন্ন কোন অপারেশন্

আরম্ভ করিবে না। ইহার ক্রিয়া তিন মিনিটে প্রকাশ পায়, ১০—২০ মিনিটে বৃদ্ধি হয় এবং অর্দ্ধ ঘণ্টার মধ্যে প্রায়ই ক্রিয়া লোপ হইয়া থাকে।

ষড়বিংশ অধ্যায়।

দ্বিতীয় বিভাগ।

EXTERNAL REMEDIES.

বাহ্য ঔষধসকল।

এই সকল ঔষধ স্থানিক কার্য্য করে এবং শরীরে শোষিত হইয়া, ক্রিয়া প্রকাশার্থ ব্যবহৃত হয় না।

ইহারা ৫ শ্রেণীতে বিভক্ত।

প্রথম শ্রেণী—IRRITANTS.

উগ্রতাসাধক ঔষধসমূহ।

১ম উপশ্রেণী—Rubefacients বা প্রদাহউৎপাদকবর্গ।

২য় উপশ্রেণী—Epispastics, vesicants or blistering agents. বা ফোস্কাকারকবর্গ।

৩য় উপশ্রেণী—Pustulants বা পূয়বটিকা-উৎপাদকবর্গ।

উগ্রতাসাধক ঔষধ সমূহ চর্ম্মে কিম্বা অন্য কোন স্থানে লাগাইলে উত্তেজনা প্রকাশ করে। কিন্তু উত্তেজনার তারতম্যানুসারে চিকিৎসার সুবিধার জন্য তাহাদিগকে ভিন্ন ভিন্ন উপশ্রেণীতে বিভক্ত করা হইয়াছে।

প্রথম উপশ্রেণী—Rubefacients বা প্রদাহোৎপাদকবর্গ।

(১) এমোনিয়ার মৃদু সলিউশন্ সকল (Free ammonia in the form of weak solution of ammonia)।

(২) কম্পাউণ্ড্ ক্যাম্ফার্ লিনিমেণ্ট্ (Compound camphor liniment.)।

(৩) ইথার্, এল্‌কোহল্ এবং ক্লোরোফর্ম্ (যখন উড়িয়া যাইতে নাদেওয়া হয়)। — Ether, alcohol, and chloroform when evaporation is prevented.

(৪) মাষ্টার্ড্ ক্যাটাপ্লাজ্‌ম্ (Mustard cataplasm)।

(৫) ভলেটাইল্ অয়েল্ অব্ মাষ্টার্ড্ (Volatile oil of mustard)।

(৬) ক্যাজুপুট্ অয়েল্ (Cajuput oil)।

(৭) তার্পিণতৈল (Oil of turpentine)।

(৮) মেজিরিয়ন্ (Mezereon)।

(৯) লঙ্কা (Capsicum)।

(১০) আইয়োডিন্ (Iodine)।

(১১) পারদের লবণসকল (Mercurial salts)।

২য় উপশ্রেণী—Epispastics বা ফোস্কাকারক ঔষধবর্গ।

(১) ক্যান্থারিডিজ্ (ব্লিষ্টার্ প্লাষ্টার্)—Cantharides (blister plaster)।

(২) ইথিরিয়েল্ সলিউশন্ অব্ ক্যান্থারিডিজ্ (ব্লিষ্টার্ লিকুইড্) } Ethereal solution of cantharides (blister liquid)।

(৩) ক্যান্থারিডিন্ (Cantharidin)।

(৪) গ্লেশিয়্যাল্ এসিটিক্ এসিড্ (Glacial acetic acid)।

৩য় উপশ্রেণী—PUSTULANTS বা পূয়বটিকোৎপাদকবর্গ।

(১) ক্রোটন্ অয়েল্ (Croton oil)।

(২) টার্টারেটেড্ এণ্টিমনি (Tartarated antimony)।

(৩) নাইট্রেট্ অব্ সিল্‌ভার্ (উগ্র দ্রব) } Nitrate of Silver (strong solution of)।

EFFECTS OF IRRITANTS.

উগ্রতাসাধক ঔষধসমূহের ক্রিয়া।

যখন কোন উগ্রতাসাধক ঔষধ চর্ম্মে লাগান যায়, তখন চর্ম্ম আরক্তিম হয়, কিন্তু যদি ঔষধের ক্রিয়া অধিক হয়, তাহা হইলে কিউটিক্লের নিম্নে সিরাম্ সঞ্চিত হওয়ায়, কিউটিক্ল্ পৃথক হইয়া ফোস্কা পড়ে; এবং ক্রিয়া আরও বেশী হইলে, ট্রুস্কিন্ আক্রান্ত হইয়া, পূয বহির্গত করতঃ পূয়বটিকা উৎপন্ন করে। উপরোক্ত শ্রেণীর কোন কোন ঔষধ উল্লিখিত দুই বা ততোধিক গুণের জন্ত ব্যবহৃত হয়, যেমন এমোনিয়া, মৃদু আকারে লাগাইলে চর্ম্ম রক্তিম হয়,উগ্রতর আকারে

লাগাইলে ফোস্কা পড়ে, এবং উগ্রতম আকারে লাগাইলে পূয়বটিকা পর্য্যন্ত হয়। গ্লেশিয়্যাল্ এসিটিক্ এসিড্ ও উক্তধর্ম্মাক্রান্ত। টার্টার্ এমেটিক্ ও ক্রোটন্ অয়েলদ্বারা পূয়বটিকা হইয়া থাকে, এবং ক্যান্থারিডিজ্দ্বারা কেবল ফোস্কা হয়।

আময়িক প্রয়োগ।

ভিন্ন ভিন্ন প্রকার উগ্রতাসাধক ঔষধ ভিন্ন ভিন্ন উদ্দেশ্যে ব্যবহৃত হয়।

(১) ইহারা প্রত্যুগ্রতাসাধক (Counter-irritant) স্বরূপ ব্যবহৃত হয়, অর্থাৎ আভ্যন্তরিক যন্ত্র বা অঙ্গের প্রদাহ কিম্বা ক্রিয়াবৈলক্ষণ্য হইলে, ইহারা চর্ম্মের উপর জলীয়াংশগ্রাহকস্বরূপ ক্রিয়া (Derivative effect) প্রকাশ করতঃ, তাহা উপশমিত করিয়া থাকে। সকল ইরিট্যাণ্ট্ ঔষধই ন্যূনাধিকরূপে উপরোক্ত প্রকারে কার্য্য করিয়া থাকে।

(২) ফোস্কাকারকসমূহ যে, কেবল কাউণ্টার্-ইরিট্যাণ্ট্ ক্রিয়াদ্বারা পীড়ার উপশম করে তাহা নহে, আক্রান্ত অংশ কিম্বা তাহার নিকটস্থ রক্ত-বাহিকানাড়ীহইতে, তরল পদার্থ বহির্গত করিয়া ও কার্য্যকারী হয়।

(৩) পাষ্টিউল্যাণ্ট্ ঔষধসকলের ক্রিয়া উপরোক্ত দুই শ্রেণীহইতে প্রবল বলিয়া, ইহারা গভীরস্থিত (deepseated) এবং পুরাতন পীড়ার চিকিৎসায় ব্যবহৃত হয়।

(৪) উপরোক্ত তালিকাস্থিত কতকগুলি ঔষধ, নানাপ্রকার চর্ম্মরোগ প্রভৃতিতে ব্যাধিগ্রস্ত স্থানের উপর সাক্ষাৎ ক্রিয়ার জন্য ব্যবহৃত হয়। এবং পারদ ও আইয়োডিনের প্রয়োগরূপ প্রভৃতি আর কতকগুলি স্থানিক ক্রিয়া ব্যতীত, স্পেসিফিক্ অর্থাৎ বিশেষ ক্রিয়া প্রকাশ করিয়া থাকে।

PHENOMENA OF COUNTER-IRRITATION.

প্রত্যুগ্রতাসাধনের প্রক্রিয়া।

প্রত্যুগ্রতাসাধক ঔষধসকল যখন চর্ম্মে লাগান যায় তখন উহা লাল ও উত্তে-জিত হয়, চর্ম্মান্তর্গত রক্তবাহিকানাড়ীসকলের স্নায়ুর উপর সাক্ষাৎ ক্রিয়া হওয়া প্রযুক্ত তাহারা বিস্তৃত হয়, স্থানিক রক্তসঞ্চালনক্রিয়া স্বাধীনভাবে হইয়া থাকে, এবং সেন্সরিনার্ভের উত্তেজনাবশতঃ উক্ত স্থানে বেদনা এবং উত্তাপ অনুভূত হয়। ফোস্কা উৎপাদন করিবার জন্য উহা অধিকক্ষণ লাগাইতে হয়। ইহাতে

উক্ত আরক্তিম স্থান বিশেষ প্রদাহিত হয়, রক্তবাহিকানাড়ীহইতে অগ্রে প্লাজ্‌মা ও তৎপর রক্তকণিকা বহির্গত হয়, এবং তথাকার উপত্বক্ উত্থিত হইয়া তাহার নিম্নে তরল পদার্থ সঞ্চিত হয়; তাহাতেই ফোস্কা জন্মে।

কাউণ্টার্-ইরিটেশন্দ্বারা আভ্যন্তরিক অংশের ক্রিয়া ও পরিপোষণের ব্যাঘাত হইতে পারে। চর্ম্মের কোন স্থানের উত্তেজনা করিলে, তন্নিম্নস্থ গভীর স্থানে কোন প্রদাহ থাকিলে, তাহা উপশমিত হয়।

কোন অভিলষিত স্থানে ইহা লাগাইলে তন্নিম্নস্থ স্নায়ুর সহিত ধামনিক সংযোগদ্বারা সেই স্থানের রক্তহইতে প্লাজ্‌মা বহির্গত হয় এবং এতদ্দ্বারা সাধারণ রক্তসঞ্চালন মন্দ হয়।

কিউটেনিয়াস্ নার্ভ্‌সকল উত্তেজিত হইয়া মস্তিষ্ক এবং স্পাইন্যাল্ কর্ডের প্রত্যাবর্ত্তনক্রিয়াদ্বারা সেই স্থানের পরিপোষণের ব্যাঘাত জন্মে। উক্ত উত্তেজনা নার্ভ্‌দ্বারা সঞ্চালিত হয়।

THEORY OF COUNTER-IRRITATION.

প্রত্যুগ্রতাসাধনের তত্ত্ব।

ফোস্কাকারক (Epispastic) এবং প্রদাহজনক (Rubefacient) শ্রেণীস্থ ঔষধসকলের ক্রিয়া সম্বন্ধে অনেক বাদানুবাদ হইয়াছে এবং উহারা যে কি প্রকারে গুণাগুণ দর্শায় তাহা নিশ্চয় বলা যায় না। আমরা এই পর্য্যন্ত অবগত হইয়াছি, যে ব্লিষ্টারগুলি স্থানিক লাগাইলে গভীর অংশের উপর কার্য্য করে, যেমন প্লুরা এবং পেরিকার্ডিয়মের উপরস্থ চর্ম্মে ব্লিষ্টার্ দিলে উহাদের আরক্তিমতা হইয়া থাকে। কেহ কেহ বলেন, যে ধামনিক সংযোগ থাকা প্রযুক্ত চেষ্ট, কটিদেশ প্রভৃতি স্থানের উক্তপ্রকার অবস্থা সংঘটিত হয়।

নিম্নলিখিত প্রকারে কাউণ্টার্-ইরিট্যাণ্ট্ সকল বেদনা উপশমিত করিয়া থাকে।

(১) যে তন্তুর পরিবর্ত্তনবশতঃ প্রত্যাবর্ত্তনক্রিয়াদ্বারা বেদনা হয়, তাহা রূপান্তরিত কিম্বা দূরীভূত করিয়া;—যেমন কোন দন্তের ক্যেরিজ্‌বশতঃ ফেশিয়্যাল্ নিউর্যালজিয়া হইলে, সেইদন্ত উৎপাটন করিলে উক্ত বেদনা উপশমিত হইয়া থাকে।

(২) সেন্সরিস্নায়ুসমূহের অন্তের পরমাণুগুলিকে রূপান্তরিত করিয়া।

(৩) কোনপ্রকারে স্নায়ুসমূহ অথবা মস্তিষ্কস্থিত নিউক্লিয়াই উত্তেজিত করতঃ গভীর অংশের রক্তবাহিনীনাড়ীদিগকে শূন্যকরিয়া তাহাদের অপচয়ে ত্বগন্তর্গত শিরাগুলিকে পরিপূরিত করিয়া কার্য্যকারী হয়।

লাটিন্।	ইংরেজী।
ক্যান্থারিস্।	ক্যান্থারিডিজ্।
Cantharis.	Cantharides.

ইহা ক্যান্থারিস্-ভেসিকেটোরিয়া নামক পতঙ্গ।

প্রয়োগরূপ—

(১) এসিটাম্ ক্যান্থারিডিস্।	ভিনিগার্ অব্ ক্যান্থারিডিজ্।
Acetum Cantharidis.	Vinegar of Cantharides.
(২) চার্টা এপিস্প্যাষ্টিকা।	ব্লিষ্টারিং পেপার্।
Charta Epispastica.	*Blistering Paper.*
(৩) এমপ্লাষ্ট্রাম্ ক্যান্থারিডিস্।	ক্যান্থারিডিজ্ প্লাষ্টার্।
Emplastrum Cantharidis.	Cantharides Plaster.
(৪) এমপ্লাষ্ট্রাম্ কেলিফেশিয়েন্স্।	ওয়ার্ম্মিং প্লাষ্টার্।
Emplastrum Calefaciens.	Warming Plaster.
(৫) লাইকর্ এপিস্প্যাষ্টিকাস্।	ব্লিষ্টারিং লিকুইড্।
Liquor Epispasticus.	*Blistering Liquid.*
(৬) টিংচ্যুরা ক্যান্থারিডিস্।	টিংচার্ অব্ ক্যান্থারিডিজ্।
Tinctura Cantharidis.	Tincture of Cantharides.

মাত্রা ৫—২০ মিনিম্।

(৭) আঙ্গুয়েণ্টাম্ ক্যান্থারিডিস্।	অয়েণ্ট্মেণ্ট্ অব্ ক্যান্থারিডিজ্।
Unguentum Cantharidis.	Ointment of Cantharides.

EXTERNAL ACTION.

বাহ্য ক্রিয়া।

ফিজিওলজিক্যাল্ ক্রিয়া—

ক্যান্থারিডিজ্ চর্ম্মের কোন অংশে লাগাইলে প্রথমতঃ ঝিন্ ঝিন্ এবং জ্বলন, তৎপর রক্তিমত্ব ও প্রবল জ্বালা উৎপন্ন হয়; উহার পর বড় বড় ফোস্কা পড়ে,তাহাতে এলবিউমেন্ ও ফাইব্রিন্-বিশিষ্ট তরল পদার্থ থাকে; এবং যদি ঐ ব্লিষ্টার্ চর্ম্মের উপর অধিকক্ষণ রাখা যায়, তবে সেই স্থানে ক্ষত এবং বিগলন হইতে পারে।

এপ্রকার দেখা গিয়াছে, যে ক্যান্থারিডিজদ্বারা কাউণ্টার্ইরিটেশন্ করিতে গেলে সাব্কিউটেনিয়াস্ এরিওলার্ টিসুতে শ্বেতরক্তকণিকা প্রবেশিত হয়, তথাকার অনিম্নতর গঠনে রক্তাধিক্য হয়, এবং তন্নিম্নস্থ বিধান পাংশুবর্ণ, এনিমিক্ এবং ফ্ল্যাবি হয়। উক্ত প্রকারে ফুসফুস ও আক্রান্ত হইতে পারে। ইহা ও দেখা গিয়াছে, যে ক্যান্থারিডিজের উত্তেজনক্রিয়া চর্ম্ম ভেদ করিয়া প্লুরা ও পেরিকার্ডিয়মের আবক্তিমতা এবং প্রদাহ উৎপাদন করে।

ব্লিষ্টার্ লাগাইলে প্রথমতঃ শারীরিক উত্তাপ একটু বাড়ে, পরে তাহার

থিরাপিউটিকাল্ ব্যবহার—

নিম্নলিখিত উদ্দেশ্যসাধনজন্য ব্লিষ্টার্ ব্যবহৃত হয়।

(১) বেদনা উপশমিত করিবার জন্য। সাব্একিউট্প্লুরিসি (Subacute pleurisy),প্লুরোডিনিয়া (Pleurodynia), গ্যাষ্ট্র্যাল্জিয়া (Gastralgia), সায়েটিকা (Sciatica) এবং নিউর‍্যালজিয়া (Neuralgia) ইত্যাদিতে ইহা ব্যবহৃত হয়। শেষোক্ত ব্যাধিতে আক্রান্ত স্নায়ুর মূলের নিকট ফোস্কাকারক ঔষধটি প্রয়োগ করা উচিত।

(২) প্রদাহিত অবস্থা নিবারিত করার উদ্দেশে। কোন কোন আভ্যন্তরিক ইন্দ্রিয়ের প্রদাহ হইলে, উহার নিকটবর্ত্তী রক্তপূর্ণ প্রদেশে ব্লিষ্টার্ দিলে, উহার প্রদাহ নিবারণ হয়। এইরূপে আইরাইটিস্ এবং অন্যান্য প্রকার চক্ষের পীড়াতে এবম্প্রকারে ব্লিষ্টার্ লাগাইলে উপকার হইয়া থাকে। তরুণ বাতরোগে আক্রান্ত সন্ধির উপর ব্লিষ্টার্ দিলে বেদনা এবং স্ফীতি শীঘ্র দূরীভূত হইয়া থাকে।

(৩) শোষণক্রিয়ার উন্নতিসাধনার্থ। নানাপ্রকার তরল এবং ঘন

হ্রাস হয় ; এবং হৃৎপিণ্ডের ক্রিয়া ন্যূন হয়।

কখন কখন ক্যান্থারিডিজ্ চর্ম্ম-দ্বারা শোষিত হয়, এবং কিড্নির উত্তেজনা করে, এজন্য প্রস্রাব করিতে কষ্ট হয় এবং প্রস্রাবের সহিত রক্ত বহির্গত হইতে দেখা যায়।

প্রাদাহিক পদার্থ শোষণার্থ, থোরা-সিক্ ড্রপ্সি, নিউমোনিয়ার (Pneumonia) শেষাবস্থা, পুরাতন সন্ধির ব্যাধি ইত্যাদিতে ব্যবহৃত হয়।

(৪) ধামনিক এবং স্নায়বীয় ক্রিয়া উত্তেজিত এবং রূপান্তরিত করিবার জন্য। টাইফাস্ ফিবারের ষ্টুপার্ অবস্থায় এবং নানাবিধ মস্তিষ্কের ব্যাধিতে, রোগীকে সচেতন করিবার জন্য, ইহা ব্যবহৃত হইয়া থাকে। এই উদ্দেশ্যে অজস্র বমনে ষ্টমাকের উপর (এপিগাষ্ট্রিক প্রদেশে) ব্লিষ্টার্ দেওয়া হয়।

INTERNAL ACTION.

ফিজিওলজিক্যাল্ ক্রিয়া—

ক্যান্থারিডিজ্ একটী গ্যাষ্ট্রোইন্টে-ষ্টাইনেল্ ও রিণ্যাল্ ইরিট্যাণ্ট্ এবং ডায়ুরেটিক্ বলিয়া, ইহা সেবনে অধিক পরিমাণে প্রস্রাব হয়। সচরাচর ইহা-দ্বারা মূত্রকৃচ্ছ্র (Strangury) এবং কষ্টজনক রক্তমিশ্রিত প্রস্রাব বারংবার হইতে দেখা যায়। ইহা সেবনে এই উত্তেজনা সমবেদনাদ্বারা নিকটবর্ত্তী ইন্দ্রিয়ে পরিচালিত হয়। অধিক মাত্রায়, স্ত্রীলোকদিগের জরায়ুর উত্তেজনা এবং পুরুষদিগের কামাধিক্য, কর্ডি এবং বীর্য্যস্খলন হইতে দেখা যায়।

থিরাপিউটিক্যাল্ ব্যবহার—

ক্যান্থারিডিজের উত্তেজক গুণ থাকা প্রযুক্ত ইহা কদাচ আভ্যন্তরিক ব্যবহৃত হয়। ইহা কখন কখন পাইলাইটিস্ (Pyelitis), কিড্নির কোন কোন প্রকার পুরাতন পীড়া এবং স্পাইনের পুরাতন ব্যাধিতে ব্যবহৃত হইয়া থাকে। ইহার রক্তোনিঃসারক গুণ থাকা বিধায়, গর্ভস্রাব করিতে ব্যবহৃত হয়।

অন্যান্য ব্যবহার।

এলোপেশিয়া এবং জ্বরাদির পর কেশপতনে, ১ ভাগ টিংচার্ অব্ ক্যান্থারিডিজ্, ৮ ভাগ ক্যাষ্টার্ অয়েলে মিশ্রিত করিয়া, সকালে এবং সন্ধ্যাকালে কেশমূলে লাগাইলে বেশ উপকার হয়।

ব্লাডারের প্যারালিসিস্ এবং উহার দৌর্ব্বল্যবশতঃ ইন্‌কন্টিনেন্স্ অব্ ইউরিন্ হইলে টিংচার্ অব্ ক্যান্থারিডিজ্ অতি আদরের সহিত দেওয়া যাইতে পারে। ইহা কেবল যুবকদিগকেই দেওয়া উচিত। ধ্বজভঙ্গ (Impotence) রোগে, ইহা কখন কখন জননেন্দ্রিয়ের উত্তেজকস্বরূপ ব্যবহৃত হয়।

ডাঃ রিঙ্গার্ (Dr. Ringer) বলেন, ১ ফোটা টিংচার্ অব্ ক্যান্থারিডিজ্ দিবসে ৩ বার, কর্ডিতে দিলে উপকার হয়।

গ্লিট্ রোগেও ইহাদ্বারা উপকার হইয়া থাকে।

নিম্নলিখিত অবস্থাতে অতি সুতর্কতার সহিত ক্যান্থারিডিজ্ দ্বারা ব্লিষ্টার্ দেওয়া উচিত।

(১) ছোট ছোট শিশু, বৃদ্ধবয়স্ক এবং দুর্ব্বলব্যক্তিতে ; কারণ,উহাদিগকে ব্লিষ্টার্ দিলে অদমনীয় ক্ষত হইতে পারে।

(২) একিউট্ ইন্‌ফ্ল্যামেটোরি অবস্থায়, বিশেষতঃ মূত্রযন্ত্রের উক্তপ্রকার অবস্থাতে।

(৩) সকলপ্রকার সিকেট্রিক্স্ বা ক্ষতচিহ্নের উপর, কিম্বা প্যারাপ্লিজিয়াদি বশতঃ যেসকল স্থানের নার্ভের পরিপোষণ কম হয় তাহাতে।

ব্লিষ্টার্ সচরাচর ১০ হইতে ২০ ঘণ্টা রাখা যায় ; কিন্তু সাধারণতঃ ৬ হইতে ৮ ঘণ্টা রাখিয়া, তথায় পুল্টিশ দিলেই উক্ত কার্য্য সম্পন্ন হইতে পারে।

(৪) প্রদাহের প্রথমাবস্থায়।

(৫) স্ক্রোটম্ এবং স্তন প্রভৃতি যেস্থানের চর্ম্ম কোমল এবং পাতলা, তথায়।

(৬) কোন হাড়ের উপর , কারণ, তথায় ব্লিষ্টারজনিত ক্ষত কষ্টে এবং বিলম্বে শুষ্ক হয়।

(৭) একিউট্ পেরিকার্ডাইটিস্ প্রভৃতিরোগে প্রদাহিত স্থানের ঠিক উপর ইহা প্রয়োগ করা উচিত নহে।

(৮) গর্ভাবস্থায় চেষ্ট্ কিম্বা স্তনে ব্লিষ্টার্ লাগাইবেনা।

(৯) গর্ভাবস্থায়, স্কার্ভিতে এবং যখন রক্তসঞ্চালন অতিশয় দুর্ব্বল হয় ; কারণ, শেষোক্ত দুই অবস্থায় ব্লিষ্টার্ লাগাইলে গ্যাংগ্রিন্ হইতে পারে।

ব্লিষ্টার্ লাগাইলে, তৎস্থানে জোক লাগান যায়না। কোন সময় পীড়িত

স্থানহইতে দূরে ব্লিষ্টার্ লাগাইলে উপকার হয়. সায়েটিকা এবং লাম্বেগোতে পায়ের গোড়ালিতে ব্লিষ্টার্ দিলে উপকার হয়। ক্যান্থারিডিজ্‌ব্লিষ্টার্‌দ্বারা যে মূত্রকৃচ্ছ্র হয়, তাহা নিবারণের জন্ত নিম্নলিখিতরূপে কার্য্য করিবে।

(১) বেদনা হইলেই,ফোস্কা না পড়িয়া থাকিলেও, তাহা উঠাইয়া সিম্প্‌ল্ ড্রেসিং দিবে, তাহাতেই ব্লিষ্টার্ হইবে।

(২) খুব পাতলা এক টুকরা কাগজ কিম্বা মস্‌লিন্ কাপড় ব্লিষ্টার্ ও অভিলষিত চর্ম্মের মধ্যে প্রয়োগ করিবে।

(৩) রোগীকে প্রচুরপরিমাণে সোডা্ওয়াটার্, লেমনেড্ ইত্যাদি ডিলিউ-য়েণ্ট্ ও ডিমাল্‌সেণ্ট্ ব্যবহার করাইবে, এবং তৈলবৎ পদার্থ দিবেনা।

ক্যান্থারিডিন্ (Cantharidin) এবং ক্যান্থারিডিজের অন্তান্ত প্রয়োগরূপ, এলোপিশিয়া (Alopecia) বা টাকরোগে চুল জন্মাইবার জন্য এবং চুল পড়া নিবারণার্থ ব্যবহৃত হয়।

Linimentum Crinale (Squire).

Cantharidin	1 grain.
Acetic Ether	6 drachms.
অত্যল্প উত্তাপদ্বারা দ্রব করিয়া,	
Rectified spirit	3 ounces.
Castor oil	1 ounce.
Oil of Lavender	15 Minims.
যোগ কর।	

মস্তকের (scalp) যে যে স্থলে ইহা লাগান যায়, তথায় ফোস্কা পড়ে,এজন্য ইহা অতি সতর্কতাসহকারে ব্যবহার করিবে। ইহা সমপরিমাণ স্পিরিটের সহিত ডাইলিউট্ করিবে এবং ক্যান্থারিডিনের সঞ্চয় নিবারণার্থ কয়েক বার ব্যবহারের পর মস্তক ধৌত করিবে।

২য়শ্রেণী—EXTERNAL OR LOCAL SEDATIVES.

বাহ্য কিম্বা স্থানিক অবসাদকসমূহ।

এই সকল ঔষধ যে স্থানে লাগান যায়, তথায় সাক্ষাৎ অবসাদকের ন্যায় ক্রিয়া প্রকাশ করিয়া থাকে। ইহাদের মধ্যে কতকগুলি স্থানিক Anæsthetics বা স্পর্শহারক।

(১) হাইড্রোসিয়ানিক্ এসিড্ (Hydrocyanic acid)।
(২) বেলাডোনা (Belladonna)।
(৩) এট্রোপিন্ (Atropine)।
(৪) ওপিয়াম্ (Opium)।
(৫) মর্ফাইন্ লবণসকল (Morphine salts)।
(৬) সলিউশন্ অব্ সাব্এসিটেট্ অব্ লেড্ (Solution of subacetate of lead)।
(৭) এসিটেট্ অব্ লেড্ (Acetate of lead)।
(৮) বিস্মাথের লবণসকল (Salts of bismuth)।
(৯) ক্রিয়েসোট্ (Creasote)।
(১০) কার্ব্বলিক্ এসিড্ (Carbolic acid)।

LOCAL ANŒSTHETICS.

স্থানিক স্পর্শহারকবর্গ।

(১) একোনাইট্ (Aconite)।
(২) একোনাইটিন্ (Aconitine)।
(৩) ভিরেট্রাইন্ (Veratrine)।
(৪) মেন্থল্ (Menthol)।
(৫) আইয়োডোফর্ম্ (Iodoform)।
(৬) ইথার্ স্প্রে (Ether spray)।
(৭) বরফ (Ice)।
(৮) কোকেন্ (Cocaine)।
(৯) বাইসাল্ফাইড্ অব্ কার্ব্বন্ (Bisulphide of carbon)।

ল্যাটিন্।	ইংরেজী।
মেন্থল্।	মেন্থল্।
Menthol.	Menthol.

ইহাকে চাইনিজ্ অয়েল্ অব্ পেপার্মিন্ট্ (Chinese Oil of Peppermint) বলে।

মাত্রা ১—২ গ্রেণ, সাবানের সহিত বটিকাকারে, বা অলিভ্ অয়েলের সহিত সলিউশন্‌স্বরূপ ব্যবহৃত হয়।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—মেন্থল্ এণ্টিসেপ্টিক্ কিন্তু প্রধানতঃ স্থানিক স্পর্শহারকস্বরূপ বিশেষতঃ ফেশিয়্যাল্ নিউর‍্যালজিয়া, প্লুরোডিনিয়া এবং সায়েটিকা ইত্যাদি রোগে ব্যবহৃত হয়। এইজন্য ইহাকে নিউর‍্যালজিয়া ক্রিষ্ট্যাল্ (Neuralgia crystal) কহে। ইহার ষ্টিক্ (stick) কিম্বা এল্‌কোহলিক্ সলিউশন্ আক্রান্ত স্থানে ব্যবহার করিতে হয়। ইহা কখন কখন ব্যাপক উত্তেজক (Diffusible stimulant) বলিয়া আভ্যন্তরিক ব্যবহৃত হয়। গর্ভাবস্থায় বমনে ½ গ্রেণ মাত্রায় মেন্থল্ ব্যবহার্য্য। ভগদ্বারে চুলকানি (Pruritus vulvæ) হইলে, আক্রান্ত স্থানে মেন্থল্ ঘসিলে তাহা উপশমিত হয়।

ইহা সেবনে জিহ্বায় উষ্ণতা, এবং ইহার উপর দিয়া নিশ্বাস টানিলে,শৈত্য অনুভূত হয়। আভ্যন্তরিক ব্যবহারে ইহা ব্যাপক উত্তেজকের ন্যায় ক্রিয়া করে। ইহার দ্রব (solution) চর্ম্মে লাগাইলে একোনাইটের ন্যায় তৎস্থানীয় স্নায়ুগুলিকে আক্রমণ এবং সেই স্থানের স্পর্শশক্তি হরণ করে। এজন্য নিউর‍্যাল্‌জিয়া রোগে উহা স্থানিক ব্যবহার করিলে উপকার হইয়া থাকে। ইহার প্রবল পচননিবারক (Antiseptic) গুণ আছে; এবং ইহা স্থানিক স্পর্শহারক বলিয়া কণ্ডূয়ন (Prurigo) উপশমিত করে।

সমপরিমাণ মেন্থল্ (Menthol) এবং থাইমল্ একত্র ঘর্ষণ করিলে, তাহা গলিয়া তৈলবৎ পদার্থ প্রস্তুত হয় এবং সেই প্রকার, সমপরিমাণ মেন্থল্ এবং ক্লোর‍্যাল্ হাইড্রেট্ (Chloral Hydrate), ৩ ভাগ মেন্থল্ এবং ২ ভাগ কর্পূর, ২ ভাগ মেন্থল্ এবং ১ ভাগ বিউটিল্ ক্লোর‍্যাল্ হাইড্রেট্ (Butyl Chloral Hydrate), এবং ২ ভাগ মেন্থল্, ১ ভাগ কার্ব্ব-

লিক্ এসিড্ (Carbolic acid) ও ১ ভাগ বিউটিল্ ক্লোর‍্যাল্ হাইড্রেট্ মিশ্রিত করিলে উপরোক্ত প্রকার তৈলবৎ পদার্থ প্রস্তুত হয়। উপরোক্ত পদার্থগুলিতে একটু তুলা সিক্ত করিয়া,ক্ষয়দন্তগহ্বরে লাগাইলে তৎক্ষণাৎ দন্তশূল উপশমিত হয়।

নাসারন্ধ্রের সর্দ্দিতে (Nasal catarrh) Menthol ১ ভাগ, Chloride of ammonium ৩ ভাগ ও Boric acid ২ ভাগ একত্র করিয়া নস্যস্বরূপ ব্যবহার করিলে অধিক উপকার হয়। ইহার একটী প্রয়োগরূপ (non-official) নিম্নে দেওয়া গেল।

Linimentum Menthol.

Menthol	3	parts.
Chloroform	4	parts.
Olive oil q. s. to	16	parts.

Lumbago, Neuralgia and Sciatica রোগে প্রয়োগ করিলে উপকার দর্শে।

ল্যাটিন্।	ইংরেজী।
আইয়োডোফর্মাম্।	আইয়োডোফর্ম্।
Iodoformum.	Iodoform.

ইহাতে শতকরা ৯৭ ভাগ আইয়োডিন্ আছে।

মাত্রা ½—৩ গ্রেণ।

প্রয়োগরূপ—

সাপোজিটোরিয়া আইয়োডোফর্ম্মাই।	আইয়োডোফর্ম্ সাপোজিটোরিজ্।
Suppositoria Iodoformi.	Iodoform Suppositories.

প্রত্যেক সাপোজিটোরিতে ৩ গ্রেণ আইয়োডোফর্ম্ আছে।

আঙ্গুয়েণ্টাম্ আইওডোফর্ম্মাই।	অয়েণ্ট্মেণ্ট্ অব্ আইয়োডোফর্ম্।
Unguentum Iodoformi.	Ointment of Iodoform.

Pilula Iodoformi (non-official).

Iodoform	2 grains.
Sugar of Milk	1 grain.
Glycerine of Traganth q. s.	

Make one pill. Dose—one, twice or thrice daily.

Unguentum Iodoformi Rosatum.

Iodoform	5 grains.
Otto of Rose	3 drops.
Vaseline	1 ounce

দ্রব কর এবং ঠাণ্ডা হওয়া পর্য্যন্ত নাড়িতে থাক। নাসিকার ব্যাধিতে দুর্গন্ধযুক্ত স্রাব হইলে, ইহার প্রয়োগে উপকার হয়।

Insufflatio Iodoformi.

Iodoform, in fine powder	1 grain.
Starch, in fine powder	½ grain.

কণ্ঠনালীর বিশেষ প্রকার ব্যাধিতে পচননিবারক এবং মৃদু দাহকের ন্যায় কার্য্য করিয়া উপকার দর্শায়।

Insufflatio Iodoformi Composita (Westminster Hospital).

Iodoform	I grain.
Boric acid	1 grain.
Acetate of Morphine	⅛ grain.

Iodoform and Eucalyptus Bougies.

Iodoform, precipitated	5 grains.
Oil of Eucalyptus	10 minims.
Oil of Theobroma	35 grains.

৪ ইঞ্চ দীর্ঘ বুজি তৈয়ার করিতে।

ইহা গনোরিয়াতে স্থানিকরূপে ব্যবহৃত হয়।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—আইওডোফর্ম্ সংক্রমণনাশক, প্রবল পচননিবারকএবং দুর্গন্ধনাশক। ইহা শুধু কিম্বা ইহার উগ্র দ্রব স্থানিক স্পর্শহারক। ইহা ব্যবহারে শরীরে শোষিত হইয়া অনিদ্রা, শিরঃপীড়া ও স্মরণশক্তির হ্রাস ঘটাইতে পারে। ইহা স্থানিক স্পর্শহারক এবং পচননিবারক

বলিয়া রেক্টাম্ এবং ব্লাডারের অস্ত্রচিকিৎসাকালে এবং ক্যান্কার্ ও উপদংশ জনিত ক্ষতে, ব্যবহৃত হয়। ইহা ক্যান্সারের বেদনা উপশমিত করিয়া থাকে।

ইহা আজকাল এণ্টিসেপ্টিক্ সার্জ্জারীতে ব্যবহৃত হয়।

উপদংশজনিত ক্ষতে আইওডোফর্ম্ ১ ভাগ এবং অয়েল্ অব্ ইউক্যালিপ্টাস্ ১৫ ভাগ একত্র করিয়া বাহ্য ব্যবহার করিলে উপকার হয়।

নাসিকা ও কণ্ঠনালীর ক্ষতে এবং পুরাতন ওজিনাতে ইহা ব্যবহার্য্য।

একজিমা রোগে আইয়োডোফর্ম্ ৪ গ্রেণ, অয়েল্ অব্ ইউক্যালিপ্টাস্ ১ড্রাম্ এবং ভেসেলিন্ ১ আউন্স্ একত্রে মলম আকারে দিলে উপকার হয়।

ইহাদ্বারা উপদংশজনিত চর্ম্মরোগ, জিহ্বার ফিশার, কণ্ঠনালী ও প্যালেটের ক্ষত, রেক্টামের ক্ষত ও বিউবো নিবারিত হয়। গ্লিট্ এবং গনোরিয়াতে ইহার বুজিদ্বারা উপকার হয়।

থাইসিস্ রোগে আইয়োডোফর্ম্ ১ গ্রেণ মাত্রায় ক্রিয়েসোট্ এবং ডেক্ষ্ট্রি-নের সহিত, পিল্ আকারে দিয়া কেহ কেহ উপকার পাইয়াছেন।

এণ্টিসেপ্টিক্ সার্জ্জারিতে উণ্ড্ ও আল্সারাদির চিকিৎসায় এবং সকল প্রকার অপারেশনের পর, ইহার প্রচুর ব্যবহার আছে।

ইহার গন্ধ বাল্সাম্ অব্ পেরু, মাস্ক্ এবং এরোমাটিক্ অয়েল্দ্বারা আংশিক নষ্ট হয়। ইহা ক্লোরোফর্মে দ্রব হয়।

তৃতীয়শ্রেণী—Emollients.

স্থানিক স্নিগ্ধতাকারক ঔষধবর্গ।

যে সকল ঔষধ কোন স্থানে লাগাইলে সেই স্থানের কোমলত্ব জন্মে এবং উত্তেজনা উপশমিত হয়, তাহারা এই শ্রেণীভুক্ত।

(১) উষ্ণজল (Warm water).

Starchy and Mucilaginous substances.

শ্বেতসার এবং মিউসিলেজ্ বিশিষ্ট পদার্থসমূহ।

(২) ময়দা (Flour)।

(৩) রুটি (Bread)।

(৪) ওট্‌মিল্ (Oatmeal) ।

(৫) তিসি (Linseed) ।

(৬) গঁদ (Gum) ।

(৭) মধু (Honey) ।

(৮) ডুমুর (Figs) ।

(৯) শ্বেতসার (Starch) ।

(১০) কলোডিয়ন্ (Collodion) ।

OILY AND FATTY SUBSTANCES.

স্নেহযুক্ত এবং মেদবিশিষ্ট পদার্থসমূহ ।

(১১) মসিনার তৈল (Linseed oil) ।

(১২) বাদামের তৈল (Almond oil) ।

(১৩) জলপাইয়ের তৈল (Olive oil) ।

(১৪) শূকরের বসা (Lard) ।

(১৫) মেষের কিড্‌নির চতুষ্পার্শ্বস্থ বসা (Suet) ।

(১৬) মোম (Wax) ।

(১৭) তিমির বসা (Spermaceti) ।

(১৮) গ্লিস্‌রিন্ (Glycerine) ।

(১৯) প্যারাফিন্ (Hard and soft paraffin) ।

ALBUMINOUS AND GELATINOUS SUBSTANCES.

এল্‌বিউমেন্ এবং জিলাটিন্‌বিশিষ্ট পদার্থসমূহ ।

(২০) আইসিংগ্লাস্ (Isinglass) ।

(২১) ডিমের শ্বেতাংশ (White of egg) ।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ ।

এই সকল ঔষধের ক্রিয়া সাধারণতঃ ফিজিক্যাল্ এবং কিয়ৎপরিমাণে ফিজিওলজিক্যাল্ । যখন আভ্যন্তরিক ব্যবহৃত হইয়া অন্ননালীর শ্লৈষ্মিক ঝিল্লির উপর ক্রিয়া করে, তখন ইহাদিগকে ডিমাল্‌সেণ্ট্ বা স্নিগ্ধতাকারক বলে । এই সকল ঔষধ উত্তেজিত কিম্বা প্রদাহিত স্থানকে স্নিগ্ধ করে, এজন্য বায়ু অথবা আগন্তুক পদার্থ তথায় কার্য্য করিতে সক্ষম হয় না । কোন স্থানকে

শিথিল, আর্দ্র, উষ্ণ ও আবৃত রাখিবার জন্য এই শ্রেণীস্থ ঔষধ ব্যবহার করা হয়।

ল্যাটিন্।	ইংরেজী।
লিনাই সেমিনা।	লিন্সিড্।
Lini Semina.	Linseed.
ইহাকে মসিনা বলে।	
লিনাই ফেরিণা।	লিন্সিড্ মিল।
Lini Farina.	Linseed Meal.
ওলিয়াম্ লিনাই।	লিন্সিড্ অয়েল্।
Oleum Lini.	Linseed Oil.
লিন্সিড্ মিলের প্রয়োগরূপ—	
কাটাপ্লাজ্মা লিনাই।	লিন্সিড্ পুল্টিস্।
Cataplasma Lini.	Linseed Poultice.
সিডের প্রয়োগরূপ—	
ইন্ফিউজাম্ লিনাই।	ইন্ফিউশন্ অব্ লিন্সিড্।
Infusum Lini.	Infusion of Linseed.

ইহাকে লিন্সিড্ টি (Linseed Tea) বলে।

ফিজিওলজিক্যাল্ ক্রিয়া—

কোন স্থানে আর্দ্র উষ্ণতা প্রয়োগ করিতে হইলে, লিন্সিড্ মিল্ পুল্টিস্ আকারে ব্যবহারে বিশেষ উপকার হইয়া থাকে। এই প্রকারে প্রয়োগ করিলে, ইহা বেদনা উপশমিত করে এবং রোগীর সুখানুভব হয়।

পুল্টিস্ আক্রান্ত স্থানের অনিয়ম রক্তবাহিনীনাড়ীসমূহকে শিথিল করিয়া কিয়ৎপরিমাণে প্রদাহ নিবারকের

থিরাপিউটিক্যাল্ ব্যবহার—

লাংসের সকল প্রকার তরুণ প্রদাহে লিন্সিড্ মিলের পুল্টিস্ অত্যন্ত উপকারী। ইহা ব্যবহারে বেদনা উপশম এবং আক্রান্ত স্থান বিশ্রাম পায়।

প্লুরিসি এবং নিউমোনিয়াতে ইহার "জ্যাকেট্ পুল্টিস্" দিবে। এই পুল্টিস্ প্রায় অর্দ্ধ ইঞ্চি পুরু হওয়া আবশ্যক এবং ইহা প্রতি দুই ঘণ্টা অন্তর পরিবর্ত্তিত করা উচিত।

ইহা পেরিটোনাইটিস্, কলিক্ এবং কণ্ঠনালীর নানাপ্রকার প্রাদাহিক অবস্থাতে ও ব্যবহৃত হয়।

বয়েল্ ও এব্‌সেসের পূয়োৎপত্তি ইহাদ্বারা নিবারিত হয়, যদি কখনও পূয়োৎপত্তি নিবারিত না হয়, তবে বয়েলাদি শীঘ্র পাকিয়া উঠে। এব্‌সেস্ ওপেন্ করিয়া কখনই পুল্টিস্ দিবেনা; কারণ, তাহাতে দুর্গন্ধ বাহির হয়। ইহাতে এণ্টিসেপ্টিক্ চিকিৎসা ভাল।

(Antiphlogistic) ন্যায় ক্রিয়া করে। এই জন্য কোন আভ্যন্তরিক ইন্দ্রিয়ের রক্তাধিক্য হইলে, ইহা ব্যবহারে ঘর্ম্মবৃদ্ধি হইয়া তাহা উপশমিত করে।

আভ্যন্তরিক ব্যবহার।

লিন্‌সিড্ ইন্‌ফিউশন্ আকারে ডিমালসেণ্টের ন্যায় কার্য্য করে এবং ক্যাটার্যাল্ ডিজিজ্, মূত্রযন্ত্রের ব্যাধি এবং ডায়েরিয়া ও ডিসেণ্টেরিতে সচরাচর ব্যবহৃত হইয়া থাকে।

ইহার তৈল শুধু অথবা লাইম্ ওয়াটারের সহিত "ক্যারন্ অয়েল্" নামে পোড়াঘা (Burns) এবং স্কল্ডে (Scald) সচরাচর স্থানিক ব্যবহৃত হইয়া থাকে।

লিন্‌সিড্ পুল্টিস্ প্রস্তুত করিতে হইলে, গরমজলে লিন্‌সিড্ মিল্ ক্রমে ক্রমে ছড়াইয়া দিবে ও নাড়িবে, যেন উহাতে কোন প্রকার চাপ না বাঁধে; এবং অবশেষে উহাতে কিছু অলিভ্ অয়েল্ মিশাইবে, তাহাতে প্রয়োগস্থানে লাগিয়া থাকিবে না।

কখন কখন পুল্টিস্‌দ্বারা চর্ম্ম উত্তেজিত হইয়া কষ্টদায়ক পূয়বটিকা কিম্বা ছোট ছোট বয়েল্ উৎপাদন করে; এই জন্য ইহা আর্দ্র স্থানে লাগাইবেনা, এবং যে সকল চর্ম্মরোগে অধিক স্রাব হয়, তাহাতে ইহার পুল্টিস্ ব্যবহার করিবে না।

ল্যাটিন্।	ইংরেজী।
একেশিয়া গামাই।	গাম্ একেশিয়া।
Acacia Gummi.	Gum Acacia.

ইহা একেশিয়া-সেনিগল্ এবং অন্যান্য জাতীয় একেশিয়া বৃক্ষহইতে প্রাপ্ত গঁদ।

মাত্রা—৬০ হইতে ৬০ গ্রেণ।

প্রয়োগরূপ—

মিউসিলেগো একেশিয়ি।	মিউসিলেজ্ অব্ গাম্ একেশিয়া।
Mucilago Acaciæ.	Mucilage of Gum Acacia.

মাত্রা ১—২ আউন্স্ বা ততোধিক।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—ইহা স্নিগ্ধতাকারক; এবং ফসেস্, ফেরিংস্ ও ষ্টমাক্ প্রভৃতির মিউকাস্ মেম্ব্রেনের উত্তেজনা উপশমিত করিবার জন্য ব্যবহৃত হয়। সাব্নাইট্রেট্ অব্ বিস্মাথ্ অথবা অক্সাইড্ অব্ জিঙ্ক্ ইত্যাদি ভারি চূর্ণ যখন তরলাকারে দেওয়া আবশ্যক হয়, তখন মিউসিলেজ্ অব্ গাম্ একেশিয়ার সহিত মিশ্রিত করিয়া দিতে হয়। কিন্তু এতদর্থে ট্র্যাগ্যাক্যান্থ্ উৎকৃষ্টতর।* ইহা গুগারে পরিবর্তিত হয় না বলিয়া ডায়েবেটিস্ মেলিটাস্ রোগে শ্বেতসারবিশিষ্ট খাদ্যের (amylaceous food) পরিবর্ত্তে কখন কখন ব্যবহৃত হয়, কিন্তু তাহাতে যে বিশেষ উপকার হয়, এরূপ বোধ হয় না। ব্লাডার্ এবং ইউরিথ্রার উত্তেজনাতে ইহা ডিমাল্সেণ্ট্স্বরূপ ব্যবহৃত হয়।

গলায় শুষ্ক ও উত্তেজনাজনিত কাশি এবং স্বরভঙ্গ হইলে, এক টুকরা গাম্ মুখে রাখিয়া চুষিলে তাহা উপশমিত হইয়া থাকে। গ্যাষ্ট্রো-ইণ্টেষ্টাইন্যাল্ ইরিটেশন্, ডায়েরিয়া এবং আর্ডার্ ইউরিনি (Ardor urinæ) অর্থাৎ মূত্রকৃচ্ছ্র, মিউসিলেজ, অন্যান্য ডিমাল্সেণ্ট, কিম্বা টিংচার্ হেন্বেন্ প্রভৃতি অবসাদক ঔষধের সহিত ব্যবহার করিলে উপকার হয়। সোর্নিপ্ল্ বা কুচাগ্রের ক্ষতে সমপরিমাণ গাম্ একেশিয়া এবং বোরাক্স্ লাগাইলে উপকার হয়।

ল্যাটিন্।	ইংরেজী।
মেল্।	হানি।
Mel.	Honey.

মধু।

মাত্রা ১ ড্রাম্—১ আউন্স্ বা ততোধিক।

ইহা মধুচক্রহইতে প্রাপ্ত হওয়া যায়।

প্রয়োগরূপ—

(১) মেল্ ডেপিউরেটাম্।	ক্ল্যারিফাইড্ হানি।
Mel Depuratum.	Clarified Honey.
(২) অক্সিমেল্।	অক্সিমেল্।
Oxymel.	Oxymel.

সির্কামধু।

মাত্রা ১—২ ড্রাম্।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—স্নিগ্ধতাকারক; অধিক মাত্রায় মৃদু-বিরেচক। ইহার ক্রিয়া চিনির ন্যায়; অন্যান্য ঔষধের অনুপানস্বরূপ সুস্বাদ করণার্থ ব্যবহৃত হয়। এই উদ্দেশ্যে শিশুদিগের কফ্ মিক্শ্চারের সহিত ইহা সচরাচর ব্যবস্থা করা যায়; জলের সহিত মিশ্রিত করিয়া ব্যবহারে শৈত্যকারকের ন্যায় ক্রিয়া প্রদর্শন করে।

ল্যাটিন্।	ইংরেজী।
সিরা ফ্লাভা।	ইয়েলো ওয়াক্স্।
Cera Flava.	Yellow Wax.
সিরা এল্বা।	হোয়াইট্ ওয়াক্স্।
Cera Alba.	White Wax.

ইহা এপিস্-মেলিফিকা নামক মক্ষিকার মধুচক্রহইতে প্রাপ্ত।

প্রয়োগরূপ—

আঙ্গুয়েণ্টাম্ সিম্প্লেক্স্।	সিম্প্ল্ অয়েণ্ট্মেণ্ট্।
Unguentum Simplex,	Simple Ointment.

ইহা অন্যান্য ঔষধের বলত্ব রক্ষা করার জন্য ব্যবহৃত হয়। ইহাদ্বারা সচরাচর সকলপ্রকার মলম প্রস্তুত হইয়া থাকে।

লাটিন্।	ইংরেজী।
কলোডিয়াম্।	কলোডিয়ন্।
Collodium.	Collodion.
প্রয়োগরূপ—	
কলোডিয়াম্ ফ্লেক্সাইল্।	ফ্লেক্সিবল্ কলোডিয়ন্।
Collodium Flexile.	Flexible Collodion.
কলোডিয়াম্ ভেসিকান্স্।	ব্লিষ্টারিং কলোডিয়ন্।
Collodium Vesicans.	Blistering Collodion.

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ।

ফিজিওলজিক্যাল্ ক্রিয়া—

কলোডিয়ন্ নিম্নলিখিত দুইটী উদ্দেশ্য সাধনের জন্য ব্যবহৃত হয়:—

(১) প্রদাহিত স্থানে বায়ুসংযোগ নিবারণ করিতে, এবং রোগীকর্ত্তৃক প্রদাহিতস্থানের কণ্ডুয়ন নিবারণ করিতে।

(২) শুষ্ক হইয়া সঙ্কোচন করতঃ এষ্ট্রিঞ্জেন্টের ন্যায় ক্রিয়া করিতে। এই জন্য কোন ইন্দ্রিয় কিম্বা তন্তুতে প্রদাহ হইলে, ইহা ব্যবহারে উপকার হইয়া থাকে।

টেট্কিন্স্ এবং তাহার কর্ত্তে ইহা

থিরাপিউটিক্যাল্ ব্যবহার—

(১) এইজন্য ইহা বসন্তরোগের (Small-pox) পূয়বটিকায় (pustule) লাগাইলে পিটিং নিবারিত হয়।

ইহা হার্পিজ্ জোষ্টার্ (Herpes Zoster), এরিসিপেলাস্ (Erysipelas) ইত্যাদিতে আদরের সহিত লাগান যাইতে পারে।

(২) ডাং হেয়ার্ (Dr. Hare) বলেন, যে বিস্ফোটকের (boil) প্রথমাবস্থায় ইহা লাগাইলে উহা পাকিতে পারেনা।

কেহ কেহ বলেন, যে ছোট শিশুদিগের রাত্রে মূত্রধারণাক্ষমতায় (In-

লাগাইলে, অর্কাইটিস্ বা অণ্ডকোষ-প্রদাহ উপশমিত হইতে পারে।

continence of urine) ইহা প্রিপি-উসে লাগাইলে অতি উত্তম উপকার হইতে পারে। ক্যাপিলারি রক্তস্রাব এবং জলৌকাদংশনজনিত রক্তস্রাব ও ইহাদ্বারা নিবারিত হয়। অধিকন্তু হেমারলিপ্ অপারেশনাদির পর ছোট ছোট উণ্ডে, ও কুচাগ্রবিদারণে ইহাদ্বারা বিশেষ উপকার হয়। ইহাতে ফ্লেক্সিব্ল্ কলোডিয়ন্ (যাহাতে ক্যাষ্টার্ অয়েল্ আছে) লাগান ভাল ; কারণ, তাহাতে উৎপাদিত আবরণ ফাটিয়া যায়না।

ইহাতে ক্যাষ্টার্ অয়েল্ আছে বলিয়া ক্যাপিলারি হেমারেজ্ নিবারণ এবং ছোট ক্ষত আরোগ্যার্থে ডাং রিচার্ড্সন্ (Dr. Richardson) ষ্টিপ্টিক্ কলয়েড্ (Styptic Colloid) নামে এক ঔষধ ব্যবহার করিয়া থাকেন ; ইহাতে কলোডিয়ন্ ১০০ ভাগ, কার্ব্বলিক্ এসিড্ ১০ ভাগ, ট্যানিন্ ৫ ভাগ ও বেঞ্জোয়িক্ এসিড্ ৫ ভাগ আছে।

অপিচ কেহ কেহ বলেন, ফ্লেক্সিব্ল্ কলোডিয়ন, স্যালিসিলিক্ এসিড্ এবং এক্‌ষ্ট্রাক্ট্ অব্ ইণ্ডিয়ান্ হেম্প্ একত্র করিয়া কোমল কড়াতে (Corns) লাগাইলে উত্তম ফল পাওয়া যায়।

নিম্নলিখিত প্রয়োগরূপটীকে কলোডিয়াম্ ক্যালোসাম্ বলে।

Collodium Callosum.

Salicylic Acid 60 grains.
Extract of Indian Hemp 8 grains.
Flexible Collodion (¾ strength.) 1 ounce.

Dissolve. ইহা পায়ের কড়া (Corns) এবং আচিলে (Warts) প্রত্যহ লাগাইলে, তাহা দ্রব করিয়া উপকার দর্শায়। ইহা প্রয়োগে কোন বেদনা হয় না।

ল্যাটিন্।	ইংরেজী।
গ্লাইসিরিণাম্।	গ্লিসরিন্।
Glycerinum.	Glycerine.

ইহা বসা এবং স্থায়ী তৈলহইতে প্রাপ্ত মিষ্টপদার্থ। ইহাতে অল্প জলের অংশ ও আছে।

মাত্রা ১—২ ড্রাম্।

প্রয়োগরূপ—

(১) গ্লাইসিরিণাম্ এসিডাই কার্ব্বলিসাই। Glycerinum Acidi Carbolici.	গ্লিসরিন্ অব্ কার্ব্বলিক্ এসিড্। Glycerine of Carbolic Acid.
(২) গ্লাইসিরিণাম্ এসিডাই গ্যালিসাই। Glycerinum Acidi Gallici.	গ্লিসরিন্ অব্ গ্যালিক্ এসিড্। Glycerine of Gallic Acid.
(৩) গ্লাইসিরিণাম্ এসিডাই ট্যানিসাই। Glycerinum Acidi Tannici.	গ্লিসরিন্ অব্ ট্যানিক্ এসিড্। Glycerine of Tannic Acid.
(৪) গ্লাইসিরিণাম্ এলিউমিনিস্। Glycerinum Aluminis.	গ্লিসরিন্ অব্ এলাম্। Glycerine of Alum.
(৫) গ্লাইসিরিণাম্ বোরাসিস্। Glycerinum Boracis.	গ্লিসরিন্ অব্ বোরাক্স্। Glycerine of Borax.
(৬) গ্লাইসিরিণাম্ প্লাম্বাই সাব্-এসিটেটিস্। Glycerinum Plumbi Subacetatis.	গ্লিসরিন্ অব্ সাব্এসিটেট্ অব্ লেড্। Glycerine of Subacetate of Lead.
(৭) গ্লাইসিরিণাম্ এমিলাই। Glycerinum Amyli.	গ্লিসরিন্ অব্ ষ্টার্চ্। Glycerine of Starch.
(৮) গ্লাইসিরিণাম্ ট্র্যাগাকান্থি। Glycerinum Tragacanthæ.	গ্লিসরিন্ অব্ ট্র্যাগাক্যান্থ্। Glycerine of Tragacanth.

ক্রিয়া ও আময়িক প্রয়োগ—ইহা প্রায়ই বাহ্য ব্যবহৃত হয়। ইহাতে চর্ম্ম আর্দ্র এবং কোমল হয়; এবং হাত ফাটিলে (cracks), ইহা লাগাইলে বেশ উপকার হয়। নানাপ্রকার চর্ম্মরোগে ইহা শুধু বা অন্য ঔষধের সহিত লাগাইলে উপকার হয়। ইহা শুষ্ক কণ্ঠকে আর্দ্র করিয়া উত্তেজক কাশি উপশমিত করে। ইহা শয্যাক্ষতের (Bedsore) উত্তম ঔষধ। মূত্রবিরেচক

বলিয়া অর্শরোগে (Piles) ইহার ব্যবহার হয়। ইহা নানাপ্রকার ঔষধ দ্রব করিবার জন্য অনুপানস্বরূপ ব্যবহৃত হয়।

ইহা আঠাবিশিষ্ট বলিয়া, ব্যবহারের স্থানে অধিক সময় স্থায়ী হয়। ইহা অনেক উপক্ষার (alkaloid) দ্রব করিবার জন্য ব্যবহৃত হয়। পচননিবারক গুণের জন্য ভ্যাক্সিন্ লিম্ফ্ (Vaccine Limph) রক্ষা করিবার জন্য ব্যবহৃত হইয়া থাকে। বার্ন্স্, স্কল্ড্স্ ইত্যাদিতেও ইহা ব্যবহৃত হইয়া থাকে। ইহার হাইপোডার্মিক্ ইঞ্জেক্শন্দ্বারা ষ্ট্রিক্নিয়ার ন্যায় ধনুষ্টঙ্কারিক কাঠিন্য (Tetanic rigidity), উত্তাপ বৃদ্ধি এবং সচরাচর রক্তপ্রস্রাব (Hæmaturia) হইতে দেখা যায়। আভ্যন্তরিক ব্যবহারে ইহাদ্বারা ক্ষুধাবৃদ্ধি এবং ইউরিয়া নিস্রাবের ন্যূনতা জন্মে। এজন্য ইহা উত্তম পুষ্টিকর, কিন্তু ডায়েবেটিসে ইহাদ্বারা কোন উপকার হয় না। ইহা অধিক দিন অল্পমাত্রায় খাইলে শরীরের ভারবৃদ্ধি হইয়া থাকে। থাইসিস্ রোগে ইহা কড্লিভার্ অয়েলের পরিবর্ত্তে ব্যবহৃত হয়। কোন কোন অবস্থায় ইহাদ্বারা ফল পাওয়া যায়, কিন্তু তত উপকার হয় না। ইহা ১ হইতে ৩ ড্রাম্ মাত্রায় দিবসে ৩ বার দিতে হয়।

কর্ণনালীর (auditory canal) শুষ্কত্ব ও অস্থিতিস্থাপকতা এবং তৎস্থানীয় নিস্রাবের ন্যূনতাজনিত বধিরতায় (deafness) কয়েক ফোঁটা গ্লিসরিন্ তুলা দ্বারা দিলে উপকার হইয়া থাকে। কোষ্ঠবদ্ধে শুধু অর্দ্ধ আউন্স্ গ্লিসরিন্দ্বারা কিম্বা ইহার সহিত ½ ভাগ জল যোগ করিয়া, গুহ্যদ্বারে পিচকারী দিলে বেশ উপকার হয়।

ইহার ২ ড্রাম্ লইয়া গুহ্যদ্বারে পিচকারী ব্যবহার করিলে, বলির (Piles) আকার ছোট হইয়া থাকে। শিশুদিগের উদরাময়ে উপরোক্ত প্রকারে পিচকারী দিলে উপকার হয়।

এলোপেশিয়া, বল্ড্নেস্ ও শিরশ্চর্ম্মের শুষ্কতায় (Dryness of the scalp) এবং কোন ব্যাধির পর চুল উঠিয়া গেলে, নিম্নলিখিত ব্যবস্থাদ্বারা উপকার হয়।

℞	Spt. Ammon. Co.	ʒi
	Glycerini	℥ss
	Tinct. Cantharides	ʒi—ii
	Aqua Rosmarini	℥viii

ইহা স্থানিক প্রয়োগ করিতে হয়।

Glycerinum cum Aqua Rosæ.

Glycerine	2 ounces.
Rose water	3 ounces.

Mix. ইহা চর্ম্মের কোমলতা উৎপাদন করে।

ল্যাটিন্।	ইংরেজী।
প্যারাফিনাম্ ডিউরাম্।	হার্ড্ প্যারাফিন্।
Paraffinum Durum.	Hard Paraffin.
প্যারাফিনাম্ মোলি।	সফ্‌ট্ প্যারাফিন্।
Paraffinum Molle.	Soft Paraffin.

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—পচননিবারক গুণের জন্য ব্যবহার্য্য। প্যারাফিন্ ডিউরাম্, বোরিক্, কার্ব্বলিক্, স্যালিসিলিক্ ইত্যাদি নানাপ্রকার মলমে জান্তব এবং উদ্ভিজ্জ বসার পরিবর্ত্তে ব্যবহৃত হয়। দুই প্রকারই নানাবিধ মলমে ব্যবহৃত হয়।

ল্যাটিন্।	ইংরেজী।
ভেসেলিনাম্।	ভেসেলিন্।
Vaselinum.	Vaseline.

ইহা ননাপ্রকার চর্ম্মরোগে স্নিগ্ধতাকারকস্বরূপ ব্যবহৃত হয়।

ল্যাটিন্।	ইংরেজী।
ওভাই এল্‌বিউমেন্।	এগ্ এল্‌বিউমেন্।
Ovi Albumen.	Egg Albumen.

ডিম্বের শ্বেতাংশ (White of Egg.)

ওভাই ভাইটেলাস্।	ইয়োক্ অব্ এগ্।
Ovi Vitellus.	Yolk of Egg.

ইয়োক্ অব্ এগ্ "মিক্‌শ্চার্ অব্ ফ্রেঞ্চ্ ব্রাণ্ডি" অর্থাৎ এগ্ ফ্লিপ্ (Egg flip) প্রস্তুত করণার্থ ব্যবহৃত হয়।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—করোসিভ্ সাব্লিমেট্ এবং সাল্ফেট্ অব্ কপার্দ্বারা বিষাক্ত হইলে, উক্ত এলবিউমেন্ বিষঘ্নস্বরূপ ব্যবহৃত হয়। এগ্ ফ্লিপ্ অতি উত্তম পুষ্টিকর মিশ্র। যে প্রকার দুর্ব্বলতায় রোগী শক্ত জিনিস খাইতে না পারে, তাহাতে ইহা ব্যবহার্য্য। ডিম্বের শ্বেতাংশে এলাম্ দ্রব করিয়া স্থানিক প্রয়োগ করিলে সঙ্কোচক ক্রিয়া হয়।

ল্যাটিন্।	ইংরেজী।
ওলিয়াম্ থিওব্রোমেটিস্।	অয়েল্ অব্ থিওব্রোমা।
Oleum Theobromatis.	Oil of Theobroma.

অপর নাম—ক্যাকো বাটার্ (Cacao Butter)।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—ইহা স্নিগ্ধতাকারক; নানাবিধ সাপোজিটরি নির্ম্মাণার্থ ব্যবহৃত হয়।

ল্যাটিন্।	ইংরেজী।
এমিগ্ডেলা এমারা।	বিটার্ আমণ্ড্।
Amygdala Amara.	Bitter Almond.

ইহাকে তিক্ত বাদাম বলে।

এমিগ্ডেলা ডাল্সিস্।	সুইট্ আমণ্ড্।
Amygdala Dulcis.	Sweet almond.

ইহাকে মিষ্ট বাদাম বলে।

ওলিয়াম্ এমিগ্ডেলি।	আমণ্ড্ অয়েল্।
Oleum Amygdalæ	Almond Oil.

বাদামতৈল। ইহা উভয়প্রকার বাদাম হইতে নিষ্পেষিত তৈল।

উভয়প্রকারেই শতকরা ৫০ ভাগ স্থায়ী তৈল, প্রধানতঃ অলিন্ ইমাল্সিন্, চিনি এবং গঁদ আছে; কিন্তু বিটার্ আমণ্ডে এতদ্ব্যতীত এমিগ্ডেলিন্ আছে। বিটার্ আমণ্ড্ জলে সিক্ত করিলে, ইমাল্সিন্ এবং এমিগ্ডেলিনের সংযোগে উজ্জ্বলনক্রিয়া (fermentation) দ্বারা হাইড্রোসিয়ানিক্ এসিড্, ভলেটাইল্ অয়েল্ অব্ বিটার্ আমণ্ড্ ইত্যাদি প্রস্তুত হয়; এবং তদ্দ্বারা বিষাক্ততা জন্মিতে

পারে। বিটার্ আমণ্ড্, হাইড্রোসিয়ানিক্ এসিডের মত বিষের ন্যায় কার্য্য করে; এজন্য ইহা ব্যবহৃত হয় না।

সুইট্ আমণ্ড্ অয়েলের মাত্রা—১ ড্রাম্ হইতে ½ আউন্স্।

সুইট্ আমণ্ডের প্রয়োগরূপ—

মিশ্চ্যুরা এমিগ্‌ডেলি।	আমণ্ড্ মিক্‌শ্চার্।
Mistura Amygdalæ.	Almond Mixture.

মাত্রা—১ হইতে ২ আউন্স্।

পাল্‌ভিস্ এমিগ্‌ডেলি কম্পজিটাস্।	কম্পাউণ্ড্ পাউডার্ অব্ আমণ্ড্।
Pulvis Amygdalæ Compositus.	Compound Powder of Almond.

মাত্রা—১ হইতে ২ ড্রাম্।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—ইহা স্নৈগ্ধ্যকারক (demulcent), পুষ্টিকারক (nutritive), এবং ১ হইতে ২ আউন্স্ মাত্রায় মৃদুবিরেচক। ডায়েবেটিস্‌রোগে ডাক্তার পেভি সুইট্ আমণ্ডের রুটি (bread) ব্যবহার করিতে অনুমোদন করেন।

লাম্বেগো, এবং সন্ধির নানাপ্রকার যন্ত্রণাদায়ক ব্যাধিতে, Dr. Fuller এক ড্রাম্ এসেন্‌শ্যাল্ অয়েল্ অব্ বিটার্ আমণ্ড্ এবং ১৫ ড্রাম্ আমণ্ড্ অয়েল্ স্থানিকরূপে ব্যবহার করিয়া উত্তম ফল পাইয়াছেন।

ল্যাটিন্।	ইংরেজী।
ওলিয়াম্ অলিভি।	অলিভ্ অয়েল্।
Oleum Olivæ.	Olive Oil.

ইহা ওলিয়া-ইউরোপিয়া নামক বৃক্ষের পক্ক ফলহইতে নিষ্পেষিত তৈল। ইহাকে জলপাই-তৈল বলে।

মাত্রা ১ ড্রাম্—১ আউন্স্।

স্যাপো ডিউরাস্।	হার্ড্ সোপ্।
Sapo Durus.	Hard Soap.

ইহা অলিভ্ অয়েল্ এবং সোডাদ্বারা নির্ম্মিত।

স্যাপো মোলিস্। সফ্‌ট্‌ সোপ্।
Sapo Mollis. Soft Soap.
ইহা অলিভ্‌ অয়েল্‌ এবং পটাশদ্বারা প্রস্তুত হয়।
হার্ড্‌ এবং সফ্‌ট্‌ সোপের মাত্রা, অম্লনাশকস্বরূপ, ৫—২০ গ্রেণ।

স্যাপো এনিম্যালিস্। কার্ড্‌ সোপ্।
Sapo Animalis. Curd Soap.
ইহা সোডা এবং পরিষ্কৃত জান্তব মেদদ্বারা নির্ম্মিত।

অলিভ্‌ অয়েলের প্রয়োগরূপ—
ইহা এমোনিয়া, ক্যাম্ফর্‌ ও লাইমের লিনিমেণ্ট্‌, অনেক প্রকার প্লাষ্টার্‌, নানা প্রকার মলম, এনিমা অব্‌ সাল্‌ফেট্‌ অব্‌ ম্যাগ্নেসিয়াম্‌ এবং ব্লিষ্টারিং পেপার্‌ প্রস্তুত করিতে ব্যবহৃত হয়।

হার্ড্‌ সোপের প্রয়োগরূপ—
লিনিমেণ্টাম্‌ স্যাপোনিস্‌। লিনিমেণ্ট্‌ অব্‌ সোপ্‌।
Linimentum Saponis. Liniment of Soap.

পাইলিউলা স্যাপোনিস্‌ কম্পজিটা। কম্পাউণ্ড্‌ পিল্‌ অব্‌ সোপ্‌।
Pilula Saponis Composita. Compound Pill of Soap.
নামান্তর—Pilula Opii.
ইহার প্রায় ৬ গ্রেণে এক গ্রেণ অহিফেণ আছে।
মাত্রা—৩ হইতে ৫ গ্রেণ।

সফ্‌ট্‌ সোপের প্রয়োগরূপ—
ইহা লিনিমেণ্ট্‌ অব্‌ টার্পেণ্টাইন্‌ প্রস্তুত করিতে ব্যবহৃত হয়।

কার্ড্‌ সোপের প্রয়োগরূপ—
এম্‌প্লাষ্ট্রাম্‌ স্যাপোনিস্‌। সোপ্‌ প্লাষ্টার্‌।
Emplastrum Saponis Soap Plaster.

এম্‌প্লাষ্ট্রাম্‌ স্যাপোনিস্‌ ফাস্কাম্‌। ব্রাউন্‌ সোপ্‌ প্লাষ্টার্‌।
Emplastrum Saponis Fuscum. Brown Soap Plaster.

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—অলিভ্ অয়েল্ এমোলিয়েণ্ট্, ডিমাল্‌সেণ্ট্, এবং অধিক মাত্রায়, (১ হইতে ২ আউন্স্) মৃদুবিরেচক। ইহা প্রধানতঃ নানাপ্রকার বিষাক্ততায় বিষঘ্নস্বরূপ ব্যবহৃত হয়, এবং তাহাতে স্নিগ্ধতাকারক ও আবরকস্বরূপ কার্য্য করিয়া থাকে।

স্ক্রোটাম্, গুহ্যদ্বার এবং স্ত্রীলোকদিগের বাহ্য জননেন্দ্রিয়ে চুলকানি হইলে, অলিভ্ অয়েল্ পালকদ্বারা লাগাইলে, তাহা উপশমিত হইয়া থাকে।

সরলান্ত্রে (rectum) সূত্রবৎ কৃমি থাকাপ্রযুক্ত উত্তেজনা হইলে, ১—২ আউন্স্ অলিভ্ অয়েল্‌দ্বারা গুহ্যদ্বারে পিচকারী দিলে আশু উপকার হয়। অফ্থ্যাল্‌মিয়া টার্সাই (Ophthalmia Tarsi) রোগে এবং চক্ষুর পাতার অভ্যন্তরপ্রদেশে মাংসাঙ্কুরবৎ পদার্থ (granular lids) উৎপন্ন হইলে, ১ ফোঁটা অলিভ্ অয়েল্ আক্রান্ত চক্ষে দিলে উপকার হয়।

মূত্রনালীর সঙ্কোচ (Stricture of the urethra) বশতঃ তাহাতে শলাকা (catheter) প্রবেশ করাইতে না পারিলে, ½ হইতে ১ আউন্স্ পরিমাণ এই তৈলদ্বারা পিচকারী দিলে, পরে মূত্রনালীতে উক্ত যন্ত্র সহজে প্রবেশ করাইতে পারা যায়।

সোপ্ অম্লনাশক। ইহা ঔষধার্থে ব্যবহৃত হয় না, কিন্তু হার্ড্ সোপ্ কোন কোন প্রকার বটিকা, এবং উভয়প্রকার সোপ্ লিনিমেণ্ট্ ও প্লাষ্টার্ প্রস্তুত করিতে ব্যবহৃত হয়।

লাটিন্।	ইংরেজী।
সিটেসিয়াম্।	স্পার্ম্যাসিটি।
Cetaceum.	Spermaceti.

ইহা স্পার্ম্ হোয়েল্‌নামক মৎস্যের মস্তকহইতে প্রাপ্ত মেদময় ঘনপদার্থ।

প্রয়োগরূপ—

আঙ্গুয়েণ্টাম্ সিটেসিয়াই।	অয়েণ্ট্‌মেণ্ট্ অব্ স্পার্ম্যাসিটি।
Unguentum Cetacei	Ointment of Spermaceti.

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—এমোলিয়েণ্ট্ এবং স্নিগ্ধকারকস্বরূপ ব্যবহার্য্য; পূর্ব্বে আভ্যন্তরিক ব্যবহৃত হইত।

ল্যাটিন্।	ইংরেজী।
এডেপ্স্ প্রিপারেটাস্।	প্রিপেয়ার্ড্ লার্ড্।
Adeps Præparatus.	Prepared Lard.

ইহা শূকরের পেটের আভ্যন্তরিক বসাহইতে নির্ম্মিত।

প্রয়োগরূপ—

এডেপ্স্ বেঞ্জোয়েটাস্।	বেঞ্জোয়েটেড্ লার্ড্।
Adeps Benzoatus.	Benzoated Lard
আঙ্গুয়েণ্টাম্ সিম্প্লেক্স্।	সিম্প্‌ল্ অয়েণ্ট্‌মেণ্ট্।
Unguentum Simplex.	Simple Ointment.

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—ইহা এমোলিয়েণ্ট্; নানা প্রকার মলমে ব্যবহৃত হয়; কখন কখন পুল্টিশ শক্ত এবং শুষ্ক হওয়া নিবারণ করিতে, তৎসহ ব্যবহৃত হয়।

৪র্থ শ্রেণী—LOCAL ASTRINGENTS AND STYPTICS.

স্থানিকসঙ্কোচক এবং রক্তরোধকসমূহ।

যে সকল ঔষধ কোন স্থানে লাগাইলে তাহার সঙ্কোচন হয়, তাহাদিগকে লোক্যাল্ এষ্ট্রিঞ্জেণ্ট্ কহে; এই সকল ঔষধ যখন রক্তস্রাব বন্ধ করিবার জন্য ব্যবহৃত হয়, তখন ইহাদিগকে ষ্টিপ্টিক্ বা রক্তরোধক কহে।

(১) ডাইলিউট্ সাল্‌ফিউরিক্ এসিড্ (Dilute Sulphuric Acid)।

(২) ট্যানিক্ এসিড্ (Tannic Acid)।

(৩) গ্যালিক্ এসিড্ (Gallic Acid)।

(৪) নাট্ গল্‌স্ (Nut galls)।

(৫) ওক্ বার্ক্ (Oak bark)।

(৬) ক্যাটিকিউ (Catechu)।

(৭) কাইনো (Kino)।

(৮) র‍্যাটানি (Rhatany)।

(৯) ম্যাটিকো (Matico)।

(১০) ফটকিরি (Alum)।

(১১) লাইম্ ওয়াটার্ (Lime water)।

(১২) সাব্‌এসিটেট্ অব্ লেড্ (Subacetate of Lead)।

(১৩) এসিটেট্ অব্ লেড্ (Acetate of Lead)।

(১৪) কার্ব্বনেট্ অব্ লেড্ (Carbonate of Lead)।

(১৫) সাল্‌ফেট্ অব্ জিঙ্ক্ (Sulphate of Zinc)।

(১৬) এসিটেট্ অব্ জিঙ্ক্ (Acetate of Zinc)।

(১৭) অক্সাইড্ অব্ জিঙ্ক্ (Oxide of Zinc)।

(১৮) সাল্‌ফেট্ অব্ আয়রন্ (Sulphate of Iron)।

(১৯) পার্ক্লোরাইড্ অব্ আয়রন্ (Perchloride of Iron)।

(২০) বরফাদি শীতলবস্তুর প্রয়োগ (The Application of cold, as ice &c.)

EFFECTS OF LOCAL ASTRINGENTS AND STYPTICS.

স্থানিক সঙ্কোচক এবং রক্তরোধক ঔষধের ফল।

ইহাদের ক্রিয়া অন্যান্য সঙ্কোচক ঔষধের ন্যায়।

আময়িকপ্রয়োগ।

ইহারা নিম্নলিখিত উদ্দেশ্যে ব্যবহৃত হয় :—

(১) কোন স্থানে প্রয়োগ করতঃ তথা হইতে রক্তস্রাব স্থগিত করিতে।

(২) স্বাভাবিক স্রাবের আধিক্য বা অস্বাভাবিক স্রাব স্থগিত করিতে। গনোরিয়া এবং গ্লিট্ (gleet) প্রভৃতি মিউকাস্ মেম্ব্রেনের ব্যাধিতে ইহারা ইঞ্জেক্‌শন্‌স্বরূপ ব্যবহৃত হইয়া থাকে।

(৩) প্রল্যাপ্‌স্ বিশিষ্ট রেক্টাম্ ইত্যাদি স্থানে প্রযুক্ত হইয়া বলবিধান করিতে।

(৪) নানাপ্রকার চর্ম্মরোগে ত্বকের উপর পরিবর্ত্তনক্রিয়া উৎপাদন করিতে।

৫ম শ্রেণী—CAUSTICS AND ESCHAROTICS.

দাহক ঔষধসকল।

এই সকল ঔষধ কোন স্থানে প্রযুক্ত হইলে তৎস্থান ধ্বংশ করে; ইহাদের মধ্যে প্রবলগুলিদ্বারা এস্কার্ (eschar) নামে একপ্রকার বিগলন হয় বলিয়া, তাহাদিগকে এস্কারটিক্ বলে।

(১) সালফেট্ অব্ কপার্ (Sulphate of Copper)।

(২) নাইট্রেট্ অব্ কপার্ (Nitrate of Copper)।

(৩) রেড্ অক্সাইড্ অব্ মার্কিউরি (Red Oxide of Mercury)।

(৪) নাইট্রেট্ অব্ সিল্ভার্ (Nitrate of Silver)।

(৫) ক্লোরাইড্ অব্ এণ্টিমনি (Chloride of Antimony)।

(৬) ক্লোরাইড্ অব্ জিঙ্ক্ (Chloride of Zinc)।

(৭) গ্লেশিয়াল্ এসিটিক্ এসিড্ (Glacial Acetic Acid)।

(৮) কার্ব্বলিক্ এসিড্ (Carbolic Acid)।

(৯) স্যালিসিলিক্ এবং হাইড্রোক্লোরিক্ এসিড্ (Salicylic and Hydrochloric Acid)।

(১০) নাইট্রিক্ এসিড্ (Nitric Acid)।

(১১) এসিড্ নাইট্রেট্ অব্ মার্কিউরি (Acid Nitrate of Mercury)।

(১২) আর্সেনিক্ (Arsenic)।

(১৩) করোসিভ্ সাব্লিমেট্ (Corrosive Sublimate)।

(১৪) ক্রোমিক্ এসিড্ (Chromic Acid)।

(১৫) ব্রোমিন্ (Bromine)।

(১৬) সাল্ফিউরিক্ এসিড্ (Sulphuric Acid)।

(১৭) কষ্টিক্ লাইম্ (Caustic lime)।

(১৮) কষ্টিক্ সোডা (Caustic Soda)।

(১৯) কষ্টিক্ পটাশ (Caustic Potash)।

EFFECTS OF CAUSTICS AND ESCHAROTICS.

দাহক ঔষধসমূহের ফল।

এই শ্রেণীস্থ ঔষধসকল রাসায়নিক ক্রিয়া প্রকাশ করে। ইহারা মৃত-দেহের তন্তুর উপর অধিক কার্য্যকারী হয়, কিন্তু জীবিতদেহের তন্তুর উপর তত হয়না। ইহাদের মধ্যে কতকগুলি জলের সহিত প্রবল রাসায়নিক সংযোগ দ্বারা, এবং অপর কতকগুলি টিস্থর এলবিউমেনের সঙ্গে একত্রিত হইয়া কোন যৌগিকপদার্থ উৎপাদনকরতঃ, কার্য্যকারী হয়।

আময়িক প্রয়োগ।

ইহারা নিম্নলিখিত উদ্দেশ্যে ব্যবহৃত হয় :—

(১) সর্প, ক্ষিপ্ত জন্তু, উপদংশ ইত্যাদির বিষ নষ্ট করিতে।

(২) অতিরিক্ত গ্র্যানিউলেশন্, পলিপাই, এবং ক্যান্সারের ডিপজিট্ ইত্যাদিতে অতিরিক্ত ও অস্বাস্থ্যকর বৃদ্ধি (growth) নিবারণ করিতে এবং ক্ষতবিশিষ্ট স্থানের প্রকৃতির উন্নতি সাধন করিতে।

(৩) সুস্থচর্ম্মে কার্য্যাকরতঃ ইস্যুজ্ (issues) উৎপাদন করিতে, এবং কোন এব্সেস্ ফাটাইবার জন্য।

ল্যাটিন্।	ইংরেজী।
জিঙ্কাই ক্লোরাইডাম।	ক্লোরাইড্ অব্ জিঙ্ক্।
Zinci Chloridum,	Chloride of Zinc,

মাত্রা—আভ্যন্তরিক, ½ হইতে ১ বা ২ গ্রেণ।

প্রয়োগরূপ—

লাইকর্ জিঙ্কাই ক্লোরাইডাই।	সলিউশন্ অব্ ক্লোরাইড্ অব্ জিঙ্ক্।
Liquor Zinci Chloridi.	Solution of Chloride of Zinc.

ইহাকে বার্নেট্স্ সলিউশন্ (Burnett's Solution) কহে। ইহার ১ আউন্সে ৩৬৮ গ্রেণ ক্লোরাইড্ অব্ জিঙ্ক্ আছে। ইহা ক্রিয়া দুর্গন্ধহারক এবং সংক্রমণনাশক ; কেবল স্থানিকরূপে ব্যবহৃত হয়।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—নির্জ্জল অবস্থায়, অথবা ময়দা বা জিপ্সামের (gypsum) সহিত পেষ্ট্ আকারে বাহ্যপ্রয়োগ করিলে, এস্কারটিক্

বা প্রবলদাহকের ন্যায় ক্রিয়া করে। সলিউশন্ আকারে লাগাইলে উত্তেজক এবং সঙ্কোচকের ন্যায় ক্রিয়া করিয়া থাকে। ইহা কচিৎ আভ্যন্তরিক ব্যবহৃত হয়। কিন্তু কখন কখন ইহা কোরিয়া এবং এপিলেপ্সিরোগে ব্যবহৃত হইয়াছে। নানাপ্রকার ক্যান্সার, সাংঘাতিক (malignant) ক্ষত এবং নিভাস্ রোগে ইহার বাহ্য ব্যবহার হইয়া থাকে।

লাটিন্।	ইংরেজী।
এসিডাম্ ক্রোমিকাম্।	ক্রোমিক্ এসিড্।
Acidum Chromicum,	Chromic Acid,
প্রয়োগরূপ—	
লাইকর্ এসিডাই ক্রোমিসাই।	সলিউশন্ অব্ ক্রোমিক্ এসিড্।
Liquor Acidi Chromici,	Solution of Chromic Acid,

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ।

ইহা অম্লজানপ্রদ (oxidising) গুণহেতু প্রবল দুর্গন্ধনাশক এবং সংক্রমণ নিবারক। ইহার সলিউশন্ (1 in 4) কণ্ডিলোমেটা ইত্যাদি ধ্বংশ করিতে স্থানিকরূপে ব্যবহৃত হয়।

ইহার ডাইলিউটেড্ লোশন্ (1 in 40) গায়ের ক্ষতে এবং জিহ্বা, ফেরিংস্ ও লেরিংসের উপদংশজনিত ক্ষতে ব্যবহৃত হয়।

সপ্তবিংশ অধ্যায়।

তৃতীয় বিভাগ।

১মভাগ—ANTIDOTES.

বিষঘ্নবর্গ।

কোন বিষ শরীরে প্রবিষ্ট হইলে, যেসকল ঔষধ তাহার অনিষ্টকর ক্রিয়াকে বাধা প্রদান করে তাহাদিগকে এণ্টিডোট্ বা বিষঘ্ন কহে।

ইহাদিগকে ডাইরেক্ট্ এবং ইন্‌ডাইরেক্ট্ এই দুই শ্রেণীতে বিভক্ত করা

যাইতে পারে। প্রথমোক্তগুলি শরীরস্থ বিষকে সমক্ষারায়, কিম্বা তাহার অনিষ্টকর ক্রিয়া নষ্ট, করে ; এবং শেষোক্তগুলি বিষের অনিষ্টকর শারীরিক (physiological) ক্রিয়াকে বাধা প্রদান করে।

ফিজিওলজিক্যাল্ ক্রিয়া—

কোন বিষাক্ততায় পাকাশয়কে শূন্য করা এবং টিস্থহইতে বিষাক্ত পদার্থ বহির্গত করাই প্রথম কর্ত্তব্য।

থিরাপিউটিক্যাল্ ব্যবহার—

এই উদ্দেশ্য প্রথমতঃ বমনকারক ঔষধ (বিশেষতঃ Direct Emetics) দ্বারা সাধিত হয়। কিন্তু মাদক দ্রব্য দ্বারা বিষাক্ততায় বমনকারক ঔষধ-দ্বারা কোন উপকার হয় না ; এজন্য তাহাতে ষ্টমাক্ পাম্প্ ব্যবহার করা উচিত। কোন কোন প্রকার ইরিট্যাণ্ট্ বিষাক্ততায়, বিশেষতঃ করোসিভের্ বিষাক্ততায়, ষ্টমাক্ পাম্প্ ব্যবহার করা উচিত নহে। এরূপ অবস্থায় ষ্টমাকের শ্লৈষ্মিক ঝিল্লি কোমলীভূত এবং আংশিকরূপে নষ্ট হইয়া থাকে। পাকাশয় শূন্য হওয়ার পর, মৃদুবিরেচক ও মূত্রকারক ঔষধ ব্যবহার করা উচিত এবং শরীরহইতে ধাতব বিষ বহিষ্করণের জন্য আইয়োডাইড্ অব্ পটাসিয়াম্ ইত্যাদির ব্যবহার হইতে পারে।

(২) বিষদ্বারা আক্রান্ত বিভিন্ন জীবনপ্রক্রিয়া (vital process) অনুসারে মৃত্যুর প্রবণতা নিবারণ করা আমাদের তৎপরবর্ত্তী কর্ত্তব্য।

কার্ডিয়াক্ সিন্‌কোপ্ (cardiac syncope) বিশেষ লক্ষণ হইলে, এই উদ্দেশ্যে উত্তেজক ঔষধ দেওয়া বিধেয়। যদি শ্বাসপ্রশ্বাসকেন্দ্রের পক্ষাঘাত হওয়ার উপক্রম হয়, তাহা হইলে শীতলবারিদ্বারা (cold affusion), চর্ম্মের উত্তেজনা ও কৃত্রিম শ্বাসপ্রশ্বাস ক্রিয়া (artificial respiration) প্রয়োগদ্বারা শ্বাসপ্রশ্বাসক্রিয়া উত্তেজিত করা উচিত, এবং নিউমোগ্যাষ্ট্রিক্ স্নায়ুর মূলকে উত্তেজিত করণার্থ এট্রোপিন্ দেওয়া বিধেয়। যদি নেশা বর্ত্তমান থাকে, তবে মস্তিষ্ককে উত্তেজিত করা, এবং যদি কোন বিশেষ ইন্দ্রিয়ের উত্তেজনা থাকে, তবে তাহাকে উপযুক্ত ঔষধদ্বারা স্নিগ্ধ করা আবশ্যক।

(৩) তৎপর উপযুক্ত এণ্টিডোট্ ব্যবহার করা উচিত; ইহারা দুই প্রকার:—

(ক রাসায়নিক (chemical), ইহারা বিষকে সাক্ষাৎরূপে সমক্ষারায় করিয়া তাহার গুণ নষ্ট করে; (খ) ফিজিওলজিক্যাল্ (physiological); ইহাদের গুণ বিষের গুণের ঠিক বিপরীত।

(১) প্রথম প্রকার উদ্দেশ্যে, অম্ল দ্বারা বিষাক্ত হইলে ক্ষার দ্রব্য, উদ্ভিজ্জ উপক্ষারদ্বারা বিষাক্ত হইলে জান্তব অঙ্গার, এবং বেলাডোনা, হাইয়োসায়েমাস্ ইত্যাদিদ্বারা বিষাক্ততায় লাইকর্ পটাশি, দিলে তাহাদের ক্রিয়া নষ্ট হইয়া থাকে।

(২) দ্বিতীয়শ্রেণীস্থ ঔষধসমূহ সম্বন্ধে নানাস্থানে বলা হইয়াছে। যেমন ওপিয়াম্ বিষাক্ততায় বেলাডোনা, ক্যালেবার্ বীনে এট্রোপিন্ এবং ষ্ট্রিকৃনিন্, একোনাইটে ডিজিটেলিস্ ইত্যাদি বিষনাশার্থ দেওয়া যাইতে পারে। এই শ্রেণীস্থ ঔষধসকলের বিশেষ গুণ এই, যে ইহারা রক্তে বিষের সহিত মিশ্রিত হইয়া তাহার বিষাক্ত গুণ নষ্ট করে এবং তথায় গিয়া উহার উপর কার্য্য করে।

POISON.

বিষ।

যে জান্তব, উদ্ভিজ্জ, কিম্বা ধাতব পদার্থ অল্পমাত্রায় প্রয়োগ করিলে, মনুষ্য-শরীরে অনিষ্টকর গুণ প্রকাশ করে, তাহাকে পয়জন্ বা বিষ কহে। ইহা বাষ্পীয়, তরল কিম্বা ঘন আকারে কোন পথদিয়া শরীরে প্রবিষ্ট হইতে পারে। কিন্তু সচরাচর ইহা অন্ননালীদিয়া শরীরে প্রবেশ লাভ করে।

GENERAL ANTIDOTE.

সাধারণ বিষঘ্ন ঔষধ।

কোন বিষদ্বারা বিষাক্ত হইল, তাহা জানা নাথাকিলে, নিম্নলিখিত ঔষধ ব্যবহেয়।

℞

Magnesiæ,
Pulv. Carbo. Ligni,
Ferri oxidi rubri, *aa* ℨi. M.

ইহা যথেষ্ট জলের সহিত ইচ্ছামত প্রয়োগ করা উচিত।

কিম্বা

Calcined Magnesia	℥ii
Washed animal charcoal	℥i
Water	℥xx

১½ হইতে ৩ আউন্স্ মাত্রায় আর্সেনিক্, জিঙ্ক্, এবং এল্‌ক্যালয়েড্ দ্বারা বিষাক্ত হইলে, প্রয়োগ করা বিধেয়। ইহা ভাল ষ্টপার্ড্ বোতলে রাখিতে হয়, এবং ব্যবহার সময়ে ২½ আউন্স সলিউশন্ অব্ ফেরাস্ সাল্‌ফেটের সহিত মিশ্রিত করিয়া ভালরূপে নাড়িয়া লইবে। উপরোক্ত ব্যবস্থাপত্রদ্বারা যদি কোন উপকার নাও হয়, তবু কোন অপকার হয় না। ইহার উপাদানগুলি সাধারণ বিষের নাশক। এই ঔষধ ব্যবহারের সময় পাকাশয়কে বিষের ক্রিয়াহইতে রক্ষা এবং বিষকে তরল করার উদ্দেশ্যে, দুগ্ধ, কিম্বা ময়দা এবং জল, ইত্যাদি স্নিগ্ধতাকারক পানীয় (demulcent drinks) প্রচুরপরিমাণে প্রয়োগ করিবে।

PROMPT TREATMENT TABLE OF POISONS.

বিষের আশু চিকিৎসার তালিকা।

(ইংরেজীবর্ণানুসারে লিখিত)।

বিষ।	বিষঘ্ন।
Acetic Acid.— (এসিটিক্ এসিড্)	এল্‌ক্যালাইন্ কার্ব্বনেট্, চক্, অথবা ম্যাগ্নেসিয়া। বমন করাইবার চেষ্টা করিবে এবং স্নিগ্ধ পানীয় যথেষ্ট দিবে।
Aconite.— (একোনাইট্)	বমনকারক ঔষধ কিম্বা ষ্টমাক্ পাম্প্। ষ্টিমিউল্যাণ্ট্ ঔষধ এবং বাহ্য উত্তেজনা। ডিজিটেলিস্ ইহার বিষঘ্ন ঔষধ; এতদ্ব্যতীত জান্তব অঙ্গার কিম্বা ট্যানিন্ এবং এষ্ট্রিঞ্জেণ্ট্ ইন্‌ফিউশন্।

Alcohol.— (এল্‌কোহল্)	ষ্টমাক্ পাম্প্; শীতলবারিধারা (cold affusion); এমোনিয়ার বাষ্প আঘ্রাণ, কিম্বা এমোনিয়ার সলিউশনের ত্বগন্তর্গত পিচকারী; তড়িৎ প্রয়োগ।
Ammonia.— (এমোনিয়া)	ডাইলিউট্ ভিনিগার, লেবুর রস (lemon juice) প্রভৃতি উদ্ভিজ্জাম্ল; যথেষ্টপরিমাণে দুগ্ধ; অলিভ্ অয়েল্; ষ্টমাক্ পাম্প্ কখনই ব্যবহার করিবেনা।
Antimony and its salts— (এণ্টিমনি এবং তাহার লবণসকল)	টিংচার্ কিম্বা ইন্‌ফিউশন্ অব্ সিঙ্কোনা, ইন্‌ফিউশন্ অব্ গ্রীন্ টি, কিম্বা মাজুফলের কাথ প্রভৃতির আকারে ট্যানিন্। গরম জল কিম্বা ষ্টমাক্‌পাম্প্‌দ্বারা বমন। অবশেষে ওপিয়াম, ষ্টিমিউল্যাণ্ট্ ঔষধ ও বাহ্য উত্তেজনা প্রয়োগ করা যায়।
Arsenious Acid.— (সেঁকো)	হাইড্রেটেড্ সেস্কুইঅক্সাইড্ অব্ আয়রন্ (Hydrated Sesquioxide of Iron), আর্দ্র অবস্থায় টেব্‌ল্ স্পুন্‌ফুল্ মাত্রায় কয়েকবার ব্যবস্থা করিয়া তৎপর ক্যাষ্টার্ অয়েল্। লাইকর্ এমোনিয়া, এবং ডাইলিউট্ টিংচার্ ফেরি পার্ক্লোরাইড্ একত্র করিলে উক্ত হাইড্রেট্ অব্ সেস্কুই-অক্সাইড্ অব্ আয়রন্ তৎক্ষণাৎ প্রস্তুত করা যাইতে পারে। সলিউ-শন্ অব্ ডায়েলাইজ্‌ড্ আয়রন্ এবং হাইড্রেট্ অব্ ম্যাগ্নেসিয়া ও ব্যবস্থা

করা যাইতে পারে। চূর্ণাকারে আর্সে-নিক্ সেবনে বিষাক্ততায় উহাদের দ্বারা বিশেষ উপকার হয় না। বমন না হইলে, সাল্ফেট্ অব্ জিঙ্ক্, কিম্বা মাষ্টার্ড্ এবং গরমজলদ্বারা বমন করাইবে। উষ্ণ পানীয় ব্যবস্থা করিবে।

Belladonna.—
(বেলাডোনা)

ট্যানিন্এবং এনিম্যাল্ চার্কোল্ ব্যবস্থা করা যায়। মর্ফিয়া ফিজিও-লজিক্যাল্ এণ্টিডোট্স্বরূপ ত্বগন্তর্গত পিচকারীদ্বারা দেওয়া যায়। ইহার অন্যান্য চিকিৎসা মাদক বিষের সাধা-রণ চিকিৎসার ন্যায়।

Bismuth Subnitrate.—
(বিস্মাথ্ সাব্নাইট্রেট্)

এল্বিউমেন্, দুগ্ধ, চিনি এবং মিউ-সিলেজ্বিশিষ্ট পানীয় দিবে।

Calabar Bean.—
(ক্যালেবার্ বীন্)

এট্রোপিয়ার ত্বগন্তর্গত পিচকারী সাবধানে ব্যবহার করিবে।

Camphor.—
(কর্পূর্)

বমনকারক ঔষধ, ষ্টিমিউল্যাণ্ট্ ঔষধ, ওয়াইন্ এবং ওপিয়াম্।

Cantharides.—
(ক্যান্থারিডিজ্)

উষ্ণ স্নৈগ্ধ্যকারক পানীয়দ্বারা বমন; ক্যাষ্টার্ অয়েল্; ডিমাল্সেণ্ট্ ইঞ্জেক্শন্।

Carbolic Acid.—
(কার্ব্বলিক্ এসিড্)

স্যাকারেট্অব্ লাইমের সলিউশন্ ইহার এণ্টিডোট্। শীঘ্র ষ্টমাক্পাম্প্ ব্যবহার। অলিভ্ অয়েল্, ময়দা এবং জল ইত্যাদি।

Carbonic Acid Gas.—
(কার্ব্বনিক্ এসিড্ গ্যাস্)

কৃত্রিম শ্বাসপ্রশ্বাস ক্রিয়া, শরীর মর্দ্দন, ষ্টিমিউল্যাণ্ট্ ঔষধ, পরিষ্কৃত বায়ু এবং তড়িৎ (electricity)।

Chloral.— (ক্লোর‍্যাল্)

ষ্টমাক্ পাম্প্; চা কিম্বা কাফি দ্বারা ষ্টমাক্ প্রক্ষালন। ডিফিউজিব্ল্ ষ্টিমিউল্যাণ্ট্ ঔষধ; সাধারণ চিকিৎসা ওপিয়াম্ বিষাক্ততার ন্যায়।

Chloroform.— (ক্লোরোফর্ম্)

লিকুইড্ ক্লোরোফর্ম্ দ্বারা বিষাক্ত হইলে ষ্টমাক্ পাম্প্ এবং বমনকারক ঔষধ দিবে। ইহার বাষ্পদ্বারা বিষাক্ত হওয়ার বিষয় ক্লোরোফর্ম্ বর্ণনাকালে বর্ণিত হইয়াছে।

Conium.— (কোনিয়াম্)

মাষ্টার্ড্ এবং গরম জল, ষ্টিমিউল্যাণ্ট্ ঔষধ এবং বাহ্য উত্তেজনা প্রয়োগ করিবে।

Copper, Preparations of.— (তাম্রের প্রয়োগরূপসকল)

ইহার বিষঘ্ন অণ্ডলাল প্রচুরপরিমাণে, কিম্বা দুগ্ধ। গরম মিউসিলেজ্-বিশিষ্ট পানীয়দ্বারা বমন করাইবে। আবশ্যক হইলে ষ্টমাক্পাম্প্ ব্যবহার করিবে।

Corrosive Sublimate.— (করোসিভ্ স্যাব্লিমেট্)

জলের সহিত মিশ্রিত করিয়া প্রচুরপরিমাণে এল্বিউমেন্ ব্যবহার করিলে অদ্রবণীয় যৌগিক পদার্থ প্রস্তুত হয়। ৪ গ্রেণ করোসিভ্ সাব্লিমেট্‌কে সমক্ষারায় করিতে একটী ডিম্বের অণ্ডলাল আবশ্যক হয়। গ্লুটেন্ কিম্বা দুগ্ধ ব্যবহার করা যাইতে পারে। উষ্ণ পানীয়দ্বারা বমনের সাহায্য করিবে। ষ্টমাক্ পাম্প্ অতি সতর্কতার সহিত ব্যবহার করিবে। কারণ, ইহাদ্বারা ষ্টমাকে ছিদ্র হইবার সম্ভাবনা আছে।

Creasote:— (ক্রিয়েসোট্)

বমনকারক ঔষধ কিম্বা ষ্টম্যাক্ পাম্প্; ডিম্যাল্সেণ্ট্ এবং মিউসিলেজ্ বিশিষ্ট পানীয় দিবে।

Croton Oil.— (ক্রোটন্ অয়েল্)

ওপিয়াম্, ষ্টিমিউল্যাণ্ট্ ঔষধ এবং স্নৈগ্ধ্যকারক পানীয়। ইহার সাধারণ চিকিৎসা অন্যান্য উত্তেজক বিষের চিকিৎসার ন্যায়।

Digitalis.— (ডিজিটেলিস্)

যে সকল ভেজিটেবল্ ইন্ফিউশনে ট্যানিক্ এসিড্ আছে, তাহা ব্যবহারে ইহার বীর্য্য অদ্রবণীয় হয়। এমেটিক্ দেওয়া যায়। শরীরে উষ্ণতা প্রয়োগ করিবে।

Ether, Vapour of.— (ইথারের বাষ্প)

শীতলবারিধারা (cold affusion) দিবে; রোগীকে বায়ুপ্রবাহে রাখিবে। কৃত্রিম শ্বাসপ্রশ্বাস ব্যবস্থা করিবে।

Hydrochloric Acid.— (হাইড্রোক্লোরিক্ এসিড্)

মিউরিয়েটিক্ এসিড্ দেখ।

Hydrocyanic Acid— (হাইড্রোসায়েনিক্ এসিড্)

ফেরাস্ এবং ফেরিক্ সাল্ফেটের মিক্শ্চার্ ব্যবস্থা করিয়া কার্ব্বনেট্ অব্ পটাসিয়াম্ দ্রবাকারে দিবে। এই বিষে শীঘ্র মৃত্যু হয় বলিয়া, তৎক্ষণাৎ চিকিৎসা করা উচিত। শীতলবারিধারা (cold affusion) প্রয়োগ করিবে। সতর্কতার সহিত এমোনিয়া এবং ক্লোরিন্ বাষ্প আঘ্রাণ করাইবে। বাহ্য ও আভ্যন্তরিক উত্তেজনা প্রয়োগ করিবে।

Hyoscyamus.—
(হাইয়োসায়েমাস্)

বেলাডোনাদ্বারা বিষাক্ততার চিকিৎসার ন্যায়।

Iodine.—
(আইয়োডিন্)

জলের সহিত ষ্টার্চ্ কিম্বা ময়দা দিবে।

Iron Chloride and Sulphate.—
(লৌহের ক্লোরাইড এবং সাল্‌ফেট্)

ম্যাগ্নেসিয়া এবং প্রচুরপরিমাণে পানীয় দিবে।

Lead Salts —
(সিসের লবণসকল)

জিঙ্ক্ সাল্‌ফেট্ ব্যবস্থা করিবে; কারণ, ইহাদ্বারা বমন এবং অদ্রবণীয় সাল্‌ফেট্ অব্ লেড্ প্রস্তুত হইবে। দুগ্ধ এবং ডিম্বের অণ্ডলাল প্রচুরপরিমাণে দিলে অদ্রবণীয় যৌগিক পদার্থ প্রস্তুত হইয়া থাকে। সলিউশন্ অব্ ম্যাগ্নেসিয়াম কিম্বা সোডিয়াম্ সাল্‌ফেট্ প্রচুরপরিমাণে ব্যবহার করিলে, তাহা বিষঘ্ন এবং বিরেচকস্বরূপ ক্রিয়া করিয়া উপকারী হয়। কাষ্টার্ অয়েল্ও ব্যবস্থা করা যাইতে পারে।

Lobelia —
(লোবেলিয়া)

বমনকারক ও বিরেচক ঔষধ দিবে। ষ্টিমিউল্যাণ্ট্ ঔষধ ব্যবস্থা করিবে।

Morphia.—
(মর্ফিয়া)

ওপিয়াম্ দেখ।

Muriatic or Hydrochloric Acid—
(মিউরিয়েটিক্ বা হাইড্রোক্লোরিক্ এসিড্)

জল কিম্বা দুগ্ধের সহিত সলিউশন্ অব্ এল্‌ক্যালাইন্ কার্ব্বনেট্ ব্যবস্থা করিবে। দুগ্ধের সহিত ম্যাগ্নেসিয়া কিম্বা চক দেওয়া যায়। অন্যান্য ঔষধের অভাবে দেয়ালের চূণ চাঁছিয়া লইয়া ব্যবস্থা করিবে। বার্লিওয়াটার

প্রচুরপরিমাণে দিবে; তৈল ব্যবস্থা করা যায়; যথেষ্টপরিমাণে দুগ্ধ ব্যবস্থা করিবে।

Nitric Acid and Nitromuriatic Acid.—
(নাইট্রিক্ এসিড্ এবং নাইট্রোমিউরিয়েটিক্ এসিড্)

ইহার চিকিৎসা মিউরিয়েটিক্ এসিডের চিকিৎসার ন্যায়, তাহা পূর্ব্বে বর্ণিত হইয়াছে ডাইলিউট্ সলিউশন্ অব্ সোডিয়াম্ কার্ব্বনেট্, অথবা জলের সহিত ফ্লুইড্ ম্যাগ্নেসিয়া, এবং দুগ্ধ কিম্বা স্নৈগ্ধাকারক পানীয় দেওয়া যাইতে পারে।

Nux Vomica.—
(নক্স্ ভমিকা)

ষ্ট্রিক্নিয়া দেখ।

Oil of Bitter Almonds.—
(তিক্ত বাদামের তৈল)

হাইড্রোসিয়ানিক এসিড্ দ্বারা বিষাক্ততার চিকিৎসার ন্যায়।

Opium and its Preparations.—
(অহিফেন এবং তাহার প্রয়োগরূপ সকল)

ট্যানিক্ এসিড্ এবং আইয়োডেটেড্ আইয়োডাইড্ অব্ পটাসিয়াম্ ইহার বিষঘ্ন। সলিউশন্ অব্ এট্রোপিয়া কিম্বা টিংচার্ অব্ বেলাডোনা ইহার ফিজিওলজিক্যাল্ এণ্টিডোট্। চিকিৎসা:—জিঙ্ক্ সালফেট্ কিম্বা মাষ্টার্ড্ এবং গরম জল প্রভৃতি ডাইরেক্ট্ এমেটিক্, কিম্বা ষ্টমাক্-পাম্প্। নেশা হইলে জলধারাপ্রয়োগ এবং আঘাত করতঃ রোগীকে সচেতন রাখা আবশ্যক। উগ্র কাফির এনিমা দিবে। ইহা দ্বারা উপকার না হইলে, ইলেক্ট্রিসিটি এবং আর্টিফিশিয়াল্ রেস্পিরেশন ব্যবস্থা করিবে।

Oxalic Acid.—
(অগজ্যালিক এসিড্)

এল্‌কালাই এবং এল্‌ক্যালাইন্ কার্ব্বনেট, অগ্‌জ্যালিক্ এসিডের সহিত বিষাক্তলবণ প্রস্তুত করে বলিয়া তাহা ব্যবস্থা করিবেনা। জল অথবা দুগ্ধের সহিত চক্, ক্যাল্‌সাইও, ম্যাগ্নেসিয়া, কিম্বা ইহার কার্ব্বনেট্ দিবে; তাহাতে অদ্রবণীয় অগ্‌জ্যালেট্ প্রস্তুত হয়; কিম্বা স্যাকারেটেড্ সলিউশন্ অব্ লাইম্ দিবে। তৎপর মিউসিলেজ-বিশিষ্ট পানীয়, লাইমওয়াটার, অপেল্ ও ষ্টিমিউল্যান্ট্ ঔষধ ব্যবস্থা করিবে; এবং বাহ্য উত্তেজনা প্রয়োগ করিবে।

Phosphorus.—
(ফস্‌ফরাস্)

বমন করাইবে। এল্‌বিউমেন্-বিশিষ্ট এবং মিউসিলেজযুক্ত পানীয়ের সহিত হাইড্রেট্ অব্ ম্যাগ্নেসিয়া ব্যবস্থা করিবে। তৈলে ফস্‌ফরাস্ দ্রব হয় বলিয়া, তাহা কখনও দিবে না। তার্পিণতৈল এবং চারকোল্ বিষঘ্ন-স্বরূপ ব্যবহৃত হইয়া থাকে।

Potassium Nitrate.—
(পটাসিয়াম নাইট্রেট্)

ষ্টমাক্‌পাম্প্; যথেষ্ট বমন করাইবে; এবং প্রচুরপরিমাণে মিউসিলেজ্‌বিশিষ্ট পানীয় দিবে; পতনাবস্থা হইলে ষ্টিমিউল্যান্ট ঔষধ, ওপিয়াম্ এবং কাফি দিবে।

Salts of Silver.—
(রৌপ্যের লবণসকল)

এল্‌বিউমেন্, দুগ্ধ। যদি নাইট্রেট অব্ সিল্‌ভারদ্বারা বিষাক্ত হয়, তবে সাধারণ লবণ দিয়া, তৎপর বমন করাইবে

Soda and its Preparations.— (সোডা এবং তাহার প্রয়োগরূপ সকল)

ইহাদের চিকিৎসা, পটাশ-পয়জনিং এর চিকিৎসার স্থায়।

Stramonium.— (ষ্ট্র্যামোনিয়াম্)

বেলাডোনা বিষাক্ততার স্থায় চিকিৎসা করিবে। লাইকর্ মর্ফিয়ার হাইপোডার্ম্মিক্ ইঞ্জেক্শন্ দিবে।

Strychnia.— (ষ্ট্রিক্‌নিয়া)

ব্রোমাইড্ অব্ পটাসিয়াম্ অধিক মাত্রায় দিবে। হাইড্রেট্ অব্ ক্লোরাল্, নাইট্রেট্ অব্ এমাইল্, এবং এট্রোপিয়াও দেওয়া যাইতে পারে। ষ্টমাক্-পাম্প্, মাষ্টার্ড, ইপিক্যাক্, সাল্‌ফেট্ অব্ জিঙ্ক্ ইত্যাদিদ্বারা বমন করাইবে। ক্লোরোফর্ম্ আঘ্রাণদ্বারা টেটেনিক্ আক্ষেপ উপশমিত হইতে পারে।

Sulphuric Acid.— (সাল্‌ফিউরিক্ এসিড্)

ইহার চিকিৎসা মিউরিয়েটিক্ এসিডের চিকিৎসার স্থায়। দুগ্ধ এবং জলের সহিত সোডিয়াম্ কার্ব্বনেট্ দিবে। ষ্টমাক্‌পাম্প্ কথনই ব্যবহার করিবেনা।

Tartaric Acid.— (টার্টারিক্ এসিড্)

অগ্‌জ্যালিক্ এসিড্ দেখ।

Tobacco.— (তাম্রকূট)

ষ্টমাক্‌পাম্প্ কিম্বা বমনকারক ঔষধ, হুইস্কি সরাপ, ষ্ট্রিক্‌নিয়া; টার্পেন্টাইন্ কিম্বা এমোনিয়া সম্বলিত উত্তেজক এনিমা।

Zinc Sulphate.— (জিঙ্ক্ সাল্‌ফেট্)

উষ্ণদুগ্ধ জলের সহিত দুগ্ধ এবং অণ্ডলাল: যেসকল ইনফিউশনে ট্যানিক্

এসিড্ আছে তাহা, অথবা ষ্টমাক্-
পাম্প্।

এলোজ্, স্কামনি, জালাপ্ প্রভৃতি আরো কতকগুলি উদ্ভিজ্জ উত্তেজক (vegetable irritant) দ্বারা কখন কখন বিষাক্ত লক্ষণ প্রকাশ পায়। বমন কারক ঔষধ, স্নৈগ্ধ্যকারক পানীয়, ক্যাষ্টার্ অয়েল্, ওপিয়াম্, এবং ফোমেণ্টেশন্ ইত্যাদিদ্বারা সাধারণ নিয়মানুসারে তাহাদের চিকিৎসা করিবে।

পচামাংস, চিঙ্গড়ী (lobster), মৎস্য কিম্বা ফল প্রভৃতি আরো কতকগুলি খাদ্যসামগ্রীদ্বারা বিষাক্ততায় ও উপরোক্তরূপে চিকিৎসা করিবে।

ক্লোরিন্, নাইট্রাস্ এসিড, সাল্‌ফিউরাস্ এসিডের বাষ্প প্রভৃতি ইরিটাণ্ট্ গ্যাস্ দ্বারা বিষাক্ত হইলে, রোগীকে বিষাক্ততার কারণহইতে অন্তরিত করিয়া কোল্ড্ এফিউশন্ এবং যথোপযুক্ত বিষঘ্ন ঔষধসকল ব্যবহার করাইবে।

বিষাক্তসরীসৃপদংশনে তাহার বিশেষ চিকিৎসা আবশ্যক। কর্ত্তিত স্থান ব্রাণ্ডিদ্বারা ধৌত করিবে, এবং মুখে কোন ক্ষত না থাকিলে, তাহা চোষণ করিবে। দষ্ট স্থানের উপরস্থ অংশ দৃঢ় করিয়া বন্ধন করতঃ দষ্টস্থান এসিড, কিম্বা উত্তপ্ত লৌহদ্বারা দগ্ধ করিবে। কেহ কেহ শিরামধ্যে এমোনিয়ার ইঞ্জেক্‌শন্ দিতে বলেন। এমোনিয়া এবং ব্রাণ্ডি ইত্যাদি ষ্টিমিউল্যাণ্ট্ ঔষধ প্রচুরপরিমাণে দিবে।

কুক্কুরাদি ক্ষিপ্ত জন্তু কাহাকে ও দংশন করিলে, উপরোক্তপ্রকারে স্থানিক এবং সার্ব্বাঙ্গিক চিকিৎসা করিবে।

অষ্টাবিংশ অধ্যায়।

২য় ভাগ—DISINFECTANTS AND ANTISEPTICS.

সংক্রমণনিবারক এবং পচননিবারক ঔষধাবলী।

যেসকল ঔষধ কোন পীড়ার বিশেষ প্রকার বিষ নষ্ট করে, এবং অপ্রীতিকর বাষ্প ও গন্ধকে, এবং যে সকল পদার্থহইতে ইহারা বহির্গত হয় তাহাদিগকে, বিকৃত করতঃ, উক্ত বাষ্প ও গন্ধ দূরীভূত করে, তাহারা Disinfectants বা সংক্রমণনাশক ঔষধ।

(১) ক্লোরিন্ (Chlorine)।

(২) আইয়োডিন্ (Iodine)।

(৩) ব্রোমিন্ (Bromine)।

(৪) ক্লোরিনেটেড্ লাইম্ (Chlorinated lime)।

(৫) ক্লোরিনেটেড্ সোডা (Chlorinated soda)।

(৬) পেরক্সাইড্ অব্ হাইড্রোজেন্ (Peroxide of hydrogen)।

(৭) পার্ম্যাঙ্গেনেট্ অব্ পটাসিয়াম্ (Permanganate of potassium)।

(৮) সাল্ফেট অব্ আয়রন্ (প্রোটো-সাল্ফেট্)—Sulphate of iron (proto-sulphate)।

(৯) অঙ্গার (Charcoal)।

যে সকল ঔষধ রাসায়নিক্ ক্রিয়াদ্বারা দূষিত কীটাণুদিগকে (septic germ) নষ্ট করে, তাহাদিগকে এণ্টিসেপ্টিক্ বা পচননিবারক ঔষধ কহে।

(১) কার্ব্বলিক্ এসিড্ (Carbolic acid)।

(২) ক্রিয়েসোট্ (Creasote)।

(৩) স্যালিসিলিক্ এসিড্ (Salicylic acid)।

(৪) আইয়োডোফর্ম্ (Iodoform)।

(৫) বোরিক্ এসিড্ (Boric acid)।

(৬) থাইমল্ (Thymol)।

(৭) মেন্থল্ (Menthol)।

(৮) এল্কোহল্ (Alcohol)।

(৯) সাল্ফিউরাস্ এসিড (Sulphurous acid)।

(১০) ক্ষার এবং মৃত্তিকার সাল্ফাইটসকল (Sulphites of alkalies and earths)।

(১১) ক্লোরাইড্ অব্ সোডিয়াম্ (Chloride of sodium)।

(১২) করোসিভ সাব্লিমেট্ (Corrosive sublimate)।

(১৩) পার্ক্লোরাইড্ অব্ আয়রন্ (Perchloride of iron)।

(১৪) ক্লোরাইড্ অব্ জিঙ্ক্ (Chloride of zinc)।

(১৫) সাল্‌ফেট্‌ অব্‌ কপার্‌ (Sulphate of copper)।

(১৬) আর্সেনিক্‌ (Arsenic)।

লাটিন্‌।	ইংরেজী।
ব্রোমাম্‌।	ব্রোমিন্‌।
Bromum.	Bromine.

ইহা অসংসৃষ্ট অবস্থায় দাহকস্বরূপ ব্যবহৃত হয়; ইহার বাষ্প প্রবল উত্তেজক। ইহার গন্ধ এত কুৎসিত যে, ইহা আভ্যন্তরিক ব্যবহার করা অসম্ভব। ইহা জলে দ্রব করিয়া কখন কখন বাহ্য ব্যবহার করা হয়, কিন্তু আইয়োডিন্‌ অপেক্ষা ইহার কোন উৎকৃষ্টতর গুণ নাই।

ব্রোমাইড্‌ অব্‌ পটাসিয়াম্‌ এবং ব্রোমাইড্‌ অব্‌ এমোনিয়াম্‌ ইত্যাদির আকারে যৌগিকভাবে ইহার প্রচুর ব্যবহার আছে।

ল্যাটিন্‌।	ইংরেজী।
এসিডাম্‌ বোরিকাম্‌।	বোরিক্‌ এসিড্‌।
Acidum Boricum.	Boric Acid.

অপর নাম—বোরাসিক এসিড্‌ (Boracic Acid)।

মাত্রা ৫—২০ গ্রেণ।

প্রয়োগরূপ—

আঙ্গুয়েণ্টাম এসিডাই বোরিসাই।	বোরিক্‌ এসিড্‌ অয়েণ্ট্‌মেণ্ট্‌।
Unguentum Acidi Borici.	Boric Acid Ointment.

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—এণ্টিসেপ্টিক্‌, ডিস্‌ইন্‌ফেক্টাণ্ট এবং ডিয়োডোরাণ্ট্‌। ইহার ৩০।৪০ শতকরা সলিউশনে লিণ্ট্‌ কিম্বা তুলা সিক্ত করিয়া বোরাসিক্‌লিণ্ট্‌ বা তুলার আকারে, কিম্বা ইহার অয়েণ্ট্‌মেণ্ট্‌ অর্থাৎ মলম, সচরাচর সুপার্ফিসিয়াল্‌ গ্রানিউলেটিং ক্ষতে ব্যবহৃত হয়।

পায়ে এক রকম ঘাম হয়, তাহাতে পায়ে বড় দুর্গন্ধ জন্মে। ডাঃ থিন্‌ (Dr. Thin.) দেখিয়াছেন যে, এই পীড়াতে স্যাচিউরেটেড্‌ সলিউশন্‌ অব্‌ বোরাসিক এসিড্‌ ব্যবহার করিলে উৎকৃষ্ট ফল পাওয়া যায়।

নিম্নলিখিত ব্যবস্থাপত্র রিংওয়ার্মে অতিশয় ফলপ্রদ।

℞	Acidi borici	ʒiv
	Spt. vin. rectificati	℥xx
	Ætheris	℥v

কার্ব্বাঙ্কল্ (Carbuncle), এরিসিপেলাস্ (Erysipelas), কলেরা (Cholera), এণ্টারিক্ ফিবার্ (Enteric fever) ইত্যাদি যে সকল ব্যাধি সেপ্টিক্ জার্ম্ম্ হইতে উৎপন্ন হয়, তাহাতে বোরাসিক্ এসিড্ ব্যবহৃত হয়। পিটিরিয়েসিস্ ভার্সিকোলার (Pityriasis Versicolar), টিনিয়া সার্সিনেটা (Tinea circinata), সাইকোসিস্ (Sycosis) ইত্যাদি উদ্ভিজ্জ এবং পরাঙ্গপুষ্টজনিত চর্ম্মরোগে, এবং একজিমা (Eczema), ইন্টারট্রাইগো (Intertrigo) ইত্যাদি চর্ম্মরোগে, বোরাসিক্ অয়েণ্টমেণ্ট্ (বোরাসিক্ এসিডের সূক্ষ্মচূর্ণ ১২ ড্রাম্ এবং ভ্যাসিলিন্ ১ আউন্স্) ব্যবহার করিলে উপকার হয়। কর্ণহইতে পূয়বহির্গমনরোগে (Otorrhœa), বোরাসিক্ এসিড চূর্ণ কর্ণে প্রয়োগ করিলে উপকার দর্শে।

কঞ্জাংক্টাইভার উত্তেজনা এবং প্রদাহ হইলে, ৫ গ্রেণ বোরাসিক্ এসিড্ ১ আউন্স জলে দ্রব করিয়া লাগাইলে উপকার দর্শে। ১ ভাগ বোরাসিক্ এসিড্ এবং ৪ কি ৫ ভাগ মধু কিম্বা গ্লিসিরিন্ মিশ্রিত করিয়া, এপ্থি (Apthæ), ষ্টমেটাইটিস্ (Stomatitis) এবং থ্রাশ্ (Thrush) রোগে আক্রান্তস্থানে লাগাইলে উপকার দর্শে।

ওজিনা (Ozœna), ভ্যাজাইনাইটিস (Vaginitis), এবং ইউরিথ্রাইটিস্ (Urethritis) রোগে আক্রান্তস্থানে ইহার পিচকারী দিলে উপকার হয়। ডিফথিরিয়া (Diphtheria) রোগে বোরাসিক্ এসিড্ গ্লিসিরিণে দ্রব করিয়া (1 in 30) প্রতি ২ ঘণ্টা অন্তর ব্রাসদ্বারা আক্রান্ত স্থানে লাগাইলে, কৃত্রিম ঝিল্লি (false membrane) অদৃশ্য হইয়া থাকে।

ল্যাটিন্।	ইংরেজী।
থাইমল্।	থাইমল্।
Thymol.	Thymol.

মাত্রা—½ হইতে ২ গ্রেণ।

ইহা প্রবল এণ্টিসেপ্টিক্, প্যারাসিটিসাইড, জার্ম্মিসাইড্ এবং এণ্টি-পিউট্রিফ্যাক্টিভ। স্প্রে-আকারে কিম্বা কার্ব্বলিক গজের (gauze) ন্যায় এণ্টিসেপ্টিক ড্রেসিংস্বরূপ ব্যবহৃত হয়; মৃদু দাহক বলিয়া, দদ্রু (Ring-worm), সোরিয়েসিস্ (Psoriasis , একজিমা (Eczema) ইত্যাদিতে ব্যবহৃত হইয়া থাকে। ডিফথিরিয়া এবং টাইফয়েড্ জ্বরে ও ইহা ব্যবহৃত হইয়াছে। থাইসিস্ রোগে ১ ভাগ থাইমল ১০০০ ভাগ জলে মিশ্রিত করিয়া আঘ্রাণ করিলে জ্বর এবং কাশির লাঘব হয়।

একটু তুলা থাইমলে আর্দ্র করিয়া আক্রান্তস্থানে লাগাইলে ক্যারিজ্ জনিত দন্তশূল উপশমিত হয়। ডায়েবেটিস্ এবং ব্লাডারের ক্যাটার্ রোগে ২—১২ গ্রেণ থাইমল ব্যবহারে উপকার হয়। ১৫০টীর অধিক টাইফয়েড্ জ্বরে থাইমল ব্যবহারে উত্তাপ মন্দীভূত, টিম্পেনাইটিস উপশমিত এবং উদরাময় নিবারিত হইয়াছিল।

থাইমলের কয়েকটী প্রয়োগরূপ (non-official) এস্থলে দেওয়া গেল।

Liquor Thymol.

Thymol	1 part.
Warm water	800 parts.

Dissolve.

ইহা রোগীর আবাসগৃহের পচননিবারক এবং সংক্রমণনাশকস্বরূপ স্প্রেযন্ত্র-দ্বারা বায়ুতে নিক্ষেপ করিবে, কিম্বা ঘরের মেজেতে ছড়াইয়া দিবে।

Volckmann's Thymol Solution.

Thymol	1 part.
Alcohol	20 parts.
Glycerine	20 parts

দ্রব কর, এবং জল যোগ করিয়া সর্ব্বসমেত ১০০০ ভাগ কর। স্প্রে এবং পচননিবারকস্বরূপ ব্যবহৃত হয়। ইহা ব্যবহারে কার্ব্বলিক্ এসিডের ন্যায় একজিমা উৎপন্ন হয় না।

Soaps of Thymol.

ইহা বেশবিন্যাসে (toilet) ব্যবহৃত হয়। ইহার ১ হাজার ভাগে এক ভাগ থাইমল্ আছে। এই বলের (strength) সাবান মুখমণ্ডলে ঘসিলে চক্ষের উত্তেজনা হইতে পারে।

Spiritus Thymol.

Thymol	1 part.
Rectified spirit to 10.	

মাত্রা—৩ হইতে ১৫ মিনিম্।

ইহা আভ্যন্তরিক ব্যবহারের উপযোগী।

Thymol Gauze, Carbasus Thymol.

Thymol	16
Spermacceti	500
Resin	50

উপরোক্ত পদার্থগুলিকে উত্তাপদ্বারা তরলীকৃত করিয়া তাহাতে তুলা সিক্ত করতঃ শুষ্ক করিয়া লইতে হয়। ইহাতে শতকরা এক ভাগ থাইমল আছে।

Unguentum Thymol.

Thymol	5 to	30 grains.
Vaseline or Lard	℥i	

Vapor Thymol T. H.

Thymol	6 grains.
Rectified Spirit	1 drachm.
Light Carbonate of Magnesium	3 grains
Water to	1 ounce.

১৪০ ডিগ্রি (ফরেনাইট) উত্তাপের একপাইন্ট্ জলে ইহার এক টীস্পুন

যোগ করিয়া আঘ্রাণ (Inhalation) স্বরূপ ফ্যারিঞ্জাইটিস্ (Pharyngitis) এবং এগ্‌জ্যান্থিমেটাসংস্পৃষ্ট ল্যারিঞ্জাইটিস্ (Laryngitis) রোগে ব্যবহার্য্য।

ল্যাটিন্।	ইংরেজী।
এসিডাম, সাল্‌ফিউরোসাম্।	সাল্‌ফিউরাস্ এসিড্।
Acidum Sulphurosum.	Sulphurous Acid.

মাত্রা ঃ—১ ড্রাম্।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—ডিস্‌ইন্‌ফেক্ট্যান্ট, এণ্টিসেপ্টিক্ এবং প্যারাসিটিসাইড্। ইহার আময়িকক্রিয়া নিম্নশ্রেণীস্থ জান্তব কিম্বা উদ্ভিজ্জ জীবের বিনাশশক্তির উপর নির্ভর করে ; এজন্য ইহা নানাপ্রকার জাম্ম নষ্ট করণার্থ ব্যবহৃত হয়।

টিনিয়া টন্সিউরান্স্ (Tinea Tonsurans), ক্লোজ্‌মা (Chloasma), টিনিয়া ফেভোসা (Tinea Favosa), টিনিয়া সাইকোসিস্ (Tinea Sycosis) ইত্যাদি চর্ম্মরোগে সমপরিমাণ সাল্‌ফিউরাস্ এসিড্ এবং গ্লিসিরিন্ লাগাইলে ফল হয়, কিম্বা ১ভাগ সাল্‌ফিউরাস্ এসিড্ ২ কি ৩ ভাগ জলের সহিত মিশ্রিত করিয়া তাহাতে ১ টুকরা লিণ্ট্ সিক্ত করতঃ আক্রান্তস্থানে লাগাইয়া অয়েল্‌ড্ সিল্ক্ (oiled silk) কি গাটাপার্চ্চাদ্বারা তাহা আবৃত করিলে উপকার হয়।

সার্সিনি ভেণ্ট্রিকিউলি (Sarcinæ Ventriculi) বশতঃ বমন এবং উদ্গার হইলে, ৩০ মিনিম্ মাত্রায় সাল্‌ফিউরাস্ এসিড্ ৩ বার ব্যবস্থা করিলে উপকার দর্শে। পাইরোসিস্ রোগে ৩০ মিনিম্ হইতে ১ড্রাম মাত্রায় সাল্‌ফিউরাস্ এসিড্ আহারের কিঞ্চিৎপূর্ব্বে ৩ বার দিলে উপকার হয়। এফ্‌থি (Aphthæ) রোগে সাল্‌ফিউরাস্ এসিড্ গার্গল্‌স্বরূপ ব্যবহার করিলে উপকার হইয়া থাকে।

স্প্রে কিম্বা গার্গল্‌আকারে ইহা নানাবিধ সোর্ থ্রোটে ব্যবহৃত হইয়া থাকে।

ইহা ডিস্পেপ্‌সিয়া, (Dyspepsia), পাইরোসিস্ (Pyrosis) ইত্যাদিতে, এবং কখন কখন ফ্ল্যাটিউলেন্সে ব্যবহৃত হয়। টাইফয়েড্ ফিবারে কেহ কেহ ইহা আভ্যন্তরিক দিতে বলেন। তৎসহ ডায়েরিয়া থাকিলে, ইহা অডেনাম্ এবং সাল্‌ফিউরিক্ এসিডের সহিত ব্যবস্থা করা যায়।

℞

Acid. Sulphurosi	℥ii.
Acid. Sulphuric. Dil.	ʒii.
Tinct. Opii	m.x.-xx.
Syrup Aurant.	ʒiii.
Aqua ad	℥vi.
M. ft. mistura.	

প্রাপ্তবয়স্কদিগের জন্য, এক আউন্স মাত্রায় প্রতি ৪ ঘণ্টা অন্তর ব্যবস্থেয়।

লাটিন্।	ইংরেজী।
সোডিয়াই হাইপোসাল্ফিস্।	হাইপোসাল্ফাইট্ অব্ সোডিয়াম্।
Sodii Hyposulphis.	Hyposulphite of Sodium.

মাত্রা ১০—৬০ গ্রেণ।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—সাল্ফাইট্ অব্ সোডা অপেক্ষা হাই-পোসাল্ফাইট্ অব্ সোডিয়ামের এণ্টিসেপ্টিক্গুণ নিকৃষ্টতর। আভ্যন্তরিক ব্যবহারে ইহাদ্বারা কোন উপকার হয় না। ইহা এসিড্দ্বারা বিকৃত হইয়া সাল্ফার্ ও সালফিউরাস্ এসিড্ উৎপাদন করে। ইহার বাহ্যপ্রয়োগে সকল প্রকার পরাঙ্গপুষ্টজনিত চর্ম্মরোগেও উপকার দর্শে। কারণ, ইহার গুণ কিয়দংশে সাল্ফিউরাস্ এসিডের ন্যায়, কিন্তু তত উত্তেজক নহে। এজন্য সার্সিনাস্ ভমিটিংরোগে পাকস্থালীস্থিত খাদ্যের উচ্ছলনক্রিয়ানিবারণার্থ ব্যবহৃত হয়। ডাঃ টিলবারি ফক্স্ (Dr. Tilbury Fox) টিনিয়া টন্সিউরান্স্ (Tinea Tonsurans) এবং রিং ওয়ার্ম্ (Ringworm) রোগে হাইপোসাল্ফাইট্ অব্ সোডা ১ আউন্স্ এবং জল ১২ আউন্স্ একত্রে লোশন্ করিয়া আক্রান্তস্থানে লাগাইতে বলেন। ক্লোজ্মা (Chloasma) রোগও ইহাদ্বারা আরোগ্য হইয়া থাকে। প্রুরিটাস্ পিউডেণ্ডাই (Pruritus Pudendi) রোগে সোডি সাল্ফিস্ ১ ড্রাম্, জল ৩ ড্রাম্ ও গ্লিসিরিন্ ১ আউন্স্ একত্র মিশ্রিত করিয়া আক্রান্তস্থানে লাগাইলে তাহা উপশমিত হয়। ইহা সাইকোসিস্ রোগেও উপকারী।

ডিফ্থিরিয়ারোগে হাইপোসাল্ফাইট্ অব্ সোডা ২ ড্রাম্, গ্লিসিরিন্ ২ ড্রাম্, ও জল ৬ আউন্স্ একত্রে স্থানিক প্রয়োগ করিলে উপকার হয়।

লাটিন্। — ইংরেজী।

সোডিয়াই সাল্ফিস্। — সাল্ফাইট্ অব্ সোডা।

Sodii Sulphis. — Sulphite of Soda.

মাত্রা ৫—২০ গ্রেণ।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—ইহা উত্তম এণ্টিসেপ্টিক্, এবং কীটাণুদিগকে (organisms) নষ্ট করিয়া পচন নিবারণ করে। টাইফয়েড্ জ্বরে, রক্তের দূষিতাবস্থায়, এবং স্মলপক্স্, মিজ্ল্স্ ও ইরিসিপেলাস্ রোগে সাল্ফাইট্ অব্ সোডা ব্যবহারে উপকার হইয়া থাকে। ব্লাডারে এমোনিয়াগুণ-বিশিষ্ট প্রস্রাব থাকিলে, ইহা অধিকমাত্রায় ব্যবহারে তাহা নিবারিত হয়। ইণ্টা-মিটেণ্ট্ জ্বরে কুইনাইনের পরিবর্ত্তে ইহা ব্যবহার করিতে কেহ কেহ আদেশ করেন। কিন্তু তাহাতে ইহার উপকারিত্ব অনিশ্চিত। সার্সিনিজনিত পুরাতন বমনে ইহাদ্বারা উপকার দর্শে।

লাটিন্। — ইংরেজী।

পোটাসিয়াই পার্ম্যাঙ্গেনাস্। — পার্ম্যাঙ্গেনেট্ অব্ পটাসিয়াম্।

Potassii Permanganas. — Permanganate of Potassium.

মাত্রা ১—৫ গ্রেণ।

প্রয়োগরূপ—

লাইকর্ পটাসিয়াই পার্ম্যাঙ্গেনেটিস্। — সলিউশন্ অব্ পার্ম্যাঙ্গেনেট্ অব্ পটাসিয়াম্।

Liquor Potassii Permanganatis. — Solution of Permanganate of Potassium.

ইহাকে Condy's fluid বলে। ইহার প্রতি আউন্সে ৪ গ্রেণ পার্ম্যাঙ্গেনেট্ অব্ পটাসিয়াম্ আছে।

মাত্রা ২—৪ ড্রাম্।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—পার্ম্যাঙ্গেনেট্ অব্ পটাসিয়াম্ একটী উৎকৃষ্ট অক্সিডাইজিং এজেন্ট অর্থাৎ ইহা নানাপ্রকার জান্তব (Organic), পদার্থকে অক্সিজেন্ প্রদান করিয়া, তাহাদিগকে নষ্ট করে। এজন্য ইহা ডিয়োডোরাইজার্ এবং এণ্টিসেপ্টিকের ন্যায় ক্রিয়া করিয়া থাকে। ইহা ষ্টমাকে যাইয়া সম্ভবতঃ পেরক্সাইড্ অব্ ম্যাঙ্গেনিজে পরিবর্ত্তিত হইয়া থাকে। দুর্গন্ধযুক্ত ক্ষত (Foul ulcer) এবং বিগলিত অংশ (Gangrenous parts) ইত্যাদিতে ইহার বাহ্য ব্যবহার করিয়া উৎকৃষ্ট ফল পাওয়া যায়।

যোনিপ্রণালী. নাসিকা, মুখ, এবং কণ্ঠের শ্লৈষ্মিক ঝিল্লির ব্যাধিতে ইহা কুল্লি কিম্বা পিচকারিস্বরূপ ব্যবহার করিলে উপকার দর্শে। কেহ কেহ ইহা এমেনেগগ্ স্বরূপ ব্যবহার করেন। ডাং রিঙ্গার (Dr. Ringer) এমিনোরিয়া (Amenorrhœa) রোগে ইহা ব্যবহার করিতে অনুমোদন করেন ; বিশেষতঃ যখন রজঃস্রাব অল্প এবং বিলম্বিত হয়, অথবা শৈত্য লাগিয়া ঋতু বন্ধ হইয়া যায়, তখন ১ গ্রেণ মাত্রায় বটিকাকারে দিবসে ৩ বার করিয়া ঋতু প্রকাশ পাওয়া পর্য্যন্ত দিয়া, তাহার পর বন্ধ করা উচিত ; পুনরায় ঋতু হইবার ৪ দিন অগ্র হইতে আরম্ভ করিয়া ঋতু বন্ধ হওয়া পর্য্যন্ত ব্যবহার করিতে হয়। কেয়োলিন্ অয়েণ্টমেণ্টের সঙ্গে ইহার বটিকা প্রস্তুত করা সুবিধাজনক।

ডিফ্থিরিয়ারোগে মুখবায়ু দুর্গন্ধযুক্ত হইলে, কণ্ডিজ ফ্লুইড্ ২ড্রাম এবং জল ৬ আউন্স দ্বারা লোশন প্রস্তুত করতঃ কুল্লি করিলে উপকার হয়।

ল্যাটিন্।	ইংরেজী।
ওলিয়াম ক্যাডিনাম।	অয়েল অব্ কেড্।
Oleum Cadinum.	Oil of Cade.

ইহা সোরিয়েসিস্, একজিমা ইত্যাদি পুরাতন চর্ম্মরোগে এবং নিভাস্ ইত্যাদির চিকিৎসার্থ সাধারণ টারের ন্যায় স্থানিক ব্যবহৃত হইয়া থাকে। ইহা অয়েণ্টমেণ্ট কিম্বা স্পিরিটের সহিত লোশন আকারে ব্যবহৃত হয়। ইহা এণ্টিসেপ্টিক্ এবং প্যারাসিটিসাইড্।

ঊনত্রিংশ অধ্যায়।

MINERAL WATERS.

ধাতুগর্ভ জল।

পৃথিবীর সকল জলেই অল্প বা অধিক পরিমাণে আগন্তুক পদার্থ দেখিতে পাওয়া যায়। বিগলিত বরফ অথবা বৃষ্টির জল নগরহইতে দূরে সংগ্রহ করিলে তাহা অধিকাংশে বিশুদ্ধ হয়।

জলে সাধারণতঃ সাল্‌ফেট্‌ এবং কার্ব্বনেট্‌ অব্‌ ক্যাল্‌সিয়াম্‌, কার্ব্বনিক্‌ এসিডের আধিক্যহেতু দ্রবভাবে থাকে। ইহা ছাড়া সাধারণ বায়ু, অক্সিজেন্‌ এবং কার্ব্বনিক্‌ এসিড প্রভৃতি নানাবিধ বাষ্প ও দ্রবভাবে থাকে। জলে যেসকল লাবণিক পদার্থ থাকে, তাহা যে মৃত্তিকার মধ্যদিয়া গমণকরে, তাহার উপর ইহার গুণ নির্ভর করে। Silex প্রভৃতি কতকগুলি পদার্থ অদ্রবণীয়। পক্ষান্তরে জলে অধিক কার্ব্বনিক্‌ এসিড্‌ থাকিলে জিপ্‌সাম্‌ (Gypsum) এবং বিশেষতঃ Limestone প্রচুরপরিমাণে দ্রব হয়। যখন এইসকল আগন্তুকপদার্থ এত অধিকপরিমাণে থাকে, যে তাহা আস্বাদন করিতে পারা যায়, তখন ইহাকে মিনার‍্যাল্‌ ওয়াটার্‌ বলে।

রাসায়নিক্‌ উপাদানানুসারে ইহারা ভিন্ন ভিন্ন শ্রেণীতে বিভক্ত; তন্মধ্যে নিম্নে প্রধান প্রধান গুলির নাম দেওয়া গেল।

(১) ফেরিউজিনাস্‌ ওয়াটার্স্‌ (Ferruginous waters)।

(২) সাল্‌ফার্‌ ওয়াটার্স্‌ (Sulphur waters)।

(৩) এল্‌ক্যালাইন্‌ ওয়াটার্স্‌ (Alkaline waters)।

(৪) এসিডিউলাস্‌ অথবা কার্ব্বনেটেড্‌ স্যালাইন্‌ ওয়াটার্স্‌ (Acidulous or Carbonated saline waters)।

(৫) এপিরিয়েণ্ট্‌ স্যালাইন্‌ ওয়াটার্স্‌ (Aperient saline waters)।

(৬) ইণ্ডিফারেণ্ট্‌ থার্ম্যাল্‌ ওয়াটার্স্‌ (Indifferent thermal waters)।

(৭) মিস্‌সেলেনিয়াস্‌ ওয়াটার্স্‌ (Miscellaneous waters)।

(১) FERRUGINOUS OR CHALYBEATE WATERS.

লৌহগর্ভ জল।

ইহার মধ্যে যে লৌহ আছে, তাহাদ্বারাই অনেক সময় উপকার হয়। অনেক জলেই লৌহ থাকে, কিন্তু যে জলে অধিক লৌহ থাকে, তাহাকেই ক্যালিবিয়েট্ ওয়াটার্স্ (Chalybeate waters) বা লৌহগর্ভ জল কহে।

কোন কোন প্রস্রবণে (springs) আয়রন্, কার্ব্বনিক্ এসিডের আধিক্য-হেতু কার্ব্বনেট্ আকারে দ্রবীভূত থাকে; এবং উক্ত জল অনাবৃত থাকিয়া বায়ুসংস্রবে আসিলে পেরক্সাইড্ অব্ আয়রন্ আশু উৎপন্ন হইয়া অধঃস্থ হয়। কোন কোন উৎসে সাল্‌ফেট্ অব্ আয়রন্, এবং কতকগুলিতে ক্লোরাইড্ অব্ আয়রন্ থাকে।

যেসকল উৎসজলে লৌহ কার্ব্বনেট্ আকারে থাকে, সেগুলিই সর্ব্ব-প্রধান। ইহারা চক্‌চকে এবং পাকাশয়ে সহজে সহ্য হয়। শ্বোয়ালবাক্ (Schwalbach), স্পা (Spa) এবং St. Moritz এই সকল জল উচ্ছলিত হয়। ইংলণ্ডে টান্‌ব্রিজ্ কূপসমূহের (Tunbridge Wells) লৌহগর্ভ জল অতি প্রসিদ্ধ, কিন্তু সেগুলি উচ্ছলিত হয় না।

---

(২) SULPHUR WATERS, CALLED ALSO SULPHURETTED OR HEPATIC WATERS.

গন্ধকসংসৃষ্ট জল।

এই সকল জলে সাল্‌ফিউরেটেড্ হাইড্রোজেন্ দ্রবভাবে থাকে; ইহা ছাড়া অনেকগুলিতে সোডিয়াম্ প্রভৃতির দ্রবণীয় সাল্‌ফাইড্ থাকে। ইহার গন্ধ এবং আস্বাদ বিশেষ প্রকার। যে জলে সাল্‌ফাইড্ থাকে তাহা বায়ুতে বিবৃত করিলে সাল্‌ফার্ অধঃস্থ হওয়াপ্রযুক্ত দুগ্ধের ন্যায় বর্ণ ধারণ করে। ব্রিটেন দ্বীপে Harrogate এর জল অতি প্রসিদ্ধ; ইহা শীতল। মহাদেশে Aix-la-chapelle এর জল উষ্ণ।

আময়িকপ্রয়োগ—সাল্‌ফার্ ওয়াটার্ চর্ম্ম, শ্লৈষ্মিক ঝিল্লি, যকৃত এবং জরায়ুর উপর ষ্টিমিউল্যাণ্ট্ এবং অল্টারেটিভের ন্যায় ক্রিয়া করিয়া থাকে। ইহা

সেরিয়েসিস্ (Psoriasis), একজিমা (Eczema) ইত্যাদি নানাবিধ চর্ম্মরোগে এবং পুরাতন ল্যারিঞ্জিয়্যাল্ এবং ব্রঙ্কিয়্যাল্ ব্যাধিতে ব্যবহৃত হয়। Rheumatoid Arthritis রোগে Aix-les-Bains এর জলের চিকিৎসায় বিশেষ উপকার হয়। উক্ত জল আভ্যন্তরিক (Constitutional) উপদংশরোগের বৰ্দ্ধিতাবস্থায়, এবং শরীরহইতে পারদ বহির্গত করণার্থ ব্যবহৃত হয়। এই জল বাষ্পাকারে সচরাচর রিউম্যাটিজ্ম্ এবং ব্রঙ্কাইটিসে ব্যবহৃত হয়।

AIX-LES-BAINS WATER (Artificial).

Sulphate of Sodium	2	grains.
Sulphate of Magnesium	1	grain.
Sulphate of Aluminium	$1\frac{1}{2}$	grains.
Chloride of Sodium	$\frac{1}{2}$	grain.
Carbonate of Calcium, precipitated	2	grains.
Sulphurated Lime	3	grains.
Diluted Hydrochloric Acid	10	minims.
Water 108° F.	32	ounces.

Used for douching, baths, &c.

(৩) ALKALINE WATERS

ক্ষারগর্ভ জল।

মহাদেশের (Europe) মধ্যে Vichy, Vals, Ems, Contrexeville, Royat ইত্যাদি ক্ষারগর্ভজলের উৎস অতি প্রসিদ্ধ। Vichy এবং Vals এ বাইকার্ব্বনেট্ অব্ সোডিয়াম্ অধিক থাকে; Contrexeville এ বাইকার্ব্বনেট্ অব্ সোডিয়াম্ ছাড়া লিথিয়াম্, ক্যাল্সিয়াম্ এবং ম্যাগ্নেসিয়াম্ লবণ থাকে।

আময়িকপ্রয়োগ—ইহা রক্তের ক্ষারগুণের বৃদ্ধি ও প্রস্রাবের অম্লত্বের হ্রাসকরণার্থ, এবং যকৃত ও পরিপাকযন্ত্রের পরিবর্ত্তকস্বরূপ ব্যবহৃত হয়। ডিস্পেপ্সিয়া, গাউট্, ইউরিক্ এসিড্ গ্র্যাভেল্ রোগে, এবং ব্লাডার্ ও মূত্রযন্ত্রের উত্তেজিতাবস্থায় ব্যবহৃত হয়।

Ems waters ব্রঙ্কাইটিস্ প্রভৃতি ফুস্ফুসের পীড়ায় ব্যবহৃত হয়। Contrexeville water ব্লাডারের পাথরী রোগের চিকিৎসায় বিখ্যাত।

(৪) ACIDULOUS OR CARBONATED SALINE WATERS.

ঈষদম্ল বা অঙ্গারবিশিষ্ট লবণাক্ত জল।

এই জলে অধিকপরিমাণে কার্ব্বনিক্ এসিড্ থাকাপ্রযুক্ত ইহা অম্ল এবং চক্‌চুকে। ইহাতে কার্ব্বনেট্ অব্ ক্যাল্‌সিয়াম্, সোডিয়াম্, এবং ম্যাগ্নেসিয়াম্ দ্রবভাবে অবস্থিতি করে। বায়ুসংযোগ হইলে কার্ব্বনিক্ এসিড্ উড়িয়া যায়, সুতরাং তখন কার্ব্বনেট্ অব্ সোডিয়াম্ অধঃস্থ হয়। Seltzer এবং Carlsbad এর এই শ্রেণীস্থ জল প্রসিদ্ধ।

আময়িকপ্রয়োগ—এই সকল, (বিশেষতঃ Kissingen, Bilin এবং Baden-Baden এর) জল এটনিক্ ডিস্পেপ্‌সিয়াতে ব্যবহৃত হয়। ইহারা চর্ম্মের উপর পরিবর্ত্তনক্রিয়া করে; এবং কিড্‌নি ও চর্ম্মের ক্রিয়া বর্দ্ধিত করে বলিয়া, আভ্যন্তরিক্ যন্ত্রসমূহের (visceral) পুরাতন পীড়া, গাউট্, রিউম্যাটিজ্‌ম্ এবং কোন কোন প্রকার পাথরী রোগে ব্যবহৃত হয়।

(৫) SALINE APERIENT WATERS.

লবণগর্ভ ভেদক জল।

এই সকল জলে সাল্‌ফেট অব্ ম্যাগ্নেসিয়াম্ ও সাল্‌ফেট্ অব্ সোডিয়াম প্রভৃতি বিবিধ লবণ, অল্পপরিমাণ কার্ব্বনেট্ অব্ ক্যাল্‌সিয়াম্ ও সোডিয়াম্, এবং কোন কোন ক্লোরাইড্ থাকে। এই শ্রেণীস্থ জল ইংলণ্ডে Cheltanham এবং Leamington প্রভৃতি স্থানে পাওয়া যায়। মহাদেশে Carlsbad (hot), Homburgh প্রভৃতি স্থানের জল প্রধান।

আময়িকপ্রয়োগ—ইহা পোর্টাল্ সিষ্টেমের রক্তাধিক্যে (Congestion) ব্যবহৃত হয়। যকৃতের নানাবিধ পীড়ায়, এবং গাউট্‌রোগের সহিত সার্ব্বাঙ্গিক রক্তাধিক্য (Plethora), অথবা প্রস্রাবের সহিত ইউরিক্ এসিড্ স্রাবের আধিক্য থাকিলে, ইহাদেরদ্বারা উৎকৃষ্ট ফল পাওয়া যায়।

(৬) INDIFFERENT THERMAL WATERS.

অনুত্তম উষ্ণ জল।

এইসকল জলে ধাতব পদার্থ এত অল্পপরিমাণে থাকে, যে ইহাদেরদ্বারা বিশেষ উপকার হয় না। ইহারা ৭০—১৫০ ডিগ্রী (ফরেনাইট্) উত্তপ্ত। ইংলণ্ডে Buxton এর এই শ্রেণীস্থ জল বিখ্যাত।

আময়িকপ্রয়োগ—এইসকল জল হিষ্টিরিয়া প্রভৃতি স্নায়ুমণ্ডলের নানাবিধ ব্যাধি, কোন কোন প্রকার নিউর‍্যালজিয়া এবং ক্যাপিলাল্ প্যারালিসিস্, ক্রণিক্ রিউম্যাটিজম্, এবং জরায়ুর পুরাতন ব্যাধিতে বাথ্‌আকারে ব্যবহৃত হইয়া থাকে। ইহারা মূত্রকারকগুণহেতু ইমাকের পুরাতন ক্যাটার্, গ্র্যাভেল্ এবং মূত্রযন্ত্রের ব্যাধিতে আভ্যন্তরিক ব্যবহৃত হয়।

(৭) MISCELLANEOUS WATERS.

বিবিধ জল।

ইংলণ্ডে Woodhall Spa এবং Purton এর জল আইয়োডিন্ এবং ব্রোমিনের বর্ত্তমানতাহেতু বিখ্যাত। Pullna, Friedrichshal, Æsculap প্রভৃতি স্থানে রোগীরা যায় না বলিয়া, এইসকল স্থানের জল এদেশে আমদানী হয়। ইহাদের বিরেচকগুণ আছে।

ত্রিংশ অধ্যায়।

ব্রিটিশ ফার্ম্মাকোপিয়ার অবশিষ্ট প্রধান ঔষধাবলী।

ল্যাটিন্।	ইংরেজী।
ট্যারাক্সেসাই রেডিক্স্।	ড্যাণ্ডেলিয়ন্ রুট্।
Taraxaci Radix.	Dandelion Root.

ইহা ট্যারাক্সেকাম্-অফিসিনেলি নামক বৃক্ষের তাজা শুষ্ক মূল।

প্রয়োগরূপ—

ডিকক্টাম্ ট্যারাক্সেসাই।	ডিকক্শন্ অব্ ট্যারাক্সেকাম্।
Decoctum Taraxaci.	Decoction of Taraxacum.

মাত্রা ২—৪ আউন্স্।

এক্‌ষ্ট্রাক্টাম্ ট্যারাক্সেসাই লিকুইডাম্।	লিকুইড্ এক্‌ষ্ট্রাক্ট্ অব্ ড্যাণ্ডেলিয়ন্।
Extractum Taraxaci Liquidum.	Liquid Extract of Dandelion.

মাত্রা ½—২ ড্রাম্।

এক্‌ষ্ট্রাক্টাম্‌ ট্যারাক্সেসাই। এক্‌ষ্ট্রাক্ট্‌ অব্‌ ট্যারাক্সেকাম্‌।

Extractum Taraxaci Extract of Taraxacum.

মাত্রা ৫—৩০ গ্রেণ।

সাকাস্‌ ট্যারাক্সেসাই। জুস্‌ অব্‌ ট্যারাক্সেকাম্‌।

Succus Taraxaci. Juice of Taraxacum.

মাত্রা ১—২ ড্রাম্‌।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—ইহা বলকারক ও মূত্রকারক; অধিকদিন ব্যবহারে, পরিবর্ত্তক; যকৃতের উপর বিশেষ ক্রিয়া করে, এবং পিত্তনিঃসরণ বর্দ্ধিত করিয়া থাকে। ইহা অত্যল্প বিরেচক; যকৃতের ক্রিয়াবৈলক্ষণ্যজনিত অজীর্ণরোগে উপকারী। শিশুদের অজীর্ণে (Infantile Dyspepsia) ডাং ওয়েষ্ট্‌ (Dr. West) নিম্নলিখিত ব্যবস্থাপত্র দিতে আদেশ করেন :—

℞

Sodii Bicarb.	gr.xxiv
Ext. Tarax.	gr.xl
Tinct. Rhei	ʒi
Infus. Calumb.	℥xi
Aquæ Carui	ʒiv

M. Dose ʒii, twice a day.

লিভারের পুরাতন প্রদাহে ইহা অতি উৎকৃষ্ট ঔষধ। যকৃতের বিবৃদ্ধির সহিত উক্তযন্ত্রের ক্রিয়ার শৈথিল্যে ডাং সার্‌, আর্‌, মার্টিন্‌ (Dr. Sir R. Martin) নিম্নলিখিত ব্যবস্থাপত্রের সহিত লঘুপথ্য ব্যবস্থা করতঃ আক্রান্তস্থানে ক্যান্থারিডিজের পলস্ত্রা লাগাইয়া উত্তম ফল পাইয়াছেন।

℞

Ext. Tarax.	gr.xxxvi
Ext. Aloes	gr. xii
Ext. Colchici Acet.	gr.vi
Pulv. Ipecac. Rad.	gr.vi

M. To make twelve pills, two to be taken every night.

যকৃতের ক্রিয়াবৈলক্ষণ্যজনিত জণ্ডিস্‌ বা কামলারোগ হইলে, ট্যারাক্সেকাম্‌, অল্পমাত্রায় কল্‌চিকাম্‌, ক্লোরাইড্‌ অব্‌ এমোনিয়াম্‌ এবং অন্যান্য ঔষধের

সহিত ব্যবস্থা করিলে, উপকার দর্শে। যকৃতের রক্তসঞ্চালনাবরোধ (portal obstruction) বশতঃ ড্রপ্‌সি বা শোথ হইলে, ইহা বিরেচক ঔষধের সহিত সচরাচর ব্যবস্থা করা হয়।

লাটিন্।	ইংরেজী।
ট্র্যাগ্যাকান্থা।	ট্র্যাগ্যাক্যান্থ্।
Tragacantha.	Tragacanth.

ইহা এষ্ট্র্যাগ্যালাস্-গামিফার্ নামক বৃক্ষের এবং সম্ভবতঃ তজ্জাতীয় অন্যান্য বৃক্ষের শুষ্ক গঁদ।

চূর্ণের মাত্রা ২০—৬০ গ্রেণ।

প্রয়োগরূপ—

গ্লিসিরিণাম্ ট্র্যাগ্যাকান্থি।	গ্লিসিরিন্ অব্ ট্র্যাগ্যাক্যান্থ্।
Glycerinum Tragacanthæ.	Glycerine of Tragacanth.
মিউসিলেগো ট্র্যাগ্যাকান্থি।	মিউসিলেজ্ অব্ ট্র্যাগ্যাকান্থ্।
Mucilago Tragacanthæ.	Mucilage of Tragacanth.

মাত্রা—১ আউন্স্ বা ততোধিক।

পাল্ভিস্ ট্র্যাগ্যাকান্থি কম্পজিটাস্।	কম্পাউণ্ড্ ট্র্যাগ্যাকান্থ্ পাউডার্।
Pulvis Tragacanthæ Compositus.	Compound Tragacanth Powder.

মাত্রা ২০—৬০ গ্রেণ।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—ইহা এমোলিয়েন্ট্ ও ডিমাল্‌সেণ্ট্; গাম্ এরেবিকের ন্যায় ব্যবহৃত হয়। ইহার ক্রিয়া এরেবিন্ এবং বেসোরিন্ বা ট্র্যাগ্যাক্যান্থিন্ নামক দুইটী বীর্য্যের উপর নির্ভর করে। ইহার এক্‌ষ্ট্রাক্ট্ নানাবিধ বটিকা প্রস্তুতকরণার্থ এবং ইহার মিউসেলেজ্ সাব্‌নাইট্রেট্ অব্ বিস্মথাদি ঘন চূর্ণ ঔষধ ব্যবস্থাকরণার্থ সচরাচর ব্যবহৃত হয়। জলে ২৫ ভাগ গাম্ এরেবিক্ দিলে তাহা যত চটচটে হয়, ইহার এক্ ভাগ দিলে তদপেক্ষা অধিক চট্‌চটে হয়। সাধারণ সর্দ্দির এবং যক্ষার কাশিতে ইহার কম্পাউণ্ড্ পাউডার্, সিরাপ্ অব্ পপিজ্ বা অন্যান্য অবসাদক ঔষধের সহিত ইমাল্‌শন্

আকারে ব্যবহার করিলে কাশির উত্তেজনা নিবারিত হয়। গনোরিয়ারোগে মূত্রকৃচ্ছ্র (Ardor urinæ) উপশমিত করিবার জন্য, লাইকর্ পটাসি এবং টিংচার্ অব্ হাইয়োসায়েমাসের সঙ্গে ইহা দিলে বিশেষ উপকার হয়।

ডিসেণ্টেরিরোগে, ইপিকাকুয়ানাসহযোগে ইহা ব্যবস্থা করিলে, উৎকৃষ্ট ফল পাওয়া যায়। গাম্‌ট্র্যাগাক্যান্থের ঘন সলিউশন্ মাংসাঙ্কুরজনিত ক্ষতে লাগাইলে, আক্রান্তস্থানকে বায়ুহইতে রক্ষা করিয়া উত্তম ফল দর্শায়।

লাটিন্।	ইংরেজী।
গ্লাইসিরিজা।	লিকারিস্ রুট্।
Glycyrrhiza.	Liquorice Root.

ইহা গ্লাইসিরিজা-গ্ল্যাব্রা নামক বৃক্ষের শুষ্ক মূল। ইহাতে গ্লাইসিরিজিন্ নামক মিষ্টপদার্থ, এস্পারেজিন্, গঁদ, মিউসিলেজ্ ইত্যাদি আছে।

প্রয়োগরূপ—

একষ্ট্রাক্টাম্ গ্লাইসিরিজি।	একষ্ট্রাক্ট্ অব্ লিকারিস্।
Extractum Glycyrrhizæ.	Extract of Liquorice.

মাত্রা ৫—৬০ গ্রেণ।

একষ্ট্রাক্টাম্ গ্লাইসিরিজি লিকুইডাম্।	লিকুইড্ একষ্ট্রাক্ট্ অব্ লিকারিস্।
Extractum Glycyrrhizæ Liquidum.	Liquid Extract of Liquorice.

মাত্রা—১ ড্রাম্।

পাল্‌ভিস্ গ্লাইসিরিজি কম্পজিটাস্।	কম্পাউণ্ড্ পাউডার্ অব্ লিকারিস্।
Pulvis Glycyrrhizæ Compositus.	Compound Powder of Liquorice.

ইহাকে "Pulvis Pectoralis" ও বলে।

ইহাতে নিম্নলিখিত পদার্থসকল আছে;—

Senna, in powder	of each	2 parts.
Liquorice, in powder		
Fennel, in powder		1 part.
Sublimed Sulphur		1 part.
White sugar, in powder		6 parts.

Mix. মাত্রা ৩০—৬০ গ্রেণ। ইহা জল কিম্বা দুগ্ধের সহিত একত্রে অতি প্রত্যূষে ব্যবহৃত হইলে, মৃদু এবং প্রীতিকর বিরেচক।

কোষ্ঠবদ্ধ এবং যকৃতের পীড়ায় ইহা প্রীতিকর, এবং অধিক ভেদোৎপাদন ব্যতীত উপকার করে। উক্ত ব্যবস্থাপত্রে ফেনেলের পরিবর্ত্তে এনিসি বা মৌরি, এবং তাহার (ফেনেল্ বা মৌরির) চতুর্থাংশ শুণ্ঠী যোগ করিতে, কেহ কেহ মত দেন।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—ইহা কাশির লাঘব, শ্লৈষ্মিক প্রদেশের আচ্ছাদন, ও মিষ্টতাহেতু অন্যান্য ঔষধের আস্বাদের উৎকর্ষসাধন করিবার জন্য সচরাচর ব্যবহৃত হয়।

ল্যাটিন্।	ইংরেজী।
এলেমি।	ম্যানিলা এলেমি।
Elemi.	Manila Elemi.

ইহা ক্যানেরিয়ম্-কমিউন্-নামক বৃক্ষের ঘন ধুনাবৎ পদার্থ।

প্রয়োগরূপ—

আঙ্গুয়েণ্টাম্-এলেমি।	অয়েণ্টমেণ্ট্ অব্ এলেমি।
Unguentum Elemi.	Ointment of Elemi.

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—ইহার ক্রিয়া তার্পিণতৈলের ন্যায়। ইহা বাহ্য মলমাকারে, প্রধানতঃ স্থানিক উত্তেজকস্বরূপ ব্যবহৃত হয়।

ল্যাটিন্।	ইংরেজী।
ম্যানা।	ম্যান্না।
Manna.	Manna.

ইহা ফ্র্যাক্সিনাস্-অর্ণাস্-নামক বৃক্ষের কর্ত্তিত বল্কলহইতে নিঃসৃত ঘন মিষ্টরস।

মাত্রা ৬০ গ্রেণ—১ আউন্স্।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—ইহাতে ম্যানাইট্ নামে একপ্রকার শর্করা আছে। ইহা অতি মৃদু বিরেচক; শিশুদের উপযোগী, অন্যান্য বিরেচক ড্রাফ্‌টের্ প্রীতিকর অনুপানস্বরূপ ব্যবহৃত হয়। ইহা ব্যবহারে কখন কখন উদরাধ্মান ও পেটকামড়ানি জন্মে।

ল্যাটিন্।	ইংরেজী।
ম্যাষ্টিক্।	ম্যাষ্টিক্।
Mastiche.	Mastich.

পিষ্টেশিয়া-লেণ্টিস্কাস্-নামক বৃক্ষের কাণ্ড এবং বৃহৎ শাখা অস্ত্রদ্বারা চিহ্নিত করিলে, ধুনাবৎ রস নিঃসৃত হয়, তাহাকে ম্যাষ্টিক্ বলে। ইহাতে ম্যাষ্টিসিন্-নামক বীর্য্য, চট্‌চটে রেজিন্ এবং অত্যল্প বায়বী ও ইথিরিয়াল্ তৈল আছে।

মাত্রা—আভ্যন্তরিক প্রয়োগ করিলে, ২০—৪০ গ্রেণ।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—ইহার ক্রিয়া তার্পিণের রেজিনের ন্যায়, কিন্তু ইহা কচিৎ ব্যবহৃত হয়। ইহা প্রশ্বাসিত বায়ুকে সুগন্ধ করে বলিয়া, কখন কখন চর্ব্বিত মসলার ন্যায় ব্যবহৃত হয়। ইহা ক্লোরোফর্ম্ কিম্বা ইথারে দ্রব করিয়া, ক্ষয়দন্তের গহ্বর পূর্ণ করিবার নিমিত্ত ব্যবহার করা হয়।

ল্যাটিন্।	ইংরেজী।
ওলিয়াম্ রস্মেরিণি।	অয়েল অব্ রোজ্‌মেরি।
Oleum Rosmarini.	Oil of Rosemary.

ইহা রস্মেরিণাস্-অফিসিনেলিস্ নামক বৃক্ষের মুকুলিত অগ্রভাগহইতে পরিস্রুত তৈলবিশেষ।

মাত্রা ১—৪ মিনিম্।

প্রয়োগরূপ—

স্পিরিটাস্ রস্মেরিণি।	স্পিরিট্ অব্ রোজ্‌মেরি।
Spiritus Rosmarini.	Spirit of Rosemary.

মাত্রা ½—১ ড্রাম্।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—ইহা উত্তেজক ও বায়ুনাশক। ইহাতে একপ্রকার কর্পূর আছে। ইহার তৈল সচরাচর আভ্যন্তরিক ব্যবহৃত হয়; এবং ইহার স্পিরিট্ অন্যান্য লোশন্‌কে সুগন্ধি করিবার জন্য বাহ্য ব্যবহৃত হয়। হাইপোকণ্ড্রিয়েসিস্, নার্ভাস্ হেডেক্ ও হিষ্টিরিয়াতে ব্যবহৃত হয়। ইহা স্থানিক প্রয়োগে প্রদাহোৎপাদক। টাকরোগে, এই বায়বী তৈল অলিভ্

কিম্বা অন্যান্য স্থায়ী তৈলের সহিত লিনিমেণ্ট্ স্বরূপ ব্যবহৃত হয়। ডাং ওয়ারিং (Dr. Waring) বলেন, জ্বর বা অন্যান্য দুর্ব্বলকারী ব্যাধির পর চুল উঠিয়া গেলে, ইহার ইন্‌ফিউশন্ ব্যবহারে উপকার হয়।

লাটিন্।	ইংরেজী।
ক্রাইসেরোবিনাম্।	ক্রাইসেরোবিন্।
Chrysarobinum.	Chrysarobin.

অপর নাম গোয়াপাউডার্ (Goa Powder)।

ইহা এণ্ডিরা-এর‍্যারোবা নামক বৃক্ষের কাণ্ড ও শাখাহইতে প্রাপ্ত শুষ্ক চূর্ণ। ইহাতে ন্যূনাধিক পরিমাণে ক্রাইসোফেনিক্ এসিড্ আছে।

মাত্রা ½—২ গ্রেণ।

প্রয়োগরূপ—

আঙ্গুয়েণ্টাম্ ক্রাইসেরোবিনি।	অয়েণ্ট্‌মেণ্ট্ অব্ ক্রাইসেরোবিন্।
Unguentum Chrysarobini.	Ointment of Chrysarobin.

ক্রিয়া ও আময়িক প্রয়োগ—ক্রাইসেরোবিন্ প্রধানতঃ মলমাকারে সোরিয়েসিস্ এবং পরাঙ্গপুষ্টজনিত নানাবিধ চর্ম্মরোগে ব্যবহৃত হয়। ইহা স্থানিক ব্যবহারে, চর্ম্মের উত্তেজক হইতে পারে; এজন্য অধিকস্থান ব্যাপিয়া, কিম্বা মস্তকে ইহা ব্যবহার করিবেনা; কারণ, শেষোক্তরূপে ব্যবহার করিলে, ইডিমা হইতে পারে। ইহা লাগাইলে চর্ম্মে বেগুণে রঙ্গের চিহ্ন হয়; কিন্তু তাহা স্থায়ী নহে। ইহা কাপড়ে লাগিলেও দাগ হইতে পারে। অধিকস্থান ব্যাপিয়া চর্ম্মরোগ হইলে, ইহা কখন কখন আভ্যন্তরিকও ব্যবহার করা যাইতে পারে। ইহা এইরূপে একজিমা, একনি, দদ্রু ও অন্যান্য চর্ম্মরোগে ব্যবহার্য্য।

লাটিন্।	ইংরেজী।
এমোনিয়াই আইয়োডাইডাম।	আইওডাইড্ অব্ এমোনিয়াম্।
Ammonii Iodidum.	Iodide of Ammonium.

মাত্রা ৩—২০ গ্রেণ।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—ইহা অল্‌টারেটিভ্, টনিক্, এবং এণ্টি

সিফিলিটিক্। ইহার ক্রিয়া এবং গুণ আইয়োডাইড্ অব্ সোডিয়াম্ ও আইয়োডাইড্ অব্ পটাসিয়ামের ন্যায়।

আইয়োডাইড্ অব্ সোডিয়াম্ এবং আইয়োডাইড্ অব্ এমোনিয়ামে আইয়োডাইড্ অব্ পটাসিয়াম্ অপেক্ষা অধিক মাত্রায় আইয়োডিন্ আছে। আইয়োডাইড্ অব্ পটাসিয়াম্ অপেক্ষা আইয়োডাইড্ অব্ সোডিয়াম্ অল্প অবসাদক। আইয়োডাইড্ অব্ এমোনিয়ামে এমোনিয়া আছে বলিয়া ইহা ষ্টিমিউল্যাণ্ট্ (stimulant)।

এই সকল লবণ উপদংশগ্রস্ত দুর্ব্বল রোগীর জন্য, কিম্বা নানাপ্রকার মস্তিষ্কীয় পীড়ায়, ব্যবস্থা করা যায়।

এমোনিয়া সল্ট্, সোডা এবং পটাশ্ সল্টের ন্যায় রক্তের লোহিতকণিকা নষ্ট করে না। ইহা উপদংশজনিত পীড়াসমূহে নিম্নলিখিত বিষয়গুলি বিবেচনা পূর্ব্বক সচরাচর ব্যবস্থা করা হয়।

(ক) যে সকল অবস্থায় আইয়োডাইড্ অব্ পটাসিয়াম্ এবং আইয়োডাইড্ অব্ সোডিয়াম্ ব্যবহৃত হয়, তাহাতে ইহা ব্যবহার্য্য।

(খ) ইহা ব্যবহারে রোগী শীঘ্র আরোগ্য লাভ করে।

(গ) রোগী ইহা সুন্দররূপে সহ্য করিতে পারে।

(ঘ) যে সকল ঔপদংশিক বেদনা রাত্রে উপস্থিত হয়, তাহাতে ২।৩ গ্রেণ আইয়োডাইড্ অব্ এমোনিয়াম্, এক আউন্স্ অলিভ্ অয়েলের সহিত মিশ্রিত করিয়া আক্রান্তস্থানে মর্দ্দন করিলে উপকার হয়। ইহা আভ্যন্তরিক ব্যবহারে হার্ড্ শ্যাঙ্কারের পরে আক্রান্তস্থানে যে কাঠিন্য থাকে, তাহাতে উপকার হয়।

(ঙ) নিউর্যালজিয়া, রিউম্যাটিজম্‌জনিত পীড়াসমূহ, পেরিয়ষ্টাইটিস্, গ্রন্থির বিবৃদ্ধি এবং প্যাপিউল্ বা ভেসিকোর ন্যায় সিফিলিটিক্ ইরাপ্‌শন্ ইত্যাদিতে ইহা আভ্যন্তরিক ব্যবহার করিলে উপকার হয়।

(চ) ষ্টম্যাক্ এবং থ্রোটে জ্বালা হইলে বুঝিতে হইবে, যে উক্ত ঔষধদ্বারা এই লক্ষণ প্রকাশ পাইয়াছে।

ক্রণিক্ রিউম্যাটিজ্‌মে ইহাদ্বারা উৎকৃষ্ট ফল পাওয়া যায়।

বিবর্দ্ধিত টন্সিলে অর্দ্ধ ড্রাম্ আইয়োডাইড্ অব্ এমোনিয়াম্, এবং এক আউন্স্ গ্লিসিরিন্ একত্র করতঃ একটী ক্যামেল্ হেয়ার্ পেন্সিল্ (Camel

hair pencil) দ্বারা পীড়িতস্থানে রাত্রে লাগাইলে রোগের উপশম হয়। স্ক্রফিউলাজনিত গ্রন্থির বিবৃদ্ধিতে ইহা আভ্যন্তরিক ব্যবহার্য্য।

ল্যাটিন্।	ইংরেজী।
এমোনিয়াই ফস্ফাস্।	ফস্ফেট্ অব্ এমোনিয়াম্।
Ammonii Phosphas.	Phosphate of Ammonium.

মাত্রা ৫—২০ গ্রেণ।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—উত্তেজক (excitant), ঘর্ম্মকারক (diaphoretic), এবং দুষ্টরসনাশক (discutient)। ইহা ইউরিক্ এসিড্ ক্যাল্‌কিউলাস্ দ্রব করণার্থ ব্যবহৃত হয়, এবং ইউরিক্ এসিড্ ডায়েথিসিসে ও ব্যবহৃত হইয়া থাকে।

গাউট্ এবং রিউম্যাটিজ্‌ম্ রোগে ফস্ফেট্ অব্ এমোনিয়াম্ প্রতিদিন এক ড্রাম্ মাত্রায় অধিক ডাইলিউট্ করিয়া দিলে বিশেষ উপকার হয়। গাউটে সন্ধিতে অদ্রবণীয় ইউরেট্ অব্ সোডা সঞ্চিত থাকে; এই ঔষধ ব্যবহারে তাহা বিকৃত এবং ফস্ফেট্ অব্ সোডা ও ইউরেট্ অব্ এমোনিয়া উৎপন্ন হয়। ইহারা দ্রবণীয় লবণ বলিয়া স্রাবসহ শরীরহইতে বহির্গত হইয়া যাইতে পারে।

℞

Ammon. Phosp.	gr.x
Ammon. Carb.	gr.x
Spt Ammon. Aromat.	m.xxx
Aqua ad	℥i

Dr. Bashman এই মিশ্র একটী সদ্য লেবুর রসের সহিত মিশ্রিত করিয়া বহুমূত্ররোগে দিবসে ৩ বার ব্যবস্থা করিতে বলেন।

ল্যাটিন্।	ইংরেজী।
এমোনিয়ি ভেলিরিয়েনাস্।	ভেলিরিয়েনেট্ অব্ এমোনিয়া।
Ammoniæ Valerianas	Valerianate of Ammonia.

মাত্রা ২—৮ গ্রেণ (জলে দ্রব করিয়া সেবন করিতে হয়)।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—ইহার আক্ষেপনিবারকগুণ আছে বলিয়া এপিলেপ্সি, কোরিয়া, হিষ্টিরিয়া ইত্যাদি স্নায়বীয় পীড়াতে ইহা ব্যবহারে অতিশয় উপকার দর্শে। ইহা বায়ুতে বিগলনশীল (deliquescent) বলিয়া ইহার ক্রিয়া অনিশ্চিত; ইহাদ্বারা যে উপকার হইত, তাহা এমোনিয়েটেড্ টিংচার্ অব্ ভেলিরিয়েন্ হইতে সম্ভবতঃ অধিকতর নিশ্চয় রূপে প্রাপ্ত হওয়া যায়।

ল্যাটিন্।	ইংরেজী।
এসিডাম্ ল্যাক্টিকাম্।	ল্যাক্টিক্ এসিড্।
Acidum Lacticum.	Lactic Acid.

প্রয়োগরূপ—

এসিডাম্ ল্যাক্টিকাম্ ডাইলিউটাম্।	ডাইলিউট্ ল্যাক্টিক্ এসিড্।
Acidum Lacticum Dilutum.	Dilute Lactic Acid.

মাত্রা ½—২ ড্রাম্।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—ইহা পরিপাকক্রিয়ার বর্দ্ধক এবং আগ্নেয়। অজীর্ণ রোগে, ইহা ½ ড্রাম্ মাত্রায় পেপ্সিনের সহিত ২ বার দিলে উপকার হয়। ডায়েবেটিস্ রোগে, বিশেষতঃ যখন রোগীকে কেবল মাংস আহার করিতে দেওয়া যায় তখন, ল্যাক্টিক্ এসিড্ ব্যবহারে উপকার হইয়া থাকে। ডিফ্থিরিয়া রোগে Dr. Morell Mackenzie তুলিদ্বারা আক্রান্ত-স্থানের কৃত্রিম ঝিল্লি দ্রব করিবার জন্য ইহা ব্যবহার করিতে উপদেশ দেন।

তিনি ক্রুপ্ রোগের প্রথমাবস্থায় ২০ মিনিম্ ল্যাক্টিক্ এসিড্ ১ আউন্স্ জলে মিশ্রিত করিয়া স্প্রে-যন্ত্রদ্বারা প্রয়োগ করিতে বলেন।

থাইসিস্ রোগে ১০ মিনিম্ মাত্রায় দিবসে ২ বার ইহা ব্যবহার করিলে কাশি উপশমিত এবং পিপাসা নিবারিত হইয়া থাকে।

ফেরি ল্যাক্টাস্।	ল্যাক্টেট্ অব্ আয়রন্।
Ferri Lactas.	Lactate of Iron.

মাত্রা ২—১০ গ্রেণ।

Nebula Acidi Lactici T. H.

Lactic acid	1	drachm.
Distilled water	16	drachms.

ডিফ্‌থিরিয়ারোগে কৃত্রিম ঝিল্লি দ্রবকরণার্থ ব্যবহার্য্য।

Syrupus Calcii Lactophosphatis.

Lactate of Calcium (by wright)		5
Orange-flower Water	,,	10
Syrup	,,	80

একত্র মর্দ্দন করতঃ—

Concentrated Phosphoric Acid	5
Oil of Lemon mixed with	1-30th
Rectified spirit	*1-10th*

যোগ কর।

দ্রবকরণার্থ উত্তমরূপে নাড়িয়া লও, তৎপর ছাকিয়া ফিল্টার্ কর।

মাত্রা ১—২ ড্রাম্।

লাটিন্।	ইংরেজী।
এসিডাম্ কার্ব্বনিকাম্।	কার্ব্বনিক্ এসিড্।
Acidum Carbonicum.	Carbonic acid.

ইহা ব্রিটীশ্ ফার্ম্মাকোপিয়ায় গৃহীত হয় নাই।

কার্ব্বনিক্ এসিড্ বাষ্প অধিক আঘ্রাণ করিলে শ্বাসরোধ দ্বারা মৃত্যু ঘটে। বেদনাযুক্ত ক্ষতে ইহা লাগাইলে বেদনার উপশম হয়। কার্ব্বনেট্ অব্ সোডা বা পটাশ কিম্বা বাইকার্ব্বনেট্ অব্ সোডা বা পটাশ্, টার্টারিক্ এসিড্ কিম্বা সাইট্রিক্ এসিড্ সংযোগে ব্যবহার করিলে, কার্ব্বনিক্ এসিড্ প্রস্তুত হইয়া থাকে। ইহাদ্বারা উচ্ছলনশীল পানীয় প্রস্তুত হয়। পাকস্থালীর উত্তেজনা-জনিত বমন এবং হিক্কা নিবারণার্থ ইহা ব্যবহৃত হইয়া থাকে।

লাটিন্। ইংরেজী।

এসিডাম্ হাইড্রোব্রোমিকাম্ ডাইলিউটাম্। ডাইলিউট্ হাইড্রোব্রোমিক্ এসিড্।

Acidum Hydrobromicum Dilutum. Dilute Hydrobromic Acid.

মাত্রা—১৫ হইতে ৫০ মিনিম্; ইহার ৬০ মিনিম, ১০ গ্রেণ ব্রোমাইড্ অব্ পটাসিয়ামের সমান।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—ইহার ক্রিয়া ব্রোমাইড্ অব্ পটাসিয়ামের ন্যায়। ইহা ব্যবহারে প্রত্যাবর্ত্তনক্রিয়ার (reflex action) হ্রাস হয় এবং ব্রোমাইডের ন্যায় ব্রোমিডিজ্ম্ (Bromidism) হয় না। ইহা অধিক মাত্রায় হৃৎপিণ্ড এবং শ্বাসপ্রশ্বাসযন্ত্রের উপর অবসাদকের ন্যায় ক্রিয়া করে, কিন্তু অল্প মাত্রায় উহাদিগকে উত্তেজিত করিয়া থাকে। ঔষধার্থে ইহা কেবল সিডেটিভের ন্যায় ব্যবহৃত হয়। টিনিটাস্ অরিয়ম্ এবং সিঙ্কোনিজ্মে ইহা ব্যবহারে উপকার দর্শে; এবং কুইনাইনের সহিত ইহা ব্যবস্থা করিলে, কর্ণের অলিকশব্দ নিবারিত হয়। ইহা ব্রোমাইডের পরিবর্ত্তে ব্যবহার করা যাইতে পারে। কিন্তু ইহা তাদৃশ অবসাদক নহে। হিষ্টিরিয়া, এপিলেপ্সি, নিউর্যাল্জিয়া, স্নায়বীয় অবসাদ এবং হৃৎকম্পে ইহা ব্যবহার্য্য; রাত্রিকালীন খুস্ খুসে উত্তেজক কাসিতে ১০ মিনিম্ বা ততোধিক মাত্রায় ব্যবহার করিলে, বিশেষ উপকার দর্শে।

লাটিন্। ইংরেজী।

স্যাম্বিউসি ফ্লোরিস্। এল্ডার্ ফ্লাওয়ার্স্।

Sambuci Floris. Elder Flowers.

প্রয়োগরূপ—

একোয়া স্যাম্বিউসি। এল্ডার্ ফ্লাওয়ার্ ওয়াটার্।

Aqua Sambuci. Elder Flower Water.

মাত্রা ১—২ আউন্স্।

ইহার ফুল মৃদু উত্তেজক; অয়েণ্ট্মেণ্ট্ আকারে স্থানিক ব্যবহৃত হয়।

ইহার জল অন্যান্য ঔষধের অনুপান কিম্বা লোশন্ আকারে ব্যবহৃত হইয়া থাকে। ইহার বল্কল বিরেচক। ইহা সচরাচর ব্যবহৃত হয় না।

লাটিন্।	ইংরেজী।
ক্যাড্মিয়াই আইওডাইডাম্।	আইওডাইড্ অব্ ক্যাড্মিয়াম্।
Cadmii Iodidum.	Iodide of Cadmium.
প্রয়োগরূপ—	
আঙ্গুয়েণ্টাম্ ক্যাড্মিয়াই আইয়োডাইডাই।	অয়েণ্টমেণ্ট্ অব্ আইয়োডাইড্ অব্ ক্যাড্মিয়াম্।
Unguentum Cadmii Iodidi.	Ointment of Iodide of Cadmium.

ইহা আভ্যন্তরিক ব্যবহৃত হয় না। ইহার ক্রিয়া ও ব্যবহার আইয়োডাইড্ অব্ লেডের ন্যায়। ইহা সচরাচর অয়েণ্ট্মেণ্ট্ আকারে ব্যবহৃত হয়। কিন্তু আইওডাইড্ অব্ লেড্ অয়েণ্ট্মেণ্টের মত ইহাদ্বারা হরিদ্রার ন্যায় দাগ হয় না। সুতরাং শরীরে দাগ না হওয়ার জন্য ইহা তৎপরিবর্ত্তে ব্যবহৃত হয়।

SULPHIDES.

সাল্ফাইড্সমূহ।

ইহাদিগের মধ্যে সাল্ফাইড্ অব্ পটাসিয়াম্, সোডিয়াম্, এমোনিয়াম্ এবং ক্যাল্সিয়াম্ প্রধান। ইহারা হ্যারোগেট্ ইত্যাদি গন্ধকবিশিষ্ট জলে বর্ত্তমান থাকে। ইহারা পচা ডিম্বের গন্ধবিশিষ্ট। এইসকল লবণের উগ্র দ্রব চর্ম্মে লাগাইলে প্রবল প্রদাহ উৎপন্ন হয়; ও ইহার মৃদু দ্রব চর্ম্মকে উত্তেজিত এবং ঘর্ম্ম বৃদ্ধি করিয়া থাকে। স্নানের জলে, এইসকল জিনিস বর্ত্তমান থাকিলে, সোরিয়েসিস্, একজিমা এবং লিচেনাদি চর্ম্মরোগে বিশেষ উপকার হয়। পুরাতন বাত, গাউট্ ও সীসকদ্বারা বিষাক্ততায়, ইহা ব্যবহারে বিশেষ উপকার হয়। পুরাতন চর্ম্মরোগে, স্বাভাবিক গন্ধকমিশ্রিত জল (Sulphurous water) প্রচুরপরিমাণে ব্যবহৃত হয়। অদম্য চর্ম্মরোগ অন্যান্য চিকিৎসাদ্বারা আরোগ্য না হইলে, সাল্ফাইড বাথ্ দ্বারা আরোগ্য হইয়া থাকে। উক্তপ্রকার স্নানের জল পান করিয়া ব্যবহার করিলে, পুরাতন রিউম্যাট্য়েড্ আর্থ্রাইটিস্ রোগ,

সন্ধির নমনীয়তা পুনঃ স্থাপিত হয়। নিম্নলিখিত প্রকারে ব্যবহার করিলে, খোষ (itch) আরোগ্য হইয়া থাকে।

এক ভাগ চুণ (quicklime), দুই ভাগ সাব্‌লাইমড্‌ সাল্‌ফার, ১০ ভাগ জলের সহিত মিশ্রিত করিয়া, যে পর্য্যন্ত পূর্ব্বোক্ত জিনিস দুইটীর পরস্পর সংযোগ না হয়, সে পর্য্যন্ত ফুটাও। তৎপর কিয়ৎকাল নামাইয়া রাখ; পরে উপরের পরিষ্কার তরলাংশ ঢালিয়া লইয়া ব্যবহার করিবে। ইহা কোন ধাতুপাত্রে প্রস্তুত করিবেনা। প্রথমতঃ রোগীকে স্নান করাইয়া, তাহার শরীর পরিকার করতঃ মুছাইয়া উক্ত লোশন্‌ লাগাইয়া দিবে। এইরূপভাবে প্রয়োগ করিলে, কখন কখন চর্ম্ম উত্তেজিত হয়, তদ্ধেতু চর্ম্ম বন্ধুর (rough) হয় এবং তাহা কিছুকাল থাকিয়া যায়। উক্তপ্রকার প্রণালীর উদ্ভাবনকর্ত্তা ডাং বোর্গুইনন্‌ (Dr. Bourguignon) বলেন, যে উক্ত ঔষধ প্রয়োগে অর্দ্ধঘণ্টার মধ্যে রোগোপশম হইয়া থাকে।

ইহাদের আভ্যন্তরিক ব্যবহার করিলে, পাকাশয়ে বিকৃতিভাবাপন্ন হইয়া সাল্‌ফিউরেটেড্‌ হাইড্রোজেনের দুর্গন্ধযুক্ত উদগার জন্মায়। অল্প মাত্রায় পাকাশয়ে উষ্ণতা এবং অধিক মাত্রায় পরিপাকনালীর প্রবল প্রদাহ উৎপাদন করিয়া থাকে। ইহারা অল্প মাত্রায় অন্ত্রকে উত্তেজিত করিয়া, মৃদু বিরেচকের ন্যায় কার্য্য করে। পূয়োৎপাদনের উপর, ইহাদের বিশেষ ক্রিয়া আছে। ডাং রিঙ্গার্‌ (Dr. Ringer) বলেন, ইহাদের পূয়োৎপাদনের বাঁধা দেওয়ার ক্ষমতাও আছে; প্রদাহহেতু পূয়োৎপত্তি হইবার উপক্রম হইলে, ইহাদের বাহ্য কিম্বা আভ্যন্তরিক ব্যবহার করিলে প্রদাহ নিবারণ হয়, এবং পূয়োৎপত্তি হইতে পারেনা; যদি পূয়োৎপত্তি আরম্ভ হইয়া থাকে, তবে ইহাদের ব্যবহারে অতি শীঘ্র পূয়োৎপত্তি হইয়া, তাহা বিদীর্ণ হইয়া যায় এবং ক্ষত স্থান শীঘ্র আরোগ্য হয়। বয়েল্‌ এবং কার্ব্বাঙ্কলে এই সকল ঔষধদ্বারা অতি উৎকৃষ্ট ফল পাওয়া যায়। সাল্‌ফাইড্‌ অব্‌ ক্যাল্‌সিয়াম্‌ প্রতিঘণ্টা অন্তর $\frac{1}{10}$, $\frac{1}{4}$, কিম্বা $\frac{1}{2}$ গ্রেণ, দিবসে তিন চারি বার ব্যবহার করিলে, নূতন বিস্ফোটক উৎপন্ন হইতে পারে না, এবং যাহা উৎপন্ন হইয়াছে তাহা শীঘ্র আরোগ্য হইয়া যায়। সমপরিমাণ বেলাডোনা এবং গ্লিসিরিন্‌, এব্‌সেস্‌ এবং কার্ব্বাঙ্কলে প্রয়োগ করিলে প্রদাহ এবং বেদনা উপশমিত হইয়া থাকে। ছোট শিশুদিগের স্ক্রুফিউলাজনিত ক্ষতে

এবং গ্রন্থিসমূহের বিবৃদ্ধিতে, ইহাদেরদ্বারা বেশ উপকার হয়। ইহাদিগকে ১/২০—১/১০ গ্রেণ মাত্রায় প্রতি দুই ঘণ্টা অন্তর দেওয়া উচিত। প্রাপ্তবয়স্কদিগকে ১/৪—১/২ গ্রেণ মাত্রায়, বটিকাকারে দিবসে ৩।৪ বার দেওয়া যায়। শিশুদের জন্য ডাং রিঙ্গার্ (Dr. Ringer) নিম্নলিখিতরূপে দিতে বলেনঃ—১ গ্রেণ সাল্ফাইড্ অব্ ক্যাল্সিয়াম্ ১০ আং জলে মিশ্রিত করিয়া, এক টিস্পুন্ফুল্ মাত্রায় প্রতি ঘণ্টা অন্তর ব্যবস্থেয়। এই প্রকারে প্রয়োগ করিতে হইলে, সদ্য প্রস্তুত করা আবশ্যক। নতুবা সাল্ফাইড্, সাল্ফেটে পরিণত হইয়া, প্রথমোক্ত প্রকারে প্রয়োগ করার কোন গুণ থাকেনা। ইহাদের মধ্যে সাল্ফাইড্ অব্ ক্যাল্সিয়াম্ সচরাচর ব্যবহৃত হয় বলিয়া তাহা নিম্নে পৃথকরূপে বর্ণনা করা গেল।

লাটিন্।	ইংরেজী।
ক্যাল্সিয়াই সালফাইডাম্।	সাল্ফাইড্ অব্ ক্যাল্সিয়াম্।
Calcii Sulphidum.	Sulphide of Calcium.

ইহাকে ক্যাল্ক্স্ সাল্ফিউরেটা (Calx Sulphurata) বলে।

মাত্রা ১/১০—১ গ্রেণ।

ইহা যথেষ্টপরিমাণ শুগার্ অব্ মিল্ক্ এবং গ্লিসিরিন্ অব্ ট্র্যাগ্যাক্যান্থ-সহ বটিকাকারে, ব্যাধির আক্রমণানুযায়ী ৩ ঘণ্টা অন্তর ব্যবস্থেয়।

লোশিয়ো ক্যাল্সিয়াই সাল্ফিউরেটি।

Lotio Calcii Sulphurati.

Slaked lime	4 ounces
Sublimed sulphur	4 ounces
Distilled water	35 ounces

ইহা খোস রোগে স্থানিক ব্যবহৃত হয়।

সিরাপাস্ সাল্ফেটাম্।

Syrupus Sulphatum.

মাত্রা ১/২ আউন্স্। বয়েলে ব্যবহার্য্য।

ল্যাটিন্।	ইংরেজী।
লোবেলিয়া।	লোবেলিয়া।
Lobelia.	Lobelia.

ইহা লোবেলিয়া-ইন্‌ফ্লেটা নামক পুষ্পিত ওষধি।

প্রয়োগরূপ—

টিংচুরা লোবেলিয়ি।	টিংচার্ অব্ লোবেলিয়া।
Tinctura Lobeliæ.	Tincture of Lobelia.
মাত্রা ১০—৩০ মিনিম্।	
টিংচুরা লোবেলিয়ি ইথিরিয়া।	ইথিরিয়্যাল্ টিংচার্ অব্ লোবেলিয়া।
Tinctura Lobeliæ Æetherea.	Ethereal Tincture of Lobelia.
মাত্রা ১০—৩০ মিনিম্।	

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—অল্পমাত্রায়, কফনিঃসারক ও ঘর্ম্মকারক; অধিকমাত্রায়, বমনকারক ও বিরেচক; অত্যধিক মাত্রায় ইহা ব্যবহারে, অবসাদ, বিবমিষা, শীতল ঘর্ম্ম এবং মৃত্যুপর্য্যন্ত হইতে পারে; কিন্তু মৃত্যুর পূর্ব্বে কন্‌ভাল্‌শন্ হয়; ইহার ক্রিয়া টোব্যাকোর ন্যায়। ইহা স্প্যাজমডিক্ এজ্‌মায় ব্যবহৃত হয়। শ্বাসপথের ব্যাধির সহিত শ্বাসকৃচ্ছ্র থাকিলে ইহা ব্যবহার্য্য। এম্ফিজিমার সহিত শ্বাসকৃচ্ছ্র থাকিলে, ইহা উপযোগী। কিন্তু হৃৎপিণ্ডের ব্যাধি থাকিলে ইহা অব্যবহার্য্য। ডাং রিঙ্গার্ (Dr. Ringer) হুপিংকফের স্প্যাজ্‌মডিক্ অবস্থায়, ইহা অধিকমাত্রায় ব্যবহার করিতে উপদেশ দেন। তিনি দুই বৎসরের শিশুকে ১০ মিনিম্ মাত্রায় টিংচার্ অব্ লোবেলিয়া প্রতিঘণ্টায় দিয়া থাকেন। শিশুদের সম্বন্ধে উক্তরূপ ব্যবহার করিয়া, তিনি প্রাপ্তবয়স্কদের অপেক্ষা কখনও নিকৃষ্টতর ফল পান নাই। তদ্দ্বারা তিনি এরূপ সিদ্ধান্ত করেন যে, উক্ত ঔষধ প্রাপ্তবয়স্কদের অপেক্ষা শিশুরা অধিক মাত্রায় সহ্য করিতে পারে।

পিট্রোলিয়াম্।

PETROLEUM.

ইহা ভারতবর্ষ ও ওয়েষ্ট্-ইণ্ডিজ্ দ্বীপের ভূমিহইতে বহির্গত গুড়ের ন্যায়

একপ্রকার মেটেতৈলবিশিষ্ট পদার্থ। ইহাকে রক্ অয়েল্ (Rock Oil) বলে। ভারতবর্ষে ইহাহইতে, ভেসেলিন্ ও প্যারাফিন্ উৎপন্ন হয়।

প্রয়োগরূপ—

আঙ্গুয়েণ্টাম্ পিট্রোলিয়াই। Unguentum Petrolei.

পিট্রোলিয়াম্ অয়েণ্ট্মেণ্ট্। Petroleum Ointment.

ক্রিমার্ জিঙ্কাই। Cremor Zinci.

ইহা ধাত্রীগৃহের জন্ম ভায়লেট্ পাউডার্ অপেক্ষা অনেক উৎকৃষ্ট।

ইহা উত্তেজক ও কফনিঃসারক; এবং বাহ্য প্রয়োগে, প্রদাহজনক। ডাং সার্ জোসেফ্ ফেরার্ (Dr. Sir. J. Fayrer) ইহা অস্ত্রচিকিৎসায় ব্যবহার করিয়া এরূপ বিবেচনা করিতেন, যে ইহার প্রায় কার্ব্বলিক্ এসিডের তুল্য পচননিবারক গুণ আছে। তিনি ইহা শুধু, কিম্বা সমপরিমাণ তৈল বা গ্লিসিরিন্ সহ, ব্যবহার করিতেন। ইহার দুর্গন্ধহারক গুণও আছে; ইহা অধিক পূয়োৎপত্তি হইতে দেয়না। ইহা বিগলিত ক্ষতে, উত্তেজক এবং ক্ষতপরিষ্কারকস্বরূপ ক্রিয়া করতঃ উপকার করিয়া থাকে। এজমা ও পুরাতন কাশিতে, প্রদাহ লক্ষণ না থাকিলে, ইহা ব্যবহারে উপকার দর্শে। ইহা ৩—৫ গ্রেণ মাত্রায়, কোন উদ্ভিজ্জচূর্ণের সহিত বটিকাকারে দিবসে ৩। ৪ বার দিতে হয়। পুরাতন বাত এবং পক্ষাঘাতজাতীয় পীড়ায়, ইহা ব্যবহারে ফল পাওয়া গিয়াছে। পুরাতন চর্ম্মরোগে ইহা উৎকৃষ্ট ঔষধ। পুরাতন একজিমারোগে অন্যান্য চিকিৎসাদ্বারা উপকার না হইলে, ইহার মলম প্রয়োগে উপকার দর্শে। শিশুদের পাঁচড়া রোগে, সমপরিমাণ পিট্রোলিয়াম্ ও অলিভ্ অয়েল্ বা গ্লিসিরিন্ ব্যবহার করিলে উৎকৃষ্ট ফল পাওয়া যায়। শরীরে উকুন হইলে, ইহার মলম (১ ভাগ পিট্রো-লিয়াম্ ও ২ ভাগ লার্ড্) ব্যবহার করিলে, তাহা নষ্ট হয়; এরূপ চিকিৎসার সময় সাবান ও গরম জলদ্বারা স্নান করিলে, আরও উপকার হয়। ডিফ্থিরিয়া রোগে, ইহার বাহ্য প্রয়োগে উৎকৃষ্ট ফল পাওয়া যায়। প্রতি ১ বা ২ ঘণ্টা অন্তর কৃত্রিম ঝিল্লিতে একখানি থ্রোটব্রাশ্দ্বারা ইহা লাগাইলে উপকার হয়।

ল্যাটিন্।	ইংরেজী।
এসিডাম্ কার্ব্বলিকাম্।	কার্ব্বলিক্ এসিড্।
Acidum Carbolicum.	Carbolic Acid.

অপর নাম—Phenic Acid, Phenol, Phenyl Alcohol.

ইহা কোল্টার্ হইতে প্রাপ্ত অম্ল।

মাত্রা—১ হইতে ৩ গ্রেণ।

প্রয়োগরূপ—

এসিডাম্ কার্ব্বলিকাম্ লিকুইফ্যাক্টাম্।	লিকুইফাইড্ কার্ব্বলিক্ এসিড্।
Acidum Carbolicum Liquefactum.	Liquefied Carbolic Acid.
গ্লিসিরিণাম্ এসিডাই কার্ব্বলিসাই।	গ্লিসিরিন্ অব্ কার্ব্বলিক্ এসিড্।
Glycerinum Acidi Carbolici.	Glycerine of Carbolic Acid.
সাপোজিটোরিয়া এসিডাই কার্ব্বলিসাই কাম্ স্যাপোন্।	কার্ব্বলিক্ এসিড্ সাপোজিটোরিজ্।
Suppositoria Acidi Carbolici cum Sapone.	Carbolic Acid Suppositories.

প্রত্যেক সাপোজিটোরিতে এক গ্রেণ কার্ব্বলিক্ এসিড্ আছে।

আঙ্গুয়েণ্টাম্ এসিডাই কার্ব্বলিসাই।	অয়েণ্ট্মেণ্ট্ অব্ কার্ব্বলিক্ এসিড্।
Unguentum Acidi Carbolici.	Ointment of Carbolic Acid.

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—ইহা প্রবল এণ্টিসেপ্টিক্, এণ্টিপিউট্র্যাক্টিভ্ ও ডিস্ইন্ফেক্ট্যাণ্ট্; স্থানিক প্রয়োগে, কোকেনের ন্যায় স্পর্শহারক গুণ প্রকাশ করে; কিন্তু তাহা অপেক্ষা নিকৃষ্ট। বাহ্যপ্রয়োগে পরিশুদ্ধ কার্ব্বলিক্ এসিড্ প্রবল দাহক। রক্তস্রাবনিবারণার্থ ইহা ব্যবহার করা যাইতে পারে। অধিক ডাইলিউট্ আকারে নানাবিধ চর্ম্মের ব্যাধিতে (Dermatoses) ইহা প্রয়োগ করা যাইতে পারে। এই এসিড্ নিম্নশ্রেণীস্থ জীবদিগের পক্ষে মারাত্মক বলিয়া, উচ্ছলন এবং পচনক্রিয়া নিবারণ করিয়া থাকে। এজন্য ইহা দুর্গন্ধযুক্ত ক্ষত, স্ফোটক, ও পীড়িতঅস্থিসংসৃষ্ট নালীক্ষতে পচননিবারক সেংস্বরূপড্র অত্যন্ত ব্যবহৃত হয়। এরূপ চিকিৎসাপ্রণালীকে লিষ্টার্স্ মেথড্

(Lister's method) বলে। অস্ত্রচিকিৎসাবিদ্যায় পচননিবারকচিকিৎসায় (Antiseptic Treatment in Surgery) কার্ব্বলিক্ এসিড্ সর্ব্বোচ্চ স্থল অধিকার করে। Sir Joseph Lister ইহার উপকারিতার বিষয় যাহা বলেন, তাহা নিম্নে বিবৃত হইল।

কার্ব্বলিক্ ড্রেসিং সম্বন্ধে সংক্ষিপ্ত উপদেশ।

(ক) অপারেশনের পূর্ব্বে এবং সমকালে—(১) কার্ব্বলিক্ এসিড্ স্প্রে ব্যবহার করিবে; তাহাতে ২০ ভাগ জলে ১ ভাগ কার্ব্বলিক এসিড্ থাকিবে। (২) স্পঞ্জ, অপারেটারের হস্ত প্রভৃতি কার্ব্বলিক্ এসিডের (1 in 20) সলিউশনে সিক্ত করিবে। (৩) দশ ভাগের এক ভাগ কার্ব্বলিক্ এসিড্ সংযুক্ত তৈলে অস্ত্রসমূহ আচ্ছাদিত রাখিবে; কতকগুলি জলীয় দ্রবে (1 in 20) সিক্ত করিয়া লইবে, কিম্বা রাখিয়া দিবে। (৪) স্প্রে ব্যবহারের বিরামকালে কার্ব্বলিক্ এসিড্ সলিউশনে (1 in 20) সিক্ত বস্ত্রদ্বারা ক্ষত আবৃত রাখিবে। (খ) অপারেশনের পরে—(১) কার্ব্বলিক্ এসিডের তৈলাক্ত সলিউশনে (1 in 10) সিক্ত একটুকরা লিণ্ট্ বা একটী রবারের পরিষ্কার ড্রেনেজ্ টিউব্ প্রথম দিবস (এবং আবশ্যক হইলে তৎপরেও) ক্ষতে ঝুলাইয়া রাখিবে। (২) ইহার উপর প্রোটেক্টিভ্ (Protective) স্থাপন করিবে; তাহাতে ড্রেনেজ্ টিউবের প্রান্তের অনুরূপ একটি ছিদ্র করিয়া লইবে। প্রোটেক্টিভ্ টী এক স্তর তৈলাক্ত রেশম, তাহার উভয় পার্শ্ব গঁদের (copal) ভার্নিশে আচ্ছাদিত, এবং অবশেষে ডেক্‌ষ্ট্রিন্‌দ্বারা ব্রুশ্ করা। (৩) তৎপর ৭ স্তর এণ্টিসেপ্টিক্ গজ্ দিবে। (৪) ইহার উপর ম্যাকিণ্টশ্ দিবে; ইহা আয়তনে গজ্ অপেক্ষা ১ ইঞ্চ ছোট হইবে। (৫) তৎপর আর এক স্তর এণ্টিসেপ্টিক্ গজ্ দিবে, এবং সর্ব্বশেষে (৬) ড্রেসিংএর প্রান্তসমূহের উপর কার্ব্বলাইজড্ ব্যাণ্ডেজ্ দিবে।

কার্ব্বলিক্ এসিড্ উত্তেজক বলিয়া মিট্‌ফোর্ড্ হাসপাতালে তৎপরিবর্ত্তে বাইক্লোরাইড্ অব্ মার্কিউরির সলিউশনদ্বারা (1 in 2000) ক্ষত প্রক্ষালন করতঃ আইওডোফম্ প্রয়োগ করিয়া, বোরাসিক্ লিণ্ট্ ও তুলা, এবং সর্ব্বোপরি অয়েল্ পেপার স্থাপনপূর্ব্বক ব্যাণ্ডেজ্ করা হয়। ইহার ব্যবহারে সর্ব্বপ্রকার অস্ত্রচিকিৎসায় অতি উত্তম ফল পাওয়া গিয়াছে। ইহাও পচননিবারক

অস্ত্রচিকিৎসার একটী উপায়। গ্রন্থকার স্বয়ং কটক জেনারাল্ হাসপাতালে এরূপ চিকিৎসা করতঃ বিশেষ উপকার দর্শন করিয়াছেন।

ইহা আভ্যন্তরিক ব্যবহারে ক্রিয়েসোটের ন্যায় বায়ুনাশক এবং অবসাদক ক্রিয়া প্রকাশ করিয়া, বমন এবং পাকাশয়ের উত্তেজনা উপশমিত করে; অধিক মাত্রায় সেবনে নিম্নলিখিত লক্ষণসমূহ প্রকাশ পায়, যথা—অপর্য্যাপ্ত ঘর্ম্ম, হৃৎপিণ্ডের ক্রিয়ার লাঘব, এবং কয়েক ঘণ্টার মধ্যে নাড়ীর সংখ্যা ১২০ হইতে ৬০ হয়, কোন কোন অবস্থায় প্রস্রাব ধুম্র (smoky) বর্ণ ধারণ করে; একোনাইটের ন্যায় ইহাতেও মুখগহ্বর এবং কণ্ঠনালীর চেতনাশক্তি লোপ পায়, কিম্বা ওষ্ঠ অবশ হয়। বিবমিষা, উদরের অসুখ, অল্প শিরোঘূর্ণন, কর্ণে অলিক শব্দানুভব, আংশিক বধিরতা এবং কখন কখন উদরাময় হইয়া থাকে। অধিক দিন ব্যবহার করিলে হৃৎপিণ্ডের ক্রিয়া ও মাংশপেশী দুর্ব্বল এবং শরীর শীর্ণ হয়, শারীরিক উত্তাপের ব্যতিক্রম হয় না। ইহা শীঘ্র শরীরে শোষিত হইয়া প্রস্রাব দ্বারা বহির্গত হয়, এবং প্রস্রাবে সবুজমিশ্রিত কাল বর্ণ এবং স্বকীয় বিশেষ প্রকার গন্ধ প্রদান করে। ইহার সংক্রমণনাশক এবং দুর্গন্ধহারক গুণ অতি স্ফুট। দুর্গন্ধযুক্ত প্রস্রাবে কিম্বা মলে ইহার অল্প পরিমাণ যোগ করিলে দুর্গন্ধ দূরীভূত হইয়া থাকে। যে যে স্থলে ক্রিয়েসোট্ ব্যবহৃত হয়, ইহাও সেই সেই অবস্থায় আভ্যন্তরিক এবং আঘ্রাণস্বরূপ ব্যবহার করা যাইতে পারে। কিন্তু প্রথমোক্তটী অধিক প্রীতিকর। যাহা হউক, যখন রক্তে এবং বিধানে ইহার ক্রিয়া আবশ্যক হয়, তখন ইহার পরিবর্ত্তে সাল্ফোকার্ব্বলেট্ (Sulphocarbolate) ব্যবহার করা বিধেয়।

ইহা কখন কখন উরাধ্মান এবং সার্সিনাস্ ভমিটিঙে আভ্যন্তরিক ব্যবহৃত হয়। কিন্তু এতদর্থে সাল্ফোকার্ব্বলেট্, বিশেষতঃ সাল্ফোকার্ব্বলেট্ অব্ সোডিয়াম্, উৎকৃষ্ট।

Tinea Tonsurans রোগে নিম্নলিখিত মলমদ্বারা উপকার হয়।

℞	Sulpharis praecipitati	
	Zinci oxidi	*āā* ℨi
	Olei olivae	℥i
	Acidi carbolici	gr. xi

M. ft. Ointment.

কার্ব্বলিক্ এসিড্দ্বারা বিষাক্ততায় অলিভ্ অয়েল্ এবং স্যাকারেটেড্ লাইম্ দিবে, কিম্বা ৫ ভাগ সাল্ফেট্ অব্ সোডিয়াম্ ১ শত হইতে ২ শত ভাগ জলে দ্রব করিয়া প্রতি অর্দ্ধ ঘণ্টায় দিবে। এই সোডিয়াম্ এণ্টিসেপ্টিক্ ড্রেসিংজনিত বিষাক্ততায় অধিক উপকারী। সাল্ফেট্ অব্ এট্রোপিয়ার ত্বগন্তর্গত পিচকারীও কার্ব্বলিক্ এসিড্জনিত বিষাক্ততায় ব্যবহার করা যাইতে পারে। উক্ত বিষদ্বারা শ্বাসপ্রশ্বাস বন্ধ হইয়া রক্তসঞ্চালন হইতে থাকিলে ইহা উপযোগী।

Dr. A. Keith হাম, বসন্ত ও স্কার্লেট্ জ্বরে ইহা আভ্যন্তরিক ব্যবহার করিয়া উত্তম ফল পাইয়াছেন। তিনি নিম্নলিখিত ব্যবস্থাপত্র ব্যবহার করিতেন।

℞ Acid. Carbolic.
Acid. Acetic. ana ʒi-ʒiss
Tinct. Opei ʒi
Spt. Chloroformi ʒi
Aquæ ad ℥viii

Dose, a table-spoonful every 4 hours, till fever subsides.

℞ Acid Carbolic m.xx
Acid Acetic m.xxx
Mellis ʒiii
Tinct. Myrrhæ ʒii
Aqua ad ℥vi
M.

ডিফ্‌থিরিয়ারোগে প্রাপ্তবয়স্কদিগকে কুল্লি করাইতে হয়, ও শিশুদিগের আক্রান্তস্থানে স্পঞ্জ্দ্বারা লাগাইতে হয়।

ইহার অপর কয়েকটী প্রয়োগরূপ নিম্নে দেওয়া গেল। এসকল ফার্ম্মাকোপিয়ায় গৃহীত হয় নাই।

Carbolic Acid, Camphorated.

Absolute Phenol	12
Camphor	4
Water	1

দ্রব হওয়া পর্য্যন্ত গালাও, কিম্বা ঘর্ষণ কর। ইহা অল্প উত্তাপে দ্রবভাবে থাকে; উণ্ড্ ড্রেসিং করণার্থ ব্যবহার্য্য; এবং বিস্ফোটকে (Boils) পিচকারি-স্বরূপ ব্যবহৃত হয়।

Carbolic Acid Gauze, Carbasus Acidi Carbolici.

ইহা মাড়বিহীন তুলার গজিকাপড়; Carbolic Acid ১ ভাগ, Resin ৪ ভাগ, ও Paraffin ৪ ভাগ (একত্রে ইহার অর্দ্ধ ওজন) ইহাতে মাখান থাকে।

Carbolic Acid Lotion.

Carbolic Acid	1,
Water	19 or more.

Carbolic Oil.

Carbolic Acid, crystals	1
Olive Oil	9 (প্রয়োজনানুসারে অল্প বা অধিক)।

Carbolised Catgut Ligatures.

ইহা 0, ১, ২, এবং ৩ নম্বরের থাকে। 0নং খুব সরু।

Carbolised Iodine Solution (Colourless).

Solution of Iodine B. P.		2 drachms.
Carbolic Acid		44 grains
Boiling Water	to	1 pint.

ইহা পিগ্‌মেণ্ট্‌স্বরূপ বাহ্য, কিম্বা কুল্লি বা আঘ্রাণস্বরূপ, ডিফ্‌থিরিয়ারোগে ব্যবহৃত হয়।

Carbolised Tow.

আল্‌কাতরাতে শতকরা ১০ ভাগ কার্ব্বলিক্ এসিড্ যোগ করিয়া তাহাতে টো বা শণ সিক্ত করতঃ শুষ্ক করিয়া লইতে হয়।

Carbolised Wool.

শতকরা ৬ ভাগ কার্ব্বলিক্ এসিডে তুলা উপরোক্ত প্রকারে প্রস্তুত করিতে হয়।

Mackintosh Sheeting.

ইহা এণ্টিসেপ্টিক্ ড্রেসিংস্বরূপ ব্যবহৃত হয়।

Pilula Acidi Carbolici.

Absolute Phenol	2 grains.
Glycerine	¼ minim.
Powdered Althæa	3 grains.
Make one pill. Dose.—1.	

Smelling Salts, Carbolised.

Absolute Phenol	24
Carbonate of Ammonium	16
Strong Solution of Ammonia	44
Oil of Lavender	1½
Camphor	3
Fine Sawdust (sifted)	q. s.

ইহা Coryza, Influenza ইত্যাদিতে আঘ্রাণস্বরূপ ব্যবহৃত হয়।

Vapor Acidi Carbolici T. H.

Carbolic Acid No. I.	20 drops.
Water 140° F.	1 pint.

ফুস্ফুসকে ইহার ৩ ফোঁটা এক আউন্স্ জলের সহিত স্প্রেদ্বারা ব্যবহৃত হয়

Carbolic Soaps.

ইহাতে শতকরা ২০ ভাগ পর্য্যন্ত কার্ব্বলিক্ এসিড্ থাকে। বেশবিন্যাস এবং চিকিৎসার্থ ব্যবহৃত হয়।

Preservative Solution (for Anatomical Subjects)

Carbolic Acid	1 pound
Glycerine	4 pints
Methylated Spirit	4 pints.

ইহা শবদেহের এয়োর্টাতে (Aorta) পিচকারিস্বরূপ ব্যবহৃত হয়।

সোডিয়াই সাল্‌ফোকার্ব্বলাস্। | সাল্‌ফোকার্ব্বলেট্ অব্ সোডিয়াম্।
Sodii Sulphocarbolas. | *Sulphocarbolate of Sodium.*

মাত্রা ১০—১৫ গ্রেণ (অধিক জলে দ্রব করিয়া)।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—ইহার স্পষ্ট পচননিবারক গুণ আছে, কিন্তু কার্ব্বলিক্ এসিড্ অপেক্ষা অতিশয় কম। ইহা ব্যবহারে পাকাশয়ের উত্তেজনা ব্যতীত কার্ব্বলিক্ এসিডের সার্ব্বাঙ্গিকক্রিয়া অসাক্ষাৎরূপে প্রাপ্ত হওয়া যায়। ইহা রক্তে বিকৃত হইয়া সাল্‌ফেট্ অব্ সোডিয়াম্ প্রস্রাবের সহিত এবং কার্ব্বলিক্ এসিড্ প্রশ্বাসবায়ুর সহিত বহির্গত হয়। ইহা রক্তের দূষিতাবস্থা (Septic conditions), একজ্যাস্থিমেটা, অবিরামজ্বর, ইত্যাদিতে ব্যবহৃত হয়। *Dr.* Ringer বলেন,যে ১০—১৫ গ্রেণ মাত্রায় সাল্‌ফোকার্ব্বলেট্ আহারের পূর্ব্বে সেবন করিলে, উদরাধ্মান এবং তজ্জনিত উদরস্ফীতি নিবারিত হইয়া থাকে।

এতদ্ব্যতীত পটাসিয়াম্, এমোনিয়াম্ এবং জিঙ্কেরও সাল্‌ফোকার্ব্বলেট্ আছে। কিন্তু সেগুলি সচরাচর ব্যবহৃত হয় না।

লাটিন্। | ইংরেজী।
জিঙ্কাই সাল্‌ফোকার্ব্বলাস্। | সাল্‌ফোকার্ব্বলেট্ অব্ জিঙ্ক্।
Zinci Sulphocarbolas. | Sulphocarbolate of Zinc.

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—ইহা আভ্যন্তরিক ব্যবহৃত হয় না। ইহার সলিউশন্ (১ আউন্স্ জলে ১—৩ গ্রেণ) গনোরিয়া এবং লিউকোরিয়া-রোগে সঙ্কোচক পিচকারিস্বরূপ ব্যবহৃত হয়।

লাটিন্। | ইংরেজী।
এসিডাম্ পাইরোগ্যালিকাম্। | পাইরোগ্যালিক্ এসিড্।
Acidum Pyrogallicum. | Pyrogallic Acid.

মাত্রা ২—১২ গ্রেণ।

ইহা ফার্ম্মাকোপিয়ায় গৃহীত হয় নাই।

প্রয়োগরূপ—

আঙ্গুয়েণ্টাম্ এসিডাই পাইরোগ্যালিসাই।

Unguentum Acidi Pyrogallici.

নামান্তর—জেরিশেজ্ অয়েণ্ট্মেণ্ট্। Jarisch's Ointment।

Pyrogallic Acid	60 grains.
Lard	1 ounce.

মিশ্রিত কর। সোরিয়েসিস্ রোগে স্থানিক ব্যবহৃত হয়।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—ইহাতে ক্রাইসোফেনিক্এসিডের ন্যায় দুর্গন্ধ নাই। ইহা উত্তেজক নয় বলিয়া, মুখ ও মস্তকের চর্ম্মরোগে উক্ত এসিডের পরিবর্তে ব্যবহৃত হইয়া থাকে।

সোরিয়েসিস্ রোগে, ক্রাইসোফেনিক্ এসিড্দ্বারা অতি শীঘ্র অচিরস্থায়ী উপকার লব্ধ হয় কিন্তু পাইরোগ্যালিক্ এসিড্ প্রয়োগ করিলে, বিলম্বে চির-স্থায়ী উপকার প্রাপ্ত হওয়া যায়।

ইহা সঙ্কোচক ও পচননিবারক। অক্সিজেনের সহিত ইহার নিকট সম্বন্ধ, এজন্য তাহার সহিত মিলিত হইয়া, পচন নিবারণ করিয়া থাকে। ইহা নাইট্রেট্ অব্ সিল্ভারের সলিউশনের সহিত মিশ্রিতাবস্থায়, শ্বেতবর্ণ কেশকে কৃষ্ণবর্ণ করিবার জন্য ব্যবহৃত হয়, ইহা বাহ্য প্রয়োগে উত্তেজক এবং রক্তরোধক।

ডাং এ, ভেসি (Dr. A. Vesey) বলেন, যে আভ্যন্তরিক রক্তস্রাবে, বিশেষতঃ যক্ষ্মারোগে কাশের সহিত রক্ত নির্গত হইলে, ১ গ্রেণ মাত্রায় ১ ঘণ্টা অন্তর প্রয়োগে, ইহা অন্যান্য সাধারণ সঙ্কোচক ঔষধ অপেক্ষা দ্রুত নিশ্চিত ফল প্রদান করে। সোরিয়েসিস্ ও লুপাসাদি চর্ম্মরোগে ইহার বাহ্য প্রয়োগে উপকার হইয়া থাকে। ইহা সিম্প্ল্ অয়েণ্ট্মেণ্টের সহিত, শতকরা ১০ অংশ অনুপাতে মিশ্রিত করিয়া মলমাকারে ব্যবহার করা যায়। ডাং মোরো (Dr. Morrow) বলেন যে, ক্রাইসোফেনিক্ এসিডের ন্যায় ইহার শতকরা ১০ অংশ সলিউশন্ দ্বারা চর্ম্মের প্রদাহ, কিম্বা মাথায় লাগাইলে মুখে ইডিমা হয়না; এবং ইহাদ্বারা চর্ম্ম বিবর্ণ হয় না; কিন্তু ইহা অতি সতর্কভাব সহিত ব্যবহার করিতে হয়, কারণ, যদৃচ্ছাক্রমে লাগাইলে, ইহাদ্বারা অশুভ ফল উৎপন্ন

হইতে পারে। ইহা অধিক মাত্রায় একাদিক্রমে ২।৩ সপ্তাহ প্রয়োগ করিলে প্রস্রাব আলব্যুমেনরার মত হয়, এবং জ্বরীয় লক্ষণ প্রকাশ পায়।

গসিপিয়াম্। | কটন্ উল্।

Gossypium. | Cotton Wool.

তুলা। ইহা গসিপিয়াম্ বার্বেডেন্স্ প্রভৃতি বৃক্ষের বীজহইতে উৎপন্ন।

প্রয়োগরূপ—

(১) গসিপিয়াম্ এসিডাই কার্ব্বলিসাই।

Gossypium Acidi Carbolici.

ইহা কার্ব্বলিক্ এসিডে সিক্ত তুলা।

(২) গসিপিয়াম্ এসিডাই স্যালিসিলিসাই।

Gossypium Acidi Salicylici.

ইহা স্যালিসিলিক্ এসিডের সলিউশনে সিক্ত তুলা।

(৩) গসিপিয়াম্ আইয়োডোফর্ম্মাই।

Gossypium Iodoformi

ইহা আইয়োডোফর্ম্ম্ সংযুক্ত তুলা।

(৪) টিংচুরা গসিপিয়াই রেডিসিস্।

Tinctura Gossypii Radicis.

ইহা ১ ড্রাম্ মাত্রায় দিবসে ৩ বার ব্যবহারে রজোনিঃসারক এবং ভ্রূণ-বহিষ্কারক।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—ইহা নানাবিধ প্রাদাহিক অবস্থায় বায়ুহইতে রক্ষা, উষ্ণতা প্রয়োগ এবং অল্প আশ্রয় (support) প্রদানের জন্য ব্যবহৃত হয়। দগ্ধ স্থানে (burns), বিশেষতঃ অনিয়ম দগ্ধ স্থানে, একস্তর ঘন তুলা লাগাইলে তীব্র বেদনা উপশমিত এবং শীঘ্র আরোগ্য হইয়া থাকে। ব্লিষ্টারজনিত ফোস্কায় জল বাহির করিয়া দিয়া উপরোক্ত প্রকারে তুলা ব্যবহার করা যাইতে পারে। একিউট্ রিউমাটিজ্‌মে আক্রান্ত সন্ধি তুলাদ্বারা বেষ্টন করিয়া ফ্ল্যানেল্ ব্যাণ্ডেজ্ দ্বারা সেই তুলা আবদ্ধ করিয়া রাখিলে রোগী অধিক উপশম বোধ করে। ইহা নানা প্রকার এণ্টিসেপ্টিক্ লোশন্দ্বারা সিক্ত করতঃ

শুক করিয়া পচননিবারক প্রণালীতে ক্ষতাদির চিকিৎসায় অনেক ব্যবহৃত হইয়া থাকে। ইহার প্রয়োগরূপ সচরাচর বোরাসিক্ লোশন্‌দ্বারা প্রস্তুত হয়। ইহাদ্বারা পূয় শোষিত হইয়া থাকে।

একিউপাঙ্ক্চার্।

ACUPUNCTURE.

একিউপাঙ্ক্চার্ নিড্‌ল্ নামক একপ্রকার সূচিকাদ্বারা কোন স্থান বিদ্ধ করাকে একিউপাঙ্ক্চার্ বলে।

ইহা লাম্বেগো রোগের চিকিৎসায় বিশেষ উপযোগী। ইহা ব্যবহার করিলে উক্ত রোগ প্রায়ই আরোগ্য হইয়া থাকে। কোমরের উভয় দিকের মাংসপেশী আক্রান্ত হইলে, এবং কোন প্রকার গতিতে (movement) বেদনা বৃদ্ধি হইলেও ইহাদ্বারা উপকার হয়। কোমরের মাংসপেশীতে বেদনা হইলে,তাহা ১ ইঞ্চ গভীর করিয়া বিদ্ধ করিলে উপকার হইতে পারে। কেহ কেহ বলেন, যে ছুঁচটি উক্ত স্থানে কয়েক মুহূর্ত্ত রাখিয়া দিলে উপকার হয়। কিন্তু তাহা অনাবশ্যক। ছুঁচ প্রথমে বাহির করিবার সময় রোগী কিছু উপশম বোধ করে এবং পরে ৩। ৪ মিনিটের মধ্যে বেদনা একেবারে কমিয়া যায়। লাম্বেগোরোগের সহিত অনেক সময় সায়েটিকা থাকে; ইহা কখন কখন নিউর‍্যাল্‌জিক্ আকার ধারণ করে। এরূপ অবস্থায় একিউপাঙ্ক্চার্ ব্যবহার করিলে লাম্বেগো আরোগ্য হয়, কিন্তু সায়েটিকার কোন উপকার হয় না। সায়েটিকারোগে একিউপাঙ্ক্চার্ তত উপকারী নহে। কেহ কেহ বলেন, আক্রান্ত স্নায়ুকে বিদ্ধ করা উচিত এবং তাহা বিদ্ধ না হইলে উপকার পাওয়া যায় না। উদর গহ্বরের অর্ব্বুদ এবং স্ফোটক ইত্যাদি দ্বারা উক্ত ব্যাধি হইলে, একিউপাঙ্ক্চার্ দ্বারা কোন উপকার হয় না। কার্ডিয়্যাক্ এবং রিন্যাল্ ড্রপ্‌সি রোগে আক্রান্ত স্থানহইতে জলীয় পদার্থ বহির্গত করণার্থ গুল্‌ফ (ankle) এবং পায়ের ডিমের নিম্নাংশে একিউপাঙ্ক্চার্ করিতে পারা যায়। ইহা ব্যবহারে কখন কখন বিস্তারিত প্রদাহ এবং বিগলন হইতে পারে। এরূপ অবস্থায় উক্তস্থান কর্ত্তন (incision) করা সঙ্গত। প্রত্যেক কর্ত্তন ½ ইঞ্চ হইতে ১ ইঞ্চ পর্য্যন্ত লম্বা, এবং ত্বগধস্থ বিধান পর্য্যন্ত গভীর হওয়া আবশ্যক। ইহা ব্যব-

হার করিলে উষ্ণ বোরাসিক্ কিম্বা কার্ব্বলিক্ এসিড্ সলিউশনে লিণ্ট্ কিম্বা স্পঞ্জ সিক্ত করতঃ ক্ষতকে ড্রেস্ করিয়া পা নিচু করিয়া রাখিতে হয়। যদিও ইন্ সিশন্ করিলে একিউপাঙ্ক্চার্ ব্যবহার অপেক্ষা বিগলন হইবার কম সম্ভাবনা থাকে, তথাচ অতি বৃদ্ধ কিম্বা দুর্ব্বল রোগীদের পক্ষে অন্য অন্য উপায়দ্বারা উপকার না হইলে ইহা ব্যবহার করা বিধেয়। এরূপ চিকিৎসাদ্বারা আশ্চর্য্য উপকার হইয়া থাকে। অধিক সিরাম্ বহির্গত হওয়া প্রযুক্ত শরীরের উপরাংশের শোথ কয়েক ঘণ্টার মধ্যে কমিয়া যায় এবং শ্বাসকৃচ্ছ্র ইত্যাদি কষ্টের লাঘব হইয়া থাকে।

একত্রিংশ অধ্যায়।

নূতন ঔষধসকল।

আইয়োডল্।

IODOL.

ইহাতে শতকরা ৮০ ভাগ আইয়োডিন্ আছে। ইহাতে আইডোফর্ম্মের মত গন্ধ নাই বলিয়া, আইয়োডোফর্ম্মের পরিবর্ত্তে ব্যবহৃত হয়। ইহা জলে অদ্রবণীয়; ইথার্ এবং তৈলে দ্রবণীয়। আইয়োডোফর্ম্মের ন্যায় ইহা এণ্টিসেপ্টিক্ ও এনেস্থেটিক্, এবং স্থানিক প্রয়োগে সম্ভবতঃ আইয়োডোফর্ম্ অপেক্ষা কম বিষাক্ততা জন্মায়; নানাবিধ ক্ষতে ছড়াইয়া দিলে পূয়োৎপত্তি নিবারণ করে এবং বিগলনযুক্ত ক্ষতে দিলে, তাহা পরিষ্কার ও শীঘ্র আরোগ্য করে। ইহা ইথার্ কিম্বা এল্‌কোহলের সহিত (১ ভাগে ১৬ ভাগ) মিশ্রিত করিয়া, কিম্বা অয়েণ্ট্‌মেণ্ট (শতকরা ৫ ভাগ) বা গজ্ আকারে ব্যবহার করা যায়। উপদংশ কিম্বা ক্যান্সার্ জনিত ক্ষতে ইহা অতিশয় ব্যবহার্য্য; সেকেণ্ডারি সিফিলিসে, ২—৪ গ্রেণ মাত্রায় দিবসে কয়েক বার খাইতে দিলে উপকার হয়। ল্যারিংসের টিউবার্ক্‌ল্‌জনিত ক্ষতে আইয়োডল্ চূর্ণ ফুৎকার দিয়া দিলে উপকার হয়। ইহা ইমাশয়দ্বারা শীঘ্র শোষিত হয়, এবং স্যালাইভা ও প্রস্রাবে প্রাপ্ত হওয়া যায়।

ইহা কোন জন্তুকে অধিক মাত্রায় দিলে তাহা শুষ্ক হইয়া মরিয়া যায়, এবং তাহার আভ্যন্তরিক যন্ত্রের, বিশেষতঃ লিভার্ ও কিড্‌নির, ফ্যাটি ডিজেনারেশন্ হয়।

একটী অবস্থায় আইয়োডলের স্থানিক প্রয়োগদ্বারা যে বিষাক্ততার লক্ষণ হইয়াছিল, তাহা এই—ফিবার্; চঞ্চল, ক্ষুদ্র এবং অনিয়মিত নাড়ীগতি; বমি; ইত্যাদি। প্রচুর স্রাব হইলে, ইহা বাহ্যপ্রয়োগে সঙ্কোচকের ন্যায় ক্রিয়া করে।

কর্ণহইতে পূয়স্রাবে ইহা স্পিরিট্ কিম্বা গ্লিসিরিণের সহিত স্থানিক প্রয়োগ করিলে উপকার হয়।

স্যালোল্।

SALOL.

ইহা সেবন করিলে অন্ত্রে প্যাংক্রিয়েটিক্ ফার্মেন্ট্‌দ্বারা বিকৃত হইয়া স্যালিসিলিক্ এসিড্ এবং ফেনোলে (Phenol) পরিবর্ত্তিত হয়। ইহাতে তিন ভাগের দুই ভাগ স্যালিসিলিক্ এসিড্ আছে। ইহা জলে অদ্রবণীয়, এবং অল্প সুগন্ধযুক্ত (aromatic) আস্বাদবিশিষ্ট।

কেহ কেহ বিবেচনা করেন, যে এণ্টিসেপ্টিক্, এবং এণ্টিপাইরেটিক্ গুণ সম্বন্ধে ইহা স্যালিসিলিক্ এসিড্ অপেক্ষা উৎকৃষ্ট।

ইহার চূর্ণ সমপরিমাণ ষ্টার্চের সহিত মিশ্রিত করিয়া ইরিসিপেলাস্‌দ্বারা আক্রান্ত স্থানে ছড়াইলে উপকার দর্শে। ওজিনারোগে নাসিকাহইতে স্রাব হইলে, উক্ত চূর্ণ নস্যস্বরূপ ব্যবহার করিলে দুর্গন্ধ দূরীকৃত হয়।

থাইসিস্, টাইফয়েড্ ফিবার্, ইত্যাদি রোগে স্যালোল্ এণ্টিপাইরেটিক্ বা উত্তাপনাশকস্বরূপ ব্যবহৃত হইয়া থাকে; কিন্তু আজকাল উক্ত গুণের জন্য বড় ব্যবহৃত হয় না। কেহ কেহ বিবেচনা করেন, এক্যুট্, সাব্-একিউট্ এবং ক্রণিক্ রিউম্যাটিজ্‌মে স্যালোল্ স্যালিসিলিক্ এসিড্ অপেক্ষা অধিক উপকারী। নিউরাল্‌জিয়া, লাম্বেগো এবং সম্ভবতঃ সায়েটিকারোগেও ইহা ব্যবহার্য্য। ইহাতে কার্ব্বলিক্ এসিড্ আছে বলিয়া, সিষ্টাইটিস্ রোগে প্রস্রাবের বিকৃতি নিবারণের জন্য ব্যবহৃত হইয়া থাকে।

বিসূচিকা (Cholera) রোগে কেহ কেহ ইহা ব্যবহার করিয়া উত্তম ফল পাইয়াছেন। নিম্নলিখিত ব্যবস্থাপত্র উক্ত রোগে মিড্‌লসেক্স্ হস্পিটালে ব্যব-

হৃত হয় ;—℞ স্যালোল্ ১০ গ্রেণ ; স্পিরিট্ ক্লোরোফর্মাই ১৫ মিনিম্ ; মিউসিলেজ্ অব্ একেশিয়া ১ ড্রাম, পেপার্মিণ্ট্ ওয়াটার্ ১ আং, উক্ত রোগের প্রথমাবস্থায় ২। ৩ ঘণ্টা অন্তর ব্যবহার করিবে। উক্তরোগের সহিত বমন থাকিলে স্যালিসিলেট্ অব্ বিস্মাথ ৫—১০ গ্রেণ মাত্রায় উক্ত মিক্শ্চারের সহিত যোগ করা যাইতে পারে। ইহা সামান্ ডায়েরিয়া এবং শিশুদিগের উদরাময়েও উপকারী।

কন্ভেলেরিয়া মেজেলিস্।

CONVALLARIA MAJALIS.

ইহার দুইটী বীর্য্য আছে, Convallaria এবং Convallamarin
মাত্রা—১ম টীর, ৩—৪ গ্রেণ, ২য় টীর, ১—২ গ্রেণ।

প্রয়োগরূপ—

এক্ষ্ট্র্যাক্টাম্ কন্ভেলেরিয়ি।

Extractum Convallariæ

মাত্রা—২ হইতে ৮ গ্রেণ।

এক্ষ্ট্র্যাক্টাম্ কন্ভেলেরিয়ি ফ্লুইডাম্।

Extractum Convallariæ Fluidum.

মাত্রা ২—১০ মিনিম্।

টিংচুরা কন্ভেলেরিয়ি।

Tinctura Convallariæ.

মাত্রা ৫—২০ মিনিম্।

কন্ভেলেরিয়া প্রবল মূত্রকারক। ইহা ব্যবহারে হার্টের ক্রিয়ার বিশৃঙ্খলতার লাঘব হয়। মাইট্র্যাল্ এবং এয়র্টিক্ রিগার্জিটেশন্ (Mitral and aortic regurgitation), ডাইলিউটেশন্ অব্ দি হার্ট্, এবং ক্রণিক্ প্যারিকার্ডাইটিস্ রোগে ব্যবহৃত হইয়া থাকে।

হার্টের সকলপ্রকার পতনাবস্থায় (failure) ইহা ডিজিটেলিসের ন্যায় ব্যবহার্য্য; কিন্তু ডিজিটেলিস্ দ্বারা যে বিবমিষা হয়, ইহাতে তাহা হয় না। ইহাতে হার্টের সঙ্কোচন প্রবলতর হয়।

ষ্ট্রফ্যান্থাস্।

STROPHANTHUS

প্রয়োগরূপ—

টিংচুরা ষ্ট্রফ্যান্থাই।
Tinctura Strophanthi.
মাত্রা—২ হইতে ১০ মিনিম।

পাইলিউলা ষ্ট্রফ্যান্থাই।
Pilula Strophanthi.
মাত্রা—১ হইতে ৩ বটিকা।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—ইহা উত্তম কার্ডিয়্যাক্ টনিক্। ডিজিটেলিস্দ্বারা উপকার না হইলে ইহাদ্বারা উপকার হইয়া থাকে। ডিজিটে-লিসের ন্যায় ইহার কিউমিউলেটিভ্ গুণ নাই। ইহার মূত্রকারক গুণ আছে। টাইফয়েড্ ফিবারের পর হার্টের একশন্ দুর্ব্বল হইলে ইহা উপযোগী। টেটেনাস্ এবং Exophthalmic goitre রোগে, ২ মিনিম্ টিংচার্ প্রথমটীতে ৩ ঘণ্টা, এবং দ্বিতীয়টীতে ৬ ঘণ্টা অন্তর দিলে উপকার হয়। কিড্নির পীড়াবশতঃ হার্টের একশন্ দুর্ব্বল হইলে, ইহা ব্যবহারে উপকার হইয়া থাকে।

ইউরিথেন্।

URETHANE

মাত্রা—১৬ হইতে ৬০ গ্রেণ।

এই বর্ণবিহীন চূর্ণ হিপ্নটিক্ বা নিদ্রাকারক; জলে দ্রবণীয়; পাকাশয়ে দ্রব হইয়া শীঘ্র শোষিত হইয়া থাকে। ইহা সেবনে প্রথমে কিছু উত্তেজনা, তৎপর শীঘ্র নিদ্রা হয় এবং তৎসঙ্গে শ্বাসপ্রশ্বাস ও নাড়ী কিছু মন্দগামী হয়; অধিক মাত্রায় খাইলে দৈহিক উত্তাপ কম হয়, ও রিফ্লেক্স্ একশন্ দুর্ব্বল বা নষ্ট হয়। ইহা ব্যবহারের পর ১৫ মিনিট্ হইতে ১ ঘণ্টার মধ্যেই নিদ্রা হয়, কিন্তু বেদনা নিবারণ হয় না; ২০—৩০ গ্রেণ মাত্রায় ব্যবহার করা উচিত। প্রথম মাত্রা দেওয়ার ১ কি ২ ঘণ্টা পর আবার ব্যবহার করা যাইতে পারে। ইহা শিশুদিগের উপযোগী। হৃৎপিণ্ডের ব্যাধিবশতঃ অনিদ্রা হইলে, ইহা ব্যবহারে উপকার দর্শে। ইহা ষ্ট্রিক্নিয়ার বিষম।

প্যারাল্‌ডিহাইড্‌।

PARALDEHYDE.

মাত্রা ১৫—৫০ মিনিম্‌। সিরাপ্‌ কিম্বা তিক্ত টিংচারের সহিত দিবে।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—ইহা উত্তম হিপ্নটিক্‌ বা নিদ্রাকারক। ইহার ক্রিয়া সত্বর, নিরাপদ এবং উত্তম। ইহা ব্যবহারে শিরঃপীড়া, পরিপাকের বৈলক্ষণ্য এবং হৃৎপিণ্ডের অবসাদ হয় না ; এই জন্য যেসকল স্থলে ক্লোর্যাল্‌ অব্যবহার্য্য, সেইসকল স্থলে ইহা ব্যবহার্য্য।

এডোনিডিন্‌।

ADONIDIN.

ইহা একপ্রকার গ্লুকোসাইড্‌। এডোনিস্‌ ভার্ণেলিস্‌ নামক বৃক্ষের পত্র এবং বৃন্তহইতে পাওয়া যায়।

মাত্রা ১/১৬—১/৪ গ্রেণ, দিবসে অনেকবার।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—ইহা নানাপ্রকার হার্ট্‌ডিজিজে বিশেষতঃ মাইট্র্যাল্‌ ডিজিজে ডিজিটেলিসের পরিবর্ত্তে ব্যবহৃত হয়। ইহা ব্যবহারে হার্টের ক্রিয়া প্রবল ও মৃদুগামী, আর্টিরিয়্যাল্‌ টেন্‌শন্‌ বর্দ্ধিত, ভিনাস্‌ কঞ্জেশ্চন্‌ দূরীভূত, এবং প্রস্রাবের পরিমাণ বর্দ্ধিত হয় বলিয়া, ড্রপ্‌সি নিবারিত হয়। ইহা ব্যবহারে কখন কখন বমন, উদরাময়, এবং অন্ত্র-শূল হইয়া থাকে।

উপরোক্ত গাছ বণ্টন করিয়া ব্লিষ্টারের ন্যায় ব্যবহৃত হয়। ইহা দাহক এবং স্ফোটকারক। ইহার চূর্ণের মাত্রা ৩—৬ গ্রেণ ; এডোনিনের মাত্রা ১/৪—১/২ গ্রেণ, প্রত্যহ। ইহা কার্ডিয়্যাক্‌ টনিক্‌ এবং ডায়ুরেটিক্‌। ডাইলেটেশন্‌ অব্‌ দি হার্টে ব্যবহৃত হয়।

ফিউশিন্‌।

FUCHSINE.

ইহার অপর নাম রোজেনিলিন্‌ (Rosaniline)।

মাত্রা ½—৪ গ্রেণ, গ্লিসিরিন্‌ অব্‌ ট্র্যাগাক্যান্থের সহিত বটিকাকারে। পুরাতন কিড্‌নির ব্যাধিতে ইহা ব্যবহারে প্রস্রাবের এল্‌বিউমেন্‌ হ্রাস পায়।

এজন্য ইহা ক্রণিক্ ব্রাইট্স্ ডিজিজে উপকারী ; রিন্যাল্ এল্‌বিউমিনিউরিয়া রোগে ও ব্যবহৃত হয়।

সূক্ষ্ম উপাদান এবং টিউবার্ক্লের ব্যাসিলাস্ ফিউশিন্‌দ্বারা রঞ্জিত করিয়া আণুবীক্ষণিক পরীক্ষার সুবিধা করা হয়।

ইন্‌গ্লুভিন্।

INGLUVIN.

মাত্রা ৫—১০ গ্রেণ, আহারের পরে দিবসে ৩ বার ব্যবহার করিবে।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—গর্ভাবস্থায় বমনে এবং এটনিক্ ডিস্পেপ্‌সিয়াতে উপকারী। ইহার ক্রিয়া পেপ্সিনের ন্যায়, অর্থাৎ বলকারক, বমননিবারক ও পাচক, অজীর্ণ ও পাইরোসিস্ রোগে ব্যবহৃত হয়।

ইরিডিন্।

IRIDIN.

মাত্রা ১—৫ গ্রেন ; গ্লিসিরিন্ অব্ ট্রাগ্যাকান্থ্ কিম্বা এক্‌ষ্ট্রাক্ট্ অব্ হেন্‌বেন্ সহকারে বটিকাকারে ব্যবহার্য্য।

প্রয়োগরূপ—

পাইলিউলা ইরিডিন্।

Pilula Iridin.

Iridin 2 grains.
Extract of Henbane q. s.
Make one pill.

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—ইহা প্রবল পিত্তনিঃসারক এবং অল্প বিরেচক ; কিন্তু পডফিলাম্ অপেক্ষা ভাল। যখন অনেক সময়ের জন্য পিত্ত-নিঃসারণ আবশ্যক হয়, তখন ইহা ব্যবহেয়। Biliousness রোগে (বিশেষতঃ যখন জিহ্বা পীতবর্ণ হয়) এবং গর্ভকালীন বমনে, উপরোক্ত দুইটী বটিকা শয়ন-কালে ব্যবস্থা করিয়া, তৎপর দিবস প্রত্যূষে এক মাত্রা লাবণিক বিরেচক

দিলে বিশেষ উপকার হইয়া থাকে। পিত্তাশ্মরী (Gallstones) রোগে ১ গ্রেণ মাত্রায় ইরিডিন্, ১২ দিবস প্রত্যহ রাত্রিতে ব্যবহার করিলে উক্তরোগ আরোগ্য হইয়া থাকে।

লেপ্ট্যাণ্ড্রিন্।

LEPTANDRIN.

মাত্রা ½—২ গ্রেণ ; গ্লিসিরিন্ অব্ ট্র্যাগ্যাক্যান্থের সহিত বটিকাকারে ব্যবহার্য্য।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—ইহা লিভার্‌কে উত্তেজিত করতঃ প্রচুর-পরিমাণে পিত্তনিঃসারণ করিয়া থাকে। ইহা ব্যবহারে অন্ত্রের কোন উত্তেজনা হয় না ; ½—২ গ্রেণ মাত্রায় দিবসে ২।৩ বার দিতে হয়। ইহা ডিস্পেপ্‌সিয়া ডায়েরিয়া, এবং শিশুদিগের বিসূচিকারোগে ব্যবহার্য্য। ইহা ১ গ্রেণ মাত্রায় পিত্তনিঃসারক এবং পরিবর্ত্তক ; ২ গ্রেণ মাত্রায় বিরেচক। পিত্তজনিত শিরঃপীড়ায় ইহা পডফিলামের সঙ্গে ব্যবস্থা করিলে, বিশেষ উপকার হয়।

স্যাঙ্গুইনেরিন্।

SANGUINARIN.

মাত্রা ½—১ গ্রেণ ; গ্লিসিরিন্ অব্ ট্র্যাগ্যাক্যান্থ্ সহ বটিকাকারে ব্যবস্থেয়।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—ইহা অল্প মাত্রায় উত্তেজক, বলকারক, ও পিত্তনিঃসারক ; অধিক মাত্রায় অবসাদক বলিয়া, নাড়ীর স্পন্দন হ্রাস এবং কফনিঃসরণ বৃদ্ধি করে ; এবং ইহা অপেক্ষা অধিকমাত্রায় বমনকারক। রজোনিঃসারকগুণ থাকাপ্রযুক্ত ইহা জরায়ুর ক্রিয়াবৈলক্ষণ্যজনিত রজোরোধে (Amenorrhœa) ব্যবহার্য্য ; ডিস্পেপ্‌সিয়া রোগে ও ব্যবহৃত হয়।

শ্যাকারিন্।

SACCHARIN.

নাত্রা ½—২ গ্রেণ বা ততোধিক। ইহা আলকাতরাহইতে প্রাপ্য।

প্রয়োগরূপ—

এলিক্সার্ শ্যাকারিণি।	এলিক্সার্ অব্ শ্যাকারিন্।
Elixir Saccharini.	Elixir of Saccharin.

ইহাতে শ্যাকারিন্ ২৪ গ্রেণ, বাইকার্ব্বনেট অব্ সোডিয়াম্ ১২ গ্রেণ, রেক্টিফাইড্ স্পিরিট্ ১ ড্রাম্, ও ডিষ্টিল্ড্ ওয়াটার্ ৭ ড্রাম্ আছে। ইহার ২০ মিনিমে ১ গ্রেণ শ্যাকাবিন্ আছে। ৪ আং পরিমাণ কোন মিক্শ্চারে ইহার ২০ মিনিম্ যোগ করিলে তাহা সুমিষ্ট হয়।

টেবেলি শ্যাকারিণি।	শ্যাকারিন্ ট্যাব্লেট্স্।
Tabellæ Saccharini.	Saccharin Tablets.

ইহার প্রত্যেক চাক্তিতে ½ গ্রেণ শ্যাকাবিন্ এবং বাইকার্ব্বনেট্ অব্ সোডিয়াম্ আছে।

কোকেনি শ্যাকারিস্।	শ্যাকারাইট্ অব্ কোকেন্।
Cocainæ Saccharis.	Saccharite of Cocaine.

মাত্রা ½—১ গ্রেণ।

ইহার সলিউশন্ মিষ্ট বলিয়া কণ্ঠনালীর ব্যাধিতে (বিশেষতঃ শিশুদের) ঔষধরূপে প্রয়োগ করা যায়।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—ইহা অনপকারী ঔষধ, ডায়েবেটিস্ রোগে শর্করার পরিবর্ত্তে ব্যবহার করা যায়। উক্ত রোগে, ইহা অধিক পরিমাণে ব্যবহার করিলে অজীর্ণ ঘটিতে পারে। ব্লাডারের পুরাতন প্রদাহে মূত্রের বিকৃতি নিবারণার্থ ইহা আভ্যন্তরিক ব্যবহৃত হয়।

কিউরেয়ার্।

CURARE.

মাত্রা [illegible]—½ গ্রেণ।

ইহার বীর্য্য কিউরেরিন্ (Curarine) উগ্র বিষ।

প্রয়োগরূপ—

ইঞ্জেক্‌শিয়ো কিউরেয়ার্ হাইপোডার্ম্মিকা।

Injectio Curare Hypodermica.

মাত্রা ১—৬ মিনিম্।

ইহা ত্বগন্তর্গত পিচকারিস্বরূপ ব্যবহৃত হয়।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—এরূপ কথিত আছে যে, ইহা সেবনে কোন প্রকার ফিজিওলজিক্যাল্ ক্রিয়া লক্ষিত হয় না; কিন্তু ত্বগন্তর্গত পিচকারীদ্বারা ব্যবহার করিলে, মাংসপেশীর পক্ষাঘাত হইয়া থাকে। জলাতঙ্ক-রোগে (Hydrophobia) আক্ষেপের উপশমার্থ ⅙ হইতে ⅟ গ্রেণ, ত্বগন্তর্গত পিচকারীদ্বারা ব্যবহার করাতে, উক্ত রোগাক্রান্ত ব্যক্তি আরোগ্য হইয়াছিল। ধনুষ্টঙ্কাররোগেও ইহা উক্তরূপে ব্যবহৃত হইয়া থাকে। উক্তরোগে প্রাপ্তবয়স্ক ব্যক্তিকে ২৪ ঘণ্টার মধ্যে ইহার ৪ গ্রেণ পর্য্যন্ত নিরাপদে দেওয়া যাইতে পারে।

ডেমিয়েনা।

DAMIANA.

ইহা টার্নেরা জাতীয় বৃক্ষের পত্র।

প্রয়োগরূপ—

একস্ট্রাক্টাম্ ডেমিয়েনি লিকুইডাম্।

Extractum Damianæ Liquidum.

মাত্রা ১—২ ড্রাম্।

ইহার ২ ড্রাম্, ১ ড্রাম্ পত্রের সমতুল্য।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—ইহা উত্তম স্নায়বীয় বলকারক। ইন্দ্রিয়দৌর্ব্বল্যে (Sexual debility) ইহা ব্যবহারে মহোপকার হয়; হেমি-প্লেজিয়া ও প্যারাপ্লেজিয়া রোগেও ব্যবহৃেয়। বিষাদ রোগে (Melancholia) ইহা মহোপকারী।

ডেল্‌ফিনা।

DELPHINA.

মাত্রা ½—২ গ্রেণ, গ্লিসিরিন্‌ অব্‌ ট্র্যাগাক্যান্থ্‌ সহ বটিকাকারে ৩।৪ ঘণ্টা অন্তর ব্যবহৃত হয়।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—ইহা হৃৎপিণ্ডের উপর বিষ-ক্রিয়া করে। ড্রপ্‌সি এবং স্প্যাজ্‌মডিক্‌ এজ্‌মা রোগে, উপরোক্ত মাত্রায় ইহার আভ্যন্তরিক প্রয়োগ হইয়াছে। ইহার ১০—৩০ গ্রেণ, ১ আং রেক্টিফাইড্‌ স্পিরিটে দ্রব করিয়া, কিম্বা এক আউন্স্‌ চর্ব্বির সহিত মিশাইয়া, মলমাকারে কোন স্থানে প্রয়োগ করিলে, ভিরেট্রিনের ন্যায়, তৎস্থানে ঝিন্‌ঝিনি ও আরক্তিমতা জন্মায়। নিউর্যাল্‌জিয়া, কর্ণশূল এবং দন্তশূলে ইহা ব্যবহার্য্য।

ব্রোমিডিয়া।

BROMIDIA.

মাত্রা ½—১ ড্রাম্‌; জল কিম্বা সিরাপের সহিত, নিদ্রা না আইসা পর্য্যন্ত প্রতি ঘণ্টায় দিতে হইবে।

ইহা আমেরিকাদেশীয় একটি পেটেণ্ট্‌ ঔষধ। ইহার প্রত্যেক ড্রামে ১৫ গ্রেণ হাইড্রেট্‌ অব্‌ ক্লোর্যাল্‌, ১৫ গ্রেণ ব্রোমাইড্‌ অব্‌ পটাসিয়াম্‌, ⅛ গ্রেণ এক্‌ষ্ট্রাক্ট্‌ অব্‌ ক্যানাবিস্‌ ইণ্ডিকা, এবং ⅛ গ্রেণ এল্‌কোহলিক্‌ এক্‌ষ্ট্রাক্ট্‌ অব্‌ হেন্‌বেন্‌ আছে।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—ইহা নিদ্রাকারক; কলিক্‌, নিউর্যাল-জিয়া, নানাপ্রকার জ্বরের অস্থিরতা ও প্রলাপ, এবং সকল প্রকার অনিদ্রাতে ইহা ব্যবহার করিলে উপকার হইয়া থাকে। অহিফেনের ন্যায়, ইহাদ্বারা কোন প্রকার নিঃসরণ বন্ধ হয় না।

ব্যাপ্টিসিন্।

BAPTISIN.

মাত্রা ১—৫ গ্রেণ; মিউসিলেজ্ অব্ একেশিয়ার সহিত বটিকাকারে ব্যবহার্য্য।

ইহা নীলহইতে প্রাপ্ত। অল্পমাত্রায় মৃদু বিরেচক; এবং অধিকমাত্রায় প্রবলবিরেচক ও বমনকারক। ইহার অল্প পিত্তনিঃসারকগুণও আছে।

ল্যাটিন্।	ইংরেজী।
ব্রুসিনা।	ব্রুসিন্।
Brucina.	Brucine.

মাত্রা—১/২৪ হইতে ক্রমে ১/২ গ্রেণ।

ইহা ষ্ট্রিক্নস্ নক্স্ভমিকানামক বৃক্ষের বীজহইতে প্রাপ্ত উপক্ষার।

ইহারক্রিয়া ষ্ট্রিক্নিয়ার ন্যায়, কিন্তু মৃদুতর। এপিলেপ্সিরোগে, লাইকর্ ষ্ট্রিক্নাইনির সমবর্ণবিশিষ্ট ইহার লাইকর্ ১০ মিনিম্ মাত্রায় দিবসে দুই বার সেব্য।

ব্রায়োনিয়া।

BRYONIA.

প্রয়োগরূপ—

টিংচুরা ব্রায়োনিয়ি।

Tinctura Bryoniæ:

মাত্রা ১—১০ মিনিম্।

প্লুরিসি রোগে, ইহা অল্প মাত্রায় ব্যবহার করিলে, বেদনা এবং কাশি উপশমিত হয়। ইহা অধিক মাত্রায় ব্যবহারে জলবৎ ভেদ হয় বলিয়া, ড্রপ্সি রোগে কখন কখন ব্যবহৃত হয়। ব্রায়োনিয়ার রক্তরোধক গুণ আছে, এজন্ত জরায়ুহইতে রক্তস্রাবরোগে (Mertrorrhagia), ইহার ইন্‌ফিউশন্‌দ্বারা উপকার হইয়া থাকে।

কলোফিলিন্।

CAULOPHYLLIN.

মাত্রা ১—৪ গ্রেণ ; গ্লিসিরিন্ অব্ ট্রাগাকান্থ্ সহ বটিকাকারে ব্যবহার্য্য।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—ইহার মূত্রকারক, ঘর্ম্মকারক ও ক্রিমিনাশক গুণ আছে; রজোনিঃসারক, ভ্রূণনিস্রাবক (parturient) এবং আক্ষেপনিবারকস্বরূপ ইহা ব্যবহৃত হয়। জরায়ুর উপর ইহার সাক্ষাৎ ক্রিয়া আছে।

ক্লোরোডাইন্।

CHLORODYNE.

ইহা একটী পেটেন্ট্ ঔষধ, দেখিতে ঘাঢ় তরল কৃষ্ণবর্ণ পদার্থ। ইহাতে মর্ফিয়া, ক্লোরোফর্ম্, ইণ্ডিয়ান্ হেম্প্, হাইড্রোসিয়ানিক্ এসিড্, পেপার্মিণ্ট্, এবং স্পিরিট্ আছে। Colle's Brown Chlorodyne সচরাচর ব্যবহৃত হয়।

মাত্রা—শিশুদের জন্য—

১—৩ মাস	১—২ ফোঁটা ;
৩—৬ মাস	২—৪ ফোঁটা ;
৬—১২ মাস	২—৫ ফোঁটা ;
১—৩ বৎসর	৩—৬ ফোঁটা ;
৩—৫ বৎসর	৩—৮ ফোঁটা ;
৫—৮ বৎসর	৪—১০ ফোঁটা ;
৮—১২ বৎসর	৮—১২ ফোঁটা ;
১২—১৬ বৎসর	১০—২০ ফোঁটা।

ইহা জল, চা কিম্বা অল্পপরিমাণ চিনির সহিত ব্যবহার করা যাইতে পারে। যে পর্য্যন্ত উপকার সাধিত না হয়, সেই পর্য্যন্ত ক্রমশঃ কম মাত্রায় ২।৩ ঘণ্টা অন্তর ব্যবহার করা যাইতে পারে।

সতর্কতাঃ—ইহার শিশি উত্তমরূপে ছিপিবদ্ধ করিয়া রাখিবে এবং ব্যবহারের পূর্ব্বে উত্তমরূপে ঝাঁকিয়া লইবে, তাহা না হইলে মাত্রার ব্যতিক্রম হইবে।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—ইহা ৫—১৫ ফোঁটা মাত্রায়, কাশি, সর্দ্দি, ইনফ্লুয়েঞ্জা এবং এগিউজ্বরে বেদনানিবারক ও ঘর্ম্মকারকস্বরূপ ; ১০—২৫ ফোঁটা মাত্রায়, এজ্‌মা, ব্রঙ্কাইটিস্, ক্রুপ্ ও সি-সিক্‌নেসে অবসাদক ও আক্ষেপনিবারকস্বরূপ ; এবং ১৫—৩০ ফোঁটা মাত্রায়, কলেরা, ডিসেণ্টেরি, ডায়েরিয়া ও কলিক্‌রোগে সংকোচকস্বরূপ ব্যবহৃত হয়।

লাটিন্।	ইংরেজী।
লাইকর্ ক্লোরোমর্ফিয়ি।	ক্লোরোমর্ফিয়া সলিউশন্।
Liquor Chloromorphiæ.	Chloromorphia Solution.

ইহার ১০ মিনিমে ক্লোরোফর্ম্ ও রেক্টিফাইড্ স্পিরিট্ প্রত্যেকে ২ মিনিম্, টিঙ্ক্ ৪ গ্রেণ, হাইড্রোক্লোরেট্ অব্ মর্ফাইন্ ৩/২ গ্রেণ, লিকুইড্ এক্‌ষ্ট্রাক্ট্ অব্ লিকারিস্ ১½ মিনিম্, সালফেট্ অব্ এট্রোপাইন্ ১/৪৮ গ্রেণ, অয়েল্ অব্ পেপার্মিণ্ট্ ১/৬ মিনিম্, ডাইলিউটেড্ হাড্রোসিয়ানিক্ এসিড্ ১/৪ মিনিম্, এবং ট্র্যাগ্যাক্যান্থ্ চূর্ণ ২/১৪ গ্রেণ আছে ; অবশিষ্ট পরিস্রুত জল।

ইহা টিংচ্যুরা ক্লোরোফর্ম্মাই এট্ মর্ফাইনি অপেক্ষা, পেটেণ্ট্ ঔষধ ক্লোরোডাইনের অধিক সদৃশ। ইহাতে উক্ত টিংচারের ৪ গুণ মর্ফাইন্ আছে।

মাত্রা ৫—২০ মিনিম্।

ক্রিয়া—অবসাদক।

কেরিন্।

KAIRINE.

মাত্রা ৫—৮ কিম্বা ১৫ গ্রেণ ; গ্লিসিরিন্ অব্ ট্র্যাগ্যাক্যান্থ্ সহ বটিকাকারে ব্যবহার্য্য।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—ইহা জ্বরঘ্ন (febrifuge) ; ইহার আস্বাদ লবণাক্ত, তিক্ত, এবং ঘৃণাকারজনক ; ইহা কোন মিক্‌শ্চারে দিলে, কোন রোগী তাহা দ্বিতীয়বার সেবন করিতে ইচ্ছা করে না। নানাপ্রকার জ্বর এবং তরুণ প্রদাহে, ইহা উত্তাপনাশকস্বরূপ ব্যবহৃত হইয়াছে। ইহা ত্বগস্তর্গত

পিচকারীদ্বারা ব্যবহার করিলে, ইহার ক্রিয়া সত্বর এবং অধিককালস্থায়ী হয়। রিউম্যাটিজ্‌ম্‌রোগে ইহা ব্যবহার করিলে, উত্তাপ হ্রাস পায়।

লাইকোপোডিয়াম্।

LYCOPODIUM.

ইহা লাইকোপোডিয়াম্ ক্লেভেটাম্ নামক বৃক্ষের পুষ্পরেণু (spores)।

প্রয়োগরূপ—

টিংচুরা লাইকোপোডিয়াই।

Tinctura Lycopodii.

মাত্রা ১৫—৬০ মিনিম্।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—ইহা উৎকৃষ্ট বটিকাচূর্ণ (pill powder), আর্দ্র বটিকাকে শুষ্ক রাখে। ক্ষতহইতে অধিক স্রাব হইলে, ইহা ডাষ্টিং পাউডারস্বরূপ ব্যবহৃত হয়।

মল্ট্।

MALT.

যবের মল্টে (Malted barley) ডায়াষ্টাস্ নামক ফার্মেণ্ট্ আছে। তাহা কোন কোন অবস্থায়, খাদ্যের শ্বেতসারকে (starch) ডেক্‌ষ্ট্রিন্ (Dextrin) এবং শর্করায় (Maltose) পরিণত করিতে পারে। ইহা খাদ্যদ্রব্যের শ্বেতসারময় অংশের পরিপাকের সাহায্যার্থ ঔষধরূপে ব্যবহৃত হয়।

প্রয়োগরূপ—

মল্টি পাল্‌ভিস্।

Malti Pulvis.

মাত্রা ১—২ ড্রাম্।

এক টিস্পুন্‌ফুল্ মল্ট্‌চূর্ণ গ্রুয়েল্, পাউরুটি প্রভৃতি পকখাদ্য, এবং দুগ্ধ কিম্বা এরোরুটের সঙ্গে মিশ্রিত করিবে, বা তদুপরি ছড়াইয়া দিবে, এবং ঠাণ্ডা হইলে চুমুক দিয়া সেবন করিবে; অথবা এক পেয়ালা চা, এক গ্লাস্ বিয়ার্ সরাপ কিম্বা জলে মিশ্রিত করতঃ সেবন করিবে। শেষোক্ত প্রকারে আহারের

সহিত ব্যবহার করিলে, ইহা অতিশয় উপাদেয় এবং উপকারী পানীয় হইয়া থাকে—রুটি বা তজ্জাতীয় অন্যান্য খাদ্যের পরিপাকের সহায়তা করে।

এক্‌ষ্ট্রাক্টাম্ মল্টি।

Extractum Malti.

মাত্রা ১—৪ ড্রাম্।

এক্‌ষ্ট্রাক্টাম্ মল্টি ফেরেটাম্।

Extractum Malti Ferratum.

Pyrophosphate of Iron	2 parts,
Water	3 parts

দ্রব করতঃ

Extract of Malt	95 parts

যোগ কর।

মাত্রা ১—৪ ড্রাম্।

এক্‌ষ্ট্রাক্টাম্ মল্টি কাম্ ওলিয়াই মর্হিউয়ি।

Extractum Malti cum Olei Morrhuæ.

মাত্রা ১—৪ ড্রাম্।

ইন্‌ফিউজাম্ মল্টি।

Infusum Malti.

Malt, bruised	3 ounces.
Cold Water	10 ounces.

১২ ঘণ্টা ভিজাইয়া রাখিয়া, ছাঁকিয়া ৭ আউন্স্ দ্রব বাহির কর।

মাত্রা ২—৪ ড্রাম্; দুগ্ধ কিম্বা জলের সঙ্গে মিশ্রিত করিয়া আহারের সহিত সেবন করিবে।

ইহাতে যথেষ্টপরিমাণে ডায়াষ্টাস্ আছে, কিন্তু ইহা শীঘ্র নষ্ট হইয়া যায়। প্রতি আউন্সে ১ ফোঁটা ক্লোরোফর্ম্ দিলে ইহা শীঘ্র নষ্ট হয় না।

বেঞ্জোসোল্।

BENZOSOL.

ইহাকে বেঞ্জোয়েল্ গোয়েকোল্ (Benzoyl-Guaiacol) বলে। পাল্মোনারি থাইসিসে (যক্ষ্মাকাশ) ক্রিয়েসোট্ এবং তাহার প্রধান স্থানীয় গোয়েকোল্দ্বারা উত্তম ফল পাওয়া গিয়াছে। কিন্তু ইহাদের ব্যবহারে আপত্তি এই যে, ইহারা ক্ষতকারজনক, এবং ইহাদের ব্যবহারের পর অপ্রীতিকর উদ্গার উঠিয়া থাকে। কিন্তু বেঞ্জোসোল্দ্বারা উক্ত অসুবিধা দূরীকৃত হইয়াছে; কারণ, ইহা আস্বাদ এবং গন্ধহীন পদার্থ। ইহা পরিপাকনালীতে যাইয়া গোয়েকোল্ এবং বেঞ্জোয়িক্ এসিডে বিভক্ত হয়; তাহাতে উহার (Creasote) মন্দফল ব্যতীত উত্তম ফল পাওয়া যায়।

মাত্রা ৩—১২ গ্রেণ; পাউডার, ক্যাপ্সিউল্ এবং প্যাষ্টিল্ (pastille) আকারে ব্যবহার্য্য।

ইহা আস্বাদও গন্ধবিহীন, অনুত্তেজক, এবং ক্রিয়েসোটের স্থানীয়।

ডার্ম্মেটোল্।

DERMATOL.

আধুনিক এণ্টিসেপ্টিক্ সার্জ্জারি এবং রোগের এণ্টিসেপ্টিক্ চিকিৎসায় দুর্গন্ধবিশিষ্ট আইয়োডোফর্ম্ ব্যতীত অন্য কোন ভাল ঔষধ ছিলনা। সম্প্রতি ডার্ম্মেটোল্ আবিষ্কৃত হওয়াতে সে অভাব দূরীভূত হইল; কারণ, ইহা আইডোফর্ম্মের ন্যায় দুর্গন্ধবিশিষ্ট নয়। ইহা একটী প্রধান সুবিধা। বিশেষতঃ ইহা আয়োডোফর্ম্ এবং তাহার স্থানীয় অন্যান্য ঔষধের ন্যায় বিষজনক নহে। ইহাতে বিস্মাথের লবণ আছে বলিয়া, ইহা সঙ্কোচক এবং শুষ্ককারক। ইহার সংক্রামক জার্ম্ এবং ব্যাক্টিরিয়া নষ্ট করিবার ক্ষমতা আছে। ইহা অস্ত্রচিকিৎসায় প্রধানতঃ ডাষ্টিং পাউডারস্বরূপ, বিশুদ্ধ কিম্বা ষ্টার্চ্ বা চকের সহিত মিশ্রিতাবস্থায়, ব্যবহৃত হয়। যেসকল আঘাতহইতে অল্প স্রাব হয়, তাহাতে ইহা অত্যন্ত পাতলা স্তরের ন্যায় ব্যবহার করিলেই যথেষ্ট হয়, কিন্তু যখন প্রচুর স্রাব হইতে থাকে, তখন ইহা অধিকপরিমাণে ব্যবহার করিতে হয়। এরূপ ব্যবহার করিলে, শুষ্ক, ঘন, শক্ত আবরণ (crust) পড়ে,

তন্নিয়ে কোন প্রকার স্রাব ব্যতীত মাংসাঙ্কুর জন্মে, ও ক্ষত আরোগ্য হইয়া যায়। গভীর আঘাতে, ইহা সতর্কে ব্যবহার করিবে। ডার্ম্মেটোল, ইমাল্‌শন্, মলম কিম্বা প্রলেপ আকারেও ব্যবহার করা যাইতে পারে। ইহার মলম, শতকরা ১০—২০ ভাগে ল্যানোলিন্ কিম্বা ভেসেলিনের সঙ্গে প্রস্তুত হইয়া থাকে; এবং একিউট্ একজিমা, ইণ্টার্টাইগো, চর্ম্মবিদারণ, পোড়াঘা ইত্যাদি রোগে ব্যবহৃত হয়। কর্ণের প্রদাহে, ইহা ব্যবহারে উপকার হয়।

ইহা গ্যালিক্ এসিডের বিস্মাথ্‌ঘটিত লবণ।

নানাপ্রকার ডায়েরিয়ায় ইহা প্রত্যহ ১½ ড্রাম্ মাত্রায় ব্যবহারে উপকার হয়। যক্ষ্মাকাশিজনিত দুর্ব্বলকারী উদরাময়ে ইহা ৭ গ্রেণ মাত্রায় প্রতি ৪ ঘণ্টায় ব্যবহারে উপকার পাওয়া গিয়াছে।

লরেটিন্।

LORETIN.

ইহা আইওডিনের একটী নূতন প্রয়োগরূপ। ইহাতে আইওডিন্ ব্যতীত ফিনল্ (Phenol) এবং সাল্‌ফোনিক্ এসিডের গুণ আছে। এই চূর্ণ দেখিতে পীতবর্ণ ও আইওডোফর্ম্মের ন্যায়। কিন্তু ইহা দুর্গন্ধবিহীন্ ও অনুত্তেজক, এবং বিষজনক নহে। এইসকল গুণের জন্য, ইহা আইওডোফর্ম্ অপেক্ষা উৎকৃষ্ট। ইহা অল্প ম্যাগ্নেসিয়া সহযোগে ক্ষতপ্রদেশে প্রক্ষেপ, কিম্বা ফুৎকারদিয়া নানাপ্রকার ব্যাধিগ্রস্ত গহ্বরে প্রয়োগ করা হয়। ইহার শতকরা ৫—১০ ভাগ, ল্যানোলিন্ কিম্বা ভেসেলিন্ সহ মলমাকারে ব্যবহৃত হইয়া থাকে।

ইহা অস্ত্রচিকিৎসায়, চক্ষু ও কর্ণের ব্যাধিতে, এবং উপদংশরোগে ব্যবহৃত হয়।

এরিষ্টল্।

ARISTOL.

ইহার অপর নাম ডাই-থাইমল্-আইয়োডাইড্ (Di-Thymol-Iodide)। ইহা রক্তাভ-পিঙ্গলবর্ণ ও গন্ধবিহীন চূর্ণ; জলে অদ্রবণীয়, ইথার্ ও চর্ব্বিতে দ্রবণীয়। ইহাতে শতকরা ৪, ৫ বা ৮ ভাগ আইয়োডিন্ আছে। ইহার বিষজনক গুণ নাই। ইহা শতকরা ৩—১০ ভাগ মলমাকারে, লুপাস্, সোরিয়েসিস্

ইত্যাদি চর্ম্মরোগে ব্যবহৃত হয়। ইহা আইয়োডোফর্মের পরিবর্ত্তে ব্যবহার করিতে পারা যায়; আঘাত এবং পোড়াঘায় ডাষ্টিং পাউডারস্বরূপ ব্যবহৃত হয়। উপদংশজনিত ক্ষতে, আইয়োডোফর্ম্ অব্যবহার্য্য হইলে, ইহা ব্যবহার করা যায়। প্রথমতঃ ইহা লাগাইয়া তন্মধ্যে দুই এক ফোঁটা তৈল দিবে, এবং এরূপ একটী আবরণ দিবে যে, তন্মধ্যে জল প্রবেশ করিতে না পারে। এইরূপ দিবসে ২।৩ বার স্থানিক ব্যবহার্য্য।

ইক্থিয়োল্।

ICHTHYOL.

ইহার অপর নাম সাল্ফো-ইক্থিয়োলেট্ অব্ এমোনিয়াম্ (Sulpho-Ichthyolate of Ammonium)।

মাত্রা—দিবসে ১০—৩০ গ্রেণ।

ইহা ঈষৎ পিঙ্গল, প্রায় কৃষ্ণবর্ণ; ইহার গন্ধ আলকাতরার ন্যায়। ইহার মলমে (Unguentum Ichthyol) শতকরা ২০—৫০ ভাগ ইক্থিয়োল্, ল্যানোলিন্ কিম্বা অলিভ্ অয়েল্, ও চর্ব্বি থাকে। ইহা একনি, এক্জিমা এবং লিচেনাদি চর্ম্মরোগে বাহ্য ব্যবহৃত হয়। নিউর‍্যাল্জিয়া, স্নায়বীয়কারণ-জনিত এক্জিমা, ও কুষ্ঠরোগে, কথন কথন ইহার আভ্যন্তরিক ব্যবহার হইয়া থাকে। তরুণ ও পুরাতন বাতরোগে ইহা আভ্যন্তরিক ব্যবহার করিলে, বেদনা ও সন্ধির স্ফীততা কম হইয়া থাকে। ফ্রাইগোসেনাইলিস্, নানা-প্রকার চুলকানি, ও দগ্ধক্ষতে, ইহার শতকরা ১০ ভাগ সলিউশনের বাহ্য ব্যবহারে উপকার দর্শে।

রেসর্সিন্।

RESORCIN.

ইহা বেঞ্জিন্ বা ফিনল্ হইতে প্রাপ্য; দেখিতে বেঞ্জোয়িক্ এসিডের ন্যায়। মাত্রা ৫—১৫ অথবা ৩০ গ্রেণ।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—ইহার উত্তাপনাশক এবং পচন-নিবারক গুণ আছে। ইহা জলে অল্প দ্রবণীয়; অলিভ্ অয়েলে ২০ ভাগে এক

ভাগ দ্রবণীয়। ইন্‌সাইজ্‌ড্‌ এবং পাঙ্কচার্ড্‌ উণ্ডে, ইহার শতকরা এক ভাগ সলিউশন্‌দ্বারা ড্রেস্‌ করিলে, ফাষ্ট্‌ ইণ্টেন্‌শন্‌দ্বারা তাহা আরোগ্য হইয়া যায়। উপদংশ এবং টিউবার্ক্যুলার্‌জনিত ক্ষত, এপিথিলিয়োমা এবং চর্ম্মরোগে ইহা ব্যবহৃত হয়। ইহা প্রয়োগ করিলে ছোট২ আঁচিল (Warts) তিন চারি দিনে, এবং বড়গুলি তদপেক্ষা কিছু বেশী সময়ে আরোগ্য হয়। আভ্যন্তরিক ব্যবহার করিলে ইহা কুইনাইনের ন্যায় বিশেষ ক্রিয়া প্রকাশ করে। ইহা প্রচুর ঘর্ম্মোৎপাদন করে, কিন্তু ইহার উত্তাপনাশক ক্রিয়া অল্পকালস্থায়ী। ইহা পরিস্রুত জলের সহিত বেশ দেওয়া যাইতে পারে; সিরাপ্‌ অব্‌ অরেঞ্জ্‌ কিম্বা গ্লিসিরিনের সহিত দিলে সুমিষ্ট হয়। একিউট্‌ এবং ক্রণিক্‌ সেপ্টিক্‌ ডায়েরিয়ায় ১৫ গ্রেণ রেসর্সিন্‌ ক্যাষ্টার্‌ অয়েলে দ্রব করিয়া দিলে, এবং শিশুদের বিসূচিকারোগে, ১ গ্রেণ রেসর্সিন্‌ ১ ড্রাম্‌ ইন্‌ফিউশন্‌ অব্‌ কেমোমাইলের সহিত দুই ঘণ্টা অন্তর ব্যবহার করিলে উপকার হয়।

ওয়ার্বার্গস্‌ ফিবার্‌ টিংচার্‌।

WARBURG'S FEVER TINCTURE.

ইহা একটী পেটেণ্ট্‌ ঔষধ। ইহাতে সাল্‌ফেট্‌ অব্‌ কুইনাইন্‌ ৫০ ভাগে এক ভাগ, সকোট্রিন্‌ এলোজ্‌ ৪০ ভাগে এক ভাগ, ওপিয়াম্‌ ৪০০০ ভাগে এক ভাগ, রুবার্ব্ব্‌ একশত পঁচিশ ভাগে এক ভাগ, ক্যাম্ফর্‌ ৫০০ ভাগে এক ভাগ, এবং নানাপ্রকার সুগন্ধিদ্রব্য ও প্রুফ্‌স্পিরিট্‌ আছে। ইহাদ্বারা বেশী ভেদ হয় বলিয়া, এলোজ্‌ পরিত্যাগ করা যাইতে পারে।

মাত্রা ১—৪ ড্রাম্‌ বা ততোধিক।

প্রথমতঃ ইহা ভারতবর্ষীয় জ্বরে ½ আউন্স্‌ মাত্রায় ২।৩ ঘণ্টা অন্তর, দুইবার ব্যবস্থা করা হইত। প্রথম মাত্রা দেওয়ার পূর্ব্বে কোষ্ঠ পরিষ্কার করা উচিত; এবং প্রথম ও দ্বিতীয় মাত্রার মধ্যে, কেবল অল্প বিস্কুট বা ব্রাণ্ডি খাইতে দিবে। কিন্তু আবশ্যক না হইলে, কিছুই দিবেনা।

সাল্‌ফোন্যাল্‌।

SULPHONAL.

মাত্রা ১৫—৩০ গ্রেণ। ক্যাচেটের (Cachets) মধ্যে কিম্বা মিউসিলেজের সহিত ব্যবহার্য্য; অথবা ইহাকে চূর্ণ করতঃ মুখে দিয়া, পরে কোন উষ্ণ তরল-পদার্থযোগে সেবন করাইবে। ইহা সলিউশন্‌ আকারে না দিলে, নিদ্রা হওয়ার অন্ততঃ ১ ঘণ্টা পূর্ব্বে দেওয়া উচিত।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—ইহা নিদ্রাকারক; ইহার ব্যবহারে পরিপাকক্রিয়া, নাড়ী, কিম্বা শারীরিক উত্তাপের কোন ব্যতিক্রম হয় না। স্নায়বীয় ধাতুপ্রকৃতিবিশিষ্ট লোকদিগের নিদ্রা আনয়নার্থ ইহা বিশেষ উপযোগী। ইহা অল্প দ্রবণীয় বলিয়া, ইহার ক্রিয়া ধীর; ৩০ গ্রেণ মাত্রায় ১ আউন্স্‌ ব্রাণ্ডি ও ২ আউন্স্‌ উষ্ণ জলে (১৫০ ডিগ্রি) সলিউশন্‌ আকারে দেওয়া যাইতে পারে। মেনিয়া ব্যতীত সকলপ্রকার রোগে ইহাদ্বারা নিদ্রা হয়। স্নায়বীয় উত্তেজনা-বশতঃ অনিদ্রা হইলে, ইহাদ্বারা নিশ্চয়ই অবিলম্বে নিদ্রা হয়। থাইসিস্‌ রোগে ইহা ৮ গ্রেণ মাত্রায় ব্যবহার করিলে, রাত্রিকালীন ঘর্ম্মের হ্রাস এবং নিদ্রা হইয়া থাকে। হিষ্টিরিয়াজনিত ডিলিরিয়াম্‌ এবং এপিলেপ্সিজনিত কন্‌ভাল্‌শনে ইহা নিদ্রাকারক ও অবসাদকের ন্যায় ক্রিয়া করিয়া উপকার দর্শায়। হৃৎপিণ্ডের ব্যাধি কিম্বা ব্রাইট্‌স্‌ ডিজিজ্‌বশতঃ অনিদ্রায় আফিং অব্যবহার্য্য হইলে, ইহাদ্বারা উপকার দর্শে। মেনিয়া (উন্মাদ) রোগে, ইহা চা কিম্বা কাফির সহিত উপযুক্তমাত্রায় ব্যবহার করিলে, রোগী স্থির হইয়া থাকে। কাইব্রাস্‌ রিউম্যাটিজ্‌মে, ১৫ গ্রেণ সাল্‌ফোন্যাল্‌ ৮ গ্রেণ এণ্টিপাইরিনের সহিত ব্যবস্থা করিলে, রাত্রিতে সুনিদ্রা হইয়া থাকে।

পেপেন্‌।

PAPAIN.

ইহা পেঁপের রস হইতে প্রাপ্ত হওয়া যায়।

মাত্রা ১—৮ গ্রেণ, জলের সঙ্গে।

ইহা পেপ্সিনের ন্যায় খাদ্যের ফাইব্রিন্‌কে পরিপাক করে। ইহার ক্রিমি-নাশক গুণও আছে।

প্রয়োগরূপ—

এলিক্সার্ পেপেন্।

Elixir Papain.

মাত্রা—১ ড্রাম্, আহারের সহিত।

ট্রোচিসাই পেপেন্।

Trochisci Papain.

প্রতি চাক্তিতে অৰ্দ্ধ গ্রেণ আছে; অজীর্ণরোগে আহারের সহিত সেব্য।

ট্রোচিসাই পেপেন্ এট্ কোকেনি।

Trochisci Papain et Cocainæ.

প্রতি চাক্তিতে ½ গ্রেণ পেপেন্ এবং $\frac{1}{20}$ গ্রেণ কোকেন্ আছে। জিহ্বাতে ঘা হইলে, ইহা আস্তে আস্তে চুষিলে উপকার দর্শে।

পিগ্মেণ্ট্ অব্ পেপেন্।

Pigment of Papain.

ইহাতে ১২ গ্রেণ পেপেন্, ৫ গ্রেণ বোর‍্যাক্স্ (সোহাগা), এবং ২ ড্রাম্ জল আছে; নানাপ্রকার আঁচিল ও ক্রণিক্ একজিমায় ইহা দিবসে দুইবার প্রয়োগ করিলে, তাহা উপশমিত হইয়া থাকে। ডিফ্থিরিয়ারোগে কৃত্রিম ঝিল্লি দ্রবকরণার্থ ইহা ব্যবহৃত হয়।

জাম্বল্।

JAMBUL.

ইহা কালজামের বীজচূর্ণ।

মাত্রা ৫—১০ গ্রেণ; চূর্ণ, বটিকা, ক্যাপ্সিউল্ এবং ক্যাচেট্ আকারে ব্যবহার্য্য।

ইহা বহুমূত্ররোগে ব্যবহৃত হয়। কথিত আছে, ইহা ব্যবহারে খাদ্যের শ্বেতসার শর্করায় পরিণত হয় না।

পাইক্রোটক্সিন্।

PICROTOXIN.

ইহা ককিউলাস্ ইণ্ডিকাস্ নামক বৃক্ষের বীর্য্য।

মাত্রা ১/১০০—১/২৫ গ্রেণ; সুগার্ অব্ মিল্ক্ এবং গ্লিসিরিন্ অব্ ট্র্যাগ্যাক্যান্থ্ সহ বটিকাকারে ব্যবহার্য্য।

যক্ষ্মাকাশের রাত্রিকালীন ঘর্ম্মে ইহার এক এক বটিকা (পরিমাণ ১/১২০—১/৬০ গ্রেণ) ক্রমাগত ২।৩ রাত্রিতে দিলে, তাহা নিবারিত হয়। এট্রোপিন্ কিম্বা বেলাডোনার ন্যায়, ইহাতে কণ্ঠের শুকত্ব বা অন্য কোন অসুখ হয় না। ক্লোর‍্যাল্ হাইড্রেট্ ইহার বিষঘ্ন।

কেয়োলিন্।

KAOLINE.

ইহা শুভ্রবর্ণ চূর্ণবিশেষ; দেশীয় সিলিকেট্ অব্ এলিউমিনাহইতে প্রাপ্ত।

শিশুদের চর্ম্মের উত্তেজিতাবস্থায় ইহা শোষকচূর্ণস্বরূপ ব্যবহৃত হয়। ইহার মলম, নাইট্রেট্ অব্ সিল্ভার্ এবং পার্ম্যাঙ্গেনেট্ অব্ পটাসিয়ামের বটিকা প্রস্তুতকরণার্থ ব্যবহার্য্য। উক্ত মলম নেকড়ায় লাগাইয়া, বিদারিত চর্ম্মে প্রয়োগ করিলে, উত্তেজনা নিবারিত হইয়া থাকে।

ল্যানোলিন্।

LANOLIN.

ইহাকে উল্ ফ্যাট্ (Wool fat) বলে। ইহা পরিষ্কৃত মেদ।

ইহাতে প্রধানতঃ কলেষ্টারিন্, ষ্টিয়ারিক্, এবং অন্যান্য মেদময় অম্ল আছে। ইহারা মেষের লোমহইতে প্রাপ্য। ইহা সরবর্ণ (cream-coloured) ঘন, এবং প্রায় গন্ধবিহীন।

ইহা নানাবিধ দ্রব্যের মলম প্রস্তুত করিবার এবং গোলীজ রাখিবার জন্য ব্যবহৃত হয়।

এস্প্যারেজিন্।

ASPARAGIN.

মাত্রা ১—২ গ্রেণ।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—মূত্রকারক; কার্ডিয়্যাক্ ড্রপ্সি এবং পুরাতন গাউট্রোগে ব্রোমাইড্ অব্ পটাসিয়াম্ সহযোগে ১ গ্রেণ মাত্রায় দিবসে তিন বার দিলে উপকার দর্শে।

ইহা শীতল জলে, এবং অম্ল ও ক্ষার দ্রবে দ্রবণীয়।

এপিয়োল্।

APIOL.

ইহা সাধারণ পার্স্লিশাকের বীজহইতে প্রাপ্ত দ্রব্যবিশেষ।

মাত্রা ৩—৬ মিনিম্, সিরাপের সঙ্গে ব্যবহার্য্য।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—পর্য্যায়নিবারক, বল্যকারক, ও রজো-নিঃসারক। ম্যালেরিয়াজনিত ব্যাধিতে ইহা ব্যবহার করা যায়। এমিনোরিয়া এবং ডিস্মেনোরিয়ারোগে, ইহা অতি উৎকৃষ্ট ঔষধ। ঋতু হইবার পূর্ব্বে ক্যাপ্সিউল্ আকারে, ইহা ব্যবহার করা উচিত। যখন জরায়ুর ক্রিয়ার ন্যূনতা, আধিক্য, অথবা ব্যতিক্রমবশতঃ এই সকল অবস্থা হয়, এবং তৎসঙ্গে স্থানিক বা সার্ব্বাঙ্গিক স্নায়বীয় লক্ষণ বর্ত্তমান থাকে, তখন ইহা বেশ উপযোগী। ইহা ঋতুক্রিয়ার স্বাভাবিক সময়ে দিলেই ফলপ্রদ হয়। ক্রমাগত ৫।৬ দিন প্রাতে ও রাত্রিতে দুই বার করিয়া ইহা সেবন করাইবে। ডাং টিল্ট্ (Dr.Tilt) বলেন, স্নায়বীয় ডিস্মেনোরিয়াতে ইহা উত্তম কার্য্য করে, কিন্তু জরায়ুর ব্যাধিবশতঃ উক্তরোগ হইলে, ইহাদ্বারা কোন ফল হয় না। ঋতুক্রিয়া কোন কারণবশতঃ স্থগিত হইলে, ঋতুর সময় প্রাতে ও রাত্রিতে ক্রমাগত ৪।৫ দিন ইহা দিলে উপকার হইয়া থাকে।

ইহার পার্ল্ (perle) ব্যবহৃত হয়; প্রত্যেকটীতে ৩ মিনিম্ আছে; মাত্রা ১—২টী।

বোরোগ্লিসিরাইড্।

BOROGLYCERIDE.

ইহা একটী পেটেণ্ট্ মেডিসিন্ ; ৯২ ভাগ গ্লিসিরিন্ ও ৬২ ভাগ্ বোরিক্ এসিড্ উত্তপ্ত করিয়া প্রস্তুত হয় ; জল এবং এল্‌কোহলে দ্রবণীয় ; এণ্টিসেপ্টিক্‌স্বরূপ সার্জ্জিক্যাল্ ড্রেসিঙে ব্যবহৃত হয়।

ডিউবয়সিয়া।

DUBOISIA.

প্রয়োগরূপ—

ডিউবয়সিনি সাল্‌ফাস্। — সাল্‌ফেট্ অব্ ডিউবয়সিন্।

Duboisinæ Sulphas. — Sulphate of Duboisine.

মাত্রা ১/১২০—১/৬০ গ্রেণ।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—ইহার ক্রিয়া ঠিক এট্রোপিনের ন্যায়। ইহা ব্যবহারে গলার শুষ্কতা, কনীনিকার প্রসারণ, শিরঃপীড়া, শিরোঘূর্ণন, ঝিমুনি, নাড়ী ও শ্বাসপ্রশ্বাসের চঞ্চলতা, ঘর্ম্মনিবারণ, এবং চর্ম্মে লালবর্ণ ইরাপ্‌শন্ হয়। কনীনিকাপ্রসারণগুণসম্বন্ধে ইহা এট্রোপিন্ অপেক্ষা প্রবল। ইহা অতি সতর্কতার সহিত ব্যবহার করিবে ; কারণ, ইহা ব্যবহারে শিরোঘূর্ণন, এমন কি, প্রলাপ পর্য্যন্ত হইয়া থাকে। যক্ষ্মাকাশের ঘর্ম্মে, ইহা ব্যবহারে উপকার হইয়াছে ; এক্স্অফ্‌থ্যাল্‌মিক্ গয়টার্ রোগে ইহা ১/১২০ গ্রেণ মাত্রায়, দিবসে ২।৩ বার দিলে, তাহা উপশমিত হইয়া থাকে।

ইথাইল্ ব্রোমাইড্।

ETHYL BROMIDE.

ইহা স্পর্শহারকস্বরূপ ব্যবহৃত হইয়াছে ; আঘ্রাণস্বরূপ ২ ড্রাম্ ব্যবহারেই রোগী অচেতন হয়। ইহা শীঘ্র কার্য্য করে, কিন্তু ইহার গুণ সত্বর তিরোহিত হয়। ইহাদ্বারা অনেকের মৃত্যু হইয়াছে বলিয়া ইহার ব্যবহার নিষিদ্ধ।

ল্যাটিন্।	ইংরেজী।
সোডিয়াই ইথাইলাস্।	ইথাইলেট্ অব্ সোডিয়াম্।
Sodii Ethylas.	Ethylate of Sodium.

প্রয়োগরূপ—

লাইকর্ সোডিয়াই ইথাইলেটিস্।

Liquor Sodii Ethylatis.

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—দাহক (caustic); নিভাস্ (Nævus), জড়ুর (Mother's mark), লুপাস্ এবং নাকের পলিপাস্রোগে স্থানিক ব্যবহৃত হয়; ক্যামেল্ হেয়ার্ পেন্সিল্দ্বারা লাগাইতে হয়। ইহা ব্যবহারে অত্যন্ত বেদনা হইলে এল্কোহল্সংযুক্ত ওপিয়াম্ সলিউশন্দ্বারা স্থানটী ধৌত করিলে, কিম্বা তথায় কয়েক ফোঁটা ক্লোরোফর্ম্ দিলে, ইথাইলেট্ বিকৃত হইয়া উপকার হয়।

গ্রিণ্ডেলিয়া রোবাষ্টা।

GRINDELIA ROBUSTA.

ইহার এক্ষ্ট্রাক্ট্ এবং ফ্লুইড্ এক্ষ্ট্রাক্ট্ ব্যবহৃত হয়। প্রথমটীর মাত্রা ২—৩ গ্রেণ, লাইকোপোডিয়ামের সহিত বটিকাকারে দিবসে ৩ বার। দ্বিতীয়টীর মাত্রা ১০—৩০ মিনিম্।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—আক্ষেপনিবারক; হে ফিবার্, ব্রঙ্কাইটিস্, হুপিং কফ্, এবং বিশেষতঃ এজ্মারোগে ব্যবহৃত হইয়া থাকে। বার্ন্স্, ভ্যাজাইনাইটিস্ ইত্যাদি রোগে, ইহা পোল্টিস্ কিম্বা সলিউশন্ আকারে ব্যবহার করিলে উপকার হয়.

জেকুইরিটি।

JEQUIRITY.

ইহাকে কুঁচ বলে। ইহা এব্রাস্ প্রিকেটোরিয়াস্ নামক বৃক্ষের বীজ।

প্রয়োগরূপ—

ইন্ফিউজাম্ এব্রাই।

Infusum Abri.

ইহার সদ্য ইন্‌ফিউশন্ গ্র্যানিউলার্ সিভ্সে স্থানিক ব্যবহৃত হয়। ইহা ব্যবহারে অধিক উত্তেজনা হয় বলিয়া, সতর্কতার সহিত ব্যবহার করিবে। এপিথিলিয়োমা, লুপাস্, ও বিগলিত ক্ষতে, ইহার বাহ্য ব্যবহারে উপকার দর্শে।

পাল্‌সেটিলা।

PULSATILLA.

ইহা এনেমোন্-পাল্‌সেটিলা নামক পুষ্পিত ওষধি ও তাহার ফুল।

প্রয়োগরূপ—

এনেমোনিন্।	পাল্‌সেটিলা ক্যাম্ফর্।
Anemonin.	Pulsatilla Camphor.

মাত্রা ⅛—½ গ্রেণ বা ততোধিক, শুগার্ অব্ মিল্কের সহিত বটিকাকারে।

টিংচুরা পাল্‌সেটিলি।

Tinctura Pulsatillæ.

মাত্রা ১—৫ মিনিম্ বা ততোধিক।

এমিনোরিয়া কিম্বা ডিস্মেনোরিয়া রোগে, ঋতুর ২।১ দিন পূর্ব্বে ইহা ১ মিনিম্ মাত্রায় দিলে, বিশেষ উপকার হয়; ব্রঙ্কাইটিস্, আক্ষেপিক কাশি, এজ্‌মা, অর্কাইটিস্, এবং এপিডিডিমাইটিস্ রোগেও ব্যবহার করা যায়।

নিপেস্থি।

NEPENTHE.

ইহাকে এনোডাইন্ টিংচার্ (Anodyne Tincture) বলে।

মাত্রা—টিংচার্ অব্ ওপিয়ামের ন্যায়।

অহিফেনঘটিত ঔষধ যেসকল স্থলে ব্যবহৃত হয়, ইহাও সেই সকল স্থলে ব্যবহার করা যায়। ইহা ব্যবহারে শিরঃপীড়া, ঝিমুনি, শিরোঘূর্ণন, মানসিক নিস্তেজকতা ও কোষ্ঠবদ্ধ হয় না, কিন্তু স্বাভাবিক ও প্রীতিকর নিদ্রা হইয়া থাকে।

ক্যাস্কা বার্ক্‌।

CASCA BARK.

ইহার উপক্ষারের নাম ইরিথ্রোফ্লিয়াইন্‌ (Erythrophlœine)।

প্রয়োগরূপ—

ইরিথ্রোফ্লিয়াইনি হাইড্রোক্লোরাস্‌।
Erythrophlœinæ Hydrochloras.

টিংচ্যুরা ইরিথ্রোফ্লিয়াই।
Tinctura Erythrophlœi.

মাত্রা ৫—১০ মিনিম্‌।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—ইহা মাইট্র্যাল্‌ ডিজিজ্‌ এবং তজ্জনিত ড্রপ্‌সিরোগে ডিজিটেলিসের ন্যায়ব্যবহৃত হয়; কিন্তু ইহার ক্রিয়া প্রবলতর। ইহা ডাইলেটেড্‌ হার্টে ব্যবহার্য্য।

চিয়ান্‌ টার্পেণ্টাইন্‌।

CHIAN TURPENTINE.

ইহা পিষ্টেশিয়া টেরেবিন্থাস্‌ নামক বৃক্ষের বিদারিতকাণ্ডনিঃসৃত ওলিয়োরেজিন্‌।

মাত্রা ৫—১০ গ্রেণ।

ইহার পিলে ৩ গ্রেণ চিয়ান্‌ টার্পেণ্টাইন্‌ ও ২ গ্রেণ সাব্লাইমড্‌ সাল্‌ফার্‌ আছে। একটী বটিকা ২—৪ ঘণ্টা অন্তর সেব্য। ইহাদের আকৃতি ঠিক রাখিবার জন্য লাইকোপোডিয়াম্‌ যোগ করা যায়।

স্ত্রীলোকদিগের জননেন্দ্রিয়, মুখ ও জিহ্বার ক্যান্সারে ব্যবহার্য্য।

টঙ্গা।

TONGA.

ইহা রেফিডোফোরা ভিটেন্সিস্‌ নামক ওষধিহইতে প্রাপ্ত।

ইহার লিকুইড্‌ এক্‌ষ্ট্রাক্টের মাত্রা ১—২ ড্রাম্‌, জলের সহিত দিবসে তিন বার সেব্য।

নানাপ্রকার নিউর্‍্যাল্‌জিয়াতে ব্যবহার্য্য।

এসিডাম্ হাইড্রোফ্লুউয়রিকাম্।

ACIDUM HYDROFLUORICUM.

ইহার অপর নাম ফ্লুউয়রিক্ এসিড্।

প্রয়োগরূপ—

এসিডাম্ ফ্লুউয়রিকাম্ ডাইলিউটাম্।

Acidum Fluoricum Dilutum.

মাত্রা ১৫—৬০ মিনিম্।

গয়টার্‌রোগে ইহা ব্যবহারে উত্তম ফল পাওয়া যায়। ডিফ্‌থিরিয়া ও থাইসিস্ রোগে ইহার বাষ্প আঘ্রাণে উপকার হয়।

ফ্লুউয়রাইড্ অব্ এমোনিয়াম্।

FLUORIDE OF AMMONIUM.

মাত্রা ১/১০—১/২ গ্রেণ।

১ আউন্স্ জলে ইহার ৪ গ্রেণ দ্রব করিয়া, তাহা ৫—২০ মিনিম্ মাত্রায় আহারের পর ব্যবহারে বিবৃদ্ধ প্লীহায় উপকার হয়।

ফ্লুউয়রাইড্ অব্ আয়রন্।

FLUORIDE OF IRON.

মাত্রা ১/৪—১/২ গ্রেণ।

ইহা রক্তসংস্কারক; প্লীহার বিবৃদ্ধিতে ব্যবহারে উপকারী।

ফ্লুউয়রাইড্ অব্ কুইনাইন্।

FLUORIDE OF QUININE.

মাত্রা ১—২ গ্রেণ।

প্লীহার বিবৃদ্ধি এবং রিকেট্স্ রোগে ব্যবহার্য্য।

এগারিকাস্ এলবাস্।

AGARICUS ALBUS.

ইহার মাত্রা ১০ হইতে ৩০ গ্রেণ।

প্রয়োগরূপ—

এগারিসিন্।

Agaricin.

মাত্রা ১/১২—১/২ গ্রেণ।

এক্ষ্ট্রাক্টাম্ এগারিসি।

Extractum Agarici.

মাত্রা ৩—৬ গ্রেণ, বটিকাকারে ব্যবহার্য্য।

টিংচ্যুরা এগারিসি।

Tinctura Agarici.

মাত্রা ২০—৬০ মিনিম্।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—রাত্রিকালীন ঘর্ম্মে ইহার ৩ গ্রেণ এক্ষ্ট্রাক্ট্ বটিকাকারে, কিম্বা ১/১২ গ্রেণ এগারিসিন্ ডোভার্স্ পাউডারের সহিত ব্যবস্থা করিলে, উপকার হইয়া থাকে। উক্তরূপ ব্যবহৃত হইলে, ইহার বিরেচকগুণ বাধাপ্রাপ্ত হয়।

ক্যারোবা।

CAROBA.

ইহা জ্যাকেরাণ্ডা প্রোসেরা নামক বৃক্ষের পত্র।

সিফিলিস্, গনোরিয়া, গ্লিট্ এবং চর্ম্মরোগে পরিবর্ত্তকস্বরূপ ব্যবহৃত হয়।

ইহার ফ্লুইড্ এক্ষ্ট্রাক্টের মাত্রা ২০—৩০ মিনিম্।

জ্যাকেরাণ্ডা ল্যান্সিফোলিয়েটা।

JACARANDA LANCIFOLIATA.

ইহা জননেন্দ্রিয়ের শ্লৈষ্মিকঝিল্লির উপর বিশেষরূপে ক্রিয়া করে। ইহার ফ্লুইড্ এক্‌ষ্ট্রাক্ট্ স্ক্যালাড্ নামে পরিচিত। মাত্রা ২০—৩০ মিনিম্; গনোরিয়াতে ব্যবহৃত হইয়া থাকে।

ফিউকাস্ ভেসিকিউলোসাস্।

FUCUS VESICULOSUS.

এই সামুদ্রিক উদ্ভিদের প্রয়োগরূপে আইওডিন্, ব্রোমিন্ ও ক্লোরিন্ঘটিত লবণ আছে। ইহা বহুকাল যাবৎ বসাধিক্য নিবারণার্থ ব্যবহৃত হইয়া আসিতেছে।

প্রয়োগরূপ—

এক্‌ষ্ট্রাক্টাম্ ফিউসি ভেসিকিউলোসি।

Extractum Fuci Vesiculosi.

মাত্রা ৩—৮ গ্রেণ, আহারের পূর্ব্বে, এল্‌থিয়ার্ সহিত বটিকাকারে।

এক্‌ষ্ট্রাক্টাম্ ফিউসি ভেসিকিউলোসি লিকুইডাম্।

Extractum Fuci Vesiculosi Liquidum.

মাত্রা—১ কিম্বা ২ ড্রাম্, আহারের পূর্ব্বে।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—লাইকর্ পটাসির সঙ্গে ইহা ব্যবহার করিয়া, একটী স্থূলকায় বালকের শরীরের চর্ব্বি কমিয়া গিয়াছিল। ৩ গ্রেণ মাত্রায় প্রত্যহ তিনবার দিয়া বসাধিক্যে (Corpulence) বিশেষ ফল পাওয়া গিয়াছে।

উক্ত রোগাক্রান্তা একটী স্ত্রীলোক, ইহার লিকুইড্ এক্‌ষ্ট্রাক্ট্ ব্যবহার করিয়া, ৯ সপ্তাহে ২০ পাউণ্ড্ কমিয়াছিল।

ফেনেকোল্ হাইড্রোক্লোরাইড

PHENACOLL HYDROCHLORIDE.

ইহা উত্তাপনাশক; জ্বরে ইহা ব্যবহারে ১ ঘণ্টার মধ্যে শারীরিক উত্তাপ কম হইয়া থাকে। অনেকে বলেন, শারীরিক উত্তাপ কমাইবার জন্য, ফেনে-কোল্ সমশ্রেণীস্থ অন্যান্য ঔষধাপেক্ষা নিরাপদ। পরীক্ষাদ্বারা স্থিরীকৃত হইয়াছে, যে ইহা হৃৎপিণ্ড, ফুসফুস্, পরিপাকযন্ত্র, এবং চর্ম্মের ক্রিয়ার উপর কোন কার্য্য করে না। যক্ষ্মাকাশের বর্দ্ধিতাবস্থায় ৯ মাত্রায় ৮ গ্রেণ ব্যবহার করিলে ½ অর্দ্ধ ডিগ্রী, এবং ১৫ গ্রেণ মাত্রায় দিলে ১—১½ ডিগ্রী শারীরিক উত্তাপ কমিয়া, প্রায় ২ ঘণ্টা কাল থাকে। এক দিনে বিভাজিত মাত্রায় ৭৫ গ্রেণ ব্যবস্থা করিলে, নিজ্জ্বর অবস্থা থাকে। থাইসিসের বর্দ্ধিতাবস্থায়, হেক্টিক্ ফিভার্ বর্ত্তমান থাকিলে, ইহা ব্যবহারে উৎকৃষ্ট ফল পাওয়া যায়। ইহা ১৫ গ্রেণ মাত্রায়, জলের সহিত, দিবসে ৩।৪ বার দেওয়া উচিত।

পাইপারেজিন্।

PIPERAZINE.

ইহা জলে দ্রবণীয়; শরীরে কোন বিষক্রিয়া উৎপন্ন করে না। ইহা ইউরিক্ এসিড্‌কে দ্রব করণার্থে লিথিক্‌এসিড্‌ঘটিত লবণের ১২ গুণ শক্তি ধারণ করে, এবং তাহা দ্রব করতঃ সমক্ষারায় দ্রবণীয় ইউরেট্ অব্ পাইপারেজিন্ প্রস্তুত করে। ইহা শরীরে, ইউরিক্ এসিড্, ফস্ফেট্ ও অগ্জেলেট্ অব্ লাইম্‌কে দ্রব করে; গাউট্‌রোগে, ফেনিকোল্ হাইড্রোক্লোরাইড্ সহযোগে ব্যবহৃত হইয়া থাকে। ইহা সাধারণ জল, লেমোনেড্ প্রভৃতি এয়ারেটেড্ ওয়াটারের (Ærated water) সহিত, প্রত্যহ ১০—১৫ গ্রেণ মাত্রায় দেওয়া উচিত।

চুলের কলপ (কাল বা পিঙ্গল)।

HAIR DYE (BLACK OR BROWN).

১ নং সলিউশন্—নাইট্রেট্ অব্ সিল্‌ভার্ ৮০ গ্রেণ এবং পরিস্রুত জল ২ আং।

২ নং সলিউশন্—সাল্‌ফিউরেটেড্ পটাশ্ ৪ ড্রাম, পরিস্রুত জল ৪ আং।

প্রথমতঃ চুল ধৌত করিয়া তৎপর শুষ্ক করতঃ উপরোক্ত সলিউশন্দ্বয়, নম্বরানুসারে পৃথক২ লাগাইতে হইবে। ইহার ২ মিনিট্ পর, চুল বৃষ্টির জল দ্বারা ধৌত করিতে হইবে। ইহাদ্বারা চুল কাল হয়; কিন্তু চুল ঈষৎকাল করিতে ইচ্ছা করিলে, ১ নং সলিউশন্কে কিছু তরল (weak) করিয়া লইবে। ব্যবহারের সময় যেন চর্ম্মে না লাগে, তদ্বিষয়ে বিশেষ সতর্ক হইবে।

কাল রং।

BLACK DYE.

১ নং সলিউশন্ঃ—পাইরোগ্যালিক্ এসিড্ ½ আং, রেক্টিফাইড্ স্পিরিট্ ২ আং ও পরিস্রুত জল ১০ আং। ইহা প্রথমতঃ ব্যবহার করিবে।

২ নং সলিউশন্ঃ—নাইট্রেট্ অব্ সিল্ভার্ ½ আং, ষ্ট্রং সলিউশন্ অব্ এমোনিয়া ½ আং, এবং পরিস্রুত জলদ্বারা ২ আং পূর্ণ করিবে। অন্যান্য নিয়ম, উপরোক্ত কলপের ন্যায়।

ল্যাটিন।	ইংরেজী।
এসিডাম্ স্ক্লেরোটিকাম্।	স্ক্লেরোটিক্ এসিড্।
Acidum Scleroticum.	Sclerotic Acid.

ইহা আর্গট্ হইতে প্রাপ্ত।

মাত্রা ¼—½ গ্রেণ, ত্বগন্তর্গত পিচকারীদ্বারা।

প্রয়োগরূপ—

ইঞ্জেক্শিয়ো এসিডাই স্ক্লেরোটিসাই হাইপোডার্ম্মিকা।

Injectio Acidi Sclerotici Hypodermica.

৬ মিনিম্ পরিস্রুত জলে ১ গ্রেণ আছে।

মাত্রা ৩—৫ মিনিম্।

ইহা আর্গটের ন্যায় রক্তরোধক। ইহার ত্বগন্তর্গত পিচকারী আর্গটিনের পিচকারী অপেক্ষা ভাল; কারণ, আর্গটিনের ন্যায় ইহাদ্বারা প্রয়োগস্থানে প্রদাহ হয় না।

ডাং এইট্‌কিনের টনিক্‌ সিরাপ্‌।

DR. AITKIN'S TONIC SYRUP.

ইহার প্রতি তরল ড্রামে এসিড্‌. ফস্ফেট্‌. অব্‌. আয়রন্‌ ২ গ্রেণ, এসিড্‌. ফস্ফেট্‌. অব্‌. কুইনাইন্‌ ১ গ্রেণ, এবং এসিড্‌. ফস্ফেট্‌. অব্‌. ষ্ট্রিক্‌নাইন্‌ $\frac{1}{32}$ গ্রেণ আছে।

মাত্রা ১ ড্রাম্‌।

ইহা একটী বিখ্যাত প্রবলবলকারক ঔষধ। সকল প্রকার ডিবিলিটি, এনিমিয়া ইত্যাদিতে, বিশেষতঃ জ্বরের প্রবণতা থাকিলে, ইহা ব্যবহারে বিশেষ ফল হয়। সকল প্রকার জ্বরের পর ইহা অত্যুৎকৃষ্ট বলকারক ঔষধ।

কুইব্রেকো কর্টেক্স্‌।

QUEBRACHO CORTEX.

ইহাতে ছয়টী উপক্ষার আছে; তন্মধ্যে পাইডোস্পার্মিন্‌ (Pidospermine) ও কুইব্রেকিন্‌ (Quebrachine) প্রধান।

ইহার টিংচারের মাত্রা ½—১ ড্রাম্‌।

ইহা এম্ফিজিমা (Emphysema), ব্রঙ্কাইটিস্‌, থাইসিস্‌ এবং বিশেষতঃ হাঁপানিরোগের শ্বাসকৃচ্ছ্রে ব্যবহার্য্য। ডাং গ্লিয়েনো (Dr. Gliano) শ্বাসকৃচ্ছ্রে নিম্নলিখিত ব্যবস্থাপত্র দিতে আদেশ করেন।

℞

Alcoholic Ext. Quebracho		ʒiii
Succus Limonis		ʒv
Aquæ Dest.	ad	℥viii

M. ft. Mist. S. One teaspoonful during the attack.

℞

Quebrachine	gr.viiss
Ext. Glycyrrhizæ	q. s.

M. ft. Ten pills. S. Four or five pills per day.

ট্রায়োন্যাল্।

TRIONAL.

মাত্রা ১০—২০ গ্রেণ।

ইহা উত্তম নিদ্রাকারক। কেহ ২ বলেন, ইহা টিট্রোন্যাল্ ও সাল্‌ফোন্যাল্ অপেক্ষা উৎকৃষ্ট। ইহা ব্যবহারে মন্দ ফল প্রায় হয় না। সাধারণ অনিদ্রাতে ইহা ব্যবহারে উপকার দর্শে। শিশুদের রাত্রে ভয় পাওয়া (Night-terrors) এবং অনিদ্রাতে ইহা নির্বিঘ্নে ব্যবহার্য্য। ১ বৎসরের ন্যূনবয়স্ক শিশুদিগকে ৩—৬ গ্রেণ; ১—২ বৎসরের ৬—১২ গ্রেণ; এবং ২—৬ বৎসরের ১২—১৮ গ্রেণ, দেওয়া যাইতে পারে। এই চূর্ণ গরম দুগ্ধ কিম্বা মধুর সঙ্গে, রাত্রিকালীন ভোজনের অর্দ্ধ ঘণ্টা পরে, কিম্বা অন্ততঃ শয়নের ১৫ মিনিট পূর্ব্বে দেওয়া উচিত।

ইউরিসিডিন্।

URICEDIN.

ইহা সাইট্রেট্ অব্ পটাস্, সাল্‌ফেট্ অব্ সোডা, ক্লোরাইড্ অব্ সোডিয়াম্ এবং সাইট্রেট্ অব্ লিথিয়াম্‌দ্বারা প্রস্তুত হয়। ইহা একটী শ্বেত-বর্ণ দানাদার (granular) পদার্থ; জলে দ্রবণীয়; ইউরিক্ এসিড্ ডায়াথেসিসে ব্যবহার্য্য; এবং প্রত্যহ ৩০০ গ্রেণ পর্য্যন্ত দেওয়া যাইতে পারে। (Lancet)।

ল্যাটিন।	ইংরেজী।
ইউকেলিপ্টাই ফোলিয়া।	ইউকেলিপ্টাস্ লিভ্‌স্।
Eucalypti Folia.	Eucalyptus Leaves.

ইহা ইউকেলিপ্টাস্ গ্লোবিউলাস্ নামক বৃক্ষের পত্র।

মাত্রা—৫ গ্রেণ।

ওলিয়াম্ ইউকেলিপ্টাই।	অয়েল্ অব্ ইউকেলিপ্টোল্।
Oleum Eucalypti.	Oil of Eucalyptol.

ইহা ইউকেলিপ্টাস্ গ্লোবিউলাস্ এবং তজ্জাতীয় অন্যান্য বৃক্ষের তাজা পত্র হইতে চুয়ান তৈল।

মাত্রা ১—৪ মিনিম।

প্রয়োগরূপ—

আঙ্গুয়েণ্টাম্ ইউকেলিপ্টোল্। অয়েণ্ট্মেণ্ট্ অব্ ইউকেলিপ্টাস্।
Unguentum Eucalyptol. Ointment of Eucalyptus.

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—ইহা উত্তেজক, আক্ষেপনিবারক; পর্য্যায়নিবারক এবং পচননিবারক। ইহা বাক্টেরিয়ার বিকাশ নিবারণ বিষয়ে কার্ব্বলিক্ এসিডের ৩ গুণ শক্তি ধারণ করে, এবং তৎসদৃশ বিষজনক নয়। ইহার পত্র এবং বাষ্পী তৈল ঔষধার্থে ব্যবহৃত হয়। পচননিবারক অস্ত্রচিকিৎসায় (Antiseptic Surgery) ইউকেলিপ্টাস্ অয়েল্, ইউকেলিপ্টাস্ গজ্, এবং ইউকেলিপ্টাস্ স্প্রে ব্যবহৃত হয়। আইওডোফর্ম্মের দ্রাবক বলিয়া ইহা নিম্নোক্তপ্রকারে অয়েণ্ট্মেণ্ট্ আকারেও ব্যবহৃত হয়।

℞

Eucalyptus Oil	℥i
Iodoform	ʒi
Vaseline	℥is
Paraffin	℥is

ইহা একটী উত্তম পচননিবারক প্রয়োগরূপ।

ইউকেলিপ্টোল্।
Eucalyptol.

এই দ্রব ইউকেলিপ্টাস্ অয়েলে থাকে। ইহাতে টার্পিন্ (Terpine) এবং সাইমিন্ (Cymene) আছে।

উইকেলিপ্টাস্ গজ্, কার্ব্বেসাস্ ইউকেলিপ্টাই।
Eucalyptus Gauze, Carbasus Eucalypti.

ইহা মাড়বিহীন গজি কাপড়। ইহাতে

Oil of Eucalyptol	1
Dammar Resin	3
Paraffin Wax	3

প্রবেশিত থাকে।

ইহা পচননিবারক ড্রেসিংস্বরূপ অস্ত্রচিকিৎসায় ব্যবহৃত হয়। ইহা ব্যবহারে কার্ব্বলিক্ গজের ন্যায় শোষিত হইয়া বিষাক্ত হইবার সম্ভাবনা নাই।

কম্পজ্বরে (Ague) ইহার টিংচার্ ১ হইতে ২ ড্রাম্ মাত্রায় ব্যবহার করিলে তাহা শীঘ্র নিবারিত হয়। ব্রঙ্কাইটিস্ এবং ব্রঙ্কোরিয়ারোগে প্রচুর-পরিমাণে দুর্গন্ধযুক্ত শ্লেষ্মা বহির্গত হইলে এবং ডিস্পেপ্সিয়ার সহিত দুর্গন্ধ বমন হইলে, ইহার টিংচার্দ্বারা উপকার হয়। ইহার পিচকারীদ্বারা নাসিকা, জরায়ু ইত্যাদি হইতে দুর্গন্ধযুক্ত স্রাব উপশমিত হইয়া থাকে। প্রসবের পর জরায়ুস্রাব (Lochia) দুর্গন্ধযুক্ত হইলে, নিম্নলিখিত পেসারি (Pessary) সকালে এবং রাত্রে স্থানিক প্রয়োগ করিলে মহোপকার হইয়া থাকে।

Eucalyptus Oil ʒvi
Oil of Theobroma
White Wax *āā* ʒiv

M. ft 12 pessaris.

পাইমিয়া (Pyæmia) রোগে ১৫ মিনিম্ ইউকেলিপ্টাস্ অয়েল্ ও ২০ মিনিম্ অলিভ্ অয়েল্ মিশ্রিত করিয়া ত্বগন্তর্গত পিচকারী দিলে উপকার হয়।

ডিফ্থিরিয়ারোগে নিম্নলিখিত ঔষধ আঘ্রাণস্বরূপ ব্যবহৃত হয়।

Eucalyptus Oil	5	grammes.
Rectified Spirit	25	grammes.
Water	170	grammes.

ইহাকে ১০ ভাগ করিয়া ব্যবহার করিবে; কিম্বা এই তৈল এবং রেক্টিফাইড্ স্পিরিট্ সমপরিমাণে মিশ্রিত করিয়া তাহার ১০ হইতে ৬০ ফোঁটা প্রত্যেকবার আঘ্রাণস্বরূপ ব্যবহার করিবে।

কঞ্জেষ্টিভ্ আকারের শিরঃপীড়ায় (Congestive headache) ইহা ৫ মিনিম্ মাত্রায় ব্যবহার করিলে উপকার হয়। ইউকেলিপ্টাস্ অয়েলের আঘ্রাণ ইন্ফ্লুয়েঞ্জা (Influenza) রোগের নিবারণকারী (Phrophylactic) স্বরূপ ব্যবহার করা যায়। ইহার পত্রের কাণ্ট্ (infusion) নানাপ্রকার সংক্রামক (infectious) ব্যাধিতে, বিশেষতঃ ডিফ্থিরিয়াতে ব্যবহৃত হয়।

Eucalyptus Sawdust.

Eucalyptus Sawdust.

Eucalyptus Oil	1
Sawdust	8

কোন গৃহের বায়ু গন্ধবিহীন করিবার জন্য ইহা ব্যবহৃত হয়।

ইউকেলিপ্টাস্ উল্।

Eucalyptus Wool.

ইহাতে শতকরা ৫ ভাগ অয়েল্ আছে।

আয়োডোফর্ম্ এণ্ড্ ইউকেলিপ্টাস্ বুজিজ্।

Iodoform and Eucalyptus Bougies.

গনোরিয়ারোগে মূত্রনালীতে প্রয়োগ করা হয়।

টিংচ্যুরা ইউকেলিপ্টাই ফোলিয়োরাম্।

Tinctura Eucalypti Foliorum.

মাত্রা—১৫ মিনিম্ হইতে ২ ড্রাম্।

আঙ্গুয়েণ্টাম্ আয়োডোফর্ম্মাই এট্ ইউকেলিপ্টাই।

Unguentum Iodoformi et Eucalypti

ইহার বাহ্য ব্যবহার হয়।

দ্বাত্রিংশ অধ্যায়।

যান্ত্রিক রসসমূহ।

অণ্ডকোষরস।

ORCHITIC OR TESTICULAR FLUID.

অধ্যাপক ব্রাউন্‌সেকুয়ার্ড্ (Brown-Sequard) ও অন্যান্য চিকিৎসকের মতে এই রস ত্বগন্তর্গত পিচকারিস্বরূপ ব্যবহার করিলে, বার্দ্ধক্যসুলভ মানসিক শক্তির হ্রাস, অক্ষমতা, মানসিক বা শারীরিক পরিশ্রমের পর অবসন্নতা প্রভৃতি আরোগ্য হইয়া থাকে। লোকোমোটর্ এটাক্সি (Locomotor Ataxy) রোগে এই রস ব্যবহারে উপকার পাওয়া গিয়াছে। ক্যান্সার্ এবং যক্ষ্মারোগে ও ইহা ব্যবহারে সুফল দৃষ্ট হইয়াছে।

মস্তিষ্কের ধূসরপদার্থজাত রস।

FLUID FROM THE GRAY MATTER OF BRAIN.

অধ্যাপক কন্‌ষ্টেণ্টিন্ পল্ (Constantin Paul) এবং অন্যান্য ডাক্তারের মতে এই রস স্নায়বীয় বলকারক (nerve tonic); এবং নিউরেস্থিনিয়া (Neurasthenia), ফাংশন্যাল্ ইম্পোটেন্স্ (Functional Impotence), এপিলেপ্সি (Epilepsy), ও লোকোমোটর্ এটাক্সি (Locomotor Ataxy) রোগ ইহার ত্বগন্তর্গত পিচকারীদ্বারা আরোগ্য হয়।

মূত্রগ্রন্থিসম্ভূত রস।

RENAL FLUID.

সম্ভবতঃ কিড্‌নির আভ্যন্তরিক রসের স্রাবের অল্পতা বা অভাব ইউরিমিয়া রোগের একটী কারণ। এজন্য অধ্যাপক ব্রাউন্‌সেকুয়ার্ডের (Brown-Sequard) মতে এই রস ত্বগন্তর্গত পিচকারিস্বরূপ ব্যবহার করিলে, ইউরিমিয়াদি কিড্‌নির রোগের বিনাশ প্রায় অবশ্যম্ভাবী।

ক্লোমহইতে প্রাপ্ত রস।

THE FLUID FROM THE PANCREAS.

প্যাঙ্ক্রিয়াসের বাহ্যস্রাব ব্যতীত একটী আভ্যন্তরিক স্রাব ও আছে। এই আভ্যন্তরিক রসের ত্বগন্তর্গতপিচকারীদ্বারা প্যাঙ্ক্রিয়াসের পীড়াজনিত ও অন্যান্য অনেকপ্রকার ডায়েবেটিস্ রোগে উপকার হয়। এই রোগে অণ্ডকোষ-রস অধিকতর উপকারী, এবং অধ্যাপক ব্রাউন্‌সেকুয়ার্ডের (Brown-Sequard) মতে গ্লাইকোসিউরিয়া (Glycosuria) রোগে এই উভয় রস সমকালে ব্যবহার করা বিধেয়।

থাইরয়েড্‌গ্রন্থিজাত রস।

THYROIDAL FLUID.

ইহা মাইক্সিডেমা (Myxœdema), ক্রেটিনিজ্‌ম্ (Cretinism) এবং এক্স্‌অফ্‌থ্যাল্‌মিক্ গয়টার্ (Exophthalmic goitre) ইত্যাদি রোগে ত্বগন্তর্গত

পিচকারিস্বরূপ ব্যবহৃত হয়। ইহার পাউডার্ কিম্বা এক্‌ষ্ট্রাক্ট্‌ খাওয়াইলে পিচকারী অপেক্ষা অধিক উপকার হয়। ইহা খাওয়াইতে হইলে পিচকারীর চতুর্গুণ মাত্রায় দিতে হয়; এক ড্রাম্ মাত্রায় বিস্কুটের সহিত খাওয়াইয়া উত্তম ফল দেখা গিয়াছে।

সুপ্রারিন্যাল্ ক্যাপ্সিউলের রস।

SUPRARENAL FLUID.

কোন জন্তুর সুপ্রারিন্যাল্ ক্যাপ্সিউল্ উঠাইয়া লইলে তাহা মরিয়া যায় এবং তাহার রক্ত অন্য জন্তুর দেহে বিষক্রিয়া করে। উক্তরূপে মুমূর্ষু জন্তুকে পিচকারীদ্বারা সুস্থ দেহের সুপ্রারিন্যাল্ ফ্লুইড্ প্রদান করিলে, তাহা পুনর্জীবিত হয়। এজন্য এডিসন্‌স্ ডিজিজে (Addison's Disease) ইহা ব্যবহৃত হয়। কিন্তু তাহাতে সন্তোষজনক ফল দৃষ্ট হয় নাই। এইরোগে অর্কাইটিক্ ফ্লুইড্ অধিকতর ফলপ্রদ।

প্লীহা এবং অস্থিমজ্জার রস।

FLUID FROM THE SPLEEN AND MEDULLA OF BONE.

এই রস লিউকোসাইথিমিয়া (Leucocythæmia) এবং ম্যালেরিয়াজ্বরে ব্যবহৃত হইয়াছে; কারণ, এই সকল রস প্লীহার ব্যাধিহইতে উৎপন্ন হয়। তদ্ব্যতীত এনিমিয়া, দুর্ব্বলতা এবং টিউবার্কুলোসিস্ (Tuberculosis) রোগেও ইহার ব্যবহার আছে। রক্তের নির্ম্মাণে কোনরূপ গোলমাল থাকিলে সম্ভবতঃ ইহাদ্বারা উপকার হইবে।

মাংসপেশীর রস।

MUSCULAR FLUID.

ইহাদ্বারা মাংসপেশীর দুর্ব্বলতা দূরীভূত হয়। মনুষ্যদেহে ইহার ব্যবহারে উপকার দৃষ্ট হইয়াছে।

যান্ত্রিক রসের ব্যবহারসম্বন্ধে সাধারণ নিয়ম।

১। এই সকল রস ত্বগন্তর্গত পিচকারিস্বরূপ ব্যবহার করিবে।

২। এই সকল রসে জল যোগ না করিয়াই ব্যবহার করা যায়।

৩। যে স্থানের কোষবিধান সর্ব্বাপেক্ষা প্রসরণশীল সেই অংশেই পিচকারী প্রয়োগ করিবে; তলপেট (abdomen), নিতম্ব এবং উভয় স্কন্ধের মধ্যস্থলে প্রয়োগ করাই শ্রেয়ঃ। যদি সাধারণ প্রণালীতে পিচকারিপ্রয়োগকালে রোগী অধিক কষ্ট বোধ করে, তবে মাংসপেশীর মধ্যদিয়া ত্বকের লম্বভাবে তাহা প্রয়োগ করিবে।

৪। পিচকারিপ্রয়োগের পূর্ব্বে কিঞ্চিৎ কার্ব্বলিক্ লোশন্ লাগাইয়া ত্বকের অনুভবশক্তি নষ্ট করিলে ভাল হয়।

মাত্রা—মাত্রাসম্বন্ধে নিশ্চয় করিয়া কিছুই বলা যায় না। বহুদর্শিতা এবং বিবেচনাশক্তিদ্বারা মাত্রা নিরূপণ করিবে।

৩ হইতে ৭ ঘন সেণ্টিমেটার্ অণ্ডকোষরস প্রত্যহ প্রয়োগ করা যাইতে পারে। প্রত্যহ কিম্বা সপ্তাহে ৩ বার পিচকারী দেওয়া যায়; শেষোক্ত স্থলে দুইটী নলের (tubes) সমস্ত রস দেওয়া যাইতে পারে। এটাক্সিরোগে ১ টী নলের আধের প্রয়োগ করাই সঙ্গত।

এই প্রণালীর চিকিৎসাদ্বারা কত সময়ে উপকার হয়, তাহার কিছুই নিশ্চয়তা নাই। রোগবিশেষে অল্প বা অধিক সময়ে ফল অনুভূত হয়।

এণ্টিটক্সিন্ সলিউশন্, ডিফ্থিরিয়া।

ANTITOXIN SOLUTION, DIPHTHERIA.

যে জন্তুকে ডিফ্থিরিয়ার বীজ (Diphtheria virus) দ্বারা টিকা দেওয়া যায়, তাহার রক্তের সিরামে ইহা প্রাপ্তব্য। ডাং ব্লোমফেল্ড (Dr. Blomfeld) ডিফ্থিরিয়ারোগাক্রান্ত তিন বৎসর বয়স্ক একটী বালকের উরুর মাংসপেশীতে ত্বগন্তর্গত পিচকারীদ্বারা ৮ মিনিম্ এণ্টিটক্সিন্ প্রয়োগ করায়, ২৪ ঘণ্টার মধ্যে অনেক উপশম লক্ষিত হইয়াছিল। ডাং ডি, এম্, ময়ার্ (Dr. D. M. Moir) ২ বৎসর ১০ মাস বয়স্কা ল্যারিঞ্জিয়্যাল্ ডিফ্থিরিয়ারোগাক্রান্তা একটী

বালিকার উদরপ্রাচীরে 20 c. c. এণ্টিটক্সিন্ সলিউশন্, ত্বগন্তর্গত পিচকারী-দ্বারা দিয়াছিলেন। তাহাতে অল্পক্ষণ পরে তাহার সুনিদ্রা এবং শারীরিক উত্তাপের হ্রাস হইয়াছিল। তৎসঙ্গে টিংচার্ অব্ দি পার্ক্লোরাইড্ অব্ আয়রন্ প্রভৃতি ৪ ঘণ্টা অন্তর ৫ মিনিম্ মাত্রায়, আভ্যন্তরিক ব্যবস্থা করা হইয়াছিল; শিশুর জাগ্রতাবস্থায় ৩০০০ ভাগ গ্লিসিরিন্ ও ১ ভাগ পার্ক্লোরাইড্ অব্ মার্কিউরির সলিউশন্ আক্রান্তস্থানে প্রতি ঘণ্টায় লাগাইবার ব্যবস্থা করা হইয়াছিল; এবং দুগ্ধ, ব্রড্স্ এসেন্স্ (Braud's Essence) ও ব্র্যাণ্ডি অল্প সময় অন্তর খাইতে দেওয়া গিয়াছিল। তৎপরদিন তাহার অবস্থার উন্নতি হওয়াতে, পুনরায় 10 c. c. পিচকারী দেওয়া হইয়াছিল; তৃতীয় দিবস তাহার অধিকাংশ ফল্স্ মেম্ব্রেন্ অদৃশ্য ও শারীরিক উত্তাপ অনেক কম হইয়াছিল। চতুর্থ দিবস বালিকা উক্ত ব্যাধিহইতে প্রায় আরোগ্য লাভ করিয়াছিল। তৎপর দিবস উপরোক্ত চিকিৎসার পরিবর্ত্তে সাইট্রেট্ অব্ আয়রন্ ব্যবস্থা করা হইয়াছিল। তিনি উক্ত রোগাক্রান্ত সাড়ে চারি বৎসর বয়স্ক আরও একটী বালকের উদরপ্রাচীরের চর্ম্মে ৪৫ মিনিম্ এণ্টিটক্সিন্ সিরাম্ দুই বার পিচকারী দিয়াছিলেন। ইহাকে অন্য কোন আভ্যন্তরিক কি স্থানিক ঔষধ দেওয়া হয় নাই, এবং পথ্য ও নির্দ্দিষ্ট করিয়া দেওয়া হয় নাই। ইহারও পিচকারী দেওয়ার অল্পক্ষণ পরে সুনিদ্রা হইয়াছিল। তৎপরদিবস বালকের ফল্স্ মেম্ব্রেন্ অদৃশ্য এবং রোগ প্রায় আরোগ্য হইয়াছিল। ডিফ্থিরিয়ার এণ্টিটক্সিন্দ্বারা চিকিৎসাপদ্ধতির প্রচলনের পূর্ব্বে তিনি উক্তরোগাক্রান্ত ৫ বৎসর বয়স্ক একটী বালককে সাধারণ নিয়মে চিকিৎসা করিয়াছিলেন। দুর্ভাগ্যবশতঃ তাহার মৃত্যু হইয়াছিল। ডাঃ এ. এস্. হান্সন্ (Dr. A. S. Hanson) ডিফ্থিরিয়াতে একটী কেসে এণ্টিটক্সিন্দ্বারা চিকিৎসা করিয়া ফল পাইয়াছেন।

টেটেনাস্ এণ্টিটক্সিন্।

TETANUS ANTITOXIN.

ইহার ত্বগন্তর্গত পিচকারীদ্বারা টেটেনাস্ রোগ আরাম হয়। ডাঃ কিনো-টির মতে কিছুকাল ব্যাপিয়া এই চিকিৎসা করিলে রোগ দূরীভূত হয়। একটী

রোগীতে দ্বিতীয় দিবসে শারীরিক উত্তাপ ১০০ ডিগ্রী পর্য্যন্ত বৃদ্ধি পাইয়াছিল। কাহার ও মতে টেটেনাস্‌রোগে ইহাই একমাত্র ভাল ঔষধ। তাহারা বলেন, সত্বর এণ্টিটক্সিনের পিচকারী প্রদান, আক্রান্তস্থান কর্ত্তন, এবং পরবর্ত্তী দুই দিবস পুনঃপুনঃ পিচকারী দেওয়া সঙ্গত। কোন দৈবঘটনাজনিত অপ-রিকার ক্ষতে ইহা টেটেনাসের আক্রমণ নিবারণার্থ ব্যবহার করা যায়।

ত্রয়স্ত্রিংশ অধ্যায়।

INDIGENOUS DRUGS.

দেশীয় ঔষধসমূহ।

ল্যাটিন্।	ইংরেজী।
রাইটিয়া এণ্টিডিসেণ্টেরিকা কর্টেক্স্।	কনেসাই বার্ক্।
Wrightia Antidysenterica Cortex.	Conessi Bark.

কুরচি। ইহা ব্রিটিশ্ ফার্ম্মাকোপিয়ায় গৃহীত হয় নাই।

ইহার ডিককৃশন্ ব্যবহৃত হয়। মাত্রা ১—২ আং।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—সঙ্কোচক ও পর্য্যায়নিবারক। অনেকের মতে ইহা উদরাময়রোগে অত্যন্ত উপকারী। ডিসেণ্টেরি (Dysentery) বা রক্তামাশয়রোগে, ইহাদ্বারা বিশেষ ফল পাওয়া যায়। ৪ আং মূলের বকল ১ পাইণ্ট্ জলে সিদ্ধ করিয়া অর্দ্ধেক থাকিতে নামাইবে; এই ক্বাথ ১—২ আং মাত্রায় ব্যবস্থেয়।

ল্যাটিন্।	ইংরেজী।
বেলি ফ্রাক্টাস্।	বেল্ ফ্রুট্।
Belæ Fructus.	Bael Fruit.

ইহাকে বাঙ্গালায় বেল বলে।

প্রয়োগরূপ—

এক্‌ষ্ট্রাক্টাম্ বেলি লিকুইডাম্।	লিকুইড্ এক্‌ষ্ট্রাক্ট্ অব্ বেল্।
Extractum Belæ Liquidum.	Liquid Extract of Bael.

মাত্রা ১—২ ড্রাম্।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—ভারতবাসীরা বিল্ববৃক্ষের সর্ব্বাংশ ঔষধার্থ ব্যবহার করেন। বিল্বের ফলই অধিক ব্যবহৃত হইয়া থাকে। ইহা অন্ত্রের বলবিধান করে; উদরাময় থাকিলে তাহা নিবারণ, এবং কোষ্ঠবদ্ধ থাকিলে মৃদু বিরেচকের ন্যায় কার্য্য করিয়া থাকে। ইহাতে ট্যানিন্, এক-প্রকার তিক্তপদার্থ, উদ্ভিজ্জাম্ল, গঁদময় ও সুত্রবৎ পদার্থ এবং ব্যাল্‌-সামিক্ প্রিন্সিপ্‌ল্ বিদ্যমান আছে।

ট্যানিন্ এবং ব্যাল্‌সামিক্ পদার্থ পাকা ফলেই অধিক থাকে। ইহার ধারকগুণ নিশ্চয়ই ট্যানিনের উপর নির্ভর করে। ডাং ম্যাক্‌নামারা (Dr. Macnamara) বলেন যে, এই ফলে ব্যাল্‌সাম্ আছে বলিয়া, অন্ত্রের মিউকাস্ মেম্ব্রেনের স্রাব সুস্থাবস্থায় আনয়নপূর্ব্বক অন্ত্রের বলবিধান করে। ইহা সরবত আকারে ব্যবহার করিলে ফল পাওয়া যায়। ইহার ২ আউন্স্ শাঁস লইয়া ৩।৪ আউন্স্ জল এবং মিষ্টদ্রব্য সহযোগে সুস্বাদু সরবত প্রস্তুত করিবে। সম্ভব হইলে বরফের সহিত খাইবে। পাকা ফলের সরবত ধারক, কিন্তু অনিয়-মিত কোষ্ঠবদ্ধ থাকিলে মৃদুবিরেচকের ন্যায় ও কার্য্য করিয়া থাকে। দুর্ব্বল পাকাশয়ে ইহা কখন২ সহ্য হয় না; এরূপাবস্থায় প্রয়োগ করিলে উদরাধ্মান, অম্লোদগার ও ক্ষুধামান্দ্য হইয়া থাকে। তখন ইহা সকাল বেলায় ব্যব-হার না করিয়া বৈকালে ব্যবহার করা বিধেয়। উক্ত অবস্থায় ইহার এক্‌ষ্ট্রাক্ট্ ২।৩ বার দিতে চেষ্টা করিবে।

অন্ত্রের ক্রিয়াবৈলক্ষণ্য (derangement) হইলে, বেল অত্যন্ত উপকারী। হেবিচুয়েল্ কনষ্টিপেশনে, প্রত্যূষে বেলের সরবত পান করিলে কোষ্ঠ পরিষ্কার হইয়া থাকে। স্কার্ভিরোগে ডিস্পেপ্‌সিয়া বর্ত্তমান থাকিলে, ইহা অল্টারেটিভ্ (পরিবর্ত্তক) এবং এণ্টিস্কর্বিউটিক্ গুণহেতু বিশেষ উপকারী। ডাং গ্রাণ্ট্ (Dr. Grant) বলেন যে, বর্ষাকালে বঙ্গদেশবাসী অনেকের অনিয়মিত মলত্যাগ—অর্থাৎ প্রথমে তরল ভেদ এবং পরে কোষ্ঠবদ্ধ—হইয়া থাকে। এরূপ অবস্থায় ইহার সরবত সঙ্কোচকগুণে প্রথমে কোষ্ঠ বদ্ধ করিয়া, তৎপর বিরেচকের ন্যায় কার্য্য করতঃ উপকার দর্শায়; তৎসঙ্গে স্কার্ভিরোগ বিদ্যমান থাকিলে ইহা বিশেষ ফলদায়ক। ডিসেণ্টেরির (Dy-sentery) প্রথমাবস্থায় ইহা ব্যবহার করিলে, তত ফল পাওয়া যায় না;

পুরাতন উদরাময়রোগে বেলদ্বারা কখনং উপকার হইয়া থাকে। ডাং ওডিড্ বলেন, পরিপাকক্রিয়ার দুর্ব্বলাবস্থায় বেল অসহ্য হয় এবং উদরাধ্মান, অম্লোদগার ও ক্ষুধামান্দ্য জন্মে। তখন বেল প্রাতে ব্যবহার না করিয়া শয়নকালে ব্যবহার্য্য।

গোক্ষুর।

GOKHRU.

ইহা পিডেলিয়াম্ মিউরেক্স্ নামক লতার ফল; ভারতবর্ষ এবং অন্যান্য দেশে পাওয়া যায়। ইহা এবং ইহার বীজে প্রচুরপরিমাণে মিউসিলেজ্ আছে।

প্রয়োগরূপ—

ইন্‌ফিউজাম্ গোখ্রু।

Infusum Gokhru.

ইহা নিম্নলিখিতরূপে প্রস্তুত হয়:—

ইহার ১ আং ফল ১ পাইণ্ট্ গরম জলে ২ ঘণ্টা রাখিয়া ছাঁকিয়া লইতে হয়। এই কাণ্ট প্রত্যহ বিভাজিত মাত্রায় সেবন করিতে হয়। প্রত্যহ সেবনের জন্য সদ্য প্রস্তুত করিয়া লইবে।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—মূত্রকারক এবং বলকারক; নানাপ্রকার শোথ এবং গ্র্যাভেল্ রোগে ব্যবহৃত হয়; ভারতবর্ষে গনোরিয়া, রাত্রিকালীন বীর্য্যস্খলন, ফোঁটা ২ প্রস্রাব এবং ধ্বজভঙ্গে ব্যবহৃত হইয়া থাকে।

ট্রিবিউলাস্ টেরেষ্ট্রিস্ নামক ওষধির ফলকে ও ভারতবর্ষে গোক্ষুর বলে। ইহা ও উপরোক্ত গোক্ষুর সদৃশ।

গাইনোকার্ডিয়ি ওলিয়াম্।

GYNOCARDIÆ OLEUM.

ইহাকে চালমুগরাতৈল (Chaulmugra Oil) বলে।

মাত্রা—৫ হইতে ১৫ মিনিম্; দুগ্ধ কিম্বা কড্‌লিভার অয়েলের সহিত আহারের পর।

পাচড়াও দদ্রুরোগে ইহার বাহ্য ব্যবহারে উপকার দর্শে।

ইহার ক্রিয়া প্যাইরোকার্ব্বিক্ এসিড্ নামক বীর্য্যের উপর নির্ভর করে। এতদ্ব্যতীত ইহাতে প্যাল্‌মেটিক্ এসিড্ এবং অন্যান্য মেদময় অম্ল আছে। ম্যাকিউলার, এনেস্থেটিক্ এবং টিউবার্কিউলার্ আকারের কুষ্ঠরোগে, ডাং ইয়ং (Dr. Young) ইহা আভ্যন্তরিক ও বাহ্য ব্যবহার করিতে উপদেশ দেন। পুরাতন একজিমা রোগে, ১ ভাগ উক্ত তৈলে তিন ভাগ ভেসেলিন্ মিশ্রিত করিয়া মলম প্রস্তুত করতঃ ব্যবহার করিলে উপকার দর্শে। থাইসিস্‌রোগে উক্ত তৈল বক্ষে মর্দ্দন করিলে রোগীর শরীরের ভার বর্দ্ধিত হইয়া থাকে। ক্রণিক্ রিউম্যাটিজ্‌ম্ এবং গাউট্‌রোগে ইহা আভ্যন্তরিক ব্যবহার করিলে উপকার দর্শে।

ব্যাল্‌সামাম্ গর্জ্জনি।

BALSAMUM GURJUNÆ.

ইহাকে গর্জ্জনতৈল বলে।

মাত্রা ½—২ ড্রাম্; মিউসিলেজের সহিত দিবসে ২।৩ বার।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—মূত্রকারক ও অল্প উত্তেজক; মূত্রযন্ত্রের শ্লৈষ্মিকঝিল্লির উপর ক্রিয়া প্রকাশ করে; গনোরিয়া, গ্লীট্ ইত্যাদিতে ব্যবহৃত। ইহা ব্যাল্‌সাম্ অব্ কোপেবার পরিবর্ত্তে ব্যবহৃত হয়। গ্লীটরোগে, কেহ২ ইহাকে কোপেবা অপেক্ষা উৎকৃষ্ট মনে করেন। ইহা নানাপ্রকার নিস্তেজ ক্ষতে বাহ্য উত্তেজকস্বরূপ ব্যবহৃত হয়। লেপ্রোসি রোগে, সমপরিমাণ চুণের জলের সহিত ইহার ইমাল্‌শন্ প্রস্তুত করিয়া, অর্দ্ধ আউন্স্ মাত্রায় দিবসে তিনবার সেবন করাইবে এবং মলমস্বরূপ ইহা যথেষ্টপরিমাণে ব্যবহার করাইবে।

ইহার বল্কল কিম্বা ফলের কাথ প্রস্তুত করিবার নিয়ম:—

বল্কল কিম্বা কাঁচা ফল চারি আউন্স্ ও জল দুই পাইণ্ট্ একত্র মিশ্রিত করিয়া মৃদু তাপ দিতে থাকিবে; যখন ১ পাইণ্ট্ অবশিষ্ট থাকিবে, তখন গরম থাকিতে থাকিতে ছাকিয়া লইবে।

মাত্রা ১½—৩ আউন্স্।

এজ্যাডাইরেক্টা ইণ্ডিকা।

AZADIRACHTA INDICA.

ইহাকে বাঙ্গালায় নিম্ববৃক্ষ বলে।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—এই বৃক্ষের প্রত্যেক অংশ, বিশেষতঃ বল্কল অত্যন্ত তিক্ত। বল্কল সঙ্কোচক। ইহার মূল এবং কাণ্ডের বল্কল ও কাঁচা ফল, বলকারক এবং পর্য্যায়নিবারক। ইহার তৈল, বীজ এবং পত্র স্থানিক উত্তেজক, কীটনাশক ও পচননিবারক। ইহার পুষ্প উত্তেজক, বলকারক এবং আগ্নেয়। ইহার গঁদ ডিমাল্‌সেণ্ট্‌ ও টনিক্‌। ইহার তাড়ি (Taddy) স্নিগ্ধতাকারক, পোষক, পরিবর্ত্তক ও বলকারক। ভারতবর্ষে ইহার পত্র নানাবিধ ক্ষত ও টিউমারে পোল্টিস্‌স্বরূপ ব্যবহৃত হয়; বাঘী বসাইবার নিমিত্ত ও ব্যবহৃত হইয়া থাকে। ইহার বল্কল উৎকৃষ্ট তিক্তবলকারক; দেশীয় কবিরাজেরা জ্বরে সুগন্ধদ্রব্যের সহিত মিশ্রিত করিয়া ইহার প্রচুর ব্যবহার করিয়া থাকেন। কোন কোন প্রদেশে ইহার বল্কলের কাথ ক্রিমিনাশক-স্বরূপ ব্যবহৃত হয়। বোধ হয়, ইহার ফলনিষ্পেষিত তৈল ক্রিমিনাশক; দুর্গন্ধযুক্ত ক্ষতে বাহ্য ব্যবহৃত হয়; লিনিমেণ্ট্‌ আকারে রিউম্যাটিক্‌ এবং আক্ষেপিক পীড়াতে ব্যবহৃত হইয়া থাকে। ইহার বল্কল সিঙ্কোনার পরিবর্ত্তে ব্যবহার করা যায়। ডাং ম্যাক্‌নামারা (Dr. Macnamara) ইহার শুষ্ক পত্রের জলীয় সারাংশ, নিক্রোসিসরোগে ব্যবহার করিতে উপদেশ দেন। ইহার তাজা পত্রের কাথ নানাপ্রকার অপায় ও ক্ষত ধৌত করণার্থ মৃদু কার্ব্বলিক্‌ এসিডের ন্যায় পচননিবারকস্বরূপ ব্যবহৃত হয়; প্রসবের পর যোনি প্রক্ষালনের নিমিত্তও ব্যবহৃত হয়। যখন বসন্ত ও জলবসন্তের প্যাশ্চিউল্‌ পাকিয়া যায়, তখন ইহার পাতা বাটিয়া ২৪ ঘণ্টার মধ্যে ২।৩ বার লাগাইলে উপকার হয়। ইহা উত্তেজক ও পচননিবারকের ন্যায় কার্য্য করিয়া থাকে।

আতীস।

ATEES.

ইহা একোনাইটাম্‌ হেটেরোফাইলাম্‌ নামক বৃক্ষের মূল।

ইহার চূর্ণের মাত্রা ৫—২০ গ্রেণ; টিংচারের মাত্রা ১০—৬০ মিনিম্‌।

ইহা বলকারক, পর্য্যায়নিবারক ও কামোদ্দীপক; প্রধানতঃ চূর্ণাকারে ব্যবহৃত হয়; গোলমরিচ চূর্ণের সহিত দিলে উপকার হয়। ইহা ভারতবর্ষের অনেক হাসপাতালে কুইনাইনের পরিবর্ত্তে ব্যবহৃত হইত।

বণ্ডাক্ সিড্ স্।

BONDUC SEEDS.

নাটাফল বা কটকরঞ্জা। ইহা সিসেল্ পাইনিয়া বণ্ডিউসেলা নামক বৃক্ষের বীজ।

মাত্রা ১০—১৫ গ্রেণ।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—তিক্ত, বলকারক, পর্য্যায়নিবারক এবং জ্বরঘ্ন। ইহার ফলের শাঁস চূর্ণ করিয়া, সমপরিমাণ গোলমরিচের সহিত মিশ্রিত করতঃ (Pulvis Bonducellæ Compositus) কম্পজ্বরে ব্যবহার করা হয়। মাত্রা ১৫—৩০ গ্রেণ।

হাইড্রোসিল্ রোগে ইহার চূর্ণ ক্যাষ্টার্ অয়েলের সহিত বাহ্য ব্যবহৃত হয়; সবিরাম জ্বর এবং অন্যান্য প্রকার ম্যালেরিয়াঘটিত ব্যাধিতে কুইনাইনের অভাবে ইহা ব্যবহার্য্য।

ফার্ব্বিটিস্ নিল্।

PHARBITIS NIL.

কালাদানা। ইহা ফার্ব্বিটিস্নামক বৃক্ষের বীজ।

চূর্ণের মাত্রা ৩০—৪০ গ্রেণ। এক্‌ষ্ট্রাক্টের মাত্রা ৫—১০ গ্রেণ।

ক্রিয়া—অমোঘ এবং নিরাপদ বিরেচক; ইহার ক্রিয়া সচরাচর ৯ ঘণ্টার মধ্যে প্রকাশ পায়। ইহা ভারতবর্ষের নানাস্থানে সরকারী ডাক্তার খানায় ব্যবহৃত হইয়া থাকে।

মুডার্।

MUDDAR.

আকন্দ। ইহা ক্যালোট্রপিস্ জাইগ্যান্টিয়া নামক বৃক্ষের মূল, বল্কল এবং ঘনীভূত রস।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—বমনকারক, ঘর্ম্মকারক এবং পরিবর্ত্তক। ২—৫ গ্রেণ মাত্রায় অর্দ্ধ ঘণ্টা অন্তর ব্যবহারে, বিবমিষাজনক ও ঘর্ম্মকারক; এবং কয়েক মাত্রা ব্যবহারের পর মৃদুবিরেচকের ন্যায় কার্য্য করে।

ডিসেণ্টেরিরোগে ইহার মূলচূর্ণ, ইপিকাকুয়ানার পরিবর্ত্তে ব্যবহার করা যায়, কিন্তু দ্বিগুণ মাত্রায় দিতে হয়। ইহা অহিফেন এবং নাইটার্ সহযোগে ডোভার্স্ পাউডারের (Dover's Powder) পরিবর্ত্তে ব্যবহার করিতে পারা যায়। ডাং রয়েল্ (Dr. Royle) ইহা নানাপ্রকার চর্ম্মরোগে, কুষ্ঠরোগের প্রথমাবস্থায় এবং ঔপদংশিকরোগে পরিবর্ত্তকস্বরূপ ব্যবহার করিয়া উত্তম ফল পাইয়াছেন।

আপাঙ্গ।

UPANG.

সংস্কৃতে ইহাকে অপামার্গ বলে।

ক্কাথের মাত্রা ১—২ আউন্স্।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—মূত্রকারক; কিড্নির ব্যাধিজনিত শোথরোগে ব্যবহারে কখনং উপকার হইয়া থাকে। ২ আউন্স্ আপাঙ্গ ১½ পাইণ্ট্ জলে সিদ্ধ করতঃ ১ পাইণ্ট্ থাকিতে নামাইয়া ব্যবহার করিবে।

ভারতবাসীরা নানাপ্রকার বিষাক্তজন্তুর দংশনে ইহা ব্যবহার করিয়া থাকেন। জলাতঙ্ক এবং সর্পাঘাতে ইহার বীজ ব্যবহৃত হয়। উন্মত্তকুক্কুরদষ্ট ব্যক্তিকে ইহার মুকুলিত অগ্রভাগ, চিনির সহিত বটিকাকারে খাইতে দেওয়া হয়। বৃশ্চিক এবং শতপদী (Centipedes) দংশনে, ইহার পাতা বাটিয়া লাগাইলে উপকার হইয়া থাকে।

বচ।

BOCH.

ইহা একোরাস্ ক্যালেমাস্ নামক বৃক্ষের শুষ্ক মূল।

ইহা অল্প তিক্ত ও উত্তেজক; পেটফাঁপা এবং কাশির উপশমকরণার্থ ব্যবহৃত হইয়া থাকে।

কালমেঘ।

KALMEG.

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—তিক্ত ও বলকারক; উদরাময় এবং রক্তাতিসারে ব্যবহৃত হইয়া থাকে। ইহা প্রসিদ্ধ গৃহ-ঔষধ এলোয়ীর প্রধান উপাদান। নানাবিধ বায়ুনাশক ঔষধ এবং ইহার পত্রের রসে বটিকা প্রস্তুত করতঃ রৌদ্রে শুষ্ক করিয়া লইলে এলোয়ী প্রস্তুত হয়। শিশুদের পরিপাকের ন্যূনতাহেতু পেটফাঁপা ও উদরাময় হইলে, ইহা আদরে ব্যবহৃত হইয়া থাকে।

চিনাবাদাম।

CHINA-BADAM.

ইহার তৈল অলিভ্ অয়েলের পরিবর্ত্তে ব্যবহার করা যায়।

ক্রিয়া—মৃদুবিরেচক এবং এমোলিয়েণ্ট্। ইহার বীজ ভাজিয়া খাইতে বড় সুস্বাদু।

তেওড়ি।

TEORIE.

ইহা আইপোমিয়া-টার্পিথেম্ নামক বৃক্ষের শুষ্ক মূলের বল্কল।

চূর্ণের মাত্রা ২০—৪০ গ্রেণ।

কবিরাজেরা চিনির সহিত মিশাইয়া ২০ গ্রেণ মাত্রায় ব্যবহার করেন। ইহা ব্যবহারে ২।৩ ঘণ্টার মধ্যেই ২।৩ বার দাস্ত হয়। ইহাতে পেটকামড়ানি, বিবমিষা, বমন ইত্যাদি উপদ্রব হয় না।

পলাশপাঁপড়া।

PULUSPUPRA.

ইহা বিউটিয়া ফ্রণ্ডোসা বা পলাশবৃক্ষের বীজ।

ইহার বল্কলহইতে নিঃসৃত গঁদ কাইনোর মত ক্রিয়া করে। ইহাতে প্রচুরপরিমাণে গ্যালিক্ এবং ট্যানিক্ এসিড্ আছে। পুরাতন উদরাময়রোগে ২।৩ গ্রেণ মাত্রায় ব্যবহার করিলে, ধারকের ন্যায় ক্রিয়া প্রকাশ করে। ইহা বাহ্যপ্রয়োগে সঙ্কোচক। ইহার বীজ প্রবলক্রিমিনাশক এবং তদ্‌গুণবিশিষ্ট অন্যান্য পদার্থের সহিত ব্যবহৃত হইয়া থাকে।

সোমরাজ।

SOMRAZ.

ইহা কোনাইজা এন্থেল্‌মিণ্টিক্ নামক বৃক্ষের বীজ।

চূর্ণের মাত্রা ২০ গ্রেণ।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—তিক্ত, প্রবল ক্রিমিনাশক এবং মূত্র-কারক। চুলের উকুন নষ্ট করিবার জন্য ইহার চূর্ণ লেবুর রসের সহিত ব্যবহৃত হয়। স্কেবিজে (পাঁচড়া) ইহা তৈলের সঙ্গে ব্যবহৃত হয়।

ইন্দ্রযব।

INDRAJAB.

ইহা রাইটিয়া এণ্টিডিসেণ্টেরিয়া নামক বৃক্ষের বীজ। ইহা কৃমিনাশক; তদ্‌গুণবিশিষ্ট অন্যান্য ঔষধের সহিত ব্যবহৃত হয়।

অশোক।

ASOKA.

কবিরাজেরা জরায়ুর নানাপ্রকার ব্যাধিতে, বিশেষতঃ মেনোরেজিয়ারোগে ইহার বল্কলের ক্বাথ, দুগ্ধের সহিত ব্যবহার করিয়া থাকেন। ডাং ওয়ারিং (Dr. Waring) বলেন, তিনি অর্শরোগহেতু পুনঃ পুনঃ রক্তস্রাবে ইহা ব্যবহারে উত্তম ফল পাইয়াছেন। ইহার পুষ্প জলের সহিত বাটিয়া, হেমা-রেজিক্ ডিসেণ্টেরিতে ব্যবহার করা হয়।

আঙ্গুর।

ANGUR.

ইহা ভাইটিস্ ভিনিফেরা নামক বৃক্ষের পক্ক ফল। ইহাকে ইংরেজীতে গ্রেপ্ (Grape) বলে। ইহার শুষ্ক ফলকে মনাক্কা বলে। ইহাই ঔষধার্থে ব্যবহৃত হয়।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—ইহা ডিমাল্‌সেণ্ট্, মৃদুবিরেচক, মিষ্ট এবং ঠাণ্ডা; পিপাসা, শারীরিক উত্তাপ, কাশি, স্বরভঙ্গ এবং যক্ষ্মাকাশে ব্যবহার্য্য। মুসলমান হ্যাকিমেরা বলেন, মনাক্কা এবং আঙ্গুর রক্তপরিষ্কার এবং রক্তের পরিমাণ ও গুণের উন্নতিসাধন করিয়া থাকে। যতপ্রকার ফল আছে, তন্মধ্যে ইহা সর্ব্বাপেক্ষা সহজে পরিপাক হয়। কাঁচা আঙ্গুরের রস সঙ্কোচকস্বরূপ ব্যবহৃত হয়; কণ্ঠনালীর ব্যাধিতে ব্যবহার্য্য। ইহার পত্র সঙ্কোচক বলিয়া কখন কখন উদরাময়ে ব্যবহৃত হয়।

রিঠা।

RITHA.

সাপিণ্ডাস্ ট্রাইফোলিয়েটাস্ নামক বৃক্ষের ফল। ইংরেজীতে ইহাকে সোপ্‌নাট্ (Soap-nut) বলে।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—ইহা উষ্ণকারক, শুষ্ককারক ও বলকারক। কলিক্‌রোগে ইহার চূর্ণ ৪ গ্রেণ মাত্রায় সরবত কিম্বা মদের সহিত ব্যবহৃত হয়। যদি কোন ব্যক্তি বিষাল সরীসৃপদ্বারা দষ্ট হয়, তবে ইহার একটী ফল জলে ঘসিতে ঘসিতে সাবানের মত ফেণা উঠিলে, তাহা ছাকিয়া লইয়া ব্যবহার করিলে উপকার হয়। উদরাময় এবং বিসূচিকা রোগে এইপ্রকার চিকিৎসায় উপকার হইয়া থাকে; হেমিক্রেনিয়া, হিষ্টিরিয়া এবং এপিলেপ্সি রোগেও উপরোক্ত প্রকারে ব্যবহারে উপকার দর্শে। কোন ব্যক্তি মূর্চ্ছাদ্বারা অচেতন হইলে, তাহার চৈতন্যসম্পাদনার্থ ইহার ৩। ৪ গ্রেণ নস্যাকারে ব্যবহার করিতে পারা যায়। শির্কার সহিত ইহার প্রলেপ প্রস্তুত করিয়া, বিষালসরীসৃপদষ্ট, কিম্বা স্ক্রফিউলাবশতঃ স্ফীত স্থানে ব্যবহার করিলে

উপকার হয়। ইহার মূল কফনিঃসারক; শাঁস ইপিকাকুয়ানার ন্যায় বমনকারক বলিয়া তৎপরিবর্ত্তে ব্যবহৃত হইতে পারে। ইহার বীজের শাঁস এমিনোরিয়ারোগে জরায়ুকে উত্তেজিত করিবার নিমিত্ত পেসারি আকারে ব্যবহৃত হয়।

জঙ্গলীবাদাম।

JANGLI-BADAM.

ইহা কেনেরিয়াম্ কমিউন্ নামক বৃক্ষের ফল।

ইহার গঁদ ব্যাল্সাম্ অব্ কোপেবার ন্যায় ক্রিয়া করে। ইহা মলমাকারে নিস্তেজ ক্ষতে লাগান যাইতে পারে। ইহার শাঁসনিসৃত তৈল বাদামতৈলের পরিবর্ত্তে ব্যবহার করিতে পারা যায়।

কনকচাম্পা।

KANOC-CHAMPA.

ইহার পত্র, বল্কল ও ফুল গ্রহণীয়। ইহার পত্রে যে ক্ষুদ্র ক্ষুদ্র লোম আছে, তাহা রক্তরোধক; ইহার ফুল বলকারক।

উলটকম্বল।

ULAT KAMBAL.

ইহা এব্রোমা অগষ্টা নামক বৃক্ষের মূলের বল্কল।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—ইহা রজোনিঃসারক; রজোলোপ (*Amenorrhœa*), রজের অনিয়মিততা, এবং রক্তাধিক্য ও স্নায়বীয় কারণবশতঃ কষ্টরজে (Dysmenorrhœa) ইহাদ্বারা উপকার দর্শে। ইহা ঋতুশোণিত নিয়মিত এবং জরায়ুকে সবল করে; ইহার ১৪।১৫ গ্রেণ ও কএকটী গোলমরিচ জল দিয়া বাটিয়া ঋতুর তিন দিন পূর্ব্বহইতে প্রত্যহ প্রাতে শূন্যোদরে একবার করিয়া সেবন করিবে। জরায়ুর পীড়া এবং ঋতুর বৈলক্ষণ্যবশতঃ বন্ধ্যাত্ব (Sterility) হইলে, উপরোক্তপ্রকারে উলটকমল ব্যবহার করিলে উপকার হয়। এরূপ চিকিৎসায় প্রথমবারে উপকার না

হইলে বার বার উক্তনিয়মে চিকিৎসা করিবে। ইহার রসের মাত্রা ½ ড্রাম্। উল্লিখিত বৃক্ষের সদ্য পত্র এবং ডাঁটার, (শীতল জলে প্রস্তুত করা) ইন্‌ফিউশন্ গনোরিয়ারোগে উত্তম ডিমাল্‌সেণ্টের ন্যায় কার্য্য করিয়া উপকার দর্শায়। এমিনোরিয়া এবং ডিস্মেনোরিয়ারোগে উলটকমল, সাল্‌ফেট্ অব্ আয়রন্, এসাফিটিডা, মার্ এবং এলোজ্ প্রত্যেক ১ গ্রেণ লইয়া বটিকাকারে দিবসে তিনবার ব্যবহার করিলে উপকার হয়। গনোরিয়া এবং লিউকোরিয়ারোগে ও ইহা ব্যবহার্য্য।

ফলসা।

PHALSA.

ইহা গ্রুয়িরিয়া এসিয়েটিকা নামক বৃক্ষের ফল। এই গাছের ফল, বল্কল পাতা এবং মূল ব্যবহৃত হয়। ইহার ফল সঙ্কোচক, শৈত্যকারক ও আগ্নেয়। ইহাদ্বারা উত্তম সরবত প্রস্তুত হয়। প্যাশ্চিউলার্ ইরাপ্‌শনে, ইহার পত্রের বাহ্যপ্রয়োগ হইয়া থাকে। ইহার বল্কলের ইন্‌ফিউশন্ ডিমাল্‌সেণ্ট্‌স্বরূপ ব্যবহৃত হয়।

সর্ষপ।

SARSON.

ইহাকে বাঙ্গালায় সরিষা বলে। ইহার তৈল কর্পূরের সহিত মিশ্রিত করিয়া, মাস্কিউলার্ রিউম্যাটিজ্‌ম্, ষ্টিফ্‌নেক্ ইত্যাদিতে মর্দনস্বরূপ ব্যবহার করা হয়। প্রত্যুগ্রতাসাধনার্থ ইহার চূর্ণ, গরম জলের সহিত পোল্টিস্ আকারে ব্যবহৃত হয়। ব্রঙ্কাইটিস্‌রোগে, ইহার তৈল বক্ষের মর্দনস্বরূপ মাষ্টার্ডের স্থায় ব্যবহৃত হইয়া থাকে; কিন্তু ইহা মৃদুক্রিয় ও অল্প ফলপ্রদ।

রাই সর্ষপ।

RAI-SARSON.

ইহার ক্রিয়া ও ব্যবহার মাষ্টার্ডের মত; তৎপরিবর্ত্তে (বিশেষতঃ মাষ্টার্ড্ পোল্টিস্‌স্বরূপ) ব্যবহৃত হয়, আক্ষেপজনক, স্নায়বীয় এবং রিউম্যাটিজ্‌ম্-

জনিত ব্যাধিতে স্থানিক ব্যবহৃত হইয়া থাকে। আভ্যন্তরিক ব্যবহারে, ইহা আগ্নেয়। ইহার বমনকারক গুণও আছে।

মূলা।

MULA.

ইহাকে ইংরেজীতে র‍্যাডিশ্ (Radish) বলে। ইহার বীজ, মূল এবং রস ঔষধস্বরূপ ব্যবহৃত হয়; বীজ মূত্রকারক, মৃদুবিরেচক এবং অশ্মরীনাশক; এবং মূল মূত্রযন্ত্রের ব্যাধি ও উপদংশজনিত রোগে ব্যবহৃত হয়। কেহ কেহ বলেন, ইহার রজোনিঃসারক গুণও আছে। গনোরিয়ারোগে ইহার বীজ ১ ড্রাম মাত্রায় ব্যবহার্য্য। ইহার মূল, অর্শ এবং গ্যাষ্ট্রোডিনিয়ারোগে ব্যবহৃত হইয়া থাকে। ইহার পত্রের রস, মূত্রকারক ও মৃদুবিরেচকস্বরূপ ব্যবহৃত হয়।

মুতা এবং নাগরমুতা।

MOOTA, NAGORE MOOTA.

মুতা এবং নাগরমুতা বঙ্গবাসীদের সাধারণ গার্হস্থ্য ঔষধ। ইহারা (বিশেষতঃ নাগরমুতা) বলকারক, মূত্রকারক ও ঘর্ম্মকারক। মুতার ইন্‌ফিউশন্ নানাবিধ জ্বরে ডিমাল্‌সেণ্ট্‌স্বরূপ ব্যবহৃত হইয়া থাকে। কবিরাজেরা উদরাময় ও নানাপ্রকার আমাশয়ে ইহার প্রচুর ব্যবহার করিয়া থাকেন।

বিহিদানা।

BEHEEDANA.

ইহা সাইডোনিয়া ভাল্‌গেরিস্ নামক বৃক্ষের বীজ। ইহা ডিমাল্‌সেণ্ট্, বলকারক এবং সংস্কারক। হ্যাকিমেরা ইহা অত্যন্ত ব্যবহার করিয়া থাকেন। ইহাতে প্রচুরপরিমাণে মিউসিলেজ্ আছে বলিয়া ইহা ডিমাল্‌সেণ্ট্ ও এমোলিয়েণ্ট্; মিউসিলেজ্ অব্ একেশিয়ার ন্যায় ব্যবহৃত হয়; গনোরিয়া ও ডিসেণ্টেরীতে ইহার ব্যবহার আছে।

ইসপগুল।

ESUPGOOL.

ইহা প্ল্যাণ্টেগো ইস্পাঘুলা নামক বৃক্ষের বীজ। ইহার চূর্ণের মাত্রা ২—১২ ড্রাম, চিনির সহিত ব্যবস্থা করিবে। ইহা ঠাণ্ডা কিম্বা গরম জলে ভিজাইয়া রাখিলে প্রচুরপরিমাণে মিউসিলেজ্ পাওয়া যায়। ইহা এমোলিয়েণ্ট্ এবং ডিমাল্‌সেণ্ট্; পুরাতন ডায়েরিয়া ও ডিসেণ্টেরী এবং অন্ননালীর শ্লৈষ্মিকঝিল্লির নানাপ্রকার রোগে ব্যবহার্য্য; প্রমেহরোগেও ব্যবহৃত হইয়া থাকে।

সালেপমিশ্রি।

SALEP-MISREE.

ইহা পোষক এবং ডিমাল্‌সেণ্ট্। দুর্ব্বল ব্যক্তিদের (বিশেষতঃ দুর্ব্বল ও পীড়িত শিশুদের) খাদ্যস্বরূপ সাগুর পরিবর্ত্তে ব্যবহৃত হইয়া থাকে। দেশীয় কবিরাজেরা বলেন, ইহার কামোদ্দীপক গুণ আছে।

ইহার ক্বাথ নিম্নলিখিতরূপে প্রস্তুত করিতে হয়:—সালেপমিশ্রিচূর্ণ ১ ড্রাম্ ও জল ৮ আউন্স্ লইয়া সিদ্ধ করতঃ ছাঁকিয়া লইবে। মাত্রা যথেচ্ছা।

ক্ষেতপাপড়া।

KHET-PAPRA.

এই উদ্ভিদের সর্ব্বাংশ বলকারক ও জ্বরঘ্ন। ইহা নানাপ্রকার জ্বরে ব্যবহৃত হইয়া থাকে।

চাউল।

CHAUL.

ইহা ওরাইজা সেটাইভা নামক ওষধির বীজ; বঙ্গদেশের প্রধান খাদ্য। ইহা অত্যন্ত পুষ্টিকর; ইহার বিরেচক গুণ নাই বলিয়া, উদরাময়ের প্রবণতা থাকিলে ব্যবহার্য্য। ইহার ডিকক্‌শন্ (Rice-water) নানাপ্রকার জ্বরে এবং অন্ত্র, ফুস্‌ফুস্ ও কিড্‌নির প্রাদাহিক ব্যাধিতে উত্তম পুষ্টিকর পানীয়স্বরূপ ব্যবহৃত হয়।

কাথ প্রস্তুত করিবার প্রণালী :—৪ আউন্স্ পরিষ্কার চাউল ও ৪ পাইন্ট্ জল একত্রে ফুটাইয়া অর্দ্ধ থাকিতে ছাকিয়া লইবে।

মাত্রা—যথেচ্ছা।

বিড়ঙ্গ।

BIRANG.

ইহা এম্বেলিকা রিবিস্ নামক বৃক্ষের ফল।

মাত্রা ১—৪ ড্রাম্ ; দুগ্ধের সহিত অতি প্রত্যূষে সেব্য ; কিছুক্ষণ উপবাসের পর ১ মাত্রা ক্যাষ্টার্ অয়েল্ দিবে। ইহা টেপ্‌ওয়ার্মে ব্যবহার্য্য।

জোয়ান।

JOAN.

ইহা টাইকোটিস্ আজোয়াইন্ নামক বৃক্ষের বীজ। ইহা সুগন্ধ ও কটু ; ভারতবর্ষে ফ্ল্যাটিউলেন্ট্ কলিক্‌রোগে প্রচুর ব্যবহৃত হয়। ইহা ব্যবহারে, পেট-ফাঁপা, বুকজ্বালা, শূলবেদনা ও অন্ত্রের বেদনা নিবারিত, পরিপাকশক্তি ও ক্ষুধা বর্দ্ধিত এবং আলস্য ও অনিদ্রা তিরোহিত হইয়া, রোগী বলবান ও হৃষ্টপুষ্ট হয়। ইহার চুয়ান জলকে ওমাম্ ওয়াটার্ (Omum water) বলে। মাত্রা ১—২ আং।

বাকস।

BAWKASH.

ইহা এডাটোডা ভেসিকা নামক উদ্ভিদ। ইহার সর্ব্বাংশ অম্ল সুগন্ধি ও ঈষৎ তিক্ত ; ইহা কফনিঃসারক ও আক্ষেপনিবারক। দেশীয় কবিরাজেরা তরুণ ও পুরাতন ব্রঙ্কাইটিস্, নিউমোনিয়া এবং যক্ষ্মাকাশে ইহা অতি প্রশংসার সহিত ব্যবহার করিয়া থাকেন। ইহা ব্যবহারে জ্বর, কাশি এবং বক্ষোবেদনা উপশমিত ও শ্লেষ্মা বহির্গত হইয়া থাকে। ইহা সর্দ্দি ও কাশির গার্হস্থ্য ঔষধ। আক্ষেপনিবারক গুণ থাকাপ্রযুক্ত ইহা এজ্‌মা, ইন্‌ফ্যাণ্টাইল্ এবং পিউর্পেরাল্ কন্‌ভাল্‌শন্, এপিলেপ্সি ও টেটেনাস্ ইত্যাদিতে ব্যবহৃত হইয়া থাকে। পাতার রসের মাত্রা ১ ড্রাম্, দিবসে ২ বার।

পুনর্নবা।

PUNARNAVA.

ইহা একপ্রকার তৃণ। ইহা উৎকৃষ্ট মূত্রকারক, আগ্নেয় ও বিরেচক। ইহা সকলপ্রকার শোথের উৎকৃষ্ট ঔষধ ; ইহার "শোথঘ্ন" নামদ্বারাও এবিষয় অনুমিত হয়। মূত্রকারকগুণ থাকাপ্রযুক্ত, ইহা কামলারোগে ব্যবহৃত হইয়া থাকে। ইহা ব্যবহারে রক্তস্থিত পিত্ত বহির্গত হইয়া যায়।

তেঁতুল্।

TAMARIND.

ইহা টেমারিণ্ডাস্ নামক বৃক্ষের পক্ক ফল। পাকা তেঁতুল শৈত্যকারক, বায়ুনাশক, পাচক ও মৃদুবিরেচক। ইহা পিত্তের বৈলক্ষণ্যজনিত গা জ্বালা, কোষ্ঠবদ্ধ ইত্যাদিতে এবং সুরা, ধুতুরা ও অন্যান্য মাদক ঔষধজনিত বিষাক্ততায় ব্যবহার্য্য। ইহার পক্ক বীজের শাঁস বা পত্রের পোল্টিস্, প্রদাহিত স্ফীততায় লাগাইলে উপকার হয়। হ্যাকিমেরা মনে করেন যে ইহার শাঁসের সঙ্কোচক ও মৃদুবিরেচক গুণ আছে এবং পিত্তজনিত বমন নিবারণার্থ ইহা ব্যবহার করিয়া থাকেন। ইহা বিরেচকস্বরূপ অন্য তরল পদার্থের সহিত মিশ্রিত করিয়া দিবে। তেঁতুলের পত্র জলের সহিত বাটিয়া ছাঁকিয়া লইলে, একপ্রকার অম্ল দ্রবপদার্থ পাওয়া যায় ; পিত্তজনিত জ্বর, প্রস্রাবের জ্বালা ইত্যাদিতে তাহা ব্যবহার্য্য। ব্লিডিং পাইল্‌স্ ও ডিসেণ্টেরীরোগে ইহার পত্রের রস আভ্যন্তরিক সেবন করিলে বেশ উপকার হয়। তেঁতুল গাছের ছাল সঙ্কোচক ও বলকারক।

হরীতকী।

HARREETUKEE.

ইহা টার্মিনেলিয়া চেবিউলা নামক বৃক্ষের ফল। ইহার অপক্ক শুষ্ক ফলকে জাঙ্গি হরীতকী বলে। ইহার চূর্ণের মাত্রা ১—২ ড্রাম্, অল্প মধুর সহিত সেব্য। ইহা বিরেচক। ইহা ব্যবহারে পেটকামড়ানি বা বমন হয় না। ইহা "ত্রিফলার" মধ্যে একটী ফল। বড় হরীতকী বিরেচক। পক্ক হরীতকী

সঙ্কোচক; ইহা খদিরাসহযোগে মুখের একথি নামক ক্ষতে ব্যবহার করিলে উপকার দর্শে। হরীতকী ৬টী, দারুচিনি বা লবঙ্গ ১ ড্রাম্, এবং জল অথবা দুগ্ধ ৪ আউন্স্ একত্র ১০ মিনিট্ কাল ফুটাইবে। পরে ছাকিয়া শীতল করতঃ পূর্ণবয়স্ককে সেবন করাইলে ৩। ৪ বার ভেদ হয়।

বহেড়া।

BEHEYRA.

ইহা টার্মিনেলিয়া বেলারিকা নামক বৃক্ষের ফল।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—মৃদুবিরেচক, সঙ্কোচক, আগ্নেয় এবং বলকারক; অজীর্ণ, উদরাময় ইত্যাদিরোগে ব্যবহৃত হয়।

আমলা বা আমলকী।

AMLA OR AMLUKI.

ইহা এম্ব্লিকা অফিসিনেলিস্ নামক বৃক্ষের শুষ্ক ফল। অপক্ক ফল অম্ল, স্নিগ্ধতাকারক এবং মৃদুবিরেচক বলিয়া পিত্তজনিত ব্যাধি এবং বিবমিষাতে আভ্যন্তরিক ব্যবহৃত হয়। কেহ কেহ বলেন, যে ডায়েবেটিসে ইহা ব্যবহারে উপকার দর্শিয়া থাকে। শুষ্ক ফল এবং বল্কল সঙ্কোচক। ইহার শুষ্ক ফলের মোরব্বা প্রস্তুত হয়। আমলা স্কাভি, অজীর্ণ এবং উদরাময়রোগে ব্যবহার্য্য। ভারতবর্ষীয়া স্ত্রীলোকেরা ইহার শুষ্ক ফল সাবানের পরিবর্ত্তে মাথায় ঘসিয়া থাকেন। তাহাতে তাহাদের কেশ পরিষ্কৃত এবং সুরভি হয়। কূপের জল অপরিষ্কার হইলে, ইহার কোমল শাখা উক্ত জলে দিলে তাহা পরিষ্কার হইয়া থাকে।

ত্রিফলা।

TREFOLLA.

হরীতকী ১ ভাগ, বহেড়া ২ ভাগ, এবং আমলা ৪ ভাগ লইয়া জলে সিদ্ধ করিলে ত্রিফলাজল প্রস্তুত হয়। শ্বেতপ্রদর, প্রমেহ ইত্যাদি রোগে ইহার পিচকারী দিলে এবং মুখের ক্ষত ও দন্তশূলে কুলি করিলে উপকার হইয়া থাকে।

হরীতক্যামলকবিভীতকানি ত্রিফলা।
ত্রিফলা কফপিত্তঘ্নী মেহকুষ্ঠবিনাশিনী।
চক্ষুষ্যা দীপনী চৈব বিষমজ্বরনাশিনী॥

হরীতকী, আমলকী ও বহেড়াকে ত্রিফলা বলে। ত্রিফলাদ্বারা কফ, পিত্ত, মেহ ও কুষ্ঠরোগ নাশ হয়; বিশেষতঃ ইহাতে চক্ষুর দৃষ্টিপ্রসন্নতা জন্মায় এবং ইহা জঠরাগ্নিদীপনী ও বিষমজ্বরনাশিনী।

ত্রিকটু।

TRICOTU.

পিপ্পলীমরিচশৃঙ্গবেরাণি ত্রিকটুকম্।
ত্র্যূষণং কফমেদোঘ্নং মেহকুষ্ঠত্বগাময়ান্।
নিহন্যাদ্দীপনং গুল্মপীনাগ্ন্যল্পতামপি॥

পিপ্পলী, গোলমরিচ ও শুণ্ঠীকে ত্রিকটু বলে। ত্রিকটু কফ, মেদ, মেহ, কুষ্ঠ, চর্ম্মরোগ, গুল্ম, পীনস অর্থাৎ নাসাস্রাব ও মন্দাগ্নির নাশক এবং ক্ষুধাবর্দ্ধক।

সুশ্রুত, সূত্রস্থান,
অষ্টাত্রিংশ অধ্যায়।

রসোত।

ROSOUT.

ইহা বার্ব্বেরিস্ লাইসিয়াম্ এবং তজ্জাতীয় অন্যান্য বৃক্ষের মূল, কাণ্ড এবং শাখাহইতে প্রাপ্ত জলীয় সার (Watery extract)। ইহার বীর্য্যের নাম বার্ব্বেরাইট্।

মাত্রা ১০—২০ গ্রেণ।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—বলকারক, পর্য্যায়নিবারক এবং মৃদু-বিরেচক; নানাপ্রকার পর্য্যায়জ্বরে ২ ড্রাম্ মাত্রায় জলের সহিত ৩।৪ বার

দেওয়া যাইতে পারে। পুরাতন চক্ষুঃপ্রদাহে (Chronic Ophthalmia) রসোত অহিফেন এবং ফট্‌কিরির সহিত প্রলেপস্বরূপ অক্ষিপুটে ব্যবহৃত হয়।

গোলঞ্চ।

GOLUNCHA.

ইহার মূল, কাণ্ড ও পাল ঔষধার্থে ব্যবহৃত হয়। ইহার পাল শ্বেতবর্ণ, তিক্ত ও ময়দার ন্যায় চূর্ণ।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—মূত্রকারক, বলকারক, পর্য্যায়নিবারক এবং পরিবর্ত্তক। ইহার এক্‌ষ্ট্রাক্ট্, টিংচার্, ইন্‌ফিউশন্ ও ডিককৃশন্ ব্যবহৃত হয়। ১ আং গোলঞ্চ খণ্ডং কাটিয়া কোন আবৃত পাত্রে ১০ আউন্স্ শীতল জলে ৩ ঘণ্টা ভিজাইয়া রাখিয়া ছাকিয়া লইতে হয়। মাত্রা ১—৪ আউন্স্, দিবসে ৩ বার সেব্য। পালাজ্বর, শোথ, যকৃৎসংসৃষ্ট পুরাতন জ্বর ইত্যাদিতে ব্যবহৃত হয়। ইহা সার্সাপ্যারিলার পরিবর্ত্তে পুরাতন বাত এবং ঔপদংশিক-ব্যাধিতে ব্যবহার করিলে উপকার দর্শে। গনোরিয়ারোগে ইহার টাটকা শিকড় পর্য্যষিত অন্ন (Stale rice), গুয়েল এবং চিনির সঙ্গে মিশাইয়া পান করিলে উক্ত রোগের মূত্রত্যাগকালীন যন্ত্রণা উপশমিত হইয়া থাকে।

কণ্টকলিকা।

KANTA-KOLIKA.

ইহা এষ্টারেকান্থা লঙ্গিফোলিয়া নামক বৃক্ষের মূল।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—বলকারক ও মূত্রকারক; নানা-প্রকার শোথ এবং অশ্মরী (grovel) রোগে ব্যবহৃত হয়। ১ আউন্স্ কণ্টকলিকামূল ১ পাইন্ট্ জলে সিদ্ধ করিয়া ১৪ আউন্স্ থাকিতে নামাইবে এবং ছাঁকিয়া ব্যবহার করিবে।

মাত্রা ½—১½ আউন্স্, দিবসে ৩ বার সেব্য।

নালিতাপাতা।

NALITAPATA.

ইহা কর্কোরাস্ ক্লাইটোরিয়াস্ নামক বৃক্ষের শুষ্ক পত্র।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—তিক্ত, বলকারক, আগ্নেয় এবং অম্ল-ত্তেজক; অজীর্ণ, অরান্তে দুর্ব্বলতা, পুরাতন জ্বর ইত্যাদিতে ব্যবহৃত হয়। ½—২ আউন্স্ নালতে পাতা ১০ আউন্স্ শীতল জলে ১ ঘণ্টা ভিজাইয়া ইন্‌ফিউশন্ প্রস্তুত করিতে হয়। মাত্রা ১—২ আউন্স্। রক্তামাশয়ের পরে দুর্ব্বলতা থাকিলে ইহার ঠাণ্ডা ইন্‌ফিউশন্ ব্যবহারে ক্ষুধা এবং বল বর্দ্ধিত হইয়া থাকে।

পিপুল।

PIPOOL.

পাইপার্ লঙ্গাম্ নামক বৃক্ষের শুষ্ক ফল।

চূর্ণের মাত্রা ২—৮ গ্রেণ।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—উত্তেজক, বায়ুনাশক ও মূত্রবিরেচক। সর্দ্দিতে মধুর সহিত পিপুলচূর্ণ ব্যবহার করিলে উপকার হয়। বায়ুজনিত কলিক্ রোগে পিপুলচূর্ণ, গোলমরিচ ও আর্দ্রক একত্র বাটিয়া খাইলে উপকার দর্শে।

শজিনা।

SEJEENA.

ইহা মরিঙ্গা টেরিগোস্পার্মা নামক বৃক্ষের সদ্য মূল। ইহার আস্বাদ এবং রাসায়নিক উপাদান বিলাতী হর্স্‌র্যাডিশের ন্যায়।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—ইহা উত্তেজক এবং মূত্রকারক; স্থানিক প্রয়োগে প্রদাহজনক। দেশীয় চিকিৎসকেরা ইহার তাজা শিকড় প্যারালিসিস্, হিষ্টিরিয়া এবং মৃগিরোগে ব্যবহার করিয়া থাকেন। পুরাতন বাতরোগে ইহা রুবিফেশিয়েণ্ট্ স্বরূপ বাহ্য ব্যবহৃত হয়। ইহার বীজের তৈল ও উক্ত উদ্দেশ্যে ব্যবহৃত হয়।

নির্ম্মলী।

NIRMALEE.

ইহা ষ্ট্রিক্‌নস্ পোটেটোরাম্ নামক বৃক্ষের বীজ।

এই বৃক্ষের পক্ক শুষ্ক বীজ জল পরিষ্কার করিবার জন্য ব্যবহৃত হয়। ইহার একটী বীজ কোন জলপূর্ণ কলসমধ্যে ১। ২ মিনিট্ ঘসিলে তাহার অপরিষ্কার জল নির্ম্মল হয়।

গন্ধবিরোজা।

GANDHABEROZA.

পাইনস্ লঙ্গিফোলিয়া নামক বৃক্ষের কাণ্ড কর্ত্তন করিয়া ইহা প্রাপ্ত হওয়া যায়। ইহা একপ্রকার নির্য্যাস। ইহার ক্রিয়া টার্পেণ্টাইনের ন্যায়। স্থানিক প্রয়োগে ইহা উত্তেজক ও উগ্রতাসাধক। গন্ধবিরোজা ১ ভাগ, পীত মোম ১ ভাগ এবং তিলের তৈল ২ ভাগ একত্রে অগ্নিতাপে গলাইয়া ইহার মলম প্রস্তুত করা হয়। ইহা পুরাতন ক্ষতে উত্তেজকস্বরূপ ব্যবহৃত হয় এবং বাগীতে লাগাইলেও উপকার দর্শে।

ঘৃতকুমারী।

GHRITO-KUMAREE.

ইহা এলো ইণ্ডিকা এবং তজ্জাতীয় অন্যান্য বৃক্ষের নিষ্পেষিত শুষ্ক রস। ইহা বিরেচক, এলোজের পরিবর্ত্তে ব্যবহৃত হয়। ইহার তাজা পত্রনিঃসৃত মিউসিলেজ্ গনোরিয়ারোগে স্নিগ্ধতাকারকস্বরূপ ব্যবহৃত হয়।

জৈস্তি।

JOINTE.

ইহা ইস্‌চিনোমিনি সেস্‌ব্যান্ নামক বৃক্ষের পত্র। জৈস্তিপত্র উষ্ণজলের সহিত বাটিয়া পুল্টিস্ প্রস্তুত করতঃ অণ্ডকোষপ্রদাহ, হাইড্রোসিল্, পা বা হাতের গোদ ইত্যাদি রোগে শোষক ও বেদনা নিবারকস্বরূপ ব্যবহৃত হয়।

ঘেঁটু বা ভাঁট।

GHENTOO.

ইহার তাজা পত্রের রস কৃমিনাশক, বলকারক ও অরয়স্বরূপ ব্যবহৃত হয়। ম্যালেরিয়াজনিত জ্বরে ইহা শিশুদের পক্ষে উপযোগী। কলিক্‌রোগে ইহার মূল কিছু সরাপ কিম্বা দুগ্ধের সহিত মিশ্রিত করিয়া আভ্যন্তরিক ব্যবহার করিলে তাহা উপশমিত হয়।

পটোল।

POTOLE.

ইহা ট্রিচোস্যান্থিস্ ডায়োইকা নামক লতার ফল। ইহার পত্র, ফল ও লতা ঝোল আকারে আহার্য্যস্বরূপ ব্যবহৃত হয়। রোগান্তে পাকাশয় দুর্ব্বল থাকিলে ইহা বিশেষ উপযোগী। ইহার কন্দময় মূল ব্যবহারে ইলেটেরিয়ামের ন্যায় তরল ভেদ হয়। ইহার পত্র ও ডাটাকে পল্‌তা বলে। পটোল ও ইহার পত্রের রস দেশীয় ঔষধের অনুপানস্বরূপ ব্যবহৃত হয়।

চিতা এবং লালচিতা।

CHITA AND LALCHITA.

ইহাদের মূল বাঁটিয়া চর্ম্মে লাগাইলে ফোস্কা হয়; অধিক মাত্রায় সেবনে উগ্রবিষের ন্যায় ক্রিয়া করে। ইহাদের বীর্য্যের নাম প্লাম্বেজিন্। অপরাধ-জনক গর্ভস্রাব করণার্থ ইহার শিকড় আভ্যন্তরিক এবং স্থানিক ব্যবহৃত হয়।

ভেলা।

BHELA.

ইহা সেমিকার্পাস্ এনাকার্ডিয়াম্ নামক বৃক্ষের ফল। ইহার রস তীব্র; রিউমেটিজ্‌ম্, স্প্রেন্ ইত্যাদিতে কাউণ্টার্-ইরিটেণ্ট্‌স্বরূপ বাহ্য ব্যবহৃত হয়।

হিজলিবাডাম।

HIDGLEE-BADAM.

ইহাতে শতকরা ৯০ ভাগ এনাকার্ডিক্ এসিড্ এবং ১০ ভাগ কার্ডল্ আছে। ইহা হইতে একপ্রকার কটু কাল তরল পদার্থ প্রস্তুত হয়; তাহাকে ক্যাশুনাট্ অয়েল্ বলে। ইহা দাহক ও ফোস্কাকারক; চর্ম্মে লাগিলে একজিমার স্তায় প্রদাহ জন্মায়। ইহার ফোস্কাকারক গুণ সম্ভবতঃ কার্ডলের উপর নির্ভর করে। ইহা লেপ্রোসিতে স্পিসিফিক্স্বরূপ ব্যবহৃত হইয়াছে; লিউকোডার্ম্মা (Leucoderma), কর্ন্স্ ও অদম্য ক্ষতে ইহার বাহ্য ব্যবহার হয়। ইহার কৃমিনাশক গুণ ও আছে। ইহার ৩।৪ ফোটা সেবন করিলে বিশেষ কোন ফল হয় না। ইহার শাঁসের তৈল স্নিগ্ধতাকারক ও পোষক; তাহা অলিভ্ অয়েলের পরিবর্ত্তে ব্যবহার করা যাইতে পারে। ইহার বৃক্ষ-নিঃসৃত গঁদ গাম্ এরেবিকের সদৃশ।

প্রয়োগরূপ—

টিংচুরা এনাকার্ডিয়াই।	টিংচার্ অব্ ক্যাশুনাট্।
Tinctura Anacardii.	Tincture of Cashew Nut.
মাত্রা ২—১০ মিনিম্।	

বাব্চি।

BABCHEE.

একপ্রকার বৃক্ষের বীজ। ইহা ছোট, কৃষ্ণাভপিঙ্গলবর্ণ এবং তিক্ত আস্বাদ-বিশিষ্ট; লেপ্রোসি এবং অন্যান্য চর্ম্মরোগে স্থানিক ব্যবহৃত হয়।

ইহার সার (extract), তৈল কিম্বা সিম্পল্ অয়েন্ট্মেণ্টের সহিত মিশ্রিত করতঃ লিউকোডার্ম্মা বা ফুলে লাগাইলে আক্রান্ত স্থানকে সুস্থাবস্থায় আনয়নপূর্ব্বক চর্ম্মের বর্ণ স্বাভাবিক করে।

গাব।

GAUB.

গাবের নিষ্পেষিত রসে শতকরা ৬০ ভাগ ট্যানিক্ এসিড্ আছে। ইহা সংকোচক এবং রক্তরোধক; পুরাতন ডায়েরিয়া ও ডিসেণ্টেরিরোগে ব্যবহৃত

হয়। ইহার এক্‌ষ্ট্রাক্টের মাত্রা ১—৫ গ্রেণ, দিবসে ৩ বার। ইহার ১।২ ড্রাম্ সার ১ পাইণ্ট্ জলে দ্রব করিয়া লিউকোরিয়া ইত্যাদিতে আক্রান্তস্থানে পিচকারী দিলে উপকার দর্শে। কোন স্থান মচকাইয়া (sprained) কিম্বা থেৎলাইয়া (bruised) গেলে ইহার রসের বাহ্যপ্রয়োগে উপকার দর্শে।

ঢেরস।

DHARUS.

ইহাকে রামতরুই ও বলে।

ইহার কাঁচা ফলে প্রচুরপরিমাণে মিউসিলেজ্ আছে। ৪ আং কচি ঢেরস ১ পাইণ্ট্ জলে ২০ মিনিট্ ফুটাইলে ইহার ডিকক্‌শন্ প্রস্তুত হয়। ইহা ছাকিয়া ব্যবহার করিবে। মাত্রা যথেচ্ছা। ইহা স্নিগ্ধতাকারক ও পোষক; কাশির উত্তেজনানিবারণার্থ ব্যবহৃত হয়। ইহার পত্র এমোলিয়েণ্ট্ পুল্টিস্‌স্বরূপ ব্যবহার করা হয়।

গন্ধভাদুলী।

GANDHABHADULEE.

ইহাকে সাধারণতঃ গাঁদালি বলে। বোধ হয়, অত্যন্ত দুর্গন্ধ বলিয়া উক্ত সংজ্ঞা হইয়াছে। রন্ধন করিলে ইহার দুর্গন্ধ নষ্ট হয়। ইহা স্নিগ্ধতাকারক সঙ্কোচক (Cooling astringent) বিধায় উদরাময় ও বিসূচিকা হইতে আরোগ্যোন্মুখ রোগীকে ইহার ঝোল (soup) খাইতে দেওয়া হয়।

বাবলা।

BABULA.

এই বৃক্ষের গঁদ গাম্ একেশিয়ার পরিবর্ত্তে ব্যবহার করিতে পারা যায়। ইহার বন্ধল সঙ্কোচক; কাথ (decoction) মুখের ক্ষতে কুল্লিস্বরূপ, এবং গনোরিয়া, লিউকোরিয়া ইত্যাদি রোগে আক্রান্ত স্থানে পিচকারিস্বরূপ ওক্‌বার্কের ডিকক্‌শনের পরিবর্ত্তে ব্যবহার করিতে পারা যায়।

নাগেশ্বর।

NAGASSUR.

ইহার পুষ্প এবং পত্র বঙ্গদেশে সর্পবিষের বিনাশকস্বরূপ ব্যবহৃত হয়। অর্শরোগের রক্তস্রাবে ইহার শুষ্ক পুষ্পচূর্ণ ২০ হইতে ৬০ গ্রেণ মাত্রায় মাখনের সহিত ব্যবহৃত হইয়া থাকে। ইহার বীজের শাঁসের তৈলকে নহর অয়েল্ (Nahur Oil) বলে, ইহা পাঁচড়ারোগে (Scabies) উপকারী।

পুদিনা।

POODENNA.

ইহা একপ্রকার উদ্ভিদ; পেপার্মিণ্টের ন্যায় আগ্নেয়, বমননিবারক ও বায়ু-নাশক; নানাপ্রকার অজীর্ণ এবং বমন নিবারণার্থ ব্যবহৃত হয়।
ইহার তাজা পত্র সচরাচর চাট্‌নি (Chutney) স্বরূপ আহারার্থ ব্যবহৃত হয়।

অর্জ্জুনগাছ।

ARJUN TREE.

ইহার বল্কলের কাথ হৃৎপিণ্ডের নানাপ্রকার ব্যাধিতে ব্যবহৃত হয়।

এন্থেমিডিস্ ফ্লোরিস্।
Anthemidis Floris.

কেমোমাইল্ ফ্লাওয়ার্স্।
Chamomile Flowers.

ওলিয়াম্ এন্থেমিডিস্।
Oleum Anthemidis.

অয়েল্ অব্ কেমোমাইল্।
Oil of Chamomile.

মাত্রা ১—৪ মিনিম্।

প্রয়োগরূপ—

ইন্‌ফিউজাম্ এন্থেমিডিস্।
Infusum Anthemidis.

ইন্‌ফিউশন্ অব্ কেমোমাইল্।
Infusion of Chamomile.

মাত্রা ১—৪ আউন্স্।

একষ্ট্রাক্টাম্ এন্থেমিডিস্।	একষ্ট্রাক্ট্ অব্ কেমোমাইল্।
Extractum Anthemidis.	Extract of Chamomile.

মাত্রা ২—১০ গ্রেণ।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—সুগন্ধি, আগ্নেয় ও বলকারক; অধিক মাত্রায় (বিশেষতঃ গরম কাথ) বমনকারক। ইহা এটনিক্ ডিস্পেপ্সিয়ায় ব্যবহৃত হয়। কেহ২ বলেন, যে ইহার পর্য্যায়নিবারক গুণও আছে। ইহার তৈল উত্তেজক ও বায়ুনাশক; বিরেচক ঔষধের অনুপানস্বরূপ ব্যবহৃত হয়।

ইহার টিংচারের (Tinctura Anthemidis) মাত্রা ৩ হইতে ১০ মিনিম্ বা ততোধিক।

শিশুদের দন্তোদ্গমকালীন হরিৎবর্ণ (green) নানাবর্ণের আঁঠাময় (slimy) ভেদ এবং সামান্য ডায়েরিয়ায় ইহার টিংচার্ বা ইন্ফিউশন্ অল্প মাত্রায় ব্যবহার করিলে উপকার দর্শে।

বাণ্ডল্।

BUNDAUL.

ইহা একটী তিক্ত লতা। শুষ্ক অবস্থায় ইহার কাথ ম্যালেরিয়াজনিত প্লীহার বিবৃদ্ধিতে বলকারক এবং অরগ্নস্বরূপ অতি সাদরে ব্যবহৃত হয়। ডাং ডিকিন্সন্ (Dr. Dikinson) বলেন, যে ইহার পরিবর্ত্তকগুণে এপ্রকার হইয়া থাকে। ইহার ফলই বিশেষরূপে ব্যবহৃত হয়। শিরঃপীড়ায় ইহার শুষ্ক ফলের চূর্ণ নস্যস্বরূপ ব্যবহার করিলে উপকার দর্শে।

চতুস্ত্রিংশত্তম অধ্যায়।

পথ্য প্রস্তুত করিবার প্রণালী।

ছাগাদি মাংসের কাথ এবং বিফ্টি।

MUTTON BROTH AND BEEF TEA.

চর্ব্বিশূন্য এক পাউণ্ড্ মাংস লইয়া অতি ক্ষুদ্র২ খণ্ডে বিভক্ত করতঃ ১ পাইন্ট্ শীতল জলে এক ঘণ্টা কাল রাখিয়া দাও। তৎপর এক ডজন

ওকরা তের্চাভাবে কাটিয়া তাহাতে যোগ কর এবং মৃদু উত্তাপে সিদ্ধ করতঃ অর্দ্ধ পাইণ্ট থাকিতে নামাও। অবশেষে নিংড়াইয়া লইয়া লবণ এবং মরিচ সহযোগে সুস্বাদু কর। ইহা প্রত্যহ নূতন প্রস্তুত করা উচিত।

মাংসের সুরুয়া (Essence of meat) প্রস্তুত করিতে হইলে, এক পাউণ্ড্ চর্ব্বিশূন্য মাংস পূর্ব্বোক্তরূপে কাটিয়া তাহাতে লবণ যোগ করতঃ উত্তমরূপে আবৃত মৃত্তিকাপাত্রে চুল্লীর উপর ৩।৪ ঘণ্টা কাল রাখিয়া দাও। তৎপর নিংড়াইয়া লইয়া এক টেব্‌ল্‌স্পুন্‌ফুল্ মাত্রায় পরিপাকশক্তি এবং প্রয়োজনানুসারে প্রত্যহ কয়েক বার খাইতে দাও।

কুক্কুটমাংসের যূষ।

CHICKEN BROTH.

ইহা পূর্ব্বোল্লিখিত কাথের ন্যায় প্রস্তুত করিতে হয়, কেবল এক পাউণ্ড্ ছাগাদি মাংসের পরিবর্ত্তে একটী সুজাত (full-grown) কুক্কুটের মাংস দিবে। এই দুইটী বিষয়ের প্রতি দৃষ্টি রাখিতে হইবে, যে মাংস অতি সূক্ষ্ম খণ্ডে কাটিয়া কিম্বা ছেঁচিয়া লওয়া হয়, এবং সিদ্ধ করিবার পূর্ব্বে শীতল জলে এক ঘণ্টা কাল রাখিয়া দেওয়া হয়। শিশুদিগের জন্য অর্দ্ধজাত (half-grown) কুক্কুট উপযোগী। ইহা প্রত্যহ নূতন প্রস্তুত করিবে। হিন্দুদিগের পক্ষে কুক্কুটের পরিবর্ত্তে কবুতরের মাংস ব্যবহার করা যায়।

এরোরুট।

ARROWROOT.

এক টেব্‌ল্‌স্পুন্‌ফুল্ ভাল এরোরুট্ লইয়া তাহাতে অল্প জল মিশ্রিত করতঃ পাতলা কাই (paste) প্রস্তুত কর। তৎপর ক্রমে ক্রমে অর্দ্ধ পাইণ্ট্ স্ফুটিত (boiling) জল যোগ কর এবং তৎকালে অনবরত নাড়িতে থাক। ইহা দুই তিন মিনিট্ কাল অগ্নির উপরে রাখ এবং যে পর্য্যন্ত সমস্ত সমভাবে মিশ্রিত না হয় সে পর্য্যন্ত নাড়িতে থাক। তৎপর ইহা অগ্নির উপর হইতে নামাও এবং সুস্বাদু করিবার জন্য ঘসা (grated) জায়ফল, চিনি প্রভৃতি যোগ কর। জলের পরিবর্ত্তে দুগ্ধ দিয়া তৈয়ার করিলে ইহা অধিক পুষ্টিকর হয়। কিন্তু

পরিপাকশক্তি দুর্ব্বল হইলে সহ্য হয় না ; সুতরাং তখন জলই ভাল। যখন আবশ্যক হয়, তখনই ইহা নূতন তৈয়ার করিয়া লইবে।

সেগো।

SAGO.

১ পাইণ্ট্ জলে এক টেব্‌ল্‌স্পুন্‌ফুল্ ভাল সেগো নিক্ষেপ করিয়া ২ ঘণ্টা-কাল রাখিয়া দাও ; তৎপর নাড়িতে নাড়িতে ১৫ মিনিট্ কাল সিদ্ধ কর এবং আঠার ন্যায় (jelly) হইলে পর নামাইয়া তাহাতে চিনি, জায়ফল, ইত্যাদি মিশ্রিত কর।

ব্র্যাণ্ডি মিক্‌শ্চার্।

BRANDY MIXTURE.

দুইটী অণ্ডের কুসুম এবং অর্দ্ধ আউন্স্ পরিমাণ চূর্ণ সাদা চিনি একত্র করিয়া ভালরূপে ঘুঁটিয়া (beating) লও, তৎপর ব্র্যাণ্ডি এবং জল প্রত্যেক ৪ টেব্‌ল্‌স্পুন্‌ফুল্ যোগ কর এবং ঘসা (grated) দারুচিনি বা জায়ফল সহযোগে সুস্বাদু কর। মাত্রা—প্রাপ্ত বয়স্কের জন্য ২—৩ টেব্‌ল্‌স্পুন্‌ফুল্ এবং শিশুদিগের জন্য ১—৩ টিস্পুন্‌ফুল্। মৃদু আকারের পরিণতাবস্থ (advanced) জ্বর, বসন্ত (Small pox), হাম্, দুর্ব্বলকারী রক্তস্রাব (Exhausting Hæmorrhage), কলেরা, ডিলিরিয়াম্ ট্রিমেন্স্ (Delirium Tremens) ইত্যাদি রোগে ব্যবহৃত।

বলকারক জেলি।

STRENGTHENING JELLY.

এক বোতল পোর্ট্ওয়াইনে ২ আউন্স্ আইজিংগ্লাস্ বা প্রস্তুত করা জিলেটিন্, এক আউন্স্ গাম্ এরেবিক্, ৫ আউন্স্ মিশ্রি এবং ১টী ঘসা (grated) জায়ফল সমস্ত রাত্র ভিজাইয়া রাখ। প্রাতঃকালে তাহা মৃদু উত্তাপে সিদ্ধ করিয়া সম্পূর্ণ দ্রবীভূত কর ; তৎপর ছাঁকিয়া শীতল স্থানে রাখিয়া দাও এবং তথায় কঠিন জেলিতে পরিণত হইলেই যথাস্থানে রাখিতে পার। মাত্রা—

একটী জায়ফলের আকার এক এক টুকরা দিনে ৫।৬ বার। যখন দুর্ব্বলতা-হেতু মাংসাদি জীর্ণ না হয়, তখন ব্যবহৃত।

চাউলের পুডিং।

RICE PUDDING.

½ পাইণ্ট্ দুগ্ধের সহিত এক আউন্স্ অভগ্ন চাউল মৃদু উত্তাপে সিদ্ধ করতঃ ফুলাইয়া, তাহাতে ½ আউন্স্ মাখন নাড়িয়া মিশাইয়া দাও, এবং তৎপর তাহা শীতল হইতে দাও। একটী ডিম্ব ভালরূপে নাড়িয়া লইয়া চাউলের সহিত মিশাও, এবং একটী ব্রেক্ফাষ্ট্ কাপে (breakfast cup) মাখন মাখিয়া তাহার তিন ভাগ পূর্ণ করতঃ সেকিয়া লও। ইহা হইতে উঠাইয়া লইয়া পরিবেশন কর।

মিষ্ট করিবার জন্য ইহাতে চিনি দেওয়া উচিত।

মণ্ডবিশেষ।

A GRUEL.

একটী ডিম্বকে নাড়িতে নাড়িতে (beating up) ফেণময় কর, তাহাতে এক ওয়াইন্গ্লাস্ শেরি (sherry) যোগ কর, এবং কতটুকু চিনি, এক টুকরা লেবুর ত্বক্ ও কিঞ্চিৎ ঘৃষ্ট (grated) জায়ফল মিশাইয়া সুস্বাদু কর। কিয়ৎ-পরিমাণ মণ্ড প্রস্তুত রাখিবে, তাহা অতি পরিষ্কার ও উষ্ণ থাকা চাই; মদ এবং ডিম্ব তাহাতে নাড়িয়া মিশাইয়া দিবে। এরোরুট ও এইপ্রকারে তৈয়ার করা যায়।

শেরি বা ব্র্যাণ্ডি এবং দুগ্ধ।

SHERRY OR BRANDY AND MILK.

একটী পেয়ালাতে এক টেব্ল্স্পুন্ফুল্ ব্র্যাণ্ডি অথবা এক ওয়াইন্গ্লাস্ শেরি লইয়া তাহাতে শর্করাচূর্ণ ও অত্যল্প জায়ফল যোগ কর। এক ব্রেক্ফাষ্ট্ কাপ্

পরিমাণে টাটকা দুগ্ধ গরম করতঃ গাড়ুর ন্যায় মুখবিশিষ্ট (spouted) একটী জাগে লইয়া উচ্চ হইতে মদ্য ও শর্করাদির উপর ঢাল। দুগ্ধ যেন না ফুটে।

ডিম্ব ও শেরি।

EGG AND SHERRY.

একটী ডিম্বকে কাঁটা (fork) দ্বারা নাড়িতে নাড়িতে ফেণবিশিষ্ট করতঃ এক চাপ (lump) চিনি এবং দুই টেবল্‌স্পুন্‌পরিমাণ জল যোগ করিয়া ভালরূপে মিশ্রিত কর, তাহাতে এক ওয়াইন্‌গ্লাস্‌ পরিমাণ শেরি ঢালিয়া দাও এবং টাটকা থাকিতে পরিবেশন কর।

বার্লি ওয়াটার্।

BARLEY WATER.

এক টেবল্‌স্পুন্‌পরিমাণ পার্ল্‌বার্লি শীতলজলে ধৌত করিয়া তাহাতে দুই তিন চাপ (lump) চিনি, একটী লেবুর ত্বক্‌, এবং আধখানা লেবুর রস যোগ কর। তাহাতে এক কোয়ার্ট্‌ ফুটিত জল মিশাইয়া ৭। ৮ ঘণ্টা রাখিয়া দাও। তৎপর ইহা ছাঁকিয়া লও। এই বার্লি কখনও পুনরায় ব্যবহার করিবেনা। এই জলে অর্দ্ধ আউন্স্‌ আইজিংগ্লাস্‌ সিদ্ধ করিতে পারা যায়।

উচ্ছলনশীল লেমনেড্‌।

EFFERVESCING LEMONADE.

দুইটী বৃহৎ লেবুর রস লইয়া তাহাতে এক পাইন্ট্‌ প্রস্রবণের জল এবং তিন চারি চাপ (lump) শুভ্র চিনি যোগ কর। ইহার অর্দ্ধেক একটী গ্লাসে ঢালিয়া তাহাতে একটী ছোট টিস্পুনের অর্দ্ধেক পরিমাণ কার্ব্বনেট্‌ অব্‌ সোডা যোগ করতঃ নাড়িয়া উচ্ছ্বসিতাবস্থায় পান কর।

হোয়াইট্ ওয়াইন্ হোয়ে।

WHITE WINE WHEY.

অর্দ্ধপাইণ্ট্ ফুটিত (boiling) দুগ্ধে এক কি দুই ওয়াইন্গ্লাস্পরিমাণ শেরি যোগ করতঃ একটী সূক্ষ্ম চালনি দিয়া ছাকিয়া লইয়া পরিষ্কৃত চিনি-সংযোগে মিষ্ট করতঃ পরিবেশন কর।

ডিম্ব ও ব্র্যাণ্ডি।

EGG AND BRANDY.

৪ আউন্স্পরিমাণ শীতল ঝরণার জলে একটি ডিম্ব নাড়িতে নাড়িতে সফেণ করতঃ দুই তিন চাপ (lump) চিনি ও ৪ আউন্স্ ব্র্যাণ্ডি যথাক্রমে যোগ কর; ইতিমধ্যে অনবরত নাড়িতে থাকিবে। ইহার কিয়দংশ এক এক বারে দেওয়া যাইতে পারে।

মসিনার কাথ।

LINSEED TEA.

দুই টেবল্স্পুন্পরিমাণ মসিনা, একপাইণ্ট্ জল, অর্দ্ধেকটী লেবু, কতটুকু চিনি, এবং একটী সুপারির সমান একটুকরা যষ্টিমধু (liquorice) একত্রে দেড়ঘণ্টা কাল সিদ্ধ কর।

পঞ্চত্রিংশ অধ্যায়।

তাড়িত।

ELECTRICITY.

স্নায়বিক পীড়ার চিকিৎসায় জ্ঞানলাভের জন্য তাড়িতসম্বন্ধে কিছু জানা আবশ্যক।

উৎপত্তির প্রকারভেদে তাড়িত দ্বিবিধ; ষ্টেটিক্ (static) এবং ডাইনেমিক্ (dynamic)। ষ্টেটিক্ তাড়িত বিদ্যুতে দৃষ্ট হয় এবং ফ্ল্যানেল্ প্রভৃতিতে কাচ বা এবনাইট্ (ebonite) ঘর্ষণ করিলে উৎপন্ন হয়। এই তাড়িত আজ কাল চিকিৎসার্থ বড় ব্যবহৃত হয় না। ডাইনেমিক্ তাড়িত অধুনা অনেক ব্যবহৃত

হয় এবং চিকিৎসার্থ (ক) ব্যাটারি (battery) অথবা (খ) ব্যাটারি এবং পরিচালককুণ্ডল (induction coil) দ্বারা উৎপাদন করা হয়। প্রথমোক্ত (ক) প্রকারে উৎপাদিত তাড়িতকে গ্যাল্ভানিক্ (galvanic) বা অজস্র স্রোত এবং শেষোক্ত (খ) প্রকারে উৎপাদিত তাড়িতকে ফ্যারাডিক্ (faradic) বা বিচ্ছিন্ন তাড়িত বলে। যদি একটী দস্তার ও একটী তাম্রের প্লেট্ (plate) অম্লাক্ত জলে নিমজ্জিত করিয়া তাহাদের জলোপরিস্থ অংশ ধাতুর তার দিয়া যোজিত করা যায়, তবে তাহাদিয়া তাড়িতস্রোত প্রবাহিত হয়। এই প্রকারে যোজিত প্লেট্ প্রভৃতিকে গ্যাল্ভানিক্ সেল্ (galvanic cell) বলে এবং এরূপ অনেকগুলি একত্রে থাকিলে তাহাকে ব্যাটারি বলে। প্লেট্ দুইটীকে এলিমেণ্ট্ (element) এবং তাহাদের যে অংশে তার যোজিত, তাহাকে ব্যাটারির পোল্ (pole) বলে। দস্তার প্লেট্টীকে পজিটিভ্ (positive) এলিমেণ্ট্ কিন্তু নিগেটিভ্ (negative) পোল্ বলে, এবং তাম্রের প্লেট্টীকে নিগেটিভ্ এলিমেণ্ট্ কিন্তু পজিটিভ্ পোল্ বলে। জলের অভ্যন্তরে দস্তার প্লেট্ হইতে তাম্রের প্লেটে এবং জলের বহির্ভাগে তাম্রের প্লেট্ হইতে দস্তার প্লেটে তাড়িতস্রোত প্রবাহিত হয়।

চিকিৎসার জন্য যে ব্যাটারি ব্যবহৃত হয়, তাহা পরিমিতবলবিশিষ্ট, সহজে সাজাইবার উপযুক্ত, এবং যথাসম্ভব অপরিবর্ত্তনীয় (constant) হওয়া আবশ্যক, অর্থাৎ তাহার বল যেন যথাসম্ভব বিলম্বে হ্রাস পায়। অপিচ তাহাতে এরূপ বন্দোবস্ত থাকা চাই, যে যতটী ইচ্ছা ততটী সেল্ একত্র যোজিত করতঃ তাড়িতের বল নিয়মিত করিয়া লওয়া যায়। সুইচ্ (switch) দ্বারা এই উদ্দেশ্য সাধিত হয়। তাহাতে এরূপ উপায় ও থাকা চাই, যে উপরোক্ত সংযোগ ইচ্ছাক্রমে স্থগিত বা স্থাপিত করা যায়। এই উদ্দেশ্যে যে যন্ত্র ব্যবহৃত হয়, তাহাকে চাবি (key) বা প্রতিবন্ধক (interrupter) বলে। রোগীর শরীরে যে রিয়োফোর্ (rheophore) স্থাপিত করা হয়, তাহার স্থানপরিবর্ত্তন না করিয়া যাহাতে স্রোতের গতিপথ (direction) উল্টাইতে পারা যায়, এরূপ উপায় থাকা আবশ্যক। পরিবর্ত্তকযন্ত্র (commutator) দ্বারা এই উদ্দেশ্য সাধিত হয়।

গ্যাল্ভানিক্ স্রোতের তাপোৎপাদন (thermal) ক্ষমতা অধিক। যদি

পরিবেষ্টনের (circuit) কোন অংশস্বরূপ একটী ছোট পাতলা তার দেওয়া যায় এবং তাড়িতস্রোতের বল অধিক থাকে, তবে সেই তার উত্তাপে লাল হইয়া উঠে। গ্যাল্‌ভানো-কটারীতে এই সুবিধা গৃহীত হয়; তাহাতে উল্লিখিতরূপে একটী প্ল্যাটিনামের তার বা ছুরী উত্তপ্ত করিয়া তদ্দ্বারা টিউমার্ কাটা (excision) হয়।

নিগেটিভ্ পোলের তাপোৎপাদনক্ষমতা অতি স্ফুট; তাহা কোন স্থানে লাগাইলে এবং তাড়িতস্রোত পরিমিতরূপে প্রবল হইলে, সেই স্থান লাল হয় এবং অবশেষে তাহাতে ইন্‌ফ্লেমেশন্ বা বিগলন হইতে পারে। সুতরাং তাড়িতস্রোত অজস্র হইলে নিগেটিভ্ রিয়োফোর্‌টী পরিবর্ত্তিত করা আবশ্যক।

গ্যাল্‌ভানিক্ স্রোতের ইলেক্ট্রোলাইটিক্ এফেক্ট্ (electrolytic effect) আছে; অর্থাৎ বিভিন্নমূলপদার্থবিশিষ্ট কোন দ্রবদ্রব্যে উক্ত স্রোত চালিত করিলে তাহা ডিকম্পোজড্ (decomposed) হয়। মানবদেহ লাবণিক দ্রবে স্নাত সেলের সমষ্টিমাত্র, সুতরাং মানবদেহেও গ্যাল্‌ভানিক্ স্রোতের উক্ত ক্রিয়া আছে।

ফেরেডে পজিটিভ্ পোল্‌কে এনোড্ (Anode) এবং নিগেটিভ্ পোল্‌কে ক্যাথোড্ (Cathode) নাম দিয়াছেন।

একটী গ্যাল্‌ভানিক্ সেল্ এবং একটী মেডিক্যাল্ ইণ্ডাক্‌শন্ কয়েল্‌দ্বারা সবিচ্ছেদ (interrupted) স্রোত উৎপাদিত হয়। ইণ্ডাক্‌শন্ কয়েল্ নিম্নে বর্ণিত হইতেছে।

গ্যাল্‌ভানিক্ সেলের আদি (primary) স্রোতবিশিষ্ট একটী তার অপর একটী তারের সমীপে আনীত হইলে, উভয় তারে কোন সংযোগ না হইলেও শেষোক্ত তারে আদি স্রোতের বিপরীতদিকে একটী অপ্রধান (secondary) স্রোত উৎপন্ন হয়।

মেডিক্যাল্ ইণ্ডাক্‌শন্ কয়েলে একটী আদি এবং একটী অপ্রধান কুণ্ডল (coil) আছে। আদি কুণ্ডলটী অপেক্ষাকৃত অল্পসংখ্যক ঘূর্ণনবিশিষ্ট (spiral) একটী স্থূল তার; তাহা বিচ্ছেদকস্বরূপ তুলাদ্বারা আচ্ছাদিত এবং গ্যাল্‌ভানিক্ সেলের সঙ্গে সংযোগ উৎপাদন করিবার জন্য তাহার এক এক প্রান্তে একটী বাইণ্ডিং স্ক্রু (binding screw) আছে। অপ্রধান কুণ্ডলটী বহুসংখ্যক ঘূর্ণন-

বিশিষ্ট একটী সূক্ষ্ম তাম্রের তার. ইহা রেশমের আবরণে আচ্ছাদিত, আদি কুণ্ডলের চতুষ্পার্শ্বে জড়ান, কিন্তু তৎসহ ধাতবসংযোগবিহীন। কেবল আদি স্রোতের সহিত নৈকট্যবশতঃ ইহাতে অপ্রধান স্রোত প্রবর্ত্তিত (induced) হইয়া থাকে।

ইণ্টেরাপ্টার্ (Iuterruptor) তাড়িতস্রোতের আপনাআপনি প্রবর্ত্তন ও বিচ্ছেদ সংঘটন করিবার একটী সুন্দর উপায়।

যদি একটী রিয়োফোর্ শরীরের কোন অপকৃষ্ট (indifferent) অংশে এবং অন্যটী কোন মাংসপেশীর উপর স্থাপন করা যায়, তবে স্রোত দুর্ব্বল, ও উত্তেজক রিয়োফোর্‌টী নিগেটিভ্ (cathode) হইলে, যখন পরিবেষ্টন (circuit) বন্ধ হয়, কেবল তখনই কণ্ট্রেক্‌শন্ ঘটে। ইহাকে পরিভাষায় ক্যাথোড্যাল্ ক্লোজার্ কণ্ট্রেক্‌শন্ (Cathodal closure contraction) বলে, এবং সংক্ষেপতঃ C. C. C. এই চিহ্নদ্বারা ব্যক্ত করা হয়। যদি স্রোতের বল কিঞ্চিৎ বর্দ্ধিত করা যায়, তবে উত্তেজক রিয়োফোর্‌টী পজিটিভ্ (anode), এবং পরিবেষ্টন খোলা হইলে ও আমাদের কণ্ট্রেক্‌শন্ হয়। ইহা A. O. C. এই চিহ্নদ্বারা ব্যঞ্জিত হয়। তৎপর এনোড্যাল্ ক্লোজার্ কণ্ট্রেক্‌শন্ (anodal closure contraction)—A. C. C.—হয়; কিন্তু স্রোত অত্যধিক প্রবল না হইলে সুস্থ মাংসপেশীতে কখন ও ক্যাথোড্যাল্ ওপেনিং কণ্ট্রেক্‌শন্ (cathodal opening coutraction)—C. O. C.— হয় না।

প্রবর্ত্তিত স্রোত (induced current) ক্ষণস্থায়ী এবং ইহার ক্রিয়ার বিরাম আছে; ইহার গতিপথ অনুক্ষণ পরিবর্ত্তনশীল; ইহার রাসায়নিক, ঔত্তাপিক (thermal) বা ইলেক্ট্রোলাইটিক (electrolytic) ক্রিয়া নাই। ইহা অবিরাম স্রোত অপেক্ষা অধিক বিস্তারণশীল (having tension) এবং অপেক্ষাকৃত সহজেই পৈশিক প্রতিরোধকে পরাস্ত করে।

কিন্তু গভীর তন্তুসমূহের উপর ক্রিয়া উৎপাদন করিতে হইলে রিয়োফোর্‌টীকে উষ্ণ লবণাক্ত জলদ্বারা আর্দ্র করিয়া ব্যবহার করা আবশ্যক। একটী রিয়োফোর্ শুষ্ক এবং অপরটী আর্দ্র করিয়া ব্যবহার করা যায়; অথবা একটী জলগর্ভ চিনা বা গাটাপার্চার পাত্র রিয়োফোর্‌স্বরূপ ব্যবহার করিয়া অন্যটী তদুপরি স্থাপন করা যায়।

তাড়িতপ্রয়োগের দ্বিবিধ প্রণালীকে জেনারেল্ ইলেক্ট্রাইজেশন্ (General Electrization) বা সার্ব্বাঙ্গিক তাড়িতপ্রয়োগ এবং লোকেলাইজ্ড্ ইলেক্ট্রাইজেশন্ (Localized Electrization) বা স্থানিক তাড়িতপ্রয়োগ বলে।

জেনারেল্ ইলেক্ট্রাইজেশন্দ্বারা তাড়িতস্রোত সর্ব্বাঙ্গে চালিত হয়। এই-রূপে প্রযুক্ত তাড়িতের উপকারিত্ব সন্দেহজনক।

লোকেলাইজ্ড্ ইলেক্ট্রাইজেশন্ কেবল কোন নির্দ্দিষ্ট স্নায়ু, মাংসপেশী বা যন্ত্রের উপর ক্রিয়া করে। এই প্রণালী ডাইরেক্ট্ মেথড্ (Direct method) এবং ইণ্ডাইরেক্ট্ মেথড্ (Indirect method) এই দুই ভাগে বিভক্ত। প্রথমোক্ত মতে উভয় রিয়োফোর্ এক হস্তে ধরিয়া মাংসপেশীর উপর প্রয়োগ করা হয়। শেষোক্তমতে একটী রিয়োফোর্ শরীরের কোন অংশে স্থাপিত এবং অপরটি ক্ষুদ্র সূক্ষ্মাগ্র পদার্থের আকারে মাংসপেশীর পরিপোষক স্নায়ুটী যে স্থানে সর্ব্বাপেক্ষা ভাসমান, সেই স্থানে লাগান হয়, তাহাতে মাংস-পেশীর পরিপোষণদ্বারা স্নায়ুটী উত্তেজিত হয়।

যখন পক্ষাঘাত আরোগ্য হইবার উপক্রম হয়, তখন তাড়িতপ্রয়োগ এবং আক্রান্ত অংশের পরিচালন এই উভয়বিধ উপায় অবলম্বন করা উচিত।

তাড়িতপ্রয়োগদ্বারা সেণ্ট্রল্ লিজন্ (Central lesion) এবং পেরিফে-রেল্ লিজন্ (Peripheral lesion) জনিত পক্ষাঘাতের মধ্যে প্রভেদ করিতে পারা যায়।

নিম্নলিখিত তিনটি লক্ষণদ্বারা সেণ্ট্রল্ লিজন্ জনিত পক্ষাঘাত চিনিতে পারা যায়।

(ক) মাংসপেশীসমূহের প্রত্যাবর্ত্তিত উত্তেজনা সম্ভব।

(খ) মাংসপেশীসমূহ কিঞ্চিৎ ক্ষয়প্রাপ্ত হয়।

(গ) ফেরাডিক্ কারেন্ট্ প্রয়োগে মাংসপেশীর উত্তেজনা কিছুমাত্র পরি-বর্ত্তিত হয় না।

কিন্তু যদি মাংসপেশীসমূহ তাহাদের স্নায়ুকেন্দ্রের সহিত সংযোগশূন্য হয়, কিম্বা যে সকল কেন্দ্র ব্যাধিদ্বারা নষ্ট হইয়া গিয়াছে তাহাদের সহিত সাক্ষাৎ সংযোগ রক্ষা করে, তবে পেরিফেরেল্ পক্ষাঘাত বুঝিতে হইবে।

দুইটী প্রধান চিহ্নদ্বারা এই অবস্থা বুঝিতে পারা যায়। মাংসপেশী-সমূহ অতিশীঘ্র ক্ষয় পায় এবং ফেরাডিক্ কারেণ্ট্দ্বারা তাহাদের উত্তেজনা অত্যন্ত কমিয়া যায়—কখন কখন সম্পূর্ণ নষ্ট হয়।

যে যে স্থলে বিকারহেতু মাংসপেশীর পরিপোষক স্নায়ুমূল বিনষ্ট হয়, বা স্নায়ুস্কন্ধ (nerve-trunk) সম্পূর্ণ নষ্ট বা অতিশয় ক্ষতিগ্রস্ত হয়, সে সকল স্থলে তাড়িতপ্রতিক্রিয়ার পারিমাণিক (quantitative) ও স্বভাবসম্বন্ধীয় (qualitative) পরিবর্ত্তন ঘটে। এই পরিবর্ত্তনকে বিকার-প্রতিক্রিয়া বা রিয়েক্শন্ অব্ ডিজেনারেশন্ বলে। নিম্নে উক্তরূপ কয়েকটি পরিবর্ত্তন উল্লিখিত হইল।

১। পেশীতে সাক্ষাৎ সম্বন্ধে ফেরাডিক্ কারেণ্ট্ প্রয়োগ করিলে, পেশীর সঙ্কোচ হয় না; যে হেতু, পেশীর সঞ্চালক স্নায়ুপ্রান্তসকল নষ্ট হয়, এবং পেশী-সূত্র ক্ষণস্থায়ী বা সবিরাম প্রবাহদ্বারা উত্তেজিত হয় না।

২। স্নায়ুর বিকারের সহিত উভয়প্রবাহজনিত তাড়িতউত্তেজনার হ্রাস এবং প্রায় পনর দিন পরে উত্তেজনার সম্পূর্ণ বিলোপ হয়।

তাড়িতদ্বারা নিম্নলিখিত কয়েকটী উদ্দেশ্য সাধিত হইতে পারে:—

১। শ্বাসরোধ, মূর্চ্ছা বা মাদকদ্রব্যাদিসেবনহেতু জীবনীশক্তি দুর্ব্বল হইলে তাহার উত্তেজনা।

২। কোন শারীরিক ক্রিয়া বা যন্ত্র দুর্ব্বল হইলে তাহার উত্তেজনা।

৩। চর্ম্মোপরি ইহার দাহনক্রিয়া প্রকাশদ্বারা আভ্যন্তরিক প্রদাহাদিতে প্রত্যুগ্রতাসাধন।

৪। স্পর্শানুভব বা পেশীসঞ্চালনশক্তির দুর্ব্বলতা বা বিনাশ, অথবা চক্ষু-কর্ণাদির ক্ষীণতা হইলে, তাহার উদ্দীপন।

৫। ধমনীর অর্ব্বুদস্থ রক্তের সংযমন, মূত্রাশয়স্থ অশ্মরীর দ্রবীকরণ এবং দেহপ্রবিষ্ট ধাতববিষের বহিষ্করণ।

৬। অসাক্ষাৎভাবে পোষণক্রিয়ার বর্দ্ধন এবং তদ্দ্বারা অসঙ্গত পোষণের ফল অর্ব্বুদাদির বিনাশ।

ইহা অতি সহজেই সুস্থ মাংসপেশীর সঙ্কোচন ঘটায়, এবং অবিরাম স্রোতের ন্যায় জ্ঞানবিশেষের স্নায়ুর উপর কার্য্য করে না।

এতদ্ব্যতীত উভয় স্রোতের মধ্যে বিশেষ পার্থক্য এই, যে অবিরত স্রোতের প্রধান কার্য্য প্রবর্ত্তন বা ভঙ্গকালে না হইয়া স্থিতির সময়ে হইয়া থাকে।

প্রবর্ত্তিত স্রোত পরিমিতরূপে প্রবল হইলে, দ্রুত বিরামদ্বারা মাংসপেশীর উত্তেজনা সম্পূর্ণরূপে নষ্ট করতঃ ক্লান্তি উৎপাদন করে। কিন্তু গ্যাল্‌ভানিক্ স্রোত স্বীয় স্থির অপ্রতিহত শক্তিতে আশ্চর্য্যরূপে শ্রান্তি দূর করে। অবিরামস্রোতদ্বারা মাংসপেশীর ক্লান্তি এবং শ্রমক্লেশও বিতাড়িত হইয়া থাকে।

তাড়িতস্রোত পরিচালক তার (conducting wire) দ্বারা প্রয়োগ করিতে হয়। এই সকল তার বিভিন্ন আকারের রিয়োফোরে পর্য্যবসিত। বিচ্ছিন্ন (insulated) তামার তার সর্ব্বোৎকৃষ্ট পরিচালক, এবং রিয়োফোরের হেণ্ডল্ বিচ্ছেদজনক (insulating) হওয়া আবশ্যক। রিয়োফোর্ এবং পরিচালকের সন্ধিস্থল পরিচালকের দৈর্ঘ্যের অর্দ্ধপরিমিত হওয়া চাই; তাহা হইলে ধাতব সন্ধিগুলির পরস্পর সংযোগের আশঙ্কা ব্যতীত উভয় পরিচালককে এক হস্তে ধারণ করা যায়।

স্পঞ্জনির্ম্মিত হোল্ডার্ অতি উৎকৃষ্ট রিয়োফোর্ (স্রোতবাহক)। ধাতুনির্ম্মিত রিয়োফোর্ ওয়াশ্‌লেদার্ (wash-leather) দ্বারা আবৃত রাখা এবং আর্দ্র অবস্থায় ব্যবহার করা উচিত। কেবল চর্ম্মের উপর ক্রিয়া প্রকাশ করিতে ইচ্ছা হইলে, রিয়োফোর্‌টী শুষ্ক থাকাই আবশ্যক।

ক্রিয়া ও আময়িকপ্রয়োগ—পক্ষাঘাতরোগের চিকিৎসার্থ তড়িৎ বিশেষ উপকারী। মস্তিষ্করোগ, বাতরোগ অথবা পেশীসকলের স্নৈহিক (fatty) নিকৃষ্টতাবশতঃ পক্ষাঘাত হইলে, ইলেক্ট্রিসিটিদ্বারা অবশাঙ্গের পেশীসকল সঙ্কুচিত হয়। কিন্তু কশেরুকামজ্জার বা ব্যবহিত স্নায়ুর রোগজনিত বা সীসধাতুসম্ভূত পক্ষাঘাতে পেশীসকল নিস্পন্দ থাকে। পুরাতন মাইলাইটিসে (Chronic myelitis) প্রত্যহ ৫ মিনিট্ গ্যাল্‌ভানিজ্‌ম্ করিলে উপকার দর্শে। অর্দ্ধাঙ্গপক্ষাঘাতরোগে (Hemiplegia) সরলান্ত্রও মূত্রাশয় অবসন্ন হইলে, ইহা বিশেষ ফলপ্রদ। শৈশবীয় পক্ষাঘাত (Infantile paralysis) রোগে গ্যাল্‌ভানো-ফেরাডিজেশন্ উপকারক। লোকোমোটর্ এটাক্সিতে (Locomotor ataxy) তাড়িৎদ্বারা উপকারের আশা করা যায়। কশেরুকামজ্জার বিকম্পনে (Concussion of the spine) এবং প্রোগ্রেসিভ্ মাস্কিউ-

লার্ এট্রোপি (Progressive muscular atropy) রোগে ইহা ব্যবহার্য্য। ফেশিয়্যাল্ পল্‌সি (Facial palsy) প্রভৃতি স্থানিক পক্ষাঘাতরোগে তাড়িৎ বিশেষ উপকারক। এতদ্ব্যতীত অস্ত্রচিকিৎসায় অর্ব্বুদ, অর্শ, নীভাস্ ও পলিপাসের চিকিৎসায় উদ্দেশ্যে ইলেক্ট্রোলিসিস্ ও গ্যাল্‌ভ্যানো-কটারি ব্যবহৃত হয়। হিষ্টিরিয়া বা বাত জনিত পক্ষাঘাতরোগে ফেরাডিজেশন্‌দ্বারা বিশেষ উপকার দর্শে। ধ্বজভঙ্গরোগে ও ইলেক্ট্রিসিটিদ্বারা উপকার হয়। মলদ্বার ও মূত্রনালীর অবরোধে ইলেক্ট্রিসিটিদ্বারা উপকার হইয়া থাকে। অধিকন্তু চর্ম্ম, চক্ষু, নাসিকা, জিহ্বা ও কর্ণ এই পঞ্চ জ্ঞানেন্দ্রিয়ের কার্য্য ক্ষীণ বা বিলুপ্ত হইলে ইলেক্ট্রিসিটি প্রযোজ্য।

অহিফেনাদি মাদকদ্রব্য অথবা জলমজ্জনদ্বারা শ্বাসরোধ (Asphyxia) হওয়ার উপক্রম হইলে কৃত্রিম শ্বাসপ্রশ্বাস সংস্থাপনার্থ ইলেক্ট্রিসিটি প্রয়োগ করা যায়। এরূপ অবস্থায় কণ্ঠনালীর উভয় পার্শ্বে স্কেলিনিয়াস্ এণ্টাইকাস্ পেশীর সম্মুখে ফ্রেনিক্ স্নায়ুতে (Phrenic nerve) প্রয়োগ করিবে। মূর্চ্ছা-বস্থায় হৃৎপিণ্ডের উত্তেজনার্থ ইলেক্ট্রিসিটি ব্যবহার করা যায়। নানাপ্রকার স্রাব বর্দ্ধনার্থ ইহা ব্যবহৃত হয়। ইহা স্তনে প্রয়োগ করিলে দুগ্ধনিঃসরণ হইয়া থাকে। অন্ত্রের ক্ষীণতাবশতঃ কোষ্ঠবদ্ধ হইলে ইলেক্ট্রিসিটিদ্বারা উপকার হয়।

প্রসবান্তে জরায়ুহইতে রক্তস্রাব হইলে, ইহা ব্যবহারে জরায়ুর সঙ্কোচন হইয়া রক্তস্রাব বন্ধ হয়। পুরাতন ক্ষতে ইলেক্ট্রিসিটি উত্তেজকের ন্যায় ক্রিয়া করতঃ উপকার দর্শায়। হিষ্টিরিয়া, কোরিয়া, এপিলেপ্সি, স্প্যাজ্‌মডিক্ এজ্‌মা প্রভৃতি আক্ষেপিক পীড়ায় ইহা প্রয়োগ করিতে পারা যায়।

অর্ব্বুদাদি শোষণার্থ ইহা ব্যবহৃত হয়। ধমনীর অর্ব্বুদে ইহা ব্যবহার করিলে রাসায়নিক ক্রিয়াদ্বারা তৎস্থিত রক্ত সংযত হইয়া থাকে। এরূপ অবস্থায় ইলেক্ট্রো-পাঙ্‌চার্ প্রয়োগ করা বিধেয়।

নির্ঘণ্ট এবং মাত্রার তালিকা।

INDEX AND POSOLOGICAL TABLE.

*চিহ্নিত ঔষধগুলি ব্রিটিশ্ ফার্ম্মাকোপীয়ায় গৃহীত হয় নাই।

নাম।		মাত্রা।	পৃষ্ঠা।
* Liquor Morphinæ Sulphatis	লাইকর্ মর্ফিনি সাল্ফেটিস্	১০—৬০ মিঃ	
* „ Nitroglycerini	„ নাইট্রোগ্লিসিরিনাই	½—২ মিঃ	৪০৬
„ Potassæ	„ পটাসি	১৫—৬০ মিঃ	৭৭
„ Potasii Permanganatis	„ পটাসিয়াই পার্ম্যাঙ্গেনেটিস্	২—৪ ড্রাম্	৬৩৬
„ Sodæ	„ সোডি	১০—৬০ মিঃ	
„ „ Chlorinatæ	„ „ ক্লোরিনেটি	১০—২০ মিঃ	২২১
„ Sodii Arseniatis	„ সোডিয়াই আর্সেনিয়েটিস্	৫—১০ মিঃ	২২৬
* „ „ Ethylatis	„ „ ইথাইলেটিস্		৬৯৩
„ Strychninæ Hydrochloratis	„ ষ্ট্রিক্নাইনি হাইড্রোক্লোরেটিস্	৫—১০ মিঃ	৩২৮
„ Zinci Chloridi (Burnett's Solution)	„ জিঙ্কাই ক্লোরিডাই (বার্নেটস্ সলিউশন্)		৬১৫
* Lithii Benzoas	লিথিয়াই বেঞ্জোয়াস্	২—১০ গ্রেণ	
„ Carbonas	„ কার্ব্বোনাস্	৩—৬ „	৮২
„ Citras	„ সাইট্রাস্	৫—১০ „	৮৪
* „ Guaiacas	„ গোয়েকাস্	২—৫ „	৩৮৬
* „ Salicylas	„ স্যালিসিলাস্	৫—২০ „	
* Loretin	লরেটিন্		৬৮৫
* Lotio Carbolici	লোশিয়ো কার্ব্বোলিসাই		৬৬৩
„ Hydrargyri Flava	„ হাইড্রার্জিরাই ফ্লেভা		১৯৫
„ „ Nigra	„ „ নাইগ্রা		১৯৪
„ Pilocarpinæ (for the hair)	„ পাইলোকার্পিনি		৫৩৫
„ Lupulin	„ লিউপিউলিন্	২—৫ গ্রেণ	৩১৪

নাম।		মাত্রা।	পৃষ্ঠা।
Oleum Carui	ওলিয়াম্ ক্যারুই	১—৪ মিঃ	৪৯৬
„ Caryophylli	„ ক্যারিয়োফাইলাই	১—৪ মিঃ	৪৯৪
„ Cinnamomi	„ সিনামোমাই	১—৪ মিঃ	৪৯২
„ Copaibæ	„ কোপেবি	৫—২০ মিঃ	৫৪৯
„ Coriandri	„ কোরিয়াণ্ড্রাই	১—৪ মিঃ	৪৯৭
„ Crotonis	„ ক্রোটনিস্	½—১ মিঃ	৪৫৮
„ Cubebæ	„ কিউবেবি	৫—২০ মিঃ	৫৫২
„ Eucalypti	„ ইউক্যালিপ্টাই	১—৪ মিঃ	৭০২
„ Juniperi	„ জুনিপারি	১—৪ মিঃ	৫৫৪
„ Lavandulæ	„ ল্যাভেণ্ডিউলি	১—৪ মিঃ	৫০০
„ Limonis	„ লিমোনিস্	১—৪ মিঃ	১৭৫
„ Menthæ Piperitæ	„ মেন্থি পিপারিটি	১—৪ মিঃ	৪৯৯
„ „ Viridis	„ „ ভিরিডিস্	১—৪ মিঃ	৫০০
„ Morrhuæ	„ মর্হুই	১—৮ ড্রাম্	৬৭
„ Myristicæ	„ মাইরিষ্টিসি	১—৪ মিঃ	৪৯৩
„ Olivæ	„ ওলিভি	১—৮ ড্রাম্	৬০৯
„ Phosphoratum	„ ফস্ফরেটাম্	৫—১০ মিঃ	২৪১
„ Pimentæ	„ পাইমেণ্টি	১—৪ মিঃ	৪৯৫
„ Ricini	„ রিসিনি	১—৮ ড্রাম্	৪৩৩
„ Rosmarini	„ রস্মেরিনি	১—৪ মিঃ	৩৪৭
„ Rutæ	„ রিউটি	১—৪ মিঃ	৫৬৯
„ Sabinæ	„ সেবাইনি	১—৪ মিঃ	৫৬৮
„ Santali	„ স্যাণ্টালি	১০—৩০ মিঃ	৫৫৩
„ Sinapis	„ সিনাপিস্		৪১৭
„ Terebinthinæ	„ টেরিবিস্থিনি	ক্রিমিনাশক বিরেচক ২—৪ ড্রাম্; উত্তেজক ও মূত্রকারক ১০—৩০ মিঃ	৩৮০

নাম।		মাত্রা।	পৃষ্ঠা।
Sodii Citro-Tartras Effervescens	সোডিয়াই সাইট্রো-টার্ট্রাস্ এফার্ভেসেন্স্	৬০ গ্রেণ ½ আং	
,, Hypophosphis	,, হাইপোফস্ফিস্	৫—১০ গ্রেণ	২৪৪
,, Iodidum	,, আয়োডাইডাম্	৩—১০ ,,	২১৯
,, Phosphas	,, ফস্ফাস্	½—১ আং বিরেচক, 30—১২০ গ্রেণ মূত্রকারক	৪৬১
,, Salicylas	,, স্যালিসিলাস্	১০—৩০ গ্রেণ	১৮৪
,, Sulphas	,, সাল্ফাস্	¼—১ আং বিরেচক, ৬০—১২০ গ্রেণ মূত্রকারক	৪৬৯
,, Sulphis	,, সাল্ফিস্	৫—২০ গ্রেণ	৬৩৬
,, Sulphocarbolas	,, সাল্ফোকার্ব্বোলাস্	১০—১৫ ,,	৬৬৫
,, Valerianas	,, ভেলিরিয়েনাস্	১—৫ ,,	
Somraz	সোমরাজ	২০ গ্রেণ (চূর্ণের)	৭১৮
Sparteinæ Sulphas	স্প্যার্টিনি সাল্ফাস্	¼—১ গ্রেণ	৫৪৪
Spiritus Ætheris	স্পিরিটাস্ ইথারিস্	৩০—৯০ মিঃ	২৭২
,, ,, Compositus ,,	,, কম্পজিটাস্	৩০ মিঃ—২ ড্রাম্	২৭২
,, ,, Nitrosi ,,	,, নাইট্রোসাই	৩০ মিঃ ২ ,,	৫৪৫
,, Ammoniæ Aromaticus ,,	এমোনিয়ি এরোমেটিকাস্	½—১ ,,	৯৬
,, ,, Fœtidus ,,	,, ফিটিডাস্	½—১ ,,	৩৪৪
,, Armoraciæ Compositus ,,	আর্মোরেশিয়ি কম্পজিটাস্	১—২ ,,	৪১০
,, Cajuputi ,,	ক্যাজুপুটি	½—১ ,,	৪৯৫
,, Camphoræ ,,	ক্যাম্ফোরি	১০—৩০ মিঃ	৩৫২
,, ,, Fortior ,,	,, ফর্শিয়র্	২—৫ মিঃ	৩৫৪
,, Chloroformi ,,	ক্লোরোফর্ম্মাই	২০—৬০ মিঃ	২৬৪
,, Cinnamomi ,,	সিনামোমাই	৩০—৬০ মিঃ	৪৯৩

নাম।		মাত্রা।	পৃষ্ঠা।
Tinctura Buchu	টিংচুরা বকু	১—২ ড্রাম্	৫৪৬
,, Calumbæ	,, ক্যালাম্বি	½—২ ,,	৪৭১
,, Camphoræ Composita	,, ক্যাম্ফোরি কম্পজিটা	১৫ মিঃ ১ ড্রাম্	২১৮
,, Cannabis Indicæ	,, ক্যানাবিস্ ইণ্ডিসি	৫—২০ মিঃ	২৯১
,, Cantharidis	,, ক্যান্থারিডিস্	৫—২০ মিঃ	৫৮৮
,, Capsici	,, ক্যাপ্সিসাই	১০—২০ মিঃ	৪৮৯
,, Cardamomi Composita	,, কার্ডেমোমাই কম্পজিটা	½—২ ড্রাম্	৪৯০
,, Cascarillæ	,, ক্যাস্কেরিলি	½—১ ,,	৪৭৯
,, Catechu	,, ক্যাটিকিউ	½—২ ,,	১১৯
,, Chiratæ	,, চিরাটি	½—২ ,,	৪৮০
,, Chloroformi Composita	,, ক্লোরোফর্মাই কম্পজিটা	২০—৬০ মিঃ	২৬৪
,, ,, et Morphinæ ,,	,, এট্ মর্ফিনি	৫—১০ মিঃ	২৬৪
,, Cimicifugæ	,, সিমিসিফিয়ুগি	১৫—৬০ মিঃ	৫৭২
,, Cinchonæ	,, সিঙ্কোনি	½—২ ড্রাম্	৩৬০
,, ,, Composita ,,	,, কম্পজিটা	½—২ ,,	৩৬০
,, Cinnamomi	,, সিনামোমাই	½—২ ,,	৪৯২
,, Cocci	,, কক্কাই (রং করিবার জন্য)	৩০ মিঃ—১½ ড্রাম্।	
,, Colchici Seminum	,, কল্চিসাই সেমিনাম্	১০—৩০ মিঃ	৪০০
,, Conii	,, কোনিয়াই	২০—৬০ মিঃ	৩০৪
,, Convallariæ	,, কন্ভেলেরিয়ি	৫—৩০ মিঃ	৬৭১।
,, Croci	,, ক্রোসাই (রং করিবার জন্য)	½—২ ড্রাম্	
,, Cubebæ	,, কিউবেবি	½—২ ড্রাম্	৫৫[illegible]
,, Digitalis	,, ডিজিটেলিস্	১০—৩০ মিঃ	

সমাপ্ত